The category of syllabus employed for this course is prominently an amalgamation of the Grammatical/Structural, the Vocabulary and the Skill-based syllabus types. This course concentrates on the development of the reading, writing, listening and speaking skills of the university level learners of English. Moreover, it intends to cover the basic principles of using English grammar.

##### **5.1.2 Objectives of the Course**

This course aims to help students to acquire basic knowledge of English Grammar, and develop their expertise in using the four basic language skills in English. After completing this course, the tertiary level learners are expected to become proficient in understanding various types of English Texts, literature, and so on, writing appropriately and effectively in English, listening and interpreting English conversations, and speaking communicative English successfully in different types of formal and informal situations and settings.

##### **5.1.3 Appropriateness and Adequacy of the Contents of the Syllabus**

The course includes adequate components for teaching of the reading, writing, listening and speaking skills, English vocabulary, and grammar to the tertiary level learners. The contents of the course are divided into eight segments. The first, second, and third segments include the contents related to English grammar. The fourth section comprises items related to English vocabulary. The fifth part covers the items related to academic reading. The sixth part covers the contents associated with mainly academic writing and with moderately professional writing. The seventh segment consists of the contents related to listening chiefly for academic purpose. Finally, the eighth part includes items related to speaking English basically for academic purposes.

#### **5.1.4 Components for Practice and Development of the Basic Skills**

This course focuses on practice and cultivation of the advanced reading, listening and speaking and writing skills of the higher level learners.

The course includes a segment containing a number of contents for practice and development of learners' reading skill for academic purposes. It incorporates reading for understanding, vocabulary exercise, summarizing, picking up information from the text and academic reading in philosophical, historical, political, scientific, and commercial and media texts.

There are sufficient components for teaching and developing the writing skill of the tertiary level learners mostly for academic purposes in the syllabus. It incorporates paragraph writing on current and contemporary issues, different types of letters and applications writing, and essay writing on philosophical topics as well as current and contemporary issues. Besides, it includes a few contents, such as preparing resume, report and email writing, for developing learners' writing skill in English for professional purposes.

The course contains a segment consisting of several components for practice and development of learners' listening skill mostly for academic purposes. It includes a number of Listening Tasks like picking key words and information from speech, dialogue, conversation, and documentary, understanding instructions, listening to news, speech, and so on.

The course includes a segment comprising a number of contents for practice and development of learners' speaking skill majorly for academic purposes. The speaking tasks concentrate on day-to-day conversation, dialogue practice, playing role by using role cards, oral presentation, delivering a speech, and different types of formal and informal oral communication.

#### **5.1.5 Elements for Teaching Grammar and Vocabulary**

The syllabus incorporates three units – 1. Parts of speech, 2. Verb and Tense, and 3. Sentence - which cover significant elements of English grammar. Additionally, the syllabus includes a component on correct use of prepositions. There are adequate items for teaching English grammar to the tertiary level learners.

Moreover, this course includes a section covering several components, namely using new words, synonyms and antonyms, phrases and idioms, for teaching English vocabulary to the tertiary level learners.

#### **5.1.7 Appropriateness and Adequacy of the Recommended Teaching Materials**

The syllabus appends a list of recommended textbooks and supportive teaching materials. It reveals that there are proper and sufficient textbooks and supportive teaching materials for the learners to facilitate their learning of the reading, the writing and the speaking skills as well as English grammar and vocabulary. However, only one book, namely *New Headway: Intermediate Student's Book* by Liz & John Soars, is recommended for practice and development of the listening skill of learners.

#### **5.2 Evaluation of the English Language Course of the Department of History**

The department of History of Rajshahi University offers one English language course, 'English Language', to the students of first year pursuing the B. A. (Honours)

programme. The syllabus of the English language course offered by the department of History has been assessed. An account of the course analysis is presented below:

### **5.2.1 Type of the Syllabus**

The category of syllabus employed for this course is notably a Skill-based syllabus since this course focuses on the development and improvement of the reading, writing, listening and speaking skills of the Tertiary level learners in the English Language. Additionally, English grammar and vocabulary are incorporated into the segment on developing the reading skill of learners.

### **5.2.2 Objectives of the Course**

This course aims at helping the higher level learners to develop their expertise in using the four basic language skills in English. After completing this course, learners are expected to become efficient in reading and interpreting various types of English Texts for academic purpose, writing appropriately in English, listening and comprehending English conversations, and speaking English effectively and spontaneously in different communicative situations.

### **5.2.3 Appropriateness and Adequacy of the Contents of the Syllabus**

The course covers several contents for teaching of the reading, writing, listening and speaking skills of the advanced level learners. The contents of the course are divided into four parts. The first part covers the items related to listening for various communicative purposes. The second part covers the contents related to speaking English for academic purposes largely and speaking for professional purposes to a certain extent. The third part covers the items related to academic reading, vocabulary and grammar. Finally, the fourth part includes items associated with academic and professional writings.

### **5.2.4 Components for Practice and Development of the Basic Skills**

This course contains components for practice and development of the four basic English language skills. It focuses on practice and cultivation of the advanced reading, listening and speaking and writing skills of the learners.

The course incorporates several components, such as reading passages, reading short stories, reading poems, reading techniques, comprehending contextual meanings, reading for the main idea/theme, reading for specific information, and so on, for practice and development of learners' reading skill basically for academic purposes.

In the syllabus, there are sufficient components for teaching and developing the writing skill of learners majorly for academic purpose. Additionally, it encompasses several contents, like preparing resume, office application, job application, business letters, office memo, notice, minutes, and so on for developing learners' writing skill in English for professional purposes.

The course contains some contents, specifically sound recognition, phonemic transcription, intonation, listening for specific information, listening for answering specific questions, listening for comprehension, and listening and note taking, for practice and development of learners' listening skill principally for academic purposes.

The course includes a segment containing a number of components, like speaking with acceptable pronunciation, speaking with natural speed, situational everyday

expressions, pair/group discussion, conversation/dialogue, extempore speech, giving and taking interviews, and seminar presentation, for practice and development of learners' speaking skill for various communicative purposes. These components seem to be devised fundamentally to enable learners to gain efficiency in speaking for academic purposes particularly. Additionally, two items, specifically giving and taking interviews, and seminar presentation, can moderately train learners to speak efficiently in professional settings.

#### **5.2.5 Elements for Teaching Grammar and Vocabulary**

The syllabus attends to several significant elements of English grammar. There are adequate components for teaching English grammar to the tertiary level learners.

Besides, this course addresses English vocabulary along with teaching the reading skill to the tertiary level learners.

#### **5.2.7 Appropriateness and Adequacy of the Recommended Teaching Materials**

The recommended textbooks and supportive teaching materials include 72% books on teaching the writing skill, both on academic and professional writing, 14% books on teaching English grammar, and 14% books on teaching General English. These books could be useful for teaching and learning academic and professional writing in English, academic reading and English grammar. However, the list of the recommended textbooks does not contain any book on developing the reading, speaking and listening skills of learners either for academic or for professional purposes.

### **6. Results of the Questionnaire Survey and Interview**

Analysis of the empirical study reveals that the tertiary level learners think having a good competence in English is very important for their future occupational purposes as well as for their studies. They are taught English hardly to meet their future occupational requirements. They feel that their classroom instructions should focus more on the English needed for performing their future professional tasks and duties. They also expect that more importance should be given to the teaching of listening and speaking to help them to develop these skills. Learners consider that they face lowest problems with using the reading skill and the writing skill, but they face some difficulties in using the listening skill and the speaking skill in English. Learners think their English language course/s partly prepare them to meet their future professional requirements. The content of the English course/s is moderately relevant and interesting to learners. They have also found that there are mostly adequate books and teaching resources available for the English language course. They perceive that the English language course/s should be more professional needs-oriented to enable them to meet their future professional requirements efficiently.

Moreover, the results further indicate that the tertiary level teachers largely concur that acquiring satisfactory competence in English is important for learners for their future occupational purposes besides their academic studies at the tertiary level. They sometimes teach learners for their future occupational purposes. They also perceive that more importance should be given to the teaching of listening and speaking to help learners with these skills. They found that the present English courses rarely help learners to prepare for their future professional needs in English. They think that there



are mostly adequate books and teaching resources available for the English course/s. They also perceive that the contents of their English language course/s are largely relevant and interesting to learners. Finally, they strongly believe that the English language course/s at the tertiary level should focus on the future professional needs of the tertiary level learners.

### **7. Suggestions and Recommendations**

On the basis of the study and assessment of the English language courses, a number of measures could be recommended to bring about effective changes and improvements in course design and implementation at the tertiary level in Bangladesh. Firstly, course planners and designers working at the tertiary level need to consider and concentrate on modification, reconstruction, and upgradation of the English language courses employed to teach learners in the universities and other higher educational institutions of Bangladesh. Particularly, they should take initiatives to develop and implement Needs-based English language courses at the higher level. Similarly, tailoring proper and fruitful English language courses necessitates identifying and incorporating EOP contents and elements as well as EAP components and items in the courses. To meet this end, course developers should not only focus on the academic needs of the tertiary level learners of Bangladesh but also pay equal importance to catering for learners' intended professional needs. Additionally, it is essential to follow all the steps and procedures of syllabus design, implementation and evaluation. Particularly, we should pay proper attention and importance to effective implementation and accurate assessment of an English language course. Thus, course developers must ensure these qualities in designing English language courses for the advanced level learners, who are expected to serve and lead our country to its' future prosperity and progress in the world.

### **8. Conclusion**

To sum up, this analysis reveals that, largely, a focus on English for General purposes is adopted for developing the existing English language courses. The evaluated courses are found well-designed, developed, organized, and adequate to a certain extent with a scope for some necessary and vital modifications and reconstructions. The assessment also signifies necessity for partly reworking and reforming the syllabi to thoroughly address the future professional needs of the learners. These courses should provide learners with required training and equip them to perform satisfactorily in their prospective work settings by using English to communicate effectively.

---

### **References**

1. Ahmed, S. (1986). The state of English in Bangladesh, In N. Islam (ed.) *The State of English in Bangladesh Today* [A Collection of Seminar-papers and Proceedings], Dhaka: English Association of Bangladesh, 52-57.
2. Allen, J. P. B. (1984). General-purpose language teaching: A variable focus approach, In Brumfit, C. J. (ed.) *General English Syllabus Design: Curriculum and syllabus design for the general English classroom*, ELT Documents 118, 61- 74, Oxford: Pergamon Press.

3. Anthony, L. (1997). Preaching to cannibals: A look at academic writing in engineering. In The Japan Conference on English for Specific Purposes Proceedings.
4. Bukhart, J. (1996). *Communication on the Job*. New Jersey: Prentice Hall.
5. Carter, D. (1983). Some propositions about ESP. *The ESP Journal*, 2 (21), 131-137.
6. Candlin, C. N. (1984). Syllabus design as a critical process, In Brumfit, C. J. (ed.) *General English Syllabus Design: Curriculum and syllabus design for the general English classroom*, ELT Documents 118, 29-46, Pergamon Press, Oxford.
7. Chaudhury, T. A. (2009). Identifying the English language needs of Humanities students at Dhaka University. *The Dhaka University Journal of Linguistics*, 2 (4), 59-91. Dhaka: Dhaka University.
8. Dubin, F. & Olshtain, E. (1986). *Course Design*. Cambridge: Cambridge University Press.
9. Dudley-Evans, T. & St John, M. J. (1998). *Developments in English for Specific Purposes: A Multi-disciplinary Approach*. Cambridge: Cambridge University Press.
10. Harmer, J. (2001). *The Practice of English Language Teaching*. (3<sup>rd</sup> edition). Essex: Pearson Education.
11. Hewings, M. & Dudley-Evans, T. (1996). *Evaluation and Course Design in EAP*. Hertfordshire, UK: Prentice Hall Macmillan.
12. Hyland, K. (2006). English for Academic Purposes. London: Routledge.
13. Javid, C. Z. (2013). English for Specific Purposes: Its definition, characteristics, scope and purpose. *European Journal of Scientific Research*, 112 (1), Pp. 138-151. <http://www.europeanjournalofscientificresearch.com>. Accessed on 26th April 2018.
14. Khan, R. (2000). The English foundation course at Dhaka University: An evaluation. *The Dhaka University studies, Part A*, 57(1), 77-110.
15. Kucherenko, S. N. (2013). An integrated view of EOP and EAP', *The Journal of Teaching English for Specific and Academic Purposes*, I (1), 3-9, <https://www.hse.ru/pubs/share/direct/document/99917016>, Retrieved on 12 march, 2019.
16. Mackey, R. & Mountford, A. J. (1978). *English for Specific Purposes: A CASE Study Approach*, London: Longman.
17. Nation, I. S. P. & Macalister, J. (2010) *Language Curriculum Design*. New York: Routledge.
18. Nunan, D. (1988). *Syllabus Design*. Oxford: Oxford University Press.
19. Paltridge, B. & Starfield, S. (2013). *The Handbook of English for Specific Purposes*, Chichester, UK: Wiley Blackwell.
20. Ramirez, C. G. (2015). English for Specific Purposes: Brief history and definitions, *Revista de Lenguas Modernas*, 23, 379-386.
21. Richards, J. C. (2001). *Curriculum Development in Language Teaching*. Cambridge, UK: Cambridge University Press.
22. Siddiqui, Z. R. (1986). Inaugural address, In N. Islam (ed.) *The State of English in Bangladesh Today* [A Collection of Seminar-papers and Proceedings], Dhaka: English Association of Bangladesh, 1-12.
23. Stenhouse, L. (1975). *An Introduction to Curriculum Research and Development*, London: Heinemann.
24. Weir, C. & Roberts, J. (1994). *Evaluation in ELT*. Oxford: Blackwell.

## স্বর্ণকুমারী দেবী : মনন ও মানসগঠনের পর্যালোচনা (Swarnakumari Devi: A Review of Thought and the Formation of Mind)

ইয়াসমিন সুলতানা\*

**Abstract:** Swarnakumari Devi (1855 -1932) is an undisputed name in Bengali literature. The artistic quality of her literary compositions is both classic and contemporary. The combination of these dual qualities has emerged from the thinking and mental structure of her consciousness. The environment, taste, culture, education and life experience of the traditional Tagore family, her birthplace, have all played a unique role in this. The article is an attempt to shed light on this subject.

মানব জাতির মর্যাদা বাড়িয়েছে নারী। গোটা মানবসমাজই নারীর কাছে ঋণী। জীবনের সব মূল্যায়ন নারীকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। পবিত্রতা, প্রেম-ভালবাসা প্রভৃতি শব্দ নারীর জন্য রচিত হয়েছে। নারী মানবতার অর্ধেক। পুরুষ একটি অংশের প্রতিনিধিত্ব করে, আরেকটি অংশের প্রতিনিধিত্ব করে নারী।

মানুষ সম্পূর্ণ অজ্ঞতা, নির্ভরশীলতা ও অক্ষমতা নিয়ে জন্মগ্রহণ করে। সূতরাং জ্ঞানার্জন ও শিক্ষাগ্রহণ ছাড়া মানুষ, মানুষ হতে পারে না। আর এই জ্ঞান মানুষ অভিজ্ঞতা, শিক্ষা, চিন্তা ও গবেষণার মাধ্যমে অর্জন করে। এছাড়া সমাজ, পরিবেশ, বিশ্ব ও মহাবিশ্বের অস্তিত্ব থেকেও মানুষ জ্ঞান অর্জন করে থাকে। নারীদের জীবন-অভিজ্ঞতাকে নারীবাদীরা নারী বিষয়ক জ্ঞানবিদ্যার অন্তর্ভুক্ত করেছেন।

নারী ও পুরুষের তুলনামূলক অবস্থান বিশ্লেষণ করে সমাজবিজ্ঞানীরা নারীর প্রতি অবহেলা-উপেক্ষা আর অসম্মানের কারণ চিহ্নিত করে ইতিহাসকে সম্পূর্ণতা দান করে চলেছেন আজকের দুনিয়ার মানুষের কাছে। নতুন ইতিহাসের অভিজ্ঞানে সমাজ ও রাষ্ট্র পরিচালনায় নারীর হাতে দিগন্ত উন্মোচন হয়েছে। অথচ আজ থেকে কয়েক যুগ আগেও নারীর অবস্থা ছিল করুণ এবং মানবসভ্যতার জন্যে লজ্জার। ঘরে-বাইরে নারী ছিল উপেক্ষিত। আমরা যদি মোগল পরিবারের নারীদের জীবন অধ্যয়ন করি, তাহলে সে পরিবারে নারীর করুণ অবস্থান সম্পর্কে জানতে পারি। মানবজাতির স্থায়িত্ব ও ধারাবাহিকতা নারী-পুরুষের পারস্পরিক সেতুবন্ধন ও সহযোগিতার ওপর নির্ভরশীল। জীবনে চলার দুর্গম পথ পরিক্রমায় নারী-পুরুষ পরস্পর প্রেরণার উৎস। পৃথিবীতে মায়া-মমতা, প্রেম-ভালবাসা, স্নেহ-প্রীতিই হচ্ছে মানুষের বন্ধনের মূল ভিত্তি আর এ বন্ধন রচনার ক্ষেত্রে নারীর অংশগ্রহণ অপরিহার্য।

দক্ষিণ এশিয়ায় নারী স্বাধীনতার উন্মেষ উনিশ শতকে। বঙ্গদেশে নারীদের সামাজিক বন্ধনমুক্তির প্রয়াস লক্ষ্য করা যায় এ সময়ে। কয়েকজন বাঙালি শিক্ষানবিশ ও সমাজসংস্কারক তাঁদের লেখনী ও কর্মের মাধ্যমে প্রথমত নারী শিক্ষা প্রসারে ব্রতী হয়েছিলেন। নারীর প্রতি অবহেলা, তাচ্ছিল্য যতই থাকুক না কেন তবুও আজ নারীরা এগিয়ে। সমাজে নারী শাসক, রাজনীতিবিদ, শিল্পী, দার্শনিক, কবি, ঔপন্যাসিক হিসেবে সকল যুগে তাদের প্রতিভার চিহ্ন রেখেছেন। অনেকেই অতীতের নারীশাসক, দার্শনিক, বিজ্ঞানী, শিল্পী, লেখক ও আবিষ্কারকদের কথা জানে না; কিন্তু এ সকল প্রতিভাবান নারীর মধ্যে অনেকেই প্রভাবশালী ছিলেন এবং জ্ঞানার্জন ও মানবকল্যাণে অবদান রেখেছেন। আলেকজান্দ্রিয়ার হাইপেশিয়া যিনি ছিলেন প্রথম নারীদার্শনিক ও গণিতশাস্ত্রবিদ। তাঁকে ধর্মান্ধরা নির্মমভাবে হত্যা করে। সম্রাট অশোকের কন্যা, ধর্ম প্রচারে নিবেদিত ছিলেন। জুলিও কুঁরি বিজ্ঞানী, প্রথম নারীচিকিৎসক কাদম্বরী দেবী, রোকেয়া এস হোসেন, সুফিয়া কামাল, বাংলাদেশের মুক্তিযুদ্ধে তারামন বিবি, দেশে দেশে এমন অজস্র নারীর সাক্ষাৎ মিলবে। তাঁরা প্রত্যেকেই তাঁদের কর্মক্ষেত্রে দক্ষতার ইতিহাস সৃষ্টি করে মানবজাতির কল্যাণ সাধন করেছেন। উপেক্ষা-অবহেলার পরও বিশ্বের কতিপয় মহিয়সী অসামান্য ইতিহাস সৃষ্টি করেছেন।

\* পিএইচ.ডি. গবেষক, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

উনিশ শতকের মাঝামাঝি সময়ে জন্ম নিয়েছেন এক সাহিত্যিক; কুড়ি বছর বয়সে রচনা করেছেন ঐতিহাসিক উপন্যাস (দীপ নিব্বাণ), মনন-মেধা ও কল্পনারসের মিশ্রণে একে একে লিখে গিয়েছেন আরো অনেক উপন্যাসসহ সামাজিক, ঐতিহাসিক কাহিনি; লিখেছেন ছোটগল্প, প্রবন্ধ, নাটক, কবিতা, গান ; স্বাধীন মনস্বিতায় সম্পাদনা করেছেন নামী এক সাহিত্যপত্র; গড়ে তুলেছেন অনেক মানুষের অর্থময় একটি সম্মিলনের কর্মক্ষেত্র। ছিয়াত্তর বছরের জীবন পরিধির মধ্যে এতগুলো ভূমিকার দায়িত্ব যিনি সফলভাবে পালন করেছেন, স্বভাবতই তাঁর পক্ষে বড়ো সহজ হয়নি সে কাজ। আরো কঠিন বলে মনে হবে, যদি মনে রাখি বিচিত্র পথগামী এ মহিয়সী নারী বেড়ে উঠেছেন অস্তঃপুরের অন্তরালে। বিচিত্রকর্মা এই মানবীর নাম স্বর্ণকুমারী দেবী (১৮৫৫-১৯৩২)। স্বর্ণকুমারী দেবীর জীবনসাধনা, সেই অনুঘদে তাঁর নারীকল্যাণ চিন্তা এবং তাঁর দৃষ্টিতে নারী প্রগতির স্বরূপ জানতে গেলে প্রথমেই নারীপ্রগতির সম্পর্কে সংক্ষিপ্ত আলোকপাতের প্রয়োজন। প্রাচীনযুগ থেকে নারীর অধিকার কখনো স্বীকৃতি পায়নি। বাঙালি সমাজে কখনো নারী হয়েছে অবহেলিত, উপেক্ষিত। প্রত্যেক ধর্মেই নারীর আলাদা মূল্য ও অধিকার সম্পর্কে খানিকটা ভিন্নতর মত ছিল। সে মত পালনে সমাজ স্বতঃস্ফূর্ততা দেখায়নি। বরং রোকেয়ার ভাষায় থেকেছে অবরোধবাসিনী। ধর্মীয় নির্দেশনার কারণে নারীও সম্মিলিতভাবে অবরোধ ভাঙার সংগ্রামে বিমুখ। আজ যুগের পরিবর্তন হয়েছে। নারী দেশ পরিচালনাসহ রাষ্ট্রের নানা কর্মে যুক্ত হওয়ার সুযোগ পাচ্ছে। তাতে ধর্ম এসে বিপত্তি সৃষ্টির চেষ্টা করলেও নারীর সংগ্রাম আরো দৃঢ়তর হচ্ছে। এক্ষেত্রে উদাহরণ এশিয়ার মুসলিম দেশগুলো, যেমন আফগানের নারীগণ ধর্মীয় বাধা সত্ত্বেও শিক্ষা ও সংস্কৃতি চর্চায় তাদের ভূমিকা পূরণে এগিয়ে এসেছেন। সৌদি নারীরা দেশের প্রয়োজনে নানা ক্ষেত্রে কর্মযোগিনী হচ্ছে। এ সবই নারীর যোগ্যতা প্রকাশের পাশাপাশি দেশ পরিচালনায় সাহসী অংশগ্রহণ। সৌদি নারীদের আর আগের মতো ধর্মীয় গোঁড়ামির শৃঙ্খলে বেঁধে রাখতে পারছে না।

বৈশ্বিক পরিপ্রেক্ষিতে দেখা যায়, নারী প্রগতির চিন্তা মূলত আধুনিককালের এবং পাশ্চাত্য প্রভাবের ফলশ্রুতিস্বরূপ। আধুনিককালে এসেও শিক্ষা, স্বাধীনতা এক কথায় সার্বিক অধিকার আদায়ের জন্য সংগ্রামমুখর হতে হয়েছে নারীসমাজকে।

সার্বিকভাবে নারী স্বাধীনতা অর্থাৎ পুরুষের মতো জীবন ও জীবিকার ক্ষেত্রে অংশগ্রহণ এককথায় আর্থ-সামাজিক ও রাজনীতিক, সকলক্ষেত্রে নারীদের যোগ্যতা ও অধিকার প্রতিষ্ঠার ব্যাপারটি বিশ শতকে স্বীকৃত হয়। বিশ শতক এক অসম্ভব গতিশীল যুগ। এ সময় একদিকে ব্যাপক শিল্প, কারিগরি ও বিজ্ঞানের অগ্রগতি ও উন্নতি সাধিত হয়েছে, অন্যদিকে সামাজিক ও রাজনীতিক ক্ষেত্রেও যুগান্তকারী পরিবর্তন ঘটেছে। প্রথম বিশ্বযুদ্ধ (১৯১৪-১৯১৯) মানুষের পুরাতন মূল্যবোধে ফাটল ধরিয়ে এক নতুন জীবনবোধ জাতিত করে। উপরন্তু এ শতকের দ্বিতীয় দশকে পৃথিবীর একটি বড় অংশ সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় রূপান্তরিত হয়। ফলে সেখানকার নারীদের জীবন ও কর্ম পুরুষের সমান পর্যায়ে পৌঁছে যায় এবং সামাজিকভাবে তা স্বীকৃতি পায় এবং প্রতিষ্ঠিত হয়।

উনিশ দশকের শেষ ও বিশ শতকের প্রথম দশক থেকে বাঙালি নারীদের জীবনে নবজাগরণের বাণী ও আন্দোলনের জোয়ার সঞ্চারিত হতে থাকে। সমগ্র দেশের শিক্ষা, সাহিত্য, সমাজ ও রাজনীতিতে যাঁর প্রচণ্ড অভিঘাত লক্ষ্য করা যায়। স্বর্ণকুমারী দেবী নারীজীবনের প্রতি স্তরে তাঁর প্রভাব রেখে গেছেন। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় তাঁর *বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা* গ্রন্থে উল্লেখ করেছেন, *মহিলা উপন্যাসিকদের মধ্যে প্রথম পথ নির্দেশের কৃতিত্ব কাহার তাহার সন্তোষজনক প্রমাণ পাওয়া কঠিন।*<sup>১</sup> এক্ষেত্রে তিনি নারী উপন্যাসিকদের মধ্যে প্রথম নামটি করেছেন স্বর্ণকুমারী দেবীর।

অসিতকুমার বন্দ্যোপাধ্যায় নারী উপন্যাসিকদের উপন্যাস সম্পর্কে আলোচনা করতে গিয়ে স্বর্ণকুমারী দেবীর *দীপনিব্বাণ* (১৮৭৬), *মালতী* (১৮৮০), *স্নেহলতা* (১৮৯২), *কাহাকে* (১৮৯৮)-এই গ্রন্থগুলোর নাম উল্লেখ করেছেন এবং বিশ্লেষণে লিখেছেন, *কাহিনী গ্রন্থে ও চরিত্র সৃষ্টিতে সেকালের পুরুষ উপন্যাসিকদের কারো*

চেয়ে তিনি দুর্বল নন।<sup>১</sup> একুশ শতকের সমালোচক সুদক্ষিণা ঘোষ তাঁর মেয়েদের উপন্যাসে মেয়েদের কথা গ্রন্থে নারী উপন্যাসিকদের মধ্যে প্রথম স্বর্ণকুমারী দেবীকেই স্বীকার করে নেন। তিনি গ্রন্থের অবতরণিকায় উল্লেখ করেছেন, নারী উপন্যাসিকদের প্রথমা স্বর্ণকুমারী দেবী ও বিস্মিত করে দিয়েছিলেন তাঁর পরিণত বয়সের উপন্যাসে।<sup>২</sup> আজও বাঙালি পাঠক মহলে প্রথম নারী উপন্যাসিক ও কথাসাহিত্যিক হিসেবে স্বর্ণকুমারী দেবীর নামই প্রচলিত তাঁর দীপনির্বাণ উপন্যাসের জন্যে। এছাড়া সাহিত্যের প্রতিটি শাখায় তাঁর ছিল সমান বিচরণ। উপন্যাস থেকে শুরু করে পত্রিকা সম্পাদনা প্রতিটি বিষয়ে ছিলেন দক্ষ, আর সে কারণে আজও প্রথম নারী উপন্যাসিক হিসেবে পাঠকের মনে জায়গা করে আছে। বলা যায় আধুনিক বাংলা সাহিত্যের প্রথম উল্লেখযোগ্য নারী সাহিত্যিক তিনি।

বঙ্গসাহিত্যের শ্রেষ্ঠ রবীন্দ্রনাথের (১৮৬১-১৯৪১) অগ্রজা স্বর্ণকুমারী দেবীর দান অসামান্য এবং বৈচিত্রে ভরা। বাংলা সাহিত্যভাণ্ডারে কলকাতা ঠাকুর পরিবারের দান অক্ষয় হয়ে থাকবে এই নারীর জন্যেও। তাঁর লেখা কোনো দিন শ্রান্ত হয়ে পড়েনি। দেবী ভারতীর বীণাঞ্জলি সর্বদাই তাঁর অন্তরকে কাব্যরসে পরিপূর্ণ করে রাখত। অভিজাত বংশে জন্মগ্রহণ করে ভোগবিলাসে নিমগ্ন থাকাই যে যুগে দূষণীয় ব্যাপার বলে পরিগণিত হতো না, সেই যুগে প্রচুর অর্থসম্পদ এবং ভোগবিলাসের মধ্যে অবস্থান করেও নিষ্ঠাভরে ভাষা-জননীর সেবায় আত্মনিয়োগের দৃষ্টান্ত বিরল। সারাজীবন সাহিত্যচর্চার ফলে তিনি বাঙালি জাতিকে ভাববার বহু উপাদান সরবরাহ করেছেন। বার্ষিকের কোঠায় এসেও লেখালেখি থেকে বিরত থাকেননি। তিনি ছিলেন বাংলাসাহিত্যের আকাশে উজ্জ্বল এক নক্ষত্র। অসধারণ প্রতিভাময়ী এই উজ্জ্বল নক্ষত্র উনিশ শতকের মাঝামাঝি কলকাতার ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। যিনি পরবর্তীকালে আপন প্রতিভা ও কর্মের পথ বেয়ে বিশেষভাবে খ্যাতিমান হন। তিনি ১৮৫৫ খ্রি. (১২৬৫ বঙ্গাব্দের ১৪ই ভাদ্র) জন্মগ্রহণ করেন। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের চেয়ে পাঁচ বছরের বড় ছিলেন। ঠাকুরবাড়ির শ্রেষ্ঠ দুহিতাদের অন্যতম ছিলেন। তিনি ছিলেন বাঙালির ভাব ও চিন্তারাজ্যে কলকাতা জোড়াসাঁকোর যে প্রসিদ্ধ ঠাকুর বংশ, স্বর্ণকুমারী সেই বংশের একজন সুন্দরী ও প্রতিভাময়ী নারী। বাংলা সাহিত্যের অকৃত্রিম অনুরাগী, সরল ও প্রাজ্ঞ গদ্যের অন্যতম প্রবর্তক, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের ঔরসে রত্নগর্ভা সারদা দেবীর গর্ভে জন্মগ্রহণ করেন। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ছিলেন দ্বারকানাথ ঠাকুরের পুত্র। স্বর্ণকুমারী মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের দশম সন্তান ও চতুর্থ কন্যা (ছোট মেয়ে)।

বহু রত্নের ভাণ্ডারের মধ্যে স্বর্ণকুমারী যে আর একটি রত্নরূপে প্রকাশিত হবেন, এটা আশ্চর্যের নয়। বিধাতা তাঁকে যে জীবনখানি দিয়েছিলেন, সে জীবনখানি পৃথিবীতে দীর্ঘকাল বিচরণ করেছে। যে শক্তি ও সদগুণের বীজ অন্তরে নিয়ে তিনি জন্মেছিলেন, আলস্যে, ব্যাসনে, ভয়ে বা অবসাদে তা ব্যর্থ হয় নাই। যাঁর কীর্তি আছে তিনি বেঁচে থাকেন চিরকাল। কিন্তু এর চেয়ে বড় সত্য বোধ হয় এই যে, কৃতী যিনি তিনি বেঁচে থাকেন, তিনি চির-জীবিত। কালে কালে কীর্তিমানের কীর্তি-কথা মানুষ ভুলে যায়, কাল ভেদে, রুচিভেদে, ক্ষীণ হয় কিন্তু জীবনের দৃষ্টান্ত, মনের বল, চিরপ্রচলিত প্রথা ও জন্মগত সংস্কারকে ভ্রান্ত জেনে তার বর্জন ও শ্রেয়ঃপথ অবলম্বন, কর্ম দ্বারা আদর্শকে মূর্তি প্রদান-এর প্রভাব অপর জীবনে নীরবে ধীরে সঞ্চারিত হয়ে অক্ষয় থাকে। এটাই কৃতিত্ব। এই কৃতিত্ব স্বর্ণকুমারী দেবীর মধ্যে ছিল। তাঁর কৃতকর্ম ও আজীবন সাধনার দ্বারা তিনি পুরাতন ধারণা পরিবর্তন করে, বহু নারী পুরুষের আচরণ ও আদর্শ প্রবর্তিত করেছেন। তাঁর সংসাহস, সাহিত্যেসেবা এবং তাঁর নারীহিত প্রচেষ্টা যে পরিমাণে বঙ্গের অন্যান্য নারীজীবনকে সাহিত্য পথে ও সাবলম্বনের দিকে আকর্ষণ করেছে, তা উত্তর প্রজন্মে সাধনার বিস্তারের মধ্যে ভবিষ্যতেও থাকবেন।

স্বর্ণকুমারী দেবীর মতো রত্ন লোক-চক্ষুর অগোচরেই থাকত, যদি না ভাই সত্যেন্দ্রনাথ ঠাকুর পরিবারস্থ নারীগণের অবরোধমোচনে ব্রতী হতেন। বাইরে চলাফেরা, দেশভ্রমণ ও ভিন্ন রীতিনীতি দর্শন, বহু সুধীজনের সাথে আলাপ-পরিচয়াদি দ্বারা যে শিক্ষা লাভ হয়, তা এ পর্যন্ত তাঁরা পাননি। এই শিক্ষা লাভের সূচনা হয়েছিল বোম্বাই গিয়ে মেজদাদা সত্যেন্দ্রনাথের গৃহে। কেননা সেকালে বাঙালির অন্তঃপুরে বিদ্যাশিক্ষার

সুযোগ-সুবিধা না থাকলেও ঠাকুর পরিবারে বিদ্যার্জনের প্রতি প্রবল আগ্রহ ছিল, তাদের পরিবারে অন্তপুর্বে একজন বাংলা ও সংস্কৃতে সুশিক্ষিত বৈষ্ণবী বিদ্যাবিতরণার্থে আগমন করতেন। স্বর্ণকুমারী তাঁর জীবনস্মৃতি বিষয়ক একটি প্রবন্ধে, একস্থানে সে প্রসঙ্গে লিখেছেন:

আমি শৈশবে অন্তঃপুরে সকলেরই লেখাপড়ার প্রতি একটা অনুরাগ দেখিয়াছি। মাতাঠাকুরাণীও কাজকর্মের অবসরে সারাদিনই একখানা বই হাতে; আর কোন বই না পাইলে শেষে অভিধানখানাই খুলিয়া পড়িতে বসিতেন। বড় দাদা মহাশয়ের তত্ত্ববিদ্যার সমজদার তাঁহার মত আর কেহ ছিল না। মামীমা, দিদি, বধূঠাকুরাণীগণ প্রভৃতি নবীন দল অবশ্য কাব্য উপন্যাসের অনুরাগিণী ছিলেন। পড়িতে শিখিয়া অবধি আমাদের মাতুলানীকে রাময়ণ, মহাভারত, হাতেমতাই প্রভৃতি পড়িয়া শুনান আমার একটা বিশেষ কার্য ছিল। মনে আছে, বাড়িতে মালিনী বই বিক্রী করিতে আসিলে মেয়ে মহল সেদিন কিরকম সরগরম হইয়া উঠিত। সে বটতলার যত কিছু নূতন বই, কাব্য, উপন্যাস, আষাঢ়ে গল্প-অন্তঃপুরে আনিয়া দিদিদের লাইব্রেরীর কলেবর বৃদ্ধি করিয়া যাইত। ঘরে ঘরে সকলের যেমন আলমারী ভরা পুতুল, খেলনা, বস্ত্রাদি থাকিত, তেমনি সিন্দুকবন্দী পুস্তকরাশিও থাকিত।<sup>৪</sup>

এরূপ আবেষ্টনের মধ্যে স্বর্ণকুমারীর শৈশব ও বাল্যকাল অতিবাহিত হয়। অন্তঃপুরে দ্বিতীয়ভাগ শেষ করে পণ্ডিতের নিকট স্বর্ণকুমারীর সংস্কৃত শিক্ষা আরম্ভ হয়। তারপর একজন মেমের নিকট কিছুদিন শিক্ষালাভ করেন। মেমের শিক্ষা আশানুরূপ ফলপ্রদ বলে মনে না হওয়ায় অতঃপর আদিব্রাহ্মসমাজের নবীন আচার্য মহাশয়কে নিযুক্ত করেন স্বর্ণকুমারী দেবীর বাবা দেবেন্দ্রনাথ ঠাকুর। তাঁর কাছে স্বর্ণকুমারী অন্যান্য অন্তঃপুরিকাগণের সঙ্গে গণিত, সংস্কৃত, ইতিহাস, ভূগোল প্রভৃতি ইংরেজি স্কুলপাঠ্য পুস্তক পাঠ করেন। এই সময় থেকেই স্বর্ণকুমারী দেবী লেখালেখি শুরু করেন। এ প্রসঙ্গে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর তাঁর জীবনস্মৃতিতে বলেছেন:

এই সময়ে আমার সেজদাদাও (হেমেন্দ্রনাথ ঠাকুর) মেয়েদিগকে ‘মেঘনাদবধ’ প্রভৃতি কাব্য পড়াইতে আরম্ভ করিয়া দিয়াছিলেন...আমি সন্ধ্যাকালে সকলকে একত্র করিয়া, ইংরাজী হইতে ভাল ভাল গল্প তর্জমা করিয়া শুনাইতাম—তাঁহারা সেগুলি যেন উপভোগ করিতেন। ইহার অল্পদিন পরে দেখা গেল যে, আমার একটা কনিষ্ঠা ভগিনী শ্রীমতি স্বর্ণকুমারী দেবী কতকগুলি ছোট ছোট গল্প রচনা করিয়াছেন। তিনি আমায় সেইগুলি শুনাইতেন। আমি তাঁহাকে খুব উৎসাহ দিতাম। তখনও তিনি অবিবাহিতা।<sup>৫</sup>

ঠাকুরবাড়ির অন্তঃপুরে অবশ্য স্ত্রী শিক্ষা প্রচলিত ছিল বহুল পরিমাণে ও বিভিন্ন শাখায়। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর স্মৃতিকথায় লিখেছেন, বিদ্যালয়ের তুলনায় বাড়িতেই তাঁরা অধিক শিক্ষালাভ করেছিলেন। স্বর্ণকুমারী দেবীর স্মৃতিকথা থেকে জানা যায়, তাঁরা টুকে লিখতেন। দেবেন্দ্রনাথ এ কথা জানতে পেরেই এই যান্ত্রিক শিক্ষাদান পদ্ধতিটি তুলে দেন। পরিবর্তে তিনি অযোগ্যানাথ পাকড়াশির হাতে শিক্ষাব্যবস্থা তুলে দেন। সুতরাং শিক্ষা-সংস্কৃতি ললিতকলা সাধনায় ঠাকুর পরিবারের বধু ও কন্যাবৃন্দ সে সময়ে অগ্রণী ছিলেন। তাঁদের নিজ ধারায় শিক্ষা-সাহিত্যের পাশাপাশি সঙ্গীত, বেশবিন্যাস, রূপচর্চা, গৃহসজ্জা, বৃক্ষপালন, আহার্য নির্মাণ প্রভৃতি নানান বিষয়ে তাঁরা এক এক ক্ষেত্রে দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। ঠাকুর বাড়ীর স্টাইল নামক কথাটির তাই উৎপত্তি হয়েছিল।

সাধারণত রূপসী এই রমণীকুল ওই বাড়ির পুরুষপ্রতিভার অনুসারী ছিলেন। সেই যুগকে অতিক্রম করে সাহিত্যজগতে আপন মহিমায় স্বাধীন পদক্ষেপ প্রতিষ্ঠিত করেছিলেন তিনি। তাঁর পটভূমি, সহোদরমহিমা, বংশগরীমা প্রভৃতি থেকে তাঁকে বিচ্ছিন্নতায় পর্যালোচনা করে দেখা যায় সাহিত্যসৃষ্টির উৎকর্ষে শুধু নয়, সাহিত্যসৃষ্টির বৈচিত্র্যও তিনি অদ্যাপি অতুলনীয়। রবীন্দ্রনাথ ও স্বর্ণকুমারী দেবীর পরপর পুস্তক প্রকাশিত হতো প্রতি বছর। স্বর্ণকুমারী দেবী শুধু জ্ঞান-বিদ্যায় অতুলনীয় ছিলেন না, রূপে-গুণেও ছিলেন অতুলনীয়। তাঁর রূপ-সৌন্দর্য সম্পর্কে শ্রীমতি কামিনী রায় লিখেছিলেন:

স্বর্ণকুমারী সম্বন্ধে চুপি চুপি যে কথা হইতেছিল, তাহা হইতে জানিলাম, তাঁহার বয়স মাত্র আঠার বৎসর, ইতিমধ্যেই তিনি চারটি সন্তানের জননী; আর বেশী কিছু শুনিলাম না। সেই সুগঠিত কৃশ দেহ, উজ্জ্বল গৌরবর্ণ, আয়ত ঘন কৃষ্ণ চক্ষু, সুন্দর ললাটে বলয়িত চূর্ণ কুন্তল দীর্ঘকেশ সূচিত্য করবী, আর পরিধানের

প্রশস্ত সাদা পাড় যুক্ত কালোরং-এর বোম্বাই শাড়ী, কণ্ঠে মুক্তামালা, কর্ণে মুক্ত-প্রথিত বড় বড় মাকড়ি।

...তখন সরস্বতীর নহে, লক্ষ্মীর প্রতিমারূপে তাঁহাকে দেখিয়াছিলাম।<sup>১</sup>

এই অপরূপা সুন্দরীর বিয়ে হয় একজন অতিযোগ্য ও উচ্চশিক্ষিত আধুনিক যুবক কৃষ্ণনগরের জানকীনাথ ঘোষালের সঙ্গে ১৮৬৮ খ্রিস্টাব্দের ১৭ই নভেম্বর রবিবারে। জানকীনাথ নদীয়া জেলার দশমী গ্রামের সম্ভ্রান্ত কুলীন জমিদার বংশের সন্তান ছিলেন। সাহিত্য ও সঙ্গীত চর্চায় স্বর্ণকুমারী তাঁর উদারহৃদয় স্বামীর নিকট হতে যথেষ্ট উৎসাহ প্রাপ্ত হন। তাঁর *Fatal Garland* নামক পুস্তকের ভূমিকায় স্বর্ণকুমারী লিখছেন:

আমার পূজনীয় ও স্নেহময় পিতৃদেব মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর আমার জীবনব্রত উদযাপন করিবার জন্য যেভাবে শিক্ষা দিয়াছিলেন, তৎকালে হিন্দুবালিকাগণ সেভাবে শিক্ষা প্রদত্ত হইত না। তথাপি আমার প্রিয়তম স্বামীর সাহায্য ও উৎসাহ ব্যতিরেকে আমার পক্ষে এতদূর অগ্রসর হওয়া সম্ভব হইত না। আজ বহিজর্গৎ আমাকে যেভাবে দেখিতে পাইতেছে, তিনিই আমাকে সেইভাবে গঠিত করিয়া তুলিয়াছিলেন এবং তাহার প্রেমপূর্ণ উপদেশে ঝটিকাবিক্ষুব্ধ সমুদ্রেও যেমন সন্তরণনিপুণ ব্যক্তি সহজেও অবলীলাক্রমে সন্তরণ করিয়া যায়, সাহিত্য জীবনের ঝটিকাময় ও উত্তাল তরঙ্গের মধ্য দিয়া আমিও সেইরূপ অবলীলাক্রমে চলিয়া আসিয়াছি এবং যদিও আজ তিনি ইহজগতে বর্তমান নাই, তাঁহার কল্যাণময়ী শক্তি এখনও আমার মধ্যে অনির্করণীয় প্রভাব সঞ্চারিত করিতেছে এবং প্রত্যেক বিপদের সময় তাঁহার সাহায্যকারী সবল হস্তের স্পর্শ অনুভব করিতেছি এবং প্রত্যেক সংকল্পে তাঁহার সমর্থনসূচক উৎসাহবাণী শ্রবণ করিতেছি। সাহিত্যের প্রতি যে গভীর প্রেম তিনি আমার মধ্যে সঞ্চারিত করিয়া দিয়াছিলেন, তাহাই আমাকে তৎকালীন সর্বোৎকৃষ্ট পত্রিকার সম্পাদনের দায়িত্বপূর্ণ ভার গ্রহণ করিতে অনুপ্রেরিত করিয়াছিল এবং মানসিক স্বাধীনতার সুখের যে স্বাদ তিনি আমাকে উপভোগ করাইয়াছিলেন, তাহাই যুগের ক্রমবর্ধমান বিকাশে সহযোগিতা ও বিস্তার সাধনে সহায়তা করিতে উদ্বীগু করিয়াছে।<sup>২</sup>

তাঁর *নবকাহিনী* নামক গ্রন্থের উৎসর্গপত্রেরও তিনি তাঁর স্বামীর নিকট এই ঋণের কথা স্বীকার করেছেন। জোড়াসাঁকোর ঠাকুরবাড়ির পুরুষ সদস্যদের সৃষ্টিশীলতা স্বর্ণকুমারী দেবীকেও স্পর্শ করেছিল। এই সময় জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর সংগীত, নাটক ও সাহিত্য এই তিন ক্ষেত্রে নানা পরীক্ষা-নিরীক্ষা চালিয়েছিলেন। তাঁকে সাহায্য করছিলেন অক্ষয়চন্দ্র চৌধুরী ও রবীন্দ্রনাথ ঠাকুর। পিতা ও স্বামীর ন্যায় তাঁর সাহিত্যানুরাগী ভাইদের কাছ থেকেও স্বর্ণকুমারী সাহিত্য ও সঙ্গীতচর্চায় কম উৎসাহ প্রাপ্ত হননি। দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ, হেমেন্দ্রনাথ, জ্যোতিরিন্দ্রনাথ, রবীন্দ্রনাথ এবং খুল্লাতাত পুত্র গণেন্দ্রনাথ ও গুণেন্দ্রনাথ গৃহে যে সাহিত্যিক আবহাওয়ার সৃষ্টি করেছিলেন, স্বর্ণকুমারীর সাহিত্য-জীবন তাঁদের কাছে ঋণী। জ্যোতিরিন্দ্রনাথ নিজ জীবনস্মৃতিতে বলেছেন, *জানকী বিলাত যাইবার সময়, আমার কনিষ্ঠা ভগিনী স্বর্ণকুমারী আমাদের বাড়ীতে বাস করিতে থাকায়, আমরা তাঁকেও আমাদের আর একজন যোগ্য সঙ্গীরূপে পাইলাম।*<sup>৩</sup>

প্রথম কন্যা সন্তান হিরনুয়ার জন্মের পরে জানকীনাথ স্বর্ণকুমারীকে বোম্বাই শহরে মেজভাই সত্যেন্দ্রনাথ ঠাকুরের কাছে ইংরেজি শিক্ষা গ্রহণে পাঠান। স্বামীর কাছ থেকে সর্বাধিক উৎসাহ ও সাহায্য পাওয়ার ফলে এবং কংগ্রেস নেতা, উচ্চপদারূঢ়, অতি আধুনিক স্বামীর ও পিতৃকুলের বিশিষ্ট সামাজিক পরিমণ্ডলে বিচরণের ফলে স্বর্ণকুমারী যা অভিজ্ঞতা ও বহিজর্গতের সাক্ষাৎ পেয়েছিলেন, বর্তমানের লেখিকরা সে অভিজ্ঞতার স্বাদবর্জিত। পাশ্চাত্য ভাষা ও পুস্তকের সঙ্গে বহুল পরিচয়, তৎকালীন শ্রেষ্ঠ মনীষীবৃন্দের সাহচর্যে সাহিত্যিক আবহাওয়ায় নিয়ত উপস্থিতি স্বর্ণকুমারীর রচনায় যে বিশিষ্টতার ছাপ ও বিভিন্ন আঙ্গিক মাধ্যমে যে নিপুণতা লক্ষ করা যায়, তাতে বিস্মিত না হয়ে পারা যায় না। নারী রচনায় পথিকৃৎ হিসাবে সযত্নে প্রাতঃস্মরণীয়া তিনি। তাঁর ক্ষেত্রে আরো বলতে হয় নারী নয়, নর নয় স্বর্ণকুমারী একজন অসামান্য লেখক ছিলেন, এই তাঁর একমাত্র সংজ্ঞা।

স্বর্ণকুমারী দেবীর শৈশবের সঙ্গীতানুরূপই তাঁকে পরবর্তীকালে গান ও কবিতা রচনাতে উদ্বুদ্ধ করেছিল। মেজ বউদি জ্ঞানদানন্দিনী দেবী যখন পরিবারের প্রাচীন প্রথাগুলো ভেঙে নারী স্বাধীনতার পথ প্রশস্ত করছিলেন, ঠিক সেই সময় স্বর্ণকুমারী দেবী সাহিত্যসাধনায় মগ্ন ছিলেন। দেখা গেছে স্বর্ণকুমারী থেকে অনুরূপা, নিরূপমা, গিরীন্দ্রমোহিনী, মানকুমারী, কামিনী রায়, প্রিয়ম্বদা, শৈলবালা ঘোষজায়া, সীতাদেবী ও আরো অনেকে এঁদের কারুর লেখা তেমন ভাবে সংরক্ষিত নেই। লক্ষণীয় এ সমাজে শুধু পুরুষদের লেখাই

সংরক্ষণযোগ্য। কেননা সাহিত্যজগতের নেতা বহুদিন থেকেই পুরুষ লেখক। যে কয়েকজন মুষ্টিমেয় লেখিকা প্রাধান্য পেয়েছেন, তাঁরা স্বীয় কর্তৃত্বে তৃপ্ত। কিন্তু সমষ্টিগতভাবে যে অমরত্ব তারা অর্জন করবেন, একত্রে বিধৃত হলে পরস্পরের পরিপূরক হিসেবে তাঁদের যে স্বতন্ত্র মূল্যায়ন হবে, সে বিষয়ে তাঁরা অবহিত নন। স্বর্ণকুমারী দেবী নারী সমাজের অনেক কল্যাণকর দিকেরই ছিলেন পুরোধা। তাঁর ইংরেজিতে দেওয়া ভাষণ শ্রোতাদের মুগ্ধ ও বিস্মিত করেছিল। বস্তুত ঠাকুর পরিবার নব্যবাংলার অভ্যুদয়ের ইতিহাসে এক বিরাট দায়িত্ব পালন করেছেন। এই পরিবারের বহু প্রতিভাশালী মনীষা বাংলার শিক্ষা ও সংস্কৃতির নানাদিক দিয়ে বাঙালিকে ঋদ্ধ ও গৌরবান্বিত করেছেন। তারমধ্যে স্বর্ণকুমারী দেবী অন্যতম। এই ঠাকুর পরিবারটিকে একটি বিশ্ববিদ্যালয় বললে অত্যুক্তি হয় না। এই বৃহৎ পরিবারে কেউই মুর্থ ছিলেন না। একরূপ পরিবারে স্বর্ণকুমারী জনগুহণ করে তিনিও শিক্ষা-দীক্ষায় পারদর্শিনী হয়ে উঠেন। স্বর্ণকুমারী দেবী সাহিত্যশ্রোত গ্রন্থে এ প্রসঙ্গে জানান:

অন্তঃপুরের শিক্ষাব্যবস্থার পরিবেশ পূজা-অর্চনার ন্যায় সেকালেও আমাদের অন্তঃপুরে (ঠাকুরবাড়ির) লেখাপড়া মেয়েদের মধ্যে একটা নিয়মিত ক্রিয়ানুষ্ঠান ছিল। প্রতিদিন প্রভাতে গোয়ালিনী যেমন দুগ্ধ লইয়া আসিত, মালিনী ফুল যোগাইত, দৈবঠাকুর পাঁজি-পুঁথি হস্তে দৈনিক শুভাশুভ বলিতে থাকিতেন, তেমনি স্নানবিশুদ্ধা শুভবসনা গৌরী বৈষ্ণবী ঠাকুরাণী বিদ্যালোকে বিতরণার্থে অন্তঃপুরে আবির্ভূতা হইতেন। ইনি নিতান্ত সামান্য বিদ্যাবুদ্ধি সম্পন্না ছিলেন না। সংস্কৃত বিদ্যায় তাঁর যথেষ্ট ব্যুৎপত্তি ছিল। অতএব বাংলাভাষা জানিতেন ইহা বলা বাহুল্য। উপরন্তু ইহার চমৎকার বর্ণনাশক্তি ছিল। কথকতা ক্ষমতায় ইনি সকলকে মোহিত করিতেন। যাঁহাদের বিদ্যাল্যভের ইচ্ছা নাও থাকিত, তাঁহারাও বৈষ্ণবী ঠাকুরাণীর দেব-দেবীর বর্ণনা, প্রভাব বর্ণনা শুনিতেন কোতুহলী হইয়া পাঠগৃহে সমাদৃত হইতেন। বৈষ্ণবী আসিতেন অন্তঃপুরের চতুঃসীমাবদ্ধ মহিলাদের জন্য। বালিকা, নববধু ও বিবাহতা বালিকা কন্যারা ইহার কাছেই শিক্ষালাভ করিতেন। কিন্তু বাড়ির অবিবাহিতা কন্যাগণ বালকদিগের শিক্ষা ভিত্তি সমানভাবেই গঠিত হইত।<sup>১৭</sup>

বঙ্গের নারীগণের মধ্যে সাহিত্য সাধনায় স্বর্ণকুমারী দেবী অগ্রবর্তিণী ও পথপ্রদর্শিকা। তাঁর সম্পর্কে শ্রীমতি কামিনী রায় বলেছিলেন:

আমি আমার দশম বর্ষে প্রথম যখন তাঁহার দর্শন পাই, তখনও তিনি সে খ্যাতি লাভ করেন নাই। তখন তাঁহার সৌন্দর্য্যই আমাকে মুগ্ধ করিয়াছিল, আমি কেবল কয়েক মাস পূর্বে মিস্ এক্রয়েড (Miss Akroyd) প্রতিষ্ঠিত হিন্দু-মহিলা-বিদ্যালয়ে ভর্তি হইয়াছি। এই বিদ্যালয়টি ছিল হিন্দু যুবতী ও বালিকাদের জন্য সর্বপ্রথম বোর্ড স্কুল। হিন্দু মহিলা বিদ্যালয় নাম হইলেও কোন গৌড়া হিন্দু পরিবারের কন্যা বা বধু এখানে শিক্ষা পাইতে আসেন নাই। ... যেদিন প্রথম স্বর্ণকুমারী দেবীকে দেখিলাম সেদিন মিস এক্রয়েড মহিলাদের জন্য একটি সাক্ষ্য সম্মিলনের আয়োজন করিয়াছিলেন। সমাগত মহিলাদের মধ্যে স্বর্গীয় মদনমোহন তর্কালঙ্কার মহাশয়ের দুই কন্যা মালতীমালা ও মতিমালা এবং স্বর্ণকুমারী দেবীর উপস্থিতির কথা আমার স্মৃতিতে মুদ্রিত আছে।<sup>১৮</sup>

স্বর্ণকুমারী দেবী মানুষের সঙ্গে মিশতে ভালোবাসতেন, কারণ মানুষই ছিল তাঁর আরোধ্য। কেবল গল্পে, উপন্যাসে, গানে তাঁর নারী-হৃদয় স্বদেশের জন্য কেঁদে ক্ষান্ত হয়নি। যাতে নারীদের পরস্পরের সাথে সখ্য সদ্ভাব ও সহানুভূতি জন্মে, পরস্পরের সম্মিলনে স্বদেশের প্রতি মমতা বর্ধিত হয়, সম্মিলিত শক্তি নিয়ে যাতে নারী শিক্ষার বিস্তারের নতুন পথ হয়, শিক্ষাগুণে নিজেদের ভরণ-পোষণের শক্তি বর্ধিত হয় যাতে স্বদেশী শিল্পের বিস্তার হয়, এই সকল উদ্দেশ্যে তিনি অগ্রগামী ছিলেন। তাঁর কবিতায় ফুটে ওঠে সমাজের উঁচু-নিচু শ্রেণিভেদাভেদের প্রক্রিয়া যা যুগ যুগ ধরে চলে আসছে। গরীবদের সবাই অবহেলা করে আর ধনীদের তোষামদ করে চলে এটাই সমাজের রীতি। স্বর্ণকুমারীর ভাষায়:

তারা বুঝি গরীব দুখী,  
কর্মের ফল তাদের বেলা!  
নবাবের আর কে দেয় জবাব,  
আপনি করয়ে লীলা খেল!  
... ..  
পরের প্রতি দৃষ্টি হানে।<sup>১৯</sup>



প্রতিভাশালিনী লেখিকা স্বর্ণকুমারী দেবী চিরস্মরণীয় ও চিরবরণ্য হয়ে আছেন। শক্তির প্রাচুর্য, সৃষ্টির বৈচিত্র্য, ভাষার লালিত্য ও কল্পনার প্রসারতা তাঁর রচনাকে একটি বিশিষ্টতা দান করেছে। বঙ্গসাহিত্যে স্বর্ণকুমারীর অপরিমেয় দানের কথা বাঙালি বিস্মৃত হয়নি, ১৩৩৬ বঙ্গাব্দের ভাবানীপুরে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের অধিবেশনে মূল সভাপতি রবীন্দ্রনাথের অনুপস্থিতিতে সর্বসম্মতিক্রমে স্বর্ণকুমারী দেবী সভানেত্রীর আসনে বৃত হন। কলকাতা বিশ্ববিদ্যালয়ও তাঁর প্রতিভার কদর করেছেন। বাংলার স্বনামধন্য পণ্ডিত ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায় মহাশয় তাঁর রত্নগর্ভা জননী জগত্তারিণী দেবীর নামে একটি সুবর্ণপদক প্রদানের ব্যবস্থা করে গিয়েছেন। তা বাংলার সর্বশ্রেষ্ঠ লেখক বা লেখিকাকে প্রদত্ত হয়। স্বর্ণকুমারী সাহিত্যসেবার জন্য এই পদক পুরস্কার প্রাপ্ত হন। এই পদক রবীন্দ্রনাথ ঠাকুর, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, কামিনী রায়, অমৃতলাল বসু ও রায় বাহাদুর ডাক্তার দীনেশচন্দ্র সেনকে এ পর্যন্ত প্রদান করা হয়েছে। কিন্তু স্বর্ণকুমারীর সাহিত্যসেবার সর্বশ্রেষ্ঠ পুরস্কার বিদ্যাদেবীর বাণীর প্রসাদ লাভ তুল্য। স্বর্ণকুমারী দেবীর প্রতিভার যথাযথ বিশ্লেষণ ও সাহিত্যশিল্প শ্রদ্ধার দৃষ্টিতে শ্রীমন্নাথনাথ ঘোষ তাঁর স্মৃতিচারণে বলেন:

স্মৃতিপট উন্মোচিত করিয়া কয়েকটি ক্ষুদ্র চিত্র মানস নয়নে ভাসিয়া আসিতেছে— সেগুলি আমার পক্ষে স্মরণ করা প্রীতিকর, কিন্তু আপনাদের নিকট তাহার হয়ত কোনও মূল্য নাই ; কারণ যে সামান্য সামান্য ঘটনা বা আচরণ, যে সহৃদয়তার নির্দশনের স্মৃতি আমি শ্রদ্ধার সহিত হৃদয়ে পোষণ করিয়া রাখিয়াছি, তাহার অক্ষম বিবৃতি হয়ত আপনাদের নিকট সে মহীয়সী মহিলার মহিমময় চিত্রের ক্ষীণতম আভাস দিতে সমর্থ হইবে না। তথাপি উহা ব্যতীত আর আমার কিছু সম্বল নাই।... বয়োবৃদ্ধির সহিত ক্রমে ক্রমে স্বর্ণকুমারীর রচনার সহিত পরিচয় লাভ ঘটিল। সেকালে তিনি একজন প্রথম শ্রেণীর উপন্যাসরচয়িত্রী ও লেখিকা বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। এই প্রসিদ্ধি কেবল বিজ্ঞাপন ও canvassing এর উপর প্রতিষ্ঠিত ছিল না, একনিষ্ঠ সাধনার সুদৃঢ় ভিত্তির উপর উহা সুপ্রতিষ্ঠিত ছিল। তাঁহার অনেক উপন্যাস ও গল্প পাঠ করিয়া আনন্দ পাইয়াছি, অনেক কৌতুকপূর্ণ প্রহসন পাঠ করিয়া বিশুদ্ধ হাস্যরসের আনন্দ পাইয়াছি, অনেক চিন্তাশীল সন্দর্ভপাঠে জ্ঞান ও শিক্ষালাভ করিয়াছি, অনেক সুমিষ্ট নানান ভাবদ্যোতক সঙ্গীত শ্রবণ করিয়া পরিতৃপ্ত হইয়াছি।<sup>১২</sup>

তিনি নিঃসন্দেহে বাংলাসাহিত্য, সংস্কৃতি ও রাজনীতির অঙ্গনে নারীদের ক্ষেত্রে অমর ব্যক্তিত্ব। অপরূপা সুন্দরী এই বঙ্গললনা নির্ভুল আভিজাত্যের প্রভাবে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি ১৯৩০ সালে ৭৫ বছর বয়সে কলকাতা ‘বঙ্গীয় সাহিত্য সম্মেলনে’ মূল সভাপতি হিসেবে মঞ্চে দাঁড়ান। তাকে দেখে উপস্থিত বিশাল জনতা একটি মাত্র শব্দ উচ্চারণ করে কুইন মহারাণী ভিক্টোরিয়া নাকি!<sup>১৩</sup>

লেখক হিসেবে তিনি যেমন দেখেছেন উনিশশতকের রক্ষণশীলতার গর্ভ থেকে নতুন চেতনার জাগরণ, বহুবিবাহ-বাল্যবিবাহ-বিধবাবিবাহকে কেন্দ্র করে, মেয়েদের দিন যাপনের অসহায়তা, আর সেই যাপিত জীবনের অধিকারহীনতাকে অনুভব করে, নতুন সংবেদনার উন্মেষ। অন্যদিকে বিশ শতকের সূচনা মুহূর্ত থেকে দেখেছেন রাজনীতিক উন্মাদনা, বঙ্গভঙ্গের অন্যায় আক্রমণ, সে-অন্যায় রোধের সংগ্রাম, বয়কট আন্দোলন, স্বদেশী আন্দোলনের পাশাপাশি সম্রাসবাদী বিপ্লবীদের হিংস্রাশ্রয়ী রাজনীতি কিংবা জাতীয় কংগ্রেসের সাংগঠনিক দুর্বলতায় নরমপন্থী ও চরমপন্থী দলের মতাদর্শগত বিরোধ। আর এ সব বিষয় নানা ভঙ্গিতে কখনো গল্পে-উপন্যাসে, কখনোবা প্রবন্ধে রূপ দিয়েছে তাঁর রচনায়, চিরকালীনতার সঙ্গে সঙ্গে সমকালীনতাকেও ছুঁয়ে এগিয়ে চলেছে সমতালে। একজন সাহিত্যিক অন্য দশজন মানুষের মতো সামাজিক সচেতনতার অধিকারী। সমকালীন জীবনপ্রবাহ, সমাজ ও পরিপার্শ্বের প্রবাহে তিনি ভিন্নতর অভিজ্ঞতায় বিকশিত হন। সাহিত্যিক যতোই বাস্তববাদী কিংবা কল্পনাচারী বা ভাববাদী হোন না কেনো, তিনি তাঁর যুগকেই ধারণ করেই সেই যুগ সমস্যায় আবর্তিত হয়ে সাহিত্যচর্চা করেন। যুগ ও সমাজজীবনকেই নিজের মানসিক সংস্কারের সঙ্গে মিলিয়ে নিয়ে তার একটি ছবি শব্দে শব্দে গড়ে তোলেন। স্বর্ণকুমারী তাঁর সাহিত্যে সমাজের বিধবাদের উচ্চস্থানে সম্মান দিয়ে লেখেন:

পরকে, আনন্দ দানে তোমার মহিমা;  
যে যায় দলিত ক'রে  
তব বাস তারো তরে,  
বঙ্গের বিধবা তুমি স্বর্গের গরিমা।<sup>১৪</sup>

নানা প্রবন্ধ ও নিবন্ধ রচনায় সমাজ ও সমাজের ভেতরের বিধবাদের অবস্থান সম্পর্কে তাঁর সমাজ মনস্ক হৃদয়ের পরিচয় মেলে:

অনেক বিধবা অল্প সঙ্গতিপন্ন গৃহস্থের গলগ্রহ স্বরূপ; গৃহস্থ অতি কষ্টের সহিত বিধবাকে অনুবস্ত্র দান করেন; বিধবাও চোখের জল ফেলিতে ফেলিতে সেই দান গ্রহণ করেন; একটু একটুতেই দুই জনের মধ্যে খিটমিটি বাধিয়া যায়; গৃহস্থ ভাবেন, আমি প্রাণপণে পরিশ্রম করিয়া ইহার ভাত কাপড় যোগাতেছি তথাপি কিছুতেই ইনি সন্তুষ্ট হন না; বিধবা ভাবেন, হায়! আমার কি পোড়া অদৃষ্ট, একমুঠা ভাতের জন্যে এত লাঞ্ছনা সহ্য করিতে হইতেছে।<sup>১৫</sup>

ঐতিহাসিক তথ্যবিচারে প্রথম হওয়ার গৌরবে নয়, স্বর্ণকুমারী দেবী স্বতন্ত্র তাঁর ধারাবাহিকতার সামর্থ্যে। সাহিত্যের প্রতিটি শাখা-প্রশাখাকেই শুধু অনায়াসে ছুঁয়ে যায়নি তাঁর কলম, দীর্ঘকাল একই সাবলীলতায় প্রাণবস্ত্র রেখেছেন তাঁর লেখনি। বাংলাসাহিত্যে নারী-সাহিত্যিকদের রচনাধারার উৎসমুখটি লুকিয়ে আছে তাঁরই কলমের আঁচড়ে। ‘ভারতী’ পত্রিকার *বিবিধ প্রসঙ্গ* লিখতে গিয়ে তিনি লিখেছিলেন, *যাহারা হারিবে জানিয়াও সমস্ত পণ করে, তাহারা পাগল, কিন্তু এরূপ পাগলের সংখ্যা পৃথিবীতে অল্প নহে, অন্তত অর্ধেক-নারীজাতি।*<sup>১৬</sup>

স্বর্ণকুমারী দেবীর মনের গভীরে হয়তো কোথাও ছিল এমন শ্রীময়ী একটি মেয়ের মুখের আদল। তাইতো তাঁর সাহিত্যে প্রধান হিসেবে এসেছে নারী। সে নারী সর্বসংহারা। নারীর অসহায় অসম্পূর্ণ অসমর্থ ভালোবাসায় এমন আবিষ্ট মুখচ্ছবিও অনেকখানি মমতা আর সমবেদনা মিশিয়ে এঁকেছেন স্বর্ণকুমারী দেবী। শুধু বাঙালি নারী নয় বরং সমগ্র বিশ্বে নারীদের আত্মহারা ভালোবাসা, প্রতীক্ষা, সমবেদনা প্রতিফলিত করেছেন তিনি তাঁর সাহিত্যের অঙ্গনে। বাংলাসাহিত্য সৃষ্টির ক্ষেত্রেই শুধু নয় রাজনীতিক ও সাংস্কৃতিক জগতেও তাঁর অসামান্য অবদানের কথা বিশেষভাবে স্মরণযোগ্য। ঠাকুরবাড়ির যে উজ্জ্বল জ্যোতিষ্কমণ্ডলীর আবির্ভাব ঘটেছিল তাঁদের মধ্যে কি শিক্ষার দিক থেকে কি সংস্কৃতিবোধের দিক থেকে, কি বঙ্গজীবনের নবজাগরণ ভাবনার ঋদ্ধির ক্ষেত্রে স্বর্ণকুমারী দেবী ছিলেন উল্লেখযোগ্য ব্যক্তিত্ব সম্পন্ন নারী। স্বর্ণকুমারী দেবী তাঁর সাহিত্যশ্রোত গ্রন্থে আরও বলেছেন, *বাড়ির মেয়েরা সকলেই জানিত, মেজদাদার মত সহায় বন্ধু তাহাদের আর কেহ নাই; তাহার উপর সকলেরই বিশ্বাস ছিল অসীম।*<sup>১৭</sup>

জ্যোতিরিন্দ্রনাথ ছিলেন বিখ্যাত সুরকার। তাঁর প্রভাবে স্বর্ণকুমারী দেবীর সুর ভাবনার প্রকাশ ঘটে। পিয়ানো বাজিয়ে নতুন নতুন সুরের সৃষ্টি করতেন। জ্যোতিরিন্দ্রনাথের এই সুরগুলিকে কথায় বেঁধে রাখতেন স্বর্ণকুমারী। বলেন্দ্রনাথের জননী প্রফুল্লময়ী তাঁর *আমাদের কথা-গ্রন্থে* বলেছেন, *জ্যোতিরিন্দ্রনাথের গানে ঝাঁক খুব ছিল ও গান বড় পছন্দ করিতেন, একদিন আমার গান তাঁর শুনিবার খুব ইচ্ছা হইল। স্বর্ণকুমারী তাঁরও এসব বিষয়ে খুব উৎসাহ ছিল, তিনি আমাকে সঙ্গে করিয়া তার কাছে লইয়া গেলেন।*<sup>১৮</sup> *দ্বিজেন্দ্রনাথের সঙ্গে স্বর্ণকুমারী দেবীর স্নেহপূর্ণ সম্পর্ক ছিল।*

উনিশ শতকের শেষলগ্নে নারী পুরুষের সম্পর্ক বিষয়ক এক অসাধারণ উপন্যাস *কাহাকে* রচনা করেছেন। স্বর্ণকুমারী দেবী সেখানে এক নারীর তিন পুরুষ চরিত্রের মধ্যে এক অভিষ্ঠ পুরুষ সন্ধানের দার্শনিক বোধ পরিলক্ষিত। যা সে সময়ে অনন্য সাহসিকতার পরিচয় প্রদান করেছে। স্বর্ণকুমারী দেবীর যুগ স্বর্ণযুগ। কেননা তাঁর পরিমণ্ডল ছিল তাঁর সমমনা পাঠক, রসভোজা আর কতিপয় লেখিকা পরিব্যাণ্ড। তাঁর কন্যাধ্বয় ছিল সাহিত্যনুরাগিনী ও উৎসাহী; যারা মালার মতো স্বর্ণকুমারী দেবীর চারপাশে একমনে, এক আদর্শে ফুলের মতো তাঁকে শোভিত করে রেখেছিল। তাঁর এই নিজস্ব জগতে অর্থ, অবসর আর প্রেম ছিল অসামান্য জীবনবোধ নিয়ে উপস্থিত। তিনি সমাজকে গভীর অন্বয়্য অবলোকন করেছেন। তাঁর লেখায় সমাজের বহু স্তরের নিপীড়িত মানুষের কথা ফুটে উঠেছে, যারা সাহিত্যে কোনো পরিশীলিত ও মার্জিতরূপে উপস্থিত

হয়নি এর পূর্বে, তিনি তাঁদের সাহিত্যে স্থান দিয়েছেন নান্দনিক ও মননদীপ্ত জীবনাদর্শের চেতনায়। তিনি ঐতিহাসিক রচনায় বহু সময় ব্যয় করলেও তাঁর স্নেহলতা, কাহাকে ও গল্পগুলি মাত্র তৎকালীন সমাজ-আলেখ্য। তাঁর সময়ে আবদ্ধ হয়েছে অস্তমুখী ধারায় সংস্কৃতি-সংঘাত, নতুনকে গ্রহণ করার দ্বিধা, চিন্তাসঙ্কট, আর বহির্মুখী ধারায় জাতীয়তাবাদের নব উন্মেষ, স্বাধীনতা আন্দোলন, রাজনীতিক জটিল ঘূর্ণাবর্ত, প্রথম বিশ্বযুদ্ধ, রাশিয়ার বিপ্লব এবং সেই লগ্নেই উনিশ শতকের নির্মিত মূল্যবোধ থেকে বুদ্ধিজীবী শ্রেণির নতুন ভাবনায় উত্তরণ। সব মিলিয়ে এক বিশাল যাত্রাপথ। সেই পথের সৃষ্টি থেকে তার নামবিস্তারকে দেখেছেন স্বর্ণকুমারী দেবী, যুগের স্পন্দনকে উপলব্ধি করেছেন, সক্রিয় হয়েছে তাঁর নিজস্ব ভাবনা, গড়ে উঠেছে সৃষ্টিধর্মী কর্মপদ্ধতি। এক একটি জীবন যুগের সঙ্গে অবিচ্ছেদ্য; সেই জীবন থেকে উৎসারিত সৃষ্টি, যুগেরই প্রতিচ্ছবি বহন করে। সে সত্যই উন্মোচিত হয়েছে তাঁর লেখায়।

স্বর্ণকুমারী দেবীর সাহিত্য জীবনের গতিপথ উনিশ শতকের নবজাগরণের মূল প্রবাহ, সেখানে নারী ছিল কেন্দ্রবিন্দুতে। রামমোহন রায়ের (১৭৭২-১৮৩১) সতীদাহ প্রথা নিবারণ থেকে আরম্ভ করে বাল্যবিবাহ ও বহুবিবাহ রোধ, বিধবাবিবাহের সম্মতি, নারী শিক্ষার প্রবর্তন—সব কিছু মধ্য দিয়ে সেই যুগের ইংরেজি শিক্ষা সহবতের সঙ্গে পরিচিত পাশ্চাত্য চিন্তা—সবই নারী ব্যক্তিত্ব উন্মোচনে সক্রিয় ভূমিকা নিয়েছিল তাঁর রচনায়। নারীজাতি শিক্ষা কতটা প্রয়োজনীয় তা উল্লেখ করে স্বর্ণকুমারী দেবী একটি প্রস্তাব প্রবন্ধে জানান:

জাতির এক অংশের সহিত অপর অংশের এমনি ঘনিষ্ঠ সম্বন্ধ যে একটিকে অশিক্ষিত রাখিয়া অপরটি শিক্ষা কখনই পূর্ণ হইতে পারে না। স্ত্রী লোকেরা সুশিক্ষিত না হইলে সমাজ যে আধাআধি রকমের ক্ষতিগ্রস্ত হইল এমনি নহে, জাতির সম্যক উন্নতিই স্ত্রীলোকের সুশিক্ষার উপর নির্ভর করিতেছে, স্ত্রী লোকদিকে অশিক্ষিত রাখিয়া পুরুষেরা কখনই সুশিক্ষিত হইতে পারে না। স্ত্রী লোকদিককে নীচে রাখিয়া তাঁহাদের উচ্চে থাকিবার আশা করা বৃথা, তাঁহারা স্বর্গের মত উচ্চ ধাপেই থাকুন না কেন, তাঁহাদের স্বর্গ হইতে রসাতলে তাহা নামিতেই হইবে।<sup>১৯</sup>

স্বর্ণকুমারী দেবী পিতৃবাড়ি অর্থাৎ জোড়াসাকোর ঠাকুর বাড়ির গাঁড়া রক্ষণশীলতা ভেঙে নতুন জীবন ভাবনার উন্মেষের কাল আত্মস্থ করে একটি নিজস্ব বৃত্ত রচনা করতে সক্ষম হয়েছিলেন।

পিতা, দাদাদের কাছ থেকে সবসবময় স্বর্ণকুমারী দেবী কোন না কোন জ্ঞান অর্জন করে থাকতেন। তাঁর শিক্ষা জীবনে একদিকে ছিল বাংলার সঙ্গে সংস্কৃত শিক্ষা, আরেকদিকে মেমের শিক্ষা। ফলে সাহিত্যজগতের দেশ-বিদেশে, দুই শাখাতেই স্বর্ণকুমারীর স্বচ্ছন্দ বিচরণ সম্ভব হয়েছিল। জ্যোতিন্দ্রনাথের কিছু গানের ইংরেজি অনুবাদও স্বর্ণকুমারী দেবী করেছিলেন:

জনম আমার শুধু সহিতে যাতনা,  
জীবন ফুরায় এল, আঁখি জল ফুরাল না।  
এমনি অদৃষ্ট ঘোর, জনমেও সখি মোর,  
পুরিল না জীবনের একটি কামনা।  
এখন সুখের কথা, উপহাসি দেয় ব্যথা  
এই এ মিনতি সখি, ও কথা বলোনা।  
To suffer anguish was I born,-  
fresh ills my bosom pierce;  
While fast the sands of life run out,  
Exhaustless flow my tears!  
Ah! so perverse my fortune is,  
It ne'er fulfilled a wish;  
All talk of bliss to me's a taunt;  
So, pray, no more of this!<sup>20</sup> (স্বর্ণকুমারী দেবীর অনুবাদ)

জ্যোতিন্দ্রনাথের জীবনচরিত্র লিখতে গিয়ে শ্রীমন্নাথনাথ ঘোষ স্বর্ণকুমারী দেবীর কাছে স্বাক্ষাৎকার নিতে গেলে তিনি বলেছিলেন:

তুমি আমাকে নতুন দাদার সম্বন্ধে প্রশ্ন করিয়া যাও, আমি উত্তর দিতেছি।  
জ্যোতিবাবুর ও তাঁহার অপ্রকাশিত চিত্র ও পত্রাবলী চাহিলাম। তিনি অন্বেষণ করিয়া উহা দিতে প্রতিশ্রুত হইলেন। তাঁহার নবপ্রকাশিত গ্রন্থ ‘মিলন রাত্রি’ উপহার দিয়া তাহা পড়িয়া আমার মতামত জানাইতে বলিলেন। তখন তাঁহার দুইখানি উপন্যাস ইংরাজীতে অনুবাদিত প্রকাশিত হইয়াছিল। হয়ত তাঁহার কয়েকটি সঙ্গীতেরও অনুবাদ প্রকাশিত করিবার ইচ্ছা ছিল।... তোমার জানা এমন কেহ আছেন, যিনি ইংরেজী পদ্যের আমার কয়েকটি গীত অনুবাদ করিয়া দিতে পারেন? অনুবাদ তাঁহার নামেই প্রকাশিত হইবে।<sup>১১</sup>

স্বর্ণকুমারীর সময়ে প্যারীচাঁদ মিত্র (১৮১৪-১৮৮৩), বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪), প্রতাপচন্দ্র ঘোষ (১৮৩৯-১৯২০) ব্যতীত উল্লেখযোগ্য পুরুষ উপন্যাস লেখক ছিলেন না এবং স্বর্ণকুমারীর গ্রন্থখানি সমালোচকগণের উচ্ছ্বসিত প্রশংসা এবং পাঠকগণের অপূর্ব সমাদার লাভ করেছিল। এর পরেই ১৮৭৭ সালে (বাংলা ১২৮৪) জ্যোতিরিন্দ্রনাথের উদ্যোগে ‘ভারতী’ পত্রিকা প্রকাশিত হয়। প্রথম সম্পাদক ছিলেন তাঁদের বড় দাদা দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, তাছাড়া সম্পাদক মণ্ডলীতে ছিলেন জ্যোতিরিন্দ্রনাথ, স্বর্ণকুমারী এবং রবীন্দ্রনাথ। স্বর্ণকুমারী দেবীর লেখা দিয়েই ‘ভারতী’ পত্রিকার অনেক পৃষ্ঠা পূর্ণ হত। *ছিন্নমুকুল*, *মালতী*, *গাথা*, *পৃথিবী* প্রভৃতি গ্রন্থসমূহ ‘ভারতী’তেই প্রকাশিত হয়েছিল। গাথা ও বৈজ্ঞানিক প্রবন্ধ বোধ হয় তাঁর পূর্বে কোনো বঙ্গনারী রচনা করেননি।

দুইবারে স্বর্ণকুমারী মোট ১৮ বৎসর কাল ‘ভারতী’ সম্পাদন করেছিলেন। তাঁর সম্পাদকত্বকালে ‘ভারতী’ প্রথম শ্রেণির মাসিক পত্রিকা বলে গণ্য হতো এবং পুরুষ সম্পাদিত পত্রিকাসমূহ থেকে কম গুরুত্বপূর্ণ ছিল না। স্বর্ণকুমারী ইংরেজি অনুবাদ রচনাতেও আগ্রহী ছিলেন, যা তাঁর অতি আধুনিক দৃষ্টিভঙ্গী ও মননশীলতাকে ব্যক্ত করে।

সাহিত্যচর্চা ব্যতীত অন্যান্য দেশহিতকর কার্যেও স্বর্ণকুমারীর আলস্য ছিল না। অসামান্য ব্যক্তিত্বময়ী স্বর্ণকুমারী সেই যুগে খোলামন নিয়ে নারীমুক্তির চিন্তা করেছিলেন। নারীর মর্যাদা রক্ষা, তার আর্থনৈতিক অবস্থান তাঁকে যথেষ্ট ভাবিয়েছিল। ১৮৮৬ সালে তিনি একটি মহিলা সমিতি প্রতিষ্ঠা করেন। তাঁর উদ্দেশ্য ছিল:

১. অসহায় অনাথ ও বিধবাদের সহায়তা করা।
২. ধর্মিতা নারীদের পাশে দাঁড়ানো, তাদের আইনগত সাহায্য প্রদান।
৩. স্ত্রী শিক্ষার প্রসার।
৪. হিন্দু বিধবারা হিন্দু ধর্মের অনুমোদন ক্রমেই শ্রমদানের মাধ্যমে উপার্জনক্ষম হয়ে উঠবেন।
৫. আত্মরক্ষার জন্য নারীদের লাঠি চালনা এবং আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ।
৬. ভারতীয় মহিলাদের উৎপন্ন পণ্যের প্রদর্শনী ও বিক্রয়ের ব্যবস্থা করা।

প্রায় পঞ্চাশ বৎসর পূর্বে সম্ভ্রান্ত পরিবারের নারীদের এমন সভা সমিতিতে টেনে এনে তাঁদের দ্বারা দেশের কাজ করানো যে কতদূর দূরহ ছিল, তা আজকের আধুনিক হৃদয় মানুষেরা করতে পারবে না। স্বর্ণকুমারীর মতো উৎসাহিত প্রতিমূর্তি নারী এই প্রতিষ্ঠানের প্রাণস্বরূপ ছিলেন বলেই এই সমিতি সাফল্যলাভ করেছিল এবং তাঁর চেষ্টায় বিধবা নারীরা আর্থিক সাহায্য লাভ করেছিল। যদিও বিধবা-বিবাহ আইন অনুমোদিত হয়েছে, বেথুন স্কুল প্রতিষ্ঠিত হয়েছে তারও আগে, স্নাতক হবার গৌরব অর্জন করেছেন দুই বঙ্গললনা; কিন্তু রক্ষণশীল জাতির অগ্রগতির জন্য মেয়েদের শিক্ষার প্রসার এবং অসহায়তার সুযোগে তাদের ওপর অত্যাচার না হয়, তারা পরাশ্রিতা না হয়ে স্বাবলম্বী হয়ে উঠতে পারে, একথা সে যুগের শিক্ষিত পুরুষের সঙ্গে একইভাবে ভেবেছিলেন সমাজসচেতন চিন্তাশীল স্বর্ণকুমারী দেবী। সামাজিক ও পারিবারিক সমস্যাকে মাথায় রেখেই তিনি ‘সখিসমিতি’র প্রতিষ্ঠা করে সমাজকল্যাণের মহান ব্রতে নিজেকে যুক্ত করেছিলেন।

স্বর্ণকুমারীর নামের সাথে আর একটি আয়োজন জড়িত। ‘মহিলাশিল্পমেলা’র দ্বার উদ্ভাবন। অস্তঃপুর মহিলাগণের হৃদয়-মনের প্রসারতা সম্পাদন এবং তাঁদের শিল্পোন্নতি সাধনের উদ্দেশ্যে কেবল মহিলাদের

জন্য এবং মহিলাগণ কর্তৃক বছরান্তে উজ্জ্বল নামে একটি ক্ষুদ্র প্রদর্শনী সংগঠিত হতো। এই প্রদর্শনীতে বোম্বাই, আগ্রা, দিল্লি, জয়পুর, কানপুর, কৃষ্ণনগর প্রভৃতি ভারতবর্ষের প্রসিদ্ধ স্থানের শিল্পকর্ম রক্ষিত হতো এবং মহিলাগণ তাঁদের রচিত নানারূপ শিল্পও প্রেরণ করতেন। মেলা বেলা ১২ টা থেকে খোলা থাকত ; ক্রেতা বিক্রেতা, দর্শক সকলেই মহিলা। বেথুন স্কুলের প্রাঙ্গণকে কেন্দ্র করে মেলার আয়োজন করা হতো। কেউ রেশমি কাপড়, কেউ ঢাকাই ও শান্তিপুরের শাড়ি, কেউ খেলনা, কেউ মহিলাশিল্পের বিক্রয়ের দায়িত্বে ছিলেন। কেউ তৈরি করে আনতেন মাছ, কচ্ছপ, লাউ, কুমড়া—সেগুলো সত্যিকারের মতো হতো। কেউ কেউ আনতেন ক্ষীরের ফুলশয্যা। কেউ গ্রামের ছবি, কেউ পুঁথি দিয়ে রকমারী শৌখিন সামগ্রী, এমন কি তেলরঙ্গের ছবিও এঁকে নিয়ে আসতেন। শিল্পনৈপুণ্যের তারতাম্য অনুসারে তাঁরা পারিতোষিক প্রাপ্ত হতেন। সেসময় অন্তঃপুর নারীগণের নিকট ‘মহিলা-শিল্পমেলা’ একটি বিশেষ আনন্দ উৎসব বলে গণ্য হতো। তাঁরা প্রতি বছরের জন্য আগ্রহভরে অপেক্ষা করে থাকতেন। এই মেলা হতে যে অর্থলাভ হতো, তা ‘সখীসমিতি’র ভাণ্ডারে জমা হতো।

সেকালে স্বর্ণকুমারী একজন প্রথম শ্রেণির উপন্যাস রচয়িত্রী ও লেখিকা বলে প্রসিদ্ধি লাভ করেছিলেন। তাঁর এই প্রসিদ্ধি কেবল বিজ্ঞাপন ও Canvassing-এর ওপর প্রতিষ্ঠিত ছিল না, একনিষ্ঠ সাধনার সুদৃঢ় ভিত্তির ওপর তা সুপ্রতিষ্ঠিত ছিল। স্বর্ণকুমারীর লেখায় প্রতিভা ছাড়াও রয়েছে গৃহিণীপনা। মনে রাখতে হবে গৃহিণীপনা একটি নন্দনিক গুণ যার অভাবে প্রতিভা যথোচিত ফল ফলাতে পারে না, কিম্বা যে ফল ফলেছে তাও সাজিয়ে গুছিয়ে পাঠকের সম্মুখে ধরতে পারে না। ঐ গৃহিণীপনা থাকলে কেবল একটি মাত্র রচনার জোরেও লেখক টিকে থাকে, যেমন ফিটজেরাল্ড-এর অনুবাদের জোরে ওমর খৈয়াম টিকে আছে সমস্ত বিশ্বব্যাপী। আবার এই গৃহিণীপনার অভাবে অনেক লেখক ব্যর্থ হন। কিন্তু লক্ষণীয় ন্যানডর আর স্বর্ণকুমারী দেবীর লেখায় এই গৃহিণীপনা রয়েছে বলেই আজও তা সমাদৃত। নারী সাহিত্যজগতে অনন্ত কাল, সমুদ্র আর মহাকাশের মতোই স্বর্ণকুমারীর কোনো পরিমাপ সম্ভব নয়।

দীর্ঘ ৭৫ বছর বয়স পর্যন্ত স্বর্ণকুমারী লিখেছেন ১২টি উপন্যাস, ১৯টি গল্পগ্রন্থ, ৯টি নাটক, ২টি গ্রন্থসন, তিনখণ্ডে বিভক্ত কবিতা ও গান—যার মধ্যে জাতীয় সঙ্গীত ৬টি, ধর্মসঙ্গীত ১৪টি, প্রেম বিষয়ক ১৮টি, কবিতা ও গান ১৩টি ও সঙ্গীতশতক ৮৬টি লিপিবদ্ধ রয়েছে। আরো সম্পাদিত গ্রন্থ ৪টি, বিজ্ঞানবিষয়ক প্রবন্ধ ৪টি, সাহিত্যতত্ত্ব সম্পর্কিত প্রবন্ধ ২টি, দিনলিপি, পত্র-প্রবন্ধ বা ভ্রমণ সংক্রান্ত নিবন্ধন ৮টি, ব্যক্তিগত প্রবন্ধ ৫টি, সমালোচনা ৪টি, সম্পাদকীয় মন্তব্য ও টীকা ৫টি, বিবিধ ৪টি, অনুবাদ ৫টি, পাঠ্যপুস্তক ১০টি, ইংরেজি গ্রন্থ অনুবাদ ৪টি। বহু গ্রন্থ তিনি রচনা করেছেন। তবে সবগুলো গ্রন্থের মধ্যে কিছু পাওয়া গেছে বাকিগুলো এখন দুষ্প্রাপ্য। তাঁর জীবনের শেষপ্রান্তে এসে ‘ভারতী’ প্রতিকার সম্পাদনার দায়িত্ব থেকে অবসর নেওয়ার কালে স্বর্ণকুমারী দেবী একটি তাৎপর্যপূর্ণ মন্তব্য করেছিলেন:

পুরাতন চিরস্থায়ী নহে অথচ তাহার মৃত্যুও নাই। সেই বর্তমানে নৃতনে। পিতামাতা সন্তানে জীবিত, পূর্বশ্রোত পরবর্তী শ্রোতে প্রবাহিত, অতীত ভবিষ্যতে সম্মিলিত, নৃতনে লীন হইতে না পারিলেই পুরাতনের প্রকৃত মৃত্যু। পুরাতনের প্রধান ধর্ম নৃতনকে অনুগামী করা অর্থাৎ পথ দেখান, অন্যকথায় নৃতনকে গর্বিত করিয়া তোলা। ইহাতে যে সফলতা লাভ করে তাহার জীবন সার্থক। আমার বহুদিন ব্যাপী সাহিত্যসেবায় যদি এই উদ্দেশ্য কথঞ্চিৎ পরিমাণ সার্থক হইয়া থাকে তবে আমি ধন্য। কিন্তু বিচারের ভার নৃতনের হস্তে।<sup>২২</sup>

তাঁর সাহিত্যপ্রতিভা উপেক্ষার বিষয় নয়। তাঁর উপন্যাসে বিধৃত হয়েছে কয়েক শতাব্দীর ইতিহাস। কিন্তু তিনি শুধু বস্তুনিষ্ঠ ছিলেন না, ছিলেন গীতিকবিসুলভ মানসিকতার অধিকারীও। উনিশ শতকের নারী গীতিকবিদের মধ্যে স্বর্ণকুমারী দেবী সমধিক প্রসিদ্ধি লাভ করে:

অরণ মুকুট শিরে,  
অধরে উষার হাসি,  
পদতলে প্রস্ফুটিত  
শত শত ফুল-রাশি!<sup>২৩</sup>

তঁার লেখা কবিতা, গাথা, গান, নাটক পরিচয় বহন করে। তঁার উপন্যাসে পরিবেশ-সৃষ্টিতে সঙ্গীতের একটি ভূমিকা রয়েছে। সেই সঙ্গীত কোথাও স্বদেশ ভাবনায় অনুপ্রাণিত, কোথাও বিষন্ন বেদনায় অনুরঞ্জিত:

ধরণি গো!

মানব জনম যদি লভিনু, মা, এই ভাবে,  
দিলে যদি সন্তানের শ্রেষ্ঠ অধিকার দান-  
কেন হেন দীন হীন অযোগ্য করিলে তবে?  
এমনি দূর্ভাগ্য যদি কেন তবে নিরবধি  
এলে হেন দুরাকাঙ্ক্ষা দাবানল দবদবে?  
.....

পৃথিবীর দুঃখ জ্বালা করে ভয়ে দূরে পলায়ন।<sup>২৪</sup>

অসাধারণ সমাজসচেতন, মার্জিত সাহিত্য রচনাসম্পন্ন ছিলেন স্বর্ণকুমারী দেবী। গভীর স্বদেশপ্রীতি, মাতৃভাষার প্রতি অনুরাগ তাঁকে প্রেরণা দিয়েছে। তাঁর লেখায় প্রকৃতির নির্মলতায় কখনো প্রেম হয়েছে শরীরী মোহময়তায় পূর্ণাঙ্গ সজীবতা; আবার নান্দনিক মূর্ছনায় সেই প্রেম হয়েছে শাস্ত ও স্বর্গীয়:

নেহারিবে সমুদিত আকাশের ভালে;

মনে কি পড়িবে নাথ,

একদিন আমা সাথ,

বন ভ্রমি ফিরে রবে আসিতে ভবনে-

ওই সেই সন্ধ্যাতারা,

দুজনে দেখেছি মোরা।<sup>২৫</sup>

তঁার জীবদ্দশায় তাঁকে পুরস্কৃত করেছিলেন তাঁর স্বদেশবাসী। ১৯২৭ সালে তাঁকে যখন জগত্তারিণী স্বর্ণপদক দিয়ে সম্মানিত করা হয় তখন এ সম্পর্কে কলকাতা বিশ্ববিদ্যালয় ১৯২৭ সালের ক্যালেন্ডারে বলা হয়েছে, *The medal will be best award once in two years on that individual who not having been a recipient of the medal during the preceding ten years, shall be deemed by the syndicate as must eminent for original contribution to letters or science written in Bengali Language.*<sup>২৬</sup>

আবার আনন্দবাজার পত্রিকাতেও ঘটনাটি প্রকাশিত হয়েছিল:

এসোসিয়েটেড প্রেস জানিতে পারিয়াছেন যে কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রদত্ত গত বৎসরের জগত্তারিণী সুবর্ণ পদক পুরস্কার শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের ভগ্নী শ্রীযুক্ত স্বর্ণকুমারী দেবী পাইয়াছেন। পরলোকগত স্যার আশুতোষ মুখার্জী তদীয় পরলোকগত মাতার স্মৃতির উদ্দেশ্যে ওই পুরস্কার প্রবর্তন করেন। সিডিকেটের মতে বাংলাভাষার উৎকর্ষসাধনের জন্য সর্বাপেক্ষা বেশী চেষ্টা করিয়াছেন বলিয়া বিবেচিত ব্যক্তিকে এই পদক পুরস্কার দেওয়া হয়। ইতিপূর্বে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত শরৎচন্দ্র চ্যাটার্জী ও শ্রীযুক্ত অমৃতলাল বসু প্রভৃতি ওই পুরস্কার পাইয়াছেন।<sup>২৭</sup>

১৩১৪ (বঙ্গাব্দ) সালে কাশিমবাজারে রবীন্দ্রনাথের সভাপতিত্বে প্রথম বঙ্গীয় সাহিত্য সম্মেলন হয়। এরপর উনিশ বাৎসরিক সম্মেলনে, রবীন্দ্রনাথ উপস্থিত থাকতে না পারায় স্বর্ণকুমারী দেবী সভানেত্রী হন। সেখানে তাঁর ভাষণ উচ্চ প্রশংসিত হয়েছিল এবং তিনিই প্রথম মহিলা যিনি এই সম্মেলনে মূল সভাপতির আসন অলঙ্কৃত করেছিলেন। এছাড়াও শ্রীমন্নুখনাথ ঘোষ তাঁর স্বর্ণস্মৃতি প্রবন্ধে স্মৃতিচারণায় স্বর্ণকুমারীর সাহিত্য প্রতিভার পরিচয় দিয়ে তাঁকে সম্মানিত করেছেন। বঙ্গীয় সাহিত্য পরিষৎ ১৩৩৯ সালে প্রথম অধিবেশনে (২০ শে ভাদ্র) স্বর্ণকুমারীর স্মৃতিরক্ষার উদ্দেশ্যে তাঁর নামে একটি পদকের ব্যবস্থা করে। আজও তাঁর শেষ রচনা *সাহিত্য-শ্রোত* পাঠ্য পুস্তকরূপে নির্বাচিত। তাঁর রচনার বিষয়বস্তুতে, রচনাকৌশলে, তাৎক্ষণিক শব্দ প্রয়োগে, রচনায় জীবনবোধকে প্রকাশের চেতনায় তিনি তাঁর সমকালকে যেমন স্পর্শ করেছেন, তেমন অতিক্রমও করে গেছেন বারবার; যা আমাদের আজও কৌতুহলী করে তোলে। পরিণত বয়সে ১৯৩২ সালে ইহলোক ত্যাগ করেন স্বর্ণকুমারী দেবী।

বিশ শতকের শুরুতে পৃথিবীর ইতিহাসে ঘটে গেছে কাক্ষিত-অনাকাঙ্ক্ষিত ঘটনা। সে সব ঘটনার আঘাত-অপঘাতে সমগ্র পৃথিবী জুড়ে একটা পরিবর্তনের বাতাবরণ সৃষ্টি হয়। স্বপ্ন ভাঙা অন্তহীন প্রবাহে সে আঘাতে

ভারতবর্ষের মানুষের সামাজিক জীবনের বাকেও রূপান্তর ঘটে। স্বর্ণকুমারী দেবীর সাহিত্যেও এর প্রতিফলন লক্ষ্য করা যায়। সমাজের ব্যাপক পরিবর্তনের চিত্র উপাদান হিসেবে গৃহিত হয়েছে তাঁর রচনায়। আর এটা সম্ভব হয়েছে তার ভেতরে সমাজ সম্পর্কিত চিন্তাভাবনা ও ইতিহাস ভাবনা থেকে। আর সেজন্যই শৈশবে স্বর্ণকুমারী দেবীর প্রতি তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এর আর্শিবাদবাণী বাস্তবিকভাবেই পরিণতি পায়— স্বর্ণ তোমার লেখনীতে পুষ্পবৃষ্টি হউক।<sup>২৮</sup> ঠাকুর পরিবারে বেড়ে ওঠা অন্তঃপুরবাসিনী স্বর্ণকুমারী দেবী, তাঁর সময়ে যেমন আধুনিক, একবিংশ শতকে এসেও তাঁর মনন ও মানসগঠন অনুকরণীয়।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, *বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা*, মর্ডান বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড, কলিকাতা, ১৯৮৪, পৃ. ২৮৪
- <sup>২</sup> অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, *বাংলা সাহিত্যে সম্পূর্ণ ইতিবৃত্ত*, মর্ডান বুক এজেন্সী, কলিকাতা, সপ্তম সংস্করণ ১৩৯২ (১৯৮৫), পৃ. ৪২৭
- <sup>৩</sup> সুদক্ষিণা ঘোষ, *মেয়েদের উপন্যাসে মেয়েদের কথা*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ২০০৮, অবতরণিকা
- <sup>৪</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী (সংকলক), *স্বর্ণকুমারী দেবীর রচনা-সংকলন*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ২০০০, পৃ. ৫১২
- <sup>৫</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী, *ঐ*, পৃ. ৫১২
- <sup>৬</sup> শ্রী কামিনীরায়, *জয়শ্রী*, আশ্বিন, কলিকাতা, ১৩৩৯ বঙ্গাব্দ, পৃ. ৭৩
- <sup>৭</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী, *ঐ*, পৃ. ৫১৩
- <sup>৮</sup> অভিজিৎসেন ও অনিন্দিতা ভাদুড়ী, *ঐ*, পৃ. ৫১৩
- <sup>৯</sup> www.com. স্বর্ণকুমারী দেবী ও নারী শিক্ষার সেকাল
- <sup>১০</sup> শ্রী কামিনী রায়, *জয়শ্রী*, আশ্বিন, কলিকাতা, ১৩৩৯ বঙ্গাব্দ।
- <sup>১১</sup> স্বর্ণকুমারী দেবী, *কবিতা ও গান*, কেউ চাহেনা আপন পানে, পৃ. ২৫
- <sup>১২</sup> অভিজিৎসেন ও অনিন্দিতা ভাদুড়ী, *ঐ*, পৃ. ৫১৭
- <sup>১৩</sup> চিত্রা দেব, *অন্তঃপুরের আত্মকথা*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ১৯৯৬, পৃ. ১৯০?
- <sup>১৪</sup> স্বর্ণকুমারী দেবী, *কবিতা ও গান* বঙ্গের বিধবা, *ঐ*, পৃ. ২২
- <sup>১৫</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী, *সংকলক, স্বর্ণকুমারী দেবীর রচনা-সংকলন, একটি প্রস্তাব*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ২০০০, পৃ. ২৫৯
- <sup>১৬</sup> অভিজিৎসেন ও অনিন্দিতা ভাদুড়ী, *ঐ*, পৃ. ৬
- <sup>১৭</sup> স্বর্ণকুমারী দেবী, *সাহিত্যশ্রেণী*, কলিকাতা, পৃ. ৫৭
- <sup>১৮</sup> প্রফুল্লময়ী, *আমাদের কথা*, পৃ. ৫৮
- <sup>১৯</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী, *সংকলক, স্বর্ণকুমারী দেবীর রচনা-সংকলন, একটি প্রস্তাব*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ২০০০, পৃ. ২৫৯
- <sup>২০</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী, *সংকলক, স্বর্ণকুমারী দেবীর রচনা-সংকলন*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ২০০০, পৃ. ৫১৮
- <sup>২১</sup> অভিজিৎ সেন ও অনিন্দিতা ভাদুড়ী, *সংকলক, স্বর্ণকুমারী দেবীর রচনা-সংকলন*, দে'জ পাবলিশিং, কলিকাতা, ২০০০, পৃ. ৫১৭
- <sup>২২</sup> *স্বর্ণকুমারী দেবীর উপন্যাস সংগ্রহ* (প্রথম খণ্ড), বাসন্তী মুখোপাধ্যায় (সম্পাদিত), পুস্তক বিপনি, কলিকাতা, ২০০৮, পৃ. ১১
- <sup>২৩</sup> বজেন্দ্রলাল গাঙ্গুলী, *স্বর্ণকুমারী দেবী, গাথা*, প্রভাতী সঙ্গীত, কলিকাতা, ১৩২৯ বঙ্গাব্দ, পৃ. ৫
- <sup>২৪</sup> স্বর্ণকুমারী দেবী, *কবিতা ও গান*, দেশসিন্দু, পৃ. ২১২
- <sup>২৫</sup> স্বর্ণকুমারী দেবী, *কবিতা ও গান*, সন্ধ্যার স্মৃতি, পৃ. ৬১
- <sup>২৬</sup> পঞ্চপতি শাসমল, *স্বর্ণকুমারী ও বাংলা সাহিত্য*, পৃ. ১১৬
- <sup>২৭</sup> *আনন্দবাজার পত্রিকা* ৭ ই মাঘে ১৩৩৪, ২১ শে জানুয়ারি, ১৯২৮, শনিবার।
- <sup>২৮</sup> www.স্বর্ণকুমারী দেবী

## সুদানে মাহদী বিপ্লব: একটি ঐতিহাসিক বিশ্লেষণ (Mahdi Revolution in Sudan: A Historical Analysis)

ড. মো. ফজলুল হক\*

**Abstract:** Muhammad Ahmad bin Abd Allah was an African religious leader of the Samaniyya order in Sudan who, as a youth, combined orthodox religious study with a mystical interpretation of Islam. On 29 June 1881, he was proclaimed the Mahdi by his disciples, the messianic redeemer of the Islamic faith. The Mahdist Revolution was an Islamic revolt against the Egyptian government in Sudan. An apocalyptic branch of Islam, Mahdism incorporated the idea of a golden age in which the Mahdi, translated as “the guided one,” would restore the glory of Islam on earth. The Mahdist War (1881–99) was a war of the late 19th century between the Mahdist Sudanese under the religious leader Muhammad Ahmad bin Abd Allah, who had proclaimed himself the “Mahdi” of Islam (the “Guided One”), and the forces of the Khedivate of Egypt, initially, and later the forces of Britain. Eighteen years of war resulted in the nominally joint-rule state of the Anglo-Egyptian Sudan (1899–1956), a condominium of the British Empire and the Kingdom of Egypt in which Britain had control over Sudan. The Sudanese launched several unsuccessful invasions of their neighbours, expanding the scale of the conflict to include not only Britain and Egypt but the Italian Empire, the Congo Free State and the Ethiopian Empire.

### ভূমিকা

মুহাম্মদ আহমদ বিন আবদ আল্লাহ<sup>১</sup> (Muhammad Ahmad bin Abd Allah) যুবক বয়সেই সুদানের সামানিয়া আদেশের মাধ্যমে ইসলামের মরমী ব্যাখ্যাসহ গোঁড়া ধর্মীয় মতবাদ অধ্যয়নের ব্যাখ্যা প্রদান করেন। ২৯ জুন ১৮৮১ খ্রিস্টাব্দের তিনি তাঁর শিষ্যগণ কর্তৃক ইসলামী বিশ্বাসের মুক্তিদাতা মাহদী হিসেবে নিজেকে ঘোষণা করেন। তুরস্ক-মিসরীয় শাসকদের নিপীড়নমূলক নীতির প্রতি সুদানী জনগণের মধ্যে বিস্তারিত বিরক্তি প্রকাশের সময় তাঁর এই ঘোষণাটি প্রকাশিত হয়েছিল এবং তৎকালীন বিভিন্ন সুদানী ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে জনপ্রিয় মশীহ বিশ্বাসকে সমর্থন করেছিল। তিনি ওসমানীয়-মিসরীয় সামরিক শাসনের বিরুদ্ধে একটি সফল যুদ্ধের নেতৃত্ব দিয়েছিলেন এবং ব্রিটিশদের বিরুদ্ধে অসাধারণ বিজয় অর্জন করেছিলেন। অতপর তিনি লোহিত সাগর থেকে মধ্য আফ্রিকা পর্যন্ত বিস্তৃত একটি ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলনে সুদানে এক শতাব্দী ব্যাপী প্রভাবশালী নেতা হিসেবে প্রতিষ্ঠিত ছিলেন।

১৮৮১ খ্রিস্টাব্দের জুন থেকে ১৮৯৮ খ্রিস্টাব্দ পর্যন্ত মাহদী তাঁর ধর্মতাত্ত্বিক ও রাজনৈতিক মতবাদগুলো মাহদীর সমর্থক আনসারদের মাধ্যমে ক্রমবর্ধমান প্রচার শুরু করে।<sup>২</sup> ১৮৮৫ খ্রিস্টাব্দের ২২ জুন মুহাম্মদ আহমদের অপ্রত্যাশিত মৃত্যুর পরে তাঁর উপপ্রধান আবদুল্লাহি ইবনে মুহাম্মদ নবপ্রতিষ্ঠিত মাহদীস্ট রাজ্যের শাসনভার গ্রহণ করেন। আহমদের মৃত্যুর পরে আবদুল্লাহি খলিফা হিসাবে শাসন শুরু করেন। ঊনবিংশ শতাব্দীতে মাহদী কয়েকটি আফ্রিকান রাষ্ট্র থেকে বিদেশী উপনিবেশিক শক্তিকে বিতাড়িত করার জন্য পরিকল্পনা গ্রহণ করেন। এমতাবস্থায় ১৮৯৯ খ্রিস্টাব্দে খলিফার সৈরাচারী শাসন অবসান কল্পে সুদানে অ্যাংলো-মিসরীয় যৌথ সামরিক বাহিনী মাহদী রাষ্ট্রকে ধ্বংস করে দেয়। এতদসত্ত্বেও মাহদী সুদানের সম্মানিত ব্যক্তি হিসাবে রয়ে যায় এবং আহমদের প্রত্যক্ষ বংশধর সাদিক আল-মাহদী দু'বার সুদানের প্রধানমন্ত্রী হিসেবে (১৯৬৬-১৯৬৭ এবং ১৯৮৬-১৯৮৯) গণতান্ত্রিকীকরণের নীতি অনুসরণ করে দায়িত্ব পালন করেন।<sup>৩</sup>

\* প্রফেসর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।



১৮১৯ খ্রিস্টাব্দে মুহাম্মদ আলীর আক্রমণের পরে সুদান মিসরীয় প্রশাসন দ্বারা পরিচালিত হয়। সুদানে তুর্কি-মিসরীয় উপনিবেশিক শাসনের কারণে সুদানীদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়। তুরস্ক-মিসরীয় শাসনামলের পুরো সময়কালে, কেন্দ্রীয় সরকার কর্তৃক আরোপিত কর ব্যবস্থার কারণে অধিকাংশ সুদানের জনগণ সমস্যায় পড়ে। এই ব্যবস্থার অধীনে কৃষক এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের উপর অভিন্ন ট্যাক্স আরোপ করা হয় এবং উত্তর সুদানের শৌকিয়া উপজাতিদের দ্বারা নির্ধারিত কর আদায় করা হয়। বিশেষত খরা ও দুর্ভিক্ষের সময় কৃষকরা উচ্চহারে শুল্ক দিতে ব্যর্থ হয়। শইকিয়াদের নৃশংস ও অন্যায্য পদ্ধতির ভয়ে অনেক কৃষক উর্বর নীল উপত্যকায় তাদের গ্রাম থেকে পালিয়ে কর্ডোফান ও দারফুর প্রত্যন্ত অঞ্চলে চলে যায়।

১৯ শতকের মাঝামাঝি মিসরে ওসমানীয় ইম্পেরিয়াল প্রশাসন ছিল খেদিভ ইসমাইলের হাতে। খেদিভ ইসমাইলের রাষ্ট্রীয় ব্যয় মিসরকে প্রচুর সমস্যায় ফেলে, বিশেষ করে সুয়েজ খালের অর্থায়ন যখন বন্ধ হতে থাকে তখন যুক্তরাজ্য সুয়েজ খালের শেয়ার ক্রয়ের বিনিময়ে ঋণ পরিশোধ করে। ভারতবর্ষকে সর্বাধিক প্রত্যক্ষ রুট হিসাবে ব্যবহারের জন্য এবং বাণিজ্যিক ও সাম্রাজ্যিক স্বার্থগুলো বজায় রাখার জন্য ব্রিটিশ সরকার সুয়েজ খালের উপর নিয়ন্ত্রণ রাখার জন্য কৌশলগত সকল প্রকার প্রয়োজনীয়তা বহাল রাখে। খেদিভ ইসমাইলের ব্যয়, দুর্নীতির এবং অস্থিতিশীলতার কারণে মিসরের আর্থিক বিষয় পরিচালনার জন্য ১৮৭৩ খ্রিস্টাব্দে ব্রিটিশ সরকার একটি অ্যাংলো-ফরাসী ঋণ কমিশন গঠন করে। এই কমিশন অবশেষে ১৮৭৭ খ্রিস্টাব্দে খেদিভ ইসমাইলকে তার পুত্র তৌফিকের পক্ষে ক্ষমতা ত্যাগ করতে বাধ্য করে, যার ফলে রাজনৈতিক অশান্তির অবসান ঘটে।

#### প্রথম জীবন

মুহাম্মদ আহমদ ১৮৪৪ খ্রিস্টাব্দের ১২ আগস্ট উত্তর সুদানের ডংগোলার (Dongola) লাবাব দ্বীপে নৌকা নির্মাতাদের এক নিম্ন নুবিয়ান<sup>৪</sup> পরিবারে জন্মগ্রহণ করেন। তারা নবী মুহাম্মদের (সা.) নাতি হাসানের বংশের মধ্য দিয়ে তাদের বংশোদ্ভূত ইসলামিক আদর্শে দীক্ষিত হন বলে মনে করেন।<sup>৫</sup> মুহাম্মদ আহমদ যখন শিশু ছিলেন তখন তাঁর পরিবারটি ওমদুরমানের উত্তরে করারি শহরে চলে আসে। এখানে মুহাম্মদ আহমদের পিতা আবদুল্লাহ তার নৌকা তৈরির ব্যবসায়ের জন্য কাঠের পর্যাপ্ত সরবরাহ পেয়ে ব্যবসায় সফলতা অর্জন করেন। তাঁর ভাইবোনরা পিতার ব্যবসা-বাণিজ্যে যোগ দিলেও মুহাম্মদ আহমদ ধর্মীয় শিক্ষা অধ্যয়নের জন্য নিয়োজিত হন। তিনি প্রথমে খার্তুমের আশেপাশের গিজিরা অঞ্চলে শেখ আল-আমিন আল-সুওয়ালিহের অধীনে এবং পরে উত্তর সুদানের বারবার শহরের নিকটে শেখ মুহাম্মদ আল-ডায়ার আবদাল্লাহ খুজালির অধীনে পড়াশোনা করেন।<sup>৬</sup> ১৯৬১ খ্রিস্টাব্দে সুদানের সামানিয়া সুফি সম্প্রদায়ের প্রতিষ্ঠাতার নাতি শেখ মুহাম্মদ শরীফ নূর আল-দাইম নিকট তপস্বী, রহস্যবাদী ও উপাসনার জীবন যাপনের জন্য গমন করেন। মুহাম্মদ আহমদ শেখ মুহাম্মদ শরীফের সাথে তিনি সাত বছর অবস্থান করেন। এই সময়ে তিনি তাঁর তাকওয়া ও তপস্যার জন্য স্বীকৃত হন এবং শেখ উপাধিতে ভূষিত হয়ে ধর্মীয় মিশনে সারা দেশে ভ্রমণ শুরু করেন। তাকে নতুন অনুসারীদেরকে তরিকা দেওয়ার অনুমতি দেওয়া হয়। তরিকা হলো সুফিবাদের একটি স্তর বা আদেশ যা বিশেষত হাকীকাকে সন্ধানের লক্ষ্যে রহস্যবাদী শিক্ষা এবং আধ্যাত্মিক অনুশীলনের জন্য একটি ধারণা যা চূড়ান্ত সত্য হিসেবে অনুমোদন করা হয়।



মুহাম্মদ আহমদ বিন আবদ আল্লাহ

জন্ম ১২ আগস্ট ১৮৪৪ খ্রিস্টাব্দ, মৃত্যু ২২ জুন ১৮৮৫ খ্রিস্টাব্দ

১৮৭০ খ্রিস্টাব্দে তার পরিবার কাঠের সন্ধানে খার্তুমের দক্ষিণে হোয়াইট নীল নদীর আবা দ্বীপে গমন করেন। আবা দ্বীপে মুহাম্মদ আহমদ একটি মসজিদ নির্মাণ করেন এবং কুরআন শিক্ষা দিতে শুরু করেন। তিনি শীঘ্রই একজন বর্ষিয়ান বক্তা এবং মরমী হিসাবে স্থানীয় জনগণের মধ্যে উল্লেখযোগ্য খ্যাতি অর্জন করেন। তাঁর শিক্ষার বিস্তৃত প্রভাব অন্যান্য সংস্কারকদের অনুপ্রাণিত করে। হযরত মুহাম্মদ (সা:) এর নির্দেশিত ইসলামের অনুগত এবং কুরআনে বর্ণিত কঠোর নিষ্ঠা, প্রার্থনা এবং সরলতার গুণাবলীর দিকে তিনি গুরুত্বারোপ করেন।

১৮৭২ খ্রিস্টাব্দে মুহাম্মদ আহমদ শেখ শরীফকে হোয়াইট নীল পার্শ্ববর্তী আবা দ্বীপের একটি অঞ্চল আল-আরাদায়েবে আসার জন্য আমন্ত্রণ জানান। দুঃখজনক হলেও প্রাথমিকভাবে ১৮৭৮ খ্রিস্টাব্দে তার ছাত্রের ক্রমবর্ধমান জনপ্রিয়তা নিয়ে শেখ শরীফের ক্ষোভের সৃষ্টি হয়। ফলশ্রুতিতে শেখ শরীফ সামানিয়া আদেশ থেকে তাঁর প্রাক্তন ছাত্রকে বহিষ্কার করেন এবং মুহাম্মদ আহমদ বহু চেষ্টা করার পরেও তাঁর সাথে পুনর্মিলন ও পরামর্শ প্রদানে অস্বীকার করেন।<sup>১</sup>

শেখ শরীফের সাথে বিভাজন অপূরণীয় বলে মনে করেন, মুহাম্মদ আহমদ শেখ আল-কুরাসী ওয়াড আল-জায়ন নামে সামানিয়া আদর্শের আরেকজন সম্মানিত নেতার কাছে যান। মুহাম্মদ আহমদ আবা দ্বীপে তাঁর ধর্মপরায়ণতা ও ধর্মীয় নিষ্ঠার জীবন পুনরায় শুরু করেন। এই সময়কালে তিনি খার্তুমের পশ্চিমে কর্ডোফান প্রদেশে ভ্রমণ করে রাজধানী এল-ওবাইদ'র (El-Obeid) উল্লেখযোগ্য ব্যক্তিদের সাথে দেখা করেন। ১৮৭৮ খ্রিস্টাব্দের ২৫ জুলাই শেখ আল-কুরেশি মারা যান এবং তাঁর অনুসারীরা মুহাম্মদ আহমদকে তাদের নতুন নেতা হিসাবে স্বীকৃতি দেয়। এই সময়ে মুহাম্মদ আহমদ আবদুল্লাহি বিন মুহাম্মদ আল-তায়েশির সাথে প্রথম সাক্ষাত করেন, যিনি পরবর্তীতে তাঁর প্রধান উপ-পরিচালক ও উত্তরসূরি হিসেবে দায়িত্ব পালন করেন।

#### মাহদীর ঘোষণা

১৮৮১ খ্রিস্টাব্দের ২৯ জুন মুহাম্মদ আহমদ প্রকাশ্যে তাঁর মাহদিয়া মতবাদ ঘোষণা করে বলেন তিনি দ্বিতীয় বার নবী ঈশা (আ:) এর আগমনের পথ প্রস্তুত করছেন।<sup>২</sup> আবা দ্বীপের আশেপাশের অঞ্চলে উপজাতিদের মধ্যে একটি বৃহৎ অনুসারীসহ তাঁর দাবিটি বিশিষ্ট সুফি শেখ হিসাবে তাঁর মর্যাদার ভিত্তি ছিল।<sup>৩</sup> তবুও মাহদীয়ার ধারণাটি মুহাম্মদ আহমদের প্রকাশের আগে সামানিয়া বিশ্বাসের কেন্দ্রবিন্দু ছিল। পূর্ববর্তী সামানিয়া নেতা শেখ আল-কুরেশি ওয়াড আল-জায়ন দৃঢ়ভাবে জানিয়ে ছিলেন যে দীর্ঘ প্রতীক্ষিত মুক্তিদাতা সামানিয়া থেকেই আসবেন। শেখ আল-কুরেশির মতে, তিনি নিজেকে মাহদী পরিচয়ের জন্য অনেকগুলো চিহ্নের মাধ্যমে পরিচয় করিয়ে দেবে, কিছু কিছু ইসলামের প্রাথমিক যুগে প্রতিষ্ঠিত হয়েছিল এবং হাদীসেও লিপিবদ্ধ ছিল। স্থানীয়ভাবে অন্যদের মধ্যে স্থানীয় উৎস হিসেবে মাহদির ভবিষ্যদ্বাণী ছিল তিনি শায়খের পোনি চালাতেন এবং তাঁর মৃত্যুর পরে তাঁর কবরের উপরে একটি গম্বুজ খাড়া হবে।<sup>৪</sup>

তাঁর অনুসারীদের এবং তার বিরোধীদের উভয়ের নিকট ঘনিষ্ঠভাবে পরিচিত সুফি রীতিনীতির দিক থেকে মুহাম্মদ আহমদ দাবি করেছিলেন যে তাকে একটি ভবিষ্যদ্বাণীমূলক সমাবেশ বা হাদরা কর্তৃক মাহদী হিসেবে নিযুক্ত করা হয়েছে। তখন থেকে তিনি নিজেকে স্বঘোষিত মাহদী<sup>১১</sup> হিসেবে ঘোষণা করেন। সুফী রীতিতে একটি হাদরা হ'ল আদমের সময় থেকে মুহাম্মাদ (সা:) পর্যন্ত সকল নবীর সমাগম এবং সেই সাথে অনেক সুফী পবিত্র পুরুষ যাঁরা জীবদ্দশায় ফরারহবশী স্তম্ভর সাথে সাক্ষাতের সর্বোচ্চ স্তরে পৌঁছেছেন বলে বিশ্বাস করা হয়। হাদরার সভাপতিত্বে হযরত মুহাম্মদ (সা:) রয়েছেন এবং তাঁর পাশে সাতজন কুতুব রয়েছেন, যার মধ্যে Ghawthaz-Zaman সবচেয়ে বয়োজ্যেষ্ঠ। মাহদী সম্পর্কে একাধিক বিশ্বাসের মধ্যে অন্যতম ছিল তিনি নবীজির হৃদয়ের কেন্দ্রস্থলে পবিত্র আলো থেকে সৃষ্টি হয়েছিল এবং সমস্ত জীবন্ত প্রাণী তাঁর জন্মের পর থেকেই মাহদীর দাবী স্বীকার করেছে।

মুহাম্মদ আহমদ মাহদিয়াকে ইসলামের প্রথম দিনগুলোতে ফিরে আসার কথা বলে মুসলিম সম্প্রদায় বা উম্মাহ হযরত মুহাম্মদ (সা:) এবং তাঁর তৎকালীন উত্তরসূরীদের পরিচালনায় একত্রিত হয়। তাঁর অনুসারীদের অন্যান্য সুফী সম্প্রদায়ের অনুসারী থেকে আলাদা করার জন্য দরবেশ উপাধি পরিবর্তে আনসার শব্দ ব্যবহারের অনুমতি দেন। কারণ নবী মুহাম্মদ (সা:) মক্কা থেকে যারা মদীনাতে আগমন করতেন তাদের এই নামে স্বাগত জানিয়েছেন।

#### উলামাদের প্রতিক্রিয়া

সামানিয়া ও অন্যান্য সম্প্রদায়ের আলেমদের মধ্যে এবং পশ্চিম সুদানের উপজাতির মধ্যে তাঁর জনপ্রিয়তা সত্ত্বেও মুহাম্মদ আহমদের নিজেকে মাহদী বলে দাবি প্রত্যাখ্যাত করেন। তাঁর সর্বাধিক সমালোচকদের মধ্যে ওসমানীয় সুলতানের অনুগত সুদানিজ ওলামা এবং তুর্কী-মিসরীয় সরকার দ্বারা নিযুক্ত খার্তুমের আপিল কাউন্সিলর মুফতী শকির আল-গাজী এবং কর্ডোফানের কাদি আহমদ আল-আজহারী অন্যতম। এই সমালোচকরা মাহদীর ধারণাটিকে অস্বীকার না করে বরং মুহাম্মদ আহমদের দাবিকে অস্বীকার করার জন্য *ইসলাহ ও তাজদীদ*<sup>১২</sup> সম্পর্কে সতর্ক ছিলেন। তারা উল্লেখ করেন যে মুহাম্মদ আহমদের প্রকাশিত ভবিষ্যদ্বাণীগুলো বর্ণিত হাদিসের সাথে সামঞ্জস্য হয় নি। বিশেষত তারা তুর্কী-মিসরীয় সরকার এবং ব্রিটিশ শাসকদের রাজনৈতিক স্বার্থের পক্ষে যুক্তি উত্থাপন করে বলেন দেশ যখন অত্যাচার, অনাচার ও শত্রুতায় ভরা থাকে, তখন তাদের সমর্থন মেনে নেয়া যায় না।<sup>১৩</sup>

#### মাহদী বিদ্রোহ

ঐতিহাসিক বিশ্লেষণে বলা হয় বিদেশী ওসমানীয় তুর্কী শাসকদের প্রতি সুদানীয়দের জাতিগত ক্রোধ, তুর্কীদের শিথিল ধর্মীয় মানদণ্ডে মুসলিম পুনর্জাগরণবাদী ক্রোধ এবং খ্রিস্টান চার্লস গার্ডনের মতো অমুসলিমদের উচ্চ পদে নিয়োগ দেওয়া, এবং মিসরীয়দের অধিক হারে শুল্ক প্রদান এবং তুরস্ক-মিসরীয় দাস ব্যবসায়কে বিলোপ করার বিরুদ্ধে সুদানী সুফি সম্প্রদায় প্রতিরোধ গড়ে তোলে।<sup>১৪</sup> ১৮৭০-এর দশকে মুহাম্মদ আহমদ নামে একজন মুসলিম আলেম সুদানের মুজির জন্য অনুসারীদের আকর্ষণ করতে শুরু করেন। অল্প সময়ের মধ্যেই মিসরীয়দের বিরুদ্ধে প্রকাশ্য বিদ্রোহে মুহাম্মদ আহমদ নিজেকে ইসলামী বিশ্বের প্রতিশ্রুত মুক্তিদাতা মাহদী ঘোষণা করেন। ১৮৮১ খ্রিস্টাব্দের আগস্ট সুদানের তৎকালীন গভর্নর রউফ পাশা তাকে গ্রেপ্তারের জন্য মেশিনগান সজ্জিত দুটি পদাতিক বাহিনী প্রেরণ করেন। মাহদীকে গ্রেফতার করতে পারলে দুটি সংস্থার ক্যাপ্টেনদের প্রত্যেককে পদোন্নতির প্রতিশ্রুতি দেওয়া হয়। উভয় বাহিনী যুদ্ধ জাহাজ থেকে নীলনদের আবা দ্বীপে অবতরণ করে মাহদীর গ্রামে পৌঁছে উভয় বাহিনী একে অপরের দিকে অন্ধভাবে গুলি চালাতে শুরু করে। এ সুযোগে মাহদীর ক্ষুদ্র অনুসারীদের আক্রমণে উভয় বাহিনী ধ্বংস হয়, ফলে মাহদী আবা দ্বীপের যুদ্ধে জয় লাভ করে। এই আন্দোলন একটি বিজয়ী অগ্রগতি হিসাবে চিহ্নিত, আরব উপজাতিদের অনেককেই জিহাদের সমর্থনে উৎসাহিত হয়ে তুর্কী অত্যাচারীদের বিরুদ্ধে মাহদীর পক্ষে যোগদান করে।<sup>১৫</sup> কৌশলগত কারণে মাহদী খার্তুমের নিকটবর্তী কর্ডোফানে পশ্চাদপসরণ করেন।

১৮৮১ খ্রিস্টাব্দের ৯ ডিসেম্বর রাতে আরেকটি মিসরীয় অভিযান ফাশোদায় অতর্কিত আক্রমণ চালিয়ে বহুলোককে হত্যা করে।<sup>১৬</sup>

মিসরীয় কর্তৃপক্ষ সুদানী জনগণকে স্বাধীনতা অর্জনের জন্য এবং তাদের অত্যাচারীদের উৎখাত করতে প্ররোচিত করায় মাহদীকে খেপ্তারের চেপ্তা করা হয়। আবা দ্বীপে সরকারের কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠার জন্য একটি সামরিক অভিযান প্রেরণ করা হলে মাহদীর অনুসারীরা সরকারের বাহিনী আক্রমণ করে পরাজিত করে। মাহদী এবং তাঁর অনুসারীদের একটি দল আনসার কুরদুফানের উদ্দেশ্যে লং মার্চ করে। সেখানে তিনি বাক্বারা থেকে আগত বিপুল সংখ্যক সমর্থক পেয়েছিলেন। এদের মধ্যে রিজাইগাতের শেখ মাডিবেবা ইবনে আলী এবং তায়শা গোত্রের আবদাল্লাহি ইবনে মুহাম্মদ ছিলেন অন্যতম নেতৃত্বদানকারী। তারা ১৮৩৮ খ্রিস্টাব্দে মাহদীর সাথে সম্পৃক্ত পূর্ব সুদানের আনসার ক্যাপ্টেন ওসমান দিগনাসহ হাডেনদোয়াবেজা'য় (HadendoaBeja) যোগদান করে। ওসমান দিগনা স্ব-ঘোষিত মাহদীর এক জন বিশ্বস্ত অনুসারি ছিল। মাহদীবাদী যুদ্ধের সময় তিনি সামরিক সেনাপতির দায়িত্ব পালন করে। ওসমান দিগনা আব্বাসীয় বংশধর। মাহদীর দক্ষ জেনারেল হিসেবে তিনি জেনারেল চার্লস জর্জ গর্ডন এবং মিসরের যৌথ বাহিনীকে পরাজিত করে সফল যোদ্ধা হিসেবে সম্মানিত হন। উইনস্টন চার্চিল তাকে একজন চিত্তাকর্ষক এবং বিচক্ষণ হিসেবে বর্ণনা করে অমর ওসমান দিগনা বলে অভিহিত করেন।

মাহদিষ্ট বিপ্লবটিকে সুদানের উত্তর ও পশ্চিম অঞ্চলগুলো সমর্থন করেছিল এবং বাহর আলমজালের উপজাতি ছাড়াও দক্ষিণ সুদানের নুয়ের, শিলুক এবং আনুক উপজাতির কাছ থেকেও দুর্দান্ত সমর্থন পায়। এতে নিশ্চিত হয়েছিল যে মাহদিব বিপ্লব ছিল একটি জাতীয় বিপ্লব, আঞ্চলিক নয়। বিভিন্ন গোত্রকে একত্রিত করার পাশাপাশি, বিপ্লবটি ধর্মীয় উৎস সত্ত্বেও, ধর্মীয় বিভাজনগুলোও কাটিয়ে উঠে। অমুসলিম এবং মুসলমানরাও মাহদীকে সমর্থন করে। দাস ব্যবসায়ের ক্ষেত্রে এটির গুরুত্বপূর্ণ প্রভাব ছিল, কারণ ধারাবাহিক ইসলামী আদেশের বিরুদ্ধে চলে যাওয়া মাহদী তাকে মুক্ত সমর্থনকারী মুসলমানদের দাসত্বের অনুমতি দিয়েছিল এবং তাঁকে সমর্থন না করে এমন ঐতিহ্যগতভাবে শিকার করা অমুসলিমদের দাসত্ব নিষিদ্ধ করা হয়।<sup>১৭</sup>

১৮৮৩ খ্রিস্টাব্দের শেষ দিকে আনসারা কেবল বর্শা এবং তলোয়ার দিয়ে এল-ওবিদ এর কাছাকাছি সজ্জিত ৪,০০০ মিসরীয় বাহিনীকে পরাভূত করে তাদের রাইফেল ও গোলাবারুদ জব্দ করে। মাহদী এল-ওবেদ অঞ্চল চার মাস অবরুদ্ধ করে বিজয় অর্জন করে। এ শহরটি এক দশকের বেশিরভাগ সময় আনসার সদর দফতর ছিল। মাহদীর নেতৃত্বাধীন ৪০,০০০ শক্তিশালী আনসার বাহিনী এল ওবেদের যুদ্ধে ব্রিটিশ অফিসার উইলিয়াম হিকসের নেতৃত্বে ৮,০০০ মিসরীয় বাহিনীকে পরাজিত করে। হিব্র, দারফুর এবং জাবাল কাতির হস্তগত হওয়ার ফলে সুদানের পশ্চিমাঞ্চলের অর্ধেক অংশ আনসারদের অধিকারে আসে। তাদের সাফল্য হ্যাডেন্দোয়াকে প্রশংসিত করেছিল, এদিকে ওসমান দিগনা লোহিত সাগরের নিকটবর্তী কর্নেল ভ্যালেন্টাইন বাকেরের অধীনে মিসরীয়দের একটি ছোট বাহিনীকে নিশ্চিহ্ন করে দেয়। মেজর-জেনারেল জেরাল্ড গ্রাহামকে ৪,০০০ ব্রিটিশ সৈন্যের একটি বাহিনীসহ প্রেরণ করা হয় কিন্তু ২৯ ফেব্রুয়ারি এল তেব-তে ওসমান দিগনাকে পরাজিত করে। কিন্তু প্রচণ্ড গরমের কারণে মাত্র দু'সপ্তাহ পরেই গ্রাহাম শেষ পর্যন্ত তার বাহিনী প্রত্যাহার করে নেয়।

#### খার্তুম অবরোধ

আন্দোলন সংগ্রাম এবং অনেক বিতর্কের পর ১৮৮৩ খ্রিস্টাব্দে ডিসেম্বরে ব্রিটিশ সুদান ত্যাগ করার সিদ্ধান্ত নেয়। কেবলমাত্র লোহিত সাগরের বন্দর এবং উত্তরাংশের শহর খার্তুম, কাসাল্লা, সন্নার ও সাওয়াকিন তাদের অধীনে থাকে। মিসরীয় সেনা, কর্মকর্তা এবং অন্যান্য বিদেশীদের সুদান থেকে সরিয়ে নেওয়ার বিষয়টি জেনারেল গর্ডনকে দায়িত্ব দেয়া হয়। জেনারেল গর্ডনকে পুনরায় খার্তুমে গভর্নর নিযুক্ত করা হয়। মেজর জেনারেল চার্লস জর্জ গর্ডন সিবি, যিনি চাইনিজ গর্ডন, গর্ডন পাশা, এবং খার্তুমের গর্ডন নামে

পরিচিত। তিনি ছিলেন একজন ব্রিটিশ আর্মি অফিসার এবং প্রশাসক। তিনি ক্রিমিয়ার যুদ্ধে একজন দক্ষ ব্রিটিশ সেনা অফিসার হিসেবে কৃতিত্ব অর্জন করেন। চীনে তিনি যৌথ ইউরোপীয় 'এভার ভিক্টোরিয়াস আর্মি' বাহিনীর কমান্ডে থেকে বিজয় অর্জন করে চাইনিজ গার্ডন নামে অভিহিত হন। ১৮৮৪ খ্রিস্টাব্দে ফেব্রুয়ারিতে গার্ডন খার্তুমে পৌঁছেন। প্রথমদিকে তাকে উচ্ছ্বাসের সাথে স্বাগত জানানো হয়েছিল কারণ এ সময় আশেপাশের অঞ্চলের বেশ কয়েকটি উপজাতি মাহদিবাদীদের সাথে মতবিরোধ চলছিলো। উত্তরাঞ্চলের পরিবহন এবং টেলিগ্রাফের লাইন অক্ষত ছিল। বেজার উত্থানের পরপরই এ অঞ্চলে যথেষ্ট পরিবর্তন ঘটে এবং রানারদের যোগাযোগ কমিয়ে দেয়া হয়।

গার্ডন উত্তর দিকে যোগাযোগের রাস্তা এবং গ্যারিসনগুলো অত্যন্ত বিপজ্জনক বলে মনে করে কায়রো থেকে আরও সৈন্য প্রেরণের জন্য চাপ দেয়। তিনি প্রস্তাব করেন তাঁর পুরানো শত্রু আল-জুবায়ের রহমা মনসুর একজন শক্তিশালী সামরিক কমান্ডার, তাছাড়া আনসারদের প্রতিরোধ করার জন্য সুদানকে সশস্ত্র নিয়ন্ত্রণ করা উচিত। লন্ডন উভয় প্রস্তাব প্রত্যাখ্যান করাই গার্ডন লড়াইয়ের জন্য প্রস্তুতি গ্রহণ করে।

খার্তুমের অবস্থান খুব সদৃশ ছিল, কারণ শহরটি উত্তর ও পূর্বদিকে নীল নদ, পশ্চিমে শ্বেত নীল নদ এবং দক্ষিণে প্রাচীন দুর্গ ও বিস্তৃত মরুভূমির দ্বারা অবরুদ্ধ ছিল। ১৮৮৪ খ্রিস্টাব্দের মার্চে গার্ডন উত্তর দিক থেকে আক্রমণ চালানোর চেষ্টা করে তবে মিসরীয় বাহিনীর বেশ কয়েকজন কর্মকর্তা শত্রুর হাতে বন্দি হয় এবং তাদের বাহিনী আত্মরক্ষামূলক গুলি চালিয়ে যুদ্ধের ময়দান থেকে পালিয়ে যায়। গার্ডন কেবলমাত্র প্রতিরক্ষামূলক অভিযান পরিচালনা করে খার্তুমে ফিরে আসেন। ১৮৮৪ খ্রিস্টাব্দের এপ্রিলের মধ্যে গার্ডন ২৫০০ বিদেশীকে রক্ষা করতে সক্ষম হয়। কর্নেল স্টুয়ার্টের নেতৃত্বে তার মোবাইল বাহিনী পুনরায় শহরে ফিরে আসে ততোক্ষণে দুইশতাদিক মিসরীয় বাহিনী পালিয়ে যায়।

গার্ডনের শহরটি আনুমানিক ছয় মাস অবরোধ করে রাখার জন্য প্রয়োজনীয় খাবার, গোলাবারুদ ও সৈন্যবাহিনী মজুদ রাখে। ১৮৮৪ খ্রিস্টাব্দের মার্চে আনসারা খার্তুমে পৌঁছিলে গার্ডন পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়ে। তবুও গার্ডনের প্রতিরক্ষামূলক ব্যবস্থার ফলে আনসারদের পক্ষে এই শহরে প্রবেশ করা বেশ কঠিন হয়ে পড়ে। স্টিওয়ার্ট কিছু গানবোট ব্যবহার করে নীল নদের উপরে প্রাধান্য বজায় রাখতে সক্ষম হয়। আগস্টে অল্প সময়ের জন্য বারবার তাদের দখলে আসে। তবে বারবার থেকে ডঙ্গোলা যাওয়ার পথে পৃথক একটি খণ্ড যুদ্ধে স্টিওয়ার্টকে হত্যা করা হয়। মাহদীর প্রেরিত একটি চিঠিতে গার্ডন নিজে এ সংবাদ জানতে পারেন।

এ ঘটনা জানার পর ব্রিটিশ প্রধানমন্ত্রী গ্লাডস্টোন গার্ডনকে প্রত্যাহার করার জন্য লর্ড গারনেট জোসেফ ওলসলিকে নির্দেশ দেন। সেনা অভ্যুত্থানের আশংকায় ইতোমধ্যে একটি বিশাল পদাতিক বাহিনী মিসরে মোতায়েন করা হয়েছিল। তারা পৌঁছাতে কিছুটা সময় নেবে বুঝতে পেরে গার্ডন ব্রিগেডিয়ার-জেনারেল স্যার হারবার্ট স্টুয়ার্টের কমান্ডে ওয়াডি হালফা থেকে বায়ুদা মরুভূমিতে উট বাহিত ধাবমান সৈন্যদের আক্রমণ করে। প্রথমে হাডেনদোয়াবেজা নিকটবর্তী আবু ক্লিয়ার যুদ্ধে এবং দুদিন পরে নিকটবর্তী মেটেম্মার যুদ্ধে দু'বার ব্রিটিশদের দ্বারা মাহদিষ্টরা অপূরণীয় ক্ষতির সম্মুখীন হয়।

খার্তুমের ১০০ মাইল (১৬০ কিলোমিটার) উত্তরে মেটেমায়া ওলসিলির অগ্রগামী প্রহরীরা গার্ডনের নেতৃত্বাধীন চারটি স্টিমারের সাথে দেখা করে নিরাপদে সৈন্যদের দ্রুত নামিয়ে আনে। তারা ওলসলেকে গার্ডনের কাছ থেকে এ বাহিনী প্রেরণের দাবী করে। কিছুক্ষণের মধ্যে একজন রানারের মাধ্যমে বার্তা আসে এক বছরের জন্য শহরটি স্বাভাবিক অবস্থায় থাকবে। ফলে নৌসেনা আগমণ ও অবস্থান বন্ধ রাখা হয়।

#### খার্তুমের পতন

১৮৮৫ খ্রিস্টাব্দের ২৮ জানুয়ারী খার্তুমে যুদ্ধ শুরু দু'দিনের মধ্যেই মাহদীর যোদ্ধারা আয়ত্তে নিয়ে নেয়। এ সময় নীল নদ বন্যা কবলিত হয়, গার্ডনের একজন অফিসার ফারাজ পাশা নদীর গেট খুলে আনসারদেরকে প্রবেশ করতে সুযোগ করে দেয়। গ্যারিসনকে (সৈন্য সরবরাহ কারী) হত্যা করা হয়, পুরুষরা গণহত্যার

স্বীকার হয়, মহিলা এবং শিশুদের দাসত্ব বরণ করতে হয়। রাজবাড়ীর সিঁড়িতে অবস্থানকারী গর্ডনকে মাহদীর যোদ্ধারা হত্যা করে তার দেহ টুকরো টুকরো করে কেটে ফেলে। গর্ডনের মাথা মাহদীর পায়ের কাছে রাখা হয়, কিন্তু তিনি গর্ডনের মাথাটি একটি গাছের ডালের মধ্যে ঝুলানোর নির্দেশ দেন, যাতে সকলেই অসম্মানিত করতে পারে, শিশুরা তাতে পাথর নিক্ষেপ করতে পারে এবং মরুভূমির বাজপাখিগুলো উপরের দিক হতে বৃত্তাকারে ঝাঁকুনি ও ঠোকর দিতে পারে। যুদ্ধ জাহাজে করে ওলসিলির বাহিনী শহরে প্রবেশের জন্য জোর করে চেষ্টা করলে আনসার বাহিনীর আঙনের শিলের মুখোমুখি হয়ে এখান থেকে প্রস্থান করতে বাধ্য হয়।<sup>১৮</sup> মাহদী সেনাবাহিনী তার জয়ের ধারাবাহিকতা অব্যাহত রাখে। ১৮৮৫ খ্রিস্টাব্দের শেষদিকে কাসালা এবং সন্ন্যাসী দ্রুতই তাদের হস্তগত হয় এবং সুদানের দক্ষিণাঞ্চল আনসার বাহিনীর অধিকারে আসে। সমস্ত সুদানে মাহদী সেনাবাহিনীর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়, কেবল মাত্র ভারতীয় সৈন্যদের দ্বারা সুকিন এবং উত্তর সীমান্তের ওয়াদি হালফা অ্যাংলো-মিসরীয়দের হাতে রয়ে যায়।

#### মাহদীর মৃত্যু এবং উত্তরাধিকার

খার্তুম দখলের ছয় মাস পর মুহাম্মদ আহমদ বিন আবদ আল মাহদী Typhus (সাজ্বাতিক জ্বর) আক্রান্ত হয়ে মারা যান। এটি টাইফাস জ্বর নামেও পরিচিত। এটি সংক্রামক রোগগুলোর একটি গ্রন্থি বা মহামারী টাইফাস এবং মুরিন টাইফাস নামেও অন্তর্ভুক্ত করা হয়। এই জ্বরের সাধারণ লক্ষণ গুলোর মধ্যে জ্বর, মাথাব্যথা, ফুসকুড়ি অন্যতম। এ উপসর্গগুলো এক থেকে দুই সপ্তাহ পড়ে মারাত্মক আকার ধারণ করে। তাঁকে খার্তুমের ধ্বংসাবশেষের কাছে ওমদুরমানে (Omdurman) সমাহিত করা হয়। মাহদীর তিন জন বিশ্বস্ত ডেপুটির পরিকল্পনা মারফিক তাঁর দাফন কাজটি সম্পন্ন করা হয়।



মুহাম্মদ আহমদের সমাধি (পুন:নির্মাণ), ওমদুরমান, খার্তুম, সুদান

১৮৯৮ খ্রিস্টাব্দে জেনারেল কিচেনারের অধীনে ব্রিটিশদের দ্বারা খলিফার চূড়ান্ত পরাজয়ের পরে মুহাম্মদ আহমদের সমাধি ধ্বংস করা হয় এবং তার হাড় নীল নদে ফেলে দেওয়া হয়। কথিত আছে জেনারেল কিচেনার মাহদীর মাথার খুলি অপরিবর্তিত রেখেছিল এবং ওয়াদি হালফায় পুনরায় দাফন করা হয়েছিল।<sup>১৯</sup> তাঁর সমাধিটি অবশেষে পুনর্নির্মিত করা হয়।

মুহাম্মদ আহমদের পুত্র আবদুল রহমান আল-মাহদী অ্যাংলো-মিসরীয় সুদানের নব্য-মাহদীবাদী আন্দোলনের নেতা হিসেবে খ্যাতি অর্জন করে।<sup>২০</sup> তিনি ঔপনিবেশিক যুগে অ্যাংলো-মিসরীয় সুদানে (১৮৯৮-১৯৫৫) অন্যতম শীর্ষস্থানীয় ধর্মীয় ও রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেবে সুদানের জনগণের নিকট প্রভাব বিস্তার করেন। ব্রিটিশরা তাঁকে মাহদীদের একজন জনপ্রিয় নেতা হিসেবে গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করে কাজে লাগানোর চেষ্টা করেন। তিনি দেশটির স্বাধীনতা লাভ করার সময় সুদানীরা আবদুল রহমানকে সুদানের রাজা হিসেবে বিবেচনা করতো, কিন্তু আধ্যাত্মিক কারণে তিনি এই পদবি প্রত্যাখ্যান করেছিলেন।<sup>২১</sup> ১৯৫৬ খ্রিস্টাব্দে আবদুল রহমান সুদান স্বাধীন হওয়ার ঠিক আগে এবং তার পরে জাতীয় উম্মা (জাতি) নামে একটি রাজনৈতিক দল গঠনের অনুমোদন করেন।<sup>২২</sup> জাতীয় উম্মা পার্টি সুদানের একটি মধ্যপন্থি ইসলামিক কেন্দ্রবাদী রাজনৈতিক দল। এটি আনুষ্ঠানিকভাবে সাদিক আল-মাহদী নেতৃত্বাধীনে পরিচালিত হয়।

মুহাম্মদ আহমদকে মাঝে মাঝে আধুনিক সুদানের জাতীয়তাবাদের অগ্রদূত হিসাবে দেখা হয়। উম্মা দলকে তাদের উত্তরাধিকার রাজনৈতিক দল বলে দাবি করে।<sup>২০</sup> তাদের নেতা ইমাম সাদিক আল-মাহদী হলেন মহান মুহাম্মদ আহমদের পৌত্র<sup>২১</sup> এবং আনসার ইমাম, ধর্মীয় আদেশ যা মুহাম্মদ আহমদের প্রতি আনুগত্যের প্রতিশ্রুতি দেয়। সাদিক আল-মাহদী সুদানের গণতান্ত্রিক নেতা এবং প্রধানমন্ত্রী হিসেবে ১৯৬৬-১৯৬৭ এবং ১৯৮৬-১৯৮৯ পর্যন্ত দায়িত্ব পালন করেন।

#### হিকস অভিযান

মিসরীয় সরকার মূলত ব্রিটিশদের নিয়ন্ত্রণে চলে যাওয়ার সাথে সাথে ইউরোপীয় শক্তিগুলো সুদানের সমস্যা সম্পর্কে ক্রমবর্ধমানভাবে সচেতন হয়। মিসর সরকারের ব্রিটিশ উপদেষ্টারা অন্য একটি অভিযানের জন্য স্বচ্ছ সম্মতি প্রদান করে। ১৮৮৩ খ্রিস্টাব্দে গ্রীষ্মের পুরো সময়কালে মিসরীয় সেনারা খারতুমে অবস্থান করে। তাদের নিকট ৭,০০০ পদাতিক, ১০০০ অশ্বারোহী, ২০টি মেশিনগান এবং কামান মজুদ ছিল। একজন অবসরপ্রাপ্ত ব্রিটিশ ইন্ডিয়ান স্টাফ কর্পস অফিসার উইলিয়াম হিকস এবং বারোজন ইউরোপীয় অফিসারের কমান্ডে এই বাহিনী প্রস্তুত রাখা হয়। উইনস্টন চার্চিলের ভাষায়, এই বাহিনীটি ছিল "সম্ভবত সবচেয়ে খারাপ সেনাবাহিনী যা যুদ্ধের পথে এগিয়ে যায়"<sup>২২</sup> অবৈতনিক, প্রশিক্ষণহীন এবং অনুশাসিত সেনা সৈন্যরা তাদের কর্মকর্তাদের চেয়ে শত্রুদের সাথে বেশি সম্পর্ক রেখে চলতো।

ইল ওবেইড (El Obeid) শহরটি হিকস অবরোধ নিরাপত্তার জন্য অবরোধ করে রেখেছিল। হিকস তার সাফল্যের ব্যাপারে যথেষ্ট আশাবাদী ছিল। অভিযানটি খার্তুম ছেড়ে যাওয়ার সময় ইতোমধ্যে কিছু সৈন্য হ্রাস পেলেও যুদ্ধ চালিয়ে যাওয়ার ব্যাপারে তিনি নিশ্চিত ছিলেন। মাহদী প্রায় ৪০,০০০ লোকের সেনা জড়ো করে এবং যুদ্ধ চালাতে তাদের কঠোরভাবে সুসংগঠিত করে। মাহদী পূর্ববর্তী যুদ্ধে বন্দী, অস্ত্র ও গোলাবারুদ নিয়ে সজ্জিত ছিল। ১৮৮৩ খ্রিস্টাব্দে ৩ এবং ৪ নভেম্বর হিকস বাহিনী যুদ্ধের প্রস্তাব দেয়। মাহদিস্ট বিশ্বাসযোগ্য সামরিক সেনাবাহিনী আক্রমণের মাধ্যমে হিকস এর সেনাবাহিনীকে পুরোপুরি পরাজিত করে। প্রায় ৫০০ মিসরীয় সেনা ইল ওবেইড যুদ্ধে প্রাণে বেঁচে যায়।<sup>২৩</sup>

#### নীল অভিযান

ব্রিটিশ সরকার অনিচ্ছাকৃতভাবে জনগণের তীব্র চাপের মুখে কিছুটা বিলম্বে হলেও স্যার গারনেট ওলসলেয়ের মাধ্যমে সেনাবাহিনীর দ্বারা কিছু ত্রাণ প্রেরণ করে। ব্রিটিশ পত্রিকায় এটিকে 'গর্ডন রিলিফ এ অভিযান' হিসেবে বর্ণনা করা হয়, গর্ডন এমন শব্দ প্রয়োগের তীব্র আপত্তি করে। আবু ক্লিয়ার যুদ্ধে মাহদিবাদীদের পরাজিত করার পরে, খার্তুমের দিকে নজর দিলেও দুদিন আগেই শহর মাহদিবাদীদের পুরো দখলে আসে এবং গর্ডনের সেনাবাহিনীকে গণহত্যা করা হয়।

#### সুকিন অভিযান

ব্রিটিশ লেফটেন্যান্ট জেনারেল স্যার জেরাল্ড গ্রাহামের (Gerald Graham) নেতৃত্বে ভারতীয় সেনাদের সম্মতিতে ১৮৮৫ খ্রিস্টাব্দের মার্চ মাসে সুকিনের কাছে একটি অভিযাত্রী বাহিনী প্রেরণ করে। যুদ্ধ পরিচালিত দুটি পদক্ষেপে সফল হলেও এটি সামরিক পরিস্থিতি পরিবর্তন করতে ব্যর্থ হয়েছিল এবং তা প্রত্যাহার করে নেওয়া হয়।<sup>২৪</sup> এই ঘটনাগুলো সুদানের মধ্যে ব্রিটিশ এবং মিসরীয় জড়িতদের বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অগ্রসর হয়ে সুকিন পুরোপুরি মাহদিদের নিয়ন্ত্রণে নিয়ে যায়।

#### উপসংহার

মুহাম্মদ আহমদ বিন আবদ আল্লাহ সুদানের সানীয়া আদর্শের একজন নুবিয়ান ধর্মীয় নেতা ছিলেন। তিনি যুবক হিসেবেই ধর্মীয় অধ্যয়নের সাথে ইসলামের ব্যাখ্যার সমন্বয় সাধন করেন। তিনি নিজেকে স্ব-ঘোষিত মাহদী হিসেবে ঘোষণা করেন। তিনি ওসমানীয়-মিসরীয় সামরিক শাসনের বিরুদ্ধে একটি সফল যুদ্ধের নেতৃত্ব দেন। তিনি লোহিত সাগর থেকে মধ্য আফ্রিকা পর্যন্ত বিস্তৃত একটি ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করেন, যা এক শতাব্দীকাল সুদানে প্রভাবশালী ছিল। ১৮৯৮ খ্রিস্টাব্দে অ্যাংলো-মিসরীয় বাহিনী দ্বারা এ রাষ্ট্রের অস্তিত্বের অবসান ঘটে।

## তথ্যনির্দেশ

- <sup>১</sup> . সুদানীয় ধর্মীয় নেতা
- <sup>২</sup> . P.M. Holt, *The Mahdist State in Sudan, 1881-1898*, Oxford: Clarendon Press, 1970, p. 45.
- <sup>৩</sup> . *Ibid.*
- <sup>৪</sup> . নুবিয়ানরা একটি জাতিগত-ভাষাতাত্ত্বিক গোষ্ঠী, যারা এ অঞ্চলের আধিবাসী বর্তমানে এরা উত্তর সুদানের অধিবাসী। মধ্য নীল উপত্যকার আদি সাহারান আফ্রিকা থেকে এদের পূর্বপুরুষরা এ অঞ্চলে আগমন করে। সভ্যতার প্রথম দিকে তারা ফ্রেডল হিসেবে বিশ্বাসী ছিল। তাদের ভাষা নুবিয়ান উত্তর-পূর্ব সুদানের ভাষা বলে দাবি করে। Reinisch, Leo. *Die Nuba-Sprache Wen*, 1879, p. 271.
- <sup>৫</sup> . P.M. Holt, *op.cit*, p. 54.
- <sup>৬</sup> . *Ibid*, p. 45.
- <sup>৭</sup> . *Ibid.*
- <sup>৮</sup> . *Ibid*, p. 54.
- <sup>৯</sup> . Gabriel Warburg, *Islam, Sectarianism and Politics in Sudan since the Mahdiyya*. Madison, WI: University of Wisconsin Press, 2003. pp. 30-42.
- <sup>১০</sup> . Ibrahim, Ahmed Uthman. "Some Aspects of the Ideology of the Mahdiyya." P.M Holt, *op.cit*, p 50.
- <sup>১১</sup> . মাহদী হলো ইসলামের একজন ছদ্মবেশী মুক্তিদাতা। তিনি ইসলামকে রক্ষা করার জন্য পৃথিবীতে আগমন করবেন এবং কেয়ামতের পূর্বে মুক্তিদাতা হিসেবে পাঁচ, সাত, নয় বা উনিশ বছর বিশ্বে শাসন করবেন।
- <sup>১২</sup> . ইসলাম (সংস্কার) এবং তাজদীদ (নবায়ন) হলো ধর্মীয় আবশ্যিকতা, যার লক্ষ ইসলামী বিশ্বাস, এর গ্রন্থ, নীতি, পদ্ধতি বোঝার এবং এর মূল আদি অবস্থানের প্রতি অনুকরণ এবং তাদের বৈশিষ্ট্যকে প্রভাবিত করা।
- <sup>১৩</sup> . Kapteijns, L.E.M, "The Religious Background of the Mahdi and his movement", *African Perspectives*, Vol. 2, 1976 pp. 61-79.
- <sup>১৪</sup> . P.M. Holt. *op. cit*, p. 45.
- <sup>১৫</sup> . *Ibid*, p. 54.
- <sup>১৬</sup> . Gabriel Warburg, *op. cit*, pp. 30-42
- <sup>১৭</sup> . Kim Searcy, "The Sudanese Mahdi's Attitudes on Slavery and Emancipation". *Islamic Africa*.vol.1, Brill Academic Publishers, 2010, pp. 63-83.
- <sup>১৮</sup> . T. Pakenham, *The Scramble for Africa 1876-1912*, Random House, 1991, p. 272.
- <sup>১৯</sup> . Noah Salman "Undoing the Mahdiyya: British Colonialism as Religious Reform in the Anglo-Egyptian Sudan, 1898-1914", *The Religion of Culture Web Forum*, Sudan, 2004.
- <sup>২০</sup> . Endre Stiansen, *Kevane, Michael Kordofan invaded: peripheral incorporation and social transformation in Islamic Africa*. BRILL, 1998, pp. 23-27.
- <sup>২১</sup> . Gabriel Warburg, *op. cit*, p. 125.
- <sup>২২</sup> . "Sayyid Abd al-Rahman al-Mahdi", *Encyclopædia Britannica*, Retrieved 2011.
- <sup>২৩</sup> . *Ummah party official website Archived*, 2004.
- <sup>২৪</sup> . Gamal Nkrumah, "Sadig Al-Mahdi: The comeback king", *Al-Ahram. Archived from the original*, 2004, Retrieved February 1, 2011.
- <sup>২৫</sup> . Winston Churchill, *The River War*. Kessinger. 1902, p. 31.
- <sup>২৬</sup> . *Ibid*. p. 33.
- <sup>২৭</sup> . Ernest Gambier-Parry, *Suakin, 1885 : being a sketch of the campaign of this year*, London : K. Paul, Trench & Co. 1885.



## সূরা আল-হুজুরাত : পরিচিতি ও সামাজিক শিষ্টাচার (Surah Al-Hujurat: Introduction and Social Etiquette)

ড. মুহা. উবায়দুল্লাহ\*

**Abstract:** The last and final revelation Al Quran has been revealed from Allah (SWT) upon the last and the eminent Prophet Muhammad (PBUH). It contains the ultimate solutions of all sectors including personal, familial, social, economic, and political matters. Al Quran has a total of 114 Suras. Among them, Sura Al-Hujurat is an important Sura. This Sura is also called Sura with social provisions because through it, Allah (SWT) has taught us the social code of conduct and rules of behaviour with other parts of society along with the provisions of social manners and etiquettes. At the beginning of the Sura Allah (SWT) has taught mankind the rules of behaviour and code of conduct concerning behaviour with prophet Muhammad (PBUH). Besides, Allah (SWT) orders us not to believe anything only by hearing rather He orders us to weigh and consider it. Allah (SWT) also discusses the policy to be adopted by other Muslims when two parties of the Muslim engage in any conflict. He directs the Muslims to avoid unjust and unlawful activities like baseless conjecture, mutual gibe, slandering, spying which cause rift, disintegration and unrest in the society and destroy mutual understanding. In this article, an introduction of the Sura has been given with mentioning the social etiquettes and its relation with other succeeding and preceding Suras.

### পরিচিতি

#### নামকরণ

সূরা আল-হুজুরাত মহাগ্রন্থ আল-কুরআনের ৪৯তম সূরা। ২৬তম পারায় এ সূরার অবস্থান। আল-কুরআনে অধিকাংশ সূরার নামকরণের ক্ষেত্রে সেই সূরার মাঝে উল্লিখিত কোনো অক্ষর বা শব্দকে কেন্দ্র করেই নামকরণ করা হয়েছে। যেমন সূরা আল-বাকারায় উল্লিখিত আল-বাকারাহ শব্দ দিয়ে আবার সূরা আন-নাস-এ উল্লিখিত আন-নাস শব্দ দিয়ে নামকরণ করা হয়েছে। তেমনিভাবে সূরা আল-হুজুরাতের নামকরণও এই সূরার চতুর্থ নং আয়াতে উল্লিখিত বাক্যাংশ থেকে করা হয়েছে। যেমন মহান আল্লাহ সুবহানাছ ওয়া তা'আলা বলেন-<sup>১</sup> *إِنَّ الَّذِينَ ينادونك من وراء الحجرات* '(হে রাসূল সা.) নিশ্চয় যারা ঘরের পিছন থেকে আপনাকে ডাকাডাকি করে। মহাগ্রন্থ আল-কুরআনের অন্যান্য সূরার ন্যায় এই সূরাতেও একই নীতি অবলম্বন করা হয়েছে "تسمية الكل باسم الجزء" অর্থাৎ অংশবিশেষের দ্বারা পূর্ণ বস্তুর নামকরণ করার নীতি অবলম্বন করা হয়েছে। এ সূরার নামকরণের ক্ষেত্রে মুফাসসিরগণের মতামত উল্লেখ করা হল। যেমন সূরা আল-হুজুরাতের নামকরণ সম্পর্কে মুহাম্মদ আলী আস-সাবুনী বলেন:

سميت "سورة الحجرات" لأن الله تعالى ذكر فيها حرمة بيوت النبي صلى الله عليه و سلم و هي الحجرات التي كان يسكنها أمهات المؤمنين الطاهرات رضوان الله عليهن.<sup>২</sup>

'এই সূরাকে সূরাতুল হুজুরাত নামে নামকরণ করা হয়েছে, কেননা আল্লাহ তা'আলা এই সূরাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর হুজুরার (কামরার) মর্যাদার কথা উল্লেখ করেছেন। আর এই হুজুরাগুলোতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র স্ত্রীগণ বসবাস করতেন।'

শায়খ মুহাম্মদ আত-তাহের ইবনে আশুর র. সূরা হুজুরাতের নামকরণ সম্পর্কে বলেন:

\* প্রফেসর, আরবী বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

سميت في جميع المصاحف و كتب السنة و التفسير "سور الحجرات" و ليس لها اسم غيره ووجه تسميتها أنه ذكر فيها لفظ "الحجرات" ونزلت في قصة نداء بنى تميم رسول الله صلى الله عليه و سلم من وراء حجراته.<sup>٥</sup>

‘আল কুরআনের সকল অনুলিপি এবং হাদীসের কিতাব ও কুরআনের ব্যাখ্যাগ্ৰহে এই সূরাকে সূরা আল-হুজুরাত নামে নামকরণ করা হয়েছে। এটা (আল-হুজুরাত) ব্যতীত এই সূরার অন্য কোনো নাম নেই। আর এই নামকরণের কারণ হলো, এই সূরাতে আল-হুজুরাত (الحجرات) শব্দটির উল্লেখ রয়েছে। আর এটা অবতীর্ণ হয়েছে বনী তামীম গোত্রের লোকদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঘরের বাহির থেকে ডাকাডাকি করার ঘটনা প্রসঙ্গে।’

অনেক মুফাসসিরগণ তাদের তাফসীর গ্রন্থে সূরা আল-হুজুরাতের অনেক নাম উল্লেখ করেছেন। সামাজিক শিষ্টাচার, বিভিন্ন নিয়মনীতি, হুকুম আহকাম সম্পর্কে এ সূরায় আলোচনা হওয়ার কারণে ড. আল্লামা মুহাম্মদ আলী সাবুনী তাঁর বিখ্যাত তাফসীর ‘সফওয়াতু তাফসীর’-এ এ সূরাকে “سورة الأخلاق و الآداب” নামে অভিহিত করেছেন।<sup>৪</sup> সূরা হুজুরাতের নামকরণ সম্পর্কে প্রফেসর ড. ওহাবাতুয যুহাইলী বলেন:

و سميت أيضا سورة "الأخلاق و الآداب" فقد أرشدت الى آداب المجتمع الإسلامي و كيفية تنظيمه و أشارت بمكارم الاخلاق و فضائل الأعمال.<sup>৬</sup>

‘সূরা আল-হুজুরাতকে الأخلاق ও الآداب বলা হয়। এ সূরায় ইসলামী সমাজের শিষ্টাচার এবং সমাজ ব্যবস্থাপনার পদ্ধতির প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। সেই সঙ্গে উত্তম চরিত্র ও উত্তম কার্যাবলির প্রতিও দিক নির্দেশ করা হয়েছে।’

মানুষ তাদের জীবন অতিবাহিত করার জন্য একে অপরের সাথে যেই সৌহার্দপূর্ণ আচরণ করা অতি প্রয়োজনীয় তাঁর মধ্য থেকে কিছু অংশ আল্লাহ তা‘আলা এই সূরাতে আলোকপাত করেছেন। এই কারণে কোনো কোনো মুফাসসির এই সূরাকে سورة الأخلاق নামে অভিহিত করেছেন।<sup>৫</sup>

#### হুজুরার পরিচয়

আরবি حجرات শব্দটি حجرة শব্দের বহুবচন। শব্দটির আভিধানিক অর্থ কামরা, কক্ষ, মহল, কেবিন ইত্যাদি।<sup>৭</sup> حجرات শব্দের শাব্দিক বিশ্লেষণ করতে গিয়ে তাফসীরে ফাতহুল কাদীর প্রণেতা প্রখ্যাত মুফাসসির আল্লামা আশ-শাওকানী বলেন,

الحجرات هي جمع الحجر، و الحجر جمع الحجرة، فهو جمع الجمع.<sup>৮</sup>

‘حجرات শব্দটি حجر শব্দের বহুবচন এবং حجرة শব্দটি حجرة শব্দের বহুবচন। এমতাবস্থায় حجرات শব্দটি বহুবচনের বহুবচন হবে।’ এছাড়া শব্দটি ইবাদতের জায়গা ও পার্শ্ব কিনারা বুঝাতেও ব্যবহার হয়ে থাকে।

حجرات শব্দের পারিভাষিক পরিচয় সম্পর্কে আল্লামা জালালুদ্দীন মহল্লী বলেন,

هي ما يحجر عليه من الأرض بحائط و نحوه.<sup>৯</sup>

‘যেই কক্ষকে প্রস্তর খণ্ডসমূহ দ্বারা মাটির উপর সুরক্ষিত দেয়াল বেষ্টিত দ্বারা প্রস্তুত করা হয় তাকে حجرة বলা হয়।’

মাহমুদ আল-আলুসী বলেন,

الحجرة هي القطعة من الأرض المحجرة اى المنعنة عن الدخول فيها بحائط.<sup>১০</sup>

‘চতুর্দিক দেয়াল দ্বারা পরিবেষ্টিত যমীনের এমন ছোট অংশকে হুজুরাত বলা হয় যেখানে সাধারণের প্রবেশ নিষেধ।’

আল্লামা আশ-শাওকানী বলেন,

الحجرة: الرقعة من الأرض المحجورة بحائط يحوط عليها.<sup>১১</sup>

‘হুজুরাত এমন একখণ্ড ভূমি যার চতুর্দিক দেয়াল দ্বারা বেষ্টিত।’

এখানে হুজুরাত দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পবিত্র সহধর্মিণীগণের বাসগৃহকে বুঝানো হয়েছে এবং সেখানে সাধারণ মানুষের প্রবেশ নিষিদ্ধ ছিল।

এ সম্পর্কে ড. ওহাবাতুয় যুহাইলী বলেন,

و هي حجرات نسائه المؤمنات الطاهرات رضى الله عنهن و كانت تسعا لكل واحدة منهن حجرة منعا من ايداء النبي صلى الله عليه و سلم و توفيراً لحرمة بيوت أزواجه.<sup>১২</sup>

‘এই হুজুরাতুলোতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নয় জন পবিত্র সহধর্মিণীগণ বসবাস করতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কষ্টের কথা বিবেচনা করে এবং তাঁর পবিত্র সহধর্মিণীগণের সম্মানার্থে এতে সাধারণ মানুষের প্রবেশাধিকার নিষিদ্ধ ছিল।’

**সূরা আল হুজুরাতের পরিচয় ও আয়াতসমূহ:**

বিশ্ব মানবতার শান্তি ও মুক্তির অদ্বিতীয় সনদ মহাগ্রন্থ আল কুরআনের ৪৯তম সূরা আল-হুজুরাত। যা মহাগ্রন্থ আল কুরআনের ২৬তম পারায় অবস্থিত। সূরা হুজুরাতে দুটি রুকু এবং আঠারোটি আয়াত রয়েছে। এই সূরাটি মদীনা মুনাওয়ারায় অবতীর্ণ হয়েছে। মুহাম্মদ ইবনে আলী ইবনে মুহাম্মদ আশ-শাওকানী বলেন, هي ثمان عشرة آية. و هي مدنية. قال القرطبي بالاجماع و اخرج ابن الضريس و النحاس و ابن مردويه و البيهقي عن ابن عباس رضى الله تعالى عنه و ابن الزبير انها نزلت بالمدينة.<sup>১৩</sup>

‘সূরা আল-হুজুরাতের আয়াত সংখ্যা আঠারোটি। এই সূরাটি মদিনায় অবতীর্ণ হয়েছে। আল্লামা কুরতুবি র. বলেন, ঐক্যমতের ভিত্তিতে ইবনে দুরায়িস এবং নুহাস, ইবনে মরদিয়া এবং বায়হাকী হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস ও যুবায়ের রা. হতে বর্ণনা করেন, নিশ্চয়ই এই সূরাটি মদিনা মুনাওয়ারায় অবতীর্ণ হয়েছে।’ আল্লামা জালালুদ্দীন সুযুতী র. বলেন,

أخرج ابن الضريس و النحاس و ابن مردويه و البيهقي عن ابن عباس رضى الله تعالى عنه قال: نزلت سورة الحجرات بالمدينة.<sup>১৪</sup>

‘ইবনে দুরায়িস এবং নুহাস, ইবনে মরদিয়া এবং বায়হাকী হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-এর উদ্ধৃতি দিয়ে বলেন সূরা আল-হুজুরাত মদিনা মুনাওয়ারায় অবতীর্ণ হয়েছে।’

এছাড়া সূরা আল-হুজুরাতে তিনশত তেতাল্লিশটি (৩৪৩) শব্দ এবং এক হাজার চারশত ছিয়ান্তরটি (১৪৭৬) অক্ষর রয়েছে।

আল্লামা আলাউদ্দীন আলী ইবনে মুহাম্মদ আল খাযিন বলেন,

مدينة و هي ثمان عشرة آية و ثلاث مائة و ثلاث و اربعون كلمة و ألف و أربع مائة و ستة و سبعون حرفاً.<sup>১৫</sup>

‘সূরা আল-হুজুরাত মদিনা মুনাওয়ারায় অবতীর্ণ হয়েছে এবং উহার আয়াত সংখ্যা আঠারোটি (১৮) এবং তিনশত তেতাল্লিশটি (৩৪৩) শব্দ ও এক হাজার চারশত ছিয়ান্তরটি (১৪৭৬) অক্ষর রয়েছে।’

**সূরা আল-হুজুরাতের বৈশিষ্ট্য:**

মহাগ্রন্থ আল-কুরআনুল কারীমের সূরাসমূহের প্রতিটি সূরারই কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। তারই ধারাবাহিকতায় সূরা আল-হুজুরাতেরও কিছু বৈশিষ্ট্য আছে। যেমন এ সূরার অন্যতম একটি বৈশিষ্ট্য হলো, আল্লাহ তা‘আলা এই সূরায় পাঁচবার *يا أيها الذين آمنوا* বাক্যটি উল্লেখ করেছেন। যে বাক্যগুলো উল্লেখ করে আল্লাহ তা‘আলা সৃষ্টি জগতের লালন, বিকাশ এবং আল্লাহ তা‘আলার বিধানের বহু মূলনীতি উল্লেখ করে মুসলমানদের মধ্যে শুধুমাত্র ঈমানদারদেরকে তা বাস্তবায়নের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশ দিয়েছেন। এ সূরার অপর একটি বৈশিষ্ট্য হলো, আল্লাহ তা‘আলা এই সূরার একটি বিশেষ অংশ নিয়ে তার

এবং রাসূলুল্লাহ (সা.)-এর বিভিন্ন বিধানকে কীভাবে মানুষ গ্রহণ করবে এবং আল্লাহ ও রাসূলুল্লাহ (সা.)-এর সাথে কেমন ব্যবহার করবে এ সম্পর্কে সুন্দরভাবে আলোচনা করেছেন। এ সূরার অন্যতম আরেকটি বৈশিষ্ট্য হলো এতে কুরআনের নিদর্শনাবলির মধ্য দিয়ে এবং রাসূলুল্লাহ (সা.)-এর প্রত্যক্ষ নেতৃত্ব ও প্রশিক্ষণের মাধ্যমে সুশীল সমাজ গঠনের জন্য জোরদার ও আপোষহীন প্রয়াস চালানো হয়েছে।<sup>১৬</sup> একটি সুশীল সমাজ প্রতিষ্ঠা করার জন্য একটি সমাজ ও জাতির যে সকল গুণাবলি থাকা প্রয়োজন তার অনেকগুলো গুণাবলি আল্লাহ তা'আলা সূরা আল-হুজুরাতে উল্লেখ করেছেন।

#### সূরা আল-হুজুরাত অবতীর্ণের ঐতিহাসিক প্রেক্ষাপট

মহাগ্রন্থ আল-কুরআনের প্রতিটি সূরা অবতীর্ণের পেছনে কিছু না কিছু প্রেক্ষাপট রয়েছে। কুরআনের সূরাগুলো দু'ভাগে বিভক্ত। মক্কী এবং মাদানী। মক্কায় যে সূরাগুলো অবতীর্ণ হয়েছে সাধারণত সেগুলোকে মক্কী এবং মদীনায় যে সূরাগুলো অবতীর্ণ হয়েছে সেগুলোকে মাদানী সূরা বলা হয়। মহাগ্রন্থ আল-কুরআনের এ সূরাটি বিভিন্ন সময় ও অবস্থায় নাজিলকৃত আইন-বিধান ও আল্লাহর হেদায়েতের সমন্বয় ও সমষ্টি। মূল বিষয়বস্তুর আলোকে এগুলো সামঞ্জস্যপূর্ণ। আর এ জন্যই সংশ্লিষ্ট সকল আইন-বিধান ও হেদায়াতকে একটি সূরায় একত্র করে দেওয়া হয়েছে। সূরার আলোচিত বিষয়গুলো দেখলেই এ কথার সত্যতা প্রমাণিত হয় এবং বিভিন্ন হাদীসের বর্ণনা হতেও তা জানা যায়।

হাদীসের বর্ণনা হতে এ কথাও জানা যায় যে, ঐ আইনের বিধানের অধিকাংশই মদীনা মুনাওয়ারায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনের শেষের দিকে অবতীর্ণ হয়েছে। উদাহরণত চতুর্থ আয়াত সম্পর্কে মুফাসসিরগণ বলেছেন, এই আয়াতটি বনু তামীম সম্পর্কে অবতীর্ণ হয়েছে। উক্ত গোত্রের প্রতিনিধিগণ মদীনায় এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সহধর্মিণীগণের হুজুরার পিছন হতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাম ধরে ডাকাডাকি করেছিল। সমস্ত সীরাতে গ্রন্থেও প্রতিনিধি আগমনের সময় নবম হিজরী বলে উল্লেখ করা হয়েছে। তেমনিভাবে একাধিক হাদীস হতে জানা যায় যে, ষষ্ঠ আয়াতটি অলীদ ইবনে উকবা সম্পর্কে অবতীর্ণ হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বনু মুস্তালিক হতে যাকাত আদায়ের জন্য পাঠালে উক্ত ঘটনাটি ঘটে। অথচ অলীদ ইবনে উকবা সর্বসম্মতভাবে মক্কা বিজয়কালে মুসলমান হয়েছিলেন। সুতরাং সূরাটি যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনের শেষ দিকে অবতীর্ণ হয়েছে তা স্পষ্টভাবেই বুঝা যাচ্ছে।<sup>১৭</sup>

#### পূর্বাঙ্গের সূরার সাথে সম্পর্ক

মহাগ্রন্থ আল-কুরআনের অধিকাংশ সূরার তার পূর্ববর্তী এবং পরবর্তী সূরার সাথে বেশ কিছু দিক থেকে পারস্পরিক সম্পর্ক বিদ্যমান রয়েছে। সূরা আল-হুজুরাতও এর ব্যতিক্রম নয়; কেননা সূরা হুজুরাতের পূর্ববর্তী সূরা আল-ফাতহ এবং পরবর্তী সূরা কাফ-এর সাথে বেশ কিছু বিষয়ে সাদৃশ্য পরিলক্ষিত হয়। প্রথমে সূরা আল-হুজুরাতের সাথে তার পূর্ববর্তী সূরা আল-ফাতহ-এর সাদৃশ্য আলোচনা করা হলো।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

﴿وَإِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا فَإِنْ بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَى فَقَاتِلُوا الَّتِي تَبْغِي حَتَّى تَفِيءَ إِلَى أَمْرِ اللَّهِ فَإِنَّ فَاتَتْ فَأَصْلِحُوا بَيْنَهُمَا بِالْعَدْلِ وَأَقْسِطُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ.﴾<sup>১৮</sup>

‘যদি মুমিনদের দুটি দল যুদ্ধে লিপ্ত হয়ে পড়ে, তবে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দিবে। অতঃপর যদি তাদের একদল অপর দলের উপর চড়াও হয়, তবে তোমরা আক্রমণকারী দলের বিরুদ্ধে যুদ্ধ করবে; যে পর্যন্ত না তারা আল্লাহর নির্দেশের দিকে ফিরে আসে। যদি ফিরে আসে, তবে তোমরা তাদের মধ্যে ন্যায্যনুগ পন্থায় মীমাংসা করে দিবে এবং ইনছাফ করবে। নিশ্চয়ই আল্লাহ ইনছাফকারীদেরকে পছন্দ করেন।’

অন্য দিকে সূরা আল-হুজুরাতের পূর্ববর্তী, সূরা আল-ফাতহ-এ আল্লাহ তা'আলা কাফের/অমুসলিম সম্প্রদায়ের সাথে যুদ্ধ করার বিভিন্ন নিয়ম-কানুন সম্পর্কে আলোচনা করেছেন এবং মৃত্যু পরবর্তী জীবনে তাদের জন্য যে, ভয়ংকর শাস্তি অপেক্ষা করছে তা উল্লেখ করেন।

এ সম্পর্কে আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে বলেন,

﴿وَيُعَذِّبُ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكَاتِ الظَّالِمِينَ بِاللَّهِ ظَنَّ السَّوْءَ عَلَيْهِمْ ذَاتُ السَّوْءِ وَاللَّهُ عَلَيْهِمْ وَعَظِيمٌ﴾<sup>১৯</sup>

‘আর যাতে তিনি মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী, মুশরিক পুরুষ ও মুশরিক নারী যারা আল্লাহ সম্বন্ধে মন্দ ধারণা পোষণ করে তাদেরকে শাস্তি দেন। অমঙ্গল চক্র তাদের উপরই আপতিত হয়। আর আল্লাহ তাদের প্রতি রুষ্ট হয়েছেন এবং তাদেরকে লানত করেছেন। আর তাদের জন্য জাহান্নাম প্রস্তুত রেখেছেন। আর সেটা কতইনা নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।

প্রখ্যাত মুফাসসির ড. ওহাবাতুয যুহাইলী বলেন,

في سورة المتقدمة حكم قتال الكفار و في هذه حكم قتال البغاة.<sup>২০</sup>

‘পূর্ববর্তী সূরায় (সূরা আল-ফাতহ) কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করার বিধান এবং এ সূরায় (সূরা আল-হুজুরাত) বিদ্রোহীদের সাথে যুদ্ধ করার বিধান সম্পর্কে আলোচনা করা হয়েছে।’

প্রখ্যাত মুফাসসির আহমদ মোস্তফা আল-মারাগী বলেন,

ذكر في هذه قتال البغاة و في تلك قتال الكفار.<sup>২১</sup>

‘এই সূরাতে (সূরা আল-হুজুরাত) বিদ্রোহীদের সাথে যুদ্ধের কথা উল্লেখ করা হয়েছে এবং এ সূরাতে (সূরা আল-ফাতহ) কাফেরদের সাথে যুদ্ধ করার কথা উল্লেখ করা হয়েছে।’

আল্লাহ তা'আলা সূরা আল-হুজুরাতে প্রকৃত মুমিনের পরিচয় সম্পর্কে এবং তাদের বিভিন্ন বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করেছেন। যেমন: আল্লাহ তা'আলা প্রকৃত মুমিনের পরিচয় দিয়ে বলেছেন,

﴿إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَ جَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ﴾<sup>২২</sup>

‘তারাই মু'মিন যারা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি বিশ্বাস স্থাপন করেছে তারপর সন্দেহ পোষণ করেনি এবং জীবন ও ধন-সম্পদ দ্বারা আল্লাহর রাস্তায় জিহাদ করেছে। তারাই সত্যনিষ্ঠ।’

আল্লাহ তা'আলার নিকট মুমিনদের বিশেষ মর্যাদা বিদ্যমান রয়েছে তাই দেখা যায়, আল্লাহ তা'আলা সূরা আল-হুজুরাতের পূর্ববর্তী, সূরা আল-ফাতহ-এর মধ্যেও মুমিনদের সম্পর্কে আলোচনা করেছেন এবং তাদের মর্যাদা বর্ণনার পাশাপাশি তাদের প্রতি মহাপুরুস্কারের সুসংবাদ দিয়েছেন।

যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন,

﴿هُوَ الَّذِي أَنْزَلَ السَّكِينَةَ فِي قُلُوبِ الْمُؤْمِنِينَ لِيَرْتَدُّوا أَيْمَانًا مَعَ إِبْرَاهِيمَ﴾<sup>২৩</sup>

‘তিনি মুমিনদের অন্তরে প্রশান্তি নাযিল করেন, যেন তাদের ঈমানের সাথে আরও ঈমান বৃদ্ধি পায়।’

মুমিনদের পারস্পরিক দয়া ও অনুগ্রহের দরুন আল্লাহ তা'আলার নিকট তাদের সম্মানের স্বীকৃতি স্বরূপ (উল্লেখ) পূর্ববর্তী (সূরা ফাতহ) “وعد الله الذين امنوا” দ্বারা শেষ হয়েছে এবং পরবর্তী সূরা আল-হুজুরাত

“يأَيُّهَا الَّذِينَ آمَنُوا” দ্বারা শুরু করা হয়েছে। যাতে করে তারা আল্লাহ ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনুগত্যের দ্বারা এ মর্যাদা রক্ষা করতে পারে।<sup>২৪</sup>

সূরা আল-হুজুরাতের মাঝে আল্লাহ তা'আলা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মান-সম্মান ও মর্যাদার কথা উল্লেখ করেছেন। প্রতিটি বিষয়ে তাঁর অনুসরণ করা এবং যে কোনো বিষয়ে তাঁর থেকে অগ্রগামী হতে নিষেধ করেছেন।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْدُمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ﴾<sup>২৫</sup>

‘হে মুমিনগণ! তোমরা আল্লাহ ও তার রাসূল সা.-এর সামনে অগ্রগামী হয়ো না।’

অনুরূপভাবে আল্লাহ তা'আলা সূরা আল-হুজুরাতের পূর্ববর্তী, সূরা আল-ফাতহ-এর মাঝে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মান-মর্যাদা সম্পর্কে আলোচনা করেন এবং সকলকে তার আনুগত্যের প্রতি আহ্বান করেন। যেমন আল্লাহ তা'আলা বলেন,

﴿إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا﴾<sup>২৬</sup>

‘নিশ্চয়ই আমি আপনাকে প্রেরণ করেছি সাক্ষীরূপে, সু-সংবাদদাতা ও সতর্ককারীরূপে।’

উভয় সূরার প্রথমার্ধে রাসূলুল্লাহ (সা.)-এর সম্মান ও মান-মর্যাদার বিষয় উল্লেখ হয়েছে। আর রাসূলুল্লাহ (সা.) যে সকল বিষয়ে খুশি থাকেন সে বিষয়ে মুমিনদেরও খুশি থাকা আবশ্যিক। এছাড়া দু'টি সূরাতেই কথা ও কাজে রাসূলুল্লাহ (সা.)-এর প্রতি সম্মান ও আনুগত্য করার জন্য মুমিনদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।<sup>২৭</sup>

পূর্ববর্তী সূরার সাথে সূরা আল-হুজুরাতের যেমন সাদৃশ্য রয়েছে, তেমনিভাবে পরবর্তী সূরার সাথেও বিভিন্ন দিক থেকে সাদৃশ্য রয়েছে। সূরা আল-হুজুরাতের পরবর্তী সূরা কাফে মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা মু'মিন ও মুত্তাকিদের অবস্থা সম্পর্কে বর্ণনা দিয়ে বলেন, وَأُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِينَ غَيْرَ بَعِيدٍ<sup>২৮</sup> ‘আর জান্নাতকে মুত্তাকীদের নিকটস্থ করা হবে, কোন দূরত্ব থাকবে না।’

সূরা আল-হুজুরাতেও মুমিন মুত্তাকিদের সম্পর্কে আল্লাহ বলেন,

﴿إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَ جَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ﴾<sup>২৯</sup>

‘তারাই মু'মিন যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনার পর সন্দেহ পোষণ করে না এবং জীবন ও সম্পদ দ্বারা আল্লাহর পথে সংগ্রাম করে, তারাই সত্যনিষ্ঠ।’

পাশাপাশি দু'টি সূরার মাঝে মু'মিন এবং মুত্তাকীদের সম্পর্কে আলোচনা থাকায় উভয় সূরার মাঝে বিষয়গত সাদৃশ্য বিদ্যমান রয়েছে।

আল্লাহ তা'আলা সূরা আল-হুজুরাতের শেষ দিকে এমন কিছু মুশরিকদের সম্পর্কে আলোচনা করেছেন, যারা বারবার রাসূলুল্লাহ (সা.)-এর নিকট বলত আমরা ঈমান গ্রহণ করেছি অর্থাৎ আমরা মুমিন। অথচ তারা প্রকৃত ঈমানদার এবং মু'মিন ছিল না। তারা পশ্চাতে ইসলামের ক্ষতি করার জন্য সর্বদায় প্রস্তুত থাকত এবং আরবের মুশরিকরা কিয়ামত দিবসকে এবং রাসূলুল্লাহ (সা.)-এর নবুয়তকে অস্বীকার করত। মহান আল্লাহ এ সম্পর্কে বলেন:

﴿قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا قُلْ لَمْ تَمُنُوا وَلَكِنْ قَوْلُوا أَسْلَمْنَا و لما يدخل الإيمان في قلوبكم و إن تطيعوا الله و رسوله لا يلتنكم من

أعمالكم شيئاً إن الله غفور رحيم﴾<sup>৩০</sup>

‘আরব মরুভাসীরা বলে: আমরা ঈমান আনলাম। তুমি বল: তোমরা ঈমান আননি, বরং তোমরা বল: আমরা আত্মসমর্পণ করেছি; কারণ ঈমান এখনো তোমাদের অন্তরে প্রবেশ করেনি। যদি তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর তাহলে তোমাদের কর্মফল সামান্য পরিমাণও কম করা হবে না। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।’

অনুরূপভাবে সূরা কাফ এর মধ্যেও আল্লাহ তা'আলা মুশরিকদের সম্পর্কে আলোচনা করেছেন। যারা রাসূলুল্লাহ (সা.)-এর নবুয়ত ও মৃত্যুর পরবর্তী পুনরুত্থানকে অস্বীকার করত। তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন-

﴿بل عجبوا أن جاءهم منذر منهم فقال الكافرون هذا شيء عجيب- إذا متنا و كنا ترابا ذلك رجع بعيد- قد علمنا ما تنقص الأرض منهم و عندنا كتاب حفيظ﴾<sup>৫১</sup>

‘কিঞ্চিৎ কাফিরেরা তাদের মধ্য হতে একজন সতর্ককারী আবির্ভূত হতে দেখে বিস্ময় বোধ করে এবং বলে: এটাতো এক আশ্চর্য ব্যাপার। আমাদের মৃত্যু হলে এবং আমরা মৃত্তিকায় পরিণত হলে আমরা কি পুনরুজ্জীবিত হব! এ প্রত্যাবর্তন সুদূর পরাহত! আমি তো জানি, মৃত্তিকা ক্ষয় করে তাদের কতটুকু এবং আমার নিকট আছে রক্ষিত ফলক।’

এ সম্পর্কে আহমদ মোস্তফা আল-মারাগী বলেন:

إنه أشار في آخر السورة السابقة إلى أن إيمان أولئك الأعراب لم يكن إيمان حقا و ذلك يقتضى إنكار النبوة و إنكار البعث و افتتح هذه السورة بما يتعلق بذلك.<sup>৫২</sup>

‘নিশ্চয়ই তিনি (আল্লাহ তা’আলা) পূর্ববর্তী সূরার শেষাংশে সে সকল আরবদের প্রতি ইঙ্গিত করেছেন যারা প্রকৃতপক্ষে ঈমানের অধিকারী নয়। আর এটা এ জন্য যে, তারা পুনরুত্থান ও নবুয়াতকে অস্বীকার করে। আর এই সূরা (সূরা আল-কাফ) শুরু হয়েছে সেই বিষয়ের দ্বারা যা পূর্ববর্তী আয়াতের সাথে সংশ্লিষ্ট।’  
আল্লাহ তা’আলা সূরা হুজুরাতে মু’মিনদেরকে রাসূল (সা.)-এর সাথে কিরূপ আচরণ করতে হবে তার রীতি শিক্ষা দিয়ে বলেন:

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ وَ لَا يَجْهَرُوا لَهُ بِالْقَوْلِ كَجَهْرِ بَعْضِكُمْ لِبَعْضٍ أَن تَحْبَطَ أَعْمَالُكُمْ وَأَنتُمْ لَا تَشْعُرُونَ﴾<sup>৫৩</sup>

‘হে মু’মিনগণ! তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উচু করা এবং নিজেদের মধ্যে যেভাবে উচ্চঃস্বরে কথা বল তার সাথে সেইরূপ উচ্চঃস্বরে কথা বলনা, কারণ এতে তোমাদের কাজ নিষ্ফল হয়ে যাবে তোমাদের অজ্ঞাতসারে।’

আর পাপাচারী ব্যক্তি কোন সংবাদ প্রদান করলে তার সাথে কিরূপ আচরণ করতে হবে সে সম্পর্কে মহান আল্লাহ বলেন:

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَأٍ فَتَبَيَّنُوا أَنْ تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْحَبُوا عَلٰى مَا فَعَلْتُمْ نَادِمِينَ﴾<sup>৫৪</sup>

‘হে মু’মিনগণ! যদি কোন পাপাচারী তোমাদের নিকট কোন বার্তা আনয়ণ করে, তোমরা তা পরীক্ষা করে দেখবে যাতে অজ্ঞতাবশতঃ তোমরা কোন সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত না কর এবং পরে তোমাদের কৃতকর্মের জন্য অনুতপ্ত না হও।’

মহান আল্লাহ দু’টি সূরাতেই মুসলমানদের জন্য শিক্ষণীয় বিষয় আলোচনা করেছেন, যাতে তারা সৎপথে ফিরে আসতে পারে। এ দিক থেকে দু’টি সূরার মধ্যে সাদৃশ্য পরিলক্ষিত হয়।

সূরা কাফ কাফেরদের অদ্ভূত ধারণা থেকে বের হয়ে সঠিক পথে ফিরিয়ে আনার জন্য সতর্কবাণী হিসেবে নাযিল করেন। আর আল্লাহ তা’আলা সূরা আল-হুজুরাত মু’মিনদেরকে সতর্ক করার জন্য নাযিল করেছেন। সুতরাং সতর্কীকরণের দিক থেকে উভয় সূরার মাঝে সম্পর্ক বিদ্যমান রয়েছে।

#### সামাজিক শিষ্টাচার

সূরা আল-হুজুরাতে আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলা মুসলমানদের এমন আদব-কায়দা সামাজিক শিষ্টাচার ও আচরণ শিক্ষা দিয়েছেন যা তাদের ঈমানদার সুলভ স্বভাব-চরিত্র ও ভাবমর্যাদার সাথে মানানসই হয়। মহান আল্লাহ ও তাঁর রাসূলের (সা.) ব্যাপারে যেসব আদব কায়দা ও শিষ্টাচারের দিকে লক্ষ রাখতে হবে প্রথম পাঁচ আয়াতে তাদেরকে তা শিখিয়ে দেওয়া হয়েছে। যেমন আল্লাহ ও তাঁর রাসূল (সা.)কে গৃহের বাহির থেকে ডাকার শিষ্টাচার, প্রতিটি সংবাদের সত্যতা যাচাই করা, মুসলিমদের মধ্যে শান্তি স্থাপন করা, গীবত বা পরনিন্দা থেকে বিরত থাকা, কাউকে হেয় প্রতিপন্ন না করা, ঠাট্টা-বিদ্রূপ না করা, অহেতুক সন্দেহ না করা,

মুসলিম ও ঈমানদারের মধ্যে পার্থক্য ও প্রকৃত মুমিনের গুণাবলি সম্পর্কে আলোকপাত করেছেন। এ সকল বিষয়সমূহের মধ্য থেকে উল্লেখযোগ্য সামাজিক শিষ্টাচারের সংক্ষিপ্ত আলোচনা নিম্নে তুলে ধরা হলো-

#### রাসূল (সা.)-এর সাথে কথা বলার শিষ্টাচার

আল্লাহ তা'আলা স্বীয় মু'মিন বান্দাদেরকে তাঁর রাসূল (সা.)-এর ব্যাপারে আদব শিক্ষা দিচ্ছেন যে, নাবী (সা.)-এর মর্যাদার প্রতি লক্ষ্য রাখা তাদের একান্ত কর্তব্য। তাদের উচিত সমস্ত কাজকর্মে আল্লাহ এবং তাঁর রাসূল (সা.)-এর পিছনে থাকা। আরও উচিত রাসূল (সা.)-এর আনুগত্য করা। ইব্ন আব্বাস (রা.) বলেন:

لَا تُقَدِّمُوا يَدِيَّ اللَّهِ وَرَسُولَهُ এ কথা ভাবার্থ হচ্ছে: কিতাব ও সূন্নাহের বিপরীত কথা তোমরা বল না। এরপর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন: **وَ اتَّقُوا اللَّهَ** তোমরা আল্লাহকে ভয় কর। অর্থাৎ আল্লাহর হুকুম পালন করার ব্যাপারে মনে আল্লাহর ভয় রাখ। আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ, অর্থাৎ আল্লাহ তোমাদের কথা শুনে থাকেন এবং তিনি তোমাদের ইচ্ছা ও উদ্দেশ্যের খবর রাখেন। এরপর আল্লাহ তা'আলা তাঁর মু'মিন বান্দাদেরকে আর একটি আদব বা ভদ্রতা শিক্ষা দিচ্ছেন তারা যেন রাসূল (সা.)-এর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু না করে।<sup>৭৫</sup> এ সম্পর্কে মহান আল্লাহ বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ

যে মু'মিনগণ! তোমরা নাবীর (সা.) কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু কর না।

#### রাসূলুল্লাহ (সা.)কে গৃহের বাহির থেকে ডাকার নিন্দাবাদ

আল্লাহ তা'আলা ঐ গ্রাম্য লোকগুলোর নিন্দা করেছেন যারা রাসূলুল্লাহ (সা.)কে তাঁর ঘরের পিছন হতে ডাকত যেখানে তাঁর স্ত্রীগণ থাকতেন। তাই আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন যে তাদের অধিকাংশই নির্বোধ। নাবী কারীম (সা.) বের হয়ে তাদের নিকট না আসা পর্যন্ত তারা যদি ধৈর্য ধারণ করত তাহলে ওটাই তাদের জন্য উত্তম হতো। অতঃপর মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা হুকুম দিচ্ছেন যে, এরূপ লোকদের উচিত আল্লাহ তা'আলার নিকট ক্ষমা প্রার্থনা করা। কেননা তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু।<sup>৭৭</sup> উচ্চস্বরে ডাকা ও ধৈর্যধারণ করার ব্যাপারে আদব বা ভদ্রতা শিক্ষা দিতে গিয়ে মহান আল্লাহ বলেন:

﴿إِنَّ الدِّينَ بُنِيَ عَلَىٰ ذِكْرِ لِقَاءِ اللَّهِ ذِكْرًا كَثِيرًا وَلَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ وَلَا تُمْسِكُوا بِأُلُوهٍ كَمَا تُمْسِكُوا بِأُلُوهٍ كَمَا تُمْسِكُوا بِأُلُوهٍ كَمَا تُمْسِكُوا بِأُلُوهٍ كَمَا تُمْسِكُوا بِأُلُوهٍ كَمَا تُمْسِكُوا بِأُلُوهٍ﴾

অর্থ- যারা ঘরের পিছন হতে তোমাকে উচ্চস্বরে ডাকে তাদের অধিকাংশই নির্বোধ। তুমি বের হয়ে তাদের নিকট আসা পর্যন্ত যদি তারা ধৈর্যধারণ করত তাহলে তাই তাদের জন্য উত্তম হতো। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

#### ফাসেক পাপাচারীদের নিকট হতে প্রাপ্ত সংবাদ যাচাই করা

আল্লাহ তা'আলা মু'মিনদেরকে নির্দেশ দিচ্ছেন যে, তারা যেন পাপাচারীর খবরের উপর নির্ভর না করে। যে পর্যন্ত সত্যতা যাচাই ও পরীক্ষা করে প্রকৃত ঘটনা জানা না যায় সেই পর্যন্ত কোনো কাজ করে ফেলা উচিত নয়। হতে পারে কোনো পাপাচারী ব্যক্তি কোনো মিথ্যা কথা বলল অথবা সে ভুল করে ফেলল এবং তার খবর অনুযায়ী মু'মিনরা কোনো কাজ করল, এতে প্রকৃতপক্ষে তারই অনুসরণ করা হল।<sup>৭৯</sup> তাই কোনো সংবাদ আসলে তা যথাযথভাবে পরীক্ষা করার নির্দেশ দিয়ে মহান আল্লাহ বলেন:

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَأٍ فَتَبَيَّنُوا أَنْ تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْحَبُوا عَلٰىٰ مَا فَعَلْتُمْ نَادِمِينَ﴾

অর্থ- 'হে মু'মিনগণ! যদি কোন পাপাচারী তোমাদের নিকট কোন বার্তা আনয়ণ করে, তোমরা তা পরীক্ষা করে দেখবে যাতে অজ্ঞতাবশতঃ তোমরা কোন সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত না কর এবং পরে তোমাদের কৃতকর্মের জন্য অনুতপ্ত না হও।'



**বিবাদমান মুসলিমদের মধ্যে শান্তি স্থাপন করা**

মুসলমানদের দুটি বিবাদমান দল যদি কোনো সময় পারস্পরিক সংঘর্ষ ও লড়াইয়ে লিপ্ত হয়ে পড়ে, তখন মুসলমান জনগণের পক্ষে কোন কর্মপন্থা অবলম্বন করা উচিত? এরপর মুসলমান জনগণকে সেসব অন্যায ও অবাঞ্ছনীয় কাজকর্ম থেকে বিরত থাকতে বলা হয়েছে, যা সামাজিক-সামষ্টিক জীবনে বিপর্যয়, ভাঙ্গন ও অশান্তি সৃষ্টি করে। যার কারণে পারস্পরিক সম্পর্ক অত্যন্ত খারাপ হয়ে যায়। এ জন্য আল্লাহ তা'আলা নির্দেশ দিচ্ছেন যে, যদি মুসলিমদের দুই দল পরস্পর দ্বন্দ্ব লিপ্ত হয় তাহলে অন্যান্য মুসলিমদের উচিত তাদের মধ্যে মীমাংসা করে দেয়। যেমন মহান আল্লাহ বলেন-

﴿وَإِنْ طَائِفَتَيْنِ مِنَ الْمُؤْمِنِينَ فَاصْلِحُوا بَيْنَهُمَا﴾<sup>৪১</sup>

অর্থ- মু'মিনদের দুই দল দ্বন্দ্ব লিপ্ত হলে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দিবে।

**কাউকে হয়ে প্রতিপন্ন করা ও ঠাট্টা-বিদ্রূপ করা নিষেধ**

মহান আল্লাহ তা'আলা একজন ঈমানদারকে অন্য ঈমানদারের সাথে ঠাট্টা-বিদ্রূপ করতে এবং তাকে হয়ে প্রতিপন্ন করতে নিষেধ করেছেন। হাদীসে আছে যে, গর্ব-অহংকার হলো সত্য হতে বিমুখ হওয়া এবং মানুষকে ঘৃণ্য ও তুচ্ছ জ্ঞান করার নাম। আল্লাহ তা'আলা এর কারণ এই বর্ণনা করেছেন যে, মানুষ যাকে লাঞ্ছিত-অপমানিত করছে এবং উপহাসের পাত্র মনে করছে সেই হয়তো আল্লাহ তা'আলার নিকট বেশি মর্যাদাবান। পুরুষদেরকে এটা হতে নিষেধ করার পর পৃথকভাবে নারীদেরকেও এটা হতে নিষেধ করেছেন। আল্লাহ তা'আলা মানুষকে লাঞ্ছিত ও অপমানিত করতে এবং তাদেরকে ঠাট্টা উপহাস করতে নিষেধ করে বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرُ قَوْمٌ مِّن قَوْمٍ عَسَىٰ أَن يَكُونُوا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاءٌ مِّن نِّسَاءٍ عَسَىٰ أَن يَكُنَّ خَيْرًا مِّنْهُنَّ﴾<sup>৪২</sup>

অর্থ- হে মু'মিনগণ! কোনো পুরুষ যেন অপর কোনো পুরুষকে উপহাস না করে; কেননা যাকে উপহাস করা হয় সে উপহাসকারী অপেক্ষা উত্তম হতে পারে এবং কোনো মহিলা অপর কোনো মহিলাকেও যেন উপহাস না করে কেননা যাকে উপহাস করা হয় সে উপহাসকারিনী অপেক্ষা উত্তম হতে পারে।

এরপর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা একে অপরের দোষ অন্বেষণ করা এবং একে অপরকে দোষারোপ করা হারাম বলে ঘোষণা করেছেন। যেমন মহান আল্লাহ অন্যত্র বলেন

﴿وَلِكُلِّ لَوْمَةٌ لَّمْرَةٌ﴾<sup>৪৩</sup>

অর্থ- দুর্ভোগ প্রত্যেকের, যে পশ্চাতে ও সম্মুখে লোকের নিন্দা করে।

**অহেতুক সন্দেহ করা ও অন্যের দোষ ত্রুটি না খোঁজা**

আল্লাহ তা'আলা স্বীয় মু'মিন বান্দাদেরকে সন্দেহ পোষণ করা, অপবাদ দেয়া, পরিবার পরিজন এবং অপর লোকদের অন্তরে অযথা ভয় সৃষ্টি করা হতে নিষেধ করেছেন। অনেক সময় এরূপ ধারণা সম্পূর্ণ পাপের কারণ হয়ে থাকে। সুতরাং মানুষের এ ব্যাপারে সম্পূর্ণরূপে সাবধানতা অবলম্বন করা উচিত। অপরের গোপন বিষয় সম্পন্ন করা ও বেশি বেশি অনুমান থেকে বেঁচে থাকার নির্দেশ দিয়ে মহান আল্লাহ বলেন-

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ وَلَا تَجَسَّسُوا﴾<sup>৪৪</sup>

অর্থ- হে মু'মিনগণ! তোমরা বহুবিধ অনুমান হতে দূরে থাক; কারণ অনুমান কোনো কোনো ক্ষেত্রে পাপ এবং তোমরা একে অপরের গোপনীয় বিষয় অনুসন্ধান করো না।

এ সম্পর্কে রাসূলুল্লাহ (সা.)-এর নির্দেশ হচ্ছে- আবু হুরাইরা (রা.) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমরা কু-ধারণা হতে বেঁচে থাক, কু-ধারণা সবচেয়ে বড় মিথ্যা কথা। তোমরা কারো গোপন তথ্য সন্ধান করো না, একে অপরের দোষ-ত্রুটি খোঁজার চেষ্টা করো না, হিংসা-বিদ্বেষ পোষণ করো না, একে অপরের পশ্চাতে নিন্দা করো না, একে অপরকে ঘৃণা করো না, একে অপর থেকে পৃথক থেক না এবং হে আল্লাহর বান্দারা! সবাই ভাই ভাই হয়ে যাও।<sup>৪৫</sup>

### গীবত বা পরনিন্দা

ইসলামে সকল মুসলমানকে সমাজে ঐক্যবদ্ধ থাকার ব্যাপারে গুরুত্বারোপ করা হয়েছে। ঐক্য ও ভ্রাতৃত্ব বিনষ্টকারী সকল প্রকার কার্যাবলি হতে বিরত থাকতে সকলকে তাগীদ দিয়েছে। সমাজে যে সব বিষয়ে ফাটল ধরাতে এবং ঐক্যের বিশাল প্রাসাদকে ভেঙ্গে গুঁড়িয়ে দিতে পারে এমন বিষয়গুলির মধ্যে অন্যতম হল পরনিন্দা বা গীবত।<sup>৪৬</sup> এর মাধ্যমেই শয়তান সমাজে ফাটল ধরিয়ে থাকে। মহান আল্লাহ গীবতকে হারাম ঘোষণা করে বলেন-

﴿لَا يَغْتَابُ بَغْضًا أُيُّبٌ أَحَدَكُمْ أَنْ يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ﴾<sup>৪৭</sup>

অর্থ- তোমরা একে অপরের পশ্চাতে নিন্দা করো না। তোমাদের মধ্যে কি কেহ তার মৃত ভ্রাতার মাংস ভক্ষণ করতে চাই? বস্তুত তোমরাতে এটাকে ঘৃণাই মনে কর।

### মুসলিম ও ঈমানদারের মধ্যে পার্থক্য

যে সব আরব বেদুঈন ইসলামে দাখিল হওয়ামাত্রই বাড়িয়ে বাড়িয়ে নিজেদের ঈমানের দাবী করতে শুরু করেছিল, অথচ প্রকৃতপক্ষে তাদের অন্তরে ঈমান দৃঢ় হয়নি তাদেরকে আল্লাহ তা'আলা এই দাবী করতে নিষেধ করেছেন। মহান আল্লাহ স্বীয় নাবী (সা.)কে বলছেন-

﴿قُلْ لَمْ تُمْمُوا وَلَكِنْ قُولُوا أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ﴾<sup>৪৮</sup>

হে নাবী! তুমি তাদেরকে জানিয়ে দাও যে, যেহেতু ঈমান তাদের অন্তরে দৃঢ়ভাবে প্রবেশ করেনি সেহেতু তারা ঈমান এনেছে এ কথা যেন না বলে, বরং যেন বলে যে, তারা ইসলামের গণ্ডির মধ্যে এসেছে এবং নাবী (সা.)-এর অনুগত হয়েছে।

সুতরাং জানা গেল যে, এই আয়াতে যে বেদুঈনদের বর্ণনা রয়েছে তারা মুনাফিক ছিল না, তারা ছিল মুসলিম, কিন্তু ঈমান তাদের অন্তরে দৃঢ়ভাবে বদ্ধমূল হয়নি। তারা ঈমানের এমন উচ্চ স্তরে পৌঁছার দাবী করেছিল যেখানে তারা আসলে পৌঁছতে পারেনি। এ জন্যই তাদেরকে আদব বা ভদ্রতা শিক্ষা দেয়া হয়েছে।<sup>৪৯</sup>

### প্রকৃত মু'মিনের গুণাবলি

যে ব্যক্তি আল্লাহ তা'আলার একত্ববাদের প্রতি পূর্ণ আন্তরিকতার সাথে বিশ্বাস স্থাপন করে এবং সে অনুযায়ী কর্ম সম্পাদন করে তাকেই মু'মিন বলা হয়। অন্যভাবে বলা যায় মহান আল্লাহ তাঁর প্রেরিত নাবী, রাসূল, ফেরেস্তা, কিতাব, পরকাল ও তাকদিরের প্রতি পূর্ণ আন্তরিকতার সাথে বিশ্বাস স্থাপন করে তার ঈমান গ্রহণের পর যে ব্যক্তি ঈমান থেকে বিন্দুমাত্রও বিচ্যুতি হননি তিনিই মু'মিন।

মু'মিনের প্রধান একটি গুণ হলো হৃদয়ে আল্লাহ তা'আলা ও রাসূলুল্লাহ (সা.)-এর ভালোবাসা সর্বদায় জাগ্রত থাকা। দুনিয়ার সব কিছুতে আল্লাহ ও তাঁর রাসূল (সা.)-এর বিধানসমূহকে প্রতিষ্ঠা করা। আর নাবী, রাসূল (সা.)গণ যা কিছু বলবেন তার সকল কিছু কোনো প্রকার সন্দেহ ব্যতীত মান্য করা। তাদের আদেশ-নিষেধকে কোনো প্রকার সন্দেহ ছাড়া মান্য করাই হচ্ছে তাদেরকে ভালোবাসা। মহান আল্লাহ পবিত্র কুরআনে এরশাদ করেন-

﴿إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ لَمْ يَرْتَابُوا﴾<sup>৫০</sup>

অর্থ- প্রকৃত ঈমানদার তারাই, যারা আল্লাহ ও তাঁর রাসূলের উপর বিশ্বাস স্থাপন করেছে এবং এ ব্যাপারে তারা কোনো সন্দেহ পোষণ করেনি।

এ ছাড়াও প্রকৃত মু'মিনের অনেক গুণাবলি রয়েছে। যেমন- নিজের পছন্দনীয় বস্তু অন্যের জন্য পছন্দ করা, অঙ্গীকার পূর্ণ করা, আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যেই কাউকে ভালোবাসা, হিংসা-বিদ্বেষ পরিহার করা, ন্যায় বিচার প্রতিষ্ঠা করা, আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা, উন্নত চরিত্রের অধিকারী হওয়া, প্রতিবেশীর সাথে সদাচারণ করা, রোগীর সেবা করা, লজ্জাস্থানের হেফাজত করা, আল্লাহকে ভয় করা ও বেশী বেশী আল্লাহর দেয়া

নেয়ামতের শুকরিয়া আদায় করা ইত্যাদি। প্রতিটি মানুষের উপর আল্লাহ তা'আলার অসংখ্য নেয়ামত রয়েছে। এসব নেয়ামতের শুকরিয়া আদায় করা মু'মিনের কর্তব্য এবং ঈমানের পরিচায়ক। মহান আল্লাহ বলেন- *قُلِ الْحَمْدُ لِلَّهِ* - বল সকল প্রশংসা আল্লাহর জন্য।

### শিক্ষা

সূরা আল-হুজুরাত মানবজাতির প্রতি মহান আল্লাহর অসীম করুণার বহিঃপ্রকাশ। এ সূরায় মহান আল্লাহ তাঁর প্রেরিত রাসূল (সা.) ও সমাজের মানুষের সাথে কীরূপ আচরণ করতে হবে তার নিয়ম-নীতি আদব কায়দা ও সামাজিক শিষ্টাচার শিক্ষা দিয়েছেন। দীনের ব্যাপারে কোনো ব্যক্তির জন্য বৈধ নয় কুরআন ও সূন্যাহর উপর নিজের মতকে প্রাধান্য দেয়া। রাসূলুল্লাহ (সা.)-এর সুউচ্চ মর্যাদা ও সম্মান সম্পর্কে জানতে পারলাম। এ ছাড়াও যেখানে হাদীসের দারস হয় সেখানে উঁচু আওয়াজে কথা বলা রাসূলুল্লাহ (সা.)-এর সামনে উঁচু আওয়াজে কথা বলার নামান্তর। দীনে বিদ'আত সৃষ্টি করা আল্লাহ তা'আলা ও রাসূলের অগ্রগামী হওয়ার শামিল। আলিম-উলামা ও ধর্মীয় নেতাদের সম্মান করতে হবে তবে সম্মান করতে গিয়ে যেন বাড়াবাড়ি না হয় সে দিকে অবশ্যই খেয়াল রাখতে হবে। গ্রাম্য ব্যক্তির সাধারণত আদব আখলাক সম্পর্কে একটু অজ্ঞ তাই তাদের আচরণে মনঃক্ষুণ্ণ না হয়ে আদব শিক্ষা দেয়া উচিত। বর্তমান সমাজ ব্যবস্থায় মানুষ যখন মানবিকতাকে ভুলে মিথ্যা ও অহংকারের মধ্যে লিপ্ত রয়েছে। তখন এই সূরাটির শিক্ষা সমাজের অমানবিক ব্যক্তিদেরকে মানবিকতা শিক্ষা দেওয়ার জন্য এক বড় ধরনের হাতিয়ার হতে পারে।

### উপসংহার

পরিশেষে বলা যায় সূরা আল-হুজুরাত মহাশুভ আল-কুরআনের অন্যতম মাধুর্যমণ্ডিত একটি সূরা। মহান আল্লাহ কুরআন মাজীদের অন্যান্য সূরার ন্যায় সূরা আল-হুজুরাতে আলোচিত বিষয়গুলোকে অলংকারপূর্ণ ভাব, ভাষা, শব্দ, বাক্য এবং উপমা অলংকারের মাধ্যমে অত্যন্ত সুন্দর ও সাবলীল ভাষায় বর্ণনা করেছেন। বিষয়বস্তুর দিক থেকে পূর্ববর্তী ও পরবর্তী সূরার সাথে এর অপূর্ব মেলবন্ধন রচিত হয়েছে। এ সূরায় মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাঁর প্রেরিত রাসূল (সা.) ও সমাজের মানুষের সাথে কীরূপ আচরণ করতে হবে তাঁর আদব কায়দা, সামাজিক শিষ্টাচার ও নিয়ম-নীতি কেমন হবে সে সব বিষয় শিক্ষা দিয়েছেন। সমাজকে বিবাদমুক্ত, সুন্দর ও সুশীল হিসেবে গড়ে তোলার জন্য যে সকল উপাদান আমাদের প্রতিটি মানুষের মধ্যে থাকা আবশ্যিক তাঁর মধ্য থেকে গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয় সূরা আল-হুজুরাতে সুন্দরভাবে আলোচনা করা হয়েছে। সমাজের প্রতিটি মানুষের মধ্যে যদি এই বিষয়সমূহকে তাদের হৃদয়ে ভালোভাবে ধারণ করে এবং বাস্তবে সমাজের প্রতিটি ক্ষেত্রে এই বিষয়বলির প্রয়োগ করে তাহলে সমাজের এই সকল সমস্যাসমূহ দ্রুতই সমাধান করা সম্ভব। তাই আমাদের জীবনে এ সূরার গুরুত্ব অপরিসীম।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup>. আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ৪।
- <sup>২</sup>. মুহাম্মদ আলী আস-সাবুনী, *সাফওয়াতুত তাফাসীর তাফসীর লিল কুরআনিল কারীম*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ২০০১ খ্রী.), পৃ. ২১৪।
- <sup>৩</sup>. শায়খ মুহাম্মদ আত তাহের ইবনে আশুর, *তাফসীরুত তাহরীর ওয়াত তানবীর*, ২৬তম খণ্ড (তিউনিসিয়া: আদ-দারু আত-তিউনিসিয়া লিন-নশর, ২০০৮ খ্রী.), পৃ. ২১৩।
- <sup>৪</sup>. *সাফওয়াতুত তাফাসীর তাফসীর*, ৩য় খণ্ড, পূর্বোক্ত, পৃ. ২২১।
- <sup>৫</sup>. প্রফেসর ড. ওহাবাতুয় যুহাইলী, *আত-তাফসীরুল মুনীর ফিল আকিদাহ ওয়াশ শারীয়াহ*, ২৬তম খণ্ড (দামেস্ক: দারুল ফিকর, দশম সংস্করণ, ২০০৯ খ্রী.), পৃ. ৫৪০।
- <sup>৬</sup>. *সাফওয়াতুত তাফাসীর তাফসীর*, ৩য় খণ্ড, পূর্বোক্ত, পৃ. ২১৩।
- <sup>৭</sup>. ড. মুহাম্মদ ফজলুর রহমান, *আল-মুজামুল ওয়াফী* (ঢাকা: রিয়াদ প্রকাশনী, ৯ম সংস্করণ, ২০১২ খ্রী.), ৩৯২।
- <sup>৮</sup>. মুহাম্মদ ইবনে আলী ইবনে মুহাম্মদ আশ-শাওকানী, *ফাতহুল কাদীর*, ৫ম খণ্ড (কায়রো: লাজনাতে তাহকীক ওয়াল বাহাস আল ইলমি বি দারিল ওফা, তা.বি.), পৃ. ৮০।

৯. জালালুদ্দীন মহল্লী, *তাফসীরে জালালাইন* (কায়রো: দারুল হাদীস, তা.বি.), পৃ. ৬৮৫।
১০. সাইয়্যিদ মাহমুদ আল-আলুসী, *রুহুল মাআনী*, ১৩তম খণ্ড (লেবানন: দারুল কুতুবিল ইসলামিয়া, প্রথম সংস্করণ, ১৯৯৪ খ্রী.), পৃ. ২৯১।
১১. *ফাতহুল কাদীর*, ৫ম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ৮০।
১২. *আত-তাফসীরুল মুনীর*, ২৬তম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ৫৪০।
১৩. *ফাতহুল কাদীর*, ৫ম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ৭৮।
১৪. আব্দুমা জালালুদ্দীন আস সুন্নুতী, *আদ-দুরুল মানসুর ফী তাফসীর বিল মাসুর*, ১৩ তম খণ্ড (কায়রো: মারকায়ু হিজরিন লিল বহসি ওয়াদ দিরাসাতিল আরাবিয়্যাহ ওয়াল ইসলামিয়াহ, প্রথম সংস্করণ, ২০০৩ খ্রী.) পৃ. ৫২৭।
১৫. আলাউদ্দীন আলী ইবনে মুহাম্মদ আল খায়িন, *তাফসীর আল খায়িন*, ৫ম খণ্ড (লেবানন: দারুল কুতুবিল ইলমিয়া, প্রথম সংস্করণ, ১৯৯৫ খ্রী.), পৃ. ৫১৫।
১৬. প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন, *তাইসরুত তাফসীর* (ঢাকা: বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থ্যাট, প্রথম সংস্করণ, ২০১১ খ্রী.), পৃ. ১০।
১৭. আব্দুমা জালালুদ্দীন মুহাম্মদ ইবনে আহমদ ইবনে মুহাম্মদ আল-মহল্লী, *তাফসীরে জালালাইন*, অনু. মাওলানা মোহাম্মদ আবুল কালাম মাসুম (ঢাকা: ইসলামিয়া কুতুবখানা, ২০১০ খ্রী.), পৃ. ১৩৯।
১৮. আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ৯।
১৯. আল-কুরআন, সূরা আল-ফাতহ, আয়াত: ৬।
২০. *আত-তাফসীরুল মুনীর*, ২৬তম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ৫৪০।
২১. আহমদ ইবনে মুস্তফা আল-মারাগী, *তাফসীরুল মারাগী*, ২৬ তম খণ্ড (মিশর: শারিকাতু মাকতাবাহ ওয়া মাতবা'আহ মুস্তফা আল-বাবী আল-হালাবী, ১৯৫৩ খ্রী.), পৃ. ১১৯।
২২. আল-কুরআন, সূরা হুজুরাত, আয়াত: ১৫।
২৩. আল-কুরআন, সূরা আল-ফাতহ, আয়াত: ৪।
২৪. *আত-তাফসীরুল মুনীর*, ২৬তম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ৫৪১।
২৫. আল-কুরআন, সূরা হুজুরাত, আয়াত: ১।
২৬. আল-কুরআন, সূরা আল-ফাতহ, আয়াত: ৮।
২৭. *আত-তাফসীরুল মুনীর*, ২৬তম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ৫৪১।
২৮. আল-কুরআন, সূরা কাফ, আয়াত: ৩১।
২৯. আল-কুরআন, সূরা হুজুরাত, আয়াত: ১৫।
৩০. পূর্বোক্ত, আয়াত: ১৪।
৩১. আল-কুরআন, সূরা কাফ, আয়াত: ২-৪।
৩২. *তাফসীরুল মারাগী*, ২৬ খণ্ড, পূর্বোক্ত, পৃ. ১৫০।
৩৩. আল-কুরআন, সূরা হুজুরাত, আয়াত: ২।
৩৪. পূর্বোক্ত, আয়াত: ৬।
৩৫. হাফিয় ইমাদুদ্দিন ইবন কাসীর (র.), অনুবাদ ড. মুহাম্মদ মুজীবুর রহমান, *তাফসীর ইবন কাসীর*, সপ্তদশ খণ্ড (ঢাকা: প্রোগ্রেসিভ পাবলিশার্স, ২০২১ খ্রী.), পৃ. ৩২।
৩৬. আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ২।
৩৭. *তাফসীর ইবন কাসীর*, পূর্বোক্ত, পৃ. ৩৬।
৩৮. আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ৪-৫।
৩৯. *তাফসীর ইবন কাসীর*, পূর্বোক্ত, পৃ. ৩৮।
৪০. আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ৬।
৪১. পূর্বোক্ত, আয়াত: ৯।
৪২. পূর্বোক্ত, আয়াত: ১১।
৪৩. আল-কুরআন, সূরা হুমাযাহ, আয়াত: ১।
৪৪. আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ১২।
৪৫. *তাফসীর ইবন কাসীর*, পূর্বোক্ত, পৃ. ৪৭।
৪৬. আরবী الغيبة শব্দটি غيب শব্দমূল হতে নির্গত হয়েছে। শব্দটি বাবে ضرب এর মাসদার। শাব্দিক অর্থ হল কুৎসা, পরনিন্দা, পরোক্ষ নিন্দা ইত্যাদি। *আল-মুজামুল ওয়াফী*, পূর্বোক্ত, পৃ. ৭৪০; গীবত হচ্ছে, কোনো দ্বিনি ভাইয়ের অনুপস্থিতিতে তার

এমন বিষয় নিয়ে সমালোচনা করা যা সে অপছন্দ করে। গীবতের পরিচয় সম্পর্কে রাসূলুল্লাহ (সা.) সবচেয়ে সুন্দর সংজ্ঞা দিয়েছেন। যেমন হাদীসে এসেছে-

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَتَدْرُونَ مَا الْغَيْبَةُ قَالُوا : اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ : دَخْرُكَ أَخَاكَ بِمَا يَكْرَهُ قِتْلَ أَفْرَأَيْتَ  
 إِنْ كَانَ فِي أَخِي مَا أُقُولُ قَالَ إِنْ كَانَ فِيهِ مَا تَقُولُ فَقَدْ اغْتَبْتَهُ وَ إِنْ لَمْ يَكُنْ فِيهِ فَقَدْ بَهْتَيْتَهُ .-

সহীহ মুসলিম, ৮ম খণ্ড, পূর্বোক্ত, পৃ. ২১, হাদীস নং ৬৭৫৮।

<sup>৪৭</sup> আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ১২।

<sup>৪৮</sup> পূর্বোক্ত, আয়াত: ১৪।

<sup>৪৯</sup> তাফসীর ইবন কাসীর, পূর্বোক্ত, পৃ. ৫৬।

<sup>৫০</sup> আল-কুরআন, সূরা আল-হুজুরাত, আয়াত: ১৫।

<sup>৫১</sup> আল-কুরআন, সূরা আন-নমল, আয়াত: ৫৯।

## মাহমুদ দারবীশের কাব্যচর্চা: ধারা ও প্রকৃতি (Poetry of Mahmud Darwish: Trends and Nature)

ড. মো. সাজিদুল হক\*

**Abstract:** Mahmud Darwish is one of the famous poets of Palestine. He started writing by following the style of ancient Arabic poets. In the first-stage of his writing, the impact of traditional Arabic poetry is observed. Later, since the seventies of twenty century he started writing poems in modern style. We observe in his poetry the gradual transformation of Arabic from a traditional language to a defiant to one. We also observe that his poetry is dominated by patriotic and political statements. He has to his credit about thirty books of poetry. His poetry became popular among the litterateurs and inspired a large number of readers from different countries of the world. Though many scholars studied Mahmud Darwish and his poetry, an important part of his poetry is yet to be well explored. I think, a large number of academicians didn't try to adequately analyze the trends of his poetic development. Now-a-days, many readers and researchers are trying to gather knowledge about the trends and nature of his poetry. In this situation, it is needed to conduct an in-depth research on this aspect of his poetry. So the main objectives of this article are to review the trends and nature of his poetry and to analyze the elements which brought major changes in his poetic development. There is no doubt that this article will play a notable role in understanding the modern Arabic poetry as well as enlarging the knowledge of the readers and researchers about Mahmud Darwish as a poet.

### ভূমিকা

মাহমুদ দারবীশ ফিলিস্তিনের জাতীয় কবি। ষাটের দশক থেকে কাব্যচর্চায় নিয়োজিত এ বিপ্লবী কবি ধীরে ধীরে আরবী সাহিত্যঙ্গনে একজন বিশ্ব সমাদৃত কবি হিসেবে পরিচিতি লাভ করেন। তাঁর কবিতা আরবীভাষী পাঠক ছাড়াও অনারব পাঠকদের অনুপ্রাণিত করে। দাদা হুসাইন দারবীশের অনুপ্রেরণায় তিনি কাব্যচর্চার প্রতি আগ্রহী হয়ে উঠেন এবং প্রাক্ ইসলামী ভাবধারায় রচিত কাব্যসমূহ অধ্যয়নের মাধ্যমে প্রাচীন আরবী কাব্যশৈলী অনুসরণ করে লেখালেখি শুরু করেন। ফলে তাঁর প্রথম পর্যায়ের কবিতায় সনাতন আরবী কবিতার ছন্দের অনুসরণ লক্ষ্য করা যায়। পরবর্তীতে সত্তর দশকের পর থেকে তিনি মুক্ত ছন্দের কবিতা লিখতে শুরু করেন, তবে মাঝে মাঝে তাঁকে ধ্রুপদী কবিতা রচনা করতে দেখা যায়।<sup>১</sup> তিনি দেশাত্মবোধক ও রাজনৈতিক কবিতার পাশাপাশি প্রতিবাদী ও সংগ্রামী কবিতা রচনা করেন। ফলে প্রতিরোধের কবি হিসেবে বিশ্বব্যাপি তাঁর পরিচিতি গড়ে উঠে। এছাড়াও প্রেম ভালোবাসার নান্দনিকতা তাঁর কবিতায় অত্যন্ত সাবলীলভাবে প্রতিফলিত হয়। কাব্যচর্চার প্রথম পর্যায়ে মাহমুদ দারবীশ ভাষার নান্দনিকতার চেয়ে দেশপ্রেম ও জাতীয় বিষয়াদির প্রতি বেশি মনোযোগ প্রদান করেন। সময়ের বিবর্তনে তাঁর কবিতার গঠন, রচনশৈলী ও ভাষার মাঝে ব্যাপক পরিবর্তন ও ভাব-গাঙ্ঘীরের পরিপক্বতা লক্ষ্য করা যায়। এমনকি দারবীশের কাব্যচর্চার সূচনা পর্বের কবিতা ও জীবনের শেষ কয়েক দশকের কবিতার মাঝে বেশ পার্থক্য ও পরিবর্তন লক্ষ্য করা যায়। এ পরিবর্তন শুধু ছন্দ, ভাষা অথবা রচনশৈলীর মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং এ পরিবর্তনের ছাপ তাঁর চিন্তা, দর্শন ও বিষয়বস্তুর মাঝেও পরিলক্ষিত হয়। এমনকি আধুনিকতা ও নান্দনিকতার দিক থেকেও কাব্যচর্চার একেকটি পর্ব আরেকটি পর্ব থেকে ভিন্নমাত্রার ও আরো সমৃদ্ধ। মূলত অবস্থান, সময় ও পরিবেশের ভিন্নতার কারণে তাঁর কাব্যচর্চায় বহুমাত্রিক ধারা লক্ষ্য করা যায়। মাহমুদ দারবীশের কাব্যচর্চার ধারা ও প্রকৃতি সম্পর্কে পর্যালোচনাসহ বিশ্লেষণমূলক আলোচনা উপস্থাপন এ

\* সহযোগী অধ্যাপক, আরবী বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

প্রবন্ধের মূল বিষয়। গবেষণা প্রবন্ধটি দারবীশের কাব্যচর্চার ধারা ও প্রকৃতি সম্পর্কে পাঠক মহলকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করবে এবং আধুনিক আরবী কবিতার বিকাশ সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করতে সহায়ক হবে।

### মাহমুদ দারবীশের পরিচিতি

কবির নাম মাহমুদ, পারিবারিক উপাধি দারবীশ। পিতা সালিম দারবীশ ও মাতা হুররিয়া উভয়েই ফিলিস্তিনের অধিবাসী। পিতামাতার পাঁচ পুত্র ও তিন কন্যার মধ্যে মাহমুদ দারবীশ ছিলেন দ্বিতীয়।<sup>১</sup> তিনি ১৯৪১ সালের ১৩ মার্চ তৎকালীন ফিলিস্তিনের পূর্ব উকা নগরীর আল বিরওয়াহ<sup>২</sup> গ্রামের এক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।<sup>৩</sup> কোনো কোনো গ্রন্থে তাঁর জন্মসাল হিসেবে ১৯৪২ খ্রি. উল্লেখ করা হয়। তবে দারবীশের এক সাক্ষাৎকারে বিষয়টি সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি ১৩ মার্চ, ১৯৪১ সালটিকে সঠিক বলে উল্লেখ করেন।<sup>৪</sup>

দারবীশের বয়স যখন সাত বছর, তখনই প্রতিষ্ঠিত হয় ইসরাইল রাষ্ট্র। ফিলিস্তিনের বৃহৎ ইসরাইলী রাষ্ট্র স্থাপন আরব রাষ্ট্রগুলো মেনে নিতে পারে না। আরব বিশ্ব তীব্র বিরোধিতা করে এবং ফিলিস্তিন থেকে ইসরাইলী রাষ্ট্র অপসারণের দাবি জানায়। এরই পরিপেক্ষিতে ১৯৪৮ সালে আরব-ইসরাইল যুদ্ধ শুরু হয়ে যায়। যুদ্ধের সময় ইসরাইলী সৈন্যদের দ্বারা দারবীশের আল বিরওয়াহ গ্রাম আক্রান্ত হয়। ফলে জীবন বাঁচানোর উদ্দেশ্যে তাঁর পরিবার গ্রাম থেকে পালিয়ে আসে এবং পার্শ্ববর্তী দামুন গ্রামে (দারবীশের নানার বাড়ি) আশ্রয় গ্রহণ করে। কিন্তু ইসরাইলী সৈন্যদের অবিরাম আক্রমণের কারণে সেখানেও অবস্থান করা অনিরাপদ হয়ে উঠলে পরিবারের সকল সদস্য ফিলিস্তিন ত্যাগ করে দক্ষিণ লেবাননে অবস্থিত রমীশ শরণার্থীশিবিরে আশ্রয় গ্রহণ করে এবং শরণার্থী হিসেবে সেখানে এক বছর অতিবাহিত করে। ১৯৪৯ সালে যুদ্ধবিরতি চুক্তি সম্পাদনের পর দারবীশ তাঁর পরিবারসহ পুনরায় ফিলিস্তিনে ফিরে আসলে সেখানে তাঁর গ্রামের কোনো অস্তিত্ব খুঁজে পাওয়া যায় না।<sup>৫</sup> কেননা ইসরাইলী সৈন্যদের দখল অভিযানের সময় দারবীশের গ্রামটিকে নিশ্চিহ্ন করে ফেলা হয়।<sup>৬</sup> ফলে বাধ্য হয়ে তারা পার্শ্ববর্তী দায়রুল আসাদ গ্রামে অবস্থান করে। পরবর্তী সময়ে মাহমুদ দারবীশের পরিবার আল বিরওয়ান উত্তর-পশ্চিমে অবস্থিত আল জাদীদ গ্রামে অবৈধ অধিবাসী হিসেবে আশ্রয় গ্রহণ করে। নিজস্ব কৃষি জমি ও খেতখামার সব কিছু হারিয়ে দারবীশের পিতা সংসারের খরচ চালানোর জন্য ইসরাইলী সেনাশিবিরে পাথর শ্রমিকের কাজ নেন এবং উপার্জিত অর্থ দিয়ে তিনি সংসার পরিচালনা করেন।<sup>৭</sup>

ফিলিস্তিনে ফিরে এসে দারবীশ আত্মপরিচয় গোপন করে দায়রুল আসাদ নামক গ্রামের একটি প্রতিষ্ঠানে প্রাথমিক শিক্ষা গ্রহণ করেন। অতঃপর আল জাদীদাহ ও কাফর ইয়াসিফ গ্রামে অবস্থিত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে তিনি মাধ্যমিক শিক্ষা লাভ করেন।<sup>৮</sup> মাধ্যমিক শিক্ষার পরই তিনি জড়িয়ে পড়েন নানা তৎপরতায়। মাধ্যমিক শিক্ষা শেষ করেই ইসরাইলী বাহিনীর নির্যাতন ও বধণার বিরুদ্ধে লড়াইয়ের পথ খুঁজতে থাকেন। এ সময় তিনি ইসরাইলী কমিউনিস্ট পার্টিতে যোগদান করেন এবং ধারাবাহিকভাবে আল ইত্তিহাদ ও আল জাদীদ পত্রিকায় কবিতা ও প্রবন্ধ লিখতে থাকেন।<sup>৯</sup> তাঁর কবিতা ও প্রবন্ধ ফিলিস্তিনী মুক্তি সংগ্রামের এক শক্তিশালী উপাদান হয়ে উঠে এবং ফিলিস্তিনীদের দারুনভাবে প্রভাবিত করে। ফলে ফিলিস্তিনের মুক্তিকামী জনগণ তাদের স্বাধীনতা অর্জনের জন্য তাঁর সাথে এগিয়ে আসে।<sup>১০</sup> অন্যদিকে তাঁর আমসিয়্যাহ বা সাক্ষ্যকবিতা পাঠের আসরে সাধারণ মানুষের আগ্রহ বৃদ্ধি পায় এবং ধীরে ধীরে তাঁর সাক্ষ্যকালীন কবিতা পাঠের আসর গ্রামে গ্রামে জনপ্রিয় হয়ে উঠে। তিনি এ সমস্ত আসরে কবিতার মাধ্যমে সাধারণ জনগণকে নাগরিক অধিকার সম্পর্কে সচেতন করে তোলার চেষ্টা করেন এবং ইসরাইলী আত্মসন ও নির্যাতনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার ব্যাপারে উৎসাহ প্রদান করেন। তাঁর এ সমস্ত কর্মকাণ্ডে ইসরাইলী প্রশাসন ভীত হয়ে উঠে এবং তাঁর সাক্ষ্যকালীন কবিতা পাঠের আসরকে নিষিদ্ধ ঘোষণা করে। এমনকি তৎকালীন ইসরাইলী বাহিনী প্রতিদিন তাঁকে সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত গৃহবন্দি করে রাখে।

১৯৭০ খ্রিস্টাব্দে উচ্চশিক্ষা অর্জনের জন্য দারবীশ ফিলিস্তিন ত্যাগ করে রাশিয়ার রাজধানী মস্কোতে গমন করেন। তিনি সেখানে একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে উচ্চশিক্ষা সম্পন্ন করেন। ১৯৭১ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারীতে তিনি মিসরের কায়রো শহরে চলে আসেন এবং সেখানে অবস্থানের উদ্দেশ্যে আল-আহরাম পত্রিকায় একটি চাকুরির ব্যবস্থা করেন।<sup>১২</sup> কায়রোর পরিবেশে নিজেকে খাপ খাওয়াতে না পেরে ১৯৭৩ খ্রিস্টাব্দে তিনি লেবাননের রাজধানী বৈরুতে চলে আসেন। সেখানে অবস্থিত ফিলিস্তিন রিসার্চ সেন্টারে যোগদান করেন এবং গবেষণা কেন্দ্রটির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৭৩ খ্রিস্টাব্দ থেকে ১৯৮২ খ্রিস্টাব্দ পর্যন্ত তিনি বৈরুতে অবস্থান করেন। ১৯৮২ খ্রিস্টাব্দের গ্রীষ্মে ইসরাইল কর্তৃক বৈরুত আক্রান্ত হলে তিনি নির্বাসনে যেতে বাধ্য হন। নির্বাসিত এ জীবনে কখনো সিরিয়া, কখনো সাইপ্রাস, কখনো কায়রো আবার কখনো তিউনিসিয়ায় অবস্থান করেন।<sup>১৩</sup>

জীবনের শেষ দিকে তিনি প্যারিসে চলে আসেন এবং ১৯৮৫ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত তিনি সেখানে স্থায়ীভাবে বসবাস শুরু করেন এবং তৎকালীন প্রসিদ্ধ সাহিত্য পত্রিকা আল কারমাল এর প্রধান সম্পাদকের দায়িত্বে নিযুক্ত হন। ১৯৯৫ সালে কবির মাতা আলহাজ্জা হুরিয়া অসুস্থ হলে তিনি ইসরাইল সরকারের অনুমতি নিয়ে রামাল্লায় আসেন। কয়েকদিন অবস্থানের পর তিনি পুনরায় প্যারিসে ফিরে যান। ১৯৯৬ সালে তিনি রামাল্লায় বসবাসের সিদ্ধান্ত নেন এবং ইসরাইলের অনুমতি সাপেক্ষে তিনি ফিলিস্তিনে ফিরে আসেন। এ সময়েও কবি তাঁর সাহিত্য সাধনা ও ক্ষুরধার লেখনী চালিয়ে যান। ফলে ইসরাইল সরকার কবিকে আবারও গৃহবন্দী করে রাখে। দীর্ঘদিন গৃহবন্দী থেকে কবি তাঁর অমর সাহিত্যকর্মগুলো রচনা করেন। ২০০২ সালে ইসরাইলের একদল ইয়াহুদী ও আরব কবি-সাহিত্যিকগণ কবির সাথে সাক্ষাৎ করেন। তাঁরা কবির মুক্তি ও স্বদেশে অবস্থানের অনুমতির দাবি জানালে ইসরাইল সরকার সেনা প্রত্যাহার করে নেয় এবং তাঁকে স্বায়ত্তশাসিত পশ্চিম তীরের রামাল্লায় থাকার অনুমতি প্রদান করে।

দারবীশ স্বাস্থ্যের প্রতি অনেকটা উদাসীন থাকতেন। উদাসীনতার ফলে তিনি একাধিকবার হৃদরোগে আক্রান্ত হন এবং চিকিৎসার মাধ্যমে সুস্থ হয়ে উঠেন। তৃতীয়বার তিনি মারাত্মকভাবে হৃদরোগে আক্রান্ত হলে ২০০৮ সালের ৬ আগস্ট আমেরিকার টেক্সাসে মেমোরিয়াল হারম্যান হাসপাতালে তাঁর হার্টের অপারেশন করা হয়। অপারেশনের তিনদিন পর ৯ আগস্ট তিনি ইন্তেকাল করেন।<sup>১৪</sup> তাঁর অন্তিম ইচ্ছানুযায়ী প্রিয় জনাভূমি ফিলিস্তিনের রামাল্লা শহরে অবস্থিত প্যালেস অব কালচারের পাশে একটা পাহাড়ের চূড়ায় তাঁকে দাফন করা হয়।<sup>১৫</sup> তাঁর জানাযায় ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস, ফ্রান্সের প্রাক্তন প্রধানমন্ত্রী দোমিনিক দে ভিল্পেপিনসহ বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত হন। তাঁর মৃত্যুতে তিন দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়।<sup>১৬</sup>

৩০টি কাব্যগ্রন্থ ও ৮টি গদ্য গ্রন্থ (প্রবন্ধ সংকলন) মিলিয়ে দারবীশের গ্রন্থের সংখ্যা মোট ৩৮টি। কবিতার পাশাপাশি গদ্যসাহিত্যেও তাঁর যথেষ্ট দক্ষতা লক্ষ্য করা যায়। আরবী ভাষায় লেখালেখি করলেও ইংরেজি, ফরাসি ও হিব্রু ভাষায়ও ভালো দখল ছিল তাঁর। বিশ্বের প্রায় পঁচিশটি ভাষায় তাঁর কবিতা অনূদিত হয়েছে। ইংরেজি ভাষাতেই অনূদিত হয়েছে প্রায় বিশটির মতো গ্রন্থ। বর্তমানে বাংলা ভাষায় তাঁর কবিতার বেশ কিছু অনুবাদ প্রকাশ হয়েছে। এছাড়াও বাংলাদেশের বিভিন্ন গবেষক ও লেখকবৃন্দ তাঁর জীবন ও সাহিত্যকর্ম নিয়ে বাংলা ভাষায় ব্যাপক লেখালেখি ও গবেষণা করছে।

#### মাহমুদ দারবীশের কাব্যচর্চার সূচনা

মাহমুদ দারবীশের কাব্যচর্চার সূচনা ঠিক কখন থেকে শুরু হয়, তা সঠিকভাবে উল্লেখ করা একটি দুর্লভ বিষয়। তবে তিনি কবিতার প্রতি ছোটবেলা থেকেই আগ্রহী ছিলেন, এ বিষয়টি নিঃসন্দেহে বলা যায়। মূলত একজন কবি একদিনেই কবি হয়ে উঠেন না বা একটি কবিতা রচয়িতাকে কেউ কবি বলে না। তাঁকে দীর্ঘ সময় ধরে কাব্যচর্চা করতে হয়। রাজা নাক্বাশ তাঁর প্রকাশিত গ্রন্থে স্কুল জীবনে দারবীশের কবিতা রচনার একটি স্মৃতিকথা উল্লেখ করেন। সেখানে বর্ণনা করা হয় যে, স্কুলে পড়াকালীন দারবীশ প্রথম একটি কবিতা



রচনা করেন। তবে সে কবিতার লাইনগুলো তাঁর মনে নেই, শুধুমাত্র কবিতাটির মূল বক্তব্য তাঁর মনে আছে। পরবর্তীতে তিনি আরো কিছু কবিতা রচনা করলেও সেগুলো সংরক্ষিত না হওয়ায় তাঁর কাব্যচর্চার সূচনাকাল নির্ধারণ করা একজন গবেষকের জন্য বেশ জটিল ও কষ্টসাধ্য। ১৯৬০ সালে সর্বপ্রথম বিভিন্ন সময়ে রচিত তাঁর কবিতার একটি সংকলন *আছাফির বিলা আজনিহা (Wingless Bird)* শিরোনামে প্রকাশিত হয়। যেহেতু ইতিপূর্বে তাঁর প্রকাশিত কোনো কাব্যগ্রন্থের সন্ধান পাওয়া যায় না, তাই *আছাফির বিলা আজনিহা* (১৯৬০ খ্রি.) কাব্যগ্রন্থটিকে তাঁর কাব্যচর্চার সূচনা হিসেবে বিবেচনা করা হয়। এ প্রসঙ্গে মাহমুদ দারবীশ বলেন:<sup>১৭</sup>

لا أذكر متى بدأت بالطبيط محاولة كتابة الشعر. ولا أذكر الحافظ المباشر لكتابة القصيدة الأولى. وان كنت أذكر أنني حاولت في سن مبكرة كتابة قصيدة طويلة عن عودتي إلى الوطن. حذوت فيها حذو المعلقات فأثارت سخرية الكبار ودهشة الصغار. وأذكر أن بعض الصحف بدأت بنشر محاولاتي عندما كنت في المدرسة الابتدائية، وكنت أحيق طويلاً باسمي المطبوع في الجريدة، فأطمح بأن يطبع مرات أخرى.

“আমি ঠিক কখন থেকে কবিতা লিখতে শুরু করেছি, তা নিশ্চিতভাবে আমার মনে নেই। এছাড়া আমার প্রথম কবিতাটি রচনার সুস্পষ্ট উদ্দেশ্য আমি স্মরণ করতে পারি না। তবে আমার এতটুকু মনে পড়ে যে, স্বদেশে প্রত্যাবর্তন সম্পর্কে অল্প বয়সে আমি একটি দীর্ঘ কবিতা রচনা করি, যেখানে আমি মু'আল্লাকার রীতিনীতি অনুসরণ করার চেষ্টা করি। কবিতাটি বড়দের উপহাস ও ছোটদের বিস্ময় জাগিয়ে তোলে। আমার আরো মনে পড়ে যে, প্রাথমিক বিদ্যালয়ে পড়ার সময় কিছু কিছু সংবাদপত্র আমার কবিতাগুলো প্রকাশ করতে শুরু করে এবং আমি পত্রিকায় প্রকাশিত আমার নামের দিকে দীর্ঘক্ষণ তাকিয়ে থাকতাম। আমি আশা করতাম যে, আমার নামটি যেন একাধিকবার ছাপানো হয়।”

#### মাহমুদ দারবীশের কাব্যচর্চার ধারা ও প্রকৃতি

মাহমুদ দারবীশ আরবী সাহিত্যের একজন প্রতিভাবান কবি। তাঁর কবিতার প্রতিটি বর্ণ যেন সোনালী আবরণে আচ্ছাদিত, সৌন্দর্যে অকৃত্রিম ও সৌকর্যে অনুপম। দারবীশ অনেকটা ধুমকেতুর মত। তাঁর অপূর্ব পথে প্রদক্ষিণ করেছে আরবী কবিতার সহস্র ও পাঁচ শত বছরের অন্বেষণ, কবিতার নন্দনতন্ত্রের চূড়ান্ত মাধুর্য। আরবী কবিতার দুই প্রান্ত (ষষ্ঠ শতাব্দী থেকে বিংশ শতাব্দী) দৃঢ়ভাবে আঁকড়ে ধরে তাঁর অতি সংবেদনশীল আগুলের ছোঁয়ায় সেটাকে তিনি নতুন পথের দিকে এগিয়ে নিয়ে গেছেন। ফলে এ কথা নিশ্চিতভাবে বলা যায় যে, মাহমুদ দারবীশ সমকালীন আরবী কবিতাকে অনেক দূর অবধি নিয়ে যাওয়ার পিছনে অন্যতম প্রভাবক হিসেবে কাজ করেছেন।<sup>১৮</sup> তাঁর কবিতায় প্রতীক, উপমা, উৎপ্রেক্ষা খুবই সতর্কতার সাথে নির্বাচন করা হয়েছে। চমৎকার কাব্যবোধ ও রাজনৈতিক চেতনার মাধ্যমে তিনি তাঁর সময়কে অতিক্রম করে ভবিষ্যৎ দেখতে পেয়েছেন। ফিলিস্তিনের পরিবেশ ও প্রকৃতি, প্রেম ও ভালোবাসা, দেশ ও জাতির উজ্জ্বল ভবিষ্যতের প্রত্যাশা ইত্যাদি বিষয়াদি তাঁর কবিতার মূল উপজীব্য। স্বাধীনতা আন্দোলন ও গণসচেতনতার জাগরণ, আত্মপরিচয়ের সংকট ও পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্তি, নির্ধাতন ও বৈষম্যের প্রতিরোধ গড়ে তোলার প্রতি আহ্বান ছিল তাঁর কবিতার মূল সুর।

সমকালীন রাজনীতি ও পারিপার্শ্বিক পরিবেশ দারবীশের কাব্যদর্শন ও কাব্যচর্চাকে ব্যাপকভাবে প্রভাবিত করে। এছাড়াও তাঁর কাব্যে সমকালীন বেশ কিছু দার্শনিক, কবি ও সাহিত্যিকদের প্রভাব লক্ষ্য করা যায়। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন লেবাননের বিখ্যাত কবি ও দার্শনিক রবার্ট গানিম (জন্ম: ১৯৩৯ খ্রি.), ইরাকের প্রভাবশালী কবিদ্বয় বাদার শাকির সাইয়াব (১৯২৬-১৯৬৪ খ্রি.) ও আব্দুল ওয়াহাব বায়াতী (১৯২৬-১৯৯৯ খ্রি.), সিরিয়ার প্রসিদ্ধ কবি নিয়ার কাব্বানী (১৯২৩-১৯৯৮ খ্রি.)। অনারবদের মধ্য থেকে

এশিয়ার রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১ খ্রি.), স্পেনের ফেদেরিকো গারসিয়া লোরকা (১৮৯৮-১৯৩৬ খ্রি.), রাশিয়ার ভ্লাদিমির মায়াকোভস্কি (১৮৯৩-১৯৩০ খ্রি.), ফ্রান্সের লুই আরাগোঁ (১৮৯৭-১৯৮২ খ্রি.) এর নাম উল্লেখযোগ্য।

জীবনের ধারাবাহিকতার ভিন্নতা তাঁর কাব্যচর্চার ধারবাহিকতায় এনেছে এক অনন্য স্বকীয়তা ও পরিপক্বতার উজ্জ্বল নিদর্শন। ফলে আত্মকেন্দ্রিক দারবীশ থেকে তিনি দেশপ্রেমিক দারবীশে পরিণত হয়েছেন। আবার বাস্তববাদী চিন্তাধারা থেকে সরে এসে তিনি আশাবাদী চিন্তাধারা লালন করেছেন। দারবীশের কাব্যচর্চার সূচনা থেকে জীবনের শেষ দিন পর্যন্ত সাহিত্যকর্মকে পর্যবেক্ষণ করলে তাঁর কাব্যচর্চার ধারাবাহিকতায় বেশ কিছু ভিন্নতা লক্ষ্য করা যায়, যার প্রতিটি পর্ব অন্যটির চেয়ে আরো উন্নত, আরো সমৃদ্ধ ও আরো ব্যাপক। সাহিত্য সমালোচকগণ তাঁর কাব্যচর্চার ধারাকে কয়েকটি ভাগে ভাগ করেছেন। তবে সামগ্রিকভাবে তাঁর কাব্যচর্চার তিনটি ধারা উল্লেখযোগ্য তথা প্রাথমিক পর্ব, বিকাশ পর্ব ও সমৃদ্ধ পর্ব।

#### প্রাথমিক পর্ব

বাল্যকাল থেকে দারবীশের কাব্যচর্চা শুরু হলেও ষাটের দশক থেকে সত্তরের দশক পর্যন্ত দীর্ঘ সময়টিকে তাঁর কাব্যচর্চার প্রাথমিক পর্ব হিসেবে বিবেচনা করা হয়।<sup>১৯</sup> এ পর্বে দারবীশ ধীরে ধীরে আত্মকেন্দ্রিক চিন্তাধারার পাশাপাশি দেশ ও জাতির চিন্তাধারা লালন করতে শুরু করেন। রাষ্ট্রবিহীন ভূখণ্ডের অজস্র মানুষের আশা-আকাঙ্ক্ষাকে সামনে রেখে তিনি কবিতা লিখতে শুরু করেন। কবিতার মাধ্যমে তিনি ফিলিস্তিনী জাতীয়তাবাদের চেতনা প্রকাশ করতে থাকেন। ফিলিস্তিনী জনগণের আবেগ, হাসি-কান্না ও আনন্দ-বেদনার সমস্ত অনুভূতি তাঁর কবিতায় অকৃত্রিমভাবে ফুটে উঠে। তাঁর কবিতার একটি বড় অংশ হয়ে উঠে অন্যান্যের বিরুদ্ধে বিদ্রোহ ও প্রতিবাদের প্রতীক। আত্মপরিচয়ের সংগ্রাম, মাতৃভূমির স্বাধীনতা, নির্যাতিত মানুষের করুণ চিত্রায়ণ ইত্যাদি বিষয়বস্তু তাঁর কবিতাকে সব শ্রেণির মানুষের নিকট গ্রহণযোগ্য করে তোলে। দারবীশের প্রাথমিক পর্বের কাব্যচর্চায় যে সমস্ত বৈশিষ্ট্য ফুটে উঠে, তা নিম্নে তুলে ধরা হলো।

**সহজ ভাব ও ভাষার ব্যবহার:** দারবীশের কাব্যচর্চার প্রাথমিক পর্বকে বিশিষ্ট সমালোচক ড. হুসাইন হামযাহ মারহালাতুল ইত্তিছাল (সংযোগ পর্ব) হিসেবে উল্লেখ করেন। তিনি বর্ণনা করেন, এ সময়টিতে মাহমুদ দারবীশ ফিলিস্তিনী জনগণের নিকট সংযোগ স্থাপন করার চেষ্টা করেন। ফলে তাঁর কবিতায় সহজ শব্দ ও বাক্যের অধিক ব্যবহার লক্ষ্য করা যায়। তিনি মনে করেন কবিতার ভাষা এমন হওয়া উচিত যা খুব সহজে পাঠকের বোধগম্য হয়ে উঠবে এবং পাঠক হৃদয়ে নাড়া দিতে সক্ষম হবে। কবিতার ভাব ও ভাষা অত্যন্ত সহজ করে উপস্থাপন করাকে তিনি একজন কবির সার্থকতা মনে করেন। *আওরাকুয যাইতুন* (১৯৬৪ খ্রি.) কাব্যগ্রন্থের অন্তর্গত রুবাইয়্যাৎ (رباعيات) কবিতায় তিনি কবিতা সম্পর্কে তাঁর অভিব্যক্তি প্রকাশ করেন এভাবে:<sup>২০</sup>

أجمل الأشعار ما يحفظه عن ظهر قلب

كلُّ قارئٍ...

فإذا لم يشرب الناس أناشيدك شرب

قل. أنا وحدي خاطئ..

“সুন্দর কবিতা এমন যা প্রত্যেক পাঠক আপন হৃদয়ের গভীরে সংরক্ষণ করে রাখে। আর যদি সাধারণ মানুষ তোমার কবিতা পাঠে পরিতৃপ্ত না হয়, তাহলে তুমি নিজেকে সম্বোধন করে বলবে, এটা শুধু আমারই ভুল।”

**প্রাচীন কাব্যরীতির অনুসরণ:** দারবীশের প্রাথমিক পর্বের আরেকটি অন্যতম বৈশিষ্ট্য হলো প্রাচীন কাব্যরীতির অনুসরণ। বিশিষ্ট আরব কবিগণ কর্তৃক রচিত মু'আল্লাকা পাঠের মাধ্যমে তিনি প্রাচীন যুগের কবিতার প্রতি

আগ্রহী হয়ে উঠেন। বিশেষ করে কবি ইমরাউল কায়েসের কবিতা তাঁকে ব্যাপক প্রভাবিত করে। এছাড়াও তিনি আর্বাসীয় যুগের কবি মুতানাব্বী ও আবু নুয়াস দ্বারা প্রভাবিত হন। এ সময়ে রচিত তাঁর কবিতায় আরেকটি বিষয় লক্ষ্য করা যায়, সেটা হলো ছন্দবদ্ধ কাব্যরীতির অনুসরণ। তিনি বেশ কিছু কবিতা ছন্দবদ্ধ রীতিতে রচনা করেন, বিশেষত রোমান্টিক কবিতাগুলোতে তিনি ছন্দবদ্ধ রীতিকে বেশি প্রাধান্য দেন। তবে তিনি সময়ের সাথে সাথে প্রাচীন ধারা থেকে বেরিয়ে আসার চেষ্টা করেন এবং নিজের মতো করে কাব্যচর্চা শুরু করেন। যদিও পরবর্তী সময়ে রচিত কবিতাসমূহে প্রাচীন কবিদের প্রভাব লক্ষ্য করা যায়, তবে তা উল্লেখযোগ্য হিসেবে তেমন বিবেচিত নয়। মূলত প্রাচীন কবিতার অধ্যয়ন তাঁর শব্দ ভাণ্ডার ও ভাষাগত দক্ষতা সমৃদ্ধকরণে বলিষ্ঠ ভূমিকা রাখে। এ প্রসঙ্গে রাজা নাক্বাশ মন্তব্য করে বলেন:<sup>২১</sup>

إذن فقد كانت بداية محمود درويش هي تقليد الشعر الكلاسيكي في أقدم نماذجه وأشهرها وهي المعلقة. ولكن هذه مرحلة من مراحل الطفولة الفنية، وعلى الشاعر أن يتجاوزها بسرعة إذا كانت لديه موهبة حقيقية. ولذلك فقد استطاع بفضل هذه الموهبة أن يتجاوز بسرعة مرحلة التقليد للشعر القديم وهي مرحلة لا بد منها. ولكنه أخذ من معرفته بالشعر القديم ومن معاشرته الفنية العميقة له صفات فنية ظلت مرتبطة بشعره حتى اليوم. وأهم ما استفاده محمود من قرائته الدقيقة للشعر القديم أنه أولاً يملك معرفة واسعة باللغة العربية وبمفرداتها اللغوية والشعرية.

“সুতরাং, মাহমূদ দারবীশের কাব্যচর্চার সূচনাটি ধ্রুপদী কবিতার প্রাচীনতম এবং সবচেয়ে প্রসিদ্ধ নিদর্শন মু‘আল্লাকাসমূহের অনুকরণ করার মাধ্যমে ঘটে। তবে এটি শিল্পের শৈশব পর্যায়ের একটি অবস্থা এবং কবি মনে করেন তিনি অবশ্যই এ পর্যায়টি অত্যন্ত দ্রুততার সাথে অতিক্রম করতে সক্ষম হবেন। কেননা তাঁর নিকট সত্যিকারের প্রতিভা রয়েছে। অতএব, এই প্রতিভার মাধ্যমে তিনি দ্রুততার সাথে প্রাচীন কবিতার অনুকরণের পর্যায় অতিক্রম করতে সক্ষম হন, যা তাঁর কাব্যচর্চার একটি অনিবার্য পর্যায় হিসেবে বিবেচিত। তবে তিনি তাঁর প্রাচীন কবিতার অভিজ্ঞতা থেকে এবং গভীর শৈল্পিক সংসর্গ থেকে বেশ কিছু শৈল্পিক গুণাবলী অর্জন করেন, যা তাঁর কবিতার সাথে আজ অবধি যুক্ত রয়েছে। প্রাচীন কবিতা যত্ন সহকারে অধ্যয়ন করার ফলে মাহমূদ দারবীশ সবচেয়ে যে গুরুত্বপূর্ণ বিষয়টি লাভ করেন তা হলো তিনি প্রথমেই আরবী ভাষার আভিধানিক এবং কাব্যিক শব্দভাণ্ডার সম্পর্কে ব্যাপক জ্ঞানের অধিকারী হন।”

**রোমান্টিক কবিতার চর্চা:** এ পর্বে দারবীশ দেশ ও জাতি ছাড়াও প্রেম বিষয়ক বেশ কিছু রোমান্টিক কবিতা রচনা করেন। তিনি এ ক্ষেত্রে বাদার শাকির সাইয়াব, নিয়ার কাব্বানীসহ বেশ কিছু রোমান্টিক কবিদের পদাঙ্ক অনুসরণ করেন।<sup>২২</sup> *আওরাকুয যাইতুন* (১৯৬৪ খ্রি.) নামক কাব্যগ্রন্থে তাঁর রোমান্টিক কবিতার উজ্জ্বল নিদর্শন দেখতে পাওয়া যায়। তবে প্রেমের ক্ষেত্রে দারবীশ প্রেমিকা ও মাতৃভূমিকে অনেক সময় একে অপরের মাঝে মিলিয়ে ফেলেন এবং উভয়টিকে তিনি হৃদয়ের একই স্থানে লালন করতে থাকেন। ফলে প্রেমিকার প্রতি তাঁর আবেগ ও অনুভূতি প্রকাশ করতে গিয়ে তিনি প্রেমিকার পাশাপাশি মাতৃভূমির আলোচনা পাঠকের সামনে উপস্থাপন করেন এবং মাতৃভূমি ফিলিস্তিনের প্রতি তাঁর স্বপ্ন, আশা-আকাঙ্ক্ষা ও অনুভূতির বিষয়টি অকৃত্রিম আবেগের মাধ্যমে ফুটিয়ে তোলেন। মূলত তিনি রোমান্টিক কবিতা রচনার ক্ষেত্রে প্রেমিকার চেয়ে দেশপ্রেমের প্রতি বেশি আগ্রহী হয়ে উঠেন এবং মাতৃভূমি ফিলিস্তিনের বিভিন্ন সমস্যা ও সঙ্কট নিরসনের প্রতি মনোযোগ প্রদান করেন। এ প্রসঙ্গে বিশিষ্ট দারবীশ গবেষক রাজা নাক্বাশ বর্ণনা করেন:<sup>২৩</sup>

ومحمود درويش كثيراً ما يمزج بين الحبيبة والوطن، ويجعل منهما شيئاً واحداً. وكثيراً ما يتحدث عن الحبيبة ثم يقوده الحديث إلى فلسطين وجرحها وأحلامها أيضاً. لقد وصل محمود درويش في تعبيره الفني عن تجربته العاطفية إلى درجة عالية من الاحساس العميق بأن كل لحظة حب يحس بها نحو فتاته هي في نفس الوقت لحظة عاطفة من أجل الأرض المجروحة. لأن الحبيبة دائماً تذكره بالوطن، بل إن الحبيبة هي والوطن في نفس الوقت.

“মাহমুদ দারবীশ প্রায়শই তাঁর প্রেমিকা এবং মাতৃভূমির মাঝে মিশে গিয়ে উভয়টিকে একটিতে রূপান্তরিত করেন। তিনি প্রায়ই প্রেয়সী সম্পর্কে কথা বলতে শুরু করেন, কিন্তু পরক্ষণে আলোচনা তাঁকে ফিলিস্তিনের দুঃখকষ্ট ও তার স্বপ্নের দিকে নিয়ে যায়। মাহমুদ দারবীশ তাঁর আবেগময় অভিজ্ঞতার শৈল্পিক অভিব্যক্তির মাধ্যমে এমন গভীর অনুভূতির উচ্চস্তরে পৌঁছতে সক্ষম হন যে প্রেমিকাকে উৎসর্গ করা তাঁর প্রতিটি ভালোবাসার মুহূর্ত ক্ষতবিক্ষত ভূমির জন্য আবেগময় মুহূর্তে পরিণত হয়। কেননা তাঁর প্রেয়সী সর্বদা তাঁকে মাতৃভূমির কথা মনে করিয়ে দেয়। অধিকন্তু প্রেয়সী ও মাতৃভূমি তাঁর নিকট একই জিনিস হিসেবে বিবেচিত হয়।”

**মার্কসবাদী দর্শনের প্রভাব:** ফিলিস্তিনি জনগণের অধিকার আদায় ও স্বাধীনতা অর্জনের জন্য মাহমুদ দারবীশ ছাত্রজীবন থেকেই রাজনীতিতে জড়িয়ে পড়েন। রাজনীতি জীবনের প্রথম দিকে তিনি কমিউনিস্ট পার্টিতে যোগদান করেন এবং মার্কসবাদী মতবাদ দ্বারা প্রভাবিত হয়ে পড়েন। তিনি দেশ ও সমাজের মাঝে সাম্য-সম্প্রীতির এক দৃঢ় বন্ধন প্রতিষ্ঠা করতে আগ্রহী হয়ে উঠেন। ফলে তাঁর কাব্যচর্চায় মার্কসবাদী দর্শনের প্রভাব ব্যাপকভাবে লক্ষ্য করা যায়।<sup>২৪</sup> মূলত দারবীশ ছোটবেলা থেকে ইসরাইলী রাষ্ট্র ও সেনাবাহিনী কর্তৃক বৈষম্য ও নির্যাতনের শিকার হওয়ায় সাম্যবাদী মতবাদ তাঁকে প্রবলভাবে আকৃষ্ট করে। সময়ের সাথে সাথে তিনি সাম্যবাদী হয়ে উঠেন এবং বৈষম্য ও নির্যাতনের নানা চিত্র কবিতায় ফুটিয়ে তোলেন। সাম্যের প্রতি তাঁর আকাঙ্ক্ষার উজ্জ্বল নিদর্শন ফুটে উঠে তাঁর রচিত প্রথম কাব্যে। দায়রুল আসাদ স্কুলের অষ্টম শ্রেণিতে পড়া অবস্থায় ইসরাইলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে স্কুল কর্তৃপক্ষ একটি অনুষ্ঠানের আয়োজন করে। তখন তাঁর বয়স মাত্র বারো বছর। ক্লাসের ভালো ছাত্র হওয়ায় এবং নানামুখী প্রতিভা ও যোগ্যতার কারণে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য তাঁকে আহ্বান জানানো হলে অনুষ্ঠানে উপস্থাপনের জন্য তিনি একটি কবিতা রচনা করেন। কবিতাটির বিষয়বস্তু ছিল এক ইহুদী বালকের প্রতি আরেক আরব বালকের করুণ আর্তনাদ। কবিতাটিতে ইসরাইলী রাষ্ট্র কর্তৃক ফিলিস্তিনী জনগণের উপর বৈষম্যমূলক আচরণের তীব্র নিন্দা প্রকাশ করে সাম্য প্রতিষ্ঠার আহ্বান জানানো হয়। উক্ত কবিতায় দারবীশ বলেন:<sup>২৫</sup>

يا صديقي!

بوسعك أن تلعب تحت الشمس كما تشاء.

بوسعك أن تصنع ألعاباً

ولكنني لا أستطيع.

أنا لا أملك ما تملكه.

لك بيت، ولا بيت لي،

فأنا لاجئ.

لك أعياد وأفراح،

وأنا بلا عيد وفرح.

ولماذا لا نلعب معاً؟

“হে বন্ধু! তুমি তোমার খেয়াল খুশিমত দিনের বেলায় খেলতে পারো, তুমি তোমার খেলনা বানাতে পারো। কিন্তু আমি তা পারি না। তোমার যা কিছু আছে, তার কিঞ্চিৎ পরিমাণও আমার কাছে নেই। তোমার বাড়ী আছে, অথচ আমার কোনো বাড়ী নেই। আমি আজ উদ্বাস্ত। তোমার রয়েছে ঈদ ও অনাবিল আনন্দ, অথচ আমার কোনো ঈদও নেই এবং কোনো আনন্দও নেই। আমরা কেন এক সাথে খেলতে পারি না?”

কাব্যচর্চায় তীব্র আবেগের বহিঃপ্রকাশ: দারবীশের প্রাথমিক পর্বে রচিত কবিতাসমূহের একটি অন্যতম বৈশিষ্ট্য হলো তীব্র আবেগের বহিঃপ্রকাশ। এ সময়টিতে তিনি তাঁর কাব্যচর্চায় আবেগ ও অনুভূতি প্রকাশের ক্ষেত্রে বেশ মনোযোগী হয়ে উঠেন এবং হৃদয়ে জমানো হাজারো অনুভূতি দ্ব্যর্থহীনভাবে ব্যক্ত করেন। আবেগের বহিঃপ্রকাশ করতে গিয়ে তাঁকে কখনো একজন রোমান্টিক প্রেমিক হিসেবে দেখতে পাওয়া যায় আবার কখনো ক্রোধে উত্তেজিত এক প্রতিবাদী নায়ক হিসেবে দেখতে পাওয়া যায়। তবে নির্বাসন পরবর্তীতে তাঁর কাব্যচর্চায় তীব্র আবেগের প্রভাব তেমন একটা লক্ষ্য করা যায় না যেমনটা তাঁর প্রাথমিক পর্বে রচিত কাব্যে লক্ষ্য করা যায়, বরং পরবর্তী সময়ে তাঁর কবিতা হয়ে উঠে বাস্তববাদী ও যুক্তি নির্ভর। মূলত এ সময়টিতে ইসরাইল কর্তৃক অমানবিক নির্যাতন ও অবর্ণনীয় বৈষম্য তাঁকে মানসিকভাবে ভাবিয়ে তোলে। আত্মপরিচয়ের সংকট ও উদ্বাস্ত জীবন তাঁর মনে হাজারো প্রশ্নের, হাজারো আবেগের জন্ম দেয় যা তাঁর কাব্যে তীব্রভাবে ফুটে উঠে। এ সময়ে রচিত *বিতাকাতুন হুবিয়্যাহ* (بطافة هوية) শীর্ষক কবিতায় তাঁর তীব্র আবেগের বহিঃপ্রকাশ দেখতে পাওয়া যায়। দৃষ্টান্তস্বরূপ কবিতাটির কিছু অংশ নিম্নে উপস্থাপন করা হলো:<sup>২৬</sup>

سَجَلْ/أنا عربي/سلبتُ كرومَ أجدادي  
وأرضاً كنتُ أفلحُها/أنا وجميعُ أولادي  
ولم تتركْ لنا.. ولكنْ أحفادي/سوى هذي الصخور...  
فهل ستأخذُها/حكومتكم.. كما قايلاً؟  
إذن/سَجَلْ.. برأسِ الصفحةِ الأولى  
أنا لا أكرهُ الناسَ/ولا أسطو على أحدٍ  
ولكَيّ.. إذا ما جعتُ/أكلُ لحمَ مغتصبي  
حذار.. حذار.. من جوعي/ومن غضبي!!

“তুমি লিখে রাখো, আমি একজন আরব সন্তান। আমার দাদার আঙ্গুরের বাগান ছিনিয়ে নেয়া হয়েছে, যা আমি আমার সকল সন্তান মিলে চাষ করতাম। তারা আমাদের জন্য এবং পরবর্তী প্রজন্মের জন্য এ পাথুরে ভূমিটুকু ছাড়া কিছুই রেখে যায়নি। আচ্ছা! তোমাদের প্রশাসন নাকি অচিরেই সেটাও নিয়ে নিবে? যেমনটি বলা বলা হচ্ছে।

তাহলে, তুমি লিখে নাও, প্রথম পৃষ্ঠার একেবারে উপরে। আমি কোনো মানুষকে ঘৃণা করি না, আর আমি কারো উপর বল প্রয়োগও করি না। কিন্তু আমি যখন ক্ষুধার্ত হই, তখন আমি আমার লুণ্ঠনকারীর মাংস ভক্ষণ করি। সুতরাং সাবধান! সাবধান! আমার ক্ষুধা থেকে আর আমার ক্রোধ থেকেও।”

মূলত দারবীশের প্রাথমিক পর্বটি ফিলিস্তিনকেন্দ্রিক। এ সময়ে তাঁর কবিতায় ফুটে উঠে সমাজ, রাজনীতি ও দেশপ্রেমের নানা চিত্র। রোমান্টিক কবিতার উপস্থিতিও লক্ষ্য করা যায় ব্যাপকভাবে। তবে কবিতায় তিনি প্রেমিকা ও দেশকে প্রাণবন্ত করে তুলেছেন একইসাথে। তাঁর কবিতায় ভালোবাসা ও দেশপ্রেমের এক অনন্য

সমন্বয় লক্ষ্য করা যায়। দারবীশ তাঁর প্রাথমিক পর্বে প্রাচীন কাব্যরীতি দ্বারা প্রভাবিত হলেও ধীরে ধীরে তিনি আধুনিক কাব্যশৈলীর মাধ্যমে কাব্যচর্চা শুরু করেন। এ সময়টিতে তিনি জটিল বাক্যবিন্যাস ও দুর্লভ শব্দব্যবহার থেকে নিজেকে বিরত রাখেন এবং তাঁর কবিতার ভাষাকে সহজ-সরল ও প্রাণবন্ত করে তোলার চেষ্টা করেন। ফলে তাঁর কবিতা ফিলিস্তিনীদের মাঝে নতুন প্রাণের সঞ্চার করে এবং ক্রমাশয়ে তাঁকে জনপ্রিয় করে তোলে। এ সময়ের মধ্যে তাঁর যে সমস্ত কবিতার গ্রন্থ প্রকাশিত হয়, সেগুলো হলো: *আছাফির বিলা আযনিহা* (*Wingless Birds*, 1960), *আওরাকুয যাইতুন* (*Leaves of Olives*, 1964), *আশিক মিন ফিলিস্তিন* (*A Lover from Palestine*, 1966), *আখিরুল লাইল* (*The End of the Night*, 1967), *ইউমিয়্যাতু জারহি ফিলিস্তিন* (*Diary of a Palestinian Wound*, 1969), *আল 'আসাফিরু তামুতু ফিল জালীল* (*Birds are Dying in Galilee*, 1970), *আল কিতাবা 'আলা দাউয়িল বান্দুকিয়াহ* (*Writing in the Light of the Gun*, 1970), *হাবিবাতী তানহাদু মিন নাউমিহা* (*My Beloved Awakens*, 1970)।

#### বিকাশ পর্ব

সত্তরের দশক থেকে নিয়ে আশির দশক পর্যন্ত সময়টিকে দারবীশের কাব্যচর্চার বিকাশ পর্ব বিবেচনা করা হয়।<sup>২৭</sup> তাঁর বিকাশ পর্বটি মূলত প্রাচীন ও আধুনিক বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত। ফলে এ পর্বে তাঁর কাব্যচর্চায় আধুনিকতার ছোঁয়া স্পর্শ করলেও প্রাচীন ধারার কিছু কিছু বিষয়াবলী লক্ষ্য করা যায়। ১৯৭০ খ্রিস্টাব্দে তিনি দেশের বাইরে গমন করলে বিভিন্ন কবি-সাহিত্যিকদের সংস্পর্শ ও বিভিন্ন বাস্তবতা পর্যবেক্ষণের মাধ্যমে নতুন চেতনা তৈরি হওয়ায় তাঁর কবিতার মোড় ঘুরে যায়। কবিতায় নতুন অবয়ব ও শিল্পমাত্রা যোগ হয়। কবিতার নতুন জগৎ নির্মিত হয়। এ সময় তাঁর কবিতা আল-আহরাম পত্রিকায় প্রকাশিত হলে মিসরসহ আরববিশ্বে ব্যাপক সাড়া পড়ে এবং কাব্যখ্যাতির উচ্চাঙ্গে তাঁর অবস্থান সুনিশ্চিত হয়। কাব্যচর্চার বিকাশ পর্বে দারবীশ প্রবাসী ও রোমান্টিক ধারার কবিদের দ্বারা বেশ প্রভাবিত হন। বিশেষত আলী মাহমুদ তোহা ও ইবরাহীম নাজীর প্রভাব তাঁর কবিতায় ব্যাপকভাবে দেখতে পাওয়া যায়।<sup>২৮</sup> দারবীশের বিকাশ পর্বের কাব্যচর্চায় যে সমস্ত বৈশিষ্ট্য ফুটে উঠে, তা নিম্নে তুলে ধরা হলো।

**চিন্তা ও দর্শনের সমৃদ্ধি:** কাব্যচর্চার প্রাথমিক পর্বে দারবীশের চিন্তা ও দর্শন সংকীর্ণ পরিমণ্ডলে সীমাবদ্ধ ছিল। মার্কসবাদী দর্শন দ্বারা প্রভাবিত হওয়ায় তাঁর চিন্তা ও দর্শন ছিল ফিলিস্তিন কেন্দ্রিক। এ সময়ে তিনি জাতীয় বিষয়াদির প্রতি সচেতন হয়ে উঠেন এবং জাতীয় সংকট ও সমস্যাবলীর সমাধান নিয়ে ব্যাপকভাবে চিন্তা-ভাবনা করেন। তবে ১৯৭০ খ্রিস্টাব্দে বিদেশের উদ্দেশ্যে মাতৃভূমি ফিলিস্তিন ত্যাগ করার পর তাঁর কাব্যচর্চায় ব্যাপক পরিবর্তন লক্ষ্য করা যায়। রাশিয়া, মিসর ও লেবাননসহ বিভিন্ন কবি-সাহিত্যিকদের সাথে তাঁর সাক্ষাত ও তাঁদের লিখিত রচনাবলী দারবীশের চিন্তা ও দর্শনকে বেশ প্রভাবিত করে। ফলে দারবীশ ফিলিস্তিন কেন্দ্রিক চিন্তা-ভাবনার সংকীর্ণতা থেকে নিজেকে মুক্ত করে সামগ্রিক বিষয়াদির প্রতি মনোনিবেশ করেন। তিনি আরব বিশ্বসহ বহির্বিশ্বের বিভিন্ন সংকট ও বৈষম্যমূলক আচরণসমূহ পর্যবেক্ষণ করেন এবং এ সমস্ত বিষয়াবলীকে কেন্দ্র করে বিভিন্ন কবিতা রচনা করেন। মোটকথা ১৯৭০ থেকে ১৯৮২ সাল পর্যন্ত দীর্ঘ সময়টিতে বিদেশে অবস্থান ও বিভিন্ন কবি-সাহিত্যিকগণের সাথে সাক্ষাৎ তাঁর কাব্য প্রতিভা, চিন্তা ও দর্শনকে সমৃদ্ধ করে তুলতে কার্যকরী ভূমিকা পালন করে। এ প্রসঙ্গে ড. হুসাইন হামযাহ বলেন:<sup>২৯</sup>

يبعد أن خروج الشاعر من إسرائيل قد ساهم في هذا التطور. لأن الابتعاد عن الأرض طور عند الشاعر مفهوم الرؤيا واستشرف الحدث. كما طور مفهوم المنفى الذي قلما نجده متطورا ومركبا عند شاعر آخر. إن التقائه الحر بالحضارة العالمية والعربية ترك أثرا على تجربته الشعرية.

“আমার কাছে মনে হয় যে, ইসরাইল থেকে কবির দেশত্যাগ তাঁর কাব্যবিকাশে বেশ অবদান রাখে। কারণ আপন ভূমির বিচ্ছেদ কবির মাঝে ঘটনার পূর্বাভাস ও

স্বপ্নের বাস্তবতা স্পষ্ট করে তোলে। যেমনভাবে তাঁর নিকট নির্বাসনের ধারণাটি স্পষ্ট করে তোলে, যা আমরা অন্য কবির মাঝে খুব কমই বিকশিত এবং সুসংগঠিত হিসেবে দেখতে পাই। কেননা বিশ্ব সভ্যতা ও আরব সভ্যতার সাথে তাঁর অবাধ সাক্ষাত তাঁর কাব্যিক অভিজ্ঞতায় যথেষ্ট প্রভাব ফেলে। (যদি তিনি দেশ ত্যাগ না করতেন, তাহলে হয়তো তাঁর এমন সমৃদ্ধি ঘটত না।)”

**রূপক ভাব ও ভাষার ব্যবহারে দক্ষতা অর্জন:** কাব্যচর্চার প্রথম থেকেই মাহমুদ দারবীশের কবিতায় রূপক ভাব ও ভাষার ব্যবহার লক্ষ্য করা যায়। তবে বিকাশ পর্বে দারবীশ তাঁর আবেগ-অনুভূতিগুলো স্পষ্ট ভাষায় উপস্থাপন করার পরিবর্তে ব্যাপকভাবে প্রতীকী শব্দ ও রূপক ভাবের মাধ্যমে বর্ণনা করেন। এ সময়টিতে তিনি রূপক ভাব ও প্রতীকী ভাষার আশ্রয় গ্রহণ করে কাব্যচর্চা করেন।<sup>১০</sup> তবে তিনি এ ব্যাপারে অত্যন্ত সচেতন ছিলেন যে, রূপকের আশ্রয় গ্রহণের মাধ্যমে যেন তাঁর কবিতার মৌলিক ভাব ও কাব্যশিল্পের কোনো পরিবর্তন না ঘটে। কার্যত তিনি তাঁর প্রতীকী বর্ণনায় জটিল বাক্য বা শব্দ পরিহার করে পাঠকের বোধ উপযোগী রূপক ভাষা ব্যবহার করেন। ফলে তিনি খুবই অল্প সময়ে কবিতায় রূপক ভাব ও ভাষার ব্যবহারে অনন্য দক্ষতা অর্জন করতে সক্ষম হন।<sup>১১</sup> তিনি এমন সব উপমা, রূপক ও প্রতীকের ব্যবহার করেন যা একান্তভাবেই তাঁর জন্মভূমির শিকড়ের সাথে সম্পর্কিত।<sup>১২</sup> জলপাই বাগান, পাথর, পুঁদিনার খেত ও সুগন্ধ, গুল্মরাজি, বিভিন্ন প্রকারের উদ্ভিদ ও প্রকৃতির উপকরণ তাঁর কবিতায় সহজ ভাষায় অভিনব ও আকর্ষণীয়ভাবে ফুটে উঠেছে।<sup>১৩</sup> আর এ কারণে তাঁর প্রত্যেকটি কবিতার মাঝে এক প্রকার নতুনত্ব ও ভিন্নতা দেখতে পাওয়া যায়, যা পাঠককে তাঁর কবিতার প্রতি আরো বেশি আকৃষ্ট ও আগ্রহী করে তোলে। এ প্রসঙ্গে বিশিষ্ট গবেষক আহমাদ আব্দুল হাফিয সালিহ বর্ণনা করেন:<sup>১৪</sup>

شكلت فاعلية الرمز في هذه المرحلة ميزة واضحة حيث كثف درويش من توظيف الرمز الذي أوجد له أفنعة كما في مجموعة أعراس عام 1972م في قصيدة أحمد الزعتر. فالرمز جعله للبطل الفلسطيني كما وجعل المعالم الجغرافية للمكان في طفولته رموزا ذاتية.

“এ পর্যায়ে প্রতীকী বর্ণনার ব্যবহার স্পষ্টভাবে সুসংগঠিত হয়ে উঠে। এমনকি দারবীশ প্রতীকী বর্ণনা ব্যবহারের ক্ষেত্রে বেশ তীব্র হয়ে উঠেন যা তাঁর জন্য একটি রূপক অবয়ব সৃষ্টি করে। যেমন ১৯৭২ খ্রিস্টাব্দে প্রকাশিত আ'রাশ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত আহমাদ জা'তার শীর্ষক কবিতায় লক্ষ্য করা যায়। সুতরাং, প্রতীকী বর্ণনা তাঁকে ফিলিস্তিনীয় নায়ক হিসেবে উপস্থাপন করেছে, যেমনভাবে তাঁর শৈশবে কাটানো স্থানসমূহের ভৌগলিক নিদর্শনগুলোকে তাঁর ব্যক্তিগত প্রতীক হিসেবে পরিণত করেছে।”

**কবিতায় মুক্তছন্দের অধিক ব্যবহার:** দারবীশ আরবী সাহিত্যের ধ্রুপদী শৈলী অনুসরণ করে লেখালেখি শুরু করেন। শুরুতে তাঁর কবিতায় সনাতন আরবী কবিতার ছন্দের অনুসরণ লক্ষ্য করা যায়। সত্তরের দশক থেকে তিনি মুক্ত ছন্দের কবিতা লিখতে শুরু করেন এবং দৃঢ়ভাবে ধ্রুপদী কাব্যিক শৈলী অনুসরণ করা থেকে নিজেকে বিরত রাখেন। কারণ অনুসন্ধান করতে গিয়ে যে বিষয়টি স্পষ্ট হয়ে উঠে তা হলো, কবিতাকে দারবীশের ভাব বিনিময়ের একটি প্রধান মাধ্যম হিসেবে বিবেচনা করা। দারবীশ মনে করেন, কবিতার ক্ষেত্রে ছন্দের চেয়ে ভাব বিনিময়ের বিষয়টি বেশি গুরুত্বপূর্ণ। কবিতা রচনার ক্ষেত্রে ছন্দের প্রতি অত্যাধিক গুরুত্বারোপ কবির ভাব বিনিময়ের ধারাকে ব্যাহত করতে পারে। তাছাড়া কাব্যচর্চার মূল উদ্দেশ্য হলো পাঠকের নিকট কবির বক্তব্য বোধগম্য হওয়া। আর তাই ছন্দের ব্যবহারে পাঠকের বোধগম্যতা হারিয়ে ফেলার চেয়ে ছন্দমুক্ত কবিতার মাধ্যমে পাঠকে বোধগম্য করে তোলা বেশি বাঞ্ছনীয় ও সার্থক বলে তিনি

মনে করেন। মূলত তিনি সাধারণ জনগণের খুব কাছাকাছি এসে তাদের হৃদয়ের প্রতিধ্বনি আপন কবিতার ছন্দে ছড়িয়ে দিতে চেষ্টা করেন। আর তাই ছন্দের নান্দনিকতা প্রকাশের চেয়ে হৃদয়ের অনুভূতি ও আবেগের গভীরতার বিষয়টিকে তিনি বেশি প্রাধান্য দিতে চেষ্টা করেন। এ প্রসঙ্গে *উহিব্বুকা আও লা উহিব্বুকা* (১৯৭২ খ্রি.) কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত আয়িদুন ইলা ইয়াফা (عائد إلى يافا) শীর্ষক কবিতার কয়েকটি পঙক্তি দৃষ্টান্তস্বরূপ নিম্নে উল্লেখ করা যেতে পারে। কবি বলেন:<sup>৩৫</sup>

هو الآن يرحل عنّا

ليسكن يافا

ونحن بعيدون عنه

ويافا حقائبٌ منسيّةٌ في مطازٍ

ونحن بعيدون عنه.

لنا صُورٌ في جيوب النساء،

وفي صفحات الجرائد

نعلمن قصّتنا كل يوم.

لنكسب خصلة ربح و قبلة نار.

“সে এখন আমাদের ছেড়ে চলে যাচ্ছে,

জাফায় বসবাস করার জন্য।

আমরা তার থেকে অনেক দূরে।

জাফা হলো এয়ারপোর্টে হারানো ব্যাগের মত একটি স্থান।

আমরা তার থেকে অনেক দূরে।

মেয়েদের পকেটে আমাদের ছবি রয়েছে,

আরো রয়েছে খবরের কাগজের পাতায়।

আমরা প্রতিদিন আমাদের গল্প বলি,

বাতাসের বৈশিষ্ট্য এবং আগুনের চুম্বন জয় করার জন্য।”

**প্রতিবাদী কবিতার চর্চা:** ফিলিস্তিনে মূলত ষাটের দশক থেকে প্রতিবাদী কবিতার চর্চা শুরু হয়। মাদ্রিন বাসিসু, হাবিব কাহোজী, হান্না আবু হান্না তৎকালীন প্রথম সারির প্রতিবাদী কবিদের মধ্যে অন্যতম ছিলেন। তবে ষাটের দশকের শেষের দিকে এ ধারা সংগঠিত আকারে তৎপর হয়। ফিলিস্তিন ভূখণ্ড থেকে অনেক লেখক, কবি, সাহিত্যিক নিজ নিজ অবস্থান থেকে অগ্রণী ভূমিকা পালন করেন। কবিদের মধ্য থেকে যারা প্রতিবাদী আন্দোলনে এগিয়ে আসেন তাঁদের মধ্যে ইউসুফ আল খাতীব, রাশিদ আল বুহাইয়ি, সামিহ আল কাসিম, তাওফিক যিয়াদ, সালিম জিবরান, রাশিদ হুসাইন উল্লেখযোগ্য।<sup>৩৬</sup> তাঁদের কাব্য প্রচেষ্টায় প্রতিবাদী আন্দোলন প্রাণবন্ত হয়ে উঠে। তবে দারবীশের প্রতিবাদী কবিতা এ আন্দোলনকে আরো অর্থবহ করে তোলে। তাঁর প্রতিবাদী কবিতা ফিলিস্তিনী সংগ্রামের বিভিন্ন ঘটনা ও বিভিন্ন প্রেক্ষাপটের সাথে সম্পৃক্ত হওয়ায় প্রতিবাদের প্রকাশভঙ্গিতে ভাষা, ছন্দ ও উপস্থাপনা এক অনন্য বৈশিষ্ট্য তৈরি করে। সাথে সাথে একেকটি প্রতিবাদী কবিতায় একেক ধরনের ভিন্ন ভিন্ন স্বাদ লক্ষ্য করা যায়। মূলত বিকাশ পর্বে দারবীশের কাব্যে প্রতিবাদী ভাষার ব্যবহার তীব্রভাবে স্পষ্ট হয়ে উঠে। এ সময়টিতে তাঁর চিন্তা, চেতনা ও কবিতায় প্রতিবাদের রূপ বিকশিত হয়ে উঠে পূর্ণমাত্রায়। ফলে তাঁর প্রতিবাদী কবিতাসমূহ ফিলিস্তিনের সাধারণ মানুষকে ব্যাপকভাবে উজ্জীবিত করে এবং তাঁর প্রতিবাদী কবিতার প্রভাব অন্যান্য আরবদেশে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। পাশাপাশি অ্যাডোনিস, আল হাভি, ইউসুফ আল খলীল, নিজার কান্বানীসহ অনেক



সমকালীন আরব কবি তাঁর এ ধারার সাথে সম্পৃক্ত হন। এ প্রসঙ্গে বিশিষ্ট গবেষক আনোয়ার মুহাম্মাদ তাওরাহ উল্লেখ করেন:<sup>৩৭</sup>

وقد شكلت هذه المرحلة التاريخية ذروة انفعال الثورة والمقاومة الفلسطينية والعمل الفدائي الفلسطيني. فجاء شعره معبرا عن الغضب والثورة بحجم المأساة والظلم الواقع على شعبه حيث عبرت عنه قصيدة سرحان يشرب القهوة في الكافيتيريا التي جاءت على شكل بنية حوارية وأسلوب فني جديد.

“এ ঐতিহাসিক পর্যায়টি ফিলিস্তিনী বিপ্লব ও প্রতিরোধ এবং ফিলিস্তিনী জনগণের আত্মোৎসর্গমূলক কর্মকাণ্ডের উত্তেজনাকে চূড়ান্ত পর্যায়ে উন্নীত করে। ফলে ফিলিস্তিনী জনগণের উপর আপতিত নির্যাতন ও দুঃখকষ্ট সহ্য করার ব্যাপারে তাঁর কবিতা ক্ষোভ এবং বিদ্রোহ প্রকাশ করে, এমনকি সারহানু ইয়াশরাবুল কাহওয়াহ ফিল কাফিতিরিয়া (সারহান ক্যাফেটারিয়ায় কফি পান করে) শীর্ষক কবিতাটি সে বিষয়টিকে আরো সুস্পষ্টভাবে আলোচনা করে, যা সংলাপধর্মী অবকাঠামোর ভিত্তিতে নির্মিত হয়েছে ও নতুন শৈল্পিক রূপে রচিত হয়েছে।”

প্রসঙ্গক্রমে এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করা প্রয়োজন। তা হলো, দারবীশের প্রতিবাদী কবিতা সম্পর্কে কিছু কিছু সাহিত্যিক সমালোচনা করেন এবং তাঁকে সংগ্রামী কবি হিসেবে আখ্যায়িত করেন। তাঁরা মনে করেন দারবীশের প্রতিবাদী কবিতা সাধারণ মানুষের মাঝে সংগ্রাম ও আন্দোলনের চেতনাকে উজ্জীবিত করেছে এবং সামাজিক শান্তি-শৃঙ্খলা অস্থিতিশীল করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রকৃতপক্ষে সমালোচকদের এমন দাবি সঠিক নয়। কেননা দারবীশের প্রতিবাদী আন্দোলন একটি মানবিক আন্দোলন। তাঁর এ আন্দোলনের মূল ভিত্তি হলো মানবতা। তাঁর স্লোগান হলো শান্তি ও ন্যায়বিচার। তিনি তাঁর প্রতিটি প্রতিবাদী কবিতায় হরণকৃত অধিকার ফিরিয়ে দেয়ার আহ্বান জানান, সমাজে সাম্যতা বজায় রাখার আহ্বান জানান। প্রতিশোধ, হিংসা ও বিদ্রোহের ব্যাপারে তিনি নেতিবাচক মনোভাব পোষণ করেন। এ প্রসঙ্গে রাজা নাক্বাশ বর্ণনা করেন:<sup>৩৮</sup>

إن نظرة محمود درويش وزملائه من شعراء المقاومة هي نظرة انسانية نبيلة وشاملة. نظرة تدعو إلى العدل ولا تدعو إلى الانتقام والثار والحق. .... وموقف محمود درويش هو موقف كل شعراء المقاومة في الأرض المحتلة. انهم انسانيون لا متعصبون. دعوتهم هي الحرية والعدل وليست هي الانتقام أو العدوان على الآخرين أو التعالي على شعب من الشعوب.

“মাহমুদ দারবীশ ও প্রতিরোধের কবিদের মধ্য থেকে তাঁর সহকর্মীদের দৃষ্টিভঙ্গি ব্যাপক মহৎ ও মানবতাবাদী। এমন দৃষ্টিভঙ্গি যা ন্যায়বিচারের আহ্বান জানায়, তবে প্রতিশোধ, বিদ্রোহ ও ঘৃণার প্রতি আহ্বান জানায় না। ..... মাহমুদ দারবীশের অবস্থান অধিকৃত ভূমিতে বসবাসকারী সকল প্রতিরোধের কবিদের অবস্থানের মত। তাঁরা মানবতাবাদী, অতিশয় গোঁড়া নয়। তাঁদের দাবী স্বাধীনতা ও ন্যায়বিচার, প্রতিশোধ কিংবা অন্যের বিরুদ্ধে আত্মসন বা কোনো জনগণের প্রতি অবজ্ঞা নয়।”

দারবীশের কাব্যচর্চার বিকাশ পর্বটি খুব একটি দীর্ঘ নয়। তা সত্ত্বেও তিনি ধীরে ধীরে পরিপক্বতার দিকে এগিয়ে যাওয়ার জন্য চেষ্টা-প্রচেষ্টা করেন এবং এ ক্ষেত্রে ব্যাপক সফলতা অর্জন করতে সক্ষম হন। এ সময়টিতে তিনি প্রতিবাদী কবির চেয়ে মানবতাবাদী কবি হিসেবে নিজেকে গড়ে তোলার চেষ্টা করেন এবং কাব্যের শৈল্পিক অবকাঠামো সমৃদ্ধকরণের প্রতি আগ্রহী হয়ে উঠেন। আর তাই অনুভূতির অভিব্যক্তি প্রকাশের পাশাপাশি কাব্যের শৈল্পিক উন্নয়নের বিষয়টিকে তিনি প্রাধান্য দেয়ার চেষ্টা করেন। বিশেষত তিনি

ছন্দের নতুনত্ব, বাক্য বিন্যাস, শব্দ চয়ন ও বিষয় নির্বাচনের ক্ষেত্রে এক অনন্য প্রতিভার স্বাক্ষর রাখতে সক্ষম হন। এ সময়ের মধ্যে তাঁর যে সমস্ত কবিতার গ্রন্থ প্রকাশিত হয়, সেগুলো হলো: *মাতারূন না' ইমুন ফী খারীফিন বা' য়ীদ* (*Soft Rain in a Distant Autumn*, 1971), *উহিব্বুকি আও লা উহিব্বুকি* (*Love You, Love You Not*, 1972), *মুহাওয়ালাতু রাকামি ৭* (*Attempt Number 7*, 1974), *তিলকা সুরাতুহা ওয়া হাজা ইনতিহারুল আশিক* (*That's Her Image, and that's the Suicide of Her Lover*, 1975), *আ' রাশ* (*Weddings*, 1977)।

### সমৃদ্ধ পর্ব

আশির দশক থেকে মৃত্যু পর্যন্ত সময়টিকে দারবীশের কাব্যচর্চার সমৃদ্ধ পর্ব মনে করা হয়।<sup>৭৯</sup> সমৃদ্ধ পর্বে তাঁর কাব্যচর্চায় ব্যাপক পরিবর্তনের ছোঁয়া লক্ষ্য করা যায়। এ দীর্ঘ সময়ে তিনি কাব্যরচনার ক্ষেত্রে এমন কাব্যশৈলী উদ্ভাবনের প্রচেষ্টা চালাতে থাকেন, যার মধ্যে আত্মপর্যালোচনা, মানবতাবোধ, বিদ্রূপ সব কিছুই মিশ্রণ ছিল। এ সময়ে তিনি কাব্যের রীতি ও কৌশল নিয়ে অবিরাম নানা পরীক্ষা-নীরিক্ষা চালাতে থাকেন এবং আরবী কাব্যের সাথে নিবিড়ভাবে নিজেকে জড়াতে সক্ষম হন।<sup>৮০</sup> বিশেষত প্যারিসের নির্বাসন তাঁর কাব্যচর্চায় নতুন মাত্রা সংযোজন করে। মূলত দারবীশের কাব্যচর্চার সমৃদ্ধ পর্বটি গড়ে উঠে নির্বাসিত জীবনের বিভিন্ন অভিজ্ঞতার মাধ্যমে। এ সময়ে রচিত কবিতাগুলো হয়ে উঠে পূর্বের চেয়ে আরো অধিক বাস্তবমুখী ও হৃদয়স্পর্শী। ফলে তাঁর প্রতিটি কবিতাই আকাশছোঁয়া জনপ্রিয়তা অর্জন করে এবং সকল শ্রেণির মানুষের মুখে উচ্চারিত হতে থাকে। এমনকি ফিলিস্তিন ও মধ্যপ্রাচ্যের নামিদামি সুরকারগণ তাঁর কবিতায় সুরারোপ করে দারবীশকে করেন আরো জনপ্রিয়, ছড়িয়ে দেন তাঁর ভাষা ও ভাবের জ্যোতি। সুরের স্পর্শে তাঁর কবিতা হয়ে উঠে আরো মোহময় ও আবেদনময়ী। দারবীশের সমৃদ্ধ পর্বের কাব্যচর্চায় যে সমস্ত বৈশিষ্ট্য ফুটে উঠে, তা নিম্নে তুলে ধরা হলো।

**সংলাপধর্মী কাব্য রচনা:** সমৃদ্ধ পর্বে দারবীশের কাব্যচর্চায় যে উল্লেখযোগ্য বিষয়টি লক্ষ্য করা যায়, তা হলো সংলাপধর্মী কাব্য রচনা। তিনি কবিতায় দুটি পক্ষ বা দুটি কণ্ঠস্বর উপস্থাপন করেন, যাদের মাধ্যমে সংলাপ ক্রমান্বয়ে সামনের দিকে এগিয়ে যেতে থাকে। উভয় পক্ষের সংলাপের মাধ্যমে তিনি কবিতার ভাব পাঠকের সামনে বোধগম্য করে তুলেন। তাঁর এসব কবিতা অনেকটা আরবী নাট্যকাব্যের সাথে তুলনা করা যায়।<sup>৮১</sup> তবে তাঁর সংলাপধর্মী কাব্য ও নাট্যকাব্যের মাঝে একটি বড় পার্থক্য হলো নাট্যকাব্যে বিভিন্ন চরিত্রের উপস্থিতি লক্ষ্য করা যায়, কিন্তু তাঁর সংলাপধর্মী কাব্যে কোনো চরিত্রের উপস্থিতি লক্ষ্য করা যায় না। বরং উভয় পক্ষের বক্তব্য তিনি নিজের ভাষায় ব্যক্ত করেন।<sup>৮২</sup> কবি নিজেই কোনো বিষয়ের ব্যাপারে প্রশ্ন বা অভিযোগ করছেন আবার কিছুক্ষণ পরে তিনি নিজেই সে অভিযোগ খণ্ডন করছেন। তাঁর সংলাপের ধারা দেখলে মনে হয় তিনি কোনো বিষয়ে হতাশা প্রকাশ করছেন, আবার সেখান থেকে উত্তোরণের জন্য তিনি আশার আলো কামনা করছেন। এ ক্ষেত্রে তাঁর রচিত *লা তা' তাজির 'আম্মা ফা' আলতা* (২০০৩ খ্রি.) শীর্ষক বিখ্যাত কাব্যগ্রন্থের কয়েকটি পঙ্ক্তি উল্লেখ করা যেতে পারে। কবি বলেন:<sup>৮৩</sup>

قلت ما الشعر؟ ... ما الشعر  
في آخر الأمر؟  
قال: هو الحدث الغامض، الشعر  
يا صاحبي هو ذلك الحنين الذي لا  
يفسر، إذ يجعل الشيء طيفاً، وإذ  
يجعل الطيف شيئاً. ولكنه يفسر  
حاجتنا لاقتسام الجمال العمومي

“আমি বললাম কবিতা কি? আসলে কবিতার কাজ কি?

সে বলল: এটা রহস্যময় একটি বিষয়।

আমার বন্ধু! কবিতা এমন আবেগ ও আকাঙ্ক্ষা,  
যাকে ব্যাখ্যা করা যায় না।

কেননা তা কখনো বাস্তবতাকে কল্পনায় রূপান্তরিত করে,

আবার কখনো কল্পনাকে বাস্তবতায় পরিণত করে।

তবে তা আমাদের প্রয়োজনগুলোকে ব্যাখ্যা করে দেয়,

সাধারণ সৌন্দর্য সবার মাঝে বিলিয়ে দেয়ার জন্য।”

দীর্ঘ কাব্য রচনায় আত্মবুদ্ধি: দারবীশের সমৃদ্ধ পর্বের আরেকটি অন্যতম বৈশিষ্ট্য হলো দীর্ঘ কাব্যের প্রতি আত্মবুদ্ধি। তাঁর সমৃদ্ধ পর্ব পর্যালোচনা করলে দেখা যায়, তিনি শেষ কয়েকটি দশকে বেশ কিছু দীর্ঘ কবিতা রচনা করেন। এমনকি একটি কবিতাকে কেন্দ্র করে তিনি পুরো একটি কাব্যগ্রন্থ রচনা করেন। এসব কবিতার অন্যতম একটি বৈশিষ্ট্য হলো সংলাপধর্মী বর্ণনা কাঠামো। মূলত এসব কবিতায় মনের ভাব বিস্তারিতভাবে আলোচনা করার সুযোগ থাকায় তিনি ক্রমান্বয়ে এ বিষয়টির প্রতি আত্মবুদ্ধি হয়ে উঠেন। তিনি এ সময়ে যে সমস্ত দীর্ঘ কবিতা রচনা করেন, তার মধ্যে *মাদীহু জিল্লিল ‘আলী* (১৯৮৩ খ্রি.), *আরা মা উরীদু* (১৯৯০ খ্রি.), *জিদারিয়্যাহ* (২০০০ খ্রি.), *হালাতু হিসার* (২০০২ খ্রি.) উল্লেখযোগ্য। এ প্রসঙ্গে বিশিষ্ট সমালোচক ড. হুসাইন হামযাহ বর্ণনা করেন:<sup>৪৪</sup>

كتب درويش في مرحلة الانفصال العديد من القصائد الطويلة بعكس المرحلة الأولى التي خلت من هذا النوع من القصائد. تسهم هذه المطولات في عرض المضمون الشعري بشكل مفصل، ومن ثم يخفف هذا التفصيل من الخطابية باستثناء الدرامية الغنائية في مديح الظل العالي (1983م) التي كانت ردة فعل للخروج الفلسطيني من بيروت. كما يساعد الشاعر على التأمل في ثيماته الشعرية مما يزيد من عنصر الذاتية. نجد ذلك في قصيدة مأساة النرجس ملهاة الفضة في مجموعة أرى ما أريد (1990م) وفي جدارية (2000م) وفي حالة حصار (2002م).

“প্রথম পর্বের তুলনায় দারবীশ সমৃদ্ধ পর্বে অনেক দীর্ঘ কবিতা রচনা করেন, প্রথম পর্বটি এই ধরনের কবিতা থেকে মুক্ত ছিল। এ দীর্ঘ কবিতাগুলো কাব্যিক বিষয়বস্তুকে বিশদভাবে উপস্থাপন করতে বেশ অবদান রাখে। আর তাই এ জাতীয় বিশদ বক্তব্য ক্রমান্বয়ে সহজ ও সাবলীল হয়ে উঠে। তবে *মাদীহু জিল্লিল ‘আলী* (১৯৮৩ খ্রি.) শীর্ষক নাট্যগীতিধর্মী কবিতাটি একটু ব্যতিক্রম। কেননা তা বৈরত থেকে ফিলিস্তিনীদের বের করে দেয়ার প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে রচনা করা হয়। দীর্ঘ কাব্য রচনার বিষয়টি কবিকে তাঁর কাব্যিক বিষয়বস্তুসমূহের ব্যাপারে চিন্তা ভাবনা করতে সহায়তা করে, যা তাঁর ব্যক্তিগত যোগ্যতাকে সমৃদ্ধ করেছে। আমরা এর উজ্জ্বল দৃষ্টান্ত দেখতে পাই *আরা মা আরা* (১৯৯০ খ্রি.) কাব্যগ্রন্থের অন্তর্গত মাসাতু নারজিস মালহাতুল ফিদাহ শীর্ষক কবিতায় এবং *জিদারিয়্যাহ* (২০০০ খ্রি.) ও *হালাতু হিসার* (২০০২ খ্রি.) কাব্যগ্রন্থে।”

আত্মকেন্দ্রিক কাব্যরচনার প্রতি মনোনিবেশ: দারবীশ একটি সংগ্রামের নাম, অধিকার আদায়ের আন্দোলনের নাম। দেশ ও জাতির ভাবনা তাঁকে সংগ্রামী কবি হিসেবে গড়ে তুলতে ব্যাপক ভূমিকা পালন করে। আর তাই দেশ ও জাতির নানা বিষয় তাঁর কবিতায় ফুটে উঠে। তিনি এসব কবিতায় সামগ্রিক দৃষ্টিকোণ থেকে পাঠককে সম্বোধন করেন। কিন্তু জীবনের শেষ দিকে এসে তিনি অনেকটা আত্মকেন্দ্রিক হয়ে পড়েন এবং তা

তাঁর কাব্যকে দারুণভাবে প্রভাবিত করে। কাব্যচর্চার প্রাথমিক ও বিকাশ পর্বে সামগ্রিক বিষয় নিয়ে কাব্য রচনা করলেও সমৃদ্ধ পর্বে তিনি আত্মকেন্দ্রিক কাব্যরচনার প্রতি মনোনিবেশ করেন। মূলত শেষের দশকগুলোতে তিনি ইতিহাস, সমাজ-সংস্কৃতি ও ধর্ম বিষয়ের বিভিন্ন গ্রন্থ ব্যাপক অধ্যয়ন করেন। ফলে তাঁর মনে এমন কিছু প্রশ্ন তৈরি হয়, যা তাঁকে আত্মকেন্দ্রিক ভাবনায় নিমজ্জিত হতে উৎসাহিত করে। তিনি পাঠকের চেয়ে নিজেকে নিয়ে বেশি ব্যস্ত হয়ে পড়েন। *হিয়া আগনিয়াহ*, *হিয়া আগনিয়াহ* (১৯৮৬ খ্রি.) শীর্ষক কাব্যগ্রন্থ থেকে শুরু করে *লিমা জা তারাকতাল হিসানা ওয়াহিদান?* (১৯৯৫ খ্রি.), *জিদারিয়াহ* (২০০০ খ্রি.), *হালাতু হিসার* (২০০২ খ্রি.), *লা তা'তাজির 'আম্মা ফা'আলতা* (২০০৩ খ্রি.) শীর্ষক কাব্যগ্রন্থসমূহে তাঁর আত্মচিন্তার ব্যাপক প্রতিফলন দেখতে পাওয়া যায়। এ প্রসঙ্গে বিশিষ্ট গবেষক আনোয়ার মুহাম্মাদ তাওরাহ উল্লেখ করেন:<sup>৪৫</sup>

إن من ينعم النظر في الدواوين الصادرة منذ منتصف الثمانينات إلى التسعينات من القرن الماضي يلمح أن الرؤيا عند درويش قد أصبحت تميل بوضوح نحو الانكفاء على الذات. ومن هذه الدواوين ديوان هي أغنية، هي أغنية (1986م) وديوان ورد أقل (1986م). حيث أصبحت الذات عنده تلتفت إلى عالمها الداخلي المتخفف من ثقل الهوية الوطنية وثقل التمثيل لشعبه، وأصبحت القصيدة تحدد في عالمها الانساني وتتأمل فيما آلت إليه الذات المتشظية بعد ذلك الانكسار المريع لتلتفت إلى ما هو إنساني من حلم وسؤال الوجود.

“গত শতাব্দীর আশির দশকের মাঝামাঝি থেকে নব্বইয়ের দশক পর্যন্ত প্রকাশিত দিওয়ানগুলোকে পর্যবেক্ষণ করলে দেখতে পাওয়া যায় যে, দারবীশের দৃষ্টিভঙ্গি স্পষ্টভাবে আপন সত্তার দিকে ঝুঁকে পড়েছে। এ দিওয়ানগুলোর মধ্যে রয়েছে হিয়া আগনিয়াহ, হিয়া আগনিয়াহ (১৯৮৬ খ্রি.) ও ওয়ারদুন আকাল্ল (১৯৮৬ খ্রি.)। এমনকি তাঁর অস্তিত্বের বিষয়টি তাঁর অন্তর্জগতের দিকে বেশী মনযোগী হয়ে উঠে, যা জাতীয় পরিচয় ও নিজ দেশের জনগণের প্রতিনিধিত্ব করার বোঝা থেকে অনেকটা হালকা, তাঁর কবিতা মানব জগতের দিকে স্থিরচিত্তে তাকিয়ে থাকে এবং ভাবতে থাকে সেই ভয়ঙ্কর ব্যর্থতার পরে খণ্ডিত আত্মার পরিণতি সম্পর্কে, যেন সে মনযোগী হতে পারে মানুষের স্বপ্ন এবং অস্তিত্বের প্রশ্নের ব্যাপারে।”

**স্বপ্ন ও প্রত্যাশার চিত্র অংকন:** দারবীশ একজন বাস্তববাদী কবি। তিনি বাস্তবতাকে সামনে রেখে পথ চলতে শিখেছেন। আর তাই বাস্তবতা তাঁকে অনেক কিছু শিখিয়েছে ও অনেক তীক্ষ্ণ অভিজ্ঞতার স্বাদ আনন্দন করিয়েছে। তবে দারবীশ তাঁর জীবনের শেষ দুই দশকে বাস্তবতার গণ্ডি পেরিয়ে স্বপ্ন ও প্রত্যাশার ভূমিতে বিচরণ করতে শুরু করেন। তিনি তাঁর কবিতায় বাস্তবতার জায়গায় নিজের হৃদয়ে ভেসে উঠা স্বপ্নগুলোকে আশ্রয় দান করেন। তিনি প্রত্যাশার নানা রঙ্গিন চিত্র আপন কবিতায় তুলে ধরেন। দৃষ্টান্তস্বরূপ *জিদারিয়াহ* (২০০০ খ্রি.) কাব্যগ্রন্থের কয়েকটি পঙক্তি উল্লেখ করা যেতে পারে, যেখানে তিনি শব্দ ও ভাষার তুলি দিয়ে নিজের স্বপ্ন ও প্রত্যাশার ছবি অংকন করেছেন। কবি বলেন:<sup>৪৬</sup>

رأيت بلادا تعانقي/بأيدي صباحية: كن  
جديرا برائحة الخبز، كن/لائقا بزهور الرصيف  
فما زال تنور أمك/مشتعلا  
والتحية ساخنة كالرغيف

“আমি লক্ষ্য করছি যে, দেশ আমাকে জড়িয়ে ধরেছে প্রভাতের সচ্ছ হাত দিয়ে।  
তুমি রুটির গন্ধের যোগ্য হয়ে উঠো, ফুটপাতের ফুলের যোগ্য হয়ে উঠো। তোমার  
মায়ের চুলা এখনো জ্বলছে, আর অভিবাদন রুটির মতো গরম।”

দারবীশের সমৃদ্ধ পর্বটি তাঁর কাব্যচর্চার একটি গুরুত্বপূর্ণ অংশ। এ সময়টিতে তিনি নিজেকে একজন প্রথিতযশা কবি হিসেবে প্রতিষ্ঠিত না করে একজন সত্যিকারের কবি হিসেবে প্রতিষ্ঠিত করতে চেষ্টা করেন। আর তাই তিনি এ দীর্ঘ সময়ে সমাজ, রাজনীতি, ইতিহাস, ধর্ম ও সংস্কৃতি নিয়ে ব্যাপক পড়াশোনা করেন এবং সেগুলোর চমৎকার অভিজ্ঞতা কবিতায় উপস্থাপন করেন। তবে তিনি এ সময়টিতে জীবন ও মৃত্যুর রহস্য সম্পর্কে বেশ কৌতুহলী হয়ে পড়েন এবং আত্মকেন্দ্রিক কাব্যচর্চায় আগ্রহী হয়ে উঠেন। এছাড়াও তাঁকে সংলাপধর্মী কাব্যচর্চায় আগ্রহী হতে দেখা যায়। সংলাপধর্মী গঠনশৈলীকে ভিত্তি করে তিনি নির্মাণ করেন অনন্য বৈশিষ্ট্যপূর্ণ এক কাব্যপ্রাসাদ। তাঁর সংলাপধর্মী কবিতায় স্থান করে নেয় সুন্দর স্বপ্ন ও উজ্জ্বল প্রত্যাশা। তিনি সকল সীমাবদ্ধতা ও সংকটকে অতিক্রম করে একটি স্বপ্নের জগৎ নির্মাণ করার প্রত্যাশা করেন। তিনি সকল নির্যাতন, আতর্নাদ ও দুঃখ-দুর্দশামুক্ত একটি নির্মল পৃথিবী গড়ে তোলার স্বপ্ন কবিতায় ছড়িয়ে দেয়ার চেষ্টা করেন। ফলে তাঁর কবিতা পাঠকের হৃদয়কে গভীরভাবে স্পর্শ করতে সক্ষম হয় এবং দেশকালের গণ্ডি পেরিয়ে সর্বজনীন খেতাবে ভূষিত হয়। এ সময়ের মধ্যে তাঁর যে সমস্ত কবিতার গ্রন্থ প্রকাশিত হয়, সেগুলো হলো: *মাদিহুজ জিল্লিল ‘আলী (A Eulogy for the Tall Shadow, 1983)*, *হিয়া আগনিয়াতুন হিয়া আগনিয়াতুন, (It's a Song, It's a Song, 1986)*, *ওয়ারদুন আকাল (Fewer Roses, 1986)*, *আরা মা উরিদু (I See What I Want, 1990)*, *আহাদা ‘আশারা কাওকাবান (Eleven Planets, 1992)*, *লিমাজা তারাকতাল হিসানা ওয়াহিদান? (Why Did You Leave the Horse Alone?, 1995)*, *সারীরুল গারীবাহ (Bed of a Stranger, 1998)*, *জিদারিয়্যাহ (Mural, 2000)*, *হালাতু হিসার (State of Siege, 2002)*, *লা তা'তাজির ‘আম্মা ফা'আলতা (Don't Apologize for What You Did, 2003)*, *লা উরিদু লিহাজিহিল কাসীদাতি আন তানতাহী (I Don't Want This Poem to End, 2009)*।

#### উপসংহার

মাহমুদ দারবীশ আরবী কবিতার উন্নয়নে এক বিস্ময়কর প্রতীক। আরবী কবিতার বহুত্ব ঘুচাতে তাঁর শ্রম, কৌশল ও প্রতিভা ব্যাপক ভূমিকা রাখে। প্রতীকশ্রয়ী আরবী কবিতার অন্যতম সৃজক ছিলেন তিনি। দারবীশ পশ্চিমা আধুনিকতার দিকে না গিয়ে তাঁর কবিতার শিকড় সন্ধান করেছেন নিজের জনপদের গণমানুষের মাঝে। তিনি নিজের ঐতিহ্য, ধর্ম, ভাষা ও লোকচারের মধ্যে নতুন নতুন কবিতা বিনির্মাণের উপজীব্য অনুসন্ধান করেছেন। তিনি তাঁর কাব্যদর্শন এমনভাবে গড়ে তুলেছেন যে, তাঁর কবিতায় জীবন, সমাজ, ভাষা অবিচ্ছেদ্য হয়ে উঠেছে। তিনি এক উজ্জ্বল ও উন্নত কাব্যরীতির অধিকারী। গণমানুষের মাঝে তাৎক্ষণিক সাড়া জাগানো বর্ণনা ও উপস্থাপন কৌশল পশ্চিমা কবি-সাহিত্যিকদের মাঝে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছে। প্রকৃতপক্ষে ভাষার সাথে দারবীশের বিশেষ সম্পর্ক তাঁকে অন্যান্য কবিদের থেকে পৃথক করেছে। তিনি ভাষার মাঝে নিজস্ব স্বকীয়তা তৈরী করতে সক্ষম হয়েছেন। শুধু তাই নয়, ভাষার মাঝে তিনি রাজত্ব সৃষ্টি করেছেন। ফলে আধুনিক অনেক কবি ও সাহিত্যিক তাঁকে আরবী ভাষার ত্রাণকর্তা মনে করেন। আরবী কবিতার আধুনিকায়ণ ও সমৃদ্ধকরণের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করার কারণে তিনি সমগ্র আরববিশ্বে এক অনন্য প্রতীক হিসেবে বিবেচিত হয়ে থাকবেন।

#### তথ্যনির্দেশ

- <sup>১</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ* (মিসর: দারুল হিলাল, দ্বিতীয় সংস্করণ, ১৯৭১ খ্রি.), পৃষ্ঠা: ১২৭।
- <sup>২</sup> জামাল বাদরান, *মাহমুদ দারবীশ: শায়িরুল সামুদ ওয়াল মুকাওয়ামাহ* (কায়েরো: আদ দারুল মিসরিয়্যাহ আল লুবনানিয়্যাহ, প্রথম সংস্করণ, ১৯৯৯ খ্রি.), পৃষ্ঠা: ১০১; রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ৯৬।

- <sup>০</sup> আল বিরওয়াহ: এ গ্রামটি উত্তর ইসরাইলের পশ্চিম গ্যালিলি অঞ্চলের আক্কা উপকূলের ১২.৫ কিলোমিটার পূর্বে অবস্থিত। পারস্যের মুসলিম পর্যটক নাসির খাসরু হিজরী পঞ্চম শতাব্দীতে উক্ত গ্রামটিতে ভ্রমণ করেন এবং সেখানে ঈসা (আ:) ও শামউন (আ:) এর কবরদ্বয়ের যিয়ারত লাভ করেন। বিরওয়াহ গ্রামটি রোমান সাম্রাজ্যের সময় থেকে বিদ্যমান একটি প্রাচীন এলাকা। ইসরাইলী সরকার গ্রামটির জনবসতিকে উচ্ছেদ করে কৃষি ভূমিতে রূপান্তরিত করে। পরবর্তীতে ইসরাইলের সামরিক অঞ্চলের মধ্যে তাকে অন্তর্ভুক্ত করা হয়।  
দ্রষ্টব্য: <https://en.wikipedia.org/wiki/Al-Birwa> (লগইন তারিখ: ১৫/০৩/২০২১ খ্রি.)
- <sup>৪</sup> সালাহ ফাদল, *মাহমুদ দারবীশ হালাতুন শি'রিয়্যাহ* (কায়রো: আদ-দারুল মিসরিয়্যাহ, প্রথম সংস্করণ, ২০১০ খ্রি.), পৃষ্ঠা: ৭; হায়দার তাওফিক, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ* (মিসর: দারুল কুতুব আল ইসলামিয়াহ, ১৯৯১ খ্রি.), পৃষ্ঠা: ৩১।
- <sup>৫</sup> সামির মহিউদ্দিন আমিন, *রাওয়াই'য়ু মিন কাসাইদি মাহমুদ দারবীশ* (আম্মান: দারু কানুয আল মারিফা আল ইলমিয়াহ, প্রথম সংস্করণ, ২০১৫ খ্রি.), পৃষ্ঠা: ১৪-১৫; রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ৯৭।
- <sup>৬</sup> ফারিদা বা'য়িরাহ, *মুকারাভাতুন নাকদিয়্যাতুন লি নাসসি আছরিল ফিরাশা লি মাহমুদ দারবীশ* (জর্দান: জামি'আতু লামিন, ২০১৫ খ্রি.), পৃষ্ঠা: ২০।
- <sup>৭</sup> George Baramki Azar, *Palestine: A Photographic Journey* (New York: University of California Press, 1991), p. 125.
- <sup>৮</sup> সাবরী হাফিয, “মিনাল মাহবি ইলাল উজুদ ফী কালবিল ‘আলাম”, *মাজাল্লাতুল আদাব*, সংখ্যা: ১০-১১ (অক্টোবর-নভেম্বর), ২০০৮ খ্রি., বৈরুত, পৃষ্ঠা: ৫৫।
- <sup>৯</sup> মুহাম্মাদ হাসান শাররাব, *শয়ারাউ ফিলিস্তিন ফিল আসরিল হাদীস* (‘আম্মান: আল আহলিয়া লিন নাশর ওয়াত তাওহী’, ২০০৬ খ্রি.), পৃষ্ঠা: ৩৮২; ফারিদা বা'য়িরাহ, “মুকারাভাতুন নাকদিয়্যাতুন লি নাসসি আছরিল ফিরাশা লি মাহমুদ দারবীশ”, পৃষ্ঠা: ২০।
- <sup>১০</sup> তদেব।
- <sup>১১</sup> মাহমুদ দারবীশ, *আল মুখতাল্লাফুল হাকীকী: দিরাসাত ওয়া শাহাদাত* (জর্দান: দারুশ শুরুক, প্রথম সংস্করণ, ২০১১ খ্রি.), পৃষ্ঠা: ২৭৫-২৭৭।
- <sup>১২</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১১৬।
- <sup>১৩</sup> তদেব।
- <sup>১৪</sup> তদেব।
- <sup>১৫</sup> তদেব।
- <sup>১৬</sup> ফারিদা বা'য়িরাহ, *মুকারাভাতুন নাকদিয়্যাতুন লি নাসসি আছরিল ফিরাশা লি মাহমুদ দারবীশ*, পৃষ্ঠা: ২৩।
- <sup>১৭</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১১৯।
- <sup>১৮</sup> শরীফ আতিক-উজ-জামান (ভূমিকা ও সম্পাদনা), *মাহমুদ দারবীশ: পাঠ ও বিবেচনা* (ঢাকা: সংবেদ প্রকাশনী, দ্বিতীয় সংস্করণ, ২০১৫ খ্রি.), পৃষ্ঠা: ৭১।
- <sup>১৯</sup> ড. হুসাইন হামযাহ, “মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম”, *মাউসুআতু আবহাস ওয়া দিরাসাত ফিল আদাবিল ফিলিস্তিনিল হাদিস: আল আদাবুল মাহাল্লী*, ভলিউম: ০১, (ফিলিস্তিন: মাজমাউল কাসিমী লিল লুগাহ আল ‘আরাবিয়্যাহ, প্রথম সংস্করণ, ২০১১ খ্রি.), পৃষ্ঠা: ৪২৩।
- <sup>২০</sup> মাহমুদ দারবীশ, *আদ দিওয়ান*, ১ম খণ্ড (বৈরুত: রিয়াদ আর রাইস লিল কুতুব ওয়ান নাশর, প্রথম সংস্করণ, ২০০৫ খ্রি.), পৃষ্ঠা: ৭২।
- <sup>২১</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১১৯; মুহাম্মাদ বৃহাজার, *আত তাজরিবাতুশ শিরিয়া ‘ইনদা মাহমুদ দারবীশ: মুকারাভাতুন ফি জামালিয়াতিত তালাক্কী*, (পিএইচ.ডি অভিসন্দর্ভ: জিলালী লিয়াবিজ বিশ্ববিদ্যালয়, সাইয়িদি বিল আব্বাস, আলজেরিয়া, শিক্ষাবর্ষ: ২০১৭-১৮ খ্রি.), পৃষ্ঠা: ৪।
- <sup>২২</sup> ড. হুসাইন হামযাহ, “মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম”, পৃষ্ঠা: ৪২৫।
- <sup>২৩</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১৯৭।
- <sup>২৪</sup> মাহমুদ দারবীশ, *আল মুখতাল্লাফুল হাকীকী: দিরাসাত ওয়া শাহাদাত*, পৃষ্ঠা: ২৭৫-২৭৭।
- <sup>২৫</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১০৬।
- <sup>২৬</sup> তদেব, পৃষ্ঠা: ৮৩।
- <sup>২৭</sup> ড. হুসাইন হামযাহ, “মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম”, পৃষ্ঠা: ৪২৮।
- <sup>২৮</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১৩০-১৩১।
- <sup>২৯</sup> ড. হুসাইন হামযাহ, “মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম”, পৃষ্ঠা: ৪২৮।
- <sup>৩০</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১৩৬-১৩৭।

<sup>৩১</sup> ড. হুসাইন হামযাহ, *মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম*, পৃষ্ঠা: ৪৩৪।

<sup>৩২</sup> এ প্রসঙ্গে বিশিষ্ট গবেষক ইয়াসিন বাগুরা বর্ণনা করেন:

فدرويش شاعر الوطن وشاعر الجماهير وشعره يوجهه لكل الجماهير العربية في الأرض المحتلة وخارجها. يريد من هذا الشعر أن يصل إليهم بعيدا عن الغموض والرموز التي تعيق فهم النص الشعري. فالجمهور الكبير لا يجد في تلك الرموز المعقدة أي غذاء فني. فدرويش على وعي كبير بهذه القضية يقول: الرمز عندي كما أراه ليس ميمًا، إذ من الممكن اكتشافه بسرعة. هو أولاً أو أخيراً بديل للتعبير المباشر. فأراد فدرويش أن يرتفع قليلاً عن الأسلوب المباشر واختار الرمز البسيط بديلاً لذلك.

দ্রষ্টব্য: ইয়াসিন বাগুরা, *তাতাওউরুর রুয়াতিল ফান্নিয়াহ ফী শি'রি মাহমুদ দারবীশ: দিরাসাতুন নাকদিয়্যাহ*, (পিএইচ. ডি অভিসন্দর্ভ, জামিয়াতু মুহাম্মাদ বুদায়্যাহ মিসিলাহ, ২০১৬ খ্রি.), পৃষ্ঠা: ৪৫।

<sup>৩৩</sup> ড. ইফতিখারুল আলম মাসউদ, “মাহমুদ দারবীশ: আধুনিক আরবী কাব্যে তাঁর অবদান”, *রাজশাহী বিশ্ববিদ্যালয় কলা ও আইন পত্রিকা*, সংখ্যা: ৪০ (২০১২ খ্রি.), পৃষ্ঠা: ৪৫।

<sup>৩৪</sup> আহমাদ আব্দুল হাফিয সালিহ, জামালিয়াতুর রামবি ফিদ দীওয়ানিল আখীর লি মাহমুদ দারবীশ (পিএইচ. ডি অভিসন্দর্ভ, জামিয়াতু আলিল বাইত, জর্ডান, ২০১৭ খ্রি.), পৃষ্ঠা: ৭।

<sup>৩৫</sup> মাহমুদ দারবীশ, *আদ দিওয়ান*, ২য় খণ্ড, পৃষ্ঠা: ৪৮।

<sup>৩৬</sup> শরীফ আতিক-উজ-জামান (ভূমিকা ও সম্পাদনা), *মাহমুদ দারবীশ: পাঠ ও বিবেচনা*, পৃষ্ঠা: ৪৯।

<sup>৩৭</sup> আনোয়ার মুহাম্মাদ তাওরাহ, *তাহাওউলাতুর রুইয়া ফী শি'রি মাহমুদ দারবীশ* (পিএইচ.ডি অভিসন্দর্ভ, আরবী বিভাগ, মুতা বিশ্ববিদ্যালয়, জর্ডান, ২০১৬ খ্রি.), পৃষ্ঠা: ১৩৫।

<sup>৩৮</sup> রাজা নাক্বাশ, *মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ২৩৪।

<sup>৩৯</sup> ড. হুসাইন হামযাহ, “মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম”, পৃষ্ঠা: ৪৩১।

<sup>৪০</sup> ড. ইফতিখারুল আলম মাসউদ, “মাহমুদ দারবীশ: আধুনিক আরবী কাব্যে তাঁর অবদান”, পৃষ্ঠা: ৪৫।

<sup>৪১</sup> ইয়াসিন বাগুরা, *তাতাওউরুর রুয়াতিল ফান্নিয়াহ ফী শি'রি মাহমুদ দারবীশ: দিরাসাতুন নাকদিয়্যাহ*, পৃষ্ঠা: ৯০।

<sup>৪২</sup> এ প্রসঙ্গে বিশিষ্ট গবেষক ইয়াসিন বাগুরা উল্লেখ করেন:

كأنه حوار بين اليأس والأمل، بين الحزن والفرح. وهذه الطريقة الفنية نلتقي بها في كثير من قصائد فدرويش الجديدة. إنهما صوتان يتحاوران وهما على الأغلب يمثلان ذلك الصراع الذي يدور في نفس الإنسان العربي الذي يعيش داخل الأراضي المحتلة. صوت التساؤل والشك والخوف واليأس ويقابله صوت الأمل واليقين بالنصر. ومحمود فدرويش يحمل إلينا من مواهبه الفنية ووجدانه الخصب ما يجعلنا نتعاطف بكل قوة مع الصوت الثاني، صوت الأمل واليقين بالنصر.

দ্রষ্টব্য: ইয়াসিন বাগুরা, *তাতাওউরুর রুয়াতিল ফান্নিয়াহ ফী শি'রি মাহমুদ দারবীশ: দিরাসাতুন নাকদিয়্যাহ*, পৃষ্ঠা: ৯২-৯৩।

<sup>৪৩</sup> মাহমুদ দারবীশ, *লা তা' আজির 'আম্মা ফা' আলতা* (বেরত: দারু রীস, ২০০৪ খ্রি.), পৃষ্ঠা: ১৫৩।

<sup>৪৪</sup> ড. হুসাইন হামযাহ, “মাহমুদ দারবীশ: যিলালুল মা'না ওয়া হারিরুল কালাম”, পৃষ্ঠা: ৪৩২-৪৩৩।

<sup>৪৫</sup> আনোয়ার মুহাম্মাদ তাওরাহ, *তাহাওউলাতুর রুইয়া ফী শি'রি মাহমুদ দারবীশ: শায়িরুল আরদিল মুহতাল্লাহ*, পৃষ্ঠা: ১৪৪।

<sup>৪৬</sup> মাহমুদ দারবীশ, *আল 'আমালুল জাদিদাহ আল কামিলাহ*, ১ম খণ্ড (বেরত: দারু রীস, ২০০৯ খ্রি.), পৃষ্ঠা: ৪৬৪।

## জনগণের অধিকার রক্ষায় রচিত জাওয়াহিরীর কবিতায় দর্শন

(Philosophy in Zawahiri's Poems Written to Protect The Rights of The People)

মো. ওবায়দুল্লাহ\*

**Abstract:** Muhammad Mahdi Al-Zawahiri is one of the best poets of modern Arabia. He was simultaneously a writer, journalist and politician. However, he has a distinct identity as a protesting poet. As a patriot, he spoke on behalf of the people against the tyrants, oppressors and occupiers. He wrote poems for the liberation of the people who had fallen under the tyranny of the colonial ruler of war-torn Iraq. After the fall of the Ottoman Empire, Iraq was held captive by the British. He united and mobilized the people to free them from this captivity. As a result, the people of the country became revolutionary, protestant and optimistic. The ruling class attacks the people and chooses the path of repression. At this time, the poet used his poetry as a tool to play an active role in realizing the rights of the deprived and oppressed people. His poems have witnessed the tyranny, injustice and boundless cruelty of the oppressive ruler. The poet Muhammad Mahdi Al-Zawahiri is a burning proof that the protest of a single person for the realization of the rights of the people can always keep the ruling class busy. The philosophy of Muhammad Mahdi Al-Zawahiri, written in defense of the rights of the people, is depicted in this article.

### ভূমিকা

আধুনিক আরবের অন্যতম শ্রেষ্ঠ কবি মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী। আরবী কাব্যকে সফলতার শীর্ষে নিয়ে যাওয়ার পিছনে যাদের অবদান সবচাইতে বেশী তাদের মধ্যে তিনি অন্যতম। ইতোমধ্যে তিনি শতবর্ষের শ্রেষ্ঠ আরবী কবি হিসেবে স্বীকৃতি লাভ করেছেন।<sup>১</sup> তিনি ছিলেন একজন জনদরদী দেশপ্রেমিক ও স্বাধীনচেতা কবি। তাঁর কবিতায় একদিকে যেমন দেশের সার্বভৌমত্বের দাবী রয়েছে অপর দিকে চিত্রিত হয়েছে সমাজের বঞ্চিত ও নিপীড়িত মানুষের অধিকার। তিনি নিয়মিত কবিতা লিখতেন সমাজ ও সমাজের মানুষ, দেশ ও দেশের সার্বভৌমত্ব, মানুষের স্বভাব ও আকাজ্জা, জনতার জীবন ও বঞ্চনা, শাসকশ্রেণির অনাচার, অবিচার আর শোষণে নিঃস্ব মানুষের অধিকার নিয়ে। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী ইরাক স্বাধীনতা লাভের পরিবর্তে নতুন করে ব্রিটিশ উপনিবেশবাদে বন্দী হয়। ব্রিটিশের চাপিয়ে দেওয়া শাসকেরা ইরাককে অধিকৃত ভূখণ্ড হিসেবে ব্যবহার করেছে। তারা জনগণকে জুলুম, শোষণ আর বঞ্চনার দ্বারা দমিয়ে রাখার চেষ্টা করেছে। যাতে তাদের অনাচারের বিরুদ্ধে সংঘবদ্ধ কোনো গ্রুপ বা রাজনৈতিক দল গড়ে না ওঠে। ফলে সহজেই তারা জনগণকে দমন, পীড়ন ও শোষণ করতে সক্ষম হয়। জনতার সঙ্কটাপন্ন অবস্থা কবি আল-জাওয়াহিরীকে মর্মান্বিত করে তোলে। তাই তাঁর কবিতার বেশির ভাগই জনগণের অধিকার নিয়ে রচিত। কবিতাকে সাথী করে কবি মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী জনগণের অধিকার রক্ষায় কবিতার ছন্দে যে দর্শন পেশ করেছেন, সংগৃহীত তথ্য উপাত্তের ভিত্তিতে তা উপস্থাপন করা হলো।

### মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরীর সংক্ষিপ্ত জীবন পরিচয়

মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী আধুনিক ইরাকের অবহেলিত, বঞ্চিত ও মানবদরদী কবি। তিনি একাধারে কবি, সাহিত্যিক, সাংবাদিক ও রাজনীতিক। তিনি ১৯০০<sup>২</sup> খ্রিষ্টাব্দের ২৬ জুলাই সাহিত্য-সংস্কৃতির লীলাভূমি ইরাকের প্রসিদ্ধ শিয়া নগরী নাজাফে জন্মগ্রহণ করেন।<sup>৩</sup> কেউ বলেন, তাঁর জন্ম ২৬ জুলাই ১৮৯৯<sup>৪</sup> খ্রিষ্টাব্দে। আবার কারো মতে, ১৯০৩ খ্রিষ্টাব্দে তাঁর জন্ম হয়। তিনি সম্ভ্রান্ত এক রক্ষণশীল মুসলিম পরিবারে<sup>৫</sup> জন্ম গ্রহণ করেন। আল-জাওয়াহিরী তাঁর পারিবারিক উপাধী।<sup>৬</sup> তাঁর জনৈক পূর্বপুরুষ শায়খ মুহাম্মাদ হাসান

\* এম.ফিল. ফেলো, আরবী বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।



আল-জাওয়াহিরীর নামেই এ উপাধি ব্যবহার করেন।<sup>১</sup> শায়খ মুহাম্মাদ হাসান ফিকহ বিষয়ে একটি কিতাব লেখেন। যার নাম দেন “জাওয়াহিরীল কলাম ফী শরহি শারাইয়িল ইসলাম”<sup>২</sup> এ কিতাবটি শি‘আ সম্প্রদায়ের ফিকহের কিতাব হিসেবে বেশ সমাদৃত হয়। সেই থেকে শায়খ মুহাম্মাদ হাসানের নামের লকব হিসেবে আল-জাওয়াহিরী যুক্ত হয়। তাঁর বংশের পরিচিতিতে আল-জাওয়াহিরী উপাধী প্রতিষ্ঠা পায়।<sup>৩</sup> শৈশবকাল থেকেই কবি মাহদী আল জাওয়াহিরী কবিতা লিখতেন। নাজাফের কাব্যের আসরগুলি তাঁর সুষ্ঠু প্রতিভাকে তাড়িত করত। তিনি স্বাচ্ছন্দে ও স্বতঃস্ফূর্তভাবে মনের কথাগুলো কাব্যে প্রকাশ করতেন। ইরাক ও আরবের বিভিন্ন সাময়িকীতে তাঁর লেখা কবিতা ১৯২১ খ্রিষ্টাব্দের জানুয়ারিতে প্রথম প্রকাশিত হয়। অল্প বয়সেই তিনি দেশের বিশিষ্ট কবিদের সারিতে জায়গা করে নেন।<sup>৪</sup> পরিণত ও প্রথিতযশা মহান কবিদের পাশে ২২/২৩ বছরের যুবক কবি আল-জাওয়াহিরীর অবস্থান সত্যিই চমকে দেওয়ার মত বিষয়। ১৯২৪ খ্রিষ্টাব্দে সর্বপ্রথম খাওয়াতিরুশ শি‘রি ফীল হুববি ওয়াল ওয়াতানি ওয়াল রবী‘য়ী (خواطر الشعر في الحب والوطن والريبع) নামে কাব্যগ্রন্থ প্রকাশ করেন। এর সাথে আরো কিছু কবিতা যোগ করে ১৯২৭ খ্রিষ্টাব্দে দীওয়ান মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী (ديوان محمد مهدي الجواهري) নামে প্রকাশ করেন।

১৯২৯ খ্রিষ্টাব্দে প্রকাশিত জারবীনি (جربيني) কবিতার<sup>৫</sup> ব্যাপারে প্রশাসনের পক্ষ থেকে আপত্তি করা হয়। এরপর আল-ফুরাত (الفرات) পত্রিকায় তাঁর ২০টি কবিতা ছাপা হয়। এতে করে পত্রিকাটি বন্ধ করে দেওয়া হয়। ফলে কবি বেশ মর্মান্বিত হন।<sup>৬</sup> এ সময় আমির ফয়সাল ইবন ‘আব্দুল ‘আজীয আল সউদ ইরাক সফরে আসেন। তাঁর প্রশংসায় কবি একটি কবিতা রচনা করেন। এতে বাদশা ফয়সাল প্রভাবিত হন এবং মক্কা থেকে প্রকাশিত সৌদি জার্নালে তা প্রকাশ করা হয়।<sup>৭</sup>

১৯৩৫ খ্রিষ্টাব্দে কবির দ্বিতীয় কাব্যগ্রন্থ দীওয়ানুল জাওয়াহিরী (ديوان الجواهري) নামে প্রকাশিত হয়।<sup>৮</sup> ১৯৩৬ খ্রিষ্টাব্দের শেষের দিকে ইনকিলাব পত্রিকায় বাকর সিদকির নেতৃত্বে সেনাবিদ্রোহ সম্পর্কিত তথ্য প্রকাশিত হয়। কিন্তু এরই মধ্যে পত্রিকায় তথ্য অনুযায়ী রাষ্ট্রীয় শোষণ নীতির বিরুদ্ধে সেনা বিদ্রোহ ব্যর্থ হতে চলেছে বলে ধরে নেওয়া হয়। তখন গুরু হলো সরকারের দমননীতি। এর ফলশ্রুতিতে প্রশাসন পত্রিকা বন্ধ করে কবিকে তিন মাসের কারাদণ্ড দেয়।<sup>৯</sup> কবির ইনকিলাব পত্রিকা ‘আররাই আল‘আম’ (الرأى العام) নামধারণ করেও টিকতে পারেনি। রাষ্ট্রনীতির ধারাবাহিক সমালোচনা লেখার কারণে বন্ধ হয়েছে বারবার।<sup>১০</sup> কবি জাতির স্বার্থে ভিন্ন নামে অনেকগুলো পত্রিকা ব্যবহার করতেন। তাছাড়া আরো যেসব পত্রিকার মাধ্যমে প্রতিবাদ করতেন তাদের মধ্যে আল-আওকাত আল-বাগদাদীয়া (الاوراق البغدادية) আল উসূর, আস-সিয়াব (الثياب), আল-জিহাদ (الجهاد), আদ-দস্তুর (الدستور) উল্লেখযোগ্য।

১৯৪৪ খ্রিষ্টাব্দে আবুল ‘আলা আল মা‘আররী বার্ষিক স্মরণসভায় ইরাকের প্রতিনিধি হিসেবে কবি আল জাওয়াহিরী দামেস্কে পৌঁছান এবং তাঁর লিখিত কবিতা (ابو العلاء المعري) উপস্থাপন করেন। কবিতাটি ১৯৪৪ খ্রিষ্টাব্দে ‘আররাই আল‘আম’ (الرأى العام) পত্রিকায় প্রকাশিত হয়।<sup>১১</sup> কবি তাঁর লিখিত কবিতাগুলো সংযোজন করে প্রথম ও দ্বিতীয় কাব্য গ্রন্থাকারে ১৯৪৯ ও ১৯৫০ খ্রিষ্টাব্দে প্রকাশ করেন।<sup>১২</sup> নতুন সংযোজিত কবিতাগুলো কবির সাহিত্যিক মর্যাদা আরো বাড়িয়ে দেয়।<sup>১৩</sup> এ সময়ের উল্লেখযোগ্য কবিতাগুলির মধ্যে স্তালিনগ্রাদ - المقصورة - المعري - الوترى - سواستبول - اجب ايها القلب - اخى جعفر - يوم الشهيد বিশেষভাবে উল্লেখযোগ্য।<sup>১৪</sup> ১৯৫০ খ্রিষ্টাব্দে বৈরুত থেকে ফেরার পর তাঁর নির্দেশনায় প্রকাশমান সব পত্রিকা সরকার বন্ধ করে দেয়। প্রতিবাদে তিনি মিসর চলে যান। এরপর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় বিশ্ব শান্তি সম্মেলনে যোগদান করেন। সম্মেলন শেষে দেশে ফিরে الاوقات البغدادية - الثياب - الجهاد পত্রিকাগুলো চালু করেন। ১৯৫৩ খ্রিষ্টাব্দে প্রকাশ করেন কাব্যের তৃতীয় খণ্ডের ৩য় মুদ্রণ।<sup>১৫</sup> এরপর الرأى العام পত্রিকা প্রকাশের পর সরকারের সমালোচনার অভিযোগে ১৯৫৪ খ্রিষ্টাব্দে বন্ধ করে দেওয়া হয়।<sup>১৬</sup>

১৯৫৮ খ্রিষ্টাব্দে ১৪ জুলাই ইরাকের ইতিহাসে এক ঐতিহাসিক দিন। এ সময় ইরাক রাজতন্ত্র থেকে প্রজাতন্ত্রে পরিবর্তিত হয়। এ পরিবর্তনের জন্য সবচেয়ে বেশি সংবেদনশীল, আবেগপ্রবণ, উৎসাহী ও কড়া সমর্থকদের একজন হলেন কবি মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী। এ কারণে তাকে সে সময়েই প্রজাতন্ত্রের কবি (شاعر الجمهورية) উপাধিতে ভূষিত করেন। পরবর্তীতে ৭ সেপ্টেম্বর বিপ্লবোত্তর ইরাকের প্রধানমন্ত্রী আব্দুল করিম কাশেমের উপস্থিতিতে এক সংবর্ধনা সমাবেশে তিনি ইরাকের সাংবাদিক সমাজের পথিকৃত হিসেবে স্বীকৃতি লাভ করেন।<sup>২৪</sup>

কিছুদিন যেতে না যেতেই কবি প্রধানমন্ত্রীর সাথে রাজনৈতিক মতবিরোধে জড়িয়ে পড়েন। তিনি জীবন নিয়ে সঙ্কিত হলে ১৯৬১ খ্রিষ্টাব্দে গ্রীষ্ম মৌসুমে ইরাক ত্যাগ করে লেবাননে পৌঁছেন।<sup>২৫</sup> সেখান থেকে চেক প্রজাতন্ত্রে গিয়ে সাত বছর স্বেচ্ছা নির্বাসনে কাটান। ১৯৬৫ খ্রিষ্টাব্দে (بريد الغربة) বারিদুল গরবাহ নামে নতুন কাব্যগ্রন্থ প্রকাশ করেন।<sup>২৬</sup> ইতোমধ্যে ইরাকে (১৯৫৮ থেকে ১৯৬৮) তিনটি সরকার অতিবাহিত হয়। ১৯৬৮ খ্রিষ্টাব্দের শেষের দিকে আহমাদ হাসান আল বাকর এর সরকার কবিকে দেশে ফেরার আহ্বান করলে কবি স্বদেশে ফিরে আসেন। এ সময় তাকে সরকারের পক্ষ থেকে স্বাগত জানানো হয় এবং সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে তাকে বরণ করে নেওয়া হয়। তারপর সরকার তাঁর জন্য মাসিক ১৫০ দিনার<sup>২৭</sup> (স্বর্ণমুদ্রা) অবসর ভাতা নির্ধারণ করেন। ১৯৮৯ খ্রিষ্টাব্দে সিরিয়ার সংস্কৃতি মন্ত্রণালয় নতুন করে কবির ৫টি কাব্যগ্রন্থ প্রকাশ করেন। এর আগে ১৯৮২ খ্রিষ্টাব্দে বৈরুতের দারুল আওদাহ (دار العودة) থেকে চার খণ্ডে দীওয়ানুল জাওয়াহিরী প্রকাশিত হয়। ১৯৯৭ খ্রিষ্টাব্দের ২৭ জুলাই রবিবার ৯৮ বছর বয়সে এই মহান কবির মৃত্যু হয়।<sup>২৮</sup>

#### জনগণের অধিকার রক্ষায় রচিত কবিতায় দর্শন

কবি মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী ছিলেন জনমানুষের হৃদয়ের কবি। তাঁর কবিতায় সর্বসাধারণের মনের কথা উচ্চারিত হত। তিনি যেমন শাসকশ্রেণির জুলুমের সমালোচনা করতেন, তেমনি বঞ্চিত ও মজলুম জনতাকে অধিকার আদায়ে উজ্জীবিত করতেন। তিনি যেমন দেশের অভ্যন্তরীণ সমস্যা নিরসনে কাজ করতেন, তেমনি বহিঃআগ্রাসনের বিরুদ্ধে কবিতা লিখতেন। তাঁর সকল সমালোচনা ও প্রতিবাদের হাতিয়ার ছিল কবিতা।

#### স্বাধীনতা যুদ্ধের আহ্বান

প্রথম বিশ্বযুদ্ধের ফলে ইরাক অটোমান সাম্রাজ্যের অধীন থেকে বৃটেনের দখলে চলে যায়। তাঁর আগে প্রাচীন গ্রীক সভ্যতার অংশীদার ছিল বর্তমান ইরাক। ১৯২০ খ্রিষ্টাব্দে জাতিপুঞ্জ বৃটেনকে ইরাক শাসনের স্বীকৃতি দেয়। অথচ আশা ছিল প্রথম বিশ্বযুদ্ধের পর ইরাক পূর্ণ স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করবে। কিন্তু ইরাকের জনগণ আশাহত হলো। নতুন করে গোলামীতে আটকে যাওয়ার কারণে কবিও মর্মান্বিত হলেন। উপনিবেশবাদকে যারা সাদরে গ্রহণ করলেন তাদের প্রতি তিনি ক্ষুদ্ধ হলেন। এমনতর অবস্থায় কবি আল জাওয়াহিরী প্রতিবাদী হয়ে ওঠেন এবং জনগণকে উজ্জীবিত করতে চেষ্টা করেন। দেশের স্বাধীনতার জন্য বিভিন্ন শ্রেণী পেশার মানুষের সাথে কথা বলতে থাকলেন। তিনি বলেন, ইতোমধ্যে প্রথম বিশ্বযুদ্ধ শেষ হয়েছে। এতদিনে আমাদের পূর্ণ স্বাধীন হওয়ার কথা ছিল। হে আমার জাতি! বৃটিশ উপনিবেশে ঢুকে নতুন করে গোলামীর জালে বন্দী হয়ো না বরং জেগে ওঠো, স্বাধীন হওয়ার এখনই সময়। তিনি কবিতার ভাষায় বলেন,

يا ثورة العرب انهضى \* لا تخلقى ما جددوا  
لا عاش شعب اهل \* لسانهم مقيد<sup>২৯</sup>

[হে আরবের বিপ্লবী জনগণ! জেগে ওঠো, তোমরা নতুন করে (পুরাতন শেকলে) বন্দী হয়ো না। দেশবাসীর জন্য এটা কোনো জীবন নয়, যেখানে বাকস্বাধীনতা রুদ্ধ।]

তিনি বলেন, জাতির মুক্তির জন্য, স্বাধীন ভূ-খণ্ডের জন্য, আজ লড়াই প্রয়োজন। স্বাধীকার আন্দোলনে কিছু আত্মত্যাগী লোক প্রয়োজন। বড় বড় প্রাসাদে বসে বিবৃতি দিলে আমরা কখনো সফল হবো না। একমাত্র আন্দোলন সংগ্রামেই স্বাধীনতা আসবে। শহীদ হওয়ার আকাঙ্ক্ষায় বিপ্লবে বাঁপিয়ে পড়তে হবে। তিনি জাতিকে মুক্ত করতে উচ্চকণ্ঠে ঘোষণা করেন,

افدى رجالا اخلصو \* لشعبهم واجتهدوا  
كم خطبة نفاثة \* فيها تحل العقد  
ومقول قصر عن \* تأثيره المهند  
هذا لسانى شاهد \* عدل منى تستشهدوا<sup>১০</sup>

[এমন কিছু লোক দরকার, যারা জাতির জন্য লড়বে এবং জাতিকে (গোলামী থেকে) মুক্ত করবে। কত বজ্রতা, ফুতকারিনী গিট খুলে দিল, (কিন্তু তাতে কোনো কাজ হয়নি)। কত বাগ্মী তরবারী ছেড়ে প্রাসাদে আজ (কিন্তু তাতে কোনো লাভ হয়নি)। আমার স্পষ্ট কথা, এ ঘোষণাই যথার্থ যে, কবে (জাতীর লোকেরা) শহীদ হওয়ার আকাঙ্ক্ষায় (বাঁপিয়ে পড়বে)।]

তিনি জাতিকে উদ্দেশ্য করে আরো বলেন, আমরা আজ যদি সিদ্ধান্ত নিতে না পারি, আগামীকাল অনেক দূরে পিছিয়ে যাব। তখন ইতিহাস আমাদের ক্ষমা করবে না। এক সময় আমাদের স্বপ্নসাধ মরিচিকা হয়ে দেখা দিবে। আজ তোমাদের হাতিয়ার তেজোদ্দীপ্ত, তোমাদের মনোবল পাহাড়সম মজবুত। দেশকে ভালোবেসে, দেশের মাটি ও মানুষকে ভালোবেসে, স্বাধীনতার জন্য শক্তিশালী দুর্গে হানা দেওয়ার এখনই সময়। অত্যাচারী শাসককে অঙ্কুরে বিনাশ করতে না পারলে আরো শক্তিশালী হয়ে জাতির ঘাড়ে চেপে বসবে। ১৯২১ খ্রিষ্টাব্দে রচিত ثورة العراق (ইরাকী বিদ্রোহ) কবিতায় কবি বলেন,

اسيفكم مرهفة \* وعزمكم متقد  
هبوا كفتكم عبرة \* اخبار من قد رقدوا  
هبوا فعن عرينه \* كيف ينام الاسد<sup>১১</sup>

[আজ তোমাদের তরবারীসমূহ তেজোদ্দীপ্ত, তোমাদের সিদ্ধান্তসমূহ অলঙ্ঘনীয়। বাঁড়িয়ে পড়ো, যাতে তোমাদের হাত (শক্তি) শিক্ষণীয় হয়ে থাকে জাতীর জন্য, আর ইতিহাস হয়ে থাকে ঘুমন্তদের জন্য (মুনাফিকদের জন্য)। হানা দাও সিংহের গুহায় (দেখা যাক) সে কীভাবে (নিশ্চিন্তে) ঘুমায়।]

কবি আরো বলেন, আরব জাতি তারা আজ নিজেদের অস্তিত্ব নিয়ে বাঁচতে চায়। তারা পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হতে চায়। তারা সাম্রাজ্যবাদের শোষণ থেকে নিজেদের বাঁচিয়ে রাখতে চায়। তাই তাঁরা স্বাধীকার আন্দোলনে বাঁপিয়ে পড়েছে। তাদের বিদ্রোহ আগ্নেয়গিরীর ন্যায় আগুনের লাভা উদগীরণ করবে। তাদের উত্থানকে কেউ অবদমিত করতে পারবে না। জনতার প্রতি অবজ্ঞা, তাচ্ছিল্য, গোলামীর আচরণ তাদেরকে উত্তপ্ত করেছে। তারা আর পরাধীন থাকতে চায় না। তারা এই স্বাধীকার আন্দোলন থেকে পিছু হটবেনা, খেমে যাবেনা। যতক্ষণ না অত্যাচারী শাসকদের পতন ঘটবে, ততক্ষণ তারা বিরত হবে না। এ প্রসঙ্গে কবি বলেন,

وثورة بل جمرة \* ليعرب لاتخمد  
اججها إياؤهم \* والحر لا يستعبد  
لاتنتنى عن بلد \* حتى يشب البلد<sup>১২</sup>

[জনগণ আজ) আরব হয়ে (টিকে) থাকার জন্য বিদ্রোহ করছে। তারা আজ এমন অগ্নিশিখা যা নিভতে পারে না (দমিত হবেনা)। জনগণের প্রতি অবজ্ঞা এবং (তাদের) স্বাধীনতার চেতনা তাদেরকে উজ্জীবিত করেছে। তারা (কখনই) আর দাসত্ব গ্রহণ করবে না। তারা দেশের (স্বাধীকার) আন্দোলন থেকে বিরত হবেনা, যতক্ষণ না সারাদেশ (বিদ্রোহে) জ্বলে ওঠে।]

কবি জাতির উদ্দেশ্যে বলেন, তোমাদের হাতিয়ার অনেক শক্তিশালী। কিন্তু তা ব্যবহার না করে তোমরা একের পর এক লাঞ্ছনার গর্ভে নিষ্কিণ্ত হচ্ছে। তরবারির তেজের কোনো মূল্য নেই যদি তা খাপমুক্ত না হয়। কবি সেদিকে ইঙ্গিত করে বলেন,

كم جلب الذل على المرء حسام معد<sup>৩৩</sup>

[খাপবদ্ধ (তরবারির) তেজ জনতাকে আর কত লাঞ্ছনা এনে দিবে। (কবে তোমরা জাগ্রত হবে।)]

কবি বুঝতে পারেন জনতার এ স্বাধীকার আন্দোলন দীর্ঘমেয়াদী। যা সহজেই শেষ হবে না। ভবিষ্যৎ প্রজন্ম নিয়ে কবি গভীরভাবে ভাবতে থাকেন। যাতে করে জাতি কোনো দিন আবার পরাশক্তির গোলামীতে বন্দী না হয়। তাই তিনি জনসংখ্যা বাড়ানোর পরামর্শ দেন। তিনি আরো বলেন, গোলামীর জীবন থেকে জাতিকে বাঁচাতে হবে। অপমানের জীবন থেকে আমাদেরকে বাঁচতে হবে। অপমানের ক্ষত এতই মারাত্মক যাকে পত্তিবাঁধা যায় না। কবি উল্লিখিত প্রসঙ্গ টেনে এনে এভাবে বর্ণনা করেন-

زيدوا لقاها حريكم \* لعل عزا تلد

اياكم والذل ان \* جرحه لا يضم<sup>৩৪</sup>

[তোমরা যুদ্ধের জন্য জনসংখ্যা বাড়াও, তাহলে (তোমাদের) সম্মান লাভ করবে। আর গোলামীর অপমান থেকে বাঁচো, নিশ্চয় লাঞ্ছনার ক্ষতে পত্তি বাঁধা যায় না।]

#### মাতৃভূমির স্মৃতিচারণ

১৯৫৮ খ্রিষ্টাব্দে বিপ্লব পরবর্তী সরকারের সাথে কবির মতপার্থক্য এমন পর্যায়ে পৌঁছায় যে, তিনি প্রতিনিয়ত বিভিন্ন সমস্যার মুখোমুখি হচ্ছিলেন। ফলে বাধ্য হয়ে তিনি স্বপরিবারে ইরাক ত্যাগ করেন। তারপর তিনি ১৯৬১ খ্রিষ্টাব্দে চেকোস্লোভাকিয়াতে প্রবাস জীবন গ্রহণ করেন। ১৯৬৩ খ্রিষ্টাব্দে আল-মুক্তাকিল পত্রিকায় বেশ কিছু কবিতা প্রকাশিত হয়। তন্মধ্যে *يا دجلة الخير* বিশেষভাবে উল্লেখযোগ্য। যে কবিতার চমৎকারিত্ব আর নতুনত্ব এক অনন্য উচ্চতার প্রমাণ বহন করে। যে কবিতা অনুভূতিকে তাড়িত করে এবং বিবেককে জাগ্রত করে। কষ্ট আর আনন্দ উভয় ক্ষেত্রেই তাঁর কবিতা মানুষের হৃদয়ের গভীরে জায়গা করে নেয়। কবিতার পংক্তিগুলি কবিকে প্রায়শই নিয়ে যায় তাঁর মাতৃভূমির দিকে, দজলার তীরে, দজলার চেউয়ের দিকে। যে কবিতার উপস্থাপনকালে তিনি অনুভব করেছেন, দজলা-ফোরাতের অধিবাসী মহান জাতির বর্তমান ও ভবিষ্যৎ দুরবস্থার হাজারো কারণ ও কষ্টের কথা। এ কবিতা মূলত মাতৃভূমির স্মৃতিচারণ মূলক কবিতা। কবি দজলা নদীকে শুভেচ্ছা জানিয়ে তাঁর দীর্ঘ কবিতা শুরু করেন। তিনি বর্ণনা করেন, দজলার কল্যাণ ও বরকতের কথা, দজলার প্রতি কবির ভালোবাসার কথা। তাছাড়া দজলা বিধৌত উর্বর ভূমি ও তাঁর অধিবাসীদের কথা, দজলার স্বচ্ছ পানি ও তাঁর শ্রোতধারার কথা। কবি দজলার শৈল্পিক বর্ণনা দিয়েছেন এভাবে-

حييت سفحك عن بعد فحييني \* يا دجلة الخير، يا ام البساتين

حييت سفحك ظمانا الود به \* لوذ الحما ثم بين الماء والطين

يا دجلة الخير يا نبعا افا رقه \* على الكراهة بين الحين و الحين<sup>৩৫</sup>

[দূর প্রবাস থেকে তোমার (দজলার) উপকূল ভূমির শুভেচ্ছা জানাই। হে কল্যাণময়ী দজলা, হে বাগান সমূহের উৎস! সম্মান জানাই তোমার ভূমিকে, আমরা তৃষ্ণার্ত, আশ্রয় চাই। আশ্রয় চাই তোমার পানি ও মাটির মাঝে। হে কল্যাণময়ী দজলা, হে কল্যাণের উৎস! অনিচ্ছা সত্ত্বেও আমি মাঝে মাঝে বিচ্ছিন্ন হই (তোমার কল্যাণ থেকে)।]

কবি আল-জাওয়াহিরী তাঁর *يا دجلة الخير* কবিতায় দেশমাতৃকার স্মৃতিচারণের পাশাপাশি দেশের জন্য তাঁর চেপে রাখা কষ্টের প্রতি ইংগিত করেছেন। কেননা তাঁর মতে, ১৯৫৮ খ্রিষ্টাব্দে বিপ্লবের পর দেশ ও জাতির কল্যাণকামী দেশপ্রেমিক শাসকের আকাঙ্ক্ষা এখনও স্বপ্নই রয়ে গেছে। ব্রিটিশের চাপিয়ে দেওয়া শাসকের পতন হলেও তাদের গোলামীতেই দেশ পরিচালিত হচ্ছে। ফলে কবিকে প্রবাস জীবন গ্রহণ করতে হয়েছে।

কবি বলেন, আমাদের লক্ষ্য-উদ্দেশ্য মরিচিকায় পরিণত হয়েছে। জাতিকে ভালোবেসে দেশের জন্য যে প্রত্যাশা নিয়ে আন্দোলন হয়েছে তাঁর সবই স্বার্থপরতার অন্ধকারে হারিয়ে গেছে। ১৯৫৮ খ্রিষ্টাব্দে বিপ্লবের আগে বৃটেনের নিয়োগকৃত শাসক আর বিপ্লব পরবর্তী সেনাশাসকের মাঝে আমি কোন পার্থক্য খুঁজে পাইনি। তাঁর মনের আকৃতি এভাবে প্রকাশ করেছেন-

يا دجلة الخير: قد هانت مطامحنا \* حتى لا دنى طماح غير مضمون  
أضمنين مقبلا، لى سواسية \* بين الحشائش او بين الرياحين<sup>৩৬</sup>

[হে কল্যাণময়ী দজলা! আমাদের উদ্দেশ্য দুর্বল হয়ে গেছে। এমনকি সামান্য প্রত্যাশারও নিশ্চয়তা নেই। (হে দজলা) তুমি কি একটু প্রশান্তির নিশ্চয়তা দিতে পারো? আমার কাছে শুকনা ঘাস আর সুগন্ধি গুলোর মাঝে কোনো পার্থক্য নেই।]

### বীর সন্তানের প্রশংসা

ডা. তুহা হুসাইনের সভাপতিত্বে মিসরে আরব দেশগুলোর প্রতিনিধি দলের একটি সাংস্কৃতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। কবি আল-জাওয়াহিরী মিসরের শিক্ষা মন্ত্রণালয়ের আহ্বানে সেখানে বিশেষ মেহমান হিসেবে যোগদান করেন এবং তিনি *الشعب المصرى* কবিতাটি উপস্থাপন করেন। অতপর সমাপনী ভাষণে ডা. তুহা হুসাইন কবি আল জাওয়াহিরীকে “তাৎক্ষণিক কবিতা রচনাকারী” (*مرتلج*) হিসেবে সম্বোধন করেন এবং কবি, কবিতা ও ইরাকী জাতির ভূয়সী প্রশংসা করেন।<sup>৩৭</sup> ১৯৫১ খ্রিষ্টাব্দে *الاقوات البغدادية* পত্রিকায় ২২ ফেব্রুয়ারি সংখ্যায় কবিতাটি প্রকাশিত হয়।<sup>৩৮</sup>

শুধু মাতৃভূমি ইরাকই নয়, সমগ্র আরব ভূখণ্ডের স্বাধীনতার জন্য কবি অধির অপেক্ষমান ছিলেন। তিনি সিরিয়া, মিসর, লেবানন, সবখানেই নিরাপদ, স্বাধীন ও সার্বভৌম ভূখণ্ডের জন্য নাগরিক সমাজকে জাগিয়ে তুলেছেন, উৎসাহ দিয়েছেন যুবসমাজকে। তিনি আধিপত্যবাদ বিরোধী চেতনা থেকে মিসরের প্রশংসা করেছেন। তাছাড়া মিসরীয়দের সাহসের কথা বর্ণনা করেন। যারা দেশের মাটি ও মানুষকে ভালোবাসেন এবং জীবন বাজী রেখে দেশ মাতৃকার শান্তি, শৃঙ্খলা, নিরাপত্তা ও সার্বভৌমত্বের জন্য কাজ করেন তাদের কথা অকপটে বর্ণনা করেছেন। তিনি তাদের জন্য দু’আ ও কল্যাণ কামনা করেছেন। সে বিষয়টি কবি এভাবে বর্ণনা করেছেন,

يا مصر لم تبخس جمالك ريشة \* مرت عليه، ولم يخنك مصور  
الله جوك، اى مبعث فتنة \* حتى الطبيعة عنده تتمصر  
يا "مصر" مصر الشعب لا غاياته \* تفنى، ولا خطواته تتقهقر  
باق وكل معمر فالى مدى \* عال، وكل منيعة نت هور<sup>৩৯</sup>

[হে মিসর! কোনো কলম তোমার সৌন্দর্যে দাগ দিতে পারেনি। কোনো দেশপ্রেমিক তোমার সাথে দুশমনী করেনি। (হে মিসর!) তোমার আকাশসীমা আল্লাহর হেফাজতে, কোনো বহিঃশত্রু গোলযোগ করতে পারবেনা, বরং সে নিজেই খাঁটি মিসরীয় হয়ে যাবে। হে মিসরীয় জাতি! (জেনে রাখ) এ ভূখণ্ডের কোনো সীমানা মুছে ফেলা যাবেনা। এ জাতির কোনো পদক্ষেপ পশ্চাদগামী হবেনা। (হে মিসর! তোমার নিরাপত্তা) স্থায়ী হোক। প্রত্যেক বয়োবৃদ্ধ ব্যক্তি সর্বোচ্চ মেয়াদে (সুস্থ থাক)। আর সকল নিরাপত্তা স্থায়ী হোক প্রজন্মের পর প্রজন্ম।]

### ঐক্যের ডাক

১৯৩৮ খ্রিষ্টাব্দে সিরিয়া ও লেবানন সফরের সময়ে দামেস্কের যুব সমাজের উদ্যোগে আয়োজিত সমাবেশে কবি আল জাওয়াহিরী ভাষণ দেন। যা ছিল এই "الى الشباب السورى" কবিতা। সে সময়ে ফ্রান্সের আধিপত্যবাদের বিরুদ্ধে সিরিয়ায় স্বাধীকার আন্দোলন চলছিল।<sup>৪০</sup> কবি আল জাওয়াহিরী তাঁর ভাষণের শুরুতেই যুব সমাজের ঐক্যের ডাক দেন। কারণ বিভেদ ও বিচ্ছিন্নতা সমাজের এমন এক রোগ, যা স্বাধীনতা কেড়ে নেয়। সার্বভৌমত্ব নষ্ট করে দেয়, জাতিকে পরাধীনতার শেকলে বন্দী করে। আর যারা

জাতির স্বাধীনতা ও নিরাপত্তার ব্যাপারে অসচেতন তারা দেশ ও জাতির কোনো উপকারে আসে না। কবি এদেরকে ঘুমন্ত বলেছেন এবং তাদেরকে জাগাতে বা চেতনা ফেরাতে আহবান জানিয়েছেন। সাথে সাথে জাতির যুবকদের আল্লাহর সৈনিক আখ্যা দিয়ে উৎসাহিত করেছেন। জাতির যুবকদের ঐক্যবদ্ধ থাকা জাতির নিরাপত্তা, স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য অপরিহার্য। দেশ ও জাতির ভালোবাসায় ঐক্যের ডাক যুগান্তকারী পদক্ষেপ। কবি যা তাঁর কবিতার মাধ্যমে অত্যন্ত সুন্দরভাবে উপস্থাপন করেছেন,

حی الصفوف لرأب الصدع تجتمع \* وحی صرخة ايقاظ بمن هجعوا  
ان الشباب جنود الله الفهم \* فی الشام داع الاوطان متبع<sup>৪১</sup>

[ভাঙ্গনের রোগ দূর করো, ঐক্যবদ্ধ হও। আর যারা ঘুমিয়ে আছে, তাদের জাগরণের গান শোনাও। জাতির যুবকেরা আল্লাহর সৈনিক, অনুগত ভূখণ্ড গুলোর আহবানে (ভালোবাসায়) তিনি যুবকদের সিরিয়ায় একত্রিত করেছেন।]

যারা উপনিবেশবাদের পদলেহনকারী তারা তাদের আনুগত্য করে সুখী থাকতে চায়। মূলত তারা কখনোই সুখী হতে পারে না। তাদের পদজ্বলন অবশ্যম্ভাবী। পক্ষান্তরে যারা দেশ মাতৃকার ভালোবাসায় জীবন দিতে প্রস্তুত, যারা প্রকৃত আদর্শ থেকে বিচ্যুত হয়না তাদের সফলতা অনিবার্য। কবির ভাষায়,

مشوا على خطوه تتحط ارجلهم \* كما اشتهى "المثل الاعلى" وترتفع  
دمشق" لم تبق منك الدهر باقية \* الا الذى فى توفى غيره ضرع<sup>৪২</sup>

[যারা তাঁর (সাম্রাজ্যবাদীর) আনুগত্য করেছে, তাদের পদজ্বলন ঘটেছে। আর যারা আদর্শ আঁকড়ে আছে তাদের উত্থান হয়েছে। হে দামেস্ক! (সাম্রাজ্যবাদের) যুগ তোমার কিছুই বাকী রাখেনি। যারা নিরাপত্তা লাভ করেছে (সেটা সম্ভব হয়েছে বিদেশী প্রভুদের) আনুগত্যের জন্য।]

কবি আল জাওয়াহিরী সিরিয়াবাসীকে স্বাধীকার আন্দোলনে উজ্জীবিত করতে যে যুগান্তকারী ভাষণ দেন, তা কোনো অগোছালো কথা নয়। কোনো গদ্য সাহিত্যও নয় বরং গোছালো পরিপাটি গদ্যের ভঙ্গিমায় পদ্য সাহিত্য। কবি তাঁর ভাষণে বলেন, আমরা দেশ ও জাতির ভালোবাসায় যে কোনো নির্দেশ পালনে প্রস্তুত। আজকের এই সমাবেশ থেকেই আমাদের কর্মসূচী ঘোষিত হবে। আমাদের সফল হওয়ার যথেষ্ট সময় ও সুযোগ আছে।

দেশকে সম্বোধন করে কবি আরো বলেন, আমরা সক্ষম জাতি, স্বাধীকার আন্দোলন সফল করতে আমরা যে কোনো আদেশ পালনের অপেক্ষায় আছি। হে দামেস্ক! তোমার আনুগত্য করা আমাদের অপরিহার্য দায়িত্ব। আমাদের মধ্যে আর বিভেদ-বিচ্ছিন্নতা সম্ভব নয়। আমরা ঐক্যবদ্ধ হয়ে সব রকম গোলামী থেকে দেশ ও জাতিকে স্বাধীন রাখবো। কবি অত্যন্ত চমৎকার ভাষায় বলেন,

دمشق يا ام ان الرأى محتفل \* والعزم محتشد والوقت متسع  
قولى يجب شاحن الاضلاع مرتقب \* واستصرخى ينتفض غير ان مستمع  
واجمعى الامر نجمع لا يفرقنا \* أنت ام نحن فيما ينيغى تبع<sup>৪৩</sup>

[হে মাতৃভূমি দামেস্ক! সিদ্ধান্ত এই সমাবেশেই (এখনই), প্রতিজ্ঞা উপস্থিত জনতার, আর সময় (আমাদের) যথেষ্ট। হে জননী! আদেশ করো জবাব পাবে (সাড়া পাবে) সক্ষমেরা (যে কোনো ঝুঁকি) বহনের প্রতিক্ষায় আছে। ফরিয়াদ করো, প্রবল আগ্রহী শ্রোতারা স্বাধীকার আন্দোলনে প্রস্তুত আছে। (জননী দামেস্ক) তোমার যে কোনো বিষয়ে ঐক্যবদ্ধ হতে বলো, আমরা ঐক্যবদ্ধ হবো, কেউ আমাদের বিচ্ছিন্ন করতে পারবে না, যেখানে আনুগত্য করা (আমাদের) দায়িত্ব, সেখানে বিচ্ছিন্নতা কী করে সম্ভব?]

জাতিকে উজ্জীবিত করতে কবি আরো বলেন, (হে আমার দেশ-মাতৃকা!) তোমার ভালোবাসায়, তোমরা নিরাপত্তা ও স্বাধীনতার জন্য জাতির যুবকেরা একে একে তালিকাভুক্ত হচ্ছে। আল্লাহর সাহায্য অবশ্যই আসবে, আর সাম্রাজ্যবাদী ইউরোপ ভেঙ্গে যাবে। তারা ভীত হয়ে অন্যের ঘাড়ে দোষ চাপাতে চায়। আমাদের সাথে মোকাবেলায় তারা অবশ্যই ব্যর্থ হবে। কবির ভাষা-

وطوع امرك اجناد مجندة \* الى العروبة بعد الله تنقطع

يغنيك عن وصف ما يلقون انهم \* خوفا عليك، ولما تفجعي، فجعوا<sup>88</sup>

[সেচ্ছায় তোমার (স্বাধীনতার জন্য) নতুন নতুন সৈনিক তৈরি হচ্ছে ইউরোপকে প্রতিরোধ করতে। আল্লাহর ইচ্ছায় তারা (সাম্রাজ্যবাদীরা) টুকরা টুকরা হয়ে যাবে। তারা (সাম্রাজ্যবাদীরা) ভীত হয়ে যে দোষ চাপাতে চায়, তাতে তোমার কোনো পরওয়া নেই। তাঁরা যখন তোমাকে কষ্ট দিতে চাইবে, তারাই কষ্ট পাবে। (ব্যর্থ হবে)]

যুব সমাজের উদ্দেশ্যে কবি আরো বলেন, আমরা বাস করি আমাদের দেশে, অথচ অন্যের গোলাম হয়ে। এমন একটা দেশ যার নির্দিষ্ট সীমানা থাকবে না, পতাকা থাকবে না, ভুখণ্ড থাকবে না, এমনটা হতে পারে না। হে মাতৃভূমি দামেস্ক! তুমি ভরসা রাখো, আমাদের ভূমি স্বাধীন হবে, পরাধীন থাকবে না, সার্বভৌম হবে, সীমানাহীন থাকবে না। মানুষ সুখী ও স্বাধীন জীবন লাভ করবে। হে দামেস্ক! তোমাকে আজ সাম্রাজ্যবাদীরা দজলা-ফোরাত থেকে বিচ্ছিন্ন আর বঞ্চিত করতে চায়। কিন্তু আমাদের মাঝে যে ভালোবাসার বন্ধন আর ভ্রাতৃত্ব রয়েছে তা বিশ্ববাসীর জন্য উদাহরণ হয়ে থাকবে। কবি বলেন,

تقى دمشق فلاحد ولا سمة \* ولاخطوط، كلعب الطفل تبتدع

تقصيك عن ارض بغداد ودجلتها \* اما "الفرات" فنبع بيننا شرع<sup>88</sup>

[(এমন দেশ) দামেস্ক, যার নির্দিষ্ট সীমানা থাকবে না, ভুখণ্ড থাকবে না, প্রতীক (পতাকা) থাকবে না (তা কি সম্ভব) এ যেন ছেলে খেলা, মাতৃভূমি দামেস্ক, তুমি ভরসা রাখো, সবই সৃষ্টি হবে (নির্দিষ্ট হবে)। হে দামেস্ক! তোমাকে দূরে সরিয়ে রাখতে চায় বাগদাদ থেকে, দজলা আর ফোরাত থেকে, কিন্তু আমাদের মাঝে যে (ভালোবাসার) বন্ধন প্রবাহিত তা উদাহরণ হয়ে থাকবে।]

মাজলুমের পাশে কবি

১৯৩৮ খ্রিস্টাব্দে বৃটেনের উপনিবেশবাদের বিরুদ্ধে সিরিয়া ও ফিলিস্তিনসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন অঞ্চলে আন্দোলন চলছিল।<sup>88</sup> কবি আল জাওয়াহিরী এ সময় সিরিয়ায় অবস্থান করছিলেন। তিনি ফিলিস্তিনের বিপ্লবের সমর্থনে يوم فلسطين নামে কবিতা লিখেন। কবিতাটি দামেস্কের الاستقلال العربي পত্রিকায় এবং ইরাকের الراي العام পত্রিকায় প্রকাশিত হয়।

ফিলিস্তিনের বাইতুল মাকদাসকে মুসলিম, খ্রিস্টান ও ইহুদী এ তিন ধর্মের অনুসারীরাই পবিত্র স্থান হিসেবে বিশ্বাস করে এবং ইহা দখলে রাখার আশা করে। বৃটেনের দখলদারিত্বে ফিলিস্তিন ভুখণ্ড তাই বিশেষ তাৎপর্যের হয়ে ওঠে। সার্বভৌম ভুখণ্ড হিসেবে পাওয়ার জন্য ফিলিস্তিনী জনগণও আন্দোলন সংগ্রাম শুরু করে। পবিত্র স্থান বাইতুল মাকদাস রক্ষার জন্য তারা ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন করে এবং আল্লাহর সাহায্য কামনা করেন। তারা সঠিক পন্থা গ্রহণ করে এবং স্বাধীন রাষ্ট্রের জন্য প্রতিজ্ঞা করে। তারা কুদস দিবস ও স্বাধীকারের আন্দোলনকে গৌরবের বিষয় মনে করে। তাদের এই জাগরণ অবশ্যই সফল হবে। কবি তাদেরকে উৎসাহিত করতে অত্যন্ত সাবলীল ভাষায় বলেন,

نادبا بيتنا اباحوا قدسه \* في فلسطين وشملا مزقا

بر بالعهد رجال أنف \* اخذ الشعب عليهم موثقا

شرفا يوم فلسطين فقد \* بلغ القمة هذا المرتقى<sup>89</sup>

[ফিলিস্তিনের বাইতুল মাকদাসকে ক্রন্দনকারীদের গৃহে পরিণত করেছে এবং বিচ্ছিন্ন জাতিকে ঐক্যবদ্ধ করেছে। দেশের লোকেরা সত্য গ্রহণ করেছে। জাতি নিজেদেরকে প্রতিজ্ঞাবদ্ধ করেছে। ফিলিস্তিনীদের (কুদস) দিবস গৌরবের। তাদের এই উত্থান (সফলতার) চুঁড়ায় পৌঁছাবে।]

কবি আরো বলেন, ফিলিস্তিনের জনতার উপর জুলুম নির্যাতন চলছে, এর অবসান একদিন হবেই। তাদের রক্ত ঝরানো হচ্ছে, অবশ্যই তাদের রক্ত একদিন কথা বলবে। কেননা সমগ্র আরবের হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে, তারা আজ লেলিহান আগুনে জ্বলছে। কবির ভাষায়,

اسمعى يا "جلق" ان دما \* فى فلسطين هضيمًا نطقًا  
عربيا سال من افئدة \* عربيات تلتظت حرقًا<sup>88</sup>

[হে আমার জাতি (সিরিয়া, ফিলিস্তিন ও আশপাশ এলাকার অধিবাসী) শুনে রাখো! অত্যাচারিত ফিলিস্তিনের রক্ত (একদিন) কথা বলবে। আরবদের হৃদয় থেকে রক্ত ক্ষরণ হচ্ছে এবং তারা শিখায়িত আগুনে জ্বলছে।] কবি আল জাওয়াহিরী আরো বলেন, সাম্রাজ্যবাদীরা আমাদের ভূমি দখলে নিচ্ছে এবং আমাদের ভাইদের গোলাম বানাচ্ছে। তাদের বন্দী ও নির্যাতন করছে আবার মুক্তিপণ ধার্য করছে। তারা সামান্যতম মানবতা দেখাচ্ছে না এবং নিষ্ঠুর আচরণ করছে। স্বাধীকার আন্দোলনে অংশগ্রহণকারী নির্দোষ জনতার প্রতি নিষ্ঠুরতার খবর বাতাসে চারদিকে ছড়িয়ে পড়ছে। যেমন কবি বলেন

صبع الارض والقى فوقها \* من فداء و ابااء شفقا  
تحمل الريح الى ارجائها \* من زكيات الضحايا عقبًا<sup>89</sup>

[তারা আমাদের ভূমির দিকে আগুল তুলেছে। তদুপরি মুক্তিপণ ধার্য করেছে এবং এতটুকু সহানুভূতিও প্রত্যাখান করেছে। বাতাস চারদিকে বহন করে নিয়ে যায় অভিযুক্ত সৎলোকদের পরিণতির খবর।] কবি সকল আরবকে সম্বোধন করে আক্রান্ত অঞ্চলের সাহায্যের জন্য আহ্বান করেন। সাম্রাজ্যবাদীরা আমাদের সবাইকে গোলাম বানাতে চায়। স্বাধীকার আন্দোলনে যে রক্ত বরে তা গৌরবের ও সম্মানের। কাজেই হে আরব জাতি! তোমাদের ভাইদের সাহায্যে এগিয়ে আসো। কবি বলেন,

اسمعى يا جلق ان دما \* فى فلسطين بنا دى جلقًا  
اسمعى: هذا دم شاعت له \* نخوة مهتاجة ان يهرقا<sup>90</sup>

[শুনে রাখো হে আমার জাতি! রক্তাক্ত ফিলিস্তিন আরবদের ডাকে। শুনে রাখো, ইহা এমন রক্ত, যাতে আছে সম্মানবোধ, যা রক্তপাতকেই আহ্বান করে।]

#### উপসংহার

পরিশেষে বলা যায়, দেশপ্রেমিক কবি হিসেবে মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী সাহিত্য অঙ্গনে আলাদা জায়গা করে নিয়েছেন। তিনি ছিলেন অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী ও আপোসহীন। একজন প্রজাতিতৈষী, জনবান্ধব ও বিপ্লবী নেতার মত তিনি সারা জীবন কাজ করে গেছেন। তিনি ছিলেন স্বাধীনচেতা কবি, তাঁর লেখনীতে জনগণের অধিকার রক্ষার কথা বার বার উচ্চারিত হয়েছে। ফলে দেশ প্রেমিক মানুষের কাছে তিনি স্মরণীয় হয়ে আছেন।

#### তথ্যনির্দেশ

- <sup>1</sup> ড. শাওকী দায়ফ, *তারীখুল আদাবিল 'আরাবী ফী মিসর* (কায়রো: দারুল মা'আরিফ, ১৯৫৭ খ্রি.), পৃ. ২৮০: উইকিমিডিয়া ফাউন্ডেশন ২৭ জুলাই/২০২০ খ্রিষ্টাব্দে কবির ২৩তম মৃত্যুবার্ষিকে সর্বশেষ ১০০ বছরের শ্রেষ্ঠ আরবি কবি হিসেবে তাঁকে এওয়ার্ড প্রদান করেন। সমাজ সংস্কার এবং রাজনীতি সমালোচক হিসেবে তাকে এ পদক দেওয়া হয়। দ্র: উইকিমিডিয়া ফাউন্ডেশন, *মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী*, এ কনটেন্টমপোরারী অফ কিংস এন্ড প্রেসিডেন্ট (উইকিপিডিয়া সেপ্টেম্বর ২০১২), পৃ. ১।
- <sup>2</sup> ড. আহমাদ আলী, *আধুনিক আরবী কাব্যের ইতিহাস* (চট্টগ্রাম: আকিব প্রকাশনী, ২০০৪ খ্রি.), পৃ. ২৯২।
- <sup>3</sup> হান্না আল-ফাখুরী, *আল মু'জায়ু ফীল আদাবিল আরাবী ওয়া তারীখুহ*, ৪র্থ খণ্ড (বৈরুত: দারুল জীল, ১৯৯১ খ্রি.), পৃ. ২২০।
- <sup>4</sup> উইকিপিডিয়া, *মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী*, *আল জাওয়াহিরী* (সেপ্টেম্বর ২০১২), পৃ. ২।
- <sup>5</sup> *আধুনিক আরবী কাব্যের ইতিহাস*, পৃ. ২৯২।
- <sup>6</sup> মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী, *আল জাওয়াহিরী ফীল উয়ুনি মিন আশ' আরিহী* (দামেস্ক: দারুত তালাস, তা. বি.), পৃ. ৩৩।
- <sup>7</sup> 'উমার রিয়া কাহালা, মু'জামুল মুয়াল্লিফীন, ৩য় খণ্ড (বৈরুত: মুয়াসসিসুর রিসালা, ১৯৯৩ খ্রি.), পৃ. ২২৮।
- <sup>8</sup> উইকিপিডিয়া, *মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী* (১৮ জুলাই ২০২১), পৃ. ২।
- <sup>9</sup> মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী, *আল জাওয়াহিরী ফীল উয়ুনি মিন আশ' আরিহী*, পৃ. ৩৩।
- <sup>10</sup> তদেব।



- ১১ তদেব, পৃ. ৩৪।
- ১২ তদেব, পৃ. ৮৮।
- ১৩ আধুনিক আরবী কাব্যের ইতিহাস, পৃ. ২৯৩।
- ১৪ মু' জামুল মুয়াল্লিফীন, ৩য় খণ্ড, পৃ. ২৩০।
- ১৫ মু' জায় ফীল আদাবিল আরাবী ওয়া তারীখুহ, ৪র্থ খণ্ড, পৃ. ২২১।
- ১৬ আহমাদ কবিশ, তারীখুশ শি'র আল আরাবী আল-হাদীছ (কায়রো: দারুল মা'আরিফ, ১৯৯৮ খ্রি.), পৃ. ৩৫০।
- ১৭ তদেব, পৃ. ৩৫১।
- ১৮ তদেব।
- ১৯ আধুনিক আরবী কাব্যের ইতিহাস, পৃ. ২৯২।
- ২০ উইকিপিডিয়া, ১৮ জুলাই ২০২১, পৃ. ২।
- ২১ মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী, আল জাওয়াহিরী ফীল উয়ুনি মিন আশ' আরিহী, পৃ. ৩৬।
- ২২ তদেব, পৃ. ৩৭।
- ২৩ তদেব, পৃ. ৩৭।
- ২৪ তদেব, পৃ. ৩৭।
- ২৫ তদেব, পৃ. ৩৭-৩৮।
- ২৬ তদেব, পৃ. ৩৮।
- ২৭ উইকিপিডিয়া, ১৮ জুলাই ২০২১, পৃ. ৪।
- ২৮ তদেব, পৃ. ৫।
- ২৯ মুহাম্মাদ মাহদী আল জাওয়াহিরী, আল জাওয়াহিরী ফীল উয়ুনি মিন আশ' আরিহী (দামেস্ক: দারুল তালাস লিদ দিরাসাত ওয়াত তরজমাহ ওয়ান নাশর, চতুর্থ প্রকাশ, ১৯৯৮ খ্রি.), পৃ. ৪৫।
- ৩০ তদেব।
- ৩১ তদেব, পৃ. ৪৩
- ৩২ তদেব।
- ৩৩ তদেব, পৃ. ৪৪।
- ৩৪ তদেব।
- ৩৫ তদেব, পৃ. ৪২৮।
- ৩৬ তদেব।
- ৩৭ তদেব।
- ৩৮ তদেব।
- ৩৯ মুহাম্মাদ মাহদী আল-জাওয়াহিরী, মুজাকারাতী, ২য় খণ্ড (ইরান: দারুল মুজতবা, প্রথম প্রকাশ, ২০০৫ খ্রি.), পৃ. ৩৫১।
- ৪০ আল জাওয়াহিরী ফীল উয়ুনি মিন আশ' আরিহী, পৃ. ১৭২।
- ৪১ তদেব।
- ৪২ তদেব।
- ৪৩ তদেব, পৃ. ১৭৩।
- ৪৪ তদেব।
- ৪৫ তদেব।
- ৪৬ তদেব, পৃ. ১৭৫।
- ৪৭ তদেব।
- ৪৮ جَلْبُ/جَلْبُ 'অর্থ দামেশক ও তার আশপাশ এলাকা।' দ্র: আবুল ফজল আব্দুল হাফিজ বিলইয়াবী, মিসবাহুল লুগাত (দিল্লী: মাকতাবাতু বুরহান, উর্দু বাজার জামে মসজিদ ১৩৬৯ হি./১৯৫০ খ্রি.), পৃ. ১১৯।
- ৪৯ আল জাওয়াহিরী ফীল উয়ুনি মিন আশ' আরিহী, পৃ. ১৭৫-১৭৬।
- ৫০ তদেব।
- ৫১ তদেব।

## আব্বাসীয় যুগে আরবী ভাষার সমৃদ্ধি ও আধুনিকায়ন : একটি পর্যালোচনা (Enrichment and Modernization of Arabic Language in the Abbasid Period: A Review)

ড. জিয়াউর রহমান খান\*

**Abstract:** Arabic is one of the many living languages in the world. A large number of the world's inhabitants speak this language. From the ancient times, the Arabic language has been enriched and developed in various ways throughout the ages. Unless the language is rich and developed, it cannot survive in the world; it was evident in Arabic period, i.e. the period from 750 AD to 1256 AD which was an important period for Arabic language. This is because during that period, the Arabic language improved in lexical and technical terms, in the use of grammar, in the use of various non-Arabic words and terms, in the modernization of science, art and literature considering the needs of the time. The conquest of various non-Arab countries, the expansion of the Islamic empire and the merging of a large number of non-Arabs with the Arabs inevitably expanded the field of the Arabic language. In the current situation, some refinements, improvements and modernizations in the Arabic language have become consistent. On the other hand, it is also very beautiful and visually pleasing. It is imperative for students, researchers and inquisitive people to be aware of this expansion, richness and modernity of the Arabic language, but to date not much research has been done on this subject. It is also very important to do research in this regard. The main objective of this article is to focus on Arabic language in the Abbasid period and review its development and modernization during this period. This research will play a great contribution to gathering knowledge for the reader and researcher about various aspects of enrichment and modernization of Arabic language in the Abbasid period.

### ভূমিকা

ভাষা মহান আল্লাহর একটি বিরাট নিয়ামত। এমন কিছু ধ্বনি সমষ্টির নাম ভাষা যার মাধ্যমে কোন মানব গোষ্ঠী তাদের মনের ভাব প্রকাশ করে।<sup>১</sup> পৃথিবীতে অসংখ্য ভাষা বিদ্যমান।<sup>২</sup> পৃথিবীতে প্রচলিত অসংখ্য ভাষার মাঝে আরবী একটি জীবন্ত ভাষা,<sup>৩</sup> যা সেমিটীয় ভাষাগোষ্ঠীর অন্তর্গত।<sup>৪</sup> আরবী ভাষার ইতিহাস বহু পুরাতন। নূহ (আ.) এর ছেলে সামের নাম অনুসারে সামীভাষার উদ্ভব। এরপর বিভিন্ন নবী-রসূলের আগমন ও অসংখ্য জাতির উত্থান-পতনের মধ্য দিয়ে এভাষা অসংখ্য উপভাষা ও শাখা-প্রশাখার মাধ্যমে বিস্তৃতি লাভ করে এবং এতে বহুবিদ পরিবর্তন-পরিমার্জন সাধিত হয়। প্রতিটি উপভাষা নিত্যনতুন নামে পরিচিত লাভ করে। সুদীর্ঘকাল সামীভাষা তার গতিপথ পরিবর্তন করে পশ্চিম-দক্ষিণে অবস্থানরত জনগোষ্ঠীর ভাষা হাবসী ও আরবী উপভাষায় বিভক্ত হয়। আরবী উপভাষা উত্তর-দক্ষিণে বিভক্ত হয়ে উত্তরের উপভাষা পুনরায় বায়িদা ও বাকিয়া উপভাষায় রূপলাভ করে। সর্বশেষ বাকিয়া উপভাষা খ্রিস্টীয় পঞ্চম শতাব্দীতে তৎকালীন নজদ ও হিজাজ এলাকায় বিগত আরবী ভাষায় অভিষিক্ত হয়।<sup>৫</sup> আরবী ভাষা তার উৎপত্তি-কাল থেকে যুগে যুগে বিকশিত হয়ে মানব জাতির মাঝে তার দ্যুতি ছড়িয়ে চলেছে। বিশ্বের মোট জনসংখ্যার এক বিরাট অংশ এ ভাষায় কথা বলে। প্রাক ইসলামী, ইসলামী, উমাইয়্যা বা আব্বাসীয় যুগের দিকেই দৃষ্টি দেওয়া হবে, সেখানেই আরবী ভাষার ক্রমোন্নতি দৃশ্যমান হবে। আরবী ভাষার এ উন্নতি ও আধুনিকায়নের ধারাবাহিকতায় আব্বাসীয় যুগ এক বিরাট ভূমিকা পালন করেছে। আব্বাসীয় যুগে আরবদের সাম্রাজ্য বিস্তৃতি

\* সহযোগী অধ্যাপক, আরবী বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

ও অগ্রগতিসহ নানবিধ কারণে আরবী ভাষার দিগন্ত সম্প্রসারিত হয়েছে। পারস্য, ভারতীয় ও গ্রিক জ্ঞান-বিজ্ঞান আহরণের প্রয়োজনে অসংখ্য নতুন পরিভাষা জন্ম লাভ করেছে। উপরন্তু সহজ-সরল শব্দ ও বাক্যরীতির প্রতি মাওয়ালীদের আগ্রহের কারণে এ সময়ে আরবী ভাষা আরো সমৃদ্ধ হয়।<sup>১৫</sup> আব্বাসীয় যুগে আরবী ভাষা সমৃদ্ধি ও আধুনিকায়ন বলতে যে যে কাজ সম্পন্ন হয়েছে তা হলো পুরনো আরবী শব্দে নতুন পারিবাষিক অর্থ আরোপ, অনারবী শব্দ ও পরিভাষা আরবীকরণ, আরবী ভাষায় অনারবী বাক্যরীতির ব্যবহার, অভিধান বিজ্ঞানের উদ্ভব ইত্যাদি।

#### প্রাক আব্বাসীয় যুগে আরবী ভাষা

আব্বাসীয় যুগে আরবী ভাষার ব্যাপক উন্নতি, সমৃদ্ধি ও আধুনিকায়ন একদিনে সূচিত হয়নি বরং এই উন্নতি ছিল আরবী ভাষার ধারাবাহিক উন্নতিরই একটি অংশ। আরবী, ইবরানী, সুরয়ানী এগুলো সবই সেমেটীয় ভাষা পরিবারের অন্তর্ভুক্ত। এর মাঝে আরবী, সামী ভাষার সর্ব কনিষ্ঠ ভাষা।<sup>১৬</sup> প্রাক ইসলামী যুগে এক দীর্ঘ সময়ের বিবর্তনে এটা এক নতুনরূপ পরিগ্রহ করে। এই দীর্ঘ কালক্রমে এর মাঝে ইথিওপীয়, পারস্য, গ্রিকসহ বিভিন্ন অনারব শব্দ অনুপ্রবেশ করে।<sup>১৭</sup> তৎকালীন আরবে হিজায়ী ভাষাই ছিল মূল আরবী ভাষা। ইসলাম আগমনের পূর্বে যা আরবদের নিকট বিদ্যমান ছিল।<sup>১৮</sup> যদিও তাদের মধ্যে তামীম, রারিয়াহ, মুদার, কায়স, হুয়াইল সহ নানা গোত্র ছিল, যে গোত্রগুলোর শব্দ ও বাক্য কাঠামোতেও ভিন্নতা ছিল। এ সময়ের আরবী ভাষায় অনেক অনারবী শব্দ যুক্ত হয়েছিল। আর অনারবী শব্দ যুক্ত হওয়ার নানাবিধ কারণও ছিল। কেননা তৎকালীন আবররা ছিল ব্যবসায়ী। ব্যবসায়িক কারণে তারা বিশ্বের বিভিন্ন স্থানে গমন করত। এ সময়ে তাদের আরবী ভাষায় ভিন্ন দেশের বিভিন্ন শব্দ অনুপ্রবেশ করছিল। যেমন ল্যাটিন ও গ্রিক ভাষা থেকে তাদের ভাষার মধ্যে অনেক শব্দ প্রবেশ করেছিল যেমন:<sup>১৯</sup>

الفردوس – القسطاس – البطاقة – الفرستون – القبان – الأسطرلاب – القسطل – القنطار –  
البطريق – القنطرة

অনুরূপ ভাবে সামী ভাষার অন্য শাখাগুলো থেকেও অনেক শব্দ আরবীতে প্রবেশ করেছে।

ইসলামী যুগে আরবী ভাষার ব্যাপক উন্নতি সাধিত হয়। শুরু হয় আরবী ভাষার আধুনিকায়ন। নবী মুহাম্মদ (সা.) এর নবুওয়াত প্রাপ্তির পরে আরম্ভ হয় ইসলামী যুগ।<sup>২০</sup> যার পুরো ভাগে অবস্থান করে ইসলাম ও আল-কুরআন। কেননা আরবদের ভাষায় আল-কুরআন আরবদের জন্য অনেক বড় এক গৌরবের বিষয় ছিল।<sup>২১</sup> ইসলামী যুগে আরবী ভাষার বিকাশ ও আধুনিকায়ন ছিল তৎকালীন আরবী ভাষাভাষীদের নিকট এক মহাবিশ্বয়, যা তাদের নিকট ছিল শক্তিশালী নবজাগরণ।<sup>২২</sup> কেননা ইসলাম তাদের নিকট এমন এমন নতুন শব্দ ও পরিভাষা আনয়ন করে যা তাদের সম্পূর্ণ অজানা ছিল। এ সময়ের কিছু নতুন শব্দ ও পরিভাষা যেমন:<sup>২৩</sup>

শব্দ	অর্থ
الفرقان	সত্য মিথ্যার পার্থক্যকারী
الكفر	অবিশ্বাস
الإيمان	বিশ্বাস
الإسلام	ইসলাম
النفاق	কপটতা
الصوم	রোজা
الصلاة	নামায
الزكاة	যাকাত
التيمم	তায়াম্মুম
الركوع	রুকু
السجود	সেজদা



### আব্বাসীয় যুগে আরবী ভাষার সমৃদ্ধি ও আধুনিকায়ন

৭৫০ খ্রিষ্টাব্দে উমাইয়্যা খেলাফতের পতনের পর আব্বাসীয় খেলাফত প্রতিষ্ঠিত হয়।<sup>২০</sup> যে খেলাফত তিনটি স্তরের সম্মিলিত রূপ। স্তরগুলো হলো- ৭৫০-৮৪৭ খ্রি. ৮৪৭-৯৪৫ খ্রি. এবং ৯৪৫-১২৫৮ খ্রি.।<sup>২১</sup> ৭৫০ খ্রিষ্টাব্দে মসুলের সন্নিকটে আরব উপদ্বীপের পার্শ্বে জাব নদীর তীরে এক ঐতিহাসিক যুদ্ধে উমাইয়্যা খলীফা মারওয়ান ইবন মুহাম্মদ ইবন মারওয়ান আল-হিমারের পরাজয়ের মাধ্যমে এ খেলাফতের সূচনা হয়।<sup>২২</sup> এ খেলাফতের প্রথম খলীফা ছিলেন আবুল আব্বাস আস-সাফফাহ।<sup>২৩</sup> আব্বাসীয় খেলাফতের এ যুগটি ইসলামের ইতিহাসের এক যুগান্তকারী অধ্যায় হিসেবে পরিচিত। জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা সংস্কৃতিসহ সকল ক্ষেত্রেই এ যুগে অভাবনীয় সাফল্য অর্জিত হয়। বিধায় এ যুগকে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ হিসেবে আখ্যায়িত করা হয়।<sup>২৪</sup> জাহেলী যুগে আরবী কবিতার উৎকর্ষ সাধনের মধ্য দিয়েই বস্তুতপক্ষে আরবী ভাষা পূর্ণতা লাভ করে। এরপর আল-কুরআন অবতরণ এবং রসূল (সা.) এর অমীয় বাণী এ ভাষাতে হওয়ায় আরবী ভাষা ফুলে ফলে সুশোভিত হয়। সুতরাং ইসলাম পরবর্তী যুগ সমূহে বিশেষত আব্বাসীয় যুগে আরবী ভাষার উন্নতি, সমৃদ্ধি ও আধুনিকায়ন বলতে যা বোঝায় তা হলো, জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধন, আরব-অনারব সংমিশ্রণ, অনারব শব্দ সমূহ আরবীকরণ।<sup>২৫</sup> আব্বাসীয় যুগে যা আরবী ভাষার বিস্তৃতিকে অপরিহার্য করে তোলে তা হলো নতুন দেশ জয়, সভ্যতায় সংমিশ্রণ, প্রশাসনিক বিস্তৃতি, ইসলামী জ্ঞানচর্চার ক্ষেত্র বিস্তৃতি, দার্শনিক উৎকর্ষতা, জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষতা, অর্থনৈতিক- রাজনৈতিক বিস্তৃতি, অনারব দেশ সমূহ থেকে সমাদৃত গ্রন্থসমূহ ভাষান্তর, শব্দকোষ সৃষ্টি, অনারব জ্ঞানীদের আগমন ও চিকিৎসা শাস্ত্রের উন্নতি। এ সকল কারণে সংশ্লিষ্ট বিষয়সমূহের প্রাসঙ্গিক শব্দ ও পরিভাষা আরবী ভাষায় যুক্ত হয়, ফলে আরবী ভাষা হয় আরো উন্নত, সমৃদ্ধ ও আধুনিক।

### চিকিৎসা সম্পর্কিত শব্দ ও পরিভাষা

আব্বাসীয় যুগে চিকিৎসা বিজ্ঞানের ব্যাপক উন্নতি সাধিত হয়। এ যুগে ইউহান্না ইবন মাসাওয়া,<sup>২৬</sup> জাবির ইবন হাইয়্যান,<sup>২৭</sup> আবু আলী হুসাইন ইবন আব্দুল্লাহ ইবন সীনা,<sup>২৮</sup> আবু বকর মুহাম্মদ ইবন জাকারিয়া আর রায়ীর<sup>২৯</sup> মতো প্রথিতযশা চিকিৎসা বিজ্ঞানীর আবির্ভাব হয়। ফলশ্রুতিতে চিকিৎসা বিজ্ঞান উৎকর্ষের চূড়ান্ত শিখরে উন্নীত হয়। প্রাচীন কালে যেখানে الحجة – الكي এর মতো অল্প কিছু পরিভাষা চিকিৎসার সাথে জড়িত ছিল সেখানে আব্বাসীয় যুগে চিকিৎসা বিজ্ঞানের নতুন নতুন পরিভাষা আরবী ভাষাকে আলোড়িত করে। চিকিৎসা সম্পর্কিত শব্দাবলি যা এ যুগে আরবী ভাষায় যুক্ত হয় তা নিম্নরূপ:<sup>৩০</sup>

মূলশব্দ	অনুবাদ
الصداع	মাথা ব্যথা, মাথা ধরা
الكابوس	দুঃসপ্ন
الصرع	মুগী রোগ
التشنج	ধনুস্তংকার
الرعدة	কাঁপুনি
الاختلاج	কম্পিত হওয়া, ঝাঁকুনি খাওয়া, খিঁচুনি
السرطان	ক্যান্সার
السلاق	থ্রাস রোগ (Thrush) এক ধরনের রোগ যাতে মুখের মধ্যে সাদা সাদা দাগ দেখা যায়
الخانوق	ডিপথিরিয়া
الذبحة	এ্যানজাইনা রোগ (Angina) হৃদপিণ্ডে অপ্রতুল রক্ত সরবাহ জনিত বুকে ব্যথা
الربو	এ্যজমা, শ্বাস কষ্ট, হাঁপানি
ذات الجنب	প্লুরিসি- (Pleurisy) ফুস ফুস আচ্ছাদক ঝিল্লির প্রদাহ জনিত রোগ
ذات الرعدة	নিউমেনিয়া
الضمور	শুকিয়ে যাওয়া রোগ

الخفقان	হৃৎকম্প
اليرقان	জন্ডিস
الاستسقاء	শোথ রোগ
الإسهال	পাতলা পায়খানা
الزحير	আমাশায়
الهيضة	কলেরা
البواسير	অর্শ রোগ
اللقوة	ফেসিয়াল প্যারালাইসিস (Facial Paralysis) মুখ অবস হয়ে যাওয়া রোগ
الشترة	ল্যাগোপথ্যালমোস (Lagophthalmos) চোখের পাতার অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বন্ধ
الدبيلة	এম্পিমা (Empyema) শরীরের গহ্বর বিশেষ করে ফুসফুস গহ্বরের মধ্যে পুজের একটি সংগ্রহ
السد	ব্লাড ক্লট (A blood clot, block of bacteria) ব্লাড ক্লট হলো রক্তের একটি ভর যা রক্তে প্লাটিলেট, থ্রোম্বিন এবং কোষ একসাথে লেগে থাকার কারণে তৈরি হয়।
الغشيان	ফেইনটিং (Fainting, Passing out) মস্তিষ্কে অক্সিজেনের অস্থায়ীভাবে অপরিপূর্ণ সরবরাহের কারণে অল্প সময়ের জন্য চেতনা হারানো।

পাশাপাশি জ্বরের বিভিন্ন প্রকরণ এবং অসুখের বিভিন্ন বৈশিষ্ট্য এ সময় আরবী ভাষায় যুক্ত হয়।

যেমন:<sup>৩৪</sup>

মূলশব্দ	অনুবাদ
المزمنة	ক্রনিক ডিজিজ (Chronic Disease) দীর্ঘস্থায়ী রোগ
الحادة	অ্যাকিউট রিসপাইরেটরি ইনফেকশন (Acute Respiratory Infections) শ্বাসতন্ত্রের সংক্রমণ
الربع	এমন জ্বর যা দুই দিন পর পর আসে
الدق	এমন জ্বর যা প্রতিদিন আসে

**ইলমুল কালাম ও তাসাউফ সম্পর্কিত শব্দাবলি**

আব্বাসী যুগে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার ন্যায় ইলমুল কালাম ও দর্শন শাস্ত্রের উন্নতি সাধিত হয়। এ যুগে বিশ্বসেরা দর্শন শাস্ত্রের মহান ব্যক্তিত্ব ইমাম গাযালির<sup>৩৫</sup> আবির্ভাব হয়। এ যুগে ইলমুল কালাম ও ইলমে তাসাউফের অনেক নতুন শব্দ ও পরিভাষা আরবী ভাষায় যুক্ত হয়। যেমন:<sup>৩৬</sup>

মূলশব্দ	অনুবাদ
الكون	মহাজগৎ
الوجود	সত্তা
القدم	অগ্রবর্তী হওয়া, অগ্রগামী হওয়া
الإثبات	সত্যায়ন, হ্যা সূচক উক্তি
النفي	প্রত্যাখ্যান, বিতরণ
الحركة	চেষ্টা, আন্দোলন, গতিময়তা
السكون	শান্ত্যাব
المماسة	সংস্পর্শ
الفطرة	মেজাজ, প্রকৃতি
الهاجس	ভয়, আশঙ্কা
المريد	শিষ্য, ভক্ত
السالک	আধ্যাত্মিক পথ অনুসরণকারী, তরিকাপন্থী
المسافر	সফরকারী, সফররত

القطب	নেতা
الهيبة	ভক্তি, শ্রদ্ধা, মর্যাদা
الانس	ঘনিষ্ঠ হওয়া
العناء	কষ্ট, পরিশ্রম
الشاهد	প্রত্যয়নকারী
المجاهدة	সাধনা, প্রচেষ্টা
الفترة	অবসাদ
البقاء	স্থায়িত্ব, অস্তিত্ব

### শব্দ ও অর্থগত পরিবর্তন

এ যুগে আরবী ভাষার আধুনিকায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য আরও একটি বিষয় হলো শব্দ ও অর্থগত পরিবর্তন। সমাজ-সংস্কৃতি ও পরিবেশের চাহিদার পরিপ্রেক্ষিতে এ সময়টিতে বেশ কিছু শব্দের পরিবর্তন ঘটে। আবার কখনো কখনো শব্দ পরিবর্তনের পাশাপাশি অর্থের পরিবর্তনও লক্ষ করা যায়। মূলত এ পরিবর্তনের ধারা আরবী ভাষার বিকাশ ও উন্নয়নে যথেষ্ট ভূমিকা পালন করে। শব্দ পরিবর্তনের উদাহরণ যেমন- تلاشى - استأهل - الإيقاع ইত্যাদি শব্দাবলীকে উপস্থাপন করা যেতে পারে। تلاشى (ধ্বংস হওয়া) শব্দটি اضمحل

(বিলুপ্ত হওয়া) শব্দ থেকে পরিবর্তন হয়ে এসেছে। استأهل (যোগ্য হওয়া) শব্দটি استحق (উপযুক্ত হওয়া) শব্দ থেকে পরিবর্তন হয়ে এসেছে। الإيقاع (নিষ্ক্ষেপ করা) শব্দটি الضرب على الدف (তবলার উপর আঘাত করা) শব্দ থেকে পরিবর্তন হয়ে এসেছে।<sup>৭৭</sup>

আবার কখনো কখনো কিছু শব্দের অর্থই পরিবর্তন হয়ে গেছে। যেমন- استعرض জাহেলী যুগে এর অর্থ ছিল قتل بالسيف বা তরবারি দিয়ে হত্যা করা। আর আব্বাসীয় যুগে এসে এর অর্থ হয়েছে تصفح الأوجه অর্থাৎ কোন জিনিসের বিভিন্ন দিক পর্যালোচনা করা, প্রদর্শন করা। যেমন বলা হয়- استعرض القاعد الجيش সেনাপতি তার সৈন্য বাহিনীকে সামনে নিয়ে এসেছে। অর্থাৎ দৃষ্টিগোচর হয়েছে। আবার কখনো কোন শব্দ বুঝানোর জন্য যখন সেই শব্দের কাছাকাছি বা দূরবর্তী কোন শব্দ পাওয়া না গেছে, তখন তারা সেই শব্দকেই المعرب বা আরবীতে পরিণত করেছে। যেমন-<sup>৭৮</sup>

ফারসি ভাষার هندسة শব্দকে انزاه

গ্রিক ভাষার كليما শব্দকে اقليم বানানো।

### অনুবাদ সংস্থা ও বাইতুল হিকমা প্রতিষ্ঠা

আব্বাসীয় খলীফা আল-মামুন ৮৩০ খ্রিষ্টাব্দে বায়তুল হিকমা প্রতিষ্ঠা করেন। যেটা ছিল একই সাথে একটি গ্রন্থাগার, গবেষণাগার এবং অনুবাদ সংস্থা। যেখানে ভিনদেশী গ্রন্থাবলি আরবী ভাষায় অনুবাদ করা হতো, যা জ্ঞান-বিজ্ঞান চর্চায় সার্বজনীন কেন্দ্র-বিন্দু হিসেবে গড়ে ওঠে।<sup>৭৯</sup> শুধু বায়তুল হিকমাই নয় বরং আব্বাসীয় যুগে খলীফা মনসুর এবং খলীফা মামুনের সময়ও অনেক গ্রন্থ আরবী ভাষায় অনূদিত হয়, যা আরবী ভাষার বিকাশে নিঃসন্দেহে বিরাট ভূমিকা পালন করে। খলীফা মনসুর বিশিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি অনুবাদ বিভাগ প্রতিষ্ঠা করেন। তার নির্দেশেই আল-ফাজরি পাক-ভারতের উল্লেখযোগ্য জ্যোতিষ-শাস্ত্রের সিদ্ধান্তসমূহ এবং গল্প পুস্তক ‘হিতোপদেশ’ আরবীতে অনুবাদ করেন।<sup>৮০</sup> একই ভাবে খলীফা হারুনুর রশীদ বিভিন্ন ভাষার গ্রন্থ আরবীতে অনুবাদের ব্যবস্থা করেন।<sup>৮১</sup> ফলে আরবী ভাষার বিকাশ আরো সহজতর হয়ে ওঠে।

### অনারবী শব্দ ও পরিভাষা আরবীকরণ

আব্বাসীয় খেলাফতে আরব অনারব সংমিশ্রণ প্রকট আকার ধারণ করে। বলতে গেলে আব্বাসীয় খেলাফত প্রতিষ্ঠায় অনারব মাওয়ালীর<sup>৮২</sup> বিরাট ভূমিকা পালন করে। আর এ খেলাফত প্রতিষ্ঠার মূল আন্দোলন আরব

ভূমি থেকে পরিচালিত না হয়ে পারস্য ও খুরাসান থেকে পরিচালিত হয়।<sup>৪০</sup> সুতরাং আব্বাসীয় খেলাফত প্রতিষ্ঠা হওয়ার পর তারা রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদ অলংকৃত করেন।<sup>৪১</sup> এমন কি লেখক গোষ্ঠীর একটা বড় অংশ তাদের মধ্য থেকে গড়ে ওঠে। তারা ধর্মীয় ও রাষ্ট্রীয় ভাষা হিসাবে আরবী ভাষাকে আত্মস্থ করে। তাদের মধ্য থেকে ভাষাতাত্ত্বিক সৃষ্টি হয়। তাদেরই মাধ্যমে পারসিক ধ্যান-ধারণা ও কলা কৌশল আরবী ভাষায় অবিরত ভাবে অনুপ্রবেশ করে।<sup>৪২</sup>

এসময় অনেক অনারব শব্দ ও পরিভাষা আরবীকরণ করা হয়। যেমন- গ্রিক ভাষা ও ফারসি ভাষা থেকে আগত শব্দাবলি:<sup>৪৩</sup>

মূলশব্দ	অর্থ	উৎস ভাষা
الترياق	বিষের প্রতিশোধক - এ্যান্টি পয়জন	গ্রিক
الكيموس	ভুক্ত দ্রব্য (Chyme)	গ্রিক
الكيلوس	অন্নরস (Chyle)	গ্রিক
الطلسم	মায়াজাল, তেলসমাতি, জাদুমন্ত্র	গ্রিক
المغناطيس	চুম্বক	গ্রিক
القاموس	অভিধান	গ্রিক
القانون	প্রশাসনিক আইন	গ্রিক
الصابون	সাবান	গ্রিক
القيراط	ইঞ্চি, ওজন ও মাপের একক বিশেষ	গ্রিক
البوتقة	ধাতু গলানোর পাত্র	ফারসি
الجنزار	তাম্রমল	ফারসি
الاسطوانة	স্ক্রল, রোলার	ফারসি
الزاج	সালফেট	ফারসি
السرسام	প্রলাপ, বাতুলতা	ফারসি

এই যুগে আরবী ভাষার ব্যাপক পরিবর্তনের অন্যতম কারণ হলো- বিভিন্ন ধরনের জ্ঞান-বিজ্ঞান আরবী ভাষায় প্রবেশ করে এবং যুগের চাহিদা অনুযায়ী প্রশাসনিক ক্ষেত্রে নতুন নতুন শব্দ সৃষ্টি হয়। তখন বাগদাদ নগরী থেকেই প্রাদেশিক শাসনকর্তাদের নিয়োগ দেয়া হতো। এ সময় ইসলামী সাম্রাজ্যের অধীনে অনেকগুলো স্বাধীন রাষ্ট্রের অস্তিত্ব লক্ষ করা যায়।<sup>৪৪</sup> পাশাপাশি ইসলামী জ্ঞানের পরিধি সম্প্রসারিত হওয়ার কারণে নতুন নতুন পরিভাষা সৃষ্টি হয়। যেগুলো সম্পর্কে আরবরা ইতিপূর্বে অবগত ছিল না।<sup>৪৫</sup>

#### আরবী ভাষায় অনারবী বাক্যরীতির ব্যবহার

উমাইয়্যা যুগে খেলাফতের সকল পর্যায়ে কেবল আরবরাই প্রাধান্য পেত, অনারবদের অংশগ্রহণ সেখানে সীমিত ছিল।<sup>৪৬</sup> আব্বাসীয় যুগে এ নীতি পরিহার করা হয়। অনারবগণ রাষ্ট্রের উন্নয়নে, শিক্ষা-সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হন।<sup>৪৭</sup> ফলে এর প্রভাব আরবী ভাষায় ব্যাপকভাবে পরিলক্ষিত হয়। আরবদের ব্যবহৃত বাক্য রীতিতে দৃষ্টি দিলেই তা স্পষ্ট হয়ে ওঠে। যেমন:<sup>৪৮</sup>

১. অধিক كان فعل এর ব্যবহার যা ইউরোপীয় ভাষাভাষীদের মধ্যে ব্যবহার হয়। এটা আরবী ভাষায় অনুপ্রবেশ করেছে

২. ইউরোপীয়দের মাঝে বহুল প্রচলিত “জুমলায়ে মু’তারিদা’ এর ব্যবহার আরবদের মধ্যে চলে আসে। কথা বলতে বলতে সম্পূর্ণ আলাদা একটা প্রসঙ্গে চলে যাওয়া যেমন- নবী মুহাম্মদ এর নাম বলার সময়  
بلى صلى الله عليه وسلم

৩. فعل مجهول এর ব্যাপক ব্যবহার।

৪. زيد هو قائم এই বাক্যকে زيد قائم- যেমন- هو- ضمير غائب خبر و مبتدأ এইভাবে বলা।



الف এই জাতীয় শব্দের পূর্বে روحى - نفسى যেন যুক্ত করা। যেমন الف نون এর পূর্বে ياء متكلم ۵. যুক্ত করে نفسانى - روحانى তৈরি করা। এটি আর্য ভাষা থেকে আরবীতে প্রবেশ করেছে।  
 ৬. যে শব্দের পূর্বে لا النافية আছে সেই لا এর পূর্বে معرفة এর ال (আলিফ ও লাম) যুক্ত করে একটা শব্দের মর্যাদা বা স্ট্যাটাস দেওয়া। যেমন- لا ادريّة الا نهائية থেকে لانهاية له থেকে ادريّة الا نهائية থেকে صاحب বা ওয়ালা জাতীয় নতুন শব্দ ও পরিভাষা আরবী ভাষায় তৈরি ও আমাদানি করা হয়। যেমন: আইন প্রয়োগকারী صاحب السنار পর্দাওয়ালা এছাড়াও গুণবাচক অনেক শব্দকে নামবাচক শব্দে পরিণত করা হয়। যেমন: ۶০  
 المائة - الخاصة - المنضجة

### আরবী অভিধান রচনা

আব্বাসীয় যুগে মু'জাম<sup>৬৪</sup> বা আরবী অভিধান রচনা আরবী ভাষা বিকাশে এক ঐতিহাসিক ভূমিকা পালন করে। এ সময় প্রথম পূর্ণাঙ্গ আরবী অভিধান রচিত হয়। আব্বাসীয় যুগের পূর্ণাঙ্গ আরবী অভিধানের পথিকৃত ছিলেন আল-খলিল ইবন আহমাদ আল ফারহিদি (১০১-১৭৫হি.)। তার রচিত অভিধানের নাম কিতাবুল আ'ইন। তিনি এমন এক ব্যক্তিত্ব যাকে অনুসরণ করে আব্বাসীয় সময় থেকে বর্তমান অবধি যুগে যুগে সাধারণ অভিধান রচিত হয়ে আসছে।<sup>৬৫</sup>

আব্বাসীয় যুগে বেশ কিছু আরবী অভিধান রচিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো: (১) কিতাবুল আ'ইন (كتاب العين): আল খলিল ইবন আহমাদ এটির রচয়িতা। তিনি ছিলেন প্রসিদ্ধ ব্যাকরণবিদ এবং ভাষা বিজ্ঞানের জনক।<sup>৬৬</sup> তিনি বিভিন্ন স্বর চিহ্নের প্রয়োগ এবং তার অর্থ উপস্থাপন করে এ গ্রন্থটি রচনা করে আরবী শব্দ-ভাণ্ডারকে সমৃদ্ধ করেন। গ্রন্থটি আরবী ভাষায় বর্ণানুক্রমিক পদ্ধতিতে সর্বপ্রথম প্রণীত আরবী অভিধান। এ গ্রন্থে আরবী বর্ণের উচ্চারণস্থলের প্রতি লক্ষ রেখে প্রথমে কণ্ঠ নিঃসৃত বর্ণ, অতঃপর জিহ্বা, এর পর দন্ত এবং সর্বশেষ গুষ্ঠ নির্গত বর্ণের মাধ্যমে গঠিত শব্দ পর্যায়ক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। একারণে আল-খলিল ইবন আহমাদ ৬ আদ্যক্ষর বিশিষ্ট শব্দ দিয়ে তার অভিধানের সূচনা করেন। এ কারণে অভিধানটিকে কিতাবুল আ'ইন বলে অভিহিত করা হয়।<sup>৬৭</sup>

(২) জামহরাতুল লুগাহ (جمهرت اللغة): এ যুগের আরেকটি উল্লেখযোগ্য অভিধান হল জামহরাতুল লুগাহ এর লেখক আবু বকর মুহাম্মাদ ইবনুল হাসান ইবন দুরায়াদ। তিনি ২২৩ হিজরীতে বসরা নগরীতে জন্মগ্রহণ করেন। ৩২১ হিজরীতে তিনি মৃত্যুবরণ করেন।<sup>৬৮</sup>

জামহরাতুল লুগাহ অভিধানটি ইবন দুরায়াদের অভিধান চর্চার অন্যতম ফসল। তিনি তাঁর এ অভিধানে অব্যবহৃত শব্দের উল্লেখ পরিহার করেছেন, যা كتاب العين এ ব্যাপকভাবে পরিলক্ষিত হয়। তিনি এ গ্রন্থে প্রথমে দু'অক্ষর বিশিষ্ট অতঃপর তিন অক্ষর বিশিষ্ট এভাবে পর্যায়ক্রমে চার, পাঁচ ও সাত অক্ষর বিশিষ্ট শব্দ দিয়ে ক্রমান্বয়ে সাজিয়েছেন। তিনি প্রথমে সহীহ, এরপর মু'তাল্ল তারপর মাহমূয এভাবে অধ্যায় বিন্যাস করেছেন। এছাড়াও গ্রন্থটিতে কিছু সাংকেতিক চিহ্নের ব্যবহার, কুরআন, হাদীছ, আরবী কবিতা ও বাগধারার আনয়ন এবং অঞ্চলিক ভাষার প্রয়োগ বিশেষভাবে পরিলক্ষিত হয়।<sup>৬৯</sup>

(৩) আল বারি' (الباري): আল বারি' নামক আরবী অভিধান আব্বাসীয় যুগে আরেক অনবদ্য সৃষ্টি। এর লেখক আবু আলী ইসমাইল ইবনুল কাসিম আল কালী আল বাগদাদী। তিনি ২৮৮ হিজরীতে আরমেনিয়ায় জন্মগ্রহণ করে। তিনি ছিলেন একজন বিশিষ্ট ভাষাবিদ, অভিধান প্রণেতা, কবি ও নাছশাস্ত্রবিদ। আরবি ভাষায় তাঁর বেশ কয়েকটি গ্রন্থ রচিত হয়েছে। তন্মধ্যে কিতাবুল আমালী যা মুবাররিদের আল-কামিল গ্রন্থ অনুকরণে লিখিত। আরবী অভিধানের এ মহান প্রণেতা ৩৫৬ হিজরীতে কর্ডোভায় ইন্তেকাল করেন।<sup>৭০</sup>

আল কালী প্রণীত বারি' অভিধানটি ৫০০ মতান্তরে ৪৫০ পাতা সম্বলিত একটি গ্রন্থ। স্পেনের শাসক 'আব্দুর রহমান আন-নাসিরের আমলে লেখক কর্ডোভায় অবস্থানকালে এটি রচনা করেন। স্পেনের ইতিহাসে এটিই সর্বপ্রথম আরবী অভিধান। এতে কিতাবুল 'আইনের শব্দ বিন্যাস পদ্ধতি অনুসরণ না করে

ابجدی বর্ণ পদ্ধতিতে সাজানো হয়েছে। এই গ্রন্থটির গঠন কাঠামো অন্যান্য অভিধান থেকে একটু ব্যতিক্রম। আল-কালী একে ছয়টি অধ্যায়ে সাজিয়েছেন। যেমন-<sup>১১</sup> ابواب الثناء المضاعف والثلاثي - ابواب الحقيقة - ابواب الثلاثي الصحيح - ابواب الثلاثي المعتل - ابواب الحواشي - ابواب الرباعي - ابواب الخماسي

(৪) 'তাহযীবুল লুগাহ' (تهذيب اللغة): আবাসীয় যুগের আরেকটি প্রসিদ্ধ আরবী অভিধান। এর লেখক আবু মুনসুর মুহাম্মদ ইবন আহমাদ আল আজহার ইবন তালহা ইবন নূহ ইবন আযহার। তিনি ২৮২ হিজরিতে খোরাসানের হিরাতে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একজন প্রসিদ্ধ ভাষাবিদ। তিনি ভাষা অর্জনের জন্য বিভিন্ন দেশে গমন করেন এবং প্রথিতযশা ভাষাবিদদের নিকট থেকে আরবি ভাষায় ব্যুৎপত্তি অর্জন করেন। এক পর্যায়ে তিনি একজন প্রখ্যাত ভাষাবিদ হিসেবে প্রসিদ্ধি লাভ করেন। তিনি বিভিন্ন বিষয়ে গ্রন্থ রচনা করেন। তাহযীবুল লুগাহ, কিতাবু গরীবিল আলফায় ইত্যাদি রচনাসমূহ তাঁর পাণ্ডিত্যের স্বাক্ষর বহন করে। অবশেষে তিনি ৩৭০ হিজরীতে মৃত্যুবরণ করেন।<sup>১২</sup>

তিনি তার এ গ্রন্থটি কিতাবুল আ'ইন অনুকরণে সাজান। এটি নিঃসন্দেহে একটি সমৃদ্ধ অভিধান। আরবী বর্ণমালার মাখরাজ ভিত্তিক ক্রমধারায় এটি বিন্যস্ত। এ গ্রন্থটিতে বিশুদ্ধ ভাষা ও অভিনব ধারা প্রবর্তন করা হয়েছে। এর গুরুত্রে স্তর ভিত্তিক রাবিদের নাম ও তাদের সংক্ষিপ্ত পরিচিতি সম্বলিত একটি অলংকারপূর্ণ ভূমিকা সংযোজন করা হয়েছে।<sup>১৩</sup>

এছাড়াও এযুগে আরো বেশ কিছু উল্লেখযোগ্য অভিধানের সন্ধান পাওয়া যায়। এ অভিধানগুলো আরবী ভাষার বিকাশ সমৃদ্ধি ও আধুনিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

#### উপসংহার

আরবী ভাষার উন্নতি সমৃদ্ধি ও আধুনিকায়নের এই দীর্ঘ পথ চলায় যুগে যুগে আরবী ভাষা উন্নত থেকে উন্নততর হয়েছে। এমনিতেই আরবী ভাষা শব্দ সন্ধানের দিক থেকে, রূপ বৈচিত্রের দিক দিয়ে এবং ইতিহাস ও ঐতিহ্যের দিক দিয়ে বিশ্বের সকল ভাষার মধ্যে এক অতুলনীয় ভাষার স্থান দখল করে আছে। আবাসীয় যুগে এসে এ ভাষার বিকাশ, সমৃদ্ধি ও আধুনিকায়ন আরো গতিশীল হয়েছে। ফলে আরবী ভাষা বিশ্বের সকল ভাষার মধ্যে এক অনিন্দ্য সুন্দর, জীবন্ত ও শক্তিশালী ভাষার মর্যাদা নিয়ে আজও বেঁচে আছে এবং চীরকাল বেঁচে থাকবে।

#### তথ্যনির্দেশ

১. আবুল ফাতাহ উসমান ইবন যিন্নি, আল-খাসাইস, ১ম খণ্ড (কায়রো: আল হাইয়াতুল আম্মাহ লি ক্বসুরিস সাকাফা, ২০০৬ খ্রি.), পৃ. ৩৩
২. ড. মুহাম্মদ শহীদুল্লাহ মতে পৃথিবীতে ২৭৯৬টি ভাষা প্রচলিত। দ্রষ্টব্য. ড. মুহাম্মাদ শহীদুল্লাহ, ভাষার উৎপত্তি (ঢাকা: রেনেসাঁস প্রিন্টার্স, মুহাম্মদ সফিয়ুল্লাহ সম্পাদিত শহীদুল্লাহ সংবর্ধনা গ্রন্থ, ১৯৬৭ খ্রি.), পৃ. ২২২-২২৭
৩. জুরযী যায়দান, তারীখুল আদাবিল লুগাতিল আরাবিয়াহ, ১ম খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ১৯৯৬ খ্রি.), পৃ. ৪৫
৪. আহমদ আল ইসকান্দারী এবং অন্যরা, আল-মুফাছোল ফি তারীখিল আদাবিল আরাবী (বৈরুত: দারুল ইহ্যুউল উলুম, ১৯৯৪ খ্রি.) পৃ. ১৯
৫. ড. মোঃ আবু বকর, কবি যুহায়র ইবন আবী সুলমা (রাজশাহী: শাফা'আত প্রকাশনী, জানুয়ারী ২০১৭ ই), পৃ. ০৫।
৬. আহমদ হাসান যায়াত- তারীখুল 'আদাবিল 'আরাবী (বৈরুত: দারুল মা'রিফাহ, ৬ষ্ঠ সং, ২০০০ খ্রি.) পৃ. ১৮২
৭. দ্রষ্টব্য. ভূমিকা অংশ, ডক্টর মুহাম্মদ শহীদুল্লাহ, আরবী সাহিত্যের ইতিবৃত্ত, ২য় খণ্ড (কলকাতা: এ. কে. চৌধুরী, ১৯৯৬ খ্রি.),
৮. জুরযী যায়দান, আল লুগাতুল আরাবিয়াহ কায়িনুন হাই (মুয়াসসাতুল হানদাবী, ২০১২ খ্রি.) পৃ. ০৭
৯. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ১৯
১০. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ২০
১১. ইবনুল আছির, আল-কামেল ফি আত-তারীখ, ১ম খণ্ড (বৈরুত: দারুল কিতাব আল-আরাবী, ২০১২ খ্রি.), পৃ. ৬৪৬
১২. শাওকী দাইফ, তারীখুল আদাবিল আরাবী, আল-আসরুল ইসলামী, ২য় খণ্ড (মিসর: দারুল মা'আরিফ, তা.বি), পৃ. ৩০

১০. শাওকী দাইফ, প্রাগুক্ত, পৃ. ৩২
১৪. প্রাগুক্ত, পৃ. ৩২
১৫. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৬
১৬. আহমাদ আল ইসকান্দারী ও অন্যরা, প্রাগুক্ত, পৃ. ১০৮, জুরযী যায়দান, *আল লুগাতুল আরাবিয়াহ্ কায়িনুন হাই*, প্রাগুক্ত, পৃ. ৩৬
১৭. আস-সিবাই আল-বায়ুমী, *তারীখুল-আদাবিল আরাবী* (কায়রো: মাকতাবুল ইন্জলো আল-মিসরিয়াহ্, ২য় সং, ১৯৫৮ খ্রি.) পৃ. ১৮১
১৮. আহমাদ আল ইসকান্দারী ও অন্যরা, প্রাগুক্ত, পৃ. ১৩৪
১৯. প্রাগুক্ত, পৃ. ১৩৪
২০. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৬
২১. জুরযী যায়দান, *তারীখুল আদাবিল লুগাতিল আরাবিয়াহ্*, প্রাগুক্ত, পৃ. ২৪০
২২. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ২৪০-২৪১
২৩. আবুল ফিদা, *কিতাবুল মুখতাসার ফি আখবারিল বাশার*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কিতাবিল লুবননী, তা.বি.), পৃ. ১৩৩
২৪. হান্না আল-ফাখুরী, *আল-মুজাম ফীল আদাবীল আরাবী ওয়া তারিখিহি*, ২য় খণ্ড (বৈরুত: দারুল জীল, ১৯৯১ খ্রি.), পৃ. ১৬-১৯
২৫. আল-ইয়া'কুবী, *তারিখুল ইয়া'কুবী*, ২য় খণ্ড (বৈরুত: দারুল সাদির, ১৯৬০ খ্রি.), পৃ. ৩৪৫-৩৪৬, Sayyed Amir Ali, *A Short History of the Saracens* (London: Macmillan and Company Limited, 1926), P. 181
২৬. আস-সাফ্ফাহ: আবুল আক্বাস আস-সাফ্ফাহ আব্বাসীয় খেলাফতের প্রথম খলিফা। তাকে আব্বাসীয় খেলাফতের প্রতিষ্ঠাতা বলা হয়। তার পুরোনাম আবুল আক্বাস 'আব্দুল্লাহ্ ইবন মুহাম্মদ ইবন 'আলী ইবন 'আব্দুল্লাহ্ ইবন আব্বাস। তিনি ১০৫ হিজরীতে জর্দানের হামিমাতে জন্মগ্রহণ করেন। পরবর্তীতে তিনি কুফায় চলে আসেন এবং আব্বাসীয় আন্দোলনে যুক্ত হন। খলিফার পিতা মুহাম্মদ ইবন আলী মৃত্যুবরণ করলে এ আন্দোলনের নেতৃত্ব দেন তার ভাই ইব্রাহীম। তিনি উমাইয়্যা শাসক কর্তৃক নিহত হলে আবুল আক্বাস এ আন্দোলনের নেতৃত্ব দিলে উমাইয়্যাদের পতন ঘটে। ৭৫০ খ্রি. তিনি আব্বাসীয় খেলাফতের খলিফা নির্বাচিত হন এবং ৪ বছর খেলাফত পরিচালনা করে ১৩৬ হিজরীতে মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য. শায়খ মুহাম্মদ খাদরী বেগ, *আদ-দাওলাতুল আব্বাসীয়* (কায়রো: মুয়াসসাসাতুল মুখতার লিন নাশার ওয়াত তাওযিহ, ২০০৩ খ্রি.) পৃ. ৪৮
২৭. P.K. Hitti, *The Arabs: A Short History* (Princeton: Princeton University Press, 1949), P.101
২৮. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৪-৩৫
২৯. ইউহান্না ইবন মাসাওয়া: পুরোনাম আবু যাকারিয়া ইউহান্না ইবন মাসওয়া। তিনি আব্বাসীয় যুগের খ্যাতনামা চিকিৎসা বিজ্ঞানী ছিলেন। ২৪৩ হিজরীতে তিনি মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য. P.K. Hitti, *History of the Arabs* (London: Macmillan and Co., 10<sup>th</sup> Edition, 1970). P.363
৩০. জাবির ইবন হাইয়্যান: পুরোনাম 'আব্দুল্লাহ্ জাবির ইবন হাইয়্যান ইবন 'আব্দিল্লাহ্ আল-কুফী। তিনি ছিলেন প্রথিতযশা চিকিৎসক ও ঔষধ প্রস্তুতকারী। ১৯০ হিজরীতে তিনি মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য. *History of the Arabs*. P. 364
৩১. ইবন সীনা: তার পুরোনাম আবু 'আলী হুসাইন ইবন 'আব্দিল্লাহ্ ইবন সীনা। তিনি ৯৮০ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন। তিনি চিকিৎসা বিজ্ঞানসহ নানা বিষয়ে অসংখ্য গ্রন্থ রচনা করেন। ১০৩৭ খ্রিষ্টাব্দে হামাদানে মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য. ড. হাসান ইব্রাহীম হাসান, *তারীখুল ইসলাম*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল জীল, ১৯৯১ খ্রি.), পৃ. ৩৯২
৩২. আর-রাযী: পুরোনাম আবু বকর মুহাম্মদ ইবন যাকারিয়া আর-রাযী। তিনি আব্বাসীয় আমলে প্রখ্যাত চিকিৎসা বিজ্ঞানী ছিলেন। তিনি অস্ত্রোপচার করতে গিয়ে মানব দেহে সর্বপ্রথম সূতার ব্যবহার করেন। ২২০ হিজরীতে তিনি মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য. ড. ওসমান গনী, *কোরআনের আলোকে আব্বাসীয় খেলাফত* (কলিকাতা: মল্লিক ব্রাদার্স, ১৯৯৩ খ্রি.), পৃ. ২২৩
৩৩. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৫
৩৪. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৪, জুরযী যায়দান, *আল লুগাতুল আরাবিয়াহ্ কায়িনুন হাই*, প্রাগুক্ত, পৃ. ৪৮
৩৫. আল গাযালী: তার নাম আবু হামিদ মুহাম্মদ ইবন মুহাম্মদ আল-গাযালী। তিনি খুরাসানের তুস নগরে ৪৫০ হিজরীতে জন্মগ্রহণ করেন। তিনি সমকালীন শ্রেষ্ঠ দার্শনিক ছিলেন। দর্শন শাস্ত্রে তিনি ৪০০ গ্রন্থ রচনা করেন। তিনি ৫০৫ হিজরীতে মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য. ইবন তাগরি বারদী, *আন নুজুমুয যাহিরাহ্ ফী মুলুক মিসর ওয়াল কাহিরাহ্*, ৫ম খণ্ড (মিসর: ওয়াযারাতুস সাকাফাহ ওয়া ইরশাদ, তা.বি.), পৃ. ২৩৩
৩৬. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৪৭

৩৭. উমর ফাররুখ, *তারীখুল আদাবিল আরাবী*, ২য় খণ্ড (বৈরুত: দারুল ইলমিল মালাইন, ১৯৮১ খ্রি.), পৃ. ৪০
৩৮. উমর ফাররুখ, প্রাগুক্ত, পৃ. ৪০-৪১
৩৯. Sayyid Fayyaz Mahmud, *A Short History of Islam* (London: Oxford University Press, 1960), P. 144-145
৪০. SM. Imamuddin, *A Political History of the Muslim*, (Dacca: Najma House, 1973), Voll-II, P.119
৪১. Reuben Levy, *The Social Structure of Islam* (Cambridge: Cambridge University Press, 1962), P. 477-480
৪২. মাওয়ালী: মাওয়ালী শব্দটি আরবী, যা মাওলা শব্দের বহুবচন। অনারব মুসলমান যা আরবীয় বংশোদ্ভূত নয়; তাদেরকে মাওয়ালী বলা হতো। ইসলামের সাম্যের বিধান তাদের ক্ষেত্রে প্রযোজ্য হত না। উমাইয়া যুগে মাওয়ালীদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসেবে গণ্য করা হতো। তারা পায়ে হেঁটে যুদ্ধ করত। তারা কোন আরব রমণীর হাতে পানিও গ্রহণ করতে পারত না। দ্রষ্টব্য. মফিজুল্লাহ কবির, *মুসলিম সভ্যতার স্বর্ণযুগ* (ঢাকা: বাংলা একাডেমি, ১৯৮৭ খ্রি.), পৃ. ৯২
৪৩. ড. শাওকী দায়ফ, *তারীখুল আদাবিল 'আরবী, আল-আসরুল আব্বাসী আস-সানী*, ৪র্থ খণ্ড (কায়রো: দারুল মা'আরিফ, ১৯৭৩ খ্রি.), পৃ. ৯
৪৪. আত-তাবারী, *তারীখুল উমাম ওয়াল মুলুক*, ৭ম খণ্ড (কায়রো: মাতবা'আতুল ইসতিকামাহ, ১৯৩৯ খ্রি.), পৃ. ১১১-১১৮
৪৫. ড. আলী মুহাম্মদ হাসান ও যাকী 'আলী সুওয়ায়লাম, *আল-আদাবু ওয়া তারীখু ফিল 'আসরায়ন: আল-উমাজী ওয়াল 'আব্বাসী* (কায়রো: জমহুরিয়াতু মিসর আল আরাবিয়াহ, ১৯৯০ খ্রি.), পৃ. ৫৪
৪৬. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৬
৪৭. আহমদ আমীন, *যুহরুল ইসলাম*, ১ম খণ্ড (মিসর: লাজনাভুত তারজামাহ ওয়াত তা'লীফ, ১৯৫২ খ্রি.), পৃ. ৯১
৪৮. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৪
৪৯. জুরযী যায়দান, *আত-তামাদ্দুল ইসলামী*, ৪র্থ খণ্ড (মিসর: দারুল হিলাল, ১৯৫৮ খ্রি.), পৃ. ৭০-৭১; ড. আহমদ 'আমীন, *দুহাল ইসলাম*, ১ম খণ্ড (মিসর: মাকতাবাতুল নাহয়্যা ওয়াল-মিরিয়্যাহ, ১৯৭২ খ্রি.), পৃ. ১৬
৫০. ইবন নাদীম, *আল-ফিহরিস্ত* (বৈরুত: মাকতাবাতুল খাইয়্যাতি, ১৮৭২ খ্রি.), পৃ. ২৪৯
৫১. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৫১-৫২
৫২. জুরযী যায়দান, প্রাগুক্ত, পৃ. ৩৭
৫৩. প্রাগুক্ত
৫৪. মু'জাম: মু'জাম এমন কিতাব যার শব্দ ভাণ্ডরকে আবজাদী বর্ণমালার অনুসারে সাজানো হয়েছে এবং তার অর্থ বিশ্লেষণ করা হয়েছে। দ্রষ্টব্য. মাহমুদ সুলায়মান ইয়াকুব, *ফিকছল লুগাহ ওয়া ইলমুল লুগাহ নুসুস ওয়া দিরাসাত* (বৈরুত: দারুল মা'রিফাহ আল জামিয়াহ, ১৯৯৫ খ্রি.) পৃ. ৩০৫
৫৫. ড. আব্দুল হামীদ, *আস-সিলকানী, মাসাদিরুল লুগাহ* (লিবিয়া: মানশুরাতুল মানশাআতিল 'আম্মাহ, ১৯৮২ খ্রি.), পৃ. ৫৫৯-৫৬২
৫৬. ইসসুফ আল ইয়ান সারকীস, *মু'জামুল মাতবু'আতিল 'আরাবিয়াহ ওয়াল মু'আররাবাহ*, ১ম খণ্ড (ইরান: মাকতাবাতুল আয়াতিল্লাহি 'উযমা, ১৪১০ হি.), পৃ. ৮৩৫
৫৭. উমর ফাররুখ, *তারীখুল আদাবিল 'আরবী*, ২য় খণ্ড (বৈরুত: দারুল 'ইলম লিল মালাইয়ীন, ১৯৯৭ খ্রি.), পৃ. ১১৩
৫৮. মুস্তাফা ইবন আব্দুল্লাহ আল কুস্তানতানী, কাশফুয যুনূন 'আন আসামীল কুতুব ওয়াল ফুনূন, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল 'ইলমীয়াহ, ১৯৯২ খ্রি.), পৃ. ৬০৫
৫৯. ড. আব্দুল হামীদ, *আস-সিলকানী*, প্রাগুক্ত, পৃ. ৫৯১-৬১০
৬০. ইসসুফ আল ইয়ান সারকীস, ২য় খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৪৮৯-১৪৯০
৬১. ড. আব্দুল হামীদ, প্রাগুক্ত, পৃ. ৬১১-৬১৪
৬২. ড. আব্দুল হামীদ, প্রাগুক্ত, পৃ. ৬১৫-৬১৬
৬৩. আবু মানসূর ইবন আহমাদ আল আযহারী, *তাহযীবুল লুগাহ*, ১ম খণ্ড (প্রকাশনালয় ও প্রকাশকালের উল্লেখ নেই), পৃ. ৬-৭

## আলী আহমাদ বাকাছীরের সাহিত্যকর্মে ইসলামী ভাবধারা (Islamic thought in the literary works of Ali Ahmad Bakashir)

আব্দুল্লাহ আল মানছুর\*

**Abstract :** Many central playwrights significantly contributed to the progress and advancement of Arabic drama. They were apt to achieve dramatic illustrations in several Arabic countries all the way through ages and places. Still, this study attempts to shed light on an innovator poet-dramatist who represents many cultures and experiences. It aims at displaying the most significant features of renovation associated with the development of the modern Arabic poetic drama that employs history and social problems to present a vision for Arabic literature in the contemporary age. The researcher adopts the critical-descriptive approach in analyzing the poet-dramatist, Ali Ahmad Bakattheer, and two of his poetic dramas. It is mapped with an introductory overview dealing with a concise notion of drama, concentrating predominantly on poetic drama. The foremost part copes with the developer and pioneer Ali Ahmad Bakattheer, focusing on his thoughts and experiences in the field. The paper, then, moves ahead to deal with two verse plays as a model of his craftsmanship and mastery. After that, the study finishes with a brief argument and recommendations of Bakattheer's Islamic writings.

### ভূমিকা

১৭৯৮ সালে ফরাসি সমর নেতা নেপোলিয়ন বোনাপার্টের মিশর ও নিকটপ্রাচ্য আক্রমণের ফলে আরবী আরবী ভাষা ও সাহিত্যের জন্য এক নতুন দিক উন্মোচিত হয়। ক্রমশ এটি একটি উন্নত ও আধুনিকসাহিত্য হিসেবে প্রতিষ্ঠা লাভ করতে থাকে। ফলে মিশর, সিরিয়া, ইরাক, আরব উপদ্বীপ, সুদান, মরক্কো সহ উত্তর আফ্রিকার অধিবাসীদের মাঝে আরবি ভাষা চর্চার ক্ষেত্রে নতুন করে প্রাণচাঞ্চল্যের সৃষ্টি হয়। আর এ সময় থেকেই আরবী ভাষা-সাহিত্যের দীর্ঘ গৌরবময় পদযাত্রায় নতুন এক অধ্যায়ের সূচনা হয়। ফলে আরবি সাহিত্যে আগের সেই প্রশংসা ও নিন্দা, আক্ষেপ ও উল্লাসের গতানুগতিক বর্ণনা আর নেই। তাঁর স্থলে এসেছে সমাজ ও সংসারের নতুন পারিপার্শ্বিকতার প্রভাব, স্পষ্ট চেতনার প্রাচুর্য। গণজাগরণের প্রয়োজনীয়তা ও তাঁর অনুভূতির তীব্রতা দীপ্ত হয়েছে আধুনিক আরবী সাহিত্যে। এতে ফুটে উঠেছে দেশপ্রেম, মানবতা ও মাতৃভূমির প্রতি ভালবাসা। ফুটে উঠেছে রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক প্রেক্ষাপট। ফুটে উঠেছে নারী মুক্তির আলোচনা।

আধুনিক আরবী সাহিত্য যাদের মাধ্যমে শক্তিশালী স্থানে অধিষ্ঠিত তাদের মধ্যে অন্যতম হলেন: রিফায়াত বেগ তুহতবি (মৃ. ১৮৭৩ খ্রি.), মাহমুদ সামী আল-বারুদী (মৃ. ১৯০৪ খ্রি.), আয়িশা আত-তাইমুরিয়া (মৃ. ১৯০২ খ্রি.), ইসমাইল সাবরী (মৃ. ১৯২৭ খ্রি.), জিবরান খলিল জিবরান (মৃ. ১৯৩১ খ্রি.), হাফিজ ইব্রাহীম (মৃ. ১৯৩১ খ্রি.), আহমদ শাওকী (মৃ. ১৯৩২ খ্রি.), জামিল সিদকি আয-যাহাবী (মৃ. ১৯৩৬ খ্রি.), মুস্তফা সাদিক আর-রাফিয়ী (মৃ. ১৯৩৬ খ্রি.), মারুফ আর রুসাফী (মৃ. ১৯৪৫ খ্রি.), খলীল মুতরান (মৃ. ১৯৪৯ খ্রি.), তুহা হুসাইন (মৃ. ১৯৭২ খ্রি.), তাওফিক আল-হাকিম (মৃ. ১৯৮৭ খ্রি.), আলী আহমাদ বাকাছীর (মৃ. ১৯৬৯ খ্রি.), নাজীব কিলানি (মৃ. ১৯৯৬ খ্রি.), নাজীবমাহফুজ (মৃ. ২০০৫ খ্রি.) সহ অনেক কবি, সাহিত্যিক, নাট্যকার, উপন্যাসিক ও প্রাবন্ধিক। আলী আহমাদ বাকাছীর (১৯১০-১৯৬৯ খ্রি.) আধুনিক আরবী সাহিত্যের এক শক্তিশালী ও উজ্জ্বল নক্ষত্র। তিনি একাধারে নাট্যকার, উপন্যাসিক ও শক্তিশালী কবি। ঐতিহাসিক ঘটনার আলোকে রচিত তাঁর নাটক ও উপন্যাসগুলো খুবই জনপ্রিয় ও গুরুত্বপূর্ণ। তিনি তাঁর

\* পিএইচ. ডি. গবেষক, আরবী বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

অধিকাংশ সাহিত্যকর্মের পটভূমি ও নির্যাস সংগ্রহ করেছেন ইসলামী ঐতিহ্যের আলোকে। তাকে আরবী ও ইসলামী সাহিত্যের অন্যতম দিকপাল হিসেবে গণ্য করা হয়।

### আলী আহমাদ বাকাছীরের জীবনী

#### জন্ম, শৈশবকাল ও প্রাথমিক শিক্ষা

পুরোনাম আলী ইবন আহমাদ ইবন বাকাছীর আল-কিন্দি। আলী আহমাদ বাকাছীর ১৩২৮হি/১৯১০ খ্রিষ্টাব্দে ইন্দোনেশিয়ার সাউরবিয়াতে<sup>১</sup> জন্মগ্রহণ করেন।<sup>২</sup> তাঁর দাদা ছিলেন ইয়ামানের হায়রামাউতের অধিবাসী। যিনি ইসলাম প্রচার ও ব্যবসার উদ্দেশ্যে ইন্দোনেশিয়াতে গমন করেন। তাঁর পিতা ও দাদা ধর্মপ্রচারক ও ব্যবসায়ী হিসেবে ইন্দোনেশিয়াতে প্রসিদ্ধ ছিলেন।<sup>৩</sup>

আলী আহমাদ বাকাছীর তাঁর শৈশবকাল পিতার কাছেই অতিবাহিত করেন। অতঃপর বাকাছীরের বয়স যখন নয় বছর তখন তাঁর পিতা তাকে ইয়ামানের হাজরামাউতের ‘সুয়ুন’ নামক স্থানে তাদের পৈত্রিক বাড়িতে প্রেরণ করেন। আর এখানে তাদের আত্মীয়-স্বজন ও প্রতিবেশীরা বসবাস করে। বাকাছীর আরবী ভাষা, উসূল ও ইসলামী শিক্ষার মৌলিক ধারণা এখান থেকেই লাভ করেন। তিনি তাঁর চাচা প্রখ্যাত আলিম মুহাম্মদ ইবন মুহাম্মদ বাকাছীরের নিকট বিভিন্ন বিষয়ের শিক্ষা লাভ করেন। অতঃপর তিনি স্থানীয় একটি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হন। কিছুদিন পর তিনি ‘সুয়নের’<sup>৪</sup> একটি ইসলামী স্কুলে ভর্তি হন।<sup>৫</sup> এ শিক্ষা প্রতিষ্ঠান কে ‘মাদ্রাসাতুন নাহদা’ হিসেবেও অভিহিত করা হয়। অত্র প্রতিষ্ঠানে শিক্ষা সমাপ্ত করে এখানেই কর্মজীবন শুরু করেন ও পরবর্তীতে প্রধান শিক্ষক হিসেবে নিযুক্ত হন।<sup>৬</sup> মাত্র তের বছর বয়সেই বাকাছীর আরবী কবিতা মুখস্ত ও রচনায় অধিক আগ্রহী হয়ে উঠেন। তিনি প্রাচীন যুগের অনেক কবিতা মুখস্থ করেন। তিনি মুতানাব্বি ও ইমরুল কায়সের কবিতাও অধ্যয়ন করেন।<sup>৭</sup>

যৌবনের শুরুতেই বাকাছীর বিবাহ করেন। কিন্তু একটি কন্যা সন্তানের জন্মের পরই তাঁর স্ত্রী মারা যান।<sup>৮</sup> পরবর্তীতে তিনি আরেকটি বিয়ে করলে কিছুদিনের মধ্যেই তাদের বিচ্ছেদ ঘটে।<sup>৯</sup> তিনি তাঁর জুমা কাসিদায় তাঁর প্রথম স্ত্রীর জন্ম শোক প্রকাশ করে কবিতা রচনা করেন।<sup>১০</sup> তিনি তাঁর বিখ্যাত *দিওয়ান আল আদানিয়া*তে তাঁর প্রিয়তমা প্রথম স্ত্রীর জন্ম শোককবিতা রচনা করেন। অতপর তিনি জর্ডান গমন করেন ও সেখান থেকে হায়রামাউত হয়ে হিজায় ফিরে আসেন।<sup>১১</sup> হিয়াযে কিছুদিন অবস্থানের পর তিনি এডেনে পরিভ্রমণ করেন। সেখান থেকে সোমালিয়া ও ইথিওপিয়া ভ্রমণ করে হিজায় ফিরে আসেন। বাকাছীর কিছুদিন মক্কা, মদিনা ও তায়েফেও বসবাস করেন।<sup>১২</sup>

#### মিশর গমন ও উচ্চশিক্ষা লাভ

এরপর কিছুদিন হিয়াযে বসবাস করে তিনি মিশরে সফর করেন। তার এ ভ্রমণের প্রধান কারণ ছিল সে সময় মিশরের সাহিত্যচর্চা। তিনি ১৯৩৪ সালে মিশরে পৌঁছান। তিনি মিশরের আল আযহার বিশ্ববিদ্যালয়ের আরবী ভাষা ও সাহিত্য এবং ইসলাম শিক্ষা বিভাগ হতে উচ্চ শিক্ষা লাভ করেন।<sup>১৩</sup> তিনি আল আজহারের কৃষি বিভাগে ভর্তি হন। কিছুদিন পর তিনি সিদ্ধান্ত পরিবর্তন করেন ও ইংরেজি বিভাগে ভর্তি হন। তাঁর এ সিদ্ধান্ত পরিবর্তনের কারণ হল তিনি সে সময় বেশ কিছু বিদ্বৎ সাহিত্যিকের সাক্ষাৎ পান যারা তাকে ইংরেজি বিভাগে ভর্তি হতে উৎসাহ প্রদান করেন। এতে তিনি ইংরেজি সাহিত্য সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন। বাকাছীর ইংরেজি সাহিত্যের প্রখ্যাত সাহিত্যিক শেক্সপিয়ার সম্পর্কে অধিক পড়াশোনা করেন। তিনি এ সময় শেক্সপিয়ারের বিখ্যাত কাব্য নাট্য *রোমিও জুলিয়েট* আরবী কাব্য নাট্যে অনুবাদ করেন। এ সময়ে বাকাছীর তাঁর বিভিন্ন লেখনী ও কবিতা মানার ও রিসালাহ নামক পত্রিকায় প্রকাশ করেন।<sup>১৪</sup>

#### কর্মজীবন

বাকাছীর ইংরেজি বিভাগ হতে ১৯৩৯ সালে পড়াশোনা সমাপ্ত করেন। অতঃপর ১৯৪০ সালে শিক্ষায় ডিপ্লোমা ডিগ্রি লাভ করেন। এর কিছুদিন পর তিনি মাদরাসা আস-সানুবিয়াতে ইংরেজি শিক্ষক হিসেবে

যোগদান করেন। অতঃপর তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের চাকুরীতে প্রবেশ করেন।<sup>১৫</sup> তিনি উচ্চ শিক্ষা লাভের উদ্দেশ্যে ফ্রান্স গমন করেন ও ১৯৫৪ সালে ফ্রান্স থেকে সাহিত্যে উচ্চতর ডিগ্রি লাভ করেন। ১৯৫৬ সালে রোমানিয়াতে অনুষ্ঠিত রোমানিয়া-সোভিয়েত সাহিত্যসভায় তিনি মিশরের প্রতিনিধি হিসেবে যোগদান করেন। ১৯৫৮ সালে তিনি তাসখন্দে অনুষ্ঠিত এশিয়া ও আফ্রিকার সাহিত্য সন্মেলনে যোগদান করেন। অতঃপর উজবেকিস্তানে অনুষ্ঠিত সাহিত্য সমাবেশেও অংশগ্রহণ করেন।

তিনি ১৯৬৯ সালে ইরাকে সফর করেন। তিনি ইস্তাম্বুল বিজেতা মুহাম্মদ আল ফাতিহ এর উপর সাহিত্য রচনার উদ্দেশ্যে তুরস্ক ভ্রমণ করেন। বাকাছীর (১৯৬১-১৯৬৩) সাল পর্যন্ত দুই বছরের বৃত্তি নিয়ে খলিফা ওমর ইবনে খাতাব (রা.) এর জীবনী ও শাসনকালের উপর ১৯ খণ্ডের বিখ্যাত নাটক রচনা করেন। মিশরের প্রথম সাহিত্যিক হিসেবে তিনি এ কাজ সম্পন্ন করেন। এ ছাড়া তিনি নেপোলিয়নের মিশর আক্রমণ নিয়েও একটি ত্রয়ী নাটক রচনা করেন। তাঁর জীবনের শেষদিকে মিশরে ধর্মনিরপেক্ষ ও নব্য রাজনৈতিক ধারার সাহিত্য চর্চা শুরু হয়। কিন্তু তিনি নতুন এ সাহিত্য ধারার বিরুদ্ধে অবস্থান গ্রহণ করেন।<sup>১৬</sup>

### ইত্তিকাল

প্রখ্যাত নাট্যকার ইসলামী সংস্কৃতি চর্চার অগ্রপুরুষ আলী আহমাদ বাকাছীর ১০ নভেম্বর ১৯৬৯ সালে মিশরে ইত্তিকাল করেন। তাকে মিশরের ইমাম শাফিয়ী কবরস্থানে দাফন করা হয়।<sup>১৭</sup>

### সাহিত্যকর্ম ও আরবী সাহিত্যে তাঁর অবদান

তিনি অনেকগুলো সাহিত্য সন্মেলনে অংশগ্রহণ করেন। তিনি কবি সাহিত্যিকদের জাতীয় পরিষদের সদস্য ছিলেন।<sup>১৮</sup> তিনি তাঁর বিখ্যাত উমর বিন খাতাব নাটক রচনার জন্য জাতীয় সাহিত্য পুরস্কার লাভ করেন। বাকাছীর অনেক সাহিত্যকর্ম রেখে গেছেন এগুলোর সংখ্যা ষাটের অধিক।<sup>১৯</sup> এর মধ্যে রয়েছে উপন্যাস, নাটক, কবিতা ও কাব্যনাট্য। তাঁর রচিত নাটকগুলো স্থান কাল পাত্র অতিক্রম করে সর্বমহলে প্রশংসিত হয়েছে। নাটকগুলো প্রধানত ঐতিহাসিক ও ইসলামী ভাবধারার আলোকে রচিত। এগুলোর শৈল্পিক মানও অত্যন্ত উন্নত। সর্বোপরি বাকাছীর রচনা করেছেন অসংখ্য নাটক, কবিতা, কাব্যনাট্য ও উপন্যাস। এগুলোর আধিকাংশই ইসলামী প্রেরণায় ভরপুর।

বাকাছীরের নাটক ও উপন্যাসগুলো গদ্য ও পদ্যাকারে রচিত। তাঁর বিখ্যাত উপন্যাসগুলো হল *ওয়া ইসলামাহ্*, *আল-ফারিশ আল জামিল*, *লায়লাতুন-নাহার*, *আস-শাইরুল আহমার*। তাঁর প্রসিদ্ধ নাটকগুলো হল *সিররুল-হাকিম বি-আমরিলাহ*, *সিররুল-শাহরজাদ*, *হাজিম*, *মাসাতু-উদিব*, *আল-ফিরাউন আল-মাওউদ*, *মুলহামাতু-উমর*, *দারু ইবনু লুকমান*, *আবু দালামাহ*, *মিন ফাউকা সাবয়া সামাওয়াত* ইত্যাদি।<sup>২০</sup> তাঁর আধিকাংশ সাহিত্যকর্ম ফ্রেঞ্জ, ইংরেজি ও অন্যান্য ভাষায় অনূদিত হয়। তিনি রাজনৈতিক, সামাজিক ও ঐতিহাসিক বিষয়বস্তুর উপর অনেকগুলো একাঙ্কিকা রচনা করেন। তিনি এগুলোকে প্রথমে বিভিন্ন পত্রিকায় প্রকাশ করেন। তাঁর জীবিত অবস্থায় তাঁর তিনটি সাহিত্য সঙ্কলন বের হয়। তাঁর ইত্তিকালের পর বিভিন্ন পত্রিকায় প্রকাশিত তাঁর কবিতা একত্রিত করে দিওয়ান প্রকাশ করা হয়।<sup>২১</sup> ড. মহাম্মদ আবু বকর হামিদ ১৯৮৭ সালে বাকাছীরের প্রথম দিওয়ান প্রকাশ করেন আর এর নামকরণ করেন *আযহারুল রুবা ফি আসআরিস সাবা*। তাঁর দ্বিতীয় দিওয়ান সাহরু আদন ওয়া ফাখরু ইয়ামানযা মাকতাবা কুনুজ আল মায়ারিফা প্রকাশ করে। এতে বাকাছীরের ১৯৩২-১৯৩৩ সালের রচিত কবিতাবলী স্থান পেয়েছে। সম্প্রতি বাকাছীরের “সাবা নজদ ওয়া আনফাসুল হিয়ায” প্রকাশিত হয়েছে। এতে কবির সৌদি আরবে আবস্থানকালীন কবিতাগুলো স্থান পেয়েছে।<sup>২২</sup>

### বাকাছীর রচিত নাটকের বিষয়বস্তু

মিশরে আলী আহমাদ বাকাছীরের সমসাময়িক কবি সাহিত্যিকদের মধ্যে তাঁর তুলনায় অধিক অবহেলিত আর কোন সাহিত্যিক ছিলেন না। সম্ভবত বাহির থেকে এসে মিশরে বসবাস শুরু করার ঈর্ষাকাতর হয়েই তার সাথে এমন আচরণ করা হয়। আরব ও মিশরের সাহিত্য সমালোচকগণ তাঁর সাহিত্য সম্পর্কে তেমন

কোন ভালো মন্তব্য করতে ইচ্ছা প্রকাশ করতেন না। আর কোন প্রশংসা করলেও তা ছিল তাঁর সাহিত্যকর্মের তুলনায় অতি নগন্য।<sup>২০</sup> মিশরে অবস্থিত রাশিয়ান দূতাবাস কতৃক মিশরের কবি, সাহিত্যিক ও শিল্পীদের নামের তালিকা চাওয়া হলে সেখানে বাকাছীরের নাম উল্লেখ করা হয় নি।<sup>২১</sup> ১৯৭১ সালে তাঁর বিখ্যাত নাটক *সির আল হাকিম বি আমরিলাহ* অভিনিত হলে সারা আরব বিশ্বে ও মিশরে তাঁর সুখ্যাতি ছড়িয়ে পড়ে। এ সিনেমার প্রধান অভিনেতা ছিলেন ইউসুফ ওয়াহবি আর পরিচালক ছিলেন ফাতুহ নিসাতি।<sup>২২</sup> তিনি তাঁর সাহিত্যকর্মের জন্য জামাল আব্দুল নাসেরের নিকট থেকে স্বর্ণপদক লাভ করেন।<sup>২৩</sup> সংস্কৃতি ও পর্যটন মন্ত্রণালয় কতৃক আয়োজিত সাহিত্য প্রতিযোগিতায় তাঁর কিছু রচনা প্রথম পুরস্কার লাভ করে।<sup>২৪</sup> বাকাছীর প্রচলিত কবিতার মাধ্যমে তাঁর কবিত্ব প্রকাশ করেন। তিনি মাত্র তের বছর বয়সেই কবিতা রচনা আরম্ভ করেন। তাঁর চাচা আব্দুস সামাদ বাকাছীর ছিলেন প্রসিদ্ধ কবি। তার ছিল একটি প্রসিদ্ধ লাইব্রেরী। বাকাছীর এই লাইব্রেরীর বই নিয়মিত পড়তেন। বাকাছীরের চাচা মাঝে মাঝে তাঁর বন্ধুদের সাথে সাহিত্য আসরে মিলিত হতেন। এটি দেখে বাকাছীর কাব্য ও সাহিত্য সাধনায় অনুপ্রাণিত হতেন।<sup>২৫</sup>

কিন্তু বাকাছীর প্রচলিত ধরায় সাহিত্য রচনায় উৎসাহী ছিলেন না। তিনি প্রচলিত ধারার সাহিত্যচর্চা থেকে বের হয়ে নতুনত্বের ব্যাপারে চেষ্টা করতে লাগলেন। তিনি হিজায়ে অবস্থান কালে আহমাদ শাওকীর একটি কাব্যনাট্য পাঠ করে অনুপ্রাণিত হন। আর এটি ছিল তাঁর সাহিত্য জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ সময়। তিনি এ গ্রন্থ পাঠ করে জানতে পারলেন সংলাপের আলোকে কাব্যনাট্য রচিত হতে পারে। এর পরেই তিনি তাঁর বিখ্যাত নাটক *হুমা আও ফি আসিয়াত আল আহনাফ* রচনা করেন। এটি ১৯৩৪ সালে কায়রো থেকে প্রকাশিত হয়। বাকাছীর ইংরেজি সাহিত্য অধ্যয়নের কারণে তিনি এ সাহিত্যের অন্যতম সেরা সাহিত্যিকদের সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন। এদের মধ্যে উল্লেখযোগ্য হল উইলিয়াম শেক্সপিয়ার ও রাসেল।<sup>২৬</sup>

বাকাছীরের ইংরেজি অধ্যাপক একদিন ক্লাশে পাঠদানরত অবস্থায় ইংরেজি সাহিত্যের বিখ্যাত কাব্যনাট্য নিয়ে আলোচনা করছিলেন। তিনি গুরুত্ব সহকারে বলেন যে কাব্যনাট্য শুধুমাত্র ইংরেজিতেই ব্যবহার হয়। আরবী সাহিত্যে এটি প্রায় অসম্ভব ও কোন সাহিত্যিকই এটি করতে সক্ষম হবে না। তিনি তাঁর শিক্ষককে বললেন যে, কিছু বিষয় এখনো আরবী সাহিত্যে নেই এটা ঠিক কিন্তু এটা কখনো হবে না এটা ঠিক নয়। একথা শুনে তাঁর শিক্ষক তাকে চ্যালেঞ্জ জানালেন এবং বাকাছীর চ্যালেঞ্জ গ্রহণ করলেন যে তিনি একটি কাব্য নাট্য রচনা করবেন।<sup>২৭</sup> বাকাছীর শেক্সপিয়ার রচিত *রোমিও জুলিয়েট* কাব্য নাট্যকে আরবীতে অনুবাদ করার সিদ্ধান্ত নেন। ১৯৩৯ সালে এটি অনূদিত হয়ে প্রকাশিত হয়। তাঁর পূর্বে ইব্রাহীম আল মাজিনিও (১৮৮৯-১৯৪৯) এ জাতীয় কাব্য নাট্য অনুবাদ করেছিলেন। অতঃপর ১৯৪০ সালে বাকাছীর তাঁর প্রখ্যাত কাব্য নাট্য *আখানতুন ওয়া নিফিরতিনি* রচনা করেন।<sup>২৮</sup> তাঁর এ কাব্যনাট্য প্রকাশিত হওয়ার মাধ্যমে তিনি প্রচুর খ্যাতি অর্জন করেন। এর অন্যতম কারণ ছিল তিনি ইংরেজি ও আমেরিকান সাহিত্য সমালোচনা সম্পর্কে সম্যক ধারণা লাভ করেছিলেন।<sup>২৯</sup>

আর এ সময় ফিলিস্তিনের ভূমি দখল করে ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠার ঘোষণা দেয়া হয়। বাকাছীর ব্যাপকভাবে ইহুদিদের উপর লিখিত ইতিহাস অধ্যয়ন করেন। তিনি তাঁর বিখ্যাত *কিং ওডিপাস* নাটকে ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠার তীব্র বিরোধীতা করেন। আরব জাতীয়তাবাদের উপর ভিত্তি করে তাঁর লিখিত বিখ্যাত *মা'সাতু উদিব* তাকে সমধিক খ্যাতি প্রদান করে। এ সময় তিনি নাটক ও নাট্যতত্ত্ব নিয়ে নতুন করে লেখা শুরু করেন।<sup>৩০</sup> তিনি ইহুদিদের আধিপত্যবাদী ও সাম্প্রদায়িক কমকাজে ক্ষুব্ধ হয়ে ইহুদি, ইহুদীবাদ ও তাদের সমর্থনদানকারী হ্যারি এস, ট্রুম্যান ও উইনস্টন চার্চিল এর কর্মকাণ্ড নিয়ে নাটক রচনা করেন। অতঃপর (১৯৪০-১৯৫৩) সাল পর্যন্ত তিনি অনেকগুলো রাজনৈতিক নাটক রচনা করেন যা মিশরে অভিনিত হয় ও ব্যাপক জনপ্রিয়তা লাভ করে।<sup>৩১</sup> তাঁর অধিকাংশ নাটকের বিষয়বস্তু ছিল আরব ইসরাইল দ্বন্দ্ব ও আরব বিশ্বের প্রতি ব্রিটেন ও আমেরিকার পরিকল্পনা নিয়ে।<sup>৩২</sup> এ সময়কালকে বাকাছীরের সাহিত্যচর্চার স্বর্ণযুগ



হিসেবে অভিহিত করা হয়। তাঁর প্রথম স্ত্রীর মৃত্যুর পর থেকে বাকাছীর দীর্ঘ দিন শোকাতুর জীবনযাপন করেন। অতঃপর তিনি শোক কাটিয়ে নতুন আঙ্গিকে সাহিত্যচর্চা শুরু করেন যা তাকে আরবী সাহিত্যের অন্যতম সেরা সাহিত্যিক হিসেবে পরিণত করে। ১৯৫৩ সালের পর থেকে বাকাছীর ছিলেন আরবী সাহিত্যের অন্যতম শ্রদ্ধাভাজন ব্যক্তি।<sup>৩৬</sup>

১৯৫২ সালে মিশরে সামরিক অভ্যুত্থান সংঘটিত হলে বাকাছীর ও অন্যান্য সাহিত্যিকগণ তাদের সাহিত্যের বিষয়বস্তু পরিবর্তন করে ফেলেন। তিনি রাজনৈতিক ও সামাজিক বিষয়াবলীতে সাহিত্য রচনা পরিত্যাগ করেন।<sup>৩৭</sup> এ সময় তাঁর রচিত বিখ্যাত আত ছায়ির আল আহমার (১৯৫৩খ্.) প্রকাশিত হয়। এরপর বাকাছীরের যাবতীয় রচনাবলী মিশর, হেলেনেস্টিক সভ্যতা ও ইসলামের ইতিহাসের আলোকে রচিত।<sup>৩৮</sup> বাকাছীরের সাহিত্যকর্ম মিশরে অধিক জনপ্রিয় না হওয়ার কারণ সম্পর্কে কোন কোন বিশ্লেষক মন্তব্য করেন যে, তিনি মূলত মিশরীয় ছিলেন না। তিনি ১৯৪৫ সালে মিশরের নাগরিকত্ব লাভ করেন। মিশরীয়রা তাকে একজন বিদেশী হিসেবেই জানত।<sup>৩৯</sup> ১৯৫২ সালের অভ্যুত্থানের পর থেকে আরব জাতীয়তাবাদ আরও প্রকট আকার ধারণ করে। জাতীয়তাবাদের ধারণা মিশরের সকল সরকারি প্রতিষ্ঠানে প্রাধান্য লাভ করে। বাকাছীর কটর জাতীয়তাবাদীদের বিরুদ্ধে অবস্থান গ্রহণ করেন।<sup>৪০</sup> এ সময় মিশরের সাহিত্যজগতে বিশেষ করে নাটক ও অভিনয় জগতে পাশ্চাত্য শিক্ষিত, ধর্মনিরপেক্ষ মুসলিম ও অমুসলিমদের প্রাধান্য বাড়তে থাকে। আর বাকাছীরের অধিকাংশ রচনাই ছিল ইসলাম এবং আরবদের অতীত ইতিহাসের হারানো ঐতিহ্য নিয়ে। সুতরাং ধর্মনিরপেক্ষ বুদ্ধিজীবীরা বাকাছীরের সাহিত্যকর্মকে অবমূল্যায়ন করে। তারা অপপ্রচার করে বাকাছীরের রচনার কোন সাহিত্যমূল্য মিশরে নেই।<sup>৪১</sup>

ধর্মনিরপেক্ষ বুদ্ধিজীবীদের বাকাছীরকে অবমূল্যায়নের অন্যতম আরেকটি কারণ হল তারা মনে করত বাকাছীর ‘মুসলিম ব্রাদারহুড’ বা ‘ইখওয়ানুল মুসলিমিনের’ সদস্য। ১৯৫২ সালের সামরিক সরকার ব্রাদারহুডের উপর ইতিহাসের অন্যতম জঘন্য ও নির্মম অত্যাচারের স্তীমরোলার পরিচালনা করে। জামাল আন্দেল নাসের প্রাথমিক অবস্থায় ব্রাদারহুডের সাথে সুসম্পর্ক বজায় রাখলেও আস্তে আস্তে সে তাঁর খোলস ছেড়ে বেরিয়ে আসে। নাসের হাজারো ব্রাদারহুড কর্মীদের হত্যা ও অনেককে জেলে বন্দি করে রাখে। এ সময় ব্রাদারহুডের সাথে সম্পৃক্ত বুদ্ধিজীবীদের জীবনশিক্ষা প্রকাশ পায়।<sup>৪২</sup> বাকাছীরের প্রখ্যাত নাটক *মাসরাহা আস সিয়াসাহ* প্রকাশিত হওয়ার পর তাকে ব্রাদারহুডের সমর্থক হিসেবে গন্য করা হতে থাকে। এ নাটকটি ব্রাদারহুডের রাজনৈতিক মুখপত্রে প্রকাশিত হয়েছিল। এরপর থেকে মিশরে ছড়িয়ে পড়ে যে বাকাছীর ব্রাদারহুডের সাথে জড়িত রয়েছেন।<sup>৪৩</sup>

১৯৬২ সালে তিনি তাঁর মহাকাব্য *ওমর ইবন খাতাব* রচনার জন্য দু’বছর সরকারী বৃত্তি লাভ করেন। তিনি থমাস হার্ডির রচিত *দি ডাইনেসটি* থেকে অনুপ্রাণিত হয়েছিলেন। সেটি ছিল নেপোলিয়নের যুদ্ধ সম্পর্কিত মহাকাব্য। বাকাছীরের *ওমর ইবনে খাতাব* নাটকটিতে দ্বিতীয় খলিফা উমর বিন খাতাব (রা) এর জীবনী শাসনকাল চিত্রিত হয়েছে। এটি ১৯ টি খণ্ড ও প্রায় একহাজার চরিত্রের সমন্বয়ে রচিত।<sup>৪৪</sup> এ নাটকটি রচনার জন্য বাকাছীর প্রায় একহাজারেরও অধিক গ্রন্থ অধ্যয়ন করেছিলেন। যা ছিল আরবী, ইংরেজী, এবং ফ্রেঞ্চ ও ইটালি ভাষায়। তিনি ১৯৬৫ সালের মার্চে এটি রচনা সমাপ্ত করেন। কিন্তু এ বিখ্যাত নাটকটির মাত্র ৬ টি খণ্ড মিশরে প্রকাশিত হয়। বাকী ১৩ টি খণ্ড কুয়েত থেকে প্রকাশিত হয়। এটির কারণ ছিল তাঁর সাহিত্যের প্রতি মিশরীয় বুদ্ধিজীবীদের বিমাতা সুলভ আচরণ। ১৯৬৯ সালের শুরুতে বাকাছীর পাণ্ডুলিপি নিয়ে কুয়েতে বসবাসের ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু এ বছরই তিনি অসুস্থ হয়ে পড়েন ও ইত্তিকাল করেন।<sup>৪৫</sup>

#### বাকাছীরের কমেডি নাটক

বাকাছীর কমেডি নাটক রচনায়ও জনপ্রিয়তা লাভ করেন। তিনি কয়েকটি কমেডি বা হাস্যরসাত্মক নাটক রচনা করেন। এগুলো হল-

- ১। ডা. হানিম
- ২। গুলফিদান হানিম
- ৩। আল জাইম আল আহমার
- ৪। ইমবারাতুরিয়া ফিল মাজিদ
- ৫। মিসমার জুহা

বাকাছীর কমেডি নাটক সম্পর্কে মন্তব্য করে বলেন - 'জনসাধারণ সাধারণত গদবাধা বিষয়াবলী পড়তে পছন্দ করেনা। কিন্তু রসাত্মক বিষয়াবলী খুব ভালবাসে'।<sup>৪৬</sup> এসব বিষয় বিবেচনা করেই তিনি কমেডি নাটক রচনা করেন।

#### ইসলামী বিষয়বস্তুর আলোকে রচিত নাটক

বাকাছীর তার অনেকগুলো নাটকের বিষয়বস্তু ইসলামী ইতিহ্যের আলোকে সাজিয়েছেন। এগুলোতে তিনি ইসলামের রাজনীতি, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অবস্থা ফুটিয়ে তুলেছেন। এ বিষয়ে তার কয়েকটি বিখ্যাত নাটক হল-

- ১। সির আল হাকিম
- ২। মা'সাত উদিব
- ৩। ইলাহ ইসরাইল
- ৪। হারুত ওয়া মারুত

উক্ত নাটকগুলোতে ইসলামের ইতিহাস, আল কুরআনের ঘটনাবলি ও ইসলামী ঐতিহ্য স্থান পেয়েছে।<sup>৪৭</sup>

#### বাকাছীরের ঐতিহাসিক নাটক

আলী আহমাদ বাকাছীর ঐতিহাসিক ঘটনার আলোকে অনেক গুলো নাটক রচনা করেন। নিম্নে এ সম্পর্কে আলোচনা করা হল।

- |   |      |
|---|------|
| ১। ইখনাতুন ওয়া নিফিরতিতি               | ১৯৪০ |
| ২। ইব্রাহিম পাশা আও আল ওয়াতান আল আকবার | ১৯৪৪ |
| ৩। কাসর আল হাওদায়                      | ১৯৪৪ |
| ৪। সির আল হাকিম বি আমরিগ্লাহ            | ১৯৪৭ |
| ৫। দার ইবন লুকমান                       | ১৯৬০ |
| ৬। আল দুদাত ওয়া আল ছুবান               | ১৯৬৫ |
| ৭। আল ফালাহ আল ফাসিহ                    | ১৯৬৬ |
| ৮। সাদিয়াত আল ইসলাম                    | ১৯৬৬ |
| ৯। হারব আল বাসুস                        | ১৯৬৭ |
| ১০। আহলাম নাবিলিউন                      |      |
| ১১। মাআসাত যাইনাব                       |      |

বাকাছীর হযরত মুহাম্মদ (সা) ও সাহাবীদের জীবনী নিয়ে কয়েকটি ঐতিহাসিক নাটক রচনা করেন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য নাটকগুলো হল *হাকাযা লাকিয়াল্লাহ 'উমার (১৯৬৪)* এবং *মিন ফাউকা সাব'য়া সামাউয়াত (১৯৭৩)*।<sup>৪৮</sup>

#### ইখনাতুন ওয়া নিফিরতিতি

আখেনাতেন ইখনাতন, ইখনাটন, আখেনাটেন বা আখেনেতন নামেও পরিচিত; অর্থ "আটেন এর উপাসক" অষ্টাদশ রাজবংশের একজন প্রাচীন মিশরীয় ফারাও ছিলেন। তার শাসনকাল ছিল ১৭ বছর এবং তিনি আনুমানিক ১৩৩৪ বা ১৩৩৬ খ্রিষ্টপূর্বে মারা যান। তিনি ঐতিহ্যগত মিশরীয় বহু ঈশ্বরবাদ ত্যাগ করা এবং একেশ্বরবাদের প্রবর্তন করার জন্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ছিলেন। তার একেশ্বরবাদের উপাসনার দেবতা

ছিলেন আটন। প্রাচীন মিশরের গোড়ার দিকের একটি শিলালিপিতে আটনকে তুলনা করা হয়েছে যেমন তারার তুলনায় সূর্য। পরবর্তীতে আটনকে শুধুমাত্র দেবতা না বলে, সাধারণ দেবতাদের চেয়ে উচ্চ অবস্থানে সৌর দেবতা বলা হতো।<sup>৪৯</sup>

নেফেরতিতি (খ্রিস্টপূর্ব ১৩৭০-১৩৩০) ছিলেন একজন মিশরীয় রানী। তার স্বামী পরিবর্তনে, তার নাম নেফের-নেফের-আটন সম্মানের জন্য আটন দেয়া হয়েছে। তথাকথিত আমারনা সময় কালের নেফেরতিতি তার স্বামী অষ্টদশ রাজবংশের, আখেনাটেন এর পাশে শাসন করেছিল (আখেনাতেনের রাজধানী এল-আমারনানে ছিল)। নেফেরতিতি জীবন সম্বন্ধে অল্প জানা যায়, যদিও এইটি অসম্ভাব্য মনে হয় যে, তিনি রাজ রাজবংশের একজন ছিল।<sup>৫০</sup>

আলী আহমাদ বাকাছীর রচিত ইখানতুন ও নিফিরতিতি নাটকের মূল প্রতিপাদ্য হল প্রাচীন মিশরের ঐতিহাসিক ও ধর্মীয় দিক তুলে ধরা। প্রাচীন মিশরের রাজা বা ফারাউদের মধ্যে শুধুমাত্র ইখানতুন এক প্রভু মানত। ঐতিহাসিকদের মতে সে এটা তাওরাত কিতাব অধ্যয়ন করে বুঝতে পেরেছিল।<sup>৫১</sup> কোন কোন ঐতিহাসিক বলেন ইখানতুন তার মা রানী তাজ্জি এর নিকট থেকে একক প্রভুর ধারণা পেয়েছিলেন। তার মা তাকে বলেন:

কখনই না, হে আমার ছেলে, আমাদের শুধু একজন প্রভু  
তিনি আমাদের ভালো ও মন্দেও প্রভু  
তিনি আমাদের সৃষ্টিকর্তা,  
তিনি আমাদের শিশুকাল থেকে লালন পালন করেন,  
এবং তিনি সেই সত্তা যিনি আমাদের জীবন ও মৃত্যু প্রদান করেন।<sup>৫২</sup>

**ইব্রাহিম পাশা আও আল ওয়াতান আল আকবার**

ইব্রাহিম পাশা (১৭৮৯- ১০ নভেম্বর ১৮৪৮) ছিলেন মুহাম্মদ আলি পাশার জ্যেষ্ঠ পুত্র এবং মিশর ও সুদানের ওয়ালি (অর্থাৎ তত্ত্বাবধায়ক)। তার পিতার প্রতিষ্ঠিত মিশরীয় সেনাবাহিনীতে তিনি একজন সেনাপতি হিসেবে কাজ করেছেন। জীবনের শেষের দিকে মুহাম্মদ আলির অসুস্থতার কারণে তিনি তার উত্তরসূরি হন। মিশর ছাড়াও তার পিতার শাসনাধীন সিরিয়া, হেজাজ, মুরিয়া, খাসোস ও ক্রিটও তিনি শাসন করেছেন। ইব্রাহিম পাশা তার পিতার পূর্বে মারা যান। তিনি চার মাস শাসন করেছিলেন।<sup>৫৩</sup>

বাকাছীর রচিত অত্র নাটকটি আরব জাতীয়তাবাদের উপর লিখিত।<sup>৫৪</sup> নাটকটির মূল প্রতিপাদ্য 'আরব জাতির ঐক্য প্রতিষ্ঠা। বাকাছীর মিশরকে একটি আলোকিত দেশ হিসেবে দেখতে চেয়েছেন যার আলোয় আলোকিত হবে পুরো আরব জগত। ইব্রাহিম পাশা নাটকের মাধ্যমে বাকাছীর মিশরের প্রতি তার ভালবাসা প্রকাশ করেছেন। কারণ তিনি শৈশবকালে মিশরে এসেছেন, দেশটির মাতৃভাষা আরবি, মিশরের অধিকাংশ জনসাধারণ কোমল হৃদয়ের অধিকারি। তিনি মিশরে তুরস্কের সামরিক বাহিনীর উপস্থিতির তীব্র সমালোচক ছিলেন।<sup>৫৫</sup>

**সির আল হাকিম বি আমরিগ্লাহ**

অত্র নাটকে বাকাছীর ইতিহাস খ্যাত ফাতিমীয় খলিফা আল হাকিম বি আমরিগ্লাহ এর চরিত্র ও শাসনকাল সম্পর্কে আলোকপাত করেছেন। আবু আল মানসুর (৯৮৫-১০২১ খ্রি.) তার উপনাম আল হাকিম বি আমরিগ্লাহ হিসেবে সুপরিচিত।<sup>৫৬</sup> তিনি ষষ্ঠ ফাতেমী খলিফা ও ষোলতম ইসমাইলি ইমাম ছিলেন। অত্র নাটকটিতে নাট্যকার আল হাকিমের চরিত্রের দুটো বিপরীত দিক কঠোরতা ও কোমলতা ফুটিয়ে তুলেছেন। তিনি কঠোর অবস্থায় তার বন্ধু ও কাছের মানুষদের হত্যা করতেও বিচলিত হতেন না। আবার শান্তিকালীন সময়ে সকল ধরনের খারাপ কাজ ও নিষ্ঠুরতা থেকে বিরত থাকতেন। তিনি সকল প্রকার ভালো খাবার থেকেও নিজেকে বিরত রাখতেন। শুধুমাত্র একটি রুটি ও এক গ্লাস পানি পান করে দিনাতিপাত করতেন।<sup>৫৭</sup>

### আল ফালাহ আল ফাসিহ

এটি বাকাছীর রচিত ঐতিহাসিক কমেডি নাটক। এটির চরিত্রের সাথে শেক্সপিয়ার এর রচনার মিল রয়েছে। নাটকটির মূল বিষয় হল সমাজের ক্ষমতাসীলদের হাতে ন্যায় বিচার ভুলুষ্ঠিত। বাকাছীর অত্র নাটকটিতে ফেরাউনের শাসনামলের ঐতিহাসিক ঘটনার আলোকপাত করেছেন।<sup>৬৮</sup> বাকাছীর নাটকটিতে প্রাচীন মিশরের ন্যায় বিচারের একটি বিখ্যাত ঘটনা উল্লেখ করেছেন। ঘটনাটি হল ওয়াহাত মিলহ নামক জায়গার কুনাবুব নামক এক ব্যক্তি নীল নদীর তীরের একটি বাজারে গাধার পিঠে ফলমূল বিক্রি করতে আসেন। কিন্তু পথিমধ্যে স্থানীয় প্রভাবশালী এক ব্যক্তি তার গতি রোধ করে লোকটির সমস্ত সম্পদ নিয়ে চলে যায়। পরবর্তিতে লোকটি রাজার নিকট এ বিষয়ে অভিযোগ উত্থাপন করলে রাজা সমস্ত সম্পদ উদ্ধার করে কুনাবুব কে ফিরিয়ে দেন।<sup>৬৯</sup>

### দার ইবন লুকমান

ইসলামের ইতিহাসের অন্যতম প্রসিদ্ধ এ বাড়ীটি মিশরের মানসুরিয়া শহরে অবস্থিত। এখানে অনুষ্ঠিত খ্রিষ্টান ও মুসলমানদের মধ্যে ক্রুসেডের যুদ্ধে পরাজিত ফ্রান্সের রাজা নবম লুইস বন্দি ছিলেন। এটি মিশরের মানসুরিয়া বিখ্যাত কাজী ইব্রাহিম বিন লুকমানের নাম অনুসারে প্রসিদ্ধ লাভ করে। বাকাছীর সব সময় মিশরের উন্নতি কামনা করতেন। তিনি মিশরের প্রতিরক্ষার জন্য জাতীয় সামরিক বাহিনী গঠনের বিষয়ে মতামত প্রদান করেন। মিশরের সামগ্রিক উন্নতি বিধানের লক্ষ্যে তিনি এই নাটকটি রচনা করেন।<sup>৭০</sup>

### হারব আল বাসুস

বাকাছীর ১৯৬৭ সালে ইসরাইলের সাথে মিশরের পরাজয়ের প্রেক্ষিতে অত্র নাটকটি রচনা করেন। তিনি মিশরের পরাজয়ের কারণগুলোকে নাটকের মাধ্যমে উপস্থাপন করেছেন। এ প্রসঙ্গে তিনি প্রাচীন আমলের ঐতিহাসিক বাসুসের যুদ্ধের ঘটনার অবতারণা করেছেন যা ৪০ বছর ব্যাপি স্থায়ী ছিল। নাটকটির মূল বিষয় হল আরব দেশ গুলোর মধ্যে ঐক্য প্রতিষ্ঠার মাধ্যমে তারা বহিঃশত্রুর হাত থেকে নিজেদের রক্ষা করতে পারবে। নাট্যকার একই বিষয় তার ইব্রাহীম পাশা ও আল ওয়াতান আল আকবার নাটকে উল্লেখ করেছেন।<sup>৭১</sup>

### মিশরে নেপলিয়নের অভিযান সম্পর্কে ত্রয়ী নাটক

এই তিনটি নাটকে বাকাছীর মিশরে নেপলিয়নের অভিযানের কারণ ও এর ফলাফল নিয়ে আলোচনা করেছেন। এই ত্রয়ী সিরিজ নাটকের প্রথম নাটক *আদ দুদাত ওয়া আল ছুবান*, দ্বিতীয়টি *আহলামু নেপোলিয়ন*, তৃতীয়টি *মায়াসাত যাইনাব*।

### আদ দুদাত ওয়া আল সুবান

অত্র নাটকটিতে বাকাছীর মিশরে মামলুকদের শাসন কালের অরাজকতা উল্লেখ করেছেন। তিনি মামলুক অধীনস্থ বিভিন্ন অঞ্চলের উপদলীয় সজ্ঞাত ও বিভেদ এ অঞ্চলে ফ্রান্সের আক্রমণের কারণ হিসেবে উল্লেখ করেছেন। শাসক গোষ্ঠীর অনেক সদস্য দুর্নীতি ও লোভে মত্ত ছিল। এ সময়ের অরাজক পরিস্থিতির কারণে সামাজিক বন্ধন ও সহনশীলতা অনুপস্থিত ছিল। ফলে নেপোলিয়ন ও তার বাহিনী মিশরে আক্রমণের সুযোগ লাভ করে।<sup>৭২</sup>

### আহলাম নেপলিয়ন

অত্র নাটকে বাকাছীর নেপলিয়নের আক্রমণ পরবর্তী মিশরের সামগ্রিক চিত্র অংকন করেছেন। এ সময়কালকে মিশরের ইতিহাসের অন্যতম অরাজক সময়কাল হিসেবে উল্লেখ করা হয়। এর অনেকগুলো লক্ষণের মধ্যে একটি হল নারী মুক্তির আন্দোলনের নামে কায়রোর রাজপথে মিশরের নারীদের ফ্রান্সের নারীদের অনুরূপ পোশাক ও অলংকার পরিধান করে চলাফেরা করা। আল জুবিরতি এ বিষয়ে বিস্তারিত উল্লেখ করেছেন এবং মিশরের নারীদের পাশ্চাত্য সংস্কৃতি গ্রহণের তীব্র সমালোচনা করেছেন।<sup>৭৩</sup> তিনি

আরও বলেন ফ্রান্সের অভিযানের ফলে মিশরের নারীদের সামাজিক ও সাংস্কৃতিক জীবন হুমকির মুখে পড়েছিল।<sup>৬৪</sup>

### মাসাত যাইনাব

অত্র নাটকে বাকাছীর বিদেশী আক্রমণের বিরুদ্ধে আল শাইখ আল জুসাকির আন্দোলনের সমর্থক যাইনাবের প্রশংসা করেছেন। যাইনাবের বাবার নাম আল বিকিরি। ফ্রান্সের দখলদারিত্বের বিরুদ্ধে আন্দোলনের মাধ্যমে যাইনাব জাতীয় বীর হিসেবে পরিচিতি লাভ করে।<sup>৬৫</sup>

### ইলাহ ইসরাঈল (ইসরায়েলের ঈশ্বর)

বাকাছীর এই নাটকের মুখবন্ধ হিসেবে কুরআনের একটি আয়াত উদ্ধৃত করেছেন: “এবং তাঁদের পরস্পরের মধ্যে শত্রুতা ও হিংসা স্থাপন করেছি কিয়ামত পর্যন্ত; যখনই (মুসলিমদের বিরুদ্ধে) যুদ্ধাঙ্গি প্রজ্জলিত করতে চায়, আল্লাহ তা নির্বাচিত করে দেন; তাঁরা ভূ-পৃষ্ঠে আশান্তি ছড়িয়ে বেড়ায়; আর আল্লাহ অশান্তি বিস্তারকারীদের ভালোবাসেন না”।<sup>৬৬</sup>

এই আয়াতে ইহুদিদের বিষয়ে উল্লেখ করা হয়েছে। নাটকটিকে তিনটি অধ্যায়ে ভাগ করা হয়েছে। প্রথম অধ্যায় মিশর থেকে ইসরায়েলের সন্তানদের প্রস্থানের সাথে সম্পর্কিত। মুসা (আ.) জানতে পারেন যে ইহুদিরা তাদের প্রতিবেশীদের কাছ থেকে স্বর্ণ চুরি করেছে।<sup>৬৭</sup>

মুসা (আ.) মিশরীয়দের কাছে স্বর্ণ ফেরত দেওয়ার আদেশ দেন। ইহুদিদের নেতারা ইবলিশের (শয়তানের) সাথে দেখা করেছে। এবং তার প্রতি তাদের ভক্তির অঙ্গীকার করেছে, তারা মুসাকে অমান্য করেছে। ইবলিশের নির্দেশে তারা হারুনের কাছ থেকে স্বর্ণ নেয় এবং বাছুর তৈরি করে, যার পূজা তারা করে। এই মূর্তিপূজার জন্য ইহুদিদের সন্তানদের বর্তমান প্রজন্মের মৃত্যু না হওয়া পর্যন্ত প্রান্তরে বিচরণ করতে হবে। যখন তারা যুদ্ধে যায় তখন তারা ইবলিশের আনুগত্য করে নারী, শিশু এবং অসহায় বৃদ্ধদের হত্যা করে। মুসা (আ.) তাদের অভিশাপ দেন এবং যখন তাঁর মৃত্যুর সময় এসে যায় তখন তিনি তার ভতিজা হারুণ (আ.) এর পুত্রকে তাকে কবর দিতে বলেন যেখানে ইসরায়েলীরা তার কবর কখনোই খুঁজে না পায়।

এই অধ্যায়ের দ্বিতীয় দৃশ্যে, সারা বিশ্বের ইহুদি নেতারা তাদের ইসরায়েল রাষ্ট্র গঠন নিয়ে আলোচনা করেন। ইসরায়েল সৃষ্টির বিরোধিতায় উত্থাপিত বক্তব্যটির দাবির উপর ভিত্তি করে তারা যুক্তি প্রদান করেন যে ইতিমধ্যে তাদের ভালবাসা এবং স্বর্ণ দখল করার মাধ্যমে বিশ্বকে নিয়ন্ত্রণ করতে হবে। এগুলো অর্জনের জন্য প্রয়োজনে যুদ্ধকে উপায় হিসাবে ইস্রায়েলীয়রা গ্রহণ করে। বাকাছীর নিশ্চিত করেছেন যে ইহুদিরা দুটি বিশ্বযুদ্ধের জন্য দায়ী ছিল এবং যদি এটি মধ্যপ্রাচ্যের পরিস্থিতি দ্বারা অন্য কোন যুদ্ধ ছড়িয়ে পড়ে তবে তৃতীয়টির জন্যও তাঁরাই দায়ী হবে।<sup>৬৮</sup>

এই ধরনের কাজকে নাট্যকারদের ব্যাপক মাত্রা দেওয়ার জন্য দুঃখী মানবতার প্রতি সহানুভূতিশীল উপলব্ধি থাকতে হয়। বাকাছীরের এমন বিষয়টি বোঝার অভাব বলা অত্যাধিক হতে পারে। কিন্তু তিনি তা সম্পূর্ণ হতে দিয়েছেন তার ধর্মীয় এবং আরব জাতীয়তাবাদী অগ্রাধিকার দ্বারা মেঘাচ্ছন্ন পরিবেশের কারণে।

### হারুত ওয়া মারুত (হারুত ও মারুত)

বাকাছীর রচিত হারুত ওয়া মারুত একটি সুন্দর নাটক যা ফেরেশতাদের কিছু কর্মকাণ্ড নিয়ে একটি নাটকীয় পটভূমির দিকে অগ্রগতির একটি স্পষ্ট নিদর্শন। বাকাছীরের ট্র্যাজেডিগুলোর মধ্যে হারুত ওয়া মারুতে মানবতার দুর্দশার জন্য সহানুভূতির ক্ষুদ্রতম বৈশিষ্ট্য রয়েছে।<sup>৬৯</sup> আসমানে কিছু ফেরেশতা পাপাচার এড়াতে মানুষের অক্ষমতা নিয়ে উপহাসমূলক মন্তব্য করে। আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা এই মনোভাবের দ্বারা ক্ষুব্ধ হন এবং তাদেরকে তাদের মধ্যে থেকে দু'জনকে বেছে নিতে বলেন এবং মানুষের মতো একই অনুভূতি দিয়ে পৃথিবীতে প্রেরণ করেন।<sup>৭০</sup> হারুত এবং মারুত নামক দু'জন ফেরেশতাকে বেছে নেওয়া হয়।<sup>৭১</sup>

বাকাছীরের নাটকে সেই সময়ে যেখানে বাবেলের নগর-রাষ্ট্র, অন্য নগর-রাষ্ট্রের প্রতিদ্বন্দ্বী আল-রুআহতে একজন নতুন শাসক এবং একজন নতুন বিচারকের প্রয়োজন। রাজা মারা গেছেন এবং তার দুই কন্যা, আল-লাত এবং আল-উজ্জা সিংহাসনের প্রতিদ্বন্দ্বী। বাবেলের লোকেরা শারীরিক সৌন্দর্যের পূজা করে, এই ভিত্তিতে দুই বোনকে পুরো জনগণের সামনে তাঁদের সৌন্দর্য প্রদর্শনের জন্য নগ্ন হতে হবে এবং তাঁদের একজনকে বাবেলের রানী হিসেবে বেছে নেওয়া হবে। আল-রুয়ার রাজপুত্র বাআল, আল-লাতের প্রেমিক, কিন্তু তার বাবা তাঁর সাথে বিয়ে দিতে রাজি নয়। নতুন বিচারক বাছাইয়ের মাপকাঠিও ব্যক্তির শারীরিক এবং তার আইনি যোগ্যতা নয়। হারুত ও মারুতকে বাবেলের যুগ্ম বিচারক হিসেবে এই কাজ দেওয়া হয়েছে।

যখন হারুত এবং মারুত কিছু সময়ের জন্য পরিচিত হয়েছে, তারা তামারাকে কাছ থেকে দেখার আশায় তাদের ঘরে বিশ্রাম নিচ্ছে। তিনি এবং তার স্বামী বিচারকের নিকট নালিশ করেছেন। যদিও হারুত এবং মারুত আল-লাতের সাথে তামারার সাদৃশ্য সম্পর্কে সচেতন, যিনি বাবেলের শাসক হিসেবে তার পিতার স্থলাভিষিক্ত হয়েছেন, তিনি বিশ্বাস করতে অস্বীকার করেন যে তিনি আল-লাত। তারা তার সৌন্দর্যকে একমাত্র প্রমাণ হিসেবে ব্যবহার করে তার ন্যায্যতা, এবং তার পক্ষে নালিশ দায়ের করে। তারা ইতিমধ্যেই অন্য অনেক নারীর আকর্ষণকে প্রতিহত করতে ব্যর্থ হয়েছে। দু'জনেই আরও একটি বিজয়ের জন্য উদ্বিগ্ন। হারুত যখন মারুতকে জাগিয়ে তোলে তখন মারুত তামারার স্বপ্ন দেখছিল। যখন তারা তার জন্য অপেক্ষা করে তখন তারা তর্ক করে যে কার আগে সম্পর্ক করা উচিত। নিম্নলিখিত সংলাপ সম্বলিত হয়-

**মারুত:** শোনো, হারুত, তার সামনে আমাদের তর্ক করা উচিত নয় কারণ এটি তার সাথে আমাদের সমস্ত সম্ভাবনা নষ্ট করে দেবে। তাহলে আমি প্রথমে তাঁর সাথে সম্পর্ক প্রতিস্থাপন করি।

**হারুত:** কেন আপনি প্রথম হবেন?

**মারুত:** স্বপ্নে আপনি আমাকে যা বঞ্চিত করেছিলেন এটি তার অংশ।

**হারুত:** আপনি কি তাঁর সাথে একচেটিয়া সম্পর্ক স্থাপন করতে চান? আপনার স্বপ্নে ও বাস্তবে? কি স্বার্থপরতা?

**মারুত:** না, আসলে আমি স্বপ্নে কোথাও পাইনি এবং এটি আপনার দোষ।<sup>১২</sup>

হারুত দরজা খুললে বোঝা যায় অন্য কেউ। ব্যক্তিটি হল জ্ঞানী হার্মিস, যিনি বাবেলের প্রাক্তন শাসকের অমনোযোগী উপদেষ্টা ছিলেন। শাসকদের পরিবর্তন তার প্রতি বাবেলের মনোভাবের পরিবর্তন করেনি। এটিতে মানুষের ভবিষ্যত এবং ধীরে ধীরে তার সম্ভাবনার উপলব্ধি নিয়ে একটি আকর্ষণীয় আলোচনা রয়েছে। এটি মানুষের প্রতি বাকাছীরের বিশ্বাস এবং তার মাধ্যমে তার শেষ পরিভ্রাণের একটি ইতিবাচক নিশ্চিতকরণ বলে মনে হবে। তামারা যখন সৃষ্টি কর্তার উপর বিশ্বাস স্থাপন করে তখন হারুত এবং মারুত তাকে স্বাগত জানায়। তারা তাকে তার স্বামীর নালিশের রায়ের একটি অনুলিপি প্রদান করে।

হারুত যখন রায়ের নথি নিয়ে আদালত-গৃহে দুরে থাকে, তখন মারুত তামারাকে প্রতিশ্রুতির বিনিময়ে কিছু জাদুকরী ক্ষমতা দেয় যে সে তাঁর সাথে খারাপ সম্পর্ক স্থাপন করবে। যখন তিনি এই বিষয়টি প্রদানের দাবি জানান, তামারা তার স্বামী বাআলকে ডাকেন, তিনি সঙ্গে সঙ্গে প্রবেশ করেন। মারুত বিব্রত এবং কি বলবে বা কি করবে বুঝতে পারছে না। তার স্বস্তি এবং বিশ্বাসের জন্য, তামারা, এখন আল-লাত হিসাবে স্ব-প্রকাশিত, তার উপর গুণ্ডচরবৃত্তি করার জন্য বাআলকে তিরস্কার করে এবং তাকে তার অবস্থান ছেড়ে চলে যেতে বলে। অতঃপর আল-লাতের প্রাসাদে বাআল তার তরবারি দিয়ে হারুত ও মারুতকে আক্রমণ করে, কিন্তু দুই ফেরেশতার উপর এর কোন প্রভাব পড়েনি। বাআল তাদের দিকে ছুটে গেলে তারা তাকে হত্যা করে।

এই কারণে তারা উভয়ই স্বর্গ ও পৃথিবীর মধ্যে যোগাযোগের ক্ষমতা হারিয়ে ফেলে। আল-লাত তাদের কারাগারে রাখে। হারুত এবং মারুত এখন মানুষের প্রতি তাদের অবিবেচনামূলক সমালোচনার জন্য অনুতপ্ত, কারণ তারা নিজেরাই ফেরেশতা হওয়া সত্ত্বেও প্রলোভন প্রতিরোধ করতে পারেনি। বাবেল যখন আল-রুয়াহ

রাজার সেনাবাহিনীর দ্বারা হুমকির সম্মুখীন হয়, তখন হারুত এবং মারুতকে নিয়ে যাওয়া হয় এবং শান্তি দেয়া হয়।<sup>১০</sup>

#### আল-মালহামা আল-ইসলামিয়া আল-কুবরা: উমর

বাকাছীর একটি মহাকাব্যিক নাটক আল-মালহামা আল-ইসলামিয়া আল-কুবরা: উমর (মহান ইসলামিক মহাকাব্য: উমর) এর লেখক। দ্য ডাইনাস্টস যেমন থমাস হার্ডির নেপোলিয়নকে নিয়ে যুদ্ধের মহাকাব্যিক নাটক।<sup>১৪</sup> হার্ডির মহাকাব্যিক নাটকের মতো, বাকাছীরও তাঁর মহাকাব্যিক নাটকটি তিনটি ভাগে এবং উনিশটি অধ্যায়ে বিভক্ত করেছিলেন। হার্ডির এপিক ড্রামা নেপোলিয়নের সাথে যুদ্ধের দশ বছর জুড়ে আলোচনা রয়েছে, যেমন বাকাছীর ‘উমরের (রা.) (৬৩৪-৬৪৪ খৃ.) এর খিলাফতের দশ বছর জুড়ে আলোচনা রয়েছে। তবে, এই কাঠামোগত দিকগুলির বাইরে মূলবক্তব্য এবং অনুকরণের মধ্যে মিল খুব কমই পাওয়া যায়। বাকাছীর হার্ডির দীর্ঘ মঞ্চ নির্দেশনার মতো অন্যান্য কৌশলগুলি ব্যবহার করেন না।<sup>১৫</sup> বাকাছীর হার্ডির মতো তার মহাকাব্যে ফাঁকা শ্লোক বা অন্য কোনও পদের ফর্ম ব্যবহার করেননি। এই সমস্ত পার্থক্যের প্রভাব হল বাকাছীরের মহাকাব্যের দ্য ডাইনাস্টদের মধ্যে উপস্থিতি ও বিস্ময়ের অভাব রয়েছে। আরও গুরুত্বপূর্ণ বিষয় যারা দ্য ডাইনাস্ট হার্ডির বেশিরভাগ নায়ক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তাদের বিপরীতে ‘উমর (রা.)-এর কোনো প্রতিপক্ষ নেই।<sup>১৬</sup>

ইসলামের ইতিহাসের অন্যতম খলিফা উমর ইবনুল খাত্তাব (রা.) কে নবী (সা.) এর পর অন্যতম শ্রেষ্ঠ শাসক বলে গণ্য করা হয়।<sup>১৭</sup> তাকে আরব মুসলিম সাম্রাজ্যের অন্যতম প্রতিষ্ঠাতা হিসাবেও বিবেচনা করা হয়। তিনি কেবল সামরিক বিজয়ের আদেশ দেননি বরং সাম্রাজ্যের প্রশাসনিক ভিত্তিও প্রতিষ্ঠা করেছিলেন। তার সবচেয়ে শক্তিশালী বৈশিষ্ট্য ছিল তার ইচ্ছাশক্তি। তিনি ইসলামের ঘোষিত শত্রু হিসাবে পরিচিত পেয়েছিলেন এবং তার সমস্ত শক্তি দিয়ে এটিকে প্রতিহত করতে চেয়েছিলেন। হিজরতের চার বছর আগে তিনি ২৬ বছর বয়সে ইসলামে দীক্ষিত হন। তিনি একজন সামরিক লোকের চেয়ে একজন প্রশাসক হিসেবে সুপরিচিত ছিলেন। সর্বোপরি, তিনি এই অর্থে একক নেতৃত্বের অধিকারী ছিলেন। তিনি যে সিদ্ধান্ত নিতেন এবং তা কার্যকর করতে এমন একক মানসিকতা, উদ্দেশ্যের এত দৃঢ়তা, নিজের ন্যায়পরায়ণতার এমন প্রত্যয় জ্ঞাপন করতেন, যে তার উপদেষ্টাদের পক্ষে তাকে প্রশ্ন করা কঠিন ছিল। কিন্তু তার একটি সাধারণ জীবনধারা ছিল যা অবশ্যই এমন এক সময়ে বাকাছীরকে প্রভাবিত করেছিল যখন তিনি মিশরের রাজনৈতিক নেতাদের ঐশ্বর্যের প্রতি মোহভঙ্গ হয়েছিলেন। কেউ কেউ স্বীকার করে যে মহাকাব্য হল এমন একটি কাজ যা প্রাথমিকভাবে এর কার্যকলাপের উপর নির্ভর করে এক বা একাধিক কেন্দ্রীয় ব্যক্তিত্ব, যারা ইতিহাস পরিবর্তন করেন বা যারা তাদের পরিকল্পনার মাধ্যমে ইতিহাসের একটি নতুন অংশ শুরু করেন। সে হিসেবে বাকাছীর রচিত উমর বিন আল-খাত্তাব (রা.) মহাকাব্যটি একটি মাইলফলক হিসেবে আরবি সাহিত্যের ইতিহাসে অঙ্গান হয়ে থাকবে।

মুসলমানরা প্রথমে যুদ্ধে হেরে যায় কিন্তু দ্বিতীয় একটি নির্ণায়ক জয় দৃশ্যে মুসলিম বাহিনীর সেনাপতি আল-মুছান্না বিন হারিছা (রা.) এবং তার স্ত্রী সালমা আবু উবায়দাকে (রা.) সাম্প্রতিক নিয়োগের বিষয়ে আলোচনা করছেন। এই নিয়োগ খালিদ বিন আলওয়ালিদ (রা.) কে সেনাপতির আসন থেকে পদচ্যুত করা হয়। সমস্ত মুসলিম সেনাবাহিনী, আল-মুছান্না (রা.) আল্লাহর রাস্তায় একাত্মতার সাথে যুদ্ধ করছে। ব্যক্তিগত উচ্চাকাঙ্ক্ষার প্রশ্নগুলিকে এই সর্বোচ্চ উদ্দেশ্য করতে দেওয়া উচিত নয়। আল-মুছান্নার সাথে আবু উবায়দা (রা.) এর সাথে অনুষ্ঠিত বৈঠকে তিনি জানতে পারেন তাকে ‘উমরে (রা.) নির্দেশ নতুন সেনাপতির সাথে তাঁর একত্রে কাজ করতে হবে। সিদ্ধান্ত নেওয়ার আগে আবু উবায়দা (রা.) কে অবশ্যই সমস্ত বিষয়ে তার সাথে পরামর্শ করতে হবে।

### দ্বিতীয় দৃশ্য

আবু উবায়দা (রা.) প্রতিনিধি দল গ্রহণ করেন এবং বিরোধ নিষ্পত্তি করেন। মুসলিমরা পারস্য অঞ্চলের কিছু অংশে শিবির স্থাপন করেছে যা তারা জয় করেছে। পারস্যের এই অংশের সর্দাররা আবু উবায়দার কাছে পছন্দের খাবারের উপহার নিয়ে আসে, কিন্তু তিনি তা গ্রহণ করতে অস্বীকার করেন, অনেকটা জোর করে তাকেও একই জিনিস দেওয়া হয়। মুসলিম সৈন্যরা কিছু খাবার পারস্যের কৃষকদের দিয়ে থাকে। এই কৃষকদের তাদের মালিকদের দ্বারা বেত্রাঘাত করা হয় শুধুমাত্র তাদের সামনের খাবার খাওয়ার জন্যই নয়, তারা উপভোগ করেছে তা দেখানোর জন্যও।

জাবান, পরাজিত পারস্য সৈন্যদের একজন অফিসার, যিনি আত্মগোপনে ছিলেন, তাকে আবু উবায়দার (রা.) সামনে আনা হয়। একজন মুসলিম বেসামরিক নাগরিক যিনি তার পরিচয় জানতেন না তিনি তাকে সুরক্ষা দিয়েছিলেন। যখন জাবানের আসল পরিচয় অন্য একজন মুসলমানের দ্বারা প্রকাশ করা হয়, তখনও জবানের অভিভাবক তার নিরাপত্তার নিশ্চয়তা অব্যাহত রাখতে প্রস্তুত থাকে কারণ এটি তার প্রতি প্রথম থেকেই তার প্রতিশ্রুতি ছিল। আবু উবায়দা এই সিদ্ধান্তকে সমর্থন করেন যদিও জবান অনুতপ্ত নয়। যেদিন পারস্যের নেতা রুস্তম মুসলিমকে পারস্য থেকে তাড়িয়ে দেবেন সেই দিন নিয়ে তিনি গর্ব করেন।<sup>১৮</sup>

### তৃতীয় দৃশ্য

রুস্তম পারস্যের বিধবা রানীকে দেখতে আসে। তারা আগে প্রেমিক ছিল কিন্তু তারা ইচ্ছাকৃতভাবে এই অতীতকে উপেক্ষা করার চেষ্টা করেছে। রুস্তম বিয়ের প্রস্তাব দেয় যাতে তারা দুজন পারস্যের জন্য একটি নতুন শাসকের আবাসস্থল স্থাপন করতে পারে। আল-ফায়রাজান মুসলিম বাহিনীর সামনে পারস্য সেনাবাহিনীর বিপর্যস্ত সাধারণ বিশৃঙ্খলার রিপোর্ট করতে আসেন। আলফাইরাজান পরামর্শ দেন যে কমান্ড পরিবর্তনের সময় নেই। রানী প্রস্তাব করেন যে রুস্তম মুসলিমদের বিরুদ্ধে পারস্যের বাহিনীর নেতৃত্ব দেবেন। আল-ফাইরাজান মনে করেন যে কমান্ডের পরিবর্তনের ফলে কৌশলের দ্রুত পরিবর্তন হতে পারে। রানী নির্দিধায় আল-ফায়রাজানকে সেনাবাহিনীর কমান্ড গ্রহণ করার নির্দেশ দেন।

### চতুর্থ দৃশ্য

সালিত, আল-মুছান্না (রা.) এবং বশির এখন আবু উবাইদার (রা.) আচরণের পরিবর্তনে বিস্মিত। যখন তাকে মুসলিম বাহিনীর সেনাপতি করা হয় হল, তখন তাকে বলা হয়েছিল গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার আগে এই লোকদের সাথে পরামর্শ করতে। এখন সে সিদ্ধান্ত নিয়েছে যে তাদের বাহিনী পারস্য বাহিনীর সাথে যুদ্ধ করার জন্য একটি সেতু অতিক্রম করবে। তিনজন মনে করেন যে এর অর্থ মুসলিম সৈন্যদের জন্য নিশ্চিত মৃত্যু। আবু উবায়দা (রা.) এলে তাঁরা পরামর্শ দেন যে মুসলিম বাহিনী নিজস্ব অবস্থানে থেকে পারস্যদের জন্য অপেক্ষা করবে। আবু উবায়দা তাদের কাপুরুষ বলে অভিযুক্ত করেন এবং জোরালও ভাবে বলেন তারা যেন পারস্যদের সাথে যুদ্ধ করতে সেতু পার হন।

### পঞ্চম দৃশ্য

সেতুর প্রথম যুদ্ধ মুসলমানদের দ্বারা যুদ্ধ এবং তাঁরা হেরে যায়। আল-মুছান্না (রা.) কিছু সৈন্যকে রক্ষা করে পিছনে ফিরে আসেন। অবশিষ্ট সৈন্যরা হতাশ হয়ে পড়েন, কিন্তু 'উমরের (রা.) একটি চিঠির মাধ্যমে উৎসাহিত হন এবং সিরিয়া থেকে আসা খবরের মাধ্যমে সৈন্যরা জানতে পারে যে, মুসলিমরা বিজয়ী হয়েছেন এবং তারা আল্লাহর শুকরিয়া আদায় করেন।

### ষষ্ঠ দৃশ্য

শিরিন, পারস্য বংশোদ্ভূত একজন মুসলিম আল-মুছান্না (রা.) এর ভাইয়ের সাথে বিবাহিত, পারস্যের রানীর কাছ থেকে একজন বার্তাবাহককে গ্রহণ করেন কারণ দুটি সেনাবাহিনী আরও একবার যুদ্ধের জন্য প্রস্তুত। পারস্যের রানীর কাছ থেকে বার্তাটির উদ্দেশ্য ছিল মুসলমানদের বিরুদ্ধে শিরিনের সাহায্য গ্রহণ করা। শিরিন আল-মুছান্না (রা.) এবং অন্যান্য মুসলিম নেতাদের উপর গুণ্ডচরবৃত্তি করবে। শিরিন চিঠিটি গ্রহণ করে



অতঃপর বার্তাবাহককে হত্যা করে এবং ভান করে যে পারস্যের রানী তাকে মুসলমানদের বিরুদ্ধে ব্যবহার করার অনুমানে তিনি অনেক আহত হয়েছেন। আল-মুছান্না (রা.) তাকে সান্ত্বনা দেয় এবং গুপ্তচরকে হত্যা করার জন্য তার প্রশংসা করে।<sup>১৯</sup>

#### সপ্তম দৃশ্য

আল-মুছান্না (রা.) সেতুর দ্বিতীয় যুদ্ধের জন্য প্রস্তুতি নিচ্ছেন। শিরিনের এই অবস্থানের বিরুদ্ধে জানিয়ে দেওয়া সত্ত্বেও মুসলিমরা সেতুর পাশেই থেকে যায়। পার্সিয়ানরা পার হয়ে মুসলমানদের সাথে যুদ্ধ করতে আসে। আল্লাহ্ আকবর বলে চিৎকার করে মুসলমানরা যুদ্ধে নামে।

#### অষ্টম দৃশ্য

মঞ্চে যুদ্ধের প্রতিনিধিত্ব করার একটি প্রচেষ্টা। তাঘলিব গোত্রের খ্রিস্টান মুসলিম মাসউদ ও আনাস যুদ্ধে মারা যান। আনাস, যিনি মুসলিম সেনাবাহিনীতে একজন খ্রিস্টান, তিনি এখানে আকর্ষণীয় চরিত্র যে বাকাছীর এখানে তার আরব এবং মুসলিমের মিশ্রণ। এক এবং একই জিনিস সেটি বুঝাতে চেয়েছেন। যে ক্ষেত্রে জাতিগত বিভেদ সমস্যা করবে না। এই ক্ষেত্রে, আনাস খ্রিস্টান বা মুসলিম হিসাবে লড়াই করেন না, তবে একজন আরব হিসাবে যুদ্ধে অংশ নেন। কিসরা ওয়া কায়সার, পারস্য এবং বাইজেন্টাইনের মধ্যে নতুন বন্ধুত্বের বিরুদ্ধে মুসলমানদের প্রস্তুতি নিয়ে একটি আরব প্রতিনিধিদলের সঙ্গে কাজ করে। প্রতিনিধি দলটি তার দেশকে মুসলিম হওয়া এবং কর প্রদান বা মুসলিম সেনাবাহিনীর সাথে যুদ্ধের মুখোমুখি হওয়ার শর্ত নিয়ে এসেছিল। প্রতিনিধি দল চলে যাওয়ার পর রুস্তম এসে রাণী ও রাজদরবারদের কাছে ব্যাখ্যা করেন যে রাণীর আচরণ আরবদের কাছে তার দেশকে প্রতীকী হস্তান্তরের একটি ঘটনার মত। অনেক দেরিতে রানী আরবদের বিরুদ্ধে যুদ্ধ করতে এবং তাদের হাত থেকে পারস্য পুনরুদ্ধার করতে সৈন্য পাঠান।<sup>২০</sup>

#### উপসংহার

আলী আহমাদ বাকাছীরকে সমসাময়িক আরবি সাহিত্যে ইসলামী গল্পের অন্যতম পথিকৃৎ হিসেবে বিবেচনা করা হয়। বাকাছীর হাদরামাউতে তাঁর সাহিত্যিক জীবন শুরু করেছিলেন একজন গীতিকার কবি হিসেবে যিনি প্রাচীনকালের ঐতিহ্যকে প্রাধান্য দিয়েছিলেন। তিনি ছন্দবদ্ধ কবিতার আলোকে “হাম্মাম বা আল-আহকাফের রাজধানীতে” নাটকটি রচনা করেন এবং মিশরে পাশ্চাত্য ও আধুনিক আরবি সাহিত্য সম্পর্কে জানার পর তার কাব্যজীবন পরিবর্তিত হয় এবং শেক্সপিয়ারের নাটক দ্বারা প্রভাবিত হয়। তিনি ইসলামী ধারণার উপর তাঁর উপন্যাস প্রকাশ করেছিলেন এবং সেগুলির মাধ্যমে তিনি আকর্ষণীয় শৈল্পিক চিত্রগুলিতে ইসলামী চিন্তাধারা এবং ইসলামী মূল্যবোধকে তুলে ধরতে সক্ষম হয়েছিলেন।

#### তথ্যনির্দেশ

<sup>১</sup> সাউরবিয়া, ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলের ইকলিম প্রদেশের রাজধানী।

<sup>২</sup> ড. আব্দুল্লাহ আস-সুমহী, আলী আহমাদ বাকাছীর, হায়াতুহ, শি'রুহ ওয়াতানি আল ইসলামী, প্রথম খণ্ড, প্রকাশিত, ১৯৮২ খৃ.), পৃ. ৩৬।

<sup>৩</sup> ড. আব্দুল্লাহ আস-সুমহী, প্রাগুক্ত, পৃ. ৩৬।

<sup>৪</sup> ‘সুউন’ ইয়ামানের হাযরামাউতের একটি বিখ্যাত এলাকা।

<sup>৫</sup> আল জামি' ফি তারিখুল আদাবিল আরাবী, আল আদাবুল হাদিস, পূর্বোক্ত, পৃ. ৩৬।

<sup>৬</sup> আহমাদ আল জাদায়ী, আলী আহমাদ বাকাছীর: শাইরু মিন হাযরামাউত, (খণ্ড ৩, ১৯৮৫ খৃ.), পৃ. ১০।

<sup>৭</sup> ড. মোহাম্মাদ আবু বকর হামিদ, দিওয়ানু আলী আহমাদ বাকাছীর সিহরু আদন ওয়া ফাখরু ইয়ামান, প্রথম খণ্ড (বৈরুত: দারু মাকতাবাতিল হায়াত, ১৯৮৩ খৃ.) পৃ. ২৪।

<sup>৮</sup> আলী আহমাদ বাকাছীর, হায়াতুহ, শি'রুহ ওয়াতানি আল ইসলামী, প্রথম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৪৭।

<sup>৯</sup> আল জামি' ফি তারিখুল আদাবিল আরাবী, আল আদাবুল হাদিস, পূর্বোক্ত, পৃ. ৪৭।

- <sup>১০</sup> ড. আবু বকর আল বাকিরি, *রিওয়াইয়াতু আলী আহমাদ বাকাছীর আত তারিখিয়াহ* (ইয়ামান: জামিয়াতু সানয়া, ২০০৫ খৃ.), পৃ. ২৯৬।
- <sup>১১</sup> আহমাদ আল-জাদায়ি, *প্রাণ্ডক্ত*, পৃ. ১৩।
- <sup>১২</sup> আল আদাবুল হাদিস তারিখ ওয়া দিরাসাত, পৃ. ১২।
- <sup>১৩</sup> ড. মোহাম্মাদ আবু বকর হামিদ, *প্রাণ্ডক্ত*, পৃ. ১৬।
- <sup>১৪</sup> আল আদাবুল হাদিস তারিখ ওয়া দিরাসাত, *প্রাণ্ডক্ত*, পৃ. ১৩।
- <sup>১৫</sup> আল জামি' ফি তারিখুল আদাবিল আরাবী, আল আদাবুল হাদিস, *পূর্বোক্ত*, পৃ. ৫৪।
- <sup>১৬</sup> ড. আবু বকর আল হামিদ, 'আদিব তাহতা রাইয়াতুল কুরআন' ('মাজাল্লাতুল ফায়সাল' সংখ্যা ১৬৮), পৃ. ১৮।
- <sup>১৭</sup> ড. আব্দুল্লাহ আস-সুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৩৮।
- <sup>১৮</sup> আল জামি' ফি তারিখুল আদাবিল আরাবী, আল আদাবুল হাদিস, *পূর্বোক্ত*, পৃ. ৪৭।
- <sup>১৯</sup> ড. মোহাম্মাদ আবু বকর হামিদ, *প্রাণ্ডক্ত*, পৃ. ১৬।
- <sup>২০</sup> আল জামি' ফি তারিখুল আদাবিল আরাবী, আল আদাবুল হাদিস, *পূর্বোক্ত*, পৃ. ৪৭।
- <sup>২১</sup> Haywood, John A., *Modem Arabic Literature 1800-1970* (London, 1971), p. 70.
- <sup>২২</sup> ড. মোহাম্মাদ আবু বকর হামিদ, *প্রাণ্ডক্ত*, পৃ. ২৪।
- <sup>২৩</sup> তুলুও আল মাসরাহ আল আরাবি, পৃ. ১৩৯।
- <sup>২৪</sup> ড. আব্দুল্লাহ আস-সুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৩৯।
- <sup>২৫</sup> 'আল আহরাম', ১৯ জানুয়ারি ১৯৭১ সাল।
- <sup>২৬</sup> এগুলোর একটি ১৯৬৩ সালে সন্মাননা লাভ করে।
- <sup>২৭</sup> আস সাল্লাহ আল গুফরান ১৯৪৪ সালে, আবু দালামা ১৯৫০ সালে, হারুত ওয়া মারুত ১৯৬২ সালে প্রথম স্থান লাভ করে।
- <sup>২৮</sup> 'ওয়তানি' ৯/৭/১৯৬১ সাল।
- <sup>২৯</sup> *দিওয়ানু আলী আহমাদ বাকাছীর সিহরু আদন ওয়া ফাখরু ইয়ামান*, প্রথম খণ্ড, পৃ. ২৩।
- <sup>৩০</sup> 'ফান আল মাসরাহিয়াহ' পৃ. ৮।
- <sup>৩১</sup> *দিওয়ানু আলী আহমাদ বাকাছীর সিহরু আদন ওয়া ফাখরু ইয়ামান*, প্রথম খণ্ড, পৃ. ২৪।
- <sup>৩২</sup> ড. আব্দুল্লাহ আসসুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৪৭।
- <sup>৩৩</sup> *Modem Arabic Literature 1900-1967*, p.7.
- <sup>৩৪</sup> *An Introduction to the History of Modem Arabic Literature in Egypt*, p.5.
- <sup>৩৫</sup> *A Short History of Modem Arabic Literature in Egypt*, p.5.
- <sup>৩৬</sup> ড. আব্দুল্লাহ আসসুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৪৭।
- <sup>৩৭</sup> Sakkut, The Egyptian Novel" p.115.
- <sup>৩৮</sup> Journal of Arabic Literature, Vol.2, 1971, p.188.
- <sup>৩৯</sup> *Modem Arabic Literature 1900-1967*, p.7.
- <sup>৪০</sup> ড. আব্দুল্লাহ আসসুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৪৭।
- <sup>৪১</sup> *রিওয়াইয়াতু আলী আহমাদ বাকাছীর আত তারিখিয়াহ*, মাসদারুহা নামিজুহাল ফিন্নি-ইসকাতুহা, *প্রাণ্ডক্ত*, পৃ. ১৬।
- <sup>৪২</sup> ড. আব্দুল্লাহ আস সুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৪৭।
- <sup>৪৩</sup> *রিওয়াইয়াতু আলী আহমাদ বাকাছীর আত তারিখিয়াহ*, মাসদারুহা নামিজুহাল ফিন্নি-ইসকাতুহা, *প্রাণ্ডক্ত*, পৃ. ১৬।
- <sup>৪৪</sup> *Shorter Encyclopedia of Islam Umar The Great* (Lahore, 1939), 2nd vol.p. 600.
- <sup>৪৫</sup> ড. আব্দুল্লাহ আস-সুমহী, *প্রাণ্ডক্ত*, পৃ. ৪৮।
- <sup>৪৬</sup> Introduction Of Al Zaim Al Auhad.
- <sup>৪৭</sup> *An Introduction to the History of Modem Arabic Literature in Egypt*, p.5.
- <sup>৪৮</sup> হাসান, সালিম, *মিশর আল কাদিম* (কায়রো: দার আল কুতুব আল মিসরিয়াহ, ৫খন্ড, ১৯৪৮ খৃ.), পৃ.২৯৫।
- <sup>৪৯</sup> <https://en.wikipedia.org/wiki/Akhenaten>.
- <sup>৫০</sup> <https://en.wikipedia.org/wiki/Nefertiti>
- <sup>৫১</sup> হাসান, সালিম, *প্রাণ্ডক্ত*, পৃ. ২৯৫।
- <sup>৫২</sup> বাকাছীর, আলী আহমাদ, *ইখনাতুন ওয়ানিফিরতিতি* (কায়রো: আল কানজি লাইব্রেরি, ১৯৪০ খৃ.), পৃ. ২৮-২৯।
- <sup>৫৩</sup> [https://bn.wikipedia.org/Beivwng\\_cvkv](https://bn.wikipedia.org/Beivwng_cvkv)

- <sup>৫৪</sup> পিয়েরক্রুসিস, *ইব্রাহিমপাশা*, অনুবাদ: মুহাম্মদ বাদরান (কায়রো: লাজনা আত তালিফ ওয়াল তারজিমা ওয়াল নাসর, ১৯৩৭ খৃ.), পৃ. ৪২-৪৩।
- <sup>৫৫</sup> বাকাছীর, *ফান আল মাসরাহিয়াহ* (কায়রো: আল কানজি লাইব্রেরি, ১৯৪২খৃ.), পৃ. ৩৪।
- <sup>৫৬</sup> Daftary, Ferhad. *HĀKEM BE-AMR-ALLĀH*. Encyclopædia Iranica. Retrieved 24 April 2016.
- <sup>৫৭</sup> Ismail K. Poonawala. "Review - *The Fatimids and Their Traditions of Learning*". Journal of the American Oriental Society. 119 (3): 542.
- <sup>৫৮</sup> বাকাছীর, *সির আল হাকিম বি আমরিব্লাহ* (কায়রো: দার আল ফিকর আল-আরাবী, ১৯৬৭ খৃ.) পৃ. ১৫-১৬।
- <sup>৫৯</sup> লুফার, গস্তভ, *ইজিপশিয়ান নভেল এন্ড ষ্টরিস ফ্রম ফারাউহ' পিরিয়ড*, অনুবাদ: আলি হাফিয (কায়রো: মাকতাবা মিশর, ১৯৬৫ খৃ.) পৃ. ৯০।
- <sup>৬০</sup> প্রাগুক্ত, পৃ. ৯১।
- <sup>৬১</sup> বাকাছীর, *দারইবনলুকমান* (কায়রো: মাকতাবা মিসর, ১৯৬৩ খৃ.), পৃ. ১০৪।
- <sup>৬২</sup> বাকাছীর, *হারবআলবাসুস* (কায়রো: মাকতাবা নাহদা মিশর, তৃতীয় সংস্করণ, ১৯৯১), পৃ. ৩।
- <sup>৬৩</sup> ইসমাইল, ইজ্জুদ্দিন, *মুক্কাদামা আল দুদাত ওয়া আল সুবান* (কায়রো: দার আল কুতুব আল আরাবি লিল তিবাত ওয়াল নাসর), পৃ. ৬২।
- <sup>৬৪</sup> মানদুর, মুহাম্মদ, *মাসরাহিয়াতু শাওকি* (কায়রো: মাকতাবা নাহদা মিশর, তৃতীয় সংস্করণ, ১৯৯৭), পৃ. ৭০।
- <sup>৬৫</sup> আওয়াদ, লুইস, *তারিখ আল ফিকর আল মিশরি আল হাদিস*, খণ্ড, ২ (কায়রো: সিলসিলা কিতাব আল হিলাল, ১৯৬৯) পৃ. ৩৩।
- <sup>৬৬</sup> সুরা আল মায়িদাহ; আয়াত: ৬৪।
- <sup>৬৭</sup> Omotoso, B.A. *op.cit.*, p. 122.
- <sup>৬৮</sup> বাকাছীর, *ফান আল-মাসরাহিয়া*, পৃ. ১২৩।
- <sup>৬৯</sup> *Sorter Encycloprdia of Islam*, p. 134-135.
- <sup>৭০</sup> ছালাবি কিসাস আল-আম্বিয়াতে তিনটি নাম বলেছেন: আজর আত, হারুত এবং মারুত।
- <sup>৭১</sup> বাকাছীর তিনটি নাম দিয়েছেন, তৃতীয়টি তাদের অবস্থানের শুরুর বজবয়ের জন্য অনুতপ্ত হয়ে আসমানে ফিরে যায়।
- <sup>৭২</sup> Omotoso, B.A. *op.cit.*, p. 136.
- <sup>৭৩</sup> Hamid, Mohammad Abu Bakr, *Two plays by Islamic playwright Ali Ahmad Bakathir translated into English with critical commentary*. (University of Illinois, 1988).p.77-78.
- <sup>৭৪</sup> Omotoso, B.A. *op.cit.*, p. 99.
- <sup>৭৫</sup> *Ibid.* p. 100.
- <sup>৭৬</sup> Omotoso, *Ibid.*, p. 99.
- <sup>৭৭</sup> *Sorter Encycloprdia of Islam*, p. 60.
- <sup>৭৮</sup> *Shorter Encycloprdia of Islam*, p. 601.
- <sup>৭৯</sup> বাকাছীর, *আলা আসওয়ার দিমাশক*, পৃ. ৮২।
- <sup>৮০</sup> বাকাছীর, *মারিকাত আল-জিসর*, পৃ. ৪৮।

ড. ওয়াহবাহ আয-যুহায়লী ও তাঁর ‘আল-ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু’  
গ্রন্থ: একটি পর্যালোচনা  
(Dr. Wah Az-Zuhaily and his book ‘Al-Fiqhul Islami Wa Adillatuhu’:  
A Review)

হাসিবুল হাসান\*

**Abstract:** Dr. Wahbah Az-Zuhaily, a famous Muslim scholar was born at Deir Atiyah in North of Damascus. He got the holy Quran by heart in his childhood. He completed graduation in *Shariah* faculty from Damascus University. He went to Al-Azhar University for higher education. He received Ph.D degree in 1963. His thesis was “The influence of war on Islamic Jurisprudence: A comparative study.” He was appointed as a teacher in Damascus University in 1963 as he was a great Islamic scholar in Islamic Jurisprudence. His most important work is the book ‘*al-Fiqhul Islami wa Adillatuhu*’ (Islamic Jurisprudence and its Proofs). It is an eight volume book. Dr. Az-Zuhaily described Islamic Jurisprudence according to different Majhabs and their internal debates. He wrote his opinion at the end of the discussion. He gave solutions to different contemporary issues like Plastic Surgery, Organ Transplantation, Abortion, Test Tube Baby, Cloning etc. Here is a discussion on the biography of Dr. Az-Zuhaily and the characteristics of his book, ‘*Al-Fiqhul Islami wa Adillatuhu*.’

ড. ওয়াহবাহ আয-যুহায়লীর সংক্ষিপ্ত জীবন পরিচয়

জন্ম

ড. ওয়াহবাহ আয-যুহায়লী ১৯৩২ সালে সিরিয়ার রাজধানী দামেস্কের উত্তরে দিয়ার আতিয়া<sup>১</sup> নামক স্থানে জন্ম গ্রহণ করেন।<sup>২</sup> তাঁর পিতা মুস্তফা একজন কৃষিজীবী ও ব্যবসায়ী ছিলেন। তিনি আল-কুরআনের হাফিজ ছিলেন।

শিক্ষাজীবন

ড. আয-যুহায়লী শৈশবেই আল-কুরআনুল কারীমের হিফজ সম্পন্ন করেন।<sup>৩</sup> এরপর নিজ এলাকায় প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেন। মাত্র চৌদ্দ বছর বয়সে দামেস্ক বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ অনুসন্ধান বিভাগে ভর্তি হন এবং ৬ বছর সফলতার সাথে অধ্যয়ন করে ১৯৫২ সালে সর্বোচ্চ ডিগ্রী অর্জন করেন। দামেস্ক, হাল্ব ও অন্যান্য শহর থেকে আগত সকল ঞ্জাজুয়েটদের থেকে বেশী নম্বর পেয়ে তিনি প্রথম স্থান অধিকার করেন। পরবর্তীতে তিনি আরও অধিক ঞ্জনাজনের জন্য তৎকালীন যুগের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ আল-আযহার বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন এবং ১৯৫৬ সালে আল-আযহার বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ অনুসন্ধান থেকে সর্বোচ্চ সনদ লাভ করেন। ১৯৫৭ সালে আল-আযহারের আরবী ভাষা ও সাহিত্য বিভাগ থেকে অধ্যাপনার জন্য ইজাযাহ বা বিশেষ অনুমতি সনদ লাভ করেন।<sup>৪</sup> তিনি কায়রোয় অবস্থিত আইনু শামস বিশ্ববিদ্যালয় থেকে আইন অধিকার বিষয়ে ব্যাচেলর ডিগ্রী লাভ করেন। এরপর আরও উচ্চ শিক্ষা লাভের জন্য কায়রো বিশ্ববিদ্যালয়ের আইন অনুসন্ধান বিভাগে ভর্তি হন এবং ১৯৫৯ সালে ইসলামী আইন বিষয়ে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেন। ড. ওয়াহবাহ আয-যুহায়লী ১৩৮২ হিজরী মোতাবেক ১৯৬৩ সালে ড. মুহাম্মদ সালাম মাদকুরের তত্ত্বাবধানে পিএইচ.ডি ডিগ্রী অর্জন করেন।<sup>৫</sup> শায়খ ফকীহ মুহাম্মদ আবু যুহরাহ এবং ড. মুহাম্মদ হাফিজ গানিমের সমন্বয়ে গঠিত কমিটি তার

\* পিএইচ.ডি. গবেষক, ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

গবেষণার অভিসন্দর্ভটি যাচাই বাছাই করে তাকে ডক্টরেট ডিগ্রী প্রদান করেন। তার পিএইচ.ডি গবেষণার শিরোনাম ছিলঃ

**‘আছারুল হারবি ফিল ফিকহিল ইসলামী : দিরাসাতুন মুকারানাতুন’**

ড. আয-যুহায়লী তৎকালীন যুগের বিখ্যাত শায়খদের থেকে ‘ইলম বা জ্ঞানার্জন করেন। তাঁর দামেস্কের শিক্ষকদের মধ্যে অন্যতম হলেন শায়খ মাহমুদ ইয়াসীন, তিনি তাঁর থেকে আল-হাদীস এবং শায়খ মাহমুদ রানকুসীর নিকট ‘আকাইদ, শায়খ হাশিম খাতীবের নিকট ফিকহে শাফেঈ, শায়খ লুতফী ফুয়ুমীর নিকট উসুলুল ফিকহ এবং মুসতালাহুল হাদীস, শায়খ হাসান হাবান্নাকাহ ও সাদিক হাবান্নাকাহ এর নিকট তাফসীর, শায়খ সালেহের নিকট আরবী ভাষা ও সাহিত্যের জ্ঞান অর্জন করেন।

**কর্মজীবন**

ড. আয-যুহায়লী দেশ-বিদেশের বিভিন্ন বিখ্যাত বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। ১৯৬৩ সালে ডক্টরেট ডিগ্রী অর্জনের পর দামেস্ক বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ অনুঘদের শিক্ষক নিযুক্ত হন। এরপর ১৯৬৯ ও ১৯৭৫ সালে যথাক্রমে সহযোগী অধ্যাপক ও অধ্যাপক নিযুক্ত হন।<sup>১৫</sup> এছাড়াও লিবিয়ায় বেনগাজী বিশ্ববিদ্যালয়, সুদানের খার্তুম ও উম্মু দারমান বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ অনুঘদে অধ্যাপনা করেন। ১৯৮৪ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত দীর্ঘ ৫ বছর সংযুক্ত আরব আমিরাতের “ইমারত বিল ‘আইন বিশ্ববিদ্যালয়ে” অধ্যাপনা করেন। তিনি অধ্যাপনার পাশাপাশি প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক পদে দায়িত্ব পালন করেন।<sup>১৬</sup> ১৯৬৭ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত দামেস্ক বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ অনুঘদের ডীন ছিলেন। আরব আমীরাত বিশ্ববিদ্যালয়ের শরীয়াহ বিভাগের চেয়ারম্যান এবং সর্বশেষ দামেস্ক বিশ্ববিদ্যালয়ের ফিকহ ও মাযহাব বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। ড. আয-যুহায়লী তাঁর কর্মময় জীবনে বিভিন্ন দেশের ফিকহ বোর্ড, রিসার্চ একাডেমী, ইসলামী ব্যাংক নিয়ন্ত্রণ কমিশন সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সদস্য ছিলেন। তিনি শুধুমাত্র অধ্যাপনা ও গবেষণার মধ্যে নিজেই সীমাবদ্ধ না রেখে একজন দা‘ঈ হিসাবে সিরিয়ার বিভিন্ন মসজিদে দারস প্রদান করতেন, বিশেষ করে দামেস্কের বিখ্যাত ‘উসমান মসজিদে ফিকহ বিষয়ক আলোচনা পেশ করতেন। তার উল্লেখযোগ্য ছাত্র হলেন: মুহাম্মদ যুহায়লী শাকিকাহ, মুহাম্মদ ফারুক হামাদান, মুহাম্মদ নু‘আইম ইয়াসীন, আব্দুস সাত্তার আবু গুন্দাহ, আব্দুল লতীফ ফুরফুর, হামজা, বদীউস সাইয়্যিদ আল-লাহহাম প্রমুখ।<sup>১৭</sup>

**রচনাবলী**

ড. ওয়াহবাহ আয-যুহায়লী মুসলিম বিশ্বের একজন বিশিষ্ট ইসলামী আইন বিশারদ ও খ্যাতিমান ইসলামী লেখক ছিলেন। তাঁর রচিত গ্রন্থ ও প্রবন্ধ নিবন্ধের সংখ্যা প্রায় ৫০০।<sup>১৮</sup> তাফসীর, হাদীস, ফিকহ, উসুলুল ফিকহ, সীরাত, ইসলামী অর্থনীতিসহ বিভিন্ন বিষয়ে তিনি মূল্যবান গ্রন্থ রচনা করেছেন। তাঁর রচিত কতিপয় বিখ্যাত গ্রন্থ হলো: ১. আত-তাফসীরুল মুনীর ফিল ‘আকীদাতি ওয়াশ শরীয়াতি ওয়াল মানহাজি, ২. আত-তাফসীরুল ওয়াসীত, ৩. আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্বাতুহু ৪. আছারুল হারবি ফিল ফিকহিল ইসলামী, ৫. ফিকহুস সুন্নাতিন নাবাবীয়াহ, ৬. তাহকীকু জামি‘ইল উলুমি ওয়াল হুকুমি লিল ইমাম ইবন রজব হাম্বালী (র.), ৭. উসুলুল ফিকহিল ইসলামী, ৮. আল-ওয়াজিয ফিল ফিকহিল ইসলামী, ৯. তারীখুত তাশরীঈল ইসলামী, ১০. আল-ফিকহুল হানাফী আল-মুয়াসসার, ১১. আল-আলাকাতুদ দাওলিয়াহ ফিল ইসলাম, ১২. আল-ফিকহুল ইসলামী ফী উসলুবিহীল জাদীদ, ১৩. তাজদীদুল ফিকহিল ইসলামী, ১৪. আল-ফিকহুল ইসলামী ওয়াল কাযায়া আল-মুয়াসসারাহ, ১৫. হুকুকুল ইনসান ফিল ফিকহিল ইসলামী, ১৬. নয়রিয়াতুয যিমান, ১৭. আল-ফিকহুশ শাফেঈ আল-মুয়াসসার।<sup>১৯</sup>

**আকিদা ও মাযহাব**

ড. আয-যুহায়লী আধুনিক বিশ্বের অন্যতম ইসলামী আইন বিশেষজ্ঞ হিসাবে স্বীকৃত। তিনি ‘আকীদাগত দিক থেকে ছিলেন “আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের” অন্তর্ভুক্ত। প্রাচীন আশ‘আরী<sup>২০</sup> ও মাতুরীদী<sup>২১</sup>

মতবাদের প্রবক্তা ছিলেন। ইসলামী 'আকীদাহ বিষয়ে তার রচিত গ্রন্থ 'উসুলুল ঈমান ওয়াল ইসলাম'। এর মাধ্যমে তাঁর 'আকীদাগত অবস্থান জানা যায়।'<sup>১০</sup>

তিনি ছিলেন একজন উদারমনা ইসলামী ব্যক্তিত্ব। তিনি শাফে'ঈ মাযহাবের অনুসারী ছিলেন।<sup>১১</sup> তবে তিনি প্রসিদ্ধ চার মাযহাবের বিষয়ে গবেষণা করেন এবং এর পৃথক পৃথক গ্রন্থ রচনা করেন।

### মৃত্যু

২০১৫ সালের ৮ আগস্ট ৮৬ বছর বয়সে সিরিয়ার রাজধানী দামেস্কে এ মহামনীষী ইতিকাল করেন।<sup>১২</sup>

### আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ গ্রন্থের পর্যালোচনা

ইসলামী আইন বিষয়ক এ গ্রন্থটি ৮ খণ্ডে বিভক্ত। গ্রন্থটি কুরআন, সুন্নাহ ও যুক্তি নির্ভর দলীলের আলোকে ইসলামী শরীয়াতের আইন বিষয়ে রচিত। এটি কোনো নির্দিষ্ট মাযহাবের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং চার মাযহাব ও অন্যান্য আরও কিছু মাযহাবের আলোকে রচিত। কয়েকটি মতের মধ্যে সেই মতই তিনি প্রাধান্য দেন যার দলিল তাঁর নিকট সুস্পষ্ট এবং উসুলুল হাদীসের মূলনীতির আলোকে গ্রহণযোগ্য। এটি মানুষের বোধগম্যের উপযোগী এবং সহজ, সাবলীল ও সুন্দর ভাষায় রচিত।

গ্রন্থটির প্রথম তিন খণ্ডে ৯টি অধ্যায়ে 'ইবাদাত, ৪র্থ ও ৫ম খণ্ডে ব্যবসা-বাণিজ্য সহ অন্যান্য বিষয়, ৬ষ্ঠ খণ্ডে ইসলামী আইন, বিচার ও দণ্ড বিধি সম্পর্কে, ৭ম খণ্ডে বিবাহ, তালাক, ইদ্দত, সন্তানের অধিকার, স্ত্রী-সন্তানের ভরণ-পোষণ, ৮ম খণ্ডে ওসীয়ত, ওয়াকফ ও উত্তরাধীকার সম্পর্কে আলোচনা করেন।

### প্রয়োজনীয় ভূমিকার অবতারণা

একটি সুন্দর ভূমিকার মাঝে থাকে গ্রন্থের সার-সংক্ষেপ। এছাড়াও গ্রন্থ রচনার প্রত্যক্ষ বা পরোক্ষ কারণ, সংশ্লিষ্ট বিষয়াদি, এমন কিছু বুনিয়াদি বিষয় যার উপর গ্রন্থটির অনুধাবন নির্ভরশীল। এতে থাকে গ্রন্থটির প্রয়োজনীয়তা এবং পাঠকের কল্যাণপ্রদ বিষয়াদি। ড. ওয়াহাব আহ-যুহায়লী তাঁর রচিত বিখ্যাত ইসলামী আইন গ্রন্থ 'আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ' এর ভূমিকার মাঝে গ্রন্থটি রচনার মানহাজ বা পদ্ধতি ও এটি রচনার কারণ বর্ণনা করেন। ফিকহ সম্পর্কে অত্যাবশ্যকীয় মুখবন্ধ রচনা করেন। এখানে তিনি ৫টি বিষয়ে আলোকপাত করেন:<sup>১৩</sup>

প্রথমত: তিনি ফিকহের আভিধানিক ও পারিভাষিক পরিচয়সহ ফিকহের বৈশিষ্ট্য বর্ণনা করেন। দ্বিতীয়ত: তিনি মুফতী, ফকীহ, মুজতাহিদ, মাযহাব প্রভৃতির পরিচয় তুলে ধরেন। এছাড়াও এতে প্রসিদ্ধ মাযহাবগুলোর ইমামদের পরিচিতি নিয়েও আলোচনা করেন। তৃতীয়ত: তিনি ফকীহগণের স্তরবিন্যাসসহ হানাফীদের গ্রন্থসমূহের স্তর বিন্যাসের প্রয়াস পান। চতুর্থত: তিনি ফিকহের বিভিন্ন পরিভাষা উল্লেখ করেন। এছাড়াও বিভিন্ন মাযহাবের বিশেষ পরিভাষাগুলোর উদাহরণসহ আলোচনা করেন। পঞ্চমত: তিনি ফকীহগণের মতভেদের কারণসমূহ আলোচনা করেন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল: ১. আরবী শব্দের অর্থের বিভিন্নতা, ২. হাদীসের রেওয়াজেতের বিভিন্নতা, ৩. উৎসগত বিভিন্নতা, ৪. কিয়াসের মাধ্যমে ইজতিহাদ, ৫. দলীল সমূহের মাঝে পরস্পর বৈপরীত্য এবং প্রাধান্য দানের পদ্ধতি ইত্যাদি। তিনি এতে দৈর্ঘ্য-প্রস্থ, ওজন ইত্যাদির এককের আলোচনা করেন।

### আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ এর বৈশিষ্ট্য

ইসলামী ফিকহের জগতে এই গ্রন্থটি স্বতন্ত্র পদ্ধতিতে রচিত। এতে ড. ওয়াহাব আহ-যুহায়লীর অত্যন্ত পরিশ্রমের ছাঁপ সমুজ্জল। আধুনিক যুগে সর্বস্তরের আলিমগণের নিকট গ্রন্থটি সমাদৃত হয়েছে। এ বিখ্যাত গ্রন্থটির বৈশিষ্ট্য নিম্নে দেয়া হল:

#### ১. প্রসিদ্ধ চার মাযহাবের আলোকে রচিত গ্রন্থ

গ্রন্থটি কোনো একটি নির্দিষ্ট মাযহাবে সীমাবদ্ধ নয়। এতে প্রধান ৪ মাযহাবসহ (হানাফী, মালেকী, শাফে'ঈ ও হাম্বলী) বিভিন্ন মাযহাবের তুলনামূলক ফিকহি আলোচনা সন্নিবেশিত হয়েছে। পাশাপাশি কখনও কখনও অন্যান্য মাযহাবের আলোচনাও স্থান পেয়েছে। প্রত্যেক মাযহাবের নির্ভরযোগ্য গ্রন্থ ও এর অনুসারীদের

নিকট গ্রহণযোগ্য উৎস থেকে দলিল প্রদান করা হয়েছে। কারণ এক মাযহাবের হুকুমের বর্ণনা অন্য মাযহাবের গ্রন্থাদী থেকে প্রদান করলে উত্তম রায়ের বর্ণনার ক্ষেত্রে ভুল হওয়ার সম্ভবনা বেশি। এছাড়া তিনি এতে অনর্থক ব্যাখ্যা-বিশ্লেষণ করেননি। সংকীর্ণ মাযহাবী দৃষ্টিভঙ্গী পরিহার করেন। ফিকহী কিতাবসমূহের শাখা-প্রশাখাগত বিষয়ে বাড়াবাড়ি বর্জন করেন। যদিও বিভিন্ন মাযহাবের কিতাবে ও দরসে এর আধিক্য পাওয়া যায়। নিজে শাফে'ঈ মাযহাবের অনুসারী হওয়া সত্ত্বেও মন থেকে মাযহাবের পক্ষপাতিত্ব দূর করেন। বিভিন্ন মাযহাবের ফকীহগণের ঐক্যমত্য রায়ের রেফারেন্স শুধুমাত্র ফিকহী বিধানের সাথেই যুক্ত করেননি বরং সেগুলোর শর্তাবলী ও অন্যান্য ব্যাখ্যার মধ্যেও স্পষ্ট রেফারেন্স ও দলিলাদী প্রদান করেন।<sup>১৭</sup>

## ২. প্রাধান্য প্রদানের পদ্ধতি

কোনো মাসআলায় ইমামগণের বিভিন্ন মতের মধ্যে যে মতটি তার নিকট অধিক স্পষ্ট মনে হয়েছে সেটিকে তিনি প্রাধান্য দিয়েছেন। বিশেষ করে যঈফ হাদীসের মোকাবেলায় যে মতটি এসেছে তা গ্রহণ করেন। অথবা যখন লক্ষ্য করেন যে, এই মতটি বিশেষ কল্যাণে বা বিশৃঙ্খলা ও ক্ষতি রোধকল্পে কোন মাযহাবে গৃহীত হয়েছে। ড. ওয়াহবাহ আয-যুহায়লী বলেন, 'যে ক্ষেত্রে আমি কোনো দিকে প্রাধান্য দেইনি সে ক্ষেত্রে অধিকাংশের রায় (জমহুরের রায়) অনুযায়ী আমল করতে হবে। কেননা আধিক্যের মাধ্যমে কোন বিষয় প্রাধান্য লাভ করে।'<sup>১৮</sup>

## ৩. দলিল ভিত্তিক ইসলামী আইন উপস্থাপন

ড. আয-যুহায়লী ইসলামী আইন বর্ণনার ক্ষেত্রে প্রথমে আল-কুরআনুল কারীমের আয়াতের মাধ্যমে দলিল প্রদান করেন। এরপর তার সমর্থনে আল-হাদীস থেকে উদ্ধৃতি পেশ করেন। যেমন :

### ক. আল-কুরআনুল কারীমের দলিল

তিনি 'হদ্দুয যিনা' অধ্যায়ে বলেন, ব্যাভিচারের মত সমকামীতাও হারাম বরং এটাতো ব্যাভিচারের থেকেও অধিক অশ্লীল। এরপর দলিল হিসেবে প্রথমে আল-কুরআনের আয়াত উল্লেখ করেন

ولوطا اذ قال لقومه اتاتون الفاحشة ما سبقكم بها من احد من العالمين

'আর লূত (আ.) যখন তার কওমকে বললেন, তোমরা কি এমন অশ্লীল কাজ করছ যা তোমাদের পূর্বে বিশ্বের কোন ব্যক্তি করেনি।'<sup>১৯</sup>

আল্লাহ তায়ালা সমকামীতাকে ফাহেশা কাজ বলে আখ্যা দেন। অন্যত্র বলেন, ولا تقربوا الفواحش ما ظهر منها وما بطن 'প্রকাশ্য হোক আর অপ্রকাশ্য হোক তোমরা নিরলঙ্কতার কাছেও যেয়ো না।'<sup>২০</sup>

### খ. আল-হাদীসের দলিল

আল-কুরআনুল কারীমের আয়াতের পাশাপাশি ড. আয-যুহায়লী হাদীস থেকে দলিল পেশ করেন,<sup>২১</sup> কিসাস প্রসঙ্গে রাসূলুল্লাহ (সা.) বলেন

لا يحل دم امرئ مسلم يشهد ان لا اله الا الله واني رسول الله الا باحدي ثلاث: الثيب الزاني، والنفس بالنفس، والتارك لدينه المفارق للجماعة

'তিন ব্যক্তি ব্যতীত এমন কোন মুসলমানের রক্ত বৈধ নয় যে এ কথার সাক্ষ্য দেয় যে আল্লাহ ব্যতীত কোন ইলাহ নাই এবং মুহাম্মদ (সা.) তাঁর রাসূল, উক্ত তিন ব্যক্তি হলো: বিবাহিত ব্যাভিচারী, মানুষকে হত্যাকারী এবং মুসলমানদের জামায়াত থেকে বিচ্ছিন্ন হয়ে ইসলাম ত্যাগকারী।'<sup>২২</sup>

## ৪. ইসলামী আইনের প্রামাণিকতায় হাদীসের বিশুদ্ধতা নিরীক্ষণ

ব্যাভিচারের দণ্ডবিধির অধ্যায়ে شبهة الملك বা মালিকানার সন্দেহ যুক্ত অবস্থা বর্ণনায় তিনি বলেন، ادروا الحدود بالشبهات 'যখন মালিকানা বা বিবাহের ক্ষেত্রে সন্দেহ হবে তখন দণ্ড প্রদান করা আবশ্যিক নয়।'<sup>২৩</sup>

এরপর দলীল হিসাবে একটি হাদীস বর্ণনা করে বলেন, এই হাদীসটি যদিও দলিল হিসেবে মওকুফ<sup>২৪</sup> তবুও হাদীসে মারফু<sup>২৫</sup> এর হুকুম রাখে। তিনি টীকায় লিখেন, যায়লাঈ বলেন, এই শব্দে হাদীসটি গরীব<sup>২৬</sup>। ইমাম বায়হাকী (রহ.) হাদীসটি আলী ইবন আবী তালেব (রা.) এর বর্ণনায় মওকুফ হিসাবে উল্লেখ করেন।

### ৫. ফিকহী শব্দের পরিচয় প্রদান

সাধারণভাবে ইসলামী আইন ও ফিকহী গ্রন্থসমূহে পরিভাষাসমূহের পরিচয় বিস্তারিতভাবে আলোচনা করা হয় না। আর যৎকিঞ্চিৎ আলোচনা করা হলেও তা পরিপূর্ণ ও সম্পূর্ণ নয়। এক্ষেত্রে ড. ওয়াহবাহ আয-যুহায়লী ব্যতিক্রমধর্মী। তিনি ইসলামী আইনশাস্ত্রের পরিভাষাসমূহের পরিচয় সহজ, সরল, সাবলীল ও প্রাঞ্জল ভাষায় উপস্থাপন করেন। তাঁর হৃদয়গ্রাহী ও চমৎকার আলোচনা একজন পাঠককে সহজে আকৃষ্ট করতে পারে। একজন পাঠক অতি সহজেই বিষয়টি অনুধাবন করতে সক্ষম হয়। নিম্নে কতিপয় দৃষ্টান্ত উপস্থাপন করা হলো

ড. ওয়াহবাহ আয-যুহায়লী পঞ্চম অধ্যায়ে 'হদ্দ' শব্দের পরিচয় তুলে ধরেন। প্রথমে তিনি 'হদ্দ' এর আভিধানিক পরিচয় এরপর পারিভাষিক অর্থ বর্ণনা করেন। তিনি বলেন, 'হদ্দ' এর শাব্দিক অর্থ হলো বাধা প্রদান ও নিষিদ্ধ। এজন্য দারোয়ানকে হাদ্দাদ (حداد) বলা হয়। কারণ সে মানুষকে গৃহে প্রবেশ করতে বাধা প্রদান করে। শরীয়াতের শাস্তি সমূহকে হুদুদ (حدود) এজন্য বলা হয় যে, হদ্দ মানুষকে অপরাধে লিপ্ত হওয়া থেকে বিরত রাখে। 'হুদুদুল্লাহ' এর আরেক অর্থ হল আল্লাহর হুকুম-আহকাম অর্থাৎ যে বিধান তিনি নির্ধারণ করেন। সুতরাং সেগুলোর সীমালঙ্ঘন করা মানুষের জন্যে জায়েজ নেই। আবার হুদুদ এজন্য নামকরণ করা হয়েছে যে, এগুলো সীমা অতিক্রম করতে বাধা প্রদান করে।<sup>২৭</sup>

### ৬. বিষয়ভিত্তিক মাসয়ালাগুলিকে অধ্যায়-অনুচ্ছেদে সুবিন্যস্তকরণ

ড. ওয়াহবাহ আয-যুহায়লী ইসলামী আইন শাস্ত্রে আজীবন গবেষণা করেছেন। তিনি ইসলামী আইন ও ফিকহ শাস্ত্রকে সহজ ও আকর্ষণীয়ভাবে মুসলিম বিশ্বের সামনে উপস্থাপন করার প্রয়াস পেয়েছেন। এক্ষেত্রে তিনি নিজস্ব রচনা পদ্ধতি অবলম্বন করেন। তিনি প্রত্যেকটি বিষয় আলোচনার পূর্বে সংক্ষিপ্ত আকারে পরিচ্ছেদগুলির বর্ণনা প্রদান করেন। একজন পাঠক ও গবেষক কোনো একটি বিষয়ের শিরোনামে দৃষ্টিপাত করলে ভিতরের বর্ণনার একটি চিত্র তার সামনে উদ্ভাসিত হবে এবং সহজেই কাজিত বিষয়টি খুঁজে পাবেন। নিম্নে এর কতিপয় বর্ণনা প্রদত্ত হলো:

ড. ওয়াহবাহ আয-যুহায়লী 'হদ্দুল কযফ' আলোচনাকে যেভাবে বিন্যস্ত করেছেন তা হলো,<sup>২৮</sup>

নিম্নলিখিত ৬টি পরিচ্ছেদে হদ্দুল কযফ এর আলোচনা:

প্রথম পরিচ্ছেদ: হদ্দুল কযফ শরীয়াত কর্তৃক আবশ্যিক হওয়া এবং এর ওয়াজিব হওয়ার কারণসমূহ, দ্বিতীয় পরিচ্ছেদ: কযফ এর আভিধানিক অর্থ এবং এর বিস্তারিত শরঈ বর্ণনা, তৃতীয় পরিচ্ছেদ: হদ্দুল কযফ আবশ্যিক হওয়ার শর্তাবলী, চতুর্থ পরিচ্ছেদ: হদ্দুল কযফ এর বৈশিষ্ট্যাবলী, পঞ্চম পরিচ্ছেদ: কযফ সাব্যস্তকরণ, ষষ্ঠ পরিচ্ছেদ: হদ্দুল কযফ প্রয়োগকরণের ক্ষেত্রে বিচারকের যোগ্যতা সমূহ।

### ৭. সমকালীন মাসয়ালা সম্পর্কে আলোচনা

তিনি তাঁর গ্রন্থে সমকালীন মাসয়ালার আলোচনা করেছেন, যেন মানুষ শরীয়াতের নীতিমালার আলোকে সহজভাবে জীবন যাপন করতে পারে এবং নতুন মাসয়ালায় সমস্যা সৃষ্টি না হয়। আর শাখা-প্রশাখাগত মাসয়ালার ক্ষেত্রে ইজতিহাদ ও গবেষণার দরজা উন্মুক্ত আছে। কেননা আল্লাহর অনুগ্রহ অব্যাহত, তা কখনও বন্ধ হবে না। পরিবর্তনশীল এ পৃথিবীতে মানুষ নতুনের প্রতি আগ্রহী। অনেক আধুনিক বিষয় এমন আছে যেগুলোর সরাসরি বর্ণনা আল-কুরআনুল কারীম ও হাদীসে নেই। কিন্তু জীবন চলমান আর সমস্যাগুলো নতুনভাবে সৃষ্ট। এ ধরনের মাসয়ালাগুলোর সমাধানে ড. ওয়াহবাহ আয-যুহায়লী তার ফিকহী গ্রন্থাদীর মাঝে আলোচনা করেছেন। মুসলিম বিশ্বকে সঠিক দিক-নির্দেশনা প্রদানের জন্যে চেষ্টা করেন। তাঁর এ গ্রন্থে আলোচিত উল্লেখযোগ্য সমকালীন মাসয়ালা হলো: টেস্টটিউব বেবি, কসমেটিক সার্জারি, অঙ্গ-প্রত্যঙ্গ প্রতিস্থাপন, গর্ভপাত, ক্রেডিট কার্ড, ক্লোনিং ইত্যাদি।

উদাহরণস্বরূপ টেস্ট টিউব বেবির মাসয়ালাটি বলা যেতে পারে। এটি মূলত একটি চিকিৎসা পদ্ধতি যার মাধ্যমে একজন নারী সন্তান গর্ভধারণ করে। আইভিএফ বা ইন ভিট্রো ফার্টিলাইজেশন পদ্ধতিতে সন্তান



নেয়া হয়। এ ক্ষেত্রে কোন নারীর পরিণত ডিম্বানু বের করে প্রক্রিয়াজাতকরণের পর তা ল্যাভে সংরক্ষণ করা হয়। একইভাবে কোন পুরুষের শুক্রাণু সংগ্রহ করে ল্যাভে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে ভালো জাতের শুক্রাণু বেছে নেয়া হয়। এরপর উভয়টিকে একত্র করে মাতৃগর্ভের অনুরূপ একটি ইনকিউবেটরে ২৪-৪৮ ঘণ্টা নিষিক্তকরণের পর সফল হলে ঙ্গণ তৈরি হয় এবং বিশেষ নলের মাধ্যমে নারীর জরায়ুতে স্থাপন করা হয়।

উপর্যুক্ত টেস্ট টিউব বেবির মাসায়ালাটি আধুনিক কালের। আল-কুরআন ও সুন্নাহ এর মধ্যে সরাসরি এর কোন বিধান নেই। ফকীহগণ এর সমাধান প্রদান করেছেন। ড. আয-যুহায়লী এ বিষয়টি নিয়ে আলোচনা করেন এবং শরীয়াহ ভিত্তিক সমাধান পেশ করেন। তিনি টেস্ট টিউব বেবির বিভিন্ন অবস্থা ও পদ্ধতির পর্যালোচনা করেন। তাঁর মতে স্বামী-স্ত্রী ব্যতীত যৌন সম্পর্ক অবৈধ, তেমনিভাবে বিবাহ বিচ্ছেদের পর ইন্দত পালনকালেও তা অবৈধ। সুতরাং স্বামী স্ত্রী ছাড়া অন্য কারও ডিম্বানু ও শুক্রাণু একত্র করা বৈধ নয়।<sup>২৯</sup> আইডিএফ পদ্ধতিতে সন্তান ধারণ নির্দিষ্ট শর্ত সাপেক্ষে ইসলামিক স্কলারগণ বৈধ বলেন। তাদের মতে এ ঙ্গণটি স্বামী-স্ত্রীর শুক্রাণু ও ডিম্বানু থেকে হতে হবে এবং নিজ স্ত্রীর গর্ভে ধারণ করতে হবে। ড. আয-যুহায়লী এ বিষয়ে স্পষ্টভাবে বলেন যে, এই সমকালীন ইস্যুটি ইজতিহাদ, ইস্তিহসান, আল-মাসালিহ আল-মুরসালাহ ইত্যাদি মৌলিক নীতিমালার আলোকে নির্দিষ্ট শর্ত সাপেক্ষে শরীয়াহ সমর্থন করে।

#### ৮. অপ্রয়োজনীয় বিষয়ের আলোচনা বর্জন

ড. ওয়াহাব আয-যুহায়লী বর্তমানে প্রযোজ্য নয় এমন বিষয়াদীকে পরিহার করেছেন। কেননা যে সকল বিষয় বর্তমান বিশ্বের কোথাও প্রচলিত নেই, সেগুলোর আলোচনা করে গ্রন্থের কলেবর বৃদ্ধির কাজটি অপ্রয়োজনীয়। তাই তিনি দাস-দাসী সংক্রান্ত মাসায়ালা পরিহার করেন। বর্তমান বিশ্বের কোথাও দাসপ্রথা চালু নেই। মানব কল্যাণে সর্বসম্মতভাবে এ প্রথার বিলুপ্তি ঘটানো হয়েছে। তিনি বলেন: ‘এতে আমলের দিকে গুরুত্বারোপ করা হয়েছে। যেসব মাসায়ালা অর্জন করা প্রায় অসম্ভব সেগুলো পরিহার করা হয়েছে। দাস-দাসী সংক্রান্ত মাসায়ালাগুলোকে পরিত্যাগ করা হয়েছে। যেহেতু এই সমস্যাটি বিদায় নেয়ার পর এর প্রয়োজনীয়তা নিঃশেষ হয়েছে এবং পৃথিবী থেকে দাসপ্রথা বিলুপ্ত হয়েছে। তবে কখনও কখনও ঐতিহাসিক বিষয়ের অবগতির জন্যে এবং ফিকহী মাসায়ালায় পূর্ণতা দেয়ার জন্যে দাস-দাসী ইত্যাদির আলোচনা করা হয়েছে।’<sup>৩০</sup>

#### ৯. মাযহাব সমূহের তুলনামূলক আলোচনা ও প্রাধান্য প্রদান

ড. ওয়াহাব আয-যুহায়লী মতভেদপূর্ণ বিষয়গুলোর ক্ষেত্রে মাযহাব সমূহের তুলনামূলক আলোচনা করেন এবং শেষে কোন এক মাযহাবকে প্রাধান্য প্রদান করেন।

তিনি ‘হদ্দুস সারাকাহ’ অধ্যায়ে চোরের হাত কর্তন ও জরিমানা উভয়টি একত্রে নেয়া হবে কি না? এ বিষয়ে মাযহাব সমূহের মতভেদ নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, ‘উলামাগণের মাঝে এ বিষয়ে কোন মতভেদ নেই যে, যখন চোরের হাত কর্তন করা হবে এবং চুরিকৃত সম্পদ বিদ্যমান থাকলে ঐ সম্পদ মালিকের নিকট ফিরিয়ে দেয়া হবে এর উপর তার মালিকানা অবশিষ্ট থাকার কারণে। আর যদি চুরিকৃত সম্পদ নষ্ট হয়ে যায় তাহলে তার জরিমানার ব্যাপারে ‘উলামাদের মাঝে মতভেদ রয়েছে।’<sup>৩১</sup>

হানাফীগণ বলেন যখন চুরি হওয়া মাল নষ্ট হয়ে যায় তখন চোরের হাত কাটার পাশাপাশি তার উপর ক্ষতিপূরণ ওয়াজিব হবে না তথা হাত কাটা এবং জরিমানা উভয়টি একত্রে ওয়াজিব হবে না। বিচারকের নিকট বিষয়টি পৌছার পূর্বেই যদি যার মাল চুরি হয়েছে সে চোরের নিকট থেকে ক্ষতিপূরণ গ্রহণ করে তাহলে চোরের হাত কর্তন করা হবে না।

মালেকী মাযহাবের ইমামগণ বলেন যদি হাত কর্তনের সময় চোর সম্পদশালী হয় তার উপর কঠোরতা করে হাত কর্তন ও জরিমানা উভয়টি ওয়াজিব হবে। আর যদি অস্বচ্ছল হয় তাহলে তার মূল্য চাওয়া হবে না

এবং শুধুমাত্র হাত কর্তন করা ওয়াজিব হবে। অভাব ও প্রয়োজনের ওজরের কারণে লাঘব করে জরিমানা রহিত করা হবে।<sup>৩২</sup>

শাফেঈ ও হাম্বলী মাযহাবের আলিমগণ বলেন হাত কর্তন ও ক্ষতিপূরণ একত্রে করা হবে। চুরিকৃত মাল মালিককে ফিরিয়ে দেয়া হবে। আর যদি তা নষ্ট হয়ে যায় তাহলে এর বদলা দিতে হবে। সুতরাং যদি চুরিকৃত মাল চোরের হাতে নষ্ট হয়ে যায় তাহলে অনুরূপ পাওয়া গেলে তার বদলা দিতে হবে অন্যথায় তার মূল্য আদায় করতে হবে। চাই সেই চোর ধনী হোক অথবা গরিব হোক, হাত কর্তন করা হোক অথবা না হোক। হাত কর্তন ক্ষতিপূরণ ওয়াজিব হওয়াকে নিষিদ্ধ করে না প্রত্যেকের ওয়াজিব হওয়ার কারণ ভিন্ন ভিন্ন হওয়ার কারণে। ক্ষতিপূরণ ওয়াজিব হয় মানুষের অধিকারের কারণে এবং হাত কর্তন ওয়াজিব হয় আল্লাহর অধিকারের জন্য।<sup>৩৩</sup> উল্লিখিত মাসয়লা বর্ণনার পর ড. ওয়াহবাহ আয-যুহায়লী বলেন, 'ক্ষতিপূরণ এবং হাত কর্তন প্রত্যেকটির কারণ ভিন্ন ভিন্ন হওয়ার কারণে এবং হানাফীদের দলীল প্রদানকৃত হাদীস যঈফ হওয়ার কারণে শাফেঈ ও হাম্বলী মাযহাবের বর্ণনা স্পষ্ট প্রাধান্য লাভকারী।'<sup>৩৪</sup>

### ১০. উপসংহারে গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা

ড. ওয়াহবাহ আয-যুহায়লী হদুয-যিনা অধ্যায়ে উপসংহারে গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা করেছেন।<sup>৩৫</sup>

#### সমকামীর বিধান

ইমাম মালিক, শাফে'ঈ ও আহমাদ (রহ.) বলেন, সমকামীকে হদ্দ লাগানো ওয়াজিব। কেননা আল্লাহ তা'য়ালার তা'য়ালার কিতাবে এ কর্মের কর্তার শাস্তির বিষয়ে কঠোরভাবে বলেছেন। সুতরাং এখানে ব্যভিচারের অর্থ বিদ্যমান থাকার কারণে হদ্দ ওয়াজিব হবে।

ইমাম আবু হানীফা (রহ.) বলেন, সমকামীকে শুধুমাত্র তা'যীর<sup>৩৬</sup> করা হবে। কারণ সমকামীতার মাঝে বংশ পরম্পরা বিনষ্ট হওয়ার আশংকা নেই। এটা ব্যভিচার নয়।<sup>৩৭</sup>

মালেকী মাযহাবের অনুসারী ও ইমাম আহমদের যাহির রেওয়াজেত অনুযায়ী সমকামীকে হদ্দ লাগানো হবে। আর তার হদ্দ হলো সর্বাবস্থায় রজম করা হবে। বিবাহিত হোক অথবা অবিবাহিত হোক। এর দলিল হলো মহানবী (সা.)-এর বাণী, *لوط قوم لوط فافقتلوا الفاعل و المفعول* 'ঐ ব্যক্তি যাকে তোমরা কওমে লূতের কর্মের ন্যায় কর্ম করতে দেখ তখন এর কর্তা এবং যার সাথে এ অপকর্ম করা হচ্ছে উভয়কে হত্যা কর।'<sup>৩৮</sup>

শাফে'ঈদের নিকট সমকামীতার হদ্দ ব্যভিচারের হদ্দের অনুরূপ। সুতরাং যদি সমকামী বিবাহিত হয় তাহলে তাকে রজম করা ওয়াজিব। আর যদি অবিবাহিত হয় তাহলে তাকে বেত্রাঘাত ও দেশান্তর করা হবে। এর দলিল হল হযরত আবু মুসা আল-আশআরী (রা.) কর্তৃক বর্ণিত মহানবী (সা.)-এর হাদীস, তিনি বলেন, 'যখন পুরুষ অন্য কোন পুরুষের সাথে সমকামীতায় লিপ্ত হয় তখন তারা উভয়েই ব্যভিচারী এবং যখন কোন নারী অন্য কোন নারীর সাথে সমকামীতায় লিপ্ত হয় তখন তারা উভয়েই ব্যভিচারিনী।' আর যেহেতু এটা এমন হদ্দ যা সহবাসের মাধ্যমে ওয়াজিব হয়। এখানে ব্যভিচারের হদ্দের উপর এভাবে কিয়াস করা হয়েছে যে, উভয় ক্ষেত্রেই হারাম স্থানে হারামভাবে প্রবিশ্ট করানো হয়।<sup>৩৯</sup>

#### মৃতের সাথে সহবাস করা

মালেকীগণ বলেন, যে ব্যক্তি মৃতের যৌগঙ্গে অথবা মলদ্বারে সহবাস করে তাকে হদ্দ লাগানো হবে। কেননা এটাতো মানুষের গুণ্ডাঙ্গ। সুতরাং জীবিত মানুষের সাথে সহবাস করার সাথে সামঞ্জস্য রেখে এ হুকুম দেয়া হয়েছে।

হানাফী, শাফে'ঈ এবং হাম্বলীদের অনুসৃত মত অনুযায়ী মৃতের সাথে সহবাসকারীকে হদ্দ লাগানো যাবে না। কেননা মানুষের স্বভাব একে ঘৃণা করে। সুতরাং হদ্দের মাধ্যমে তাকে সতর্ক করার প্রয়োজন নেই বরং তাকে তা'যীর করা হবে।<sup>৪০</sup>

### ১১. উৎস গ্রহণের ক্ষেত্রে পূর্ববর্তী আলিমগণের অনুসরণ

এটি কুরআন, সুন্নাহ ও যুক্তিযুক্ত বিশুদ্ধ দলিলের ভিত্তিতে রচিত ইসলামী ফিকহ বিষয়ক গ্রন্থ। শুধুমাত্র সুন্নাহ অথবা ফকীহদের রায়ের ভিত্তিতে রচিত হয়নি। কারণ কুরআন, সুন্নাহর উপর নির্ভরতা ব্যতীত মুজতাহিদের আমল গ্রহণযোগ্য নয়। তিনি মনে করেন যে, দলিল ব্যতীত ইসলামী ফিকহ ‘আলিম ও তালিবে ইলমের নিকট প্রশান্তিদায়ক নয়। কারণ আহকামের দলিলাদী হলো ইলমে ফিকহের প্রাণশক্তি। এর পাঠদান জ্ঞানের জন্যে বিচরণ ক্ষেত্র। এই গ্রন্থটি প্রধানত ৪ মাযহাবের ফিকহী বিষয়াদীকে অন্তর্ভুক্ত করে যা উৎসের ভিত্তিতে রচিত। অর্থাৎ কুরআন, সুন্নাহ ও সঠিক ইজতিহাদী রায়ের আলোকে সুগঠিত।

ড. আয-যুহায়লী প্রধান ৪ মাযহাবের ফিকহী উৎসগুলিকে তার গ্রন্থের উৎস হিসেবে গ্রহণ করেন। আর তা হল: <sup>৪১</sup> ১. আল-কুরআনুল কারীম<sup>৪২</sup>, ২. আস-সুন্নাতুন নাবাবিয়্যাহ<sup>৪৩</sup>, ৩. আল-ইজমা<sup>৪৪</sup>, ৪. আল-কিয়াস<sup>৪৫</sup>, ৫. আল-মাসালিহাতুল মুরসালাহ<sup>৪৬</sup>, ৬. ‘উরফ ও আদত<sup>৪৭</sup> ইত্যাদি।

#### উপসংহার

ড. ওয়াহবাহ আয-যুহায়লী আমৃত্যু ইসলামী গবেষণা করেছেন। ইসলামী জ্ঞানের বিভিন্ন শাখায় বিশেষ করে ইসলামী আইন শাস্ত্রে অবিস্মরণীয় অবদান রেখেছেন। বিশ্বনন্দিত ইসলামী আইন গ্রন্থ ‘আল-ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু’ তাঁর অমর কীর্তি। তিনি এতে ইবাদত-বন্দেগির পাশাপাশি ব্যক্তি জীবন, পারিবারিক ও আর্থ-সামাজিক, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক জীবন, অপরাধ ও দণ্ড বিধি বিষয় সহ প্রয়োজনীয় বিষয়ের আলোচনা করেছেন। মুসলিম বিশ্বের সামনে সৃষ্ট সমকালীন মাসয়ালাগুলির সমাধান প্রদানের প্রয়াস পেয়েছেন। তাঁর এ গ্রন্থটি যুগ যুগ ধরে মানব কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

#### তথ্যনির্দেশ

<sup>১</sup> দিয়ার আতিয়া : এটি সিরিয়ার রাজধানী দামেস্কের ৮৮ কি.মি. উত্তরে আন-নাবিক জেলায় অবস্থিত। এর অধিবাসীরা প্রধানত মুসলিম। এখানে একটি জাদুঘর, সাংস্কৃতিক কেন্দ্র এবং একটি খেলাধুলা ও শরীর চর্চার কেন্দ্র রয়েছে। ২০০৩ সালে এখানে সিরিয়ার প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় ইউনর্ভাসিটি অব কালামুন প্রতিষ্ঠা লাভ করে। ড. বাদী আস-সাইয়্যিদ আল-লাহহাম, *ওয়াহবাহ আয-যুহায়লী আল-আলিম আল-ফকীহ আল-মুফাসসির* (দামেস্ক: দারুল কলাম, ২০০২), পৃ. ১১।

<sup>২</sup> আব্দুল গফুর মুহাম্মদ মোস্তফা জাফর, *আত-তাফসীর ওয়াল মুফাসসিরুন ফি ছাওবিহিল জাদীদ*, (কায়রো: দারুল সালাম, তা, বি), পৃ. ৭৭৮।

<sup>৩</sup> *ওয়াহবাহ আয-যুহায়লী আল-আলিম আল-ফকীহ আল-মুফাসসির*, পৃ. ১৪।

<sup>৪</sup> প্রাগুক্ত, পৃ. ১৫।

<sup>৫</sup> প্রাগুক্ত, পৃ. ১৭।

<sup>৬</sup> মুহাম্মদ আহমদ আল-ফারি, *মানহাজু ওয়াহবাহ আয-যুহায়লী ফি তাফসীরিহিল কুরআনিল কারীম*, মাস্টার্স থিথিস, (জর্দান: মাকতাবাতু জামি‘আতি আলি বাইত, ১৯৯৮ খ্রি.), পৃ. ১৬।

<sup>৭</sup> *ওয়াহবাহ আয-যুহায়লী আল-আলিম আল-ফকীহ আল-মুফাসসির*, পৃ. ২৮-৩০।

<sup>৮</sup> উল্লিখিত ব্যক্তিবর্গ ড. ওয়াহবাহ আয-যুহায়লীর ছাত্র ছিলেন। মুহাম্মদ নু‘য়াইম ইয়াসীন ১৯৪৩ খ্রিস্টাব্দে ফিলিস্তিনে জন্মগ্রহণ করেন। তিনি দামেস্ক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। তিনি মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি কাতার, কুয়েত ও জর্দানসহ বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। আব্দুস সাত্তার আবু গুদ্দাহ ১৯৪০ খ্রিস্টাব্দে সিরিয়ার জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একজন সিরিয়ান অর্থনীতিবিদ, গবেষক, ফাতাওয়া ও গবেষণা পরিষদের সদস্য এবং তুলনামূলক ইসলামী আইনশাস্ত্রের একজন বিশেষজ্ঞ। তিনি দামেস্ক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয় থেকে তুলনামূলক ইসলামী আইন শাস্ত্রে ডক্টরেট ডিগ্রী লাভ করেন। তিনি সিরিয়ার প্রসিদ্ধ আলিম আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ এর ড্রাতুপুত্র। ২০২০ খ্রিস্টাব্দে তিনি মৃত্যুবরণ করেন। বাদীউস সাইয়্যিদ আল-লাহহাম হলেন প্রফেসর ড. ওয়াহবাহ আয-যুহায়লী-এর সরাসরি ছাত্র। তিনি ১৯৫৯ সালে সিরিয়ার রাজধানী দামেস্কে জন্মগ্রহণ করেন। তিনি দামেস্ক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। কর্মজীবনে তিনি উক্ত বিশ্ববিদ্যালয়ের আল-কুরআন ও হাদীস বিভাগের সহযোগী অধ্যাপক পদে নিযুক্ত আছেন। তিনি আরব বিশ্বের একজন খ্যাতনামা মুসলিম স্কলার। তিনি অধ্যাপনা ও দাওয়ার কাজে নিজেকে সম্পৃক্ত করে ইসলাম ও মুসলিম সমাজের উন্নয়নে অবদান রেখে চলেছেন। ড. [https://www.naseemalsham.com/persons/dr\\_badi;](https://www.naseemalsham.com/persons/dr_badi;) <https://profyaseen.com;>

- [https://en.m.wikipedia.org/wiki/Wahbah\\_al\\_Zuhayli](https://en.m.wikipedia.org/wiki/Wahbah_al_Zuhayli); ওয়াহবাহ আয-যুহায়লী আল-আলিম আল-ফকীহ আল-মুফাসসির, পৃ. ১৬।
- <sup>১৭</sup> [https://ar.m.wikipedia.org/wiki/وهبة\\_الزحيلي](https://ar.m.wikipedia.org/wiki/وهبة_الزحيلي) 10 March 2016
- <sup>১০</sup> ওয়াহবাহ আয-যুহায়লী আল-আলিম আল-ফকীহ আল-মুফাসসির, পৃ. ৭৭-৯০।
- <sup>১১</sup> আশ'আরী হলো 'আকাইদের ক্ষেত্রে আহলুস সুন্নাহ ওয়াল জামা'আতের ২টি ধারার অন্যতম। এ মতবাদটি ইমাম আবুল হাসান 'আলী ইবন ইসমাইল আল-আশ'আরী (র.) এর দিকে সম্পৃক্ত। আবুল হাসান আশ'আরী ২৬০ মতান্তরে ২৭০ হিজরীতে জন্ম গ্রহণ করেন এবং ৩২৪ মতান্তরে ৩৩০ হিজরীতে বাগদাদে ইত্তিকাল করেন। তিনি প্রখ্যাত মু'তাযিলী আবু আলী আবদুল ওয়াহহাব আল-জুব্বাইঈ এর শিষ্য ছিলেন এবং প্রাথমিক প্রশিক্ষণ তার তত্ত্বাবধানে হয়েছিল। আল-জুব্বাইঈ থেকেই তিনি মু'তাযিলাদের মতবাদ শিক্ষা লাভ করেন। তিনি অত্যন্ত মেধাবী ও বাগ্মি ছিলেন। তাকেই বিতর্ক ও মুনযারায় সামনে এগিয়ে দেয়া হত। দ্র. মহীউদ্দীন ইবন মুহাম্মদ হানাফী, *আল-জাওয়াহিরুল মুযিয়াহ ফী তাবাকাতিল হানাফিয়াহ*, ১ম খণ্ড (রিয়াদ: দারুল উলুম, ১৯৭৮ খ্রি.), পৃ. ৩৫৩; খায়রুদ্দীন আল-যিরকলী, *আল-আলাম*, ৫ম খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল-মালাইন, ১৯৯৫খ্রি.), পৃ. ৬৯।
- <sup>১২</sup> আকাইদের ক্ষেত্রে আহলুস সুন্নাহ ওয়াল জামা'আতের দুটি ধারার অন্যতম হলো মাতুরিদী মতবাদ। এ মতবাদটি ইমাম আবুল মানসুর মুহাম্মদ ইবন আহমাদ আল-মাতুরিদী (র.) এর দিকে সম্পৃক্ত। যারা আকীদাগত বিষয়ে ইমাম মাতুরিদীর অনুসারী তাদেরকে মাতুরিদী বলা হয়। দ্র. হাজী খলীফা, *কাশফুয-যনুন*, ২য় খণ্ড (বৈরুত: দারুল ইহইয়াইত তুরাসিল 'আরাবী, তা.বি, ১৯৮২খ্রি.), পৃ. ৩৩৫; *আল-জাওয়াহিরুল মুযিয়াহ*, ২য় খণ্ড, পৃ. ১৩০; তাশ কুবরা, *মিফতাহুস সাআদাহ*, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, তা.বি.) পৃ. ১২।
- <sup>১৩</sup> ড. ওয়াহবাহ আয-যুহায়লী, *উসুলুল ঈমান ওয়াল ইসলাম* (দামেস্ক: দারুল ফিকর, ২০০৮ খ্রি.), পৃ. ১৫-১৯।
- <sup>১৪</sup> [https://ar.m.wikipedia.org/wiki/وهبة\\_الزحيلي](https://ar.m.wikipedia.org/wiki/وهبة_الزحيلي) 10 March 2016
- <sup>১৫</sup> [https://en.m.wikipedia.org/wiki/wahbah\\_al-Zuhayli](https://en.m.wikipedia.org/wiki/wahbah_al-Zuhayli) 26 August 2016
- <sup>১৬</sup> ড. ওয়াহবাহ আয-যুহায়লী, *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ*, ১ম খণ্ড (দামেস্ক: দারুল ফিকর, ২০০৮খ্রি.), পৃ. ২১-২০১।
- <sup>১৭</sup> প্রাগুক্ত, ১ম খণ্ড, পৃ. ২৪-২৫।
- <sup>১৮</sup> প্রাগুক্ত, ১ম খণ্ড, পৃ. ২৫।
- <sup>১৯</sup> আল-কুরআন, সূরা আল-আরাফ, আয়াত-৮০।
- <sup>২০</sup> আল-কুরআন, সূরা আল-আনআম, আয়াত-১৫১।
- <sup>২১</sup> ড. ওয়াহবাহ আয-যুহায়লী, *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ*, ৬ষ্ঠ খণ্ড (দামেস্ক: দারুল ফিকর, ১৯৮৫ খ্রি.), পৃ. ২৬২।
- <sup>২২</sup> মুহাম্মদ ইবন 'ঈসা আত-তিরমিযী, আল-জামি' আত-তিরমিযী, ১ম খণ্ড (ঢাকা: আল-মাকতাবাতুল ইসলামিয়া, তা.বি.), পৃ. ২৫৯।
- <sup>২৩</sup> *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ*, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ৩০।
- <sup>২৪</sup> মাওকুফ শব্দটি আরবী এর শাব্দিক অর্থ থামা। পরিভাষায় ঐ হাদীসকে মাওকুফ বলা হয় যাতে সাহাবীর বাণী, কর্ম অথবা সমর্থন বর্ণিত হয়েছে। অর্থাৎ হাদীস বর্ণনার সময় সনদটা সাহাবী পর্যন্ত এসে থেমে যাওয়া। দ্র. ড. মাহমুদ আত-তহহান, *তাইসীর মুসতাহালিল হাদীস* (রিয়াদ: মাকতাবাহ আল-মাআরিফ, ২০১০খ্রি.), পৃ. ১৬২।
- <sup>২৫</sup> যে কথা, কাজ, মৌনসম্মতি ও গুণাবলীকে মহানবী (সা.)-এর সাথে সম্পৃক্ত করা যায় তাকে মারফু হাদীস বলে। দ্র. *তাইসীর মুসতাহালিল হাদীস*, পৃ. ১৬০।
- <sup>২৬</sup> একজন রাবীর রেওয়াজেতে পরিভাষায় গরীব হাদীস বলা হয়। অর্থাৎ একজন বর্ণনাকারী কর্তৃক বর্ণিত হাদীসকে গরীব বলা হয়। এই একজন বর্ণনাকারী সনদের যে কোন এক স্তরে বিদ্যমান থাকে অথবা সকল স্তরে বিদ্যমান থাকে তা গরীব হাদীস হিসাবে গণ্য হবে। দ্র. *তাইসীর মুসতাহালিল হাদীস*, পৃ. ৩৮।
- <sup>২৭</sup> *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ*, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ১২।
- <sup>২৮</sup> প্রাগুক্ত, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ৬৯।
- <sup>২৯</sup> ড. ওয়াহবাহ আয-যুহায়লী, *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ*, ৭ম খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ২০১২ খ্রি.), পৃ. ১৩৩।
- <sup>৩০</sup> ড. ওয়াহবাহ আয-যুহায়লী, *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্লাতুহ* (দামেস্ক: দারুল ফিকর, ১৯৮৫ খ্রি.), ১ম খণ্ড, পৃ. ১০।
- <sup>৩১</sup> প্রাগুক্ত, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ৯৫।

- <sup>১২</sup> ইবন রুশদ, *বিদ্যাতুল মুজতাহিদ*, ৪র্থ খণ্ড (কায়রো: মাকতাবাতু ইবন তাইমিয়াহ, তা.বি.), পৃ. ৪১০; ইবন জাযাই, *আল-কাওয়ানিনুল ফিকহিয়াহ* (বৈরুত: দারুল ইবন হাযম, ২০১৩ খ্রি.), পৃ. ৫৯২-৫৯৩।
- <sup>১৩</sup> ইবন কুদামা, *আল-মুগনী*, ১২শ খণ্ড (রিয়াদ: দারুল আলামিল কুতুব, ১৯৯৭ খ্রি.), পৃ. ৪৫৩-৪৫৪; শায়খ মারআ ইবন ইউসুফ, *গাইয়াতুল মুনতাহা*, ২য় খণ্ড (কুয়েত: মুয়াসসাসাতু গারাস, ২০০৭ খ্রি.), পৃ. ৪৮৮।
- <sup>১৪</sup> *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্বাতুহ*, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ৯৬।
- <sup>১৫</sup> প্রাগুক্ত, পৃ. ৬৬।
- <sup>১৬</sup> ‘তা’যীর’ শব্দের আভিধানিক অর্থ হলো তিরস্কার করা, সংশোধন করা, শিষ্টাচার শিক্ষা দেওয়া ইত্যাদি। তা’যীর এর শরয়ী অর্থ হলো, যে সব অপরাধের ক্ষেত্রে ‘হদ্’ ও ‘কাফফারা’ এর বিধান নেই, সে অপরাধের কারণে শাস্তি দেওয়া। দ্র. সম্পাদনা পরিষদ, *ফাতাওয়া ও মাসাইল*, ৫ম খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২০০৯ খ্রি.), পৃ. ৩৪২।
- <sup>১৭</sup> প্রাগুক্ত, পৃ. ৬৬।
- <sup>১৮</sup> আল্লামা জামালুদ্দিন আবু মুহাম্মদ আব্দুল্লাহ ইবন ইউসুফ যায়লাঈ, *নসবুর রাইয়াহ*, ৩য় খণ্ড (জেদ্দা: মুয়াসসাসাহ আল-রাইয়ান, ১৩৫৭ হি.); *আল-কাওয়ানিনুল ফিকহিয়াহ*, পৃ. ৫৮৪।
- <sup>১৯</sup> শামসুদ্দিন মুহাম্মদ ইবন মুহাম্মদ আল-শিরবিনী, *মুগনিউল মুহতাজ*, ৫ম খণ্ড (বৈরুত: দারুল কিতাব আল-ইলমিয়াহ, ২০০০ খ্রি.), পৃ. ৪৪৩; আবু ইসহাক আল-শিরাজী, *আল-মুহাযযিব*, ৫ম খণ্ড (দামেস্ক: দারুল কলম, ১৯৯৬খ্রি.), পৃ. ৩৮৩।
- <sup>২০</sup> *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিব্বাতুহ*, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ৬৭-৬৮।
- <sup>২১</sup> প্রাগুক্ত, ১ম খণ্ড, পৃ. ৯।
- <sup>২২</sup> আল-কুরআন হলো আল্লাহর কালাম যা তাঁর নবী মুহাম্মদ (সা.) এর প্রতি নাযিল করা হয়েছে, যা গ্রন্থাকারে লিপিবদ্ধ রয়েছে এবং মুতাওয়াজ্জির (ধারাবাহিক) ও সন্দেহাতীতভাবে বর্ণিত হয়েছে। দ্র. মান্না আল-কাত্তান, *মাবাহিস ফী উলূমিল কুরআন* (বৈরুত: মুয়াসসাসাতুর রিসালাহ, ১৯৮৩ খ্রি.) পৃ. ২১; আহমদ মোল্লা জিউন, *নূরুল আনওয়ার* (ঢাকা: মাকতাবাতুল হারমাইন, তা.বি), পৃ. ৭।
- <sup>২৩</sup> সূন্বাহ শব্দের অর্থ হলো পথ বা রাস্তা। ইসলামী শরী’য়াতের পরিভাষায়, সূন্বাহ শব্দটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথা, কাজ ও মৌন সম্মতির উপর প্রযোজ্য হয়ে থাকে। দ্র. আবদুল ওয়াহহাব খাল্লাফ, *ইলমু উসূলিল ফিকহি* (কায়রো: দারুল হাদীস, ২০০৩ খ্রি.), পৃ. ৪০; *নূরুল আনওয়ার*, পৃ. ২৫৭।
- <sup>২৪</sup> ইজমা হলো একই যুগে উম্মাতে মুহাম্মদীর সকল সৎকর্মশীল মুজতাহিদ কর্তৃক কোন বাচনিক বা কর্মসূচক ব্যাপারে ঐকমত্য পোষণ করা। দ্র. *ইলমু উসূলিল ফিকহি*, পৃ. ৫০; *নূরুল আনওয়ার*, পৃ. ৩১৬।
- <sup>২৫</sup> কিয়াস: যে বিষয়ে শরী’য়াতে নস বিদ্যমান নেই, সেই বিষয়কে কারণসমূহের অভিন্নতার ভিত্তিতে এমন একটি বিষয়ের সাথে সম্পৃক্ত করা যার সম্পর্কে শরী’য়াতের নস ভিত্তিক বিধান বিদ্যমান আছে, তাকে কিয়াস বলা হয়। দ্র. *ইলমু উসূলিল ফিকহি*, পৃ. ৫৯; *নূরুল আনওয়ার*, পৃ. ৩২৩-৩২৫।
- <sup>২৬</sup> আল-মাসালিহাতুল মুরসালাহ বলতে এমন সব বিষয়কে বুঝায় যার বিবেচনার পক্ষে শরী’য়াতের কোন মৌলনীতি সাক্ষ্য দেয় না এবং যাকে বাতিল করার বিষয়েও সাক্ষ্য দেয় না অথচ সুস্থ বিবেক বিষয়গুলোকে গ্রহণ করে। দ্র. *ইলমু উসূলিল ফিকহি*, পৃ. ৯৩; *ইসলামী আইন ও আইন বিজ্ঞান*, প্রথম খন্ড, পৃ. ১৪১।
- <sup>২৭</sup> ‘উরফ ও ‘আদত: কথা ও কাজে বিপুল সংখ্যক মানুষের অভ্যাসের নাম উরফ আর পৌনপুনিক ব্যাপারগুলোর মধ্যে যা মানুষের মনে ঠাঁই করে নেয় এবং সুস্থ প্রকৃতি সাথে সামঞ্জস্যশীল তা-ই আদত। দ্র. *ইলমু উসূলিল ফিকহি*, পৃ. ৯৯।

## ইসলামী নৈতিকতার মানদণ্ডে বর্তমান সমাজ ব্যবস্থা : পর্যালোচনা ও মূল্যায়ন (Islamic Ethical Standards of Present Social System: Review and Appraisal)

মো: শাহনেওয়াজ কবির\*

**Abstract:** Islam has laid down some universal moral values for the prosperity and happiness of humanity as a whole. These moral values have shaped and inspired Muslim's individual and social life for more than 1400 years. The moral character of a believer is taught by the Holy Qur'an, and it has been perfectly represented by Prophet Muhammad (Sm.). But present society has forgotten the ideals he taught. With time, immoral culture and un-Islamic civilization have appeared in society. As a result, people have become void of morality and human values. So we will discuss the way to achieve social moral responsibilities and values from the view of Islamic morality in the following study. This research work has been conducted in the Bengali language. Information and materials related to this subject have been collected from primary and secondary sources written in Arabic, English, and Bengali languages. It has followed descriptive and analytical methods.

### ভূমিকা

ইসলাম মানবজাতিকে এমন নীতি-নৈতিকতা শিক্ষা দেয় যা দ্বারা মানুষ নিজেকে সং চরিত্রের অধিকারী করে গড়ে তুলতে পারে। নৈতিকতা বিষয়ে ইসলাম কিছু মৌলিক নীতিমালা নির্ধারণ করে দিয়েছে। মানুষের জীবনের সকল বিষয়ে ইসলামী নৈতিকতার সেই দিক নির্দেশনা বিদ্যমান। মূলত ইসলামী নৈতিকতা ইসলামী সমাজ ব্যবস্থার অবিচ্ছেদ্য অঙ্গ। কিন্তু বর্তমান সমাজে মানব আচরণে নৈতিকতা প্রকাশ একটি দুরূহ বিষয় হয়ে দাঁড়িয়েছে। সর্বত্র ছড়িয়েছে অনৈতিকতা ও অপকর্ম। সমাজ বিধ্বংসী এসকল অপকর্ম আজ লাগামহীন। মানবজাতিকে এ অবস্থা থেকে উত্তরণ করে তাদের সামগ্রিক অগ্রগতি ও সমাজে সঠিক মূল্যবোধ প্রতিষ্ঠার জন্য প্রয়োজন ইসলামী নৈতিকতার যথাযথ প্রয়োগ। বক্ষমান প্রবন্ধে মানব জীবনের সকল ক্ষেত্রে সামাজিক মূল্যবোধ ও নৈতিক অবক্ষয় রোধ করে সঠিক নৈতিকতা সম্পন্ন মানুষ তৈরীর ইসলামী নীতিমালা পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়েছে।

### নৈতিকতার পরিচয়

ইংরেজী ও আরবী ভাষায় নৈতিকতার প্রতিশব্দ হলো যথাক্রমে Ethics ও আল-আখলাক (الأخلاق)। Ethics শব্দটি গ্রিক শব্দ Ethica থেকে উদ্ভূত যা Ethos শব্দের পরিবর্তিত রূপ। শব্দটির বাংলা অর্থ আচার, নৈতিক সভ্যতা, রীতি-নীতি ও অভ্যাস।<sup>১</sup> নৈতিকতার অপর একটি ইংরেজি প্রতিশব্দ হলো Morality। যা ল্যাটিন শব্দ Mores বা MOS বা Moralitas বা moralis শব্দ থেকে উদ্ভূত। এর অর্থ হলো আচার ব্যবহার, প্রথা, অভ্যাস, সমাজ সম্মত আচরণ, নৈতিক আচরণ, ন্যায়-অন্যায়ের মধ্যে পার্থক্য, চরিত্র, ভদ্রতা, সঠিক এবং ভুল বিষয়সমূহের মাঝে পার্থক্য করতে পারা ইত্যাদি।<sup>২</sup>

আরবী আখলাক শব্দটি 'খুলক' (خلق) শব্দমূল থেকে এসেছে যার অর্থ হলো আচরণ, স্বভাব, অভ্যাস স্বভ্যতা, ভদ্রতা, শিষ্টাচার।<sup>৩</sup> নৈতিকতার অপর একটি আরবী প্রতিশব্দ হলো أدب (আদাব) অর্থাৎ ভদ্রতা, শিষ্টাচার, শিক্ষা, নৈতিকতা।<sup>৪</sup>

\* এম.ফিল. গবেষক, ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

বাংলা ভাষা বিজ্ঞানীদের মতে নৈতিক শব্দটি এসেছে সংস্কৃত শব্দ থেকে। যা নীতি+ইক প্রত্যয়দ্বয় দ্বারা গঠিত।<sup>৬</sup> নীতি শব্দের অর্থ হলো ভালো-মন্দ যাচাই, বিবেকের বিচার, ন্যায়-অন্যায়, কর্তব্য-অকর্তব্য ইত্যাদি।<sup>৭</sup> পাশ্চাত্য দার্শনিক ও মুসলিম পণ্ডিতগণ নৈতিকতার ব্যাপারে বেশ কিছু অভিমত ব্যক্ত করেছেন।

পাশ্চাত্য পণ্ডিত জন এস. ম্যাকেনজি (John S. Mackenzie) বলেন, যে সকল কাজ উত্তম, সকলের জন্য উপকারী, ভালো বা উচিত-অনুচিত এর মধ্যে পার্থক্য করে তাই নৈতিকতা।<sup>৮</sup> দার্শনিক উইলিয়াম লিলি (William Lillie) বলেন, নৈতিকতা হলো সমাজে বসবাসকারী মানুষের আচরণ সম্পর্কীয় এমন একটি আদর্শনিষ্ঠ স্বভাব বা অভ্যাস বা বিজ্ঞান যা এ আচরণের কোনটি ন্যায়, কোনটি অন্যায়, কোনটি ভালো, কোনটি মন্দ, কোনটি উচিত ও কোনটি অনুচিত তা বিশ্লেষণ করে।<sup>৯</sup> দার্শনিক জি. ই. ম্যুর (G. E. Moore) বলেন, আমাদের সাধারণ বুদ্ধিমত্তাই হল নীতিবোধ এবং শুভের প্রতি অনুরাগ ও অশুভের প্রতি বিরাগই হল আমাদের নৈতিকতা।<sup>১০</sup> অলিভার এ. জনসন (Oliver A. Johnson) বলেন, মানব জীবনের মূল্যবান অনুসন্ধান হিসেবে মানব ক্রিয়া ও মানব মঙ্গলের অনুশাসনে যেসব নিয়ম জড়িত, সেগুলো আবিষ্কারের উদ্দেশ্যে মানুষের নৈতিক ব্যবহারের সুসংহত বা পদ্ধতিগত অনুসন্ধান হচ্ছে নৈতিকতা বা নৈতিক শিক্ষা।<sup>১১</sup>

ইমাম কুরতুবী (রহ.) বলেন, আখলাক মানুষের এমন চরিত্র বা আচরণগত বৈশিষ্ট্য যা সকলের মধ্যে বিদ্যমান।<sup>১২</sup> ইমাম গাযালী (রহ.)-এর মতে নৈতিকতা বা সচ্চরিত্র বলতে বুঝায় মানব মনে গচ্ছিত ঐ অবস্থাকে যা থেকে অন্যায়সে কোন কর্ম সম্পাদিত হয়।<sup>১৩</sup> হাফিয ইবন হাজার আল-আসকালানী (রহ.) বলেন, নৈতিকতা হলো অপরের সাথে বন্ধুত্বপূর্ণ আচরণ এবং নিজের দৃষ্টিতে নিজেকে ছোট মনে করা অর্থাৎ মানুষের অভ্যন্তরীণ সকল সদগুণের সমষ্টি হলো নৈতিকতা।<sup>১৪</sup>

পাশ্চাত্য দার্শনিক ও মুসলিম পণ্ডিতগণ কর্তৃক উপস্থাপিত নৈতিকতার সংজ্ঞা বিশ্লেষণ করলে দেখা যায় যে, অভিধানগত দিক থেকে নৈতিকতার সংজ্ঞায় উভয় শ্রেণির মধ্যে কোন মতপার্থক্য নেই। পারিভাষিক অর্থে উভয় দলের মধ্যে পার্থক্য থাকলেও তা মৌলিক কোন পার্থক্য নয়। তাই একজন মানুষের সুশৃঙ্খল আচরণ ও সংযত জীবনের ক্ষেত্রে নৈতিকতা শব্দটিকে প্রযুক্ত করা যেতে পারে। সুতরাং নৈতিকতা হলো এমন এক অনুভূতি যা বিবেককে নিয়ন্ত্রণ করে ভাল-মন্দ, উচিত-অনুচিত, দোষ-গুণ ইত্যাদির মধ্যে পার্থক্য নির্দেশ করে।

#### সমাজে ইসলামী নৈতিকতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা

ইসলাম সমাজের সকল মানুষের স্বভাব-চরিত্র, কাজ-কর্ম, আচার-ব্যবহার সুসংহত করার নির্দেশনা দিয়েছে। এ নির্দেশনাগুলো মেনে চলার ফলে বিনির্মিত হতে পারে একটি সুশীল ও সুসংগঠিত সমাজ। ইসলাম মানবজাতিকে উন্নত স্বভাব চরিত্র ও গুণাবলীর অধিকারী হওয়ার জন্য দয়া, ত্যাগ, সহনশীলতা, সহানুভূতি, সুবিচার, সত্যবাদিতা দায়িত্বশীলতা, প্রতিশ্রুতি পালন, সংযমশীলতা, ইত্যাদি গুণাবলীতে সমৃদ্ধ হওয়ার প্রতি গুরুত্বারোপ করেছে। ইসলামের দৃষ্টিতে সামাজিক জীবনে নৈতিক সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে এ সকল গুণাবলী অর্জনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সর্বাধিক। সে কারণে যা কিছু উত্তম ও কল্যাণকর তা ইসলামে বিশেষ মর্যাদায় স্বীকৃত।<sup>১৫</sup>

ইসলাম তার অনুসারীদের উত্তম চরিত্র গঠনের আহ্বান করে ক্ষান্ত হয়নি; বরং এটি নৈতিক চরিত্রের বিধি-বিধান, নীতি ও মৌল আদর্শ নির্ধারণ করে দিয়েছে। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত জীবন পরিচালনার জন্য মানুষ যা কিছু উত্তম ও সুন্দর হিসেবে বিবেচনা করে সে সকল বিষয়গুলোকে ইসলামী নৈতিকতার অন্তর্ভুক্ত করেছে। ইসলামী নৈতিকতা শান্তিপূর্ণ, নির্ভেজাল ও ভারসাম্যপূর্ণ জীবনাদর্শ বাস্তবায়নে বিশ্বাসী। এটি মানবজীবনের কোন একটি বিষয় অথবা একটিমাত্র দিকের উপর গুরুত্বারোপ না করে জীবনের স্বাভাবিক ভারসাম্য রক্ষার সকল পন্থা উপস্থাপন করেছে। ইসলামী নৈতিকতা মানুষের সকল সমস্যার সৃষ্ট সমাধান করে মানুষকে তার পূর্ণ মহিমায় উদ্ভাসিত করে তোলে।<sup>১৬</sup> সুতরাং ইসলামী নৈতিক আদর্শের ধারক বাহক একজন ব্যক্তি সকল অনৈতিকতা থেকে সরে এসে আল্লাহর আনুগত্যের ঘোষণা দেয়। এমন উন্নত চরিত্রের

জন্য আল্লাহ অসীম পুরস্কারের ঘোষণা দিয়ে বলেন, <sup>১৯</sup> “يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا وَعَمَلُوا الصَّالِحَاتِ فَلَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ” “যারা ঈমানদার ও সৎ কর্মশীল তাদের জন্য রয়েছে অফুরন্ত ও অসীম পুরস্কার।”

### ইসলামী নৈতিকতার মানদণ্ডে বর্তমান সমাজ

আমাদের সমাজ ব্যবস্থা একটি সংগঠনের মত, যেখানে মানুষ পরস্পর সুশৃঙ্খল বন্ধনে আবদ্ধ হয়ে সহযোগিতার ভিত্তিতে স্থায়ীভাবে বসবাস করে।<sup>১৯</sup> নৈতিকতা এই সমাজে বসবাসকারী মানুষের সার্বিক জীবনযাত্রার সাথে ওতপ্রোতভাবে জড়িত। সমাজে বিভিন্ন প্রকৃতির মানুষ সংঘবদ্ধ বসবাস করার ফলশ্রুতিতে তারা একে অন্যের উপর নির্ভরশীল এবং পরস্পর সাহায্য সহযোগিতার দাবিদার। ফলে সামাজিক সুফল নির্ভর করে সমাজের প্রতিটি সদস্যের পারস্পরিক সম্পর্ক সুষ্ঠু ও স্বাভাবিক থাকার উপর।<sup>২০</sup> এজন্য সমাজের প্রধান লক্ষ্য হলো এমন মূল্যবোধ সম্পন্ন জনবল তৈরি করা যাতে তাদের সকলের মধ্যে পারস্পরিক সম্পর্ক অক্ষুণ্ণ থাকে।<sup>২১</sup> মানব সমাজ ও তাদের অবস্থান সম্পর্কে ইসলামের সুস্পষ্ট মূলনীতি হলো মানব জাতির উৎস একই এবং সকলেই মিলেমিশে সমাজবদ্ধভাবে বসবাস করবে। ইসলামী সমাজ কাঠামো সম্পর্কে আল্লাহ বলেন,<sup>২০</sup>

يَا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنْثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا

“হে মানবজাতি! তোমাদেরকে একজন পুরুষ ও একজন নারী হতে সৃষ্টি করেছে। তারপর তোমাদের বিভিন্ন জাতি ও গোষ্ঠিতে পরিণত করেছে। যেন তোমরা পরস্পরের পরিচয় জানতে পারো।”

বর্তমান সমাজ ব্যবস্থা এ মূলনীতি থেকে যোজন দূরে সরে গিয়েছে। কালের পরিক্রমায় সমাজে প্রবেশ ঘটেছে অনৈতিক কৃষ্টি-কালচার ও অনৈসলামিক সভ্যতা। আরবের জাহেলী সমাজের ন্যায় সকলেই অনৈতিকতাকেই নিজেদের জীবনে মূল লক্ষ্য উদ্দেশ্য হিসেবে গ্রহণ করেছে।<sup>২২</sup>

### প্রচলিত নৈতিক সমস্যা ও প্রতিকার : ইসলামী প্রেক্ষিত

মানুষের জীবনে নীতি সম্পর্কীয় যে কোন অস্বাভাবিক আচরণ হলো নৈতিক সমস্যা। সমাজে যে কোন ধরনের আচরণ বা কাজ সম্পাদনে নৈতিক মূল্যবোধের অবক্ষয় নৈতিক সমস্যার অন্যতম কারণ। বর্তমান সমাজে নৈতিক অবক্ষয় বা সমস্যার প্রাদুর্ভাব সমাজের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। সমাজে প্রচলিত বহু নৈতিক সমস্যা আজ সামাজিক বন্ধনকে বিনষ্ট করে ফেলেছে। নিম্নে পর্যায়ক্রমে একাধিক নৈতিক সমস্যা ও তার প্রতিকার পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়েছে:

#### ক. সামাজিক অঙ্গনে নৈতিক সমস্যা

সামাজিক অঙ্গনে অবাধ যৌনাচার, লিভ টুগেদার, সমকামিতা, পর্নোগ্রাফী, মানব পাচার ইত্যাদি নৈতিক সমস্যা পরিলক্ষিত হয়। এ সকল নৈতিক সমস্যাবলী সামাজিক বহুবিধ সমস্যার মূলে কার্যকারণ হিসেবে কাজ করে। ইসলামের নৈতিক বিধানে সামাজিক উজ্জ্বল সমস্যার চিকিৎসা রয়েছে।

#### ১. অবাধ যৌনাচার

যৌনাচার এখন সমাজে পরতে পরতে নিত্য নৈমিত্তিক বিষয়। ইসলাম অবৈধ যৌনাচারকে হারাম করেছে। কোন ধরনের বৈবাহিক সম্পর্ক ছাড়া যৌনতায় লিপ্ত হওয়া নিকৃষ্ট আচরণ। এ প্রসঙ্গে আল্লাহ বলেছেন,<sup>২২</sup> وَلَا تَزْنُوا زَنَاتٍ إِيَّاهُ تَزْنِ بِأُخْتِكُمُ الْوَحْشَةَ وَالْمَرْءَ إِذَا نَكَحَ أَخَاهُ زَانِجًا قَلْبًا “তোমরা অবৈধ যৌন সন্তোগের নিকটবর্তী হয়োনা। এটা অশ্লীল ও নিকৃষ্ট আচরণ।”

#### ২. লিভ টুগেদার

বিংশ শতাব্দির একটি অতি পরিচিত বাক্যাংশ হলো লিভ টুগেদার (Live together)। লিভ টুগেদার অর্থ হলো দুজন নারী পুরুষ একই সাথে বসবাস করা বা বিবাহ পূর্ব শারীরিক সম্পর্ক।<sup>২৩</sup> লিভ টুগেদার যুব সমাজের নৈতিকতা ধ্বংসকারী অন্যতম সমস্যা। ইসলাম এই ঘৃণিত কাজকে হারাম করেছে যা অনিবার্যভাবে সমাজে প্রযুক্ত হবে।<sup>২৪</sup>



### ৩. সমকামিতা

অবাধ যৌনাচার বা ব্যভিচার এর বিকৃত রূপ হলো সমকামিতা। মানব সভ্যতার উন্নয়ন ও নৈতিক বিকাশে সমকামিতা একটি বড় অন্তরায়। সমকামিতার মত অনৈতিক কাজ সভ্যতার গুরু থেকেই নিষিদ্ধ হিসেবে বিবেচিত হয়েছে। পবিত্র কুরআনের সাত স্থানে এই কুকর্মের সামাজিক ভয়াবহতা বর্ণনা করে উক্ত অপরাধের সাথে জড়িত লুত (আ.)-এর সম্প্রদায়কে ধ্বংসের বর্ণনা রয়েছে।<sup>২৫</sup> এ থেকেই বুঝা যায় ইসলাম এই ঘৃণিত অপরাধকে সীমালঙ্ঘনমূলক শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করেছে।

### ৪. পর্নোগ্রাফী

পর্নোগ্রাফী ইসলামী নৈতিকতার জন্য সবচেয়ে বিপদজনক। এটি সর্বজন স্বীকৃত অশ্লীলতা। মানুষের সামাজিক ও নৈতিক মূল্যবোধ অবক্ষয়ের অন্যতম কারণ হলো পর্নোগ্রাফী। স্বাচ্ছন্দপূর্ণ ও প্রশান্তিমূলক সমাজ গঠনের ক্ষেত্রে পর্নোগ্রাফী একটি বড় অন্তরায়। মানুষের চরিত্রকে ধ্বংস করে সমাজে অশ্লীলতার প্রসার ঘটানোই পর্নোগ্রাফীর প্রধান উদ্দেশ্য। ইসলামী সমাজ ব্যবস্থায় এটি সম্পূর্ণ নিষিদ্ধ। এর শাস্তির বর্ণনা দিয়ে আল্লাহ বলেন,<sup>২৬</sup>

إِنَّ الَّذِينَ يُجِبُونَ أَنْ تَشْبَعَ الْفَاحِشَةُ فِي الَّذِينَ آمَنُوا لَهُمْ عَذَابٌ أَلِيمٌ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ

“যারা চায় মুমিনদের সমাজে অশ্লীলতার প্রসার ঘটুক তারা দুনিয়া ও আখিরাতে যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করবে।”

### ৫. মানব পাচার

মানব পাচার একটি আন্তর্জাতিক সমস্যা। এটি মানবাধিকারের প্রতি এক চরম আঘাত। ইসলামী নৈতিক জ্ঞানের অভাব এ সমস্যার অন্যতম কারণ।<sup>২৭</sup> মানব পাচার যে কারণেই হোক না কেন এটাকে নৈতিকতা, ধর্ম বা আইন কোনটিই সমর্থন করেনি। যার কারণে এটি প্রতিরোধে কঠোর আইন রয়েছে।<sup>২৮</sup> ইসলাম মানুষকে তার সামাজিক সকল মৌলিক অধিকারের পাশাপাশি জীবন, সম্পদ ও মর্যাদার নিরাপত্তা প্রদান করেছে। এ কারণে ইসলামী জীবনব্যবস্থা একটি দুর্গের ন্যায়, যার প্রতিটি ইট মানবিক মূল্যবোধ ও সামাজিক অধিকারের ফর্মা দ্বারা তৈরী। ইসলামের প্রকৃত নৈতিক জ্ঞানে জ্ঞানাস্বীত কোন ব্যক্তি এ জঘন্য অপরাধে কখনো লিপ্ত হয় না।<sup>২৯</sup>

### ৬. মাদকাসক্তি

বর্তমান সমাজে মাদক মানব সভ্যতার একটি ভয়াবহ বিপদ, অভিশাপ ও চূড়ান্ত নৈতিক সমস্যা হিসেবে আর্বিভূত হয়েছে। এটি এমন একটি সমস্যা যা ব্যক্তির নৈতিক বিকাশ ও সমাজের উন্নয়নের পথে প্রধান অন্তরায় হিসেবে আত্মপ্রকাশ করেছে।<sup>৩০</sup> এটি মানুষের বিবেক বুদ্ধিকে ধ্বংস করে মানব সভ্যতার চাকা পিছনের দিকে ঘুরিয়ে দেয়। তাই মানুষের নৈতিক বিকাশে কল্যাণের ধর্ম ইসলামে সকল প্রকার মাদক নিষিদ্ধ। এ প্রসঙ্গে আল্লাহ বলেন,<sup>৩১</sup>

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

“হে ঈমানদারগণ! নিশ্চয়ই মদ, জুয়া, পূজার বেদী ও ভাগ্য নির্ধারক শর সমূহ শয়তানের নাপাক কর্ম বৈ কিছুই নয়। অতএব এগুলো থেকে বিরত হও। তাতে তোমরা কল্যাণপ্রাপ্ত হবে।”

### ৭. কুসংস্কার

কুসংস্কার সমাজের রন্ধে রন্ধে মহামারির ন্যায় বিস্তৃত। ইসলামে কুসংস্কারের কোন স্থান নেই। কেননা এটি একটি ভ্রান্তবিশ্বাস দ্বারা প্রতিষ্ঠিত। এটি আল্লাহর প্রতি নির্ভরতা বহুলাংশে কমিয়ে দেয়। সমাজে প্রচলিত জীবন ঘনিষ্ঠ কয়েকটি কুসংস্কারের মধ্যে যাত্রাকালীন সময়ে শুভ-অশুভ মনে চলা, পশুপাখির ডাককে অশুভ মনে করা, গ্রহ-নক্ষত্রের প্রতি বিশ্বাস স্থাপন, যাত্রার পূর্বে বিড়ালের রাস্তা অতিক্রম, এবং হস্তরেখা নির্ণয় করে ভাগ্য পরীক্ষা করা প্রভৃতি উল্লেখযোগ্য। ইসলামের দৃষ্টিতে কুসংস্কারজনিত যে কোন বিশ্বাস শিরক।<sup>৩২</sup>

### ৮. চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানী

সামাজিক শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় চুরি, ছিনতাই, রাহাজানী, ডাকাতি একটি বড় অন্তরায়। এগুলো সম্পূর্ণ গর্হিতকর্ম ও মানবিক নিরাপত্তার উপর বিষাক্ত ছোবল। এটি দিবালোকের ন্যায় স্পষ্ট যে এ সকল অপরাধের কৃষ্ণ কালো ধূসকুঞ্জ সমাজকে যে হারে বিষাক্ত করে চলেছে তা বর্ণনাতীত। চুরি, ডাকাতির ন্যায় অপরাধগুলো মানবাধিকারের চূড়ান্ত লঙ্ঘন। এজন্য ইসলাম এগুলোকে নিকৃষ্টতম অপরাধ আখ্যা দিয়ে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করেছে। চুরির শাস্তি সম্পর্কে আল্লাহ বলেন, <sup>৩০</sup> وَالسَّارِقُ وَالسَّارِقَةُ فَأُطْعِمُوا “পুরুষ চোর অথবা নারী চোর উভয়ের হাত কেটে দাও এটা তাদের কৃত কর্মের ফল এবং আল্লাহর পক্ষ থেকে দণ্ড। আল্লাহ পরাক্রমশালী ও প্রজ্ঞাময়।”

### ৯. প্রকাশ্যে ধূমপান

ধূমপান বর্তমান সমাজে একটি স্বাভাবিক বিষয়ে পরিণত হয়েছে। যুবসমাজের মধ্যে এর প্রবণতা সব থেকে বেশি। প্রকাশ্যে ধূমপান আইন দ্বারা নিষিদ্ধ হলেও তরুণ সমাজের নিকট এটি ফ্যাশন। হলিউড, বলিউডসহ বিভিন্ন বড় বড় সিনেমা ইন্ডাস্ট্রির সিনেমা গুলোতে ধূমপানকে যে চটকদারভাবে উপস্থাপন করা হয় তাতে তরুণ সমাজ প্রবলভাবে আকৃষ্ট হচ্ছে। ফলে ধর্মীয় ও রাষ্ট্রীয়ভাবে ধূমপানের নিষেধাজ্ঞা তাদের দমিয়ে রাখতে পারেনি। তাই এটিকে দমন করা এখন সময়ের দাবী।<sup>৩৪</sup>

### ১০. সুদ ও ঘুষ

সমাজে প্রচলিত অপর একটি নৈতিক সমস্যা হলো সুদ ও ঘুষ। সুদ বা ঘুষ এর মাধ্যমে অর্থ উপার্জন ইসলামের দৃষ্টিতে শুধু নিষিদ্ধ নয়; বরং অমার্জনীয় অপরাধ। ইসলামের দৃষ্টিতে এ দুটি পন্থা সমাজের মানুষদের মারাত্মক ও ধ্বংসাত্মক শোষণের কৌশল। সুদকে নিষিদ্ধ করে আল্লাহ বলেন,<sup>৩৫</sup> وَأَحْلَلَّ اللَّهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبَا “আল্লাহ তা’আলা বেচাকেনাকে (ব্যবসা) বৈধ ও সুদকে অবৈধ করেছেন।”

### ১১. দুর্নীতি

দুর্নীতি বলতে ব্যক্তির সেই আচরণকে বুঝায় যা দায়িত্বশীল জায়গায় গুরুত্বপূর্ণ আস্থাকে বাধাগ্রস্ত করে।<sup>৩৬</sup> এটি সর্বত্রাসী সামাজিক ব্যাধি হিসেবে সারা বিশ্বে বিস্তৃত। এর ফলে সামাজিক উন্নয়ন, দারিদ্র বিমোচন, শিক্ষা সম্প্রসারণসহ মানব উন্নয়নের প্রত্যেকটি ক্ষেত্র সংকুচিত হয়েছে। রাষ্ট্রযন্ত্র থেকে শুরু করে দিনমজুর সর্বস্তরের মানুষ দুর্নীতির বিষবাস্পে আক্রান্ত হয়েছে। কিন্তু ইসলাম দুর্নীতিকে কখনো সমর্থন করেনি; বরং সমাজ থেকে দুর্নীতির মত নানা অপকর্ম মূলোৎপাটনের ব্যবস্থা স্বরূপ অন্তরে আল্লাহর ভয় সৃষ্টি, দুনিয়ার প্রতি আসক্তিকে অনুৎসাহিত করণ, হারাম উপার্জন বর্জনের নির্দেশ, আখিরাতে জবাবদিহিতার অনুভূতি সৃষ্টি, সমাজে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠাসহ বহুমুখী কৌশল অবলম্বন করেছে।<sup>৩৭</sup>

### ১২. আত্মহত্যা

নিজ হাতে নিজের জীবনের পরিসমাপ্তি ঘটানো হলো আত্মহত্যা। মানসিক দুশ্চিন্তা, পারিবারিক কলহ, ব্যর্থতার গ্লানি, দুঃখ-দুর্দশা প্রভৃতি আত্মহত্যার মূল কারণ। ইসলামী নৈতিকতার মানদণ্ডে আত্মহত্যা একটি ঘৃণিত অপরাধ। ইসলামে নিজেকে হত্যা ক্ষমার অযোগ্য একটি মহাপাপ। আত্মহত্যা থেকে দূরে থাকার নির্দেশ দিয়ে আল্লাহ বলেন, <sup>৩৮</sup> وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا “তোমরা নিজেদেরকে হত্যা করো না। নিশ্চয় আল্লাহ তোমাদের উপর দয়ালু।”

### ১৩. দ্রুণ হত্যা বা গর্ভপাত

দ্রুণ হত্যা বা গর্ভপাত ও কন্যা সন্তান হত্যার প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এটি একটি ঘৃণ্য মানসিকতা যা সমাজের সর্বস্তরে বিস্তৃত। দ্রুণ হত্যা নৈতিকতার চরম লঙ্ঘন। ইসলামপূর্ব আরবেও এ কুপ্রথা বিদ্যমান ছিল। রাসূল (সা.)-এর আগমনের পর তিনি এ ধরনের কাজকে ঘৃণিত ও মহা অপরাধ হিসেবে আখ্যায়িত করেছেন এবং আল্লাহ রাসূল (সা.)-এর বক্তব্যের পূর্ণতা বিধানের লক্ষ্যে বলেছেন, <sup>৩৯</sup> وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ مِنْ

“إِنَّمَا قَتَلْتُمْ نَفْسًا وَرَأَيْتُمْ وَيَئَاتِيهِمْ وَآيَاتِهِمْ” তোমরা স্বীয় সন্তানদেরকে দারিদ্রের কারণে হত্যা করো না। আমি তোমাদেরকে ও তাদেরকে আহার দেই।”

#### খ. শিক্ষাঙ্গনে নৈতিক সমস্যা

শিক্ষা হলো ঐশী আলো, আর অশিক্ষা হলো অন্ধকার। বর্তমান সমাজে শিক্ষাকে অন্ধকারাচ্ছন্ন করার জন্য বহু অপচেষ্টা চলছে। শিক্ষাঙ্গনে নৈতিক সমস্যা তারই একটি অংশ। বর্তমান সময়ে শিক্ষা ব্যবস্থায় বহু নৈতিক সমস্যা পরিলক্ষিত হয়।

#### ১. ইভটিজিং

প্রকাশ্যে যৌন হয়রানির সজ্জায়িত নাম ইভটিজিং। পুরুষ কর্তৃক পথে ঘাটে নারীদের প্রকাশ্যে উত্ত্যক্ত বা নারী নিগ্রহকে ইভটিজিং বলা হয়।<sup>৪০</sup> চারিত্রিক ও নৈতিকভাবে বিধ্বস্ততা ইভটিজিং এর প্রধান কারণ। ইসলামী নৈতিকতা এই নৈতিক অবক্ষয় রোধ করার ক্ষেত্রে ব্যাপক ভূমিকা পালন করে। ফলে সমাজের তরুণ-তরুণীদের নৈতিক চরিত্র ও মূল্যবোধ শিক্ষার ক্ষেত্রে ইসলামী নৈতিকতার গুরুত্ব অপরিসীম।

#### ২. ইসলামী নৈতিক শিক্ষার অভাব

বর্তমান শিক্ষা ব্যবস্থায় ধর্মীয় ও নৈতিক শিক্ষাকে একটি বাড়তি বোঝা মনে করা হচ্ছে। যার ফলে শিক্ষাকে চরিত্র গঠন, নৈতিক ও মানসিক বিকাশের প্রধান হাতিয়ার হিসেবে গ্রহণ করে যে শিক্ষানীতি প্রণয়ন করা হয় পর্যাপ্ত ধর্মীয় শিক্ষার অভাবে এ মহান উদ্দেশ্য চরিতার্থ হয় না।<sup>৪১</sup> এমতাবস্থায় শিক্ষার্থীদের নৈতিক বিপর্যয় রূপতে এমন একটি সুপারিকল্পিত শিক্ষানীতি প্রয়োজন যা নৈতিকভাবে বিপর্যস্ত শিক্ষার্থীদের আদর্শ মানব সম্পদে রূপান্তর করতে পারে।<sup>৪২</sup>

#### ৩. নকল প্রবণতা ও প্রশ্ন ফাঁস

পরীক্ষায় নকল করা বা প্রশ্ন ফাঁস করে অর্থ উপার্জন করা মাদকের ন্যায় একটি সামাজিক ব্যাধি। সমাজের সর্বস্তরের মানুষ এ ব্যাধিতে আক্রান্ত। সকলেই তাদের নিজেদের অথবা সন্তানদের ভালো ফলাফলের জন্য এ অনৈতিক পথে পা বাড়ায়। এটি এমন একটি অনৈতিক কাজ যা জাতির মেরুদণ্ড ভেঙ্গে দিতে পারে। ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের এর ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতন করতে হবে। সাথে সাথে সংশ্লিষ্টদের কঠোর হস্তে দমন করতে হবে এবং সকলের মধ্যে ইসলামী নৈতিকতা ও মানবিক মূল্যবোধ ফিরিয়ে আনতে হবে।

#### ৪. রাজনৈতিক অপতৎপরতা

শিক্ষাঙ্গনে রাজনৈতিক অপতৎপরতা শিক্ষার্থীদের নৈতিকতা বিনষ্টকারী একটি অন্যতম সমস্যা। ভিন্নমতের ছাত্র রাজনীতির সাথে জড়িত ছাত্র সংগঠনগুলোর মধ্যকার দ্বন্দ্ব, নিজেদের মধ্যে কর্তৃত্ব ও প্রভাব বিস্তারকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষ, টেভারবাজি, চাঁদাবাজি, ধর্ষণ, শিক্ষকদের লাঞ্ছিতকরণ, খুনসহ বিভিন্ন ধরনের অপরাধের সাথে প্রত্যক্ষভাবে ছাত্রদের এক অংশ জড়িয়ে যাচ্ছে। তারা একজন ছাত্রের মহান আদর্শ ভুলে অনৈতিকতার দিকে ধাবিত হচ্ছে এবং সমাজ একটি অনৈতিক ভবিষ্যতের দিতে দ্রুত অগ্রসর হচ্ছে।

#### গ. সাইবার অঙ্গনে নৈতিক সমস্যা

ক্রমবর্ধমান প্রযুক্তির উৎকর্ষতা মানব জীবনকে সহজ ও সমৃদ্ধ করেছে। একই সাথে মানুষের নৈতিক অবক্ষয়ের পথকে সুগম করেছে। সাইবার অঙ্গনে নৈতিক সমস্যা এই বিষয়ের দিকেই ইঙ্গিত প্রদান করে। বর্তমান সময়ে সাইবার অঙ্গনে তথ্য সন্ত্রাস, অশ্লীল ছবি, ম্যাগাজিন ও ব্লু-জব, সাইবার ক্রাইম ইত্যাদি নৈতিক সমস্যা পরিলক্ষিত হয়।

#### ১. তথ্য সন্ত্রাস

তথ্য সন্ত্রাস সন্ত্রাসবাদের একটি বৃহত্তর শাখা। তথ্য সন্ত্রাস একটি ভারসাম্যপূর্ণ সমাজ ব্যবস্থাকে ভেঙ্গে তছনছ করে দিতে পারে। বিভিন্ন মিথ্যা সংবাদ প্রচারের মাধ্যমে সমাজে বা মানুষের পারিবারিক জীবনে যে

বিশৃঙ্খলার সৃষ্টি হয় তাই তথ্য সন্ত্রাস।<sup>৪০</sup> তথ্য সন্ত্রাস মূলত অন্যের উপর মিথ্যা অপবাদের নামান্তর। অন্যের ব্যাপারে মিথ্যা রটানো ইসলামের দৃষ্টিতে জঘন্যতম অপরাধ। এ প্রসঙ্গে আল্লাহ বলেন,<sup>৪১</sup>

إِنَّ الَّذِينَ يُؤْمِنُونَ بِالْغَفَالَتِ الْغَافِلَاتِ الْمُؤْمِنَاتِ لُعُنُوا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ

“যে সকল লোক কোন সচরিত্র ও অসতর্ক মহিলাদের উপর যিনার অপবাদ আরোপ করবে, তারা দুনিয়া ও আখিরাতে অভিশপ্ত এবং তাদের জন্য রয়েছে অতি বড় শাস্তি।”

## ২. অশ্লীল ছবি, ম্যাগাজিন ও ব্লু-জব

নৈতিকতা ধ্বংসকারী অপর একটি সামাজিক সমস্যা হলো অশ্লীল ছবি, ম্যাগাজিন ও ব্লু-জব। এগুলোতে সুন্দরী মেয়েদের নগ্ন বা অর্ধনগ্ন করিয়ে বিভিন্ন ভঙ্গিতে ছবি ওঠানো হয় এবং তা ম্যাগাজিন বা অন্য কোন মাধ্যমে সমাজে ছড়িয়ে দেয়া হয়। এ সকল অশ্লীলতা ইসলাম সমর্থন করেনি। অশ্লীল ছবি ও ম্যাগাজিন সমাজে যিনা ব্যাধিচারের অন্যতম কারণ। ইসলামের নিষেধাজ্ঞা সত্ত্বেও অধিক পরিমাণে অর্থ উপার্জনের জন্য অনেকে এ নৈতিক পথে পা বাড়ায়। অথচ রাসূল (সা.) চক্ষু নিলুগামী করার মাধ্যমে লজ্জাস্থান হিফাজতের নির্দেশ দিয়ে বলেছেন,<sup>৪২</sup> “غضوا أبصاركم، واحفظوا فروجكم” “তোমাদের চোখ নিলুগামী করো ও লজ্জাস্থান হিফাজত কর।”

## ২. অপসংস্কৃতির অনুপ্রবেশ

মুসলিম সংস্কৃতি হলো এক আল্লাহর ইবাদত ও জীবনের সকল ক্ষেত্রে কুরআন হাদীসের অনুসরণ, উত্তম চরিত্র প্রদর্শন, সকলের জন্য কল্যাণ কামনা প্রভৃতি। কিন্তু অপসংস্কৃতি একজন মানুষের চরিত্রকে কলুষিত করে, জীবনের সৌন্দর্যের বিকাশকে স্তব্ধ করে, সামাজিক ঐক্যবদ্ধতার বিনাস করে এবং নৈতিক সুচারুতাকে শ্রীহীনতার দিকে ঠেলে দেয়। সুতরাং ইসলামী নৈতিকতার শিক্ষা হচ্ছে নৈতিকতার বিনাস রোধে অপসংস্কৃতিকে সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে বয়কট করতে হবে।

## ৩. সাইবার ক্রাইম

আজকের আধুনিক সমাজে সাইবার ক্রাইম বা সাইবার অপরাধ একটি পরিচিত শব্দ। ইন্টারনেটের মাধ্যমে এ অপরাধ সংঘটিত হয়।<sup>৪৩</sup> এ ধরনের অপরাধীরা মানুষের জানমালের নিরাপত্তা বিঘ্নিত করে এবং সম্মানহানী ঘটায়। তাই বর্তমানে প্রায় সকল দেশে সাইবার ক্রাইমকে অপরাধের শীর্ষে রাখা হয়েছে। কিন্তু এটি প্রতিরোধের কঠোর আইন থাকলেও এ অপরাধ সম্পূর্ণ দমন করা সম্ভব হয়নি। কারণ নৈতিক শিক্ষা ব্যতীত এটিকে দমন করা কখনো সম্ভব নয়। তাই এ অপরাধ থেকে মানুষকে দূরে রাখতে হলে নৈতিক মূল্যবোধ শিক্ষা দেয়া আবশ্যিক।

## ঘ. ধর্মীয় অঙ্গনে নৈতিক সমস্যা

নৈতিক সমস্যার ক্ষেত্র বহুবিধ। এর মধ্যে ধর্মীয় অঙ্গনে নৈতিক সমস্যা অন্যতম। ধর্মীয় গোঁড়ামী, ধর্মান্ধতা, ধর্মের অপব্যখ্যা, ধর্মীয় উন্মাদনা, উগ্রবাদীতা, ধর্মের নামে দাঙ্গা-হাঙ্গামা ইত্যাদি এ অঙ্গনে প্রধান নৈতিক সমস্যা।

## ১. ধর্মীয় গোঁড়ামী ও ধর্মান্ধতা

ধর্ম হলো ঐশী বিধান যা বিশ্বাসের মাধ্যমে সত্যের দিকে পথ প্রদর্শক এবং আচার-আচরণ ও ব্যবহারিক জীবনে কল্যাণের পথ নির্দেশ করে।<sup>৪৪</sup> এই সঠিক পথ অনুসরণের ক্ষেত্রে সমাজের কতিপয় মানুষ ধর্ম ও সংস্কারকে এক করে জীবন পরিচালনা করে। তারা নিজেদের দৃষ্টিভঙ্গিকে ধর্মের মোড়কে সাজিয়ে অন্যের নিকট উপস্থাপন করে যার ফলশ্রুতিতে ধর্মীয় গোঁড়ামী ও ধর্মান্ধতার মত শব্দের সাথে মানুষ পরিচিত হয়েছে। এর অর্থ হলো কোন বিচার বিশ্লেষণ ছাড়া ধর্মমতের ক্ষেত্রে অন্ধবিশ্বাস, একগুঁয়ে মনোভাব পোষণ।<sup>৪৫</sup> এটি ব্যক্তিকে অন্য মতাবলম্বীদের প্রতি অসহিষ্ণু করে তোলে। বর্তমান সমাজে এটি একটি প্রধান নৈতিক সমস্যা। সমাজে ধর্মীয় শিক্ষার গুরুত্ব না থাকায় অধিকাংশ মানুষ ধর্মের প্রকৃত সত্য অনুধাবন করতে পারেনা। ফলে এ সমস্যা উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। এই সুযোগে সুবিধাবাদীরা ধর্মের মধ্যে গোঁড়ামীর মিশ্রণ ঘটিয়ে সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। ফলে ধর্মের প্রকৃত সত্য অন্তরালে রয়ে যাচ্ছে এবং

অধর্মীয় বিষয়গুলো ধর্মীয় বিষয় হিসেবে কঠোরভাবে পালিত হচ্ছে। যার ফলশ্রুতিতে ধর্মপরায়ণ মানুষগণ সঠিক ধর্ম থেকে বিচ্যুত হয়ে গৌড়ামী ও ধর্মহীনতার পথে প্রবল বেগে অগ্রসর হয়। ধর্মীয় গৌড়ামী ইসলামী নৈতিকতা অর্জনে একটি বড় অন্তরায়। তাই ইসলামে এটি গ্রহণযোগ্য নয়।

## ২. ধর্মের অপব্যখ্যা

সমাজের কিছু সংখ্যক লোক নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য ধর্মকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে। তারা ধর্মের সঠিক বিষয়গুলো এমনভাবে অপব্যখ্যা করে যাতে সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। সুতরাং ধর্মীয় সকল বিষয় বিশ্বাস না করে তা কুরআন হাদীসের সাথে মিল রয়েছে কিনা তা বিচার-বিশ্লেষণ করে নেয়া অতীব জরুরী।<sup>৪৯</sup>

## ৩. ধর্মীয় উন্মাদনা ও উগ্রবাদিতা

বর্তমান সমাজে ধর্মীয় সামগ্রিক দৃশ্যপট পর্যবেক্ষণ করলে যে কেউ দেখতে পারবে যে, ধর্মের অভ্যন্তরে একটা পরস্পর বিরোধী অবস্থা বিরাজ করছে। ধর্মকে কেন্দ্র করে মানুষের মধ্যে হিংসাত্মক মনোভাব বেড়েছে বহুগুণে। সমাজের মানুষেরা ভাগ হয়েছে বিভিন্ন দল উপদলে। ফলে স্বাভাবিক ভাবেই সামাজিক ও নৈতিক বাঁধন শিথিল হয়েছে। আবার অনেকে ন্যায়-অন্যায় বিসর্জন দিয়ে ধর্মের ব্যাপারে হয়েছে উন্মাদ ও উগ্র। ফলে কোন কোন ক্ষেত্রে প্রায় প্রতিটি ধর্মে মধ্যযুগীয় গৌড়ামী ও প্রতিপক্ষের প্রতি অসহিষ্ণু একটা মতাদর্শের তীব্র পশ্চাদমুখী আকর্ষণ লক্ষ্য করা যায়।<sup>৫০</sup> ইসলামে ধর্মীয় উন্মাদনা ও উগ্রবাদিতা গ্রহণযোগ্য নয়।

### ইসলামী সমাজে নৈতিকতার প্রতিরক্ষা : একটি মূল্যায়ন

প্রত্যেক রোগের যেমন প্রতিষেধক রয়েছে তেমনি নৈতিক ও সামাজিক অবক্ষয় রোধেও রয়েছে সঠিক প্রতিকারমূলক ব্যবস্থা। ইসলামী নীতিমালা অনুসারে এ সকল প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করলে খুব সহজেই নৈতিক সমস্যার সুষ্ঠু সমাধান উদঘাটন করা সম্ভব। কিছু প্রতিকারমূলক ব্যবস্থার বিবরণ তুলে ধরা হলো :

### ১. ইসলামী শিক্ষার বিকাশ

ইসলামী নৈতিক শিক্ষার অভাবে সমাজের অপরাধ বেশি সংঘটিত হয়। পরিবার, সমাজ ও রাষ্ট্রের সকল নৈতিক সমস্যার সমাধানে ইসলামী নৈতিক শিক্ষা প্রধান নিয়ামক হিসেবে ভূমিকা রাখে। কাজেই সাধারণ শিক্ষা ব্যবস্থাকে ইসলামী শিক্ষার আদলে নতুন করে সাজিয়ে মানুষের সম্মুখে উপস্থাপন করা প্রয়োজন। কেননা মানব জীবনে নৈতিক পবিত্রতা অর্জনের মূল বীজ রোপন করতে পারে ইসলামী নৈতিক শিক্ষা।<sup>৫১</sup>

### ২. ইসলামী বিধি-বিধান অনুশীলন

নৈতিকতার বহিঃপ্রকাশ হলো ধর্মীয় নীতিমালার অনুসরণ। এটিই ধর্মবোধের প্রকৃত ভিত্তি। এ জন্য যদি কেউ নিজেকে মুসলিম বলে দাবী করে তাহলে ইসলামের বিধি-বিধান অনুশীলন তার জন্য আবশ্যিক। সামাজিক অপরাধ প্রতিরোধে এটিই সব থেকে বড় হাতিয়ার। ইসলামী বিধি-বিধানের অনুশীলন কোন ব্যক্তির মধ্যে এমন নৈতিকগুণের সঞ্চার করে যা সকলের ব্যক্তি জীবনে একান্ত কাম্য। ফলে যে সকল ব্যক্তি ইসলামকে অনুসরণ করবে সে অপরাধ থেকে দূরে থাকবে। সমাজ থেকে সকল অপকর্ম দূর করার জন্য তৈরী হবে সৎ, যোগ্য ও সাহসী ব্যক্তিত্ব। যারা কোন মানুষ বা শাসকের ভয়ে নয়; বরং মহান আল্লাহর ভয় ও আনুগত্যের মাধ্যমে সমাজ থেকে অপকর্ম বন্ধের ব্যাপারে বাস্তব পদক্ষেপ গ্রহণ করবে।<sup>৫২</sup>

### ৩. আইন প্রণয়ন ও প্রয়োগ

সমাজ থেকে সকল অন্যায়, অপকর্ম ও অনৈতিক কাজ প্রতিরোধ করার কঠিন দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করার জন্য প্রয়োজন রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা। এ ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে সমাজে বসবাসকারী মানুষদের সদুপদেশ ও সৎ কাজের প্রতি উদ্বুদ্ধ করতে হবে। অনৈতিক কাজের বিরুদ্ধে কঠোর আইন প্রণয়ন করে তা বাস্তবিকভাবে প্রয়োগ করতে হবে। সামাজিক অপকর্ম প্রমাণ ও শাস্তির জন্য অপরাধ ট্রাইবুনাল গঠন করে শাস্তি নিশ্চিত করতে হবে।

### ৪. জনসচেতনতা সৃষ্টি

ব্যাপক জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে অসামাজিক কার্যকলাপ দূর করা যেতে পারে। এ জন্য মসজিদে খুতবা প্রদান, ওয়াজ মাহফিল, পোস্টার ও লিফলেট বিতরণ, টিভি চ্যানেলে জনসচেতনতা মূলক প্রচার, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ প্রভৃতি স্থানে জনগণকে নৈতিক অবক্ষয়ের ভয়াবহতা সম্পর্কে সচেতন করে মানুষের সামনে ইসলামের সঠিক জীবনদর্শ উপস্থাপন করা অতীব জরুরী।

### ৫. সুস্থ সংস্কৃতির চর্চা

কোন সমাজের মানুষের নৈতিক অবক্ষয় রোধে সুস্থ সংস্কৃতির চর্চা অবশ্যই গুরুত্বপূর্ণ। সুস্থ সংস্কৃতির অভাবেই অপসংস্কৃতি সমাজে প্রবেশ করে এবং সমাজের মানুষের মানবিকতা ও বিবেক ধ্বংসের দ্বার প্রান্তে উপনীত হয়। সুতরাং শরীরের জন্য সুস্বাদু খাদ্য যেমন প্রয়োজনীয় ঠিক তেমনি বিজাতীয় সংস্কৃতির চর্চা রোধে সুস্থ সংস্কৃতি ও বিনোদন ততটাই প্রয়োজনীয়।

### ৬. সং ব্যক্তিবর্গের মর্যাদা বৃদ্ধি

সমাজের আদর্শবান সং লোকদের প্রভাব সমাজের অন্য মানুষদের উপর পড়ে। সবাই তাদের মত হওয়ার চেষ্টা করে। এ ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে সং লোকদের মর্যাদা বৃদ্ধির ব্যবস্থা করতে হবে যাতে করে অন্যরা এই সং লোকদের মত হওয়ার জন্য প্রবল আহ্বানী হয়ে ওঠে। সং লোকদের সামাজিক মূল্য বাড়াতে হবে। অসং ও অন্যায্যকারীকে ঘৃণার চোখে দেখতে হবে। তাদেরকে সামাজিকভাবে বয়কট করতে হবে। অন্যায্যকারীকে সামাজিকভাবে লাঞ্চিত করতে হবে। তাহলে সমাজের অনৈতিক কার্য সম্পাদনকারীরা পেশি শক্তি, মিথ্যা ও অন্যায়ের পথ পরিহার করে নৈতিকতাবোধে উন্নীত হবে।

### ৭. অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি

সমাজে প্রচলিত অনৈতিক কাজে সব থেকে বেশি আকৃষ্ট হয় কৈশোরে পর্দাপণকারী শিশুরা। এ সময় তাদের কাছে আশেপাশের পরিবেশটা থাকে রঙিন। এ সময়ে সন্তানদের প্রতি অভিভাবকদের সচেতন থাকা সব থেকে জরুরী। কারণ এ সময়েই তারা সব থেকে বেশি অপকর্মের সাথে জড়িয়ে যেতে পারে। সন্তানদের মৌলিক চাহিদা পূরণ করলেই একজন ভালো অভিভাবক হওয়া যায় না। ভালো অভিভাবক হওয়ার জন্য অবশ্যই সন্তানের সকল কার্যক্রমে নজর রাখা জরুরী।

### ৮. অপরাধের জন্য শাস্তি প্রদান

অপরাধ প্রতিরোধ করে সমাজে শাস্তি প্রতিষ্ঠা করা ইসলামের অন্যতম উদ্দেশ্য। তাই অপরাধ প্রতিরোধে যে কোন ধরনের পদক্ষেপ গ্রহণের ব্যাপারে ইসলামী অনুশাসন বদ্ধপরিকর। এজন্য সমাজে প্রচলিত প্রত্যেক অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য ইসলাম শাস্তির ব্যবস্থা করেছে। যদি কোন ব্যক্তি অপরাধ করে তাহলে তার উপর নির্ধারিত শাস্তি প্রয়োগ করতে হবে। সুতরাং মুসলমান মানেই সে আল্লাহকে ভয় করবে, তার প্রদত্ত শাস্তির ব্যাপারে সতর্ক থাকবে এবং পরলৌকিক জবাবদিহিতাকে বিশ্বাস করে সকল ধরনের অপরাধ থেকে অবশ্যই দূরে থাকবে।

### ৯. আল্লাহর অভিসম্পাত

অপরাধীর উপর সব সময় আল্লাহর লা'নত পতিত হয়। তারা কোন কিছুর মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে না। যেমন মাকদাসজের উপর আল্লাহ অভিসম্পাত করেছেন। শুধু মাদকই নয় এর সাথে সম্পর্কিত সকল কার্যক্রম পরিচালনাকারীদেরকেও অভিসম্পাত করেছেন। এ প্রসঙ্গে রাসূল (সা.) বলেছেন,

لعن الله الخمر، وشاربها، وساقها، وبائعها، ومبتاعها، وعاصرها، ومعتصرها، وحاملها، والحاملة إليه

“আল্লাহ তা’আলা মদের উপর, মদপানকারীর উপর, মদ পরিবেশনকারীর উপর, মদ ক্রয়কারীর উপর, মদ প্রস্তুতকারীর উপর, যার জন্য প্রস্তুত করা হয় তার উপর, মদ বহনকারীর উপর এবং যার জন্য বহন করা হয় তার উপর অভিসম্পাত করেন।”

রাসূল (সা.)-এর এই হাদীস দ্বারা বুঝা যায় সকল অপরাধের ক্ষেত্রে আল্লাহ ব্যক্তির উপর লা’নত করেন। কাজেই সমাজের সকলকে আল্লাহর অসন্তুষ্টির বিষয়ে অবগত করতে হবে যাতে তারা অনৈতিক কার্যক্রম থেকে বিরত থাকে।

### ১০. ইন্টারনেট ব্যবহারে সীমাবদ্ধতা

ইন্টারনেটের মাধ্যমে দেশ ও সমাজের যেমন উন্নতি হচ্ছে, তেমনি কিছু অসাধু ব্যক্তির প্ররোচনায় অশ্লীল ও অনৈতিক কিছু প্রোথামের মাধ্যমে যুব সমাজের চরিত্রকে হরণ করা হয়। ইন্টারনেটের অবাধ ব্যবহারে যুব সমাজ অন্ধকার গহ্বরে হারিয়ে যাচ্ছে। তাই অধঃপতিত এই যুব সমাজকে বাঁচাতে হলে ইন্টারনেটের ব্যবহারে উপযুক্ত নিয়ন্ত্রণ আরোপ করতে হবে।

### উপসংহার

সামাজিক অবক্ষয় প্রতিরোধ করে কল্যাণমুখী সমাজ বিনির্মাণের জন্য ইসলামী নৈতিকতার ভূমিকা অনস্বীকার্য। উক্ত প্রবন্ধে নৈতিক অবক্ষয় রোধে কিছু প্রস্তাবনা বিশ্লেষণ করা হয়েছে যা বাস্তবায়ন করলে দেশ ও সমাজ অনৈতিকতার রাক্ষাস থেকে রক্ষা পেতে পারে। উল্লেখিত প্রস্তাবনাগুলোর মধ্যে (১) মানবীয় চরিত্রের উন্নয়ন ও বিকাশ সাধনের জন্য সমাজে সর্বস্তরে ইসলামী শিক্ষার বিস্তার; (২) ইসলামের বিধি-নিষেধ সঠিকভাবে অনুসরণের মাধ্যমে সমাজকে নৈতিক অবক্ষয় থেকে মুক্ত করা; (৩) রাষ্ট্রীয়ভাবে অনৈতিক কাজের বিরুদ্ধে আইন প্রণয়ন; (৪) অনৈতিকতা রোধে সরকারিভাবে জনসচেতনতা সৃষ্টি করা; (৫) ইন্টারনেটের উপযুক্ত ব্যবহারে প্রয়োজনীয় বিধি-নিষেধ আরোপ ইত্যাদি অগ্রাধিকারের ভিত্তিতে পদক্ষেপ কার্যকর করা যেতে পারে। সুখী, সমৃদ্ধ, সুশীল নিরুপদ সমাজের জন্য একটি নৈতিকতা সমৃদ্ধ সমাজের অতীব প্রয়োজন।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> Edited, *Bangla Academy English-Bangla Dictionary* (Dhaka: Bangla Academy Press, 2015), p. 238.
- <sup>২</sup> Julia, Elliot, *Oxford Dictionary on the Saurus* (New Delhi: Oxford University Press 21<sup>st</sup> Expression), p. 485; A.S. Hornby, *Oxford Advanced Learner's Dictionary* (New York: Oxford University Press, 2005), p. 520; *Bangla Academy English-Bangla Dictionary, Ibid*, p. 457.
- <sup>৩</sup> ড. ইবরাহীম মাদকুর, *আল মু'জামুল ওয়াসীত* (দীওবন্দ: কুতুবখানা হুসাইনিয়া, ১৪১৭ হি.), পৃ. ২৫২; আহমাদ ইবন ফারিস, *মু'জাম আল-মাকারিস ফীল লুগাহ* (বেরুত: দারুল ফিকর, তা.বি.), পৃ. ৩২৯; আল-জাহারী, *আস-সিহাহ* (বেরুত: দারুল মা'রিফাহ, ২০০৭ খ্রি.), পৃ. ৩১৪; ইবন মানযূর, *লিসানুল আরাব*, ৪র্থ খণ্ড (বেরুত: মু'আসাসাতু তারীখিল 'আরাবী, ১৯১৩ খ্রি.), পৃ. ২৫২।
- <sup>৪</sup> ড. মুহাম্মদ ফজলুর রহমান, *আল-মু'জামুল ওয়াফি* (ঢাকা: রিয়াদ প্রকাশনী, ২০১৩ খ্রি.), পৃ. ৫৭।
- <sup>৫</sup> *বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯২ খ্রি.), পৃ. ৭০৪।
- <sup>৬</sup> মঈন-উদ-দীন আহমেদ খান, 'আধুনা নৈতিক সংকট ও বাংলাদেশ', *ইসলামী ঐতিহ্য*, ১ জুন ১৯৮৫ খ্রি., পৃ. ১৮।
- <sup>৭</sup> John S. Mackenzie, *A Manual of Ethics* (Delhi: Oxford University press, 1993), p.1.
- <sup>৮</sup> William Lillie, *An Introduction to ethics* (London: Methuen and Co. Ltd. 1996), p. 2.
- <sup>৯</sup> G. E. Moore, *Principia Ethica* (Cambridge: Cambridge University Press, 1968), p. 6.
- <sup>১০</sup> Oliver A. Johnson, *Ethics: Selections from Classical and Contemporary Writers* (U.S: Cengage Learning, 2011.), p. 1.
- <sup>১১</sup> ইমাম আল-কুরতুবী, *আল-জামি' লি আহকামিল কুরআন*, ৯ম খণ্ড (কায়রো: দারুল হাদীস, ২০০২ খ্রি.), পৃ. ৪৪৪; সা'দ ইউসুফ মাহমুদ আবু 'আযীয, *মাওসু' আতুল আখলাকিল ইসলামিয়াহ*, ১ম খণ্ড (কায়রো: আল মাকতাবাতু তাওফীকিয়াহ, তা.বি.), পৃ. ৭।

- <sup>১২</sup> ইমাম গাযালী (র), *ইহইয়াউ 'উলুমুদ্দীন*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-মা'রিফাহ, তা.বি.), পৃ. ৫৬; যাকী মুবারক, আল-আখলাক 'ইনদাল গাযালী (কাযরো: কালিমাত আল-'আরাবিয়াহ, ২০১২), পৃ. ২১-২৩; আবু 'উছমান 'উমর ইবন জাহিয়, *তাহযীবুল আখলাক* (বৈরুত: দারুল কিতাবু লিত তুরাছ, ১৯৮৯ খ্রি.), পৃ. ১২; *মাওসু'আতুল আখলাকিল ইসলামিয়াহ*, প্রাগুক্ত, পৃ. ৮।
- <sup>১৩</sup> হাফিয় ইবন হাজার আল-'আসকালানী, *ফাতহুল বারী*, ১ম খণ্ড (বৈরুত: ইহইয়াউত তুরাছিল 'আরাবী, ১৯৮৮ খ্রি.), পৃ. ৪৫৯।
- <sup>১৪</sup> সম্পাদনা পরিষদ, *ইসলাম পরিচিতি* (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৯ খ্রি.), পৃ. ২৩৫।
- <sup>১৫</sup> *ইসলামে নৈতিকতা ও মূল্যবোধ*, প্রাগুক্ত, পৃ. ২৭।
- <sup>১৬</sup> সূরাহ আত-তীন: ৬।
- <sup>১৭</sup> এ.এইচ.এম. মোস্তাফিজুর রহমান ও মো. ইকবাল হুসাইন, *সমাজ বিজ্ঞান পরিচিতি* (ঢাকা: বাংলা বাজার, ২০০৬ খ্রি.), পৃ. ৮৬; প্রফেসর মো: আতিকুর রহমান, *সমাজ কল্যাণ ও সমাজকর্ম: ধারণা, ইতিহাস ও দর্শন* (ঢাকা: উপমা প্রকাশন, ১৯৯৮ খ্রি.), পৃ. ২৯।
- <sup>১৮</sup> মাওলানা সদরুল ইসলামী, *ইসলামের সমাজ দর্শন*, অনু. আব্দুল মান্নান তালিব (নারায়নগঞ্জ: আরজু পাবলিকেশন, ২০০৩ খ্রি.), পৃ. ৯-১০।
- <sup>১৯</sup> আব্দুল হক তালুকদার, *সমাজ বিজ্ঞান পরিচিতি* (ঢাকা: আইডিয়াল লাইব্রেরী, ১৯৯৫ খ্রি.), পৃ. ১৩।
- <sup>২০</sup> সূরাহ আল-হুজুরাত: ১৩।
- <sup>২১</sup> আল্লামা হুফিউর রহমান মোবারকপুরী, *আর-রাহীকুল মাখতুম*, অনু. খাদিজা আখতার রেজায়ী (ঢাকা: আল-কুরআন একাডেমি পাবলিকেশন, ২০১৩ খ্রি.), পৃ. ৬০-৬১।
- <sup>২২</sup> সূরাহ বনী-ইসরাইল: ৩২।
- <sup>২৩</sup> Cambridge Dictionary, Online Version, Word: Live together; Collins English Dictionary, Online Version, Word : Live Together, Merriam-Webster. Dictionary, Online Version, Word: live together.
- <sup>২৪</sup> Can a man and woman live together without marriage, Dar Al-Ifta Al-Missriyah, Sunday 20.01.2019, website: www.dar.aliifta.org.
- <sup>২৫</sup> সূরাহ আল-আ'রাফ: ৮০-৮৪; সূরাহ হুদ: ৭১-৮৩; সূরাহ আল-আম্বিয়া: ৭৪; সূরাহ আল-হাজ্জ: ৪৩; সূরাহ আশ-শু'আরা: ১৬৫-১৭৫; সূরাহ আন-নামল: ৫৬-৫৯; সূরাহ আল-'আনকাবুত: ২৭-৩৩।
- <sup>২৬</sup> সূরাহ আন-নূর: ১৯।
- <sup>২৭</sup> John Cotton Richmond, the Root Cause of human Trafficking is Traffickers, the Human Trafficking Institute, January, 2017; website: www.traffickinginstitute.org.
- <sup>২৮</sup> মানব পাচার, প্রতিরোধ ও দমন আইন, ২০১২, ধারা নং-৬, ৭, ৮
- <sup>২৯</sup> ড. হাফিজ মুজতাবা রিজা আহমাদ, 'মানব পাচার ও প্রতিরোধে প্রচলিত আইন ও ইসলাম: পরিপেক্ষিত বাংলাদেশ', ইসলামী আইন ও বিচার, ত্রৈমাসিক পত্রিকা, বর্ষ: ১১, সংখ্যা: ৪৩, জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ খ্রি., পৃ. ১১৩-১১৪।
- <sup>৩০</sup> মুহাম্মদ রিজাউল করীম ইসলামাবাদী, 'মাদকাসক্তি ও অপসংস্কৃতি মুক্ত সমাজ গঠনে হযরত মুহাম্মদ (সা.)', কল্যাণ সমাজ গঠনে মহানবী (সা.), সম্পাদনা: মুহাম্মদ গোলাম মুস্তফা (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২০০৮ খ্রি.), পৃ. ১৬।
- <sup>৩১</sup> আল-মায়িদাহ: ৯০।
- <sup>৩২</sup> আব্দুল লতিফ বিন জাফর আকন, *সত্যের মানদণ্ডে ধর্মীয় কুসংস্কার* (ঢাকা: জায়েদ লাইব্রেরী, ২০১৫ খ্রি.), পৃ. ৪৯-৫০।
- <sup>৩৩</sup> সূরাহ আল-মায়িদাহ: ৩৮।
- <sup>৩৪</sup> ধুমপান ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০০৫, ধারা নং-৪:১।
- <sup>৩৫</sup> সূরাহ আল-বাকারাহ: ২৭৫।
- <sup>৩৬</sup> ড. হাবিবুর রহমান, *বাংলাদেশের সামাজিক সমস্যা* (ঢাকা: হাসান বুক হাউস, ১৯৯০ খ্রি.), পৃ. ১১১।
- <sup>৩৭</sup> গাজি শামছুর রহমান, *ইসলামের দণ্ড-বিধি* (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৯২ খ্রি.), পৃ. ৪৫।
- <sup>৩৮</sup> সূরাহ আন-নিসা: ২৯-৩০।
- <sup>৩৯</sup> সূরাহ আল-আন'আম: ১৫১।
- <sup>৪০</sup> Jyoti puri, women, Body, Desire in Post colonial India: Narratives of Gender and Sexuality (United Kingdom: Routledge publication, 2004), p. 87.
- <sup>৪১</sup> Haneef Mohammed Aslam, A critical survey of Islamization of knowledge (Kualalaumpur: IUM Press, 2015 ed.) p. 6: Edited. Islamization of Knowledge (U.S.A: International Institute of Islamic



- Thought, 1989), p. 7-9; অধ্যাপক মাওলানা এ.কিউ.এম. সফাতুল্লাহ, কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশন ও আমাদের জাতীয় শিক্ষানীতি (ঢাকা: আর.আই.এস. পাবলিকেশন্স, ২০০৬ খ্রি.), পৃ. ৫২।
- <sup>৪২</sup> আবদুস শহীদ নাসিম, *বাংলাদেশে ইসলামী শিক্ষার রূপরেখা* (রিয়াদ: ইসলাম হাউজ, ২০০৯ খ্রি.), পৃ. ৪।
- <sup>৪৩</sup> সালেহ উদ্দীন আহমদ জহুরী, *তথ্যসন্ত্রাস* (ঢাকা: উতল প্রকাশনী, ১৯৯৯ খ্রি.), পৃ. ৭।
- <sup>৪৪</sup> সূরাহ আন-নূর: ২৩।
- <sup>৪৫</sup> ইমাম আহমদ ইবন হাম্বল, আল-মুসনাদ, ৫ম খণ্ড (বৈরুত: দারুল ইহইয়াউত তুরাছ আল-আরবী, তা.বি.), হাদীস নং: ৩২৩; ইবন হিব্বান, সহীহ ইবন হিব্বান (বৈরুত: মুয়াসসাতুর রিসালাহ, ১৯৯৩ খ্রি.), হাদীস নং- ২৭১।
- <sup>৪৬</sup> Prof. Dr. Marco Gercke, Under standing cyber crime: phenomena, challenge and legal Response (ITU: Telecommunication Development Sector, 2012), p. 11; Goodman and Breanner, 'The Emerging Consensus on Criminal conduct in Cyber Space', *International Journal of Law and Information Technology*, 2002, Vol. 10, No. 2, P. 144.
- <sup>৪৭</sup> ড. আব্দুল্লাহ দাররাজ, *আদ-দ্বীন: দুরুসুল মুয়াহহাদাতু লিদিরাসাতি তারীখিল আদইয়ান* (কায়রো: দারুল কলাম ওয়াত তাওয়ী, ২০০৮ খ্রি.), পৃ. ৩৩।
- <sup>৪৮</sup> *বাংলা একাডেমি ব্যৱহারিক বাংলা অভিধান*, প্রাগুক্ত, পৃ. ৩৬৯।
- <sup>৪৯</sup> আবুল বারকাত, *বাংলাদেশ মৌলবাদ ও মৌলবাদী জঙ্গীদের রাজনৈতিক অর্থনীতি* (ঢাকা: বাংলাদেশ অর্থনীতি সমিতি, ২০১৬ খ্রি.), পৃ. ১০; *আদ-দ্বীন: দুরুসুল মুয়াহহাদাতু লিদিরাসাতি তারীখিল আদইয়ান*, প্রাগুক্ত, পৃ. ৩৩।
- <sup>৫০</sup> মির্যা তাহের আহমদ, *আন্ত-ধর্মীয় শান্তি ও সম্প্রীতি*, অনু. শাহ মুস্তাফিজুর রহমান (ঢাকা: আহমদীয়া মুসলিম জামাত বাংলাদেশ, ১৯৯৪ খ্রি.), পৃ. ৭।
- <sup>৫১</sup> Mohammad Nejatullah siddiqi, 'Islamization of knowledge', *American Journal of Islamic Social Sciences*, July 2011, Vol. 28, No. 3, p. 15-17.
- <sup>৫২</sup> ড. মুহাম্মদ রফিকুল ইসলাম, *সামাজিক অপরাধ প্রতিরোধে ইসলামের ভূমিকা*, গবেষণা পত্রিকা, কলা অনুযায়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ১৪তম সংখ্যা, ২০০৮-২০০৯ খ্রী., পৃ. ২৪৭।
- <sup>৫৩</sup> আবু দাউদ সুলায়মান ইব্ন আল-আশ'আস আস-সিজিসতানী, *আস-সুনান* (রিয়াদ: মাকতাবাতুল মা'আরিফাহ, ১৯৯৮ খ্রি.), হাদীস নং-৩৬৭৪; হাফিয যাকীউদ্দীন আল মুনিযরী, *আত তারগীব ওয়াত তারহীব*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ২০০৩ খ্রি.), হাদীস নং-২৪৬।

## জাল হাদীছ নিরূপণে মুহাদ্দিছগণের নীতিমালা ও অবদান (The Policies and Contribution of the Muhaddiths in Determining Fake Hadiths)

আহমাদুল্লাহ\*

**Abstract:** Fake hadith is not the hadith of the Prophet (peace be upon him). The miscreants of a class compose fake hadiths and continue to be the hadiths of the Prophet (peace be upon him). The next generation of Sahabi, Tabi'i, Tabi'i-Tabi'in Muhaddiths have formulated policies and made outstanding contributions in determining and preventing the spread of false hadiths. As a result of their hard work and uncompromising struggle, the wonderful service rendered by them in identifying the authentic and false hadiths by inserting the fake hadiths in separate texts has undoubtedly become everlasting. The principle they adopted was one of the strongest ways to thoroughly verify a hadith. As a result of their adopted policies and measures against fake hadiths, they have axed the opportunistic clique and destroyed their futile plans. In this article, the adopted policies and contribution of muhaddiths in determining fake hadiths and has been mentioned.

### ভূমিকা

রাসূলুল্লাহ (সা)-এর বিশেষ নির্দেশে সাহাবীগণ সকল প্রকার অনিচ্ছাকৃত, অজ্ঞতাপ্রসূত বা ইচ্ছাকৃত ভুল, বিকৃতি বা মিথ্যা থেকে রক্ষা করার মানসে সঠিকভাবে হাদীছ সংরক্ষণ এবং নিষ্ঠুরভাবে রাসূলুল্লাহ (সা)-এর হাদীছ প্রচারের জন্য বিভিন্ন পদ্ধতি অবলম্বন করেন। মাওযু' হাদীছ প্রতিরোধ ও নিরূপণে সাহাবী, তাবি'ঈ ও খলীফাগণ যে মূলনীতি ও ভূমিকা পালন করেছেন তা ছিলো সত্যিই এক দুঃসাধ্য ব্যাপার। পরবর্তীকালে ইমাম ও মুহাদ্দিছগণ তা যথাযথ অনুসরণ করেন এবং যুগোপযোগী নীতিমালা আবিষ্কার করেন। তাদের আপোষহীন সংগ্রাম, কঠোর পরিশ্রম ও বলিষ্ঠ নীতিমালার ফলে জাল হাদীছ প্রতিরোধে এক মহা-সাফল্য অর্জিত হয়। আলোচ্য নিবন্ধে চার ইমামসহ মুহাদ্দিছগণের ভূমিকা আলোচনা করা হয়েছে।

### জাল হাদীছের নীতিমালা

জাল হাদীছ সংকলনের একটি বিশেষ পদ্ধতি হলো, যে সকল বিষয়ে সকল হাদীছ বা অধিকাংশ হাদীছ বানোয়াট বা অনির্ভরযোগ্য সে সকল বিষয়কে একত্রিত করে সংকলিত করা। এ বিষয়ে বিখ্যাত মুহাদ্দিছগণ যেমন হানাফী ফকীহ 'উমার ইবন বাদর আল-মাউসিল (মৃত ৬২২ হি.), মোল্লা 'আলী ক্বারী (মৃত ১০১৪ হি.), শাফি'ঈ ফকীহ, মুহাদ্দিছ মুহাম্মদ ইবনুস সাইয়্যিদ দরবেশ হুত (মৃত ১২৭৬ হি.) সহ অন্যান্য মুহাদ্দিছগণ বেশ কিছু জাল হাদীছের নীতিমালা পেশ করেছেন। যেমন-

- ক. মুরজিয়া, জাহামিয়া, কাদারিয়া ও আশারিয়া সম্পর্কে ভবিষ্যতবাণী মূলক কোনো সহীহ হাদীছ রাসূলুল্লাহ (সা) থেকে বর্ণিত হয়নি। এদের বিষয়ে বর্ণিত হাদীছগুলো বানোয়াট বা অত্যন্ত দুর্বল।
- খ. আল্লাহর বাণী বা আল-কুরআন সৃষ্ট নয়। এ বিষয়ে রাসূলুল্লাহ (সা) থেকে কোনো হাদীছ বর্ণিত হয়নি। এ বিষয়ে সকল হাদীছ বানোয়াট।
- গ. নূরের সমুদ্রে ফিরিশতাগণের সৃষ্টি বা জিবরাঈল (আ) প্রতিদিন সকালে নূরের সমুদ্রে ডুব দিয়ে উঠে শরীর ঝাড়া দেন এবং প্রতি ফোটা নূর থেকে ৭০ হাজার ফিরিশতা সৃষ্টি করা হয়। এ অর্থে এ জাতীয় সকল হাদীছ বানোয়াট ও ভিত্তিহীন।

\* পিএইচ.ডি. গবেষক, ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

- ঘ. মুহাম্মদ বা আহমাদ নাম রাখার ফযিলত সম্পর্কে প্রচারিত সকল হাদীছ বানোয়াট বা ভিত্তিহীন। এ বিষয়ে অনেক হাদীছ রয়েছে। যেমন মুহাম্মদ বা আহমাদ নাম রাখলে শাস্তি হবে না ইত্যাদি। নাম দুটো নিঃসন্দেহে ভালো। তবে এ বিষয়ে ফযিলত বর্ণনা করা হাদীছগুলো ভিত্তিহীন।
- ঙ. খিযির (আ) ও ইলিয়াস (আ)-এর দীর্ঘ জীবন বর্ণনায় হাদীছগুলো বানোয়াট। তারা এখনো জীবিত আছেন, রাসূলুল্লাহ (সা)-কে দেখেছেন মর্মে যে হাদীছগুলো বর্ণিত হয়েছে তা ভিত্তিহীন। এ মর্মে কোনো সহীহ হাদীছ বর্ণনা হয়নি।
- চ. রোদে গরম পানি করা এবং সেই পানি দিয়ে গোসল করলে অসুস্থ হতে পারে মর্মে বর্ণিত হাদীছগুলো বানোয়াট বা ভিত্তিহীন।
- ছ. আবু হানীফা (র) ও ইমাম শাফি'ঈ (র)-এর প্রশংসা ও নিন্দা বিষয়ক হাদীছ বানোয়াট।
- জ. যার দায়িত্বে সালাত কাযা হয়েছে তার সালাত হবে না মর্মে বর্ণিত হাদীছগুলো বানোয়াট।
- ঝ. সালাতুর রাগাইব বা রজব মাসে প্রথম জুম'আর দিন বিশেষ নফল সালাতের সকল হাদীছ বানোয়াট বা ভিত্তিহীন।
- ঞ. শবে মিরাজ ও শবে বরাতকে কেন্দ্র করে বিশেষ বিশেষ সালাত ও ফযিলত সম্পর্কে বর্ণিত হাদীছগুলো বানোয়াট বা ভিত্তিহীন।
- ট. বিসুদ্ধ হাদীছের বিরোধী মূলক হাদীছগুলো বানোয়াট ও ভিত্তিহীন।<sup>১</sup>
- এ ধরনের অনেক জাল হাদীছের নীতিমালা রয়েছে কিন্তু কলেবর বৃদ্ধির ফলে মৌলিক বিষয়গুলো উল্লেখ করা হয়েছে।

#### মুহাদ্দিছের সংজ্ঞা

যিনি 'ইলমুল হাদীছ চর্চায় নিমগ্ন থাকেন, হাদীছের শুদ্ধতার বিচার-বিশ্লেষণ করেন এবং হাদীছ থেকে ফিকহ ও আহকাম বের করার বিষয়ে গবেষণা করেন, যিনি অসংখ্য হাদীছ ও হাদীছের রাবীদের অবস্থা সম্পর্কে জ্ঞাত হন তাকে মুহাদ্দিছ বলেন।<sup>২</sup> ড. মাহমুদ আত-তাহহান বলেন,

الْمُحَدِّثُ : هُوَ مَنْ يَسْتَعْلِمُ بَعْلَمَ الْحَدِيثِ رَوَايَةً وَدَرَايَةً، وَيَطَّلِعُ عَلَى كَثِيرٍ مِنَ الرِّوَايَاتِ، وَأَحْوَالِ رُوَاهِبِهَا.

“আল-মুহাদ্দিছ এমন ব্যক্তিকে বলে যিনি ‘ইলমুল হাদীছের রিওয়ায়াত এবং দিরায়াতের সাথে নিয়োজিত থাকেন। তিনি হাদীছের সনদ এবং রাবীগণ সম্পর্কে অনেক জ্ঞান রাখেন।”<sup>৩</sup>

আমাদের উপমহাদেশের রীতি অনুসারে সিহাহ সিত্তার কোনো গ্রন্থ যিনি পড়ান তাকে মুহাদ্দিছ বলে।<sup>৪</sup>

জাল হাদীছ নিরূপণে চার ইমামের নীতিমালা ও অবদান

(ক) ইমাম আবু হানীফা (র)<sup>৫</sup>-এর অবদান

ইমাম আবু হানীফা (মৃত. ১৫০ হি.) ছিলেন ফিকহি জগতে বিখ্যাত ও অন্যতম প্রধান ইমাম। হাদীছ শাস্ত্রে ছিলেন অগাধ পাণ্ডিত্যের অধিকারী। তার ‘আমলেও জাল ও য'ঈফ হাদীছের প্রসার ছিলো লক্ষ্যনীয় ফলে তিনি জাল হাদীছকে বর্জন করে সহীহ হাদীছ গ্রহণ করার ব্যাপারে বেশ জোরালো ভূমিকা পালন করতেন। তিনি সর্বদা বলতেন সহীহ হাদীছই আমার মাসলাক, আমার মাযহাব। যেমন তিনি ঘোষণা করে বলেন,

إِذَا صَحَّ الْحَدِيثُ فَهُوَ مَذْهَبِي

“যখন সহীহ হাদীছ হবে জানবে সেটাই আমার মাযহাব।”<sup>৬</sup>

(খ) ইমাম মালিক<sup>৭</sup> (মৃত. ১৭৯ হি)-এর অবদান

জাল হাদীছ নীতিমালা প্রণয়নে ইমাম মালিক (র) অগ্রণী ভূমিকা পালন করেন। কেননা তিনি ছিলেন হাদীছ ও ফিকহী জগতের বিখ্যাত ইমাম। তিনিই সর্বপ্রথম লিখিতাকারে হাদীছ শাস্ত্রের গ্রন্থ রচনা করেন। তার সংকলিত গ্রন্থের নাম আল-মুআত্তা লি ইমাম মালিক (র)। তিনিও জাল বা মিথ্যা হাদীছ রচনা করা ও প্রচার করার বিরুদ্ধে সর্বাত্মক ভূমিকা পালন করে কিছু নীতিমালা পেশ করেন। ইবন ওহাব (র) বলেন,

قال لي مالك اعلم أنه ليس يسلم رجل حدث بكل ما سمع ولا يكون اماما ابدا وهو يحدث بكل ماسمع

“আমাকে ইমাম মালিক (র) বলেন, তুমি জেনে রেখো, ঐ ব্যক্তি মিথ্যা থেকে নিরাপদ নয়, যে ব্যক্তি যা শুনে তাই বর্ণনা করে। আর যে ব্যক্তি শুনা কথা (যাচাই-বাছাই ছাড়া) প্রচার করে কখনো সে ইমাম হওয়ার যোগ্য নয়।”<sup>৮</sup> তিনি আরো বলেন,

قال كان مالك بن أنس يقول لا يؤخذ العلم من أربعة ويؤخذ ممن سوى ذلك لا يؤخذ من سفيه معلى بالسفه وإن كان أروى الناس ولا يؤخذ من كذاب يكذب في أحاديث الناس إذا جرب ذلك عليه وإن كان لا يتهم أن يكذب على رسول الله صلى الله عليه وسلم ولا من صاحب هوى يدعوا الناس إلى هواه ولا من شيخ له فضل وعبادة إذا كان لا يعرف

الحديث

“চার শ্রেণীর লোক থেকে (হাদীছ) গ্রহণ করা যাবে না। এক. নির্বোধ বলে ঘোষিত ব্যক্তি, যদিও সে মানুষের মধ্যে বেশি বর্ণনাকারী হয়। দুই. জনগণের মধ্যে মিথ্যা প্রচারকারী ব্যক্তি, যদিও আমি তাকে রাসূলুল্লাহ (সা)-এর উপর মিথ্যারোপকারী বলে অভিযুক্ত করি না। তিন. বিদ’আতী ব্যক্তি যে মানুষকে বিদ’আতের দিকে আহ্বান করে। চার. ‘ইবাদতকারী ও মর্যাবান বয়োজ্যেষ্ঠ ব্যক্তি, যদিও সে ঐ বিষয় না বুঝে যা সে বর্ণনা করে।”<sup>৯</sup>

(গ) ইমাম শাফি’ঈ<sup>১০</sup> (মৃত. ২০৪ হি.) বলেন,

كان ابن سيرين وأبراهيم النخعي وطاوس وغير واحد من التابعين يذهبون إلى أن لا يقبلوا الحديث إلا عن ثقة يعرف ما يروي ويحفظ وما رأيت أحداً من أهل الحديث يخالف هذا المذهب

“ইবন সীরীন, ইবরাহীম নাখ’ঈ, তাউস এবং অন্যান্য সকল তাবি’ঈ এই মর্মে নীতি অবলম্বন করেছিলেন যে, শক্তিশালী স্মৃতিসম্পন্ন ব্যক্তি- যিনি বুঝে বর্ণনা করেন এবং স্মৃতিতে সংরক্ষণ করেন তার থেকে ছাড়া তারা অন্য কারো কাছ থেকে হাদীছ গ্রহণ করবেন না। তিনি বলেন, মুহাদ্দিছগণের মধ্যে কাউকে আমি এই নীতির বিরোধিতা করতে দেখিনি।”<sup>১১</sup>

(ঘ) ইমাম আহমাদ ইবন হাম্বাল<sup>১২</sup> (মৃত. ২৪১ হি.) বলেন,

إن العالم إذا لم يعرف الصحيح والسقيم والناسخ والمنسوخ من الحديث لا يسمى عالماً

“নিশ্চয় যে ‘আলিম হাদীছের সহীহ-য’ঈফ ও নাসিখ-মানসূখ বুঝে না, তাকে ‘আলিম বলা যাবে না।”<sup>১৩</sup>

**জাল হাদীছ নিরূপণ ও নীতিমালায় মুহাদ্দিছগণের অবদান**

জাল নিরূপণ, প্রতিরোধ ও নীতিমালা প্রণয়ণে মুহাদ্দিছগণ ছিলেন আপোষহীন সংগ্রামের বীর সৈনিক। সাহাবী ও তাবি’ঈগণের পর মুহাদ্দিছগণ এ ব্যাপারে সবচেয়ে বেশি অগ্রণী ভূমিকা পালন করেন। তাদের বলিষ্ঠ ভূমিকা না থাকলে জাল হাদীছের ছড়াছড়ি হয়ে যেতো। মুহাদ্দিছগণ জাল হাদীছ নিরূপণ ও বিস্তার প্রতিরোধে যে সমস্ত নীতিমালা চালু করেন তা নিম্নে বর্ণিত হলো-

(ক) সর্বত্র হাদীছের পাঠদান চালু করণ

হাদীছ জালকারী চক্রের হাত থেকে রাসূলুল্লাহ (সা)-এর হাদীছসমূহকে রক্ষা করার জন্য মুহাদ্দিছগণ সর্বত্র হাদীছের দারস চালু করেন। দারসে ছাত্রদেরকে কোন হাদীছ সহীহ, কোন হাদীছ য’ঈফ, কোন হাদীছ জাল তা বর্ণনা করতেন এবং ব্যাখ্যা করে বুঝিয়ে দিতেন। সাথে সাথে রাবীদের অবস্থাও বলে দিতেন। কে সত্যবাদী, কে মিথ্যাবাদী, কে শক্তিশালী, কে দুর্বল ইত্যাদি ভালো করে বলে দিতেন। এ ব্যাপারে কাউকে সামান্যতম ছাড় দিতেন না। কে নিজের পিতা, কে নিজের ভাই, কে নিজের আত্মীয়স্বজন থেকে বর্ণনা করছেন তা তারা তোয়াক্কা করতেন না।<sup>১৪</sup> দারস প্রদানের পাশাপাশি তাঁরা **علم الجرح والتعديل** (‘ইলমুল

জারাহ ওয়াত তা'দীল) বিষয়ে বৃহৎ বৃহৎ গ্রন্থ প্রণয়ন করতেন, যেন হাদীছ গ্রহণ ও বর্জন করার ক্ষেত্রে সহজ হয়।<sup>১৫</sup> এ বিষয়ে শত শত গ্রন্থ প্রণীত হয়। নিম্নে কয়েকজনের গ্রন্থ ও গ্রন্থাকারের নাম উল্লেখ করা হলো-

(১) লাইছ ইবন সা'আদ আল ফাহমি (১৭৫ হি) (২) 'আব্দুল্লাহ ইবনুল মুবারক (১৮১ হি.) (৩) ওয়ালীদ ইবন মুসলিম (১৯৫ হি.) (৪) যামরাহ ইবন রাবী'আহ (২০২ হি.) (৫) ইয়াহইয়া ইবন মু'ঈন (২৩৩ হি.) তাঁদের প্রত্যেক গ্রন্থের নাম আত-তারীখ (৬) ইমাম বুখারী, আত-তারীখ আল কাবীর ও আল জারাহ ওয়াত তা'দীল নামে রচনা করেছেন। (৭) ইমাম ইবন আবি হাতিম আর রাযী (৩৩৭ হি.) এবং (৮) ইবন হিব্বান, আল মাজরুহীন।<sup>১৬</sup>

#### (খ) হাদীছ সংগ্রহ ও গ্রন্থাবদ্ধ করণ

রাসূলুল্লাহ (সা)-এর জীবদ্দশায় তাঁর মুখ-নিশ্বৃত বাণীকে গ্রন্থাকারে লিপিবদ্ধ করা না হলেও সাহাবীগণ মুখস্তকরণের মাধ্যমে হাদীছ সংরক্ষণের কাজে উৎসর্গ করেন। মুখস্তকরণের পাশাপাশি হাদীছ শিক্ষাদান ও বাস্তব জীবনে, আচরণে, লেনদেনে, চরিত্রে হাদীছের শিক্ষা ও আদর্শ তাদের জীবনে ফুটিয়ে তুলে ধরার মাধ্যমে সংরক্ষণের উপর সবচেয়ে বেশি জোর দিয়েছিলেন। রাসূলুল্লাহ (সা)-এর ইত্তিকালের পর কিছু সাহাবী বিছিন্নভাবে কিছু হাদীছ লিপিবদ্ধ করলেও তা ছিলো নিতান্তই নগণ্য। মূলত ইসলামের পঞ্চম খলীফা হিসেবে পরিচিত 'উমার ইবন 'আব্দুল 'আযীয রাষ্ট্রীয়ভাবে প্রথম হাদীছ সংরক্ষণের আদেশ জারি করেন। তিনি বলেন,

أَنْظُرُ مَا كَانَ مِنْ حَدِيثِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَتَبْتُهُ فَإِنِّي خِفْتُ دُرُوسَ الْعِلْمِ وَذَهَابَ الْعُلَمَاءِ وَلَا تَقْبَلُ إِلَّا حَدِيثَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلْتُنْفُسُوا الْعِلْمَ وَلْتَجْلِسُوا حَتَّى يُعَلَّمَ مَنْ لَا يَعْلَمُ فَإِنَّ الْعِلْمَ لَا يَهْلِكُ حَتَّى يَكُونَ سِرًّا

“আপনারা রাসূলুল্লাহ (সা)-এর হাদীছ অনুসন্ধান করে সংগ্রহ করুন। আমার আশঙ্কা হচ্ছে যে, ‘উলামায়ে কিরাম (সাহাবী ও তাবি'ঈনের) মৃত্যুর সাথে সাথে হাদীছও বিলুপ্ত হয়ে যাবে। কিন্তু সাবধান রাসূলুল্লাহ (সা)-এর হাদীছ ব্যতীত অপর কারো হাদীছ গ্রহণ করা যাবে না। এতদ্ব্যতীত আপনারা সর্বত্র মজলিস কায়েম করে হাদীছ শিক্ষা দিতে থাকুন, যাতে যাদের জানা নেই তারা জানতে পারে। কেননা ‘ইলম যখন গোপন করা হয়, তখন তা বিলুপ্ত হয়ে যায়।”<sup>১৭</sup>

রাষ্ট্রীয়ভাবে এ ফরমান জারী করার ফলে হাদীছ সংগ্রহ ও সংকলনের যে প্রবাহ ত্বরান্বিত হয় তা কয়েক শতাব্দীকাল পর্যন্ত অব্যাহত থাকে। এ ফরমানের কারণে বিখ্যাত তাবি'ঈ মুহাম্মদ ইবন মুসলিম ইবন শিহাব আয-যুহরী, ইবন জুরাইজ, ইবন ইসহাক, রাবী'ঈ ইবন সাবীহ, সা'ঈদ ইবন আবি 'উরুওয়াহ, মালিক বিন আনাস, হাম্মাদ ইবন সালামা, সুফিয়ান আছ-ছাওরী, লাইছ ইবন সা'দ এবং শু'বা ইবনুল হাজ্জাজ সহ অনেকে সংগ্রহ ও সংকলন করেন।<sup>১৮</sup> হিজরী তৃতীয় শতক হচ্ছে হাদীছ সংকলন, সংগ্রহ ও সংরক্ষণের চরম উন্নতি ও পরিপূর্ণতার যুগ। এ যুগে এমন সকল হাফিয-ই হাদীছের জন্ম হয়, যাঁদের নজীর দুনিয়াবাসী খুব কমই দেখেছে। এ শতাব্দীর মুহাদ্দিছ ও হাদীছ বর্ণনাকারীগণ হাদীছ অনুসন্ধান জলে-স্থলে পরিভ্রমণ করেন। মুসলিম জাহানের প্রতিটি কেন্দ্রে খুজে খুজে হাদীছ অনুসন্ধান করেন এবং গ্রন্থাকারে লিপিবদ্ধ করেন। এ যুগেই বিখ্যাত সব মাসানীদ, সহীহাইন ও বিভিন্ন সুনান গ্রন্থ রচিত হয়। এদের মধ্যে 'আব্দুল্লাহ ইবন মুসা, মুসাদ্দাদ আল-বাসারী, আসাদ ইবন মুসা, না'ঈম ইবন হাম্মাদ আল-খুজা'ঈ, আহমাদ ইবন হাম্বাল, ইসহাক ইবন রাহাবিয়াহ, 'উছমান ইবন আবি শায়বা প্রমুখ ছিলেন অন্যতম বিখ্যাত সংকলক। তারা তাদের কিতাবগুলি কোনো সাহাবী ও তাবি'ঈগণের কোন কাওল ছাড়াই লিপিবদ্ধ করেন। এ ছাড়াও এ শতাব্দীতে কুরআন ব্যতীত আসমানের নীচে সবচাইতে গ্রহণযোগ্য হাদীছের কিতাব সহীছুল বুখারী রচিত হয়। রচনা করেন মুহাম্মদ ইবন ইসমা'ঈল আল-বুখারী। গ্রন্থটির পূর্নাঙ্গ নাম “আল-জা'মি আল-মুসনাদ আস-সহীহ আল-মুখতাসার মিন উমূরী রাসূলুল্লাহ (সা) ওয়া সুনানিহি ওয়া আইয়ামিহি”। আমীরুল মুমিনীন ফিল হাদীছ ইমাম বুখারী ছয় লক্ষ হাদীছ সংগ্রহ করে মাত্র চার হাজার বা পুনরুক্তি সহ ৭৫৬৩টি হাদীছ তার সহীহ বুখারীতে স্থান দেন। তারই ধারাবাহিকতায় মুসলিম ইবনুল হাজ্জাজ আল-কুশাইরি হাদীছ শাস্ত্রের

বিখ্যাত গ্রন্থ সহীহ মুসলিম রচনা করেন। তিনিও তিন লক্ষ হাদীছ সংগ্রহ করে মাত্র চার হাজার বা পুনরুক্তিসহ ৭৫২৬টি হাদীছ তার সহীহ মুসলিমে স্থান দেন। এ ছাড়াও এ যুগে হাদীছ জগতের অতি পরিচিত ও গ্রহণযোগ্য সুনানে আরবাবা' তথা সুনান আবি দাউদ, সুনান আন-নাসায়ী, সুনান আত-তিরমিযী ও সুনান ইবন মাজাহ গ্রন্থ রচিত হয়। এভাবে চতুর্থ শতকে মু'আজিমুত তুবারানী আছ-ছালাছা, মুসান্নাফাতুদ-দারাকুতনী, সহীহ ইবন হিব্বান, সহীহ ইবন খুজাইমা এবং মুসান্নাফাতু-তুহাবী বিখ্যাত সব গ্রন্থ রচিত হয়।<sup>১৯</sup>

#### (গ) হাদীছ গ্রহণের ক্ষেত্রে মূলনীতি বিষয়ক গ্রন্থ রচনা

জাল হাদীছ পৃথক করণ ও নিরূপণের জন্য মুহাদ্দিছগণ হাদীছ গ্রহণের ক্ষেত্রে হাদীছের মূলনীতি বিষয়ক বহু গ্রন্থ রচনা করেন। এ অভিজ্ঞান হিজরী তৃতীয় শতাব্দীতে শুরু হলেও তা ধীরে ধীরে হিজরী চতুর্থ হিজরীতে উৎকর্ষ সাধিত হয়। এর পরিভাষাগুলো নির্ধারিত হয়। যেমন হাদীছকে দুভাগে ভাগ করা হয়েছে ১. মুতাওয়াতির ২. আহাদ। সনদের ক্ষেত্রে ভাগ করা হয়েছে মারফু', মাওকুফ ও মাকতূ' হিসেবে। হাদীছ গ্রহণের ক্ষেত্রে দুভাগে বিভক্ত গ্রহণযোগ্য ও অগ্রহণযোগ্য। গ্রহণযোগ্য হাদীছ হল- সহীহ ও হাসান পর্যায়ের হাদীছ। উভয় আবার দুভাগে বিভক্ত (ক) সহীহ লি যাতিহি (খ) সহীহ লি গায়রিহি এবং (ক) হাসান লি যাতিহি (খ) হাসান লি গায়রিহি। পক্ষান্তরে অগ্রহণযোগ্য হাদীছ হল- য'ঈফ, মাওযু' বা জাল, মুরসাল, মু'য়াল্লাক, শায়, মু'য়াল, মুযতুরাব, মুনকাতি', মুদাল্লিস, মাতরুফ, মুনকার, মু'আল্লাল, মুদরাজ প্রভৃতি। এ অভিজ্ঞানটির সূচনার পর থেকে অদ্যাবধি একে কেন্দ্র করে অসংখ্য গ্রন্থ রচিত হয়েছে। গবেষণার ভিত্তিতে এযাবৎ হাদীছ যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে যত পদ্ধতি ও মূলনীতি রচিত হয়েছে, তন্মধ্যে এর চেয়ে বিশুদ্ধ পদ্ধতি সম্বলিত আর কোনো মূলনীতি পৃথিবীর ইতিহাসে প্রণীত হয়নি।<sup>২০</sup> এ বিষয়ে সর্বপ্রথম কাযী আবু মুহাম্মদ আল-হাসান ইবন 'আব্দির রহমান ইবন খাল্লাদ আল-রামাহারমাযী (মৃত ৩৬০ হি.) 'আল মুহাদ্দিছুল ফাসিল বায়নার রাবী ওয়াল ওয়া'য়ী' নামে একটি স্বতন্ত্র গ্রন্থ রচনা করেন।<sup>২১</sup> এটি একটি পূর্ণাঙ্গ গ্রন্থ না হলেও প্রথম রচিত হওয়ার কারণে প্রশংসার দাবিদার। ড. মুস্তাফা আস-সিবা'ঈ 'আলী ইবনুল মাদীনীকে (মৃত ২৩৪ হি.) এ বিষয়ে প্রথম গ্রন্থ রচনাকারী হিসেবে উল্লেখ করেছেন।<sup>২২</sup> এ ছাড়াও এ বিষয়ে যে সমস্ত গ্রন্থ রচিত হয়েছে নিম্নে তার কয়েকটির তালিকা প্রদত্ত হলো:

'আল-কিফায়া ফী 'ইলমির রিওয়াইয়াহ' গ্রন্থটি খতীব আবু বকর আল বাগদাদী (মৃত ৪৬৩ হি.) রচনা করেন। তিনি এতে হাদীছের মূলনীতি সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে পর্যালোচনা করেছেন। আলেক্সের 'উছমানিয়া মাদরাসার লাইব্রেরী, দামিস্কের যাহিরিয়া লাইব্রেরী, মিসরের সুলতানিয়া এবং হায়দারাবাদের আল খায়ানাতুল আসফিয়াহ লাইব্রেরীতে এর অনেক পাণ্ডুলিপি রয়েছে।<sup>২৩</sup> মা'রিফাতু 'উলুমিল হাদীছ গ্রন্থটি তাকিউদ্দীন আবু 'আমর 'উছমান ইবনুস সলাহ 'আব্দির রহমান আশ-শাহারযুরী নুযাইল আদ দামিস্কি (মৃত ৬৪৩ হি.) রচনা করেন। এত মোট ১৬৫টি মূলনীতি একত্রিত করা হয়েছে। অনেক হাদীছবেত্তা গ্রন্থটির ব্যাখ্যা, ভূমিকা ও পরিশিষ্ট লিখেছেন। গ্রন্থটি মুকাদ্দিমাতু ইবনুস-সলাহ নামে অধিক প্রসিদ্ধ।<sup>২৪</sup> তাদরীবুর রাবী গ্রন্থটি ইমাম নববী প্রণীত আত-তাকবীরের ব্যাখ্যা গ্রন্থ। জালালউদ্দীন আস-সুয়ুতী (মৃত ৯১১ হি.) গ্রন্থটি রচনা করেন। তিনি এতে হাদীছের ১৯৩টি মূলনীতি সন্নিবেশিত করেন। মিসরের কায়রোস্থ দারুল কুতুব লাইব্রেরীতে এর ৭টি হস্তলিখিত পাণ্ডুলিপি বিদ্যমান রয়েছে।<sup>২৫</sup> তায়সীর মুস্তালাহিল হাদীছ একটি বিখ্যাত গ্রন্থ। এটি সৌদি 'আরবের ইমাম মুহাম্মদ ইবন সা'উদ আল-ইসলামিয়াহ বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মাহমুদ তহহান রচিত একটি মূল্যবান গ্রন্থ। গ্রন্থটি চারটি অধ্যায়ে বিভক্ত। প্রথম অধ্যায়ে খবর ও এর প্রকারভেদ, দ্বিতীয় অধ্যায়ে 'ইলমুল জারাহ ওয়াত তা'দীল, তৃতীয় অধ্যায়ে রিওয়াইয়াত ও এর মূলনীতি এবং চতুর্থ অধ্যায়ে সনদ ও হাদীছ বর্ণনাকারীদের পরিচয় আধুনিক পদ্ধতিতে সুবিন্যস্ত করা হয়েছে।<sup>২৬</sup> মুখতাসারুল জুরজানী একটি প্রসিদ্ধ গ্রন্থ। 'আব্দুল হাই লাখনবীর যাকরুল আমানী ফী মুখতাসারিল জুরজানী নামে এর একটি ব্যাখ্যা গ্রন্থ লিখেছেন। ১৩০২ হিজরীতে দিল্লি ও ১৩০৪

হিজরীতে লক্ষ্মী থেকে গ্রন্থটি প্রকাশিত হয়।<sup>২৭</sup> হাফিয ইমাদুদ্দীন ইবন কাছীরের ইখতিসারু ‘উলুমিল হাদীছ, হাফিয ইবন হাজার আস-কালানীর নুখবাতুল ফিকার ফী মুসতলাহি আহলিল আছার, ইবনুল আছীর আল-জায়ারীর জামি‘উল উসুল ফী আহাদীছির রাসুল, মুহাম্মদ জামালুদ্দীন আল-কাসেমীর কাওয়য়েদুত তাহদীছ, ড. নুরুদ্দীন আত্তারের মানহাজুন নাকদ ফী ‘উলুমিল হাদীছ গ্রন্থগুলো জাল হাদীছ চিহ্নিত করণের ক্ষেত্রে ও হাদীছের মূলনীতি অভিজ্ঞান বিষয়ক মূল্যবান গ্রন্থ।<sup>২৮</sup>

#### (ঘ) ন্যায়পরায়ণ ও অভিযুক্ত রাবীদের পৃথক পৃথক গ্রন্থ প্রণয়ন

মুহাদ্দিছগণ কঠোর পরিশ্রম করে রাবীদের অবস্থা, আমানতদারীতা, বিশ্বস্ততা, ন্যায়পরায়ণতা, সত্যবাদীতা, নির্ভরযোগ্যতা তীক্ষ্ণ স্মৃতিশক্তি ও মুত্তাকির অধিকারী রাবীদের নিয়ে পৃথক পৃথক গ্রন্থ রচনা করেছেন। অনুরূপ যারা অভিযুক্ত, মিথ্যুক, দুর্বল, স্মৃতিভ্রম, বিদ‘আতী, ফাসিক, হাদীছ জালকারী, নীতিহীন তাদের নামেও পৃথক পৃথক গ্রন্থ রচনা করেছেন। এটিকে আবার হাদীছ সমালোচনা বিজ্ঞান বা ‘ইলমুল জারাহ ওয়াত-তাদীল বলা হয়। হাদীছ সমালোচনা বিজ্ঞান ‘উলমুল হাদীছের একটি উল্লেখযোগ্য সংযোজন। ড. তাকিউদ্দীন নববী এর গুরুত্ব অনুধাবন করে একে হাদীছ শাস্ত্রের সুউচ্চ সিঁড়ি বলে আখ্যায়িত করেছেন।<sup>২৯</sup> সহীহ হাদীছকে দুর্বল হাদীছ থেকে এবং মাকবুল হাদীছকে মারদূদ থেকে পৃথক করণের ব্যাপারে এ শাস্ত্রের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। ‘আলিমগণ হাদীছের বিশুদ্ধতা নিরূপণের জন্য বর্ণনাকারীদের মধ্যে দোষ-ত্রুটি প্রকাশ করা বৈধ বলে মনে করেন। ইমাম নববী বলেন, প্রয়োজনে রাবীদের দোষ-ত্রুটি উল্লেখ করা শুধু বৈধ নয় বরং ওয়াজিব। এ বিষয়ে ‘আলিমগণের ইজমা প্রতিষ্ঠিত হয়েছে।<sup>৩০</sup> ন্যায়পরায়ণ ও অভিযুক্ত রাবীদের বা হাদীছ সমালোচনা বিজ্ঞান বিষয়ে অসংখ্য গ্রন্থ রচিত হয়েছে। উল্লেখযোগ্য কয়েকটি গ্রন্থাবলী সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো-

- (১) কিতাবুয-যু‘আফা ওয়াল মাতরুকাইন: এ গ্রন্থটি ইমাম বুখারী (মৃত ২৫৬ হি.) রচনা করেন। তিনি এতে দুর্বল বর্ণনাকারী ব্যক্তি সম্পর্কে আলোচনা করেছেন।
- (২) কিতাবুয-যু‘আফা ওয়াল মাতরুকাইন: এটি ইমাম নাসা‘ঈ (মৃত ৩০৩ হি.) প্রণয়ন করেন। এটি হাদীছ সমালোচনা বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থ। যে সমস্ত রাবী স্মৃতিশক্তির দিক দিয়ে অত্যন্ত দুর্বল এবং যারা হাদীছ গ্রহণের ব্যাপারে অনুসৃত শর্তবলীর আওতাভুক্ত নন তাদের নাম ও পরিচয় সম্পর্কে আলোচনা করা হয়েছে।
- (৩) কিতাবুয-যু‘আফা ওয়াল মাতরুকাইন: এটি ইমাম আবুল হাসান আদ-দারাকুতনী (মৃত ৩৮৫ হি.) রচনা করেন। গ্রন্থটিতে দুর্বল এবং পরিত্যাজ্য রাবীদের সম্পর্কে আলোচনা করা হয়েছে।
- (৪) কিতাবুল জারাহ ওয়াত তাদীল: এটি আবু হাতিম ইবন হিব্বান আল-বুসতী (মৃত ৩৫৪ হি.) সংকলন করেন। এত তিনি ছিকাহ রাবীর পাশাপাশি অপরিচিত অনেক রাবীর বর্ণনা স্থান পেয়েছে। তিনি অপরিচিত ও সমালোচিত রাবীদের বিষয়ে উল্লেখ করেছেন এবং সতর্ক করেছেন। এরপর তিনি ছিকাহ রাবীর বর্ণনা দিয়েছেন।
- (৫) কিতাবুয-যু‘আফা : এটি ইবনুল জাওয়ী (মৃত ৫৯৭ হি.) রচনা করেন। এটি একটি প্রসিদ্ধ গ্রন্থ। হাফিয শামসুদ্দীন আয-যাহাবী গ্রন্থটির সংক্ষেপ করেছেন।
- (৬) মিয়ানুল ই‘তিদাল: হাদীছ সমালোচনার প্রখ্যাত পণ্ডিত ইমাম শামসুদ্দীন আয-যাহাবী (মৃত ৭৪৫ হি.) এটি রচনা করেন। তিনি গ্রন্থটিকে আরবী বর্ণমালার ক্রমধারা অনুযায়ী বিন্যস্ত করেছেন। তিনি এতে দুর্বল রাবীদের পাশাপাশি কিছু ছিকাহ রাবী সম্পর্কে সমালোচনা করেছেন।
- (৭) আয-যু‘আফা : গ্রন্থটি ইমাম ইয়াহইয়া ইবন সা‘ঈদ আল-কাত্তান (মৃত ১৯৮ হি.) রচনা করেন। তিনি এতে দুর্বল রাবীদের বিষয়ে বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন।
- (৮) আল কামিল ফী যু‘আফায়ির রিজাল: এটি ইবন ‘আদি (মৃত ৩৬৫ হি.) রচনা করেছেন। এটি একটি হাদীছ সমালোচনার বিখ্যাত গ্রন্থ।

অনুরূপভাবে নির্ভরযোগ্য রাবীদেরও পৃথক গ্রন্থ প্রণীত হয়েছে। যেমন ১। ইমাম বুখারীর শিক্ষক ‘আলী ইবনুল মাদীনীর (মৃত ২৩৪ হি.) *আছ-ছিকাহ ওয়াল মুছবিতুন*। ২। আবুল হাসান ইবন সলেহ আল-আজলীর (মৃত ২৬১ হি.) *আছ-ছিকাহত* ৩। আবুল ‘আরব ইবন তামীম আল-আফরীকির (মৃত ৩৩৩ হি.) *আছ-ছিকাত* ৪। আবু হতিম ইবন হিব্বান আল-বুসতীর *আছ-ছিকাত* ৫। ইবন শাহীন (মৃত ৩৮৫ হি.) *তারীখু আসমায়িছ ছিকাত*।<sup>১১</sup>

### (ঙ) হাদীছ বর্ণনায় সনদ সংযোজন

মুহাদ্দিছগণ হাদীছ গ্রহণ ও বর্ণনায় সনদের ব্যবহারকে আবশ্যিকতা করেন। হাদীছ বর্ণনায় এই রীতিকে দ্বীনের অংশ হিসেবে ধার্য্য করেন। সাহাবীগণের শেষ দিক থেকে এই রীতি কঠোরভাবে প্রযুক্ত হয়। ইবন ‘আব্বাসের একটি উক্তি উল্লেখ করা যেতে পারে। তিনি বলেন,

إنا كنا مرة إذا سمعنا رجلاً يقول : قال رسول الله صلى الله عليه وسلم ابتدرته أبصارنا ، وأصغينا إليه بأذاننا ، فلما ركب الناس الصعب والذلول لم نأخذ من الناس إلا ما نعرف."

“আমরা যখনই কোন ব্যক্তিকে বলতে শুনতাম, রাসূলুল্লাহ (সা) বলেছেন, তখনই আমাদের দৃষ্টি তার প্রতি পড়তো এবং কান লাগিয়ে মনযোগ সহকারে তার কথা শুনতাম। অতঃপর লোকেরা যখনই চড়াই-উতরাইয়ে আরোহণ করল তখন আমরা যা কিছু জানি তাছাড়া আর কিছুই তাদের থেকে গ্রহণ করিনি।”<sup>১২</sup>

‘আব্দুল্লাহ ইবনুল মুবারক (১১৮-১৮১ হি) বলেন,

عبد الله بن المبارك يقول الاستناد من الدين ولو لا الاستناد لقال من شاء ما شاء

“হাদীছের সনদ বর্ণনা করা দ্বীনের অন্তর্ভুক্ত। যদি সনদ না থাকত তাহলে যার যা ইচ্ছা তা-ই বর্ণনা করত।”<sup>১৩</sup> সুফিয়ান ছাওরী (১৬১ হি) বলেন,

الإستناد سلاح المؤمن فإذا لم يكن معه سلاح ، فبأي شيء يقاتل

“সনদ হল মুমিনের হাতিয়ার। যখন তার সাথে হাতিয়ার থাকবে না, তখন সে কী দ্বারা যুদ্ধ করবে?।”<sup>১৪</sup>

### (চ) বর্ণনাকারীদের চরিত্র বিশ্লেষণ

মুহাদ্দিছগণ জাল হাদীছ নিরূপণ ও প্রতিরোধ করার জন্য বর্ণনাকারীদের চরিত্র বিশ্লেষণের কাজে হাত দেন। তাদের জীবন, জন্ম-মৃত্যু, ব্যবহারিক আচার-আচরণ এবং সমাজে তাদের বিচরণ কেমন ছিল ইত্যাদি বিষয়ে মুহাদ্দিছগণ সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে বিশ্লেষণ করেন। তাঁদের নীতিমালা অনুযায়ী যে সকল রাবীর বর্ণনা গ্রহণ ও বর্জন স্থগিত রাখতে হবে তারা বিভিন্ন শ্রেণীর। এখানে কয়েকটি উল্লেখ করা হল-

১. যে সকল বর্ণনাকারীর অভিযুক্ত হওয়া ও ন্যায়পরায়ণ হওয়ার ব্যাপারে মুহাদ্দিছগণের মতপার্থক্য আছে।
২. যাদের বর্ণনায় ভুলের পরিমাণ বেশি ধরা পড়েছে এবং যাদের বর্ণনা সম্পর্কে নির্ভরযোগ্য ইমামগণের মতবিরোধ বিদ্যমান।
৩. যার বিস্মৃতি বৃদ্ধি পেয়েছে।
৪. শেষ জীবনে যার বুদ্ধির স্বল্পতা দেখা দিয়েছে।
৫. যার স্মৃতিশক্তি লোপ পেয়েছে।
৬. যিনি কোনো কিছু বাছ-বিচার না করে বিশ্বস্ত ও দুর্বল (ছিকাহ ও য‘ঈফ) উভয়ের নিকট থেকে হাদীছ বর্ণনা করেন।

### (ছ) জাল হাদীছের বিরুদ্ধে মুহাদ্দিছগণের অভিন্ন নীতি

জাল হাদীছের বিরুদ্ধে মুহাদ্দিছগণের সংগ্রাম ছিল সর্বদা অবিরাম। তাদের মাওযু‘ হাদীছের বিরুদ্ধে আপোষহীন সংগ্রাম কখনোই থেমে থাকেনি বরং প্রতি যুগেই তাঁরা তাদের দ্ব্যর্থহীন নীতি সমাজের উপর প্রয়োগ করেছেন। কুচক্রী মহলগুলো যখন আকীদা-আমল সহ ইসলামী শরী‘আতের অন্যান্য আহকাম-



আরকানকে জাল হাদীছের মাধ্যমে কলুষিত করতে চেয়েছে, তখনই মুহাদ্দিছগণ অপ্রতিরোধ্য ক্ষুরধার সমালোচনায় প্রবৃত্ত হয়েছেন। হাদীছ গ্রহণ ও বর্জনের ক্ষেত্রে নিয়ে এসেছেন কঠোর নীতিমালা। যে মহান ব্যক্তিগুলো এ বিষয়ে সবচেয়ে বেশি অগ্রণী ভূমিকা পালন করেছেন তাদের মধ্যে শায়খুল ইসলাম ইমাম আহমদ ইবন তাইমিয়াহ (মৃত ৭২৭ হি.), ইমাম ইবনুল ক্বাইয়িম আল-জাওয়ী (মৃত ৭৪১ হি.) ইমাম আয-যাহাবী (মৃত ৭৪৮ হি.), ইমাম ইবনুল জাওয়ী (মৃত ৫৯৭ হি.), ইমাম ইবন হাজার আল-‘আসকালানী (মৃত ৮৫২ হি.), ইমাম নববী (মৃত ৬৭৬ হি.), ইমাম জালালুদ্দীন আস-সুয়ূতী (মৃত ৯১১ হি.), হাফিয ইবন কাছীর (মৃত ৭৭৪ হি.), হাফিয যায়নুদ্দীন আল ‘ইরাকী (মৃত ৮০৬ হি.), হাফিয আবুর ফযল মুহাম্মদ ইবন তাহির আল-মাকদিসী (মৃত ৭৫০৭ হি.), মুহাম্মদ ইবন ‘আব্দুর রহমান আস-সাখাবী (মৃত ৯০২ হি.), কাযী আবু ‘আব্দিল্লাহ মুহাম্মদ ‘আলী আশ-শাওকানী (মৃত ১২৫৫ হি.), খতীব আবু বকর আল বাগদাদী (মৃত ৪৬৩ হি.) প্রমুখ উল্লেখযোগ্য।

#### (জ) জাল হাদীছ বিষয়ক পৃথক পৃথক গ্রন্থ রচনা

জাল হাদীছ নিরূপণের জন্য মুহাদ্দিছগণ পৃথক পৃথক জাল হাদীছ নিয়ে গ্রন্থ সংকলন করেন। তাঁদের নিরলস প্রচেষ্টা ও ত্যাগের বিনিময়ে এ বিষয়ে প্রায় তিনশ’র উর্ধ্বে প্রামাণিক গ্রন্থ রচিত হয়। বর্তমানে মুসলিম বিশ্বে এ বিষয়ে নতুন নতুন গবেষণা হচ্ছে। নিম্নে কয়েকটি গ্রন্থের তালিকা প্রদত্ত হল-

১. *তায়কিরাতুল মাওয়ু‘আত* : এটি হাফিয আবুল ফযল মুহাম্মদ ইবন তাহির আল-মাকদিসী (মৃত ৫০৭ হি.) রচনা করেন।<sup>৫৫</sup> তিনি গ্রন্থটিতে আরবী অক্ষরের ক্রমধারা অনুযায়ী জাল হাদীছগুলো উল্লেখ করেছেন। গ্রন্থটি ১৩২৩ খ্রিস্টাব্দে সর্বপ্রথম মিসর থেকে প্রকাশিত হয়।<sup>৫৬</sup>
২. *আল-মাওয়ু‘আত আল-কুবরা* : এটি ইমাম ইবনুল জাওয়ী (মৃত ৫৯৭ হি.) রচনা করেন। এটি জাল হাদীছ বিষয়ক সর্ববৃহৎ গ্রন্থ যা চার খণ্ডে সমাপ্ত। গ্রন্থকার এতে জাল হাদীছ উৎকলণের পর উক্ত হাদীছ সম্পর্কে মুহাদ্দিছগণের মতামত বিস্তারিত উল্লেখ করেছেন।<sup>৫৭</sup>
৩. *আল বা‘য়িহু ‘আলাল খাল্লাস মিন হাওয়াদিছিল কুসাস* : এটি হাফিয যায়নুদ্দীন আল ‘ইরাকী (মৃত ৮০৬ হি.) সংকলন করেন। গ্রন্থটি ইমাম সুয়ূতী সৎক্ষিপ্ত করেন। ইমাম সুয়ূতী কর্তৃক সৎক্ষিপ্ত রূপ ১৩৫১ হিজরীতে মিসর থেকে প্রকাশিত হয়।<sup>৫৮</sup>
৪. *আল আবাতীলু ওয়াল মানাকীরু ওয়াস সিহাহ ওয়াল মাশাহীর* : বিখ্যাত মুহাদ্দিছ আবু ‘আব্দিল্লাহ আল-হুসাইন ইবন ইবরাহীম আল-হামাদানী আল-জুয়কানী (মৃত ৫৪৩ হি.) গ্রন্থটি রচনা করেন। গ্রন্থটিকে আল-মাওয়ু‘আত মিনাল আহাদীছিল মারফু‘আতও বলা হয়। এটি সর্বপ্রথম ভারতের ইদারাতুল বুহুছ আল-ইসলামিয়াহ আল-জামি‘আ আস-সালাফিয়াহ থেকে ১৯৮৩ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়।<sup>৫৯</sup>
৫. *আল-মাওয়ু‘আত আস-সগানী* : এটি রচনা করেন মুহাদ্দিছ আবুল ফযল আল হাসান ইবন মুহাম্মদ আস-সগানী (মৃত. ৬৫০ হি.)। গ্রন্থটি তাহকীক করেন নাজমু ‘আব্দির রহমান খালাফ। গ্রন্থটি ১৯৮০ খ্রিস্টাব্দে দারু না‘ফি থেকে সর্বপ্রথম প্রকাশিত হয়।<sup>৬০</sup>
৬. *তারতীবুল মাওয়ু‘আত লি ইবনিল জাওয়ী* : গ্রন্থটি ইমাম মুহাম্মদ ইবন আহমাদ ইবন ‘উছমান আয-যাহাবী (মৃত ৭৪৮ হি.) রচনা করেন। গ্রন্থটি হস্তাক্ষর লিখিত কপি মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয় ও সৌদি আরবের মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত আছে।<sup>৬১</sup>
৭. *তানযীহুশ-শারী‘আহ আল-মারফু‘আহ ‘আনিল আহাদীছিল মাওয়ু‘আহ* : এটি আবুল হাসান ‘আলী ইবন মুহাম্মদ আল-কিনানী (মৃত ৯৬৫ হি.) সংকলন করেন। এটি একটি উল্লেখযোগ্য গ্রন্থ। এ গ্রন্থে ইমাম সুয়ূতী যে সমস্ত মাওয়ু‘ হাদীছ উল্লেখ করেননি তা তিনি উল্লেখ করেন। ১৩৭৮ হিজরীতে গ্রন্থটি দুই খণ্ডে মিসর থেকে প্রকাশিত হয়।<sup>৬২</sup>

**(ঝ) জাল হাদীছ নিরূপণে আধুনিক মুহাদ্দিছগণের অবদান**

আধুনিক যুগের মুহাদ্দিছ বা হাদীছ বিজ্ঞানীগণও বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে জাল হাদীছ নিরূপণে বিশেষ অবদান রেখেছেন। অসংখ্য হাদীছ গ্রন্থ, সিরাত গ্রন্থ, ইসলামের ইতিহাস, ফিকহুল হাদীছ, ফাতওয়া, উসূল, হাদীছ ভিত্তিক তাফসীর, বিভিন্ন মাসায়েল ও আইন গ্রন্থ সমূহে যে সমস্ত হাদীছ পেশ করা হয়েছে, সেগুলোর সনদ যাচাই-বাছাই বা তাহকীক করে সহীহ, য'ঈফ ও জাল হাদীছ পার্থক্য ও নির্বাচন করেছেন। মোল্লা 'আলী কুরী হানাফী (মৃত ১০১৪ হি.), ইমাম শাওকানী (মৃত ১২৫০ হি.) আব্দুল হাই লাম্বোতী হানাফী প্রমুখ মুহাদ্দিছ জাল হাদীছ বিষয়ে পৃথক পৃথক গ্রন্থ রচনা করেছেন। যুগশ্রেষ্ঠ মুহাদ্দিছ ইমাম নাসির উদ্দীন আলবানী (র) (মৃত ১৯৯৯ খ্রি.) সুনানু আরবাহ'আহ তথা আবু দাউদ, তিরমিযী, নাসায়ী ও ইবন মাজার জাল ও য'ঈফ হাদীছগুলোকে পৃথক করে স্বতন্ত্র গ্রন্থে একত্রিত করেছেন। আবু দাউদে ১০৫৪টি, তিরমিযীতে ৮৩২টি, নাসায়ীতে ৩৯০টি, ইবন মাজারে ৮৭৬টি সর্বমোট ৩১৫২টি য'ঈফ ও জাল হাদীছ রয়েছে। এ ছাড়াও সহীহ ইবন খুযাইমা, সহীহ ইবন হিব্বান, মিশকাতুল মাসাবীহ, সুবুলুস সালাম শরহে বুলুগল মারাম, ইমাম বুখারী সংকলিত আল-আদাবুল মুফরাদ, ইমাম নববী প্রণীত রিয়ায়ুস সলেহীন, সহীহুল জা'মে আস-সহীহ, আত-তারগীব ওয়াত তারহীব, ফাতওয়া ইবন তাইমিয়াহ, যা'দুল মা'আদ, মুসনাদে আহমাদ, মুস্তাদরাক হাকিম, দারাকুতনী, ইবন কাছীর, কুরতুবী, তাবারী, নায়লুল আওতার, ফিকহুস সুনাহ সহ অসংখ্য গ্রন্থের সহীহ, য'ঈফ ও জাল হাদীছগুলোকে পৃথক করেছেন। তিনি পৃথকভাবে সিলসিলাতুল আহাদীছিয়-য'ঈফা ওয়াল মাওয়ূ'আহ বা য'ঈফ ও জাল হাদীছের সিরিজ গ্রন্থে ৭১৬১টি য'ঈফ ও জাল হাদীছ একত্রিত করেছেন। অনুরূপভাবে সিলসিলাতুল আহাদীছিস সহীহাহ গ্রন্থে ৪০৩৫টি সহীহ হাদীছ একত্রিত করেছেন। এভাবেই রাসূলুল্লাহ (সা)-এর উপর আরোপিত জাল হাদীছ নিরূপণ করে সহীহ সুনাহকে প্রতিষ্ঠা করার জন্য যুগ যুগ ধরে মুহাদ্দিছগণ অবিরাম কঠোর আপোষহীন অপ্রতিরোধ্য গতিশীল সংগ্রাম করেছেন।

আমার গবেষণা যেহেতু ইবনুল জাওয়ী (র) কেন্দ্রিক। নিশ্চয় ইবনুল জাওয়ী (র) একজন যুগশ্রেষ্ঠ মহাপণ্ডিত, 'আলিম, মুফাস্সির, মুহাদ্দিছ, ফকীহ, জ্যোতির্বিদ, ঐতিহাসিক, বাগ্মী, লেখক, গবেষক ও বিশ্ববিখ্যাত ইসলামিক স্কলার। তাই এখানে মাওয়ূ' হাদীছ নিরূপণে ইবনুল জাওয়ী (র)-এর অবদান পৃথকভাবে উল্লেখ করা হলো।

**মাওয়ূ' হাদীছ নিরূপণ ও নীতিমালা প্রণয়নে ইমাম ইবনুল জাওয়ী (র)-এর অবদান**

ইমাম ইবনুল জাওয়ী (র) হাদীছ শাস্ত্রে ছিলেন যুগশ্রেষ্ঠ মুহাদ্দিছ। তাঁর যুগে একদল স্বার্থান্বেষী নামধারী 'আলিম রাসূলুল্লাহ (সা)-এর নামে বিভিন্ন মিথ্যা হাদীছ রচনা করত। এ সমস্ত হাদীছ শুনে তিনি মর্মাহত হতেন। ফলে তিনি (কিতাবুল মাওয়ূ'আত মিনাল আহাদীছিল মারফূ'আত) রাসূলুল্লাহ (সা)-এর নামে রচিত মিথ্যা হাদীছগুলোকে কেন্দ্র করে একটি স্বতন্ত্র গ্রন্থ রচনা করেন। সেখানে তিনি জাল হাদীছ নিরূপণের ক্ষেত্রে বেশকিছু নীতিমালা প্রণয়ন করেন। তিনি জাল হাদীছ চিহ্নিত করণের জন্য দুটি পদ্ধতি/নীতিমালা অবলম্বন করেন। এক. মতনের দিক থেকে জাল হাদীছ, দুই. সনদের দিক থেকে জাল হাদীছ। ইবনুল জাওয়ী (র) মূলত উপরিউক্ত দুটি বিষয়ের দিক দিয়ে মাওয়ূ' হাদীছ নিরূপণের চেষ্টা করেন। নিম্নে তার প্রণীত নীতিমালাগুলো উল্লেখ করা হলো-

**এক: মতনের দিক দিকে মাওয়ূ' হাদীছ নিরূপণের বৈশিষ্ট্য**

১. যে হাদীছগুলো পবিত্র আল-কুরআনের সুস্পষ্ট ও দ্ব্যর্থহীন বক্তব্যের বিরোধী, সুপরিচিত স্বতসিদ্ধ সুনাহের বিরোধী বা সুনিশ্চিত ইজমা বা ঐকমতের বিরোধী অথবা মুতাওয়াতির, মাশহুর এবং মুস্তাফিয় হাদীছের বিরোধী হয়।

২. যে হাদীছ বিবেক ও মূলনীতির বিরোধী দেখা দিবে, সে হাদীছকে জাল হাদীছ বলে জানবে। এ হাদীছে বিচার বিশ্লেষণে কষ্ট করা নিষ্প্রয়োজন। অর্থাৎ এ হাদীছের বর্ণনাকারীকে অগ্রহণযোগ্য বলে গণ্য করবে এবং তার জারহ বা সমালোচনায় মহাদ্বিসগণের মতামত নিয়ে গবেষণা নিষ্প্রয়োজন।
৩. অনুরূপভাবে যে হাদীছ মানবীয় ইন্দ্রিয়লব্ধ জ্ঞান বা সুস্পষ্ট সহজাত জ্ঞান ও চোখে দেখা বিষয়ের সাথে সাংঘর্ষিক।
৪. যে হাদীছে সামান্য কর্মের জন্য কঠিন শাস্তি বা বিশাল সাওয়াবের ওয়াদা করা হয়েছে। অধিকাংশ গল্পকার ওয়া'য়িযের ওয়া'য়ে ও বাজারের মানুষদের মধ্যে এ জাতীয় জাল হাদীছগুলিই পাওয়া যায়।
৫. যে হাদীছের মধ্যে ফালতু বা অর্থহীন কথা রয়েছে। যেমন জবাই না করে কদু খাবে না.... ইত্যাদি। অনেক সময় মুহাদ্দিসগণ এরূপ বাতুল ও ফালতু কথার হাদীছকে বর্ণনাকারীর জালিয়াতির প্রমাণ হিসেবে গণ্য করেছেন। যদি কোনো রাবী এরূপ হাদীছ বর্ণনা করে তাহলে প্রমাণিত হয় যে, সে একজন মিথ্যাবাদী এবং তার বর্ণিত হাদীছ বাতিল বলে প্রমাণিত হবে।
৬. জাল হাদীছ বিষয়ক উপরের 'আলামতগুলি হাদীছের (মতন) শব্দ ও অর্থের (মা'নার) মধ্যে পাওয়া যায়। আর কোনো কোনো 'আলামত (রাবী) বর্ণনাকারীর মধ্যে পাওয়া যায়। যেমন খলীফা মাহদীর কাছে গিয়াসের কাহিনী, যে হাদীছ শাসকের মনোরঞ্জনের জন্য তৈরি করা হয়।
৭. হাদীছের বর্ণনাকারী বা রাবী এমন হাদীছ বর্ণনা করবে যা অন্য কোন রাবী বর্ণনা করেনি আর এ ব্যক্তি যার নিকট থেকে হাদীছ শ্রবণ করেছেন বলে দাবী করেছে তার সাথে তার সাক্ষাৎ হয়নি।
৮. যে হাদীছের মাত্র একজন রাবী বর্ণনা করেছেন, অথচ বিষয়টি এমন যে, তা অনেকের জানা জরুরী। অন্য কেউ না বলে এ রাবী একা কেন বর্ণনা করেছেন সে বিষয়ে কোন ওয়রও পাওয়া যায় না।
৯. যদি প্রসিদ্ধ ও প্রতিষ্ঠিত ইতিহাসের বিরোধী হয় তাহলে হয় য'ঈফ হবে, না হয় মাওযু' হবে।
১০. যদি হাদীছটি উসুলুশ-শরী'আহ ও দ্বীনের নির্ধারিত নীতিমালা বিরোধী হয়।
১১. যে হাদীছে ঘন্যকাজ বা অসম্ভব কাজের বিষয়ে বর্ণনা আছে সেগুলো জাল হাদীছ।

**দুই: সনদের দিক দিয়ে মাওযু' হাদীছ নিরূপণের বৈশিষ্ট্য**

১. হাদীছ সমালোচনা বিজ্ঞানী কর্তৃক যদি কোন রাবী মিথ্যাবাদী বা জাল হাদীছ রচনাকারী হিসেবে প্রমাণিত হয়ে থাকে তাহলে তার হাদীছ পরিত্যাজ্য।
২. যদি রাবীর মধ্যে ফিস্ক-এর অভিযোগ পাওয়া যায়।
৩. রাবী যদি মাজহুল হন বা মুজলিম তাহলে জাল হাদীছ হবে।
৪. ইনকিতা'পূর্ণ ইসনাদ হলে বা ছাত্র ও শিক্ষকের মধ্যে সাক্ষাৎ না হয় তবে তা জাল হিসেবে পরিত্যাজ্য।<sup>৪০</sup>

ইবনুল জাওযী উপরিউক্ত জাল হাদীছ নিরূপণের 'আলামত ছাড়াও তিনি তাঁর গ্রন্থে আরো বেশ কিছু পরিভাষা ব্যবহার করেছেন যে পরিভাষা দিয়ে তিনি জাল হাদীছ নির্ণয়ের উপায় বা মাপকাঠি উল্লেখ করেছেন। নিম্নে উল্লেখিত পরিভাষাগুলো দ্বারা তিনি হাদীছটি জাল বা মাওযু' হিসেবে চিহ্নিত করেছেন। যেমন-

### ১. صح لا (সহীহ নয়)

মাওযু' হাদীছ বুঝানোর জন্য ইমাম ইবনুল জাওযী (র)-এর অন্যতম পরিভাষা ছিল 'হাদীছটি সহীহ নয়। অনেক ফকীহগণ উক্ত পরিভাষা দ্বারা য'ঈফ হাদীছকে বুঝিয়ে থাকেন। কিন্তু বিষয়টি তা নয় বরং জাল হাদীছ বুঝানো বা আলোচনা করার ক্ষেত্রে হাদীছটি صح لا বলতে হাদীছটি অশুদ্ধ, বাতিল ও ভিত্তিহীন বুঝানো হয়।

২. **فيه مجاهيل (অজ্ঞতা আছে)**

ইমাম ইবনুল জাওয়যী (র) জাল হাদীছ বুঝানোর জন্য আরো একটি পরিভাষা ব্যবহার করেন তা হল- **فيه مجاهيل** অর্থাৎ হাদীছটির মধ্যে অজ্ঞতা আছে। মুহাদ্দিছগণের নিকট যখন কোন রাবীর সঠিক তথ্য পাওয়া যায় না, তার সার্বিক অবস্থা সম্পর্কে অজানা থেকে যায় তখন এ রাবীকে মাজহুল বা মাজাহীল রাবী বলে অখ্যায়িত করা হয়। এ ধরনের রাবী কর্তৃক বর্ণিত হাদীছ মাওযু' হিসেবে গণ্য হয়।

৩. **باطل (বাতিল)**

ইবনুল জাওয়যী (র) তার গ্রন্থে জাল হাদীছ প্রমাণের জন্য কখনো কখনো হাদীছটিকে **باطل** (বাতিল) শব্দ ব্যবহার করেছেন। মূলত যখন কোন রাবী ইচ্ছাকৃত হাদীছটি জাল করেছেন না অনিচ্ছাকৃত এটা নিশ্চিতভাবে বুঝা না যায় তখন উক্ত হাদীছকে সরাসরি মাওযু' না বলে **باطل** (বাতিল) শব্দ ব্যবহার করেন। অর্থাৎ হাদীছটি মিথ্যা ও বাতিল, তবে রাবী ইচ্ছা করে তা জাল করেছেন কিনা তা নিশ্চিত নয়।

৪. **هو ليس بصحيح (হাদীছটি সহীহ নয়)**

ইবনুল জাওয়যী (র) হাদীছটি অগ্রহণযোগ্য বুঝাতে কখনো কখনো **هو ليس بصحيح** শব্দ ব্যবহার করেছেন। তাঁর হাদীছ যাচাই-বাছাই বিচারের শর্তে তিনি এ হাদীছটিকে সরাসরি মাওযু' না বলে হাদীছটি সহীহ হওয়ার অন্তর্ভুক্ত নয় বলে আখ্যায়িত করেছেন। তাঁর দৃষ্টিকোন থেকে এ ধরনের হাদীছ শরী'আতে দলীল হিসেবে গ্রহণযোগ্য নয়।

৫. **لا اصل له (যার কোন ভিত্তি নেই)**

ইমাম ইবনুল জাওয়যী (র) মিথ্যা হাদীছ বুঝাতে অনেক সময় হাদীছটির কোন ভিত্তি নেই বা সূত্র নেই বলেছেন। এ শব্দ ব্যবহার করার মাধ্যমে তিনি বুঝাতে চান সমাজে প্রচলিত এ হাদীছটির কোন প্রকারের সনদ নেই বা কোন গ্রন্থে সনদসহ পাওয়া যায় না। কোন কোন সময় জাল বা বাতিল সনদের হাদীছকে এভাবে বুঝাতে **لا اصل له** (এর কোন ভিত্তি নেই) বলে অখ্যায়িত করেন।

৬. **موضوع والمتهم به فلان (মাওযু' এবং অমুক ব্যক্তি দোষে দোষারোপকৃত)**

ইবনুল জাওয়যী (র) জাল হাদীছ বুঝানোর ক্ষেত্রে কখনো কখনো উক্ত পরিভাষা ব্যবহার করেছেন। কোন জাল রাবী কর্তৃক যদি হাদীছটি রচিত হয় সে ক্ষেত্রে তিনি হাদীছটিকে মাওযু' হিসেবে উল্লেখ করেছেন এবং রাবীকে তিনি অভিযুক্ত বা হাদীছ জালিয়াতির অভিযোগে অভিযুক্ত হিসেবে উল্লেখ করেন। এ ধরনের যাবতীয় হাদীছ শাস্ত্রে মাওযু' হিসেবে প্রমাণিত।

৭. **في روايته جماعة مجهولون (এই বর্ণনায় একটি জাম'আত অজ্ঞাত পরিচয়)**

যদি কোন হাদীছের সনদে একাধিক রাবী সম্পর্কে কোন সঠিক তথ্য না পাওয়া যায় তাহলে ইবনুল জাওয়যী (র) হাদীছটিকে অগ্রহণযোগ্য বুঝাতে কখনো কখনো **في روايته جماعة مجهولون** “এই বর্ণনায় একটি জাম'আত অজ্ঞাত পরিচয়” বাক্য ব্যবহার করেছেন। বাক্যটি বলার মাধ্যমে প্রমাণ করতে চেয়েছেন বর্ণিত এই হাদীছে রাবীদের একটি বড় অংশ অপরিচিত যাদের গ্রহণযোগ্যতা সম্পর্কে কোন কিছুই জানা যায় না। ইবনুল জাওয়যী (র) এরূপ হাদীছকেও জাল বলে চিহ্নিত করেছেন।

৮. **هذا موضوع لا برك الله فيمن وضعه (এই হাদীছটি মাওয়ূ' যে জাল করেছে আল্লাহ তার উপর বরকত নাযিল করবেন না)**  
ইমাম ইবনুল জাওয়ী (র) হাদীছটি জাল তা বুঝানোর জন্য মাঝে মাঝে এই **هذا موضوع لا برك الله فيمن وضعه** (এই হাদীছটি মাওয়ূ' যে জাল করেছে আল্লাহ তার উপর বরকত নাযিল করবেন না) বাক্যটি ব্যবহার করতেন। এই বাক্য দ্বারা মূলত তিনি যারা হাদীছ জাল করতেন তাদেরকে বরকতহীনের ম্যাসেজ দেওয়ার চেষ্টা করতেন এবং এর দ্বারা হাদীছটি জাল তাও বুঝাতেন।
৯. **ما افسد هذا الوضع لموازين الاعمال (জালকৃত হাদীছ দ্বারা 'আমলের পাল্লা নষ্ট করা)**  
ইমাম ইবনুল জাওয়ী (র) আফসোস করে বলতেন যারা হাদীছ জাল করেন তারা তাদের এই ঘৃণ্য কর্ম দ্বারা 'আমলের পাল্লা নষ্ট করেন। এই বাক্য ব্যবহারের মাধ্যমে জাল হাদীছ রচনাকারীদেরকে কিয়ামতের দিন মিয়ানের পাল্লা ঞ্ণের কথা স্বরণ করিয়ে দেওয়ার চেষ্টা করতেন। পাশাপাশি এই বাক্য ব্যবহারের দ্বারা হাদীছটি জাল হিসেবে গণ্য করতেন।
১০. **واضعه من جهلة القصاص (বক্তার মূর্খতার মাধ্যমে জাল হাদীছ)**  
তৎকালীন সমাজে কিছু প্রসিদ্ধ বক্তা ছিলেন যারা তাদের নিজেদের স্বার্থ হাসিলের জন্য এবং অতিরিক্ত বাতুলতার জন্য তাদের মুখ দিয়ে ইচ্ছায়-অনিচ্ছায় জাল হাদীছ রচিত হত। তাদের এই কল্পিত হাদীছগুলিকে জাল হিসেবে চিহ্নিত করণের জন্য ইমাম ইবনুল জাওয়ী (র) এই **واضعه من جهلة القصاص** (বক্তার মূর্খতার মাধ্যমে জাল হাদীছ) বাক্য ব্যবহার করতেন।
১১. **هذا موضوع تفرد به فلان وهو وضاع (একজন রাবী কর্তৃক বর্ণিত হওয়ায় হাদীছটি জাল)**  
জাল বা মিথ্যা হাদীছ চিনার আরো একটি মাধ্যম হলো হাদীছটির সনদে এমন একজন রাবী রয়েছে যাকে মুহাদ্দিসগণ মিথ্যাবাদী হিসেবে চিহ্নিত করেছেন এবং তার মাধ্যম ছাড়া হাদীছটি অন্য কোন সূত্রে বর্ণিত হয় নি। এমন হাদীছকে ইমাম ইবনুল জাওয়ী জাল হিসেবে চিহ্নিত করণের জন্য **هذا موضوع تفرد به فلان وهو وضاع** (একজন রাবী কর্তৃক বর্ণিত হওয়ায় হাদীছটি জাল) বাক্য ব্যবহার করেছেন।
১২. **هذا اسناد ضعيف وفيه مجاهيل (ইসনাদটি এবং এখানে অজ্ঞাত পরিচয় আছে)**  
কোন সনদের মধ্যে দুর্বলতা থাকলে এবং অজ্ঞাত রাবী থাকলে ইমাম ইবনুল জাওয়ী (র) উক্ত পরিভাষা ব্যবহার করেন। হাদীছটি অগ্রহণযোগ্য বুঝাতে তিনি মাঝে মধ্যে **هذا اسناد ضعيف وفيه مجاهيل** (ইসনাদটি এবং এখানে অজ্ঞাত পরিচয় আছে) বাক্য বলতেন।
১৩. **هذا حديث لا يثبت (হাদীছটি প্রতিষ্ঠিত নয় বা ভিত্তি নেই)**  
ইবনুল জাওয়ী (র) কোন হাদীছের ব্যাপারে যখন কোন ভিত্তি খুঁজে পান না তখন তিনি এই বাক্য **هذا حديث لا يثبت** (হাদীছটি প্রতিষ্ঠিত নয় বা ভিত্তি নেই) ব্যবহার করে বলতে চাইতেন হাদীছটি জাল বা মাওয়ূ'।
১৪. **هذا ليس بشيء (মূল্যহীন বা কিছুই না)**  
মিথ্যা বা জালিয়াতি হাদীছ চিনার এটি একটি মাধ্যম। ইমাম ইবনুল জাওয়ী (র) কখনো কখনো কোন রাবী সম্পর্কে শক্ত কথা না বলে নরম ভাষা ব্যবহার করেছেন। তিনি এই **هذا ليس بشيء** (মূল্যহীন বা কিছুই না) নরম বাক্যের মাধ্যমে হাদীছটি মাওয়ূ' হিসেবে গণ্য করেছেন।

### ১৫. فالحديث منكر (হাদীছটি মুনকার)

মুনকার অর্থ অস্বীকারকৃত, আপত্তিকৃত বা গর্হিত। ইবনুল জাওযী (র) মূলত হাদীছ বা রাবী যখন অত্যন্ত দুর্বল তখন তিনি হাদীছটিকে মুনকার হিসেবে চিহ্নিত করেছেন। হাদীছটি মুনকার দ্বারা তিনি জাল বা মাওয়ু' বুঝাতে চেয়েছেন

### ১৬. حديثه موضوع فهو دجال (তার হাদীছটি মাওয়ু' কেননা সে একজন দাজ্জাল ব্যক্তি)

সমাজে যারা শুধু মিথ্যা হাদীছ ছড়ানো কাজে ব্যস্ত থাকত এমন ব্যক্তিকে ইমাম ইবনুল জাওযী (র) দাজ্জাল হিসেবে আখ্যায়িত করতেন। তাদের হাদীছ অগ্রহণযোগ্য ও বাতিল প্রমাণ করতে তিনি উক্ত বাক্য ব্যবহার করতেন।

### ১৭. هذا الحديث لا شك عاقل في وضعه (এই হাদীছটি জাল হওয়াতে বিবেকের নিকট কোন সন্দেহ নেই)

জাল হাদীছ নিরূপণের ক্ষেত্রে ইবনুল জাওযী (র) কখনো কখনো উক্ত বাক্য ব্যবহার করতেন। সার্বিক বিবেচনায় এবং বিবেক বিরোধী কোন হাদীছ পেলে তিনি এমন মন্তব্য করতেন। উক্ত মন্তব্য দ্বারা তিনি হাদীছটি জাল তা বুঝাতে চাইতেন।

### ১৮. فلان يروى المنكير عن المشاهير (একজন মুনকার ব্যক্তি মাশাহীর ব্যক্তির নিকট থেকে হাদীছ বর্ণনা করেছে)

কোন মুনকার ব্যক্তি যখন মাশাহীর ব্যক্তির নিকট থেকে হাদীছ বর্ণনা করেন। তখন ইবনুল জাওযী (র) উক্ত বাক্য ব্যবহার করে বলতেন হাদীছটি মাওয়ু'র অন্তর্ভুক্ত।

### ১৯. ما اجهل واضعه بالتاريخ (ইতিহাসে তার জাল করণ কতই না মূর্খতা)

কোন প্রতিষ্ঠিত ও প্রমানিত ইতিহাসের বিরুদ্ধে কোন মাওয়ু' হাদীছ পাওয়া গেলে ইমাম ইবনুল জাওযী (র) (ইতিহাসে তার জাল করণ কতই না মূর্খতা) বাক্য বলে হাদীছটি মাওয়ু' হিসেবে গণ্য করেছেন।

### ২০. لا وجه لصحة الحديث (তার মুখ সহীহ হাদীছের জন্য নয়)

কোন মিথ্যুক হাদীছ বর্ণনাকারীর নিকট থেকে সত্য কথা বের না হলে ইবনুল জাওযী (র) এই لا وجه لصحة الحديث (তার মুখ সহীহ হাদীছের জন্য নয়) বাক্য ব্যবহার করতেন এবং ইবনুল জাওযী (র) এই বাক্য দ্বারা ব্যবহৃত এ রূপ হাদীছকেও জাল বলে চিহ্নিত করেছেন।<sup>৪৪</sup>

ইমাম ইবনুল জাওযী (র) তাঁর মাওয়ু'আত গ্রন্থে যে সমস্ত মাওয়ু' হাদীছ উল্লেখ করেছেন তা তিনি উল্লেখিত পরিভাষা দ্বারা পরিমাপ করে হাদীছগুলোকে জাল হিসেবে চিহ্নিত করেছেন। এছাড়াও ইবনুল জাওযী (র) জাল হাদীছ চিহ্নিত করণের ক্ষেত্রে পূর্ববর্তী প্রখ্যাত কয়েকজন মুহাদ্দিছগণের মৌলিক গ্রন্থের বেশ সহযোগিতা নিয়েছেন। যেমন-

ইবন 'আদীর আল-কামিল ফী যু'আফযীর রিজাল, ইবন হিব্বান আল-বুসতীর আল মাজরুহীন, আল-উকাইলীর আয-যু'আফা আল-কাবীর, আবুল ফাতহ আল-আযদীর আয-যু'আফা, তাফসীর ইবন মারদুযীয়া, ইমাম তুবরানীর মু'আজিমুছ-ছলাছা (আল-কাবীর, আল-আওসাত, আস-সগীর), আল-ইফরাদু লিদ-দারাকুতনী, খতীব আল-বাগদাদীর গ্রন্থ সমূহ (আল-আমালী, আয-যুহুদ, আস-সাবেক, আল-আখলাক, আল-বুখালা, আল-মুতালিফ আল মুখতালিফ, তারীখুল বাগদাদ, জামি'উ লি-আখলাকির রাবী, আদাবুস সামি' এবং তালখীসুল মুতাশাবিহা ফীর রিসমি), আবু নু'আইম-এর 'হিলইয়াতুল আওলিয়া, তারীখু ইসফাহান, দালাইলুন নাবুওয়্যাহ, মা'রিফাতুস-সাহাবা, ফাযায়ীলুস-সাহাবা, আল-আমালী এবং আত-

তিক্র), ইমাম হাকিম নাইশাপুরী ইতিহাস ও অন্যান্য গ্রন্থ সমূহ এবং আল্লামা জুরকানীর আবাতীল গ্রন্থ সমূহ হতে তিনি জাল হাদীছ নির্ণয়ে যথেষ্ট সহযোগিতা নিয়েছেন।

ইবনুল জাওয়ী (র) উপরে উল্লেখিত গ্রন্থ ছাড়াও তাঁর গ্রন্থ রচনায় যে সমস্ত গ্রন্থের প্রতি সবচেয়ে বেশি নির্ভর করেছে সেটি হলো-

আল-আবাতীল ওয়াল মানাকীর ওয়াস সিহাহ ওয়াল মাশাহীর গ্রন্থ। গ্রন্থটি রচনা করেছে আবু 'আব্দিল্লাহ আল-হুসাইন ইবন ইবরাহীম আল-জুরকানী আল-হামাদনী (মৃত ৫৪৩ হি.)।<sup>৪৫</sup> তিনি গ্রন্থটি হতে অনেক তথ্য গ্রহণ করেছেন। এ কারণে ইমাম আয-যাহাবী বলেন, ইবনুল জাওয়ী (র) ইসনাদের ব্যাপারে উক্ত গ্রন্থের উপর অনেকটাই নির্ভর করে মাওযু'আত গ্রন্থটি রচনা করেছেন।<sup>৪৬</sup> ড. আকরাম যিয়া আল-উমরী বলেন, ইমাম ইবনুল জাওয়ী (র) তাঁর গ্রন্থ রচনায় যে সমস্ত গ্রন্থগুলোকে সমানে রেখে রচনা করেছিলেন তার মধ্যে আবাতীল ওয়াল মানাকীর গ্রন্থটি ছিলো সর্বাত্মে।<sup>৪৭</sup> ইমাম সুযুতী, ইমাম ইবন আল-'ইরাকী এবং পরবর্তীতে মাওযু'আত বিষয়ে যারাই গ্রন্থ রচনা করেছেন তারাই ইবনুল জাওয়ী (র)-এর উপর নির্ভর করেছে।

বর্ণিত গ্রন্থগুলো ছাড়াও ইমাম ইবনুল জাওয়ী (র) যে সমস্ত মুহাদ্দিছ ও গ্রন্থের অনুসরণ ও অনুকরণ করেছেন সে সমস্ত গ্রন্থগুলো উল্লেখ করা হলো-

ইমাম বায়হাকীর আল-আসমা ওয়াস সিফাত, ওয়াল বা'আছ ওয়ান-নুশুর, আল-আরবা'উনা আস- সুগরা, আল-আদাব, শু'আবুল ইমান, আয-যুহুদ আল-কাবীর। ইবনুল 'আসাকীর-এর তারীখু দিমাশক, ইমাম দাইলামীর মুসনাদ গ্রন্থ, ইবন নাজ্জারের তারীখ গ্রন্থ, আবু ই'য়াল মুসনাদ গ্রন্থ, বাযযারের মুসনাদ, ইমাম বাগতীর গ্রন্থ সমূহ, ইমাম বুখারীর আল-আদাবুল মুফরাদ, ইমাম আবু বকার মুহাম্মদ ইবন আল-কাসিম আল-আস্বারীর আল-ওয়াকফ ওয়াল ইবতিদা, ইবন মানী'ঈ, 'আব্দ ইবন হামীদ, ইমাম সুফিয়ান ও ইমাম আবু দাউদ আত তয়ালীসির মুসনাদ গ্রন্থ। আল-কুনা লিন নাসায়ী, আল আরবা'উনা লি আবি 'আব্দির রহমান, ফাযায়িলুল কুরআন লি ইবন আবি দাউদ আস-সিজিস্তান, কিতাবুস সুন্নাহ লি ইবন 'আসিম, তাফসীর ইবন আবি হাতিম আর-রাযী, তাফসীর ইবনিল মুনযির, আর-তারগীব ওয়াত তারহীব লি আবিল কাসিম ইসমা'ঈল ইবন মুহাম্মদ আল ইসফাহানী।<sup>৪৮</sup> জাল হাদীছ নিরূপণ, পদ্ধতি ও 'ইলমুল জারাহ ওয়াত তা'দীল এর ক্ষেত্রে ইমাম ইবনুল জাওয়ী (র) যে সমস্ত হাদীছ সমালোচনা বিজ্ঞানীর নীতিমালার উপর নির্ভর করেছেন এমন কয়েকজনের নাম উল্লেখ করা হলো-আহমাদ ইবন হাম্বল, ইবরাহীম ইবন ইয়া'কুব আল-জুযজানী, ইবরাহীম ইবন সা'আদ ইবন ইবরাহীম আবু ইসহাক, আবু বকর ইবন আবি শায়বা, আবু বকর ইবন আহমাদ ইবনুল হুসাইন ইবন 'আলী আল-বায়হাকী, আবু বকর মুহাম্মদ ইবন ইসহাক ইবন খুযাইমা, আবু বকর ইবনুল খতীব আল-বাগদাদী, আবু বকর আল মারুফী, আবু বকর মুহাম্মদ ইবন মানসুর আস-সাম'আনী, আবু হাতিম আর রাযী, আবু হাতিম ইবন হিব্বান আল-বুসতী, আবু হানীফা অন-নু'মান, আবু দাউদ আস-সিজিস্তান, আবু দাউদ আত-তয়ালিসী, আবু যুর'আ আর-রাযী, আবু সা'আদ ইবন ইউনুস, আবু সুলাইমান আল-খাত্বাবী, আবু 'উছমান আদ-দারিমী, আবু 'আলী আল-আহওয়ায়ী, আবুল ফাতহ আল-আযদী মুহাম্মদ ইবনুল হুসাইন, আবু নু'আইম আল-ইসফাহানী, ইসহাক ইবন রাহুযাই, 'আব্দুর রহমান ইবন 'আমর আল-আওয়ায়ী, আবু 'আব্দিল্লাহ মুহাম্মদ ইবন ইসমা'ঈল আল-বুখারী, আহমাদ ইবন মুহাম্মদ ইবন আহমাদ ইবন গালিব আল-বুরকানী, আবু 'ঈসা মুহাম্মদ ইবন 'ঈসা আত-তিরমিযী, হাম্মাদ ইবন সালমা, আল-হাকিম আন-নাইশাপুরী, মুহাম্মদ ইবন তাহির ইবন 'আলী আল-মাকদাসী ইবন তাহির, ইবন 'আদী, মুহাম্মদ ইবন মুসলিম, হাফস ইবন গিয়াছ, সুলাইমান আত-তাইমী, আবু 'আব্দির রহমান 'আব্দুল্লাহ ইবন মুহাম্মদ আল-মারুফী, সুফিয়ান আছ-ছাওরী, সুফিয়ান ইবন 'উয়াইনা, মুহাম্মদ ইবন ইদরীস আশ-শাফি'ঈ, শু'বা ইবনুল হাজ্জাজ, আবু 'আলী মুহাম্মদ ইবনুল মুবারক, আবুল হাসান আহমাদ ইবন 'আব্দিল্লাহ ইবন সলিহ আল-'আজলী, আবু হাফস মুহাম্মদ ইবন 'আমর ইবন হাম্মাদ আল-'উকাইলী, 'আলী ইবনুল মাদীনী,

মুহাম্মদ ইবন 'উবাইদিল্লাহ আবু সুলাইমান আল-ফায়ারী, মালিক ইবন আনাস, মুহাম্মদ ইবন 'আব্দিল্লাহ ইবন নুমান, মুসলিম ইবনুল হাজ্জাজ, আবু 'আব্দির রহমান আহমাদ ইবন শু'আইব আন-নাসায়ী, মুহাম্মদ ইবন 'আলী ইবন 'আমর আবু সা'ঈদ আল-ইসফাহানী, ওয়াকী' ইবনুল জাররাহ আর-রাসী, ইয়াহইয়া ইবন সা'ঈদ আর-কাত্তান, ইয়াহইয়া ইবন 'উয়াইনাহ, ইয়াহইয়া ইবন ম'ঈন এবং ইয়াযীদ ইবন হারুন প্রমুখ।<sup>৪৯</sup>

### উপসংহার

মাওযু' হাদীছ নিরূপণে চার ইমাম, মুহাদ্দিছগণ ও ইমাম ইবনুল জাওয়ী (র) যে অবদান রেখেছেন তা ইতিহাস জগতে এক বিরল কীর্তি। তারা মাওযু' হাদীছ প্রতিরোধ, নিরূপণ ও বিস্তাররোধে যে বিজ্ঞানময় নীতিমালা উদ্ভাবন করেছিলেন তা সত্যিই এক মহাআশ্চর্যের বিষয়। এ নীতিমালা প্রণয়নে আরো যারা অবদান রাখেন তাদের মধ্যে ইবনুস সলাহ (মৃত ৬৪৩ হি.) অন্যতম। তিনি তাঁর মুকাদ্দামা গ্রন্থে ১৬৫টি মূলনীতি একত্রিত করেন। এদ্ব্যতীত যারা জাল হাদীছ নিরূপণে অগ্রণী ভূমিকা রাখেন তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, ইমাম নববী (মৃত ৯১১ হি.), হাফিয ইমামুদ্দীন ইবন কাছীর (মৃত ৭৭৪ হি.), ইবন হাজার আল-'আসকালানী, খতীব আল-বাগদাদী, ইমাম যাইনুদ্দীন আল-'ইরাকী, আব্দুল হাই লাখনুবী প্রমুখ। এ বিষয়ে তাদের গবেষণা ও কঠোর পরিশ্রমের ফলে আমরা আজ সহজে হাদীছের মাণ ও স্তর সম্পর্কে অবগত হতে পারছি। তাদের এ মহান কীর্তি পরবর্তী প্রজন্মের জন্য রাসুলুল্লাহ (সা)-এর বিশুদ্ধ হাদীছের উপর 'আমল করার মহাসুযোগ লাভ করেছে যা উম্মতের জন্য এক কল্যানকর নি'আমত বটে।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (র), হাদীসের নামে জালিয়াতি প্রচলিত মিথ্যা হাদীস ও ভিত্তিহীন কথা (বিনাইদহ: বাংলাদেশ, আস-সুন্নাহ পাবলিকেশন্স, ৫ম সংস্করণ, ২০১৭ খ্রি.), পৃ. ২৬১-২৬৬।
- <sup>২</sup> মাওলানা অছিউর রহমান, প্রপ্নোত্তরে শারহ নুখবাতিল ফিকার (ঢাকা: বাংলা বাজার, খানভী লাইব্রেরী, তৃতীয় প্রকাশ, ২০০৩ খ্রি.), পৃ. ২৩।
- <sup>৩</sup> ড. মাহমুদ আত-তাহান, তায়সীর মুসতাহাফিল হাদীছ (রিয়াদ: ২০০৩ খ্রি.), পৃ. ২৩।
- <sup>৪</sup> মাওলানা অছিউর রহমান, প্রপ্নোত্তরে শারহ নুখবাতিল ফিকার, পৃ. ২৪।
- <sup>৫</sup> তার প্রকৃত নাম নু'মান। পিতার নাম ছাবিত। উপনাম আবু হানিফা। উপাধি ইমাম 'আযম। তিনি ইমাম আবু হানিফা নামেই পরিচিত। তিনি ৮০ হিজরীতে বাগদাদের কূফা নগরীতে জন্মগ্রহণ করেন। তিনি চার ইমামের একজন প্রথম সারির ইমাম ছিলেন। তিনি উসূল, হাদীছ সহ ফিকহী জগতের একজন শ্রেষ্ঠতম ফকীহ ছিলেন। তিনি একজন তাবি'ঈ ছিলেন। তিনি ১৫০ হিজরীতে মৃত্যুবরণ করেন।
- <sup>৬</sup> দ্র. শামসুদ্দীন আয-যাহাবী, সিয়রু আ'লামিন-নুবাল্লা, ৬ষ্ঠ খণ্ড (বৈরুত: মু'আসসাআতুর রিসালাহ, ১২শ সংস্করণ, ১৪১৭ হি./১৯৯৬ খ্রি.), পৃ. ৩৯০; তাকীউদ্দীন ইবন আব্দিল কাদির আত-তামীমী আল-হানফী, আত-তাবাকাআতুস-সাল্ফিয়াহ ফী তারাজিমিল হানাফিয়াহ, তাহকীক: আব্দুল ফাত্তাহ মুহাম্মদ আল-হালাজী, ১ম খণ্ড (রিয়াদ: দারুল-রাফা'ঈ, ১ম সংস্করণ, ১৪০৩ হি./১৯৮৩ খ্রি.), পৃ. ৭৪; মুহাম্মদ আল-হাজ্জাজী, আল-ফিকরুস-সামী, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৪১৬ হি./১৯৯৫ খ্রি.), পৃ. ৪১০; মুফতি গোলাম রাব্বানী ভুইয়া, আসমাউর রিজাল (ঢাকা: মাকতাবুল ইসলাম, তা.বি., ২০১৯ খ্রি.), পৃ. ৮৮।
- <sup>৭</sup> মুহাম্মদ ইবন 'আব্দুল ওয়াহিদ আস-সিওয়াসি, ফাতহুল কাদীর, ১২শ খণ্ড (মিসর: দারুল কুতুব আল ইলমিয়াহ, তা.বি.), বারু ফাসলি ফিত তা'যীর, পৃ. ১৬৬।
- <sup>৮</sup> তাঁর প্রকৃত নাম মালিক। উপনাম আবু 'আব্দিল্লাহ। পিতার নাম আনাস। তিনি ইমাম মালিক নামেই পরিচিত। তিনি ৯৪ হিজরীতে মদীনায় জন্মগ্রহণ করেন। তিনি ১৭ বছর বয়স থেকেই দারস দেয়া শুরু করেন। তাঁর মেধাশক্তি ছিলো প্রখর। তিনি হাদীছ, ফিকাহ, উছুল সহ বিভিন্ন বিষয়ের পণ্ডিত ছিলেন। হাদীছ বিষয়ে প্রথম লিখিত গ্রন্থ ইমাম মালিকের আল মুয়াত্তা। এটি একটি বুনয়াদি গ্রন্থ। মালিকী মাযহাব তাঁকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। চার ইমামের তাঁকে দ্বিতীয় সারীর ইমাম মনে করা হয়।
- <sup>৯</sup> দ্র. সিয়রু আ'লামিন-নুবাল্লা, ৮ম খণ্ড, পৃ. ৪৮; ইবন খাল্লিকান, ওয়াফায়াতুল আ'ইয়ান, ২য় খণ্ড (কুম: মানশ্বাতুশ-শারীফুর রিয়া, ২য় সংস্করণ, তা.বি.), পৃ. ৩০০; ইবন তাগরী বিরদী, আন-নুজুমুয-যাহিরাহ, ২য় খণ্ড (মিসর: দারুল কুতুব, তা.বি.), পৃ. ৯৬; আসমাউর রিজাল, পৃ. ৯০।



- ৮ মুসলিম ইবন হাজ্জাজ আল-কুশাইরী, *সহীহ মুসলিম*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল ইলমিয়াহ, ১৪১৭ হি/১৯৯৬ খ্রি.), বাবু মা ইউহাদিছু মা সামি'আ, হাদীছ নং ৫ ও ৮, পৃ. ১০।
- ৯ আল-উকাইলী, *আয-যু'আফা আল-কাবীর*, ১ম খণ্ড (মিসর: দারুল কুতুব আল ইলমিয়াহ, তা.বি.), পৃ. ১৩; ড. মুস্তাফা আস-সিবা'ঈ, *আস-সুন্নাহ ওয়া মাকানাতুহা* (বৈরুত: আর-মাকতাবুল ইসলামী, ১৯৮৫ খ্রি.), পৃ. ৯৩।
- ১০ ইমাম শাফি'ঈ (রা)-এর প্রকৃত নাম মুহাম্মদ। উপনাম আবু 'আদিল্লাহ। পিতার নাম ইদরীস। নিসবতী নাম শাফি'ঈ। পূর্ণ নাম আবু 'আদিল্লাহ মুহাম্মদ ইবন ইদরীস আশ-শাফি'ঈ। ইমাম আবু হানিফা যে দিন ইত্তিকাল করেন ইমাম শাফি'ঈ সে দিন জন্ম গ্রহণ করেন। তিনি ১৫০ হিজরীতে 'আসকালান বা মদীনাতে জন্মগ্রহণ করেন। তাঁর পূর্ব পুরুষ 'উছমান ইবন শাফি'ঈ থেকেই তাকে শাফি'ঈ বলা হয়। তিনি প্রথমে মদীনার অধিকারী ছিলেন। মাত্র ১৫ বছর বয়সে মদীনার 'আলিমগন তাকে ফাতওয়া দেওয়ার অনুমতি প্রদান করেন। তিনি হাদীছ ও ফিকাহ শাস্ত্রে গভীর জ্ঞানের অধিকারী ছিলেন। শাফি'ঈ মায়হাবের তিনিই প্রতিষ্ঠাতা। চার ইমামের তৃতীয় ইমাম নামে পরিচিত। তিনি ২০৪ হিজরীতে মিশরে ইত্তিকাল করেন।  
 দ্র. *সিয়ারু আ'লামিন-নুবালা*, ১০ম খণ্ড, পৃ. ৫-৬; ইবন খাল্লিকান, *ওয়াফয়াতুল-আ'ইয়ান*, ৪র্থ খণ্ড, পৃ. ১৬৩; ইবনুল ইমাদ আল-হাম্বলী, *শায়ারাতুয-যাহাব*, ২য় খণ্ড, পৃ. ৯; মুফতি গোলাম রাক্বানী ভূইয়া, *আসমাউর রিজাল*, পৃ. ৮৯।
- ১১ আত-তামহীদ লিমা ফি মুয়াজ্জা মালিক মিনাল মাসানীদ, ৫ম খণ্ড, পৃ. ২৯; উজাজ আল-খতীব, *আস-সুন্নাহ কুবলাত তাদবীন* (বৈরুত: দারুল ফিকর, ১৩৯১ হি./১৯৭১ খ্রি.), পৃ. ২৩৭। উক্ত বাণীটি কয়েকটি ভিন্ন শব্দ দিয়ে এভাবে বর্ণিত হয়েছে,  
 قال الشافعي كان بن سيرين وإبراهيم النخعي وغير واحد من التابعين يذهبون الى ان لا يقبلوا الحديث الا عن عرف وحفظ وما رأيت أحدا من أهل العلم بالحديث يخالف هذا المذهب
- ১২ দ্র. আহমাদ আল খতীব, *আল-কিফয়াহ ফি 'ইলমির রুআত*, অনুচ্ছেদ: বাবু ফি ইখতিয়ারি-স সিমা'ঈ, ১ম খণ্ড, পৃ. ১৩২।  
 তাঁর প্রকৃত নাম আহমাদ। উপনাম আবু 'আদিল্লাহ। দাদার নাম অনুসারে তাঁকে হাম্বাল বলা হয়। তাঁর পূর্ণনাম আহমাদ ইবন মুহাম্মদ ইবন হাম্বাল আশ-শায়বানী। তিনি ১৬৪ হিজরীতে বাগদাদে জন্মগ্রহণ করেন। তিনি হাদীছ ও ফিকাহ শাস্ত্রের ইমাম ছিলেন। সাড়ে সাত লক্ষ হাদীছ থেকে বাছাই করে মাত্র ৩০ হাজার হাদীছ তার মুসনাদে আহমাদে লিপিবদ্ধ করেন। হাম্বলী মায়হাব তাঁর নামেই প্রতিষ্ঠিত হয়েছে। তাকে চতুর্থ ইমাম বলা হয়। তিনি ৭৭ বছর বয়সে ২৪১ হিজরীতে মৃত্যু বরণ করেন। দ্র. *ওয়াফয়াতুল-আ'ইয়ান*, ৪র্থ খণ্ড, পৃ. ৪৭; *সিয়ারু আ'লামিন-নুবালা*, ১১শ খণ্ড, পৃ. ১৭৭-১৭৮; *শায়ারাতুয-যাহাব*, ১ম খণ্ড, পৃ. ৩৫৫; মুফতি গোলাম রাক্বানী ভূইয়া, *আসমাউর রিজাল*, পৃ. ৯১।
- ১৩ নাসিরুদ্দীন আলবানী, *সহীহ আত-তারগীব ওয়াত তারহীব*, ১ম খণ্ড (রিয়াদ: মাকতাবতুল মা'আরিফ, ২০০০ খ্রি./১৪২১ হি.), পৃ. ৩৯; আবু 'আদিল্লাহ আন নিসাপুরী, *মা'রিফাতু 'উলুমিল হাদীছ*, ১ম খণ্ড (বৈরুত: মাকতাবতুল তিজারী, তা.বি.), বাবু মা'রিফাতিস-সহীহ ওয়াস-সাকীম, পৃ. ১০৬; ড. মাহির আল-ফাহল, *বুহুছ ফিল মুসতালাহি*, ১ম খণ্ড, বাবু আহমিয়াতু মা'রিফাতিল ইখতিলাফাতি ফিল মুতুন, পৃ. ৬৩; *নাযারাতুন জাদীদাতুন ফি 'উলুমিল হাদীছ*, ১ম খণ্ড, বাবু খাতিমাহ, পৃ. ৩৬।
- ১৪ *আস-সুন্নাহ কুবলাত তাদবীন*, পৃ. ২৩৩।
- ১৫ প্রাণ্ডক্ত, পৃ. ২৩৭-২৩৮।
- ১৬ আকরাম যিয়া আল 'উমরী, *বুহুছুন ফী তারীখিস সুন্নাহ আল-মুশাররাফাহ* (মদীনাতে মনুয়ারাহ : মাকতাবতুল 'উলূম ওয়াল হাকাম, তা.বি.) পৃ. ৯০।
- ১৭ মুহাম্মদ ইবন ইসমা'ঈল আল-বুখারী, *সহীহ বুখারী*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, তা.বি.), বাবু কায়ফা ইয়াকবিয়ুল 'ইলম ওয়া কাতাবা 'উমার ইবন 'আদিল 'আযীয, হাদীছ নং ১০০, পৃ. ৩১।
- ১৮ ইবনুল জাওয়ী, *আল-মাওয়ু'আত মিনাল আহাদীছিল মারফু'আত*, ১ম খণ্ড (রিয়াদ : দারু ইয়ওয়ায়িস সালাফ, ১৪১৮ হি./১৯৯৭ খ্রি.), পৃ. ৮৭।
- ১৯ প্রাণ্ডক্ত, পৃ. ৮৮।
- ২০ *আস-সুন্নাহ ওয়া মাকানাতুহা*, পৃ. ৮০; ড. মোহাম্মদ বেলাল হোসেন, *হাদীসের বিশুদ্ধতা নিরূপণ: প্রকৃতি ও পদ্ধতি* (ঢাকা: বাংলাদেশ ইসলামিক সেন্টার, ২০০৯ খ্রি./১৪১৬ হি.) পৃ. ৯০।
- ২১ হাজী খলীফা, *কাশফুয যুনুন*, ২য় খণ্ড (বৈরুত : দারুল ফিকর, ১৪০২ হি./ ১৯৮২ খ্রি.), পৃ. ২৮৫।
- ২২ ড. মুস্তাফা আস-সিবা'ঈ, *ইসলামী শরীআহ ও সুন্নাহ*, অনুবাদ: এ এন এম সিরাজুল ইসলাম, ১ম খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৯৮ খ্রি.) পৃ. ৮১; ইবনুল জাওয়ী, *আল-মাওয়ু'আত মিনাল আহাদীছিল মারফু'আত*, পৃ. ৮৯।
- ২৩ ড. মোহাম্মদ বেলাল হোসেন, *হাদীসের বিশুদ্ধতা নিরূপণ: প্রকৃতি ও পদ্ধতি*, পৃ. ৯০।
- ২৪ ইবনুল জাওয়ী, *আল-মাওয়ু'আত মিনাল আহাদীছিল মারফু'আত*, ১ম খণ্ড, পৃ. ৯০; মুফতি আমীমুল ইহসান, *মিয়ানুল আখবার* (ঢাকা: মাকতাবায়ে রাশীদিয়াহ, ১৯৮১ খ্রি.), পৃ. ৯৯।

- ২৫ ইমাম নববী, *তাদরীবুর রাবী*, ১ম খণ্ড (লাহোর: দারুল নাশরিল কুতুব আল ইসলামিয়াহ, তা.বি.), পৃ. ৩২-৩৩; ড. মোহাম্মদ বেলাল হোসেন, *হাদীসের বিশুদ্ধতা নিরূপণ: প্রকৃতি ও পদ্ধতি*, পৃ. ৯১।
- ২৬ প্রাণ্ডক্ত, পৃ. ৯৩।
- ২৭ প্রাণ্ডক্ত, পৃ. ৯১।
- ২৮ ইবনুল জাওযী, *আল-মাওযু'আত মিনাল আহাদীছিল মারফু'আত*, ১ম খণ্ড, পৃ. ৯০-৯১।
- ২৯ ড. তাকিউদ্দীন নববী, *'ইলমু রিজালিল হাদীছ* (লক্ষ্মী: মাকতাতুল ফিরদৌস, ১৯৮৫ খ্রি.), পৃ. ১২৬।
- ৩০ *হাদীসের বিশুদ্ধতা নিরূপণ: প্রকৃতি ও পদ্ধতি*, পৃ. ৯৬।
- ৩১ ইমাম হাকিম আন-নিশাপুরী, *মা'রিফাতু 'উলুমিল হাদীছ*, পৃ. ৭১।
- ৩২ *কিতাবু মানাহিলিল 'ইরফান ফী 'উলুমিল কুরআন*, ১ম খণ্ড, পৃ. ২৪৬; *আস-সুন্নাহ ওয়া মাকানাতুহা ফীত তাশরী'ঈল ইসলামী*, পৃ. ৯১।
- ৩৩ *সহীহ মুসলিম*, মুকাদ্দামাহ, ১ম খণ্ড, হাদীছ নং ২৭, পৃ. ৩২।
- ৩৪ আবু বকর খত্বীব আল-বাগদাদী, *শারফু আসহাবিল হাদীছ* (বৈরুত: দারুল কুতুব আল-'ইলমিয়াহ, তা.বি.), পৃ. ২০২; *আস-সুন্নাহ কুবলাত তাদবীন*, পৃ. ২২৩।
- ৩৫ আল-কাত্তানী, *আর রিসালাহ আল-মুসতাতরাফাহ* (করাচী: মাকতাবাতু নূর মুহাম্মদ আত-তিজারিয়াহ, তা.বি.), পৃ. ১২৪।
- ৩৬ আর উজাজ আল-খতীব, *আল মুখতাসারুল ওয়াজীয ফি 'উলুমিল হাদীছ* (মাকতাবাতুন নূর, ২০২১ খ্রি.) পৃ. ২৭৪।
- ৩৭ *আর রিসালাহ আল-মুসতাতরাফাহ*, পৃ. ১২৩।
- ৩৮ *আল-মুখতাসারুল ওয়াজীয*, পৃ. ২৭৪।
- ৩৯ ইবনুল জাওযী, *কিতাবুল মাওযু'আত*, ১ম খণ্ড, পৃ. ৯৫।
- ৪০ প্রাণ্ডক্ত।
- ৪১ প্রাণ্ডক্ত, পৃ. ৯৬।
- ৪২ *আল-মুখতাসারুল ওয়াজীয*, পৃ. ২৭৪; *হাদীসের বিশুদ্ধতা নিরূপণ: প্রকৃতি ও পদ্ধতি*, পৃ. ১০৫।
- ৪৩ ইবনুল জাওযী, *কিতাবুল মাওযু'আত মিনাল আহাদীছিল মারফু'আত*, ১ম খণ্ড, পৃ. ১০৩-১০৪।
- ৪৪ প্রাণ্ডক্ত, ১ম খণ্ড, পৃ. ১০৩-১০৫।
- ৪৫ *মাওয়ারীদুল জুরকানী ফী কিতাবীল আবাতীল*, ১ম খণ্ড, পৃ. ৮৭।
- ৪৬ শাসুসদ্দীন আয-যাহাবী, *সিয়ারু আ'লামিন নুবাল*, ২০শ খণ্ড (বৈরুত: মুআস-সাসাতুর রিসালাহ, তা.বি.), পৃ. ১৭৮।
- ৪৭ ইবনুল জাওযী, *কিতাবুল মাওযু'আত মিনাল আহাদীছিল মারফু'আত*, ১ম খণ্ড, পৃ. ১০৬।
- ৪৮ প্রাণ্ডক্ত, পৃ. ১০৭-১১০।
- ৪৯ প্রাণ্ডক্ত, পৃ. ১১০-১১১।

## মুহাম্মাদ ইব্নুল জায়ারী : জীবন ও অবদান (Muhammad Ibn al-Jazari : Life and Contribution)

ড. মুহাম্মাদ মাহবুবুর রহমান\*

**Abstract:** Muhammad ibn al-Jazari (R) was a short-lived scholar of the seventh and eighth centuries and a unique personality with many talents. He was simultaneously a memorizer of the Qur'an, an imam, a muhaddith, a renowned teacher, a trusted great personality, a judge and a reciter. He memorized Quranul Kareem in his childhood. After that he went to a large number of teachers to acquire knowledge on various subjects. He traveled to many countries for the purpose of education, educational institutions and professional duties. Ibn al-Jazari (R) established a madrasa called *Darul Quran*. He taught *Ilmul Qiraat* as an expert teacher in various mosques, madrasas and educational institutions. In addition to serving as a judge and secretary, he also made a name for himself as a well-known author. In addition to recitations, he has written numerous books on various aspects such as matters of science and history related to Hadith, Fiqh, Usulul Fiqh, Faraiz, Sirat and Advices which will enlighten and full the future generation with the light of Islamic knowledge

### ভূমিকা

ইব্নুল জায়ারী (র) ছিলেন একাধারে, হাফিয, মুহাদ্দিস, শিক্ষক, কারী, ইলমুত-তাজবীদ ও কিরাআতের ইমাম, বিচারপতি, ফকীহ, সত্যসন্ধানী, সম্পদশালী ও আকর্ষণীয় ব্যক্তিত্ব, প্রাজ্ঞভাষী, বাগ্মী, অতুলনীয়, খ্যাতিসম্পন্ন ব্যক্তিত্ব, লেখক ও পরিভ্রমণকারী। তিনি এমন একজন লেখক ছিলেন, যার লিখিত গ্রন্থ থেকে মানুষ উপকৃত হচ্ছে। তিনি ছিলেন পৃথিবীর নানা দিগন্তে চলমান সূর্যের ন্যায় একজন পরিভ্রমণকারী। আলোচ্য প্রবন্ধে মুহাম্মাদ ইব্নুল জায়ারী (র)-এর নাম ও বংশ পরিচয়, জন্ম, শিক্ষাজীবন, শিক্ষকমণ্ডলী, জ্ঞানার্জনে বিভিন্ন দেশ ভ্রমণ, তাঁর সম্পর্কে মনীষীগণের অভিমত, ইতিকাল এবং ইলমুল কিরাআত ও অন্যান্য বিষয়ে গ্রন্থ রচনার মাধ্যমে যে অবদান রেখেছেন সে সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

### মুহাম্মাদ ইব্নুল জায়ারী (র)-এর সংক্ষিপ্ত জীবনী

#### নাম ও বংশ পরিচয়

ইব্নুল জায়ারী (র)-এর প্রকৃত নাম মুহাম্মাদ। উপাধি শামসুদ্দীন।<sup>১</sup> উপনাম আবুল খায়র।<sup>২</sup> তাঁর বংশ পরিক্রমা হলো, মুহাম্মাদ ইব্ন মুহাম্মাদ<sup>৩</sup> ইব্ন মুহাম্মাদ ইব্ন মুহাম্মাদ ইব্ন আলী ইব্ন ইউসুফ ইব্নুল জায়ারী<sup>৪</sup> আল্-উমারী আদ্-দিমাশ্কী<sup>৫</sup> আশ্-শীরাযী<sup>৬</sup> আশ্-শাফি'ঈ<sup>৭</sup>। তিনি স্বদেশে ইমামুল আযম বা বড় ইমাম উপাধীতে ভূষিত ছিলেন।<sup>৮</sup> তবে ইব্নুল জায়ারী (র) ইসলামী বিশ্বে মুকরী হিসাবে প্রসিদ্ধ ছিলেন। স্বীয় যুগে কারীগণের শিক্ষক।<sup>৯</sup> তাঁর সম্পর্কে 'আত্-তামহীদ' গ্রন্থে বর্ণিত হয়েছে,

هُوَ الْإِمَامُ الْعَالِمُ، أَحَدُ عُلَمَاءِ الْقُرَاءَاتِ، وَأَشْهُرُ الْمَتَأَحَّرِينَ فِي هَذَا الْقَرْنِ.

-'তিনি ছিলেন আলিমগণের ইমাম। ইলমুল কিরাআতের আলিমগণের অন্যতম। এ শাস্ত্রে পরবর্তীগণের মধ্যে খ্যাতিসম্পন্ন ব্যক্তিত্ব।'<sup>১০</sup>

#### জন্ম ও জন্মস্থান

মুহাম্মাদ ইব্নুল জায়ারী (র) দিমাশ্ক নগরীতে ৭৫১ হিজরীতে জন্মগ্রহণ করেন। অতঃপর এখানেই লালিত পালিত হন এবং লেখাপড়া করেন।<sup>১১</sup> তাঁর জন্মতারিখ সম্পর্কে স্বীয় পিতা বলেন,

\* প্রফেসর, ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

مَنْ لَفَّظَ وَالِدِهِ مَوْلِدُهُ لَيْلَةَ السَّبْتِ الْخَامِسِ السُّورَيْنِ بِدِمَشْقَ. عَشْرِي رَمَضَانَ سَنَةِ اِحْدَى وَخَمْسِينَ وَسَبْعِمِائَةَ دَاخِلِ خَطِ الْقَصَاعِينَ بَيْنَ.  
-‘তিনি ২৫ রমযান ৭৫১ হিজরী শনিবার রাতে দিমাশ্কে দুই সীমান্ত প্রাচীর-এর মধ্যবর্তী স্থান খাতুল কাসাঙ্গিন নামক স্থানে জন্মগ্রহণ করেন।’<sup>১২</sup>

আব্দুর রহমান আস্-সাখাভী (র) বলেন,

كَانَ أَبُوهُ تَاجِرًا فَمَكَتْ أُرْعَيْنَ سَنَةً لَا يُؤَلِّدُ لَهُ وَوَلَدَ ثُمَّ حَجَّ فَشَرِبَ مَاءَ زَمْرَمَ بَيْتَةِ أَنْ يَرْزُقَهُ اللَّهُ وَلَدًا عَالِمًا فَوَلَدَ لَهُ صَاحِبُ  
الزُّجْمَةِ فِي لَيْلَةِ السَّبْتِ الْخَامِسِ وَالْعَشْرَيْنِ مِنْ رَمَضَانَ سَنَةِ 751 اِحْدَى وَخَمْسِينَ وَسَبْعِمِائَةَ بِدِمَشْقَ فَنَشَأَ بِهَا.

-‘তঁর পিতা মুহাম্মাদ একজন ব্যবসায়ী ছিলেন। চল্লিশ বছরের বৈবাহিক জীবনে তিনি ছিলেন নিঃসন্তান। তারপর তিনি হজ্জ সম্পন্ন করে যম্বমের পানি পান করে আল্লাহর কাছে একজন আলিম সন্তান প্রার্থনা করেন। আল্লাহ তঁর দু’আ কবুল করেন। ইবনুল জায়ারী ৭৫১ হিজরীর ২৫ রমযান শনিবার রাতে তারাবীহ নামাযের পর দিমাশ্কে জন্মগ্রহণ করেন।’<sup>১৩</sup>

### শিক্ষাজীবন

ইবনুল জায়ারী (র) প্রাথমিক শিক্ষা লাভের পর ৭৬৪ হিজরীতে দিমাশ্কে ১৩ বছর বয়সে কুরআনুল কারীম হিফয করেন। তিনি ৭৬৫ হিজরীতে ইমাম হিসাবে দায়িত্ব পালন করেন।<sup>১৪</sup> এরপর তঁর আত্মীয় মুহাম্মাদ ইব্ন ইসমাঙ্গিল আল্-খাব্বায় (র)-এর নিকট হাদীস শিক্ষা করেন এবং ইজাযাত লাভ করেন। তারপর ইলমুল কিরাআতসহ তাফসীর, হাদীস, ফিকহ, উসুলুল ফিকহ, তাওহীদ, বালাগাত, নাহ্-সরফ এবং ভাষাতত্ত্ব প্রভৃতি বিষয়ে উচ্চ শিক্ষা লাভের উদ্দেশ্যে দিমাশ্কে ছাড়াও মিসরের কায়রো, ইস্কান্দারিয়াহ ও হিজায় পরিভ্রমণ করেন। তিনি ইস্কান্দারিয়ায় ইবনুদ্-দিমইয়াতীসহ একদল মুকরীর নিকট ইলমুল কিরাআত শিক্ষা করেন। তিনি বিভিন্ন কিরাআত শিক্ষা করেন এবং ৭৬৮ হিজরী সালে কিরাআতে সাব’আয় দক্ষতা অর্জন করেন। তারপর ৭৬৯ হিজরীতে দশ কিরাআত সম্পর্কে শিক্ষালাভের জন্য কায়রো গমন করেন।<sup>১৫</sup>

ইবনুল জায়ারী ইলমুল কিরাআত সংক্রান্ত জ্ঞানার্জনের জন্য তঁর যুগের শীর্ষস্থানীয় মুকরীগণের নিকট গমন করেন। এ লক্ষ্যে তিনি সিরিয়া, মিসর এবং হিজায় গমন করেন। এ সময় পৃথকভাবে কখনও দলগতভাবে শাতিবীয়াহ, আত্-তায়সীর, আল্-কাফী, উনওয়ান, ই’লান, আল্-মুস্তানীর এবং আত্-তাজকীরা ওয়াত্-তাজরীদসহ এ সংক্রান্ত বহু মৌলিক গ্রন্থ অধ্যয়ন করেন। তিনি মিসরের কায়রো নগরীর বিখ্যাত আলিমগণের সাহচর্য লাভ করেন। তাঁদের অন্যতম হলো, আসহাবুল ফখর ইবনুল বুখারী, আসহাবুদ্-দিমইয়াতী এবং আল্-আবারকুহী (র)। তিনি হাদীস, ফিকহ, উসূল, আল্-মা’আনী, আল্-বায়ান শিক্ষা করেন মিসরের বিখ্যাত আলিম যিয়াউদ্দিন সা’দ উল্লাহ আল্-কাযবিনী (র)-এর নিকট। তাঁকে মৃত্যুর পূর্বে ফতোওয়া প্রদানের ইজাযাত প্রদান করেন ৭৭৪ হিজরীতে আবুল ফিদা ইসমাঙ্গিল ইব্ন কাছীর, ৭৭৮ হিজরীতে যিয়াউদ্দীন, ৭৮৫ হিজরীতে শায়খুল ইসলাম বুলকিনীকে।<sup>১৬</sup> তিনি এ সময় শাফি’ঈ মাযহাবের ফিকহের গ্রন্থ ‘আত্-তান্বীহ’ হিফয করেন এবং পাণ্ডিত্য অর্জন করেন।<sup>১৭</sup> তিনি আলেকজান্দ্রিয়ায় গমন করেন এবং ইব্ন আব্দিস সালামের শিক্ষার্থীদের সংস্পর্শে আসেন।<sup>১৮</sup>

### শিক্ষকমণ্ডলী

ইবনুল জায়ারী (র) দিমাশ্কে, মিসর ও মদীনাসহ বিভিন্ন স্থানে গমন করে ইলমুল কিরাআতসহ বহুসংখ্যক বিষয়ে শিক্ষা লাভ করেন। তঁর শিক্ষকগণকে চার শ্রেণিতে বিভক্ত করা যায়। প্রথমত: ইলমুল কিরাআত, দ্বিতীয়ত: ইলমুল হাদীস, তৃতীয়ত: ইলমুল ফিকহ এবং চতুর্থত: উসূল ওয়াল মা’আনীর শিক্ষকবৃন্দ।

ইবনুল জায়ারী (র) ইলমুল কিরাআত ছাড়াও বিভিন্নমুখী জ্ঞানের অধিকারী ছিলেন। এজন্য তঁর রয়েছে অসংখ্য শিক্ষক। ‘তাহবীরুত্-তায়সীর’ গ্রন্থে তঁর প্রধান ৭ জন শিক্ষকের নাম উল্লেখ করা হয়েছে। গয়াতুন নিহায়াহ গ্রন্থে ২০ জন অন্যতম শিক্ষকের নাম উল্লেখ করা হয়েছে। তঁর শিক্ষকের সংখ্যা সম্পর্কে বলা হয়েছে,

لَيْسَ مِنَ السَّهْلِ أَنْ يُسْتَفْصِيَ الْمَرْءَ الشُّيُوخَ الَّذِينَ أَخَذَ عَنْهُمْ الْإِمَامُ ابْنُ الْجَزَرِيِّ رَحِمَهُ اللَّهُ لِأَنَّهُمْ كَانُوا عَالِمًا يَفُوقُ الْخَصْرَ.

-‘ইমাম ইব্বনুল জায়ারী (র) যে সকল শিক্ষকের নিকট থেকে জ্ঞানার্জন করেছেন তাঁদের সকলের নাম তালিকাভুক্ত করা সহজসাধ্য ব্যাপার নয়। কেননা তাঁর শিক্ষকের সংখ্যা সীমাহীন ছিল।’

নিম্নে বিভিন্ন বিষয়ে তাঁর প্রসিদ্ধ শিক্ষকগণের মধ্যে কয়েকজনের নাম উল্লেখ করা হলো-

এক. ইলমুল হাদীস। এ বিষয়ে প্রসিদ্ধ শিক্ষক হলেন, ১. আবুল ফিদা ইসমাঈল ইব্বন কাছীর, ২. আসহাবুল ফখর ইব্বনুল বুখারী, ৩. ইব্বন আব্দিস সালাম, ৪. ইব্বনুল মুহিব আল-ইরাকী, ৫. আদ-দিমইয়াতী ৬. আল-আউরক্‌হী ৭. ইব্বনু নসর।

দুই. ইলমুল ফিকহ ও ইলমুল উসূল ওয়াল মা‘আনী। এ বিষয়ে প্রসিদ্ধ শিক্ষক হলেন, ৮. শায়খুল ইসলাম আল-বুলকীনী, ১২. যিয়াউদ্দীন সা‘দ উল্লাহ আল-কাযভীনী, ১৩. ইব্বন আমিলা, ১৪. আস-সলাহ ইব্বন আবী উমর, ১৫. ইব্বন শীরাযী, ১৬. আল-মানবাহী, ১৭. আল-কামাল ইব্বন হাবীব, ১৮. আশ-শায়খ সালাহ উদ্দীন মুহাম্মাদ ইব্বন ইবরাহীম ইব্বন আব্দুল্লাহ আল-মাকদিসী আল-হাম্বলী।

তিন. ইলমুল কিরাআত: এ বিষয়ে প্রসিদ্ধ শিক্ষক হলেন, ১৯. মুহাম্মাদ ইব্বন ইসমাঈল আল খাব্বায, ২০. আবী মুহাম্মাদ ইব্বনুস-সালার, ২১. আবী মুহাম্মাদ ইব্বনুস-সালার, ২২. আশ-শায়খ আহমদ ইবরাহীম ইব্বনুত-তাহান, ২৩. আশ-শায়খ আহমদ ইব্বন রজব, ২৪. আহমাদ ইব্বন ইবরাহীম আল-হামাভী, ২৫. আশ-শায়খ আবুল মা‘আলী মুহাম্মাদ ইব্বন আহমদ আল-লাব্বান, ২৬. আবী আব্দিল্লাহ মুহাম্মাদ ইব্বন সালিহ, ২৭. আব্দুল ওয়াহ্বাব আল-কারবী, ২৮. শায়খ আবু বকর আব্দুল্লাহ ইব্বনুল জুনদী, ২৯. আবু আব্দুল্লাহ মুহাম্মাদ ইব্বনুস-সায়িগ, ৩০. আশ-শায়খ আবু মুহাম্মাদ আব্দুর রহমান ইব্বনিল বাগদাদী, ৩১. আবু ইউসুফ আহমদ ইব্বনুল-হাসীন আল-কাফরী আল-হানাফী।

**পরিভ্রমণকারী হিসাবে ইব্বনুল জায়ারী**

ইব্বনুল জায়ারী (র) একজন দেশ পরিভ্রমণকারী ব্যক্তি ছিলেন।<sup>১৯</sup> তিনি বিভিন্ন দেশের উল্লেখযোগ্য শহরে গমন করেন। তাঁর এ ভ্রমণ ছিল কখনও শিক্ষালাভের উদ্দেশ্যে, কখনও শিক্ষাপ্রদানের উদ্দেশ্যে আবার কখনও পেশাগত দায়িত্ব পালনের উদ্দেশ্যে। তিনি এ লক্ষ্যে খুরাসান, হিরাত, ইয়াযদ, ইস্পাহান, শীরায, বসরা, মক্কা ও মদীনায় কয়েক বছর ভ্রমণ শেষে শীরায নগরীতে প্রত্যাবর্তন করে আমৃত্যু সেখানে অবস্থান করেন।<sup>২০</sup>

সর্বপ্রথম ৭৬৮ হিজরীতে তিনি হজ্জের উদ্দেশ্যে মক্কা-মদীনা ভ্রমণ করেন।<sup>২১</sup> মিসর পরিভ্রমণ করেন ৭৬৯ হিজরীতে। এরপর তিনি একাধিকবার মিসর পরিভ্রমণ করেন। এরপর দিমাশকে প্রত্যাবর্তন করেন। এ সফরের এক পর্যায়ে তিনি চাকুরীর প্রতি মনোযোগী হন। তিনি কায়রো নগরীতে অর্থ মন্ত্রণালয়ে চাকুরী করেন।<sup>২২</sup> সেখানে অবস্থানকালে বিপদের সম্মুখীন হন এবং ভয়-ভীতি ও হুমকির মুখে অর্থ-সম্পদ খুইয়ে জীবন নিয়ে তিনি ৭৯৮ হিজরী মোতাবেক ১৩৯৬ খ্রিস্টাব্দে রোমের বুরসাত নগরীতে চলে আসেন।<sup>২৩</sup> এটি ছিল উছমানী সুলতান বায়াযীদের রাজধানী। তিনি সুলতান আবী ইয়াযদ ইব্বন উছমানের সঙ্গে মিলিত হন এবং সম্মানিত হন। তিনি তাঁকে শীরায নগরীর বিচারপতি হিসেবে দায়িত্ব প্রদান করেন।<sup>২৪</sup> আংকারার যুদ্ধ ৭৮৫ হিজরী মোতাবেক ১৪০২ খ্রিস্টাব্দে বায়াযীদ বন্দী হলে তৈমুর লং অন্যান্য বন্দীদের সঙ্গে তাঁকেও বন্দী করেন এবং ‘মাওয়ারা উন্-নাহার’ অঞ্চলে স্থানান্তরিত করেন। তারপর তাঁকে কুশ নগরীতে অবতরণ করানো হয়। অতঃপর ৮০৫ হিজরীতে তাঁকে সামারকান্দে পাঠিয়ে দেন। শা‘বান ৮০৭ হিজরী মোতাবেক ফেব্রুয়ারি ১৪০৫ খ্রিস্টাব্দে তৈমুর লং-এর মৃত্যু হলে তিনি খুরাসানে এসে পৌঁছান এবং হিরাত নগরীতে প্রবেশ করেন। তারপর সেখান থেকে ইয়ায্দ নগরীতে আসেন। অতঃপর তিনি ইস্পাহান নগরীতে আগমন করেন। ৮০৮ হিজরীর রমযান মাসে তিনি পুনরায় শীরায নগরীতে প্রত্যাবর্তন করেন।<sup>২৫</sup> এ নগরীর শাসনকর্তা বীর মুহাম্মাদ তাঁকে ঐ নগরীসহ পার্শ্ববর্তী অঞ্চলের বিচারপতি নিযুক্ত করলে অনিচ্ছা সত্ত্বে অল্প কিছুদিন এ দায়িত্ব পালন করেন। অবশ্য সেখানে তাঁর স্বাগতিক হওয়া দীর্ঘস্থায়ী হয়নি। সে দেশের রাজা

তাকে এবং তার সঙ্গে সংশ্লিষ্টদের সেখান থেকে অন্যত্র বদলি করেন। কিন্তু তাঁর পক্ষে সেখান থেকে মুক্তি পাওয়া সম্ভব ছিল না যতক্ষণ না আল্লাহ তাঁকে বিজয়ী করেন। অতঃপর তিনি বসরায় আসেন। অতঃপর নাজ্জদ থেকে উনায়যাহ গমন করেন। এখান থেকে ৮২২ হিজরীতে হজ্জের উদ্দেশ্যে মক্কায় রওয়ানা করেন। কিন্তু আরবের বনী লাম বেদুইন গোত্র কর্তৃক লুণ্ঠিত হন এবং হজ্জ সম্পাদন না করে ফিরে আসেন। তিনি ৮২৩ হিজরীতে হজ্জ সম্পন্ন করার পূর্ব পর্যন্ত ইয়াস্বু নামক স্থানে অবস্থান করেন। এরপর ইরাকে প্রত্যাবর্তন করেন। ৮২৬ হিজরীতে পুনরায় হজ্জ সম্পন্ন করেন।<sup>২৬</sup> ৮২৭ হিজরীতে পরিবারসহ অনারব দেশসমূহ পরিভ্রমণে বের হন। এরপর দিমাশকে ফিরে আসেন। এরপর কায়রো সফর করেন এবং হজ্জ উপলক্ষ্যে মক্কা গমণ করেন। তিনি ব্যবসা উপলক্ষ্যে হিরা থেকে ইয়ামান সফর করে ৮২৮ হিজরীতে হজ্জ সম্পন্ন করেন। অতঃপর ৮২৯ হিজরীতে কায়রো নগরীতে ফিরে আসেন এবং শামে গমন আসেন। তিনি এখান থেকে বসরা গমন করেন। অতঃপর শীরায নগরীতে আমৃত্যু অবস্থান করেন।<sup>২৭</sup> এ সকল সফরে তিনি কিরাআত ও হাদীসের শিক্ষা বিস্তারে ভূমিকা রাখেন। ৮২৭ হিজরীতে তিনি একাকী দিমাশক ও কায়রো ভ্রমণ করে কিরাআত ও হাদীস বর্ণনা করেন। তিনি একজন ব্যবসায়ী হিসেবে ইয়ামান যাত্রা করেন এবং সেখানে হাদীস বর্ণনা করেন।<sup>২৮</sup>

#### ইবনুল জায়ারী (র)-এর বিভিন্নমুখী কর্মজীবন

ইবনুল জায়ারী (র) যেমন ছিলেন একজন শিক্ষাবিদ তেমনি ছিলেন সমাজসেবক। শিক্ষা বিস্তারের পাশাপাশি সত্য-ন্যায় প্রতিষ্ঠা, দেশ ও জাতির কল্যাণে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। তিনি কুরআনগণের জন্য ‘দারুল কুরআন’ নামে একটি মাদ্রাসা নির্মাণ করেন। ৭৭৩ হিজরীতে বিচারপতি হিসেবে দায়িত্বপ্রাপ্ত হন। ৭৭৯ হিজরীতে দিমাশকের শাসকের একান্ত সচিব হিসেবে নিযুক্ত হন।<sup>২৯</sup> তিনি উমাইয়া জামি মসজিদের ‘কুব্বাতুন নাসর’ নামক গম্বুজের নিচে ইলমুল কিরাআত পাঠ দানের আসরে কয়েক বছর পর্যন্ত শিক্ষাদান করেন।<sup>৩০</sup> এছাড়া ‘তুরবাতু উম্মুস-সালিহ’ নামক শিক্ষা প্রতিষ্ঠানের যুগশ্রেষ্ঠ কিরাআত বিশেষজ্ঞ শিক্ষক। তাঁর শিক্ষক আব্দুল ওয়াহাব আস-সালারের ইত্তিকালের পর তিনি তাঁর স্থলাভিষিক্ত হন। অতঃপর ৭৯৩ হিজরীতে শামের বিচারপতি হিসেবে নিয়োজিত হন।<sup>৩১</sup> তিনি ‘আল-আদালিয়াহ’ নামক শিক্ষা প্রতিষ্ঠানে কিরাআত বিভাগের প্রধান ওস্তায ও ‘দারুল হাদীস আল-আশরাফিয়াহ’ নামক প্রতিষ্ঠানের মুহাদ্দিস হিসেবে যোগদান করেন। ৭৯৫ হিজরীতে ‘আস-সালাহিয়া আল-কাদসিয়াহ’ নামক শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিয়োজিত হন।<sup>৩২</sup> এছাড়া বারকুক ও পরে জামি আত-তাওতাহ মসজিদে খতীব হিসেবেও দায়িত্ব পালন করেন।

#### ইত্তিকাল

ইবনুল জায়ারী (র) ৮৩৩ হিজরীর ৫ রবিউল আউয়াল মোতাবেক ৬ ডিসেম্বর ১৪২৯ খ্রিস্টাব্দে জুমু‘আর প্রথম প্রহরে শীরায নগরীতে নিজ বাসভবনে ইত্তিকাল করেন। তাঁর প্রতিষ্ঠিত ইলমুল কিরাআত শিক্ষা প্রতিষ্ঠান ‘দারুল কুরআনে’ তাঁকে সমাহিত করা হয়।<sup>৩৩</sup> এ সম্পর্কে গায়াতুন-নিহায়াহ গ্রন্থে বর্ণিত আছে,

وَكَاثَتْ جَنَاتُهُ مَشْهُورَةٌ تَبَادَرُ الْأَشْرَافُ وَالْخَوَاصُّ وَالْعَوَامُّ إِلَى حِمْلِهَا وَتَفْقِيلِهَا وَمَسَّهَا تَبْرَكَابِهَا وَمَنْ لَمْ يُمْكِنَهُ الْوُصُولُ إِلَى ذَلِكَ كَانَ يَتَبَرَّكُ بِهَا وَقَدْ ائْتَرَسَ بِمَوْتِهِ كَثِيرٌ مِنْ مَهَامِ الْإِسْلَامِ.

‘তাঁর জানায়ায় সাধারণ মানুষ থেকে প্রসিদ্ধ ও মর্যাদা সম্পন্ন সর্বস্তরের মানুষ উপস্থিত ছিলেন। তারা তাঁকে বহন করা, চুমু দেয়া এবং স্পর্শ করে বরকত হাসিল করার জন্য ব্যস্ত হয়েছিল। যারা এতে অংশগ্রহণ করতে পারেনি তারা বরকত হাসিলের চেষ্টা করেছিল তাদের স্পর্শ করে, যারা জানায়ায় উপস্থিত ছিলেন। মূলত তাঁর ইত্তিকালে ইসলামের বহু গুরুত্বপূর্ণ বিষয় মুছে যায়।’<sup>৩৪</sup>

তাঁর জীবন পরিক্রমায় তিনি যেখানে পরিভ্রমণ করেছেন অথবা যেখানেই অবস্থান করেছেন সেখানেই ইলমুল কিরাআতের শিক্ষাসহ অন্যান্য জ্ঞান প্রচার-প্রসারে ভূমিকা রেখেছেন। তাঁর সমগ্র জীবন ছিল কল্যাণকর। তাঁর জীবন ছিল যেমন আনন্দপূর্ণ তেমনি ছিল বিপদ সঙ্কুল। সমগ্র জীবনে তিনি ত্যাগের মহিমায় উজ্জীবিত

ছিলেন। তাঁর এ সকল পরিভ্রমণে তিনি কোথাও ছাত্র, কোথাও শিক্ষক, কোথাও ব্যবসায়ী আবার কোথাও চাকুরীজীবী অথবা বিচরপতি হিসেবে আবির্ভূত হয়েছেন।<sup>৭৫</sup>

ইব্বনুল জাযারী (র)-এর প্রতি আল্লাহ তাঁর রহমত অব্যাহত করুন, তাঁর অবদান ও বরকত থেকে আমাদেরকে উপকৃত করুন এবং আমাদেরকে তাঁর সাথে ইল্লিয়ীনে একত্রিত করুন। আমীন!<sup>৭৬</sup>

#### তাঁর সম্পর্কে মনীষীগণের অভিমত

ইব্বনুল জাযারী (র) তাঁর যুগ ও তাঁর ইত্তিকালের পরেও ইমামুল কিরাআত ওয়াত-তাজভীদ-এর ইমাম হিসেবে আলিমগণের মধ্যে শীর্ষস্থানীয় হয়ে আছেন।<sup>৭৭</sup> তিনি ছিলেন চারিত্রিক বৈশিষ্ট্যের দিক থেকে প্রশংসনীয় চরিত্রের অধিকারী, তাঁর মেধা, যোগ্যতা ও পাণ্ডিত্যের জন্য তাঁর পূর্ববর্তী একদল আলিম তাঁকে তাঁর জীবনের প্রথমার্ধে ফাতাওয়া ও কিরাআতের শিক্ষা বিস্তারের ইজাযাত প্রদান করেন।<sup>৭৮</sup> তাঁর সম্পর্কে ইলমুর রিজালবিদগণ বহুসংখ্যক প্রশংসনীয় মতামত প্রদান করেছেন। উল্লেখযোগ্য কয়েকটি মন্তব্য নিম্নরূপ:

১. ইমাম আস্-সাখাভী (মৃত ৯০২ হি.) বলেন,

تَفَرَّدَ بِغُلُوِّ الرُّوَايَةِ وَحَفِظَ الْإِحَادِيثَ وَالْجَرْحَ وَالتَّعْدِيلَ، وَمَعْرِفَةَ الرُّوَاةِ الْمُتَقَدِّمِينَ وَالتَّأَخَّرِينَ.

-‘হাদীস বর্ণনা ও হিফযের ক্ষেত্রে এবং হাদীসের তাত্ত্বিক বিশ্লেষণ ও পুনর্বিপর্যয়ের ক্ষেত্রে সর্বোপরি হাদীস উদ্ধৃত করার ক্ষেত্রে মুতাকাদ্দিমীন ও মুতাআখিরীন আলিমগণের মধ্যে তিনি ছিলেন শীর্ষস্থানীয় ও অদ্বিতীয়।’<sup>৭৯</sup>

২. জালালুদ্দীন আস্-সুয়ূতী (মৃত ৯১১ হি.) বলেন,

وَكَانَ إِمَامًا فِي الْقِرَاءَاتِ، لِأَنَّهُ تَطَيَّرَ لَهُ فِي عَصْرِهِ، فِي الدُّنْيَا أَلْفَ "النَّشْرِ فِي الْقِرَاءَاتِ الْعَشْرَ" لَمْ يُصَنَّفْ مِثْلَهُ.

-‘তিনি ছিলেন ইলমুল কিরাআতের ইমাম। এক্ষেত্রে সমগ্র পৃথিবীতে তাঁর যুগে তিনিই ছিলেন অতুলনীয়। তিনি ‘আন-নাশরু ফিল কিরাআত’ নামক গ্রন্থ সংকলন করেন; এরূপ গ্রন্থ অপর কেউ সংকলন করতে পারেনি।’<sup>৮০</sup>

৩. আশ্-শায়খ যাকারিয়া আল-আনসারী (র) বলেন,

السَّيِّحُ الْإِمَامُ، وَالْحَبِيزُ الْهَمَامُ، شَيْخُ الْإِسْلَامِ، حَافِظُ عَصْرِهِ.

-‘তিনি ছিলেন প্রধান ইমাম, নেতৃস্থানীয় এক মহৎপ্রাণ ব্যক্তি, প্রধান ইসলামী ব্যক্তিত্ব সর্বোপরি তাঁর যুগের অন্যতম হাফিয।’<sup>৮১</sup>

৪. মোল্লা আলী আল-কারী (র) বলেন,

الْعَلَامَةُ شَيْخُ الْإِسْلَامِ وَالْمُسْلِمِينَ، وَخَاتِمَةُ الْحَفَاطِ وَالْمُحَدِّثِينَ.

-‘তিনি ছিলেন মহাজ্ঞানী ইসলাম ও মুসলিমদের অন্যতম ব্যক্তিত্ব এবং হাফিয ও মুহাদ্দিসগণের পরিসমাপ্তি।’<sup>৮২</sup>

৫. ইব্বন হাজার আল-আসকালানী (র) (৮৫১ হি.) তাঁর প্রশংসায় বলেন,

الْحَافِظُ الْإِمَامُ الْمُتَمَرِّقُ، وَلَهُجَّ بِطَلَبِ الْحَدِيثِ وَالْقِرَاءَاتِ، وَبَرَزَ فِي الْقِرَاءَاتِ وَكَانَ مُشْرِبًا، وَشَكْلًا حَسَنًا، وَفَصِيحًا بَلِيغًا. وَقَدْ إِنَّهَتْ إِلَيْهِ رَأْسُهُ عِلْمُ الْقِرَاءَاتِ فِي الْمَمَالِكِ.

-‘তিনি ছিলেন হাফিয, কারীগণের ইমাম এবং ফকীহ। তিনি হাদীস ও কিরাআতের শিক্ষার প্রতি মনোযোগী হন এবং ইলমুল কিরাআতের ক্ষেত্রে শীর্ষস্থানীয় হন। তিনি ছিলেন প্রভাব বিস্তারকারী সুদর্শন আকর্ষণীয় আকৃতির অধিকারী ও প্রাজ্ঞভাষী বক্তা। তাঁর থেকেই ইলমুল কিরাআতের নেতৃত্বের অবসান ঘটে।’<sup>৮৩</sup>

৬. মুহাম্মাদ আদ-দাউদী (র) বলেন,

الْمُتَمَرِّقُ الْحَافِظُ، شَيْخُ الْإِقْرَاءِ فِي زَمَانِهِ.

-‘তিনি ছিলেন একজন মুকরী, হাফিয এবং তাঁর যুগের কারীগণের প্রধান।’<sup>৮৪</sup>

৭. মাখরামা (র) বলেন,

أَلْمُفْرِيءِ، لَهُ الْبُدُّ الطُّوْلِي فِي الْحَدِيثِ وَالْقِرَاءَاتِ وَغَيْرِهِمَا مِنَ الْعُلُومِ، وَلَهُ فِيهَا التَّصَانِيفُ الْمُفِيدَةُ.

-‘তিনি ছিলেন একজন মুকরী, হাদীস, কিরাআত এবং অন্যান্য ইলমের ক্ষেত্রেও ছিলেন সিদ্ধহস্ত। এ বিষয়ে তাঁর লিখনী খুবই উপকারী।’<sup>৪৫</sup>

৮. ইবনুল ইমাদ (র) বলেন,

وَبِالْمَمْلَةِ، فَإِنَّهُ كَانَ عَدِيمُ النَّظِيرِ، طَائِرُ الصَّيْتِ، اِنْتَفَعَ النَّاسُ بِكُنْيَةِ، وَسَارَفِي الْأَفَاقِ مَسِيرُ الشَّمْسِ.

-‘এক কথায় তিনি ছিলেন অতুলনীয় ব্যক্তি, সুখ্যাতির অধিকারী, তাঁর গ্রন্থ দ্বারা লোকেরা উপকৃত হয়েছে। তিনি ছিলেন পৃথিবীর দিক-দিগন্তে ভ্রমণের ক্ষেত্রে চলমান সূর্যের ন্যায়।’<sup>৪৬</sup>

৯. মুহাম্মদ আশ্-শাওকানী (র) বলেন,

وَقَدْ تَفَرَّدَ بِعِلْمِ الْقِرَاءَاتِ فِي جَمِيعِ الدُّنْيَا، وَنَشَرَهُ فِي كَثِيرٍ مِنَ الْبِلَادِ، وَكَانَ أَكْبَرُ فُنُونِهِ، وَاجِلٌ مَاعِنْدَهُ.

-‘তিনি পৃথিবীতে ইলমুল কিরাআতের ক্ষেত্রে ছিলেন অদ্বিতীয় এবং তিনি তাঁর অর্জিত জ্ঞান দুনিয়াতে ছড়িয়ে দিয়েছেন। বহু বিষয়ের জ্ঞানে তাঁর শ্রেষ্ঠত্ব ছিল। সেকারণে তাঁর সময়ে তিনি সর্বাধিক সম্মানের আসনে আসীন ছিলেন।’<sup>৪৭</sup>

১০. আশ্-শাওকানী (র) আরও বলেন,

فَقَدَّمَ صَاحِبَ الرَّجْمَةِ عَلَى السَّيِّدِ شَرِيفِ الْخُرْجَانِيِّ الْمَقْدَمِ ذِكْرَهُ فَعُوتِبَ فِي ذَلِكَ فَقَالَ فَكَيْفَ لَا أَقْدِمُ رَجُلًا عَارِفًا بِالْكِتَابِ وَالسُّنَّةِ.

-‘অতঃপর জীবনীকারকে পূর্বোল্লিখিত সাইয়্যিদ শরীফ আল-জুরজানীর উপর অগ্রাধিকার দিলেন, এর ফলে তাঁকে তিরস্কার করা হলো। তিনি বললেন, আমি কেন এমন ব্যক্তিকে অগ্রাধিকার দিব না, যিনি কুরআন-সুন্নাহ সম্পর্কে অভিজ্ঞ।’<sup>৪৮</sup>

**মুহাম্মাদ ইবনুল জায়ারী (র)-এর অবদান**

মুহাম্মাদ ইবনুল জায়ারী (র) বিভিন্ন বিষয়ে বহুসংখ্যক গ্রন্থ রচনা করে অসামান্য অবদান রেখে গিয়েছেন। তাঁর গ্রন্থাবলী পৃথিবীর অনেক দেশের আলিমগণ নিজ ভাষায় নকল করেছেন ওয়ারিছের ন্যায় শতাব্দীর পর শতাব্দী ধরে। তিনি ইলমুল কিরাআত বিষয়ে সর্বাধিক গ্রন্থ রচনা করে এ বিষয়ে বড় অবদান রাখেন। এগুলোর অধিকাংশ কবিতা আকারে লেখা অথবা ব্যাখ্যা সম্বলিত অথবা কারীগণের তরজমা ও পরিচিতি সম্বলিত। এছাড়া হাদীস, ফিক্হ, উসুলুল ফিক্হ, সীরাতে, ইতিহাস ও উপদেশ সম্পর্কিত বহু সংখ্যক গ্রন্থও রচনা বহু সংখ্যক অবদান রেখে যান।<sup>৪৯</sup> অনুসন্ধানের মাধ্যমে তাঁর রচিত বিষয় ভিত্তিক ৭৯টি গ্রন্থের নাম প্রাপ্ত হয়েছে। উল্লিখিত গ্রন্থসমূহ বিষয় ভিত্তিক নিম্নে প্রদান করা হলো:

**ক. ইলমুল কিরাআত**

মুহাম্মাদ ইবনুল জায়ারী (র) তাঁর সমগ্রজীবন ইলমুল কিরাআত শিক্ষাগ্রহণ ও ইলমুল কিরাআত শিক্ষা সম্প্রসারণে নিয়োজিত ছিলেন। তিনি যখনই সময় পেয়েছেন তখনই কিরাআত শিক্ষাগ্রহণ করেছেন অথবা তা শিক্ষা দিয়েছেন অথবা গ্রন্থ রচনা করেছেন। শৈশবে কুরআনুল কারীম হিফয করার পর তিনি ইলমুল কিরাআত শাস্ত্রে উচ্চ শিক্ষালাভের উদ্দেশ্যে বিভিন্ন দেশ পরিভ্রমণ করে যুগের শীর্ষস্থানীয় মুকরীগণের নিকট গমন করেন এবং কিরাআতের উল্লেখযোগ্য গ্রন্থ অধ্যয়ন করেন। ইলমুল কিরাআতের ওপর তিনি অনেক দূর্লভ গ্রন্থ প্রণয়ন করেছেন। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি গ্রন্থ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে। এতদ্ব্যতীত অন্যান্য গ্রন্থসমূহের শুধুমাত্র শিরোনাম উল্লেখ করা হয়েছে।

১. آد-দুররাতু ফিল-কিরাআতি আস্-সালাসা আল-মুতাম্মাতু লিল কিরাআতিল আশার (الدررة في القراءات الثلاثة المتممة للقراءات العشر)



পৃষ্ঠা সংখ্যা ৩২। এতে ১২টি অধ্যায় রয়েছে। অধ্যায়গুলো নিম্নোক্তরূপ: ১. বাবু বিস্মিল্লাহ ওয়া উম্মুল কুরআন। ২. আল্-মাদু ওয়াল কাসর। ৩. আল্-হামযাতানে মিন কালিমা। ৪. আল্-হামযাতানে মিন কালিমা তাইন। ৫. আল্-হামযা আল্-মুফরাদ। ৬. আন্-নাকলু ওয়াস্-সাকিতু ওয়াল ওকুফু আলাল হামযা। ৭. আল্-ইদগামুস্-সগীর। ৮. আন্-নুনুস্-সাকিনা ওয়াত্-তানভীন। ৯. আল্-ফাত্হ ওয়াল ইমালাহ। ১০. আর্-রয়াতি ওয়াল্-লামাতি ওয়াল উকুফু আলাল মারসুম। ১১. ইয়াআতিল্-ইযাফাহ। ১২. ইয়াআতিয্-যাওয়াদ। মিশরের ‘আল্-মাকতাবাতুল আযহারীয়াহ লিত্-তুরাস’ প্রকাশনা সংস্থা থেকে পুস্তিকাটি প্রকাশিত হয়।

২. আন্-নাশরু ফিল কিরাআতিল আশার (النشر في القراءات العشر): গ্রন্থটি ৮২৩ হিজরীতে রচনা করেন। এটি দুই খণ্ডে বিভক্ত। তৃতীয় সংস্করণটি ২০০৬ খ্রিস্টাব্দ মুতাবিক ১৪২৭ হিজরীতে বৈরুতের দারুল কুতুবিল ইলমিয়াহ থেকে প্রকাশিত। প্রথম খণ্ডটির পৃষ্ঠা সংখ্যা ৩৮৩। এ খণ্ডটিতে একটি ফসল ও একটি বাবসহ ইলমুল কিরাআত বিষয়ক ৫৩টি অধ্যায় রয়েছে। প্রসিদ্ধ মুকরীগণের ইখতিলাফসহ কিরাআত সম্পর্কিত নিয়মাবলী বিস্তারিত আলোচিত হয়েছে। দ্বিতীয় খণ্ডের পৃষ্ঠা সংখ্যা ৩৫২। এতে পাঁচটি বাব ও বিশটি ফসল রয়েছে। এ সকল বাব ও ফসলে ইদগামে সগীর, মাখরাজ, নূন সাকিন ও তানভীন-এর আহকামসহ প্রভৃতি বিষয় আলোচিত হয়েছে। এতে ৫৯টি সূরার কিরাআত বর্ণিত হয়েছে।
৩. তাহবীরুত্-তায়সীর ফিল্-কিরাআতিল ‘আশার’ (تَهْوِيلُ التَّيْسِيرِ فِي الْقِرَاءَاتِ الْعَشْرِ): গ্রন্থটি মূলত আবু আমর আদ-দানী (র)-এর ‘আত্-তায়সীর’ এবং ওয়ালিউল্লাহ আবুল কাসিম আশ্-শাতিবী (র)-এর কাসীদাহ গ্রন্থ অবলম্বনে লিখিত হয়েছে। এ গ্রন্থে আবু আমর আদ-দানী (র)-এর সংক্ষিপ্ত পরিচিতি এবং ইবনুল জাযারী (র)-এর সনদ যা আবু আমর আদ-দানী পর্যন্ত মিলিত হয়েছে তা বিবৃত হয়েছে। প্রসিদ্ধ মুকরীগণের পরিচিতি ও মতপার্থক্যসহ তাঁদের কিরাআত ও এ সম্পর্কিত বিভিন্ন বিধানাবলী বর্ণিত হয়েছে। সুতরাং বলা যায় এটি তাঁর আল্-কুরআনের উচ্চারণ সম্পর্কে গবেষণামূলক পুস্তক। আত্-তায়সীর একটি ইলমুল কিরাআত বিষয়ে সর্বাধিক বিশুদ্ধ গ্রন্থ ছিল এবং সাত কিরাআত সম্পর্কে রচিত গ্রন্থসমূহের মধ্যে উল্লেখযোগ্য গ্রন্থ। এ গ্রন্থটি উম্মতের আলিমগণের মধ্যে একটি গ্রহণযোগ্য উৎস হিসাবে পরিগণিত হয়েছে। এ জন্য তিনি এ গ্রন্থকে কেন্দ্র করে সুসজ্জিত একটি গ্রন্থ রচনা করেন। যার নামকরণ করেন ‘তাহবীরুত্-তায়সীর ফিল কিরাআতিল আয়িম্মাতিল আশার’। তিনি এ গ্রন্থে সাত কিরাআতের সাথে আরও কিছু পদ্ধতি যোগ করে দশ কিরাআতে সম্পন্ন করেন। সেই সাথে তিনি কোন কোন বিষয়ে বিশুদ্ধতার ক্ষেত্রে প্রয়োজনীয় সংস্কার, সংযোজন-বিয়োজন ও ব্যাখ্যা-বিশ্লেষণ উপস্থাপন করেন। এ গ্রন্থে ২৪টি ফসল এবং ২৭টি বাব রয়েছে। এতে ১০৩টি সূরার বিভিন্ন কিরাআত আলোচিত হয়েছে। গ্রন্থটি বৈরুতের দরুল কুতুবিল ইলমিয়াহ থেকে ১৪০৪ হিজরী মুতাবিক ১৯৮৩ খ্রিস্টাব্দে প্রথম সংস্করণ প্রকাশিত হয়। এর পৃষ্ঠা সংখ্যা ২০৮।
৪. তীবাতুন নাশর ফিল্-কিরাআতিল আশার (طَبِئَةُ النَّشْرِ فِي الْقِرَاءَاتِ الْعَشْرِ): গ্রন্থটি মূলত আশ্-শাতিবীয়া আত্-তায়সীর আদ-দুররা এবং আত্-তাহযীব গ্রন্থের সংযোজিত ও বিয়োজিত এবং সংকলিত বর্ধিত কলেবর। যা ‘তাতাম্মাতুল কিরাআতিল আশার আস্-সুগরা’ নামক গ্রন্থের অনুসরণে রচিত। এ গ্রন্থের মতন গুলোকেই তিনি কবিতা আকারে একত্রিত করে নামকরণ করেন ‘তীবাতুন নাশর ফিল কিরাআতিল আশার’। গ্রন্থকার এখানে রাসূলুল্লাহ (সা)-এর যুগ থেকে বর্ণনা পরম্পরায় সহীহ সনদে প্রাপ্ত মুকরীগণের নিকট গ্রহণযোগ্য ও প্রসিদ্ধ কিরাআত একত্রিত করেছেন। কুররা আশার এর কিরাআত এখানে সংক্ষিপ্ত আকারে উপস্থাপিত হয়েছে। তিনি অতীত থেকে তাঁর সময়কাল পর্যন্ত বিভিন্ন দেশের কারী মুফতী বিশেষ করে প্রাচ্য-পাশ্চাত্য মিসর, ইরাক-এর মুকরীগণের সহীহ

কিরাআতগুলো একসাথে সংকলন করেছেন। লেখক গ্রন্থটি শা'বান ৭৯৯ হিজরী মুতাবিক ১৩৯৬ খ্রিস্টাব্দের মে মাসে সমাপ্ত করেন। গ্রন্থটির ৯টি সংস্করণ প্রকাশিত হয়। তৃতীয় সংস্করণ ২০০৫ খ্রিস্টাব্দ মুতাবিক ১৪২৬ হিজরী সনে প্রকাশিত হয়।

৫. গায়াতুন নিহায়াহ ফী তাবকাতুল কুররা<sup>৫১</sup> (غاية النهاية في طبقات القراء): এ গ্রন্থে ইলমুল কিরাআত বিষয়ে যাঁরা অসামান্য অবদান রেখেছেন তাঁদের জীবন ও কর্ম সম্পর্কে আলোচনা রয়েছে। ইলমুল কিরাআত সংক্রান্ত পূর্ববর্তী গ্রন্থসমূহ বিশেষ করে আবু আমর-আদ-দানী এবং আবী আদ্দিলাহ আয-যাহাবী তাঁদের এ সম্পর্কিত গ্রন্থে যে সকল মুকরীকে একত্রিত করেছেন তাতে পরবর্তীদের অন্তর্ভুক্ত করে গায়াতুন নিহায়াহ সংকলন করা হয়েছে। এ ক্ষেত্রে বিভিন্ন তত্ত্ব-উপাত্ত সংগ্রহ করে সংক্ষিপ্ত, নির্ভুল ও পূর্ণাঙ্গ আকৃতি দান করে বিভিন্ন স্তরের মুকরীগণকে একই সূত্রে গ্রথিত করার সুযোগ হয়েছিল ইবনুল জায়ারীর। গ্রন্থটি বৈরুতের দারুল কুতুবিল ইলমিয়াহ থেকে ১৩৫১ হিজরী মুতাবিক ১৯৩২ খ্রিস্টাব্দে প্রথম সংস্করণ এবং ১৪০২ হিজরী মুতাবিক ১৯৮২ খ্রিস্টাব্দে তৃতীয় সংস্করণ দুই খণ্ডে প্রকাশিত হয়। গায়াতুন নিহায়াহ ফী তাবকাতুল কুররাটি গ্রন্থটি ইসতাম্বুল থেকে ১৯৩৩-১৯৩৫ খ্রিস্টাব্দে ৩ খণ্ডে প্রকাশিত।
৬. মতানুল জায়ারিয়াহ<sup>৫২</sup> (متن الجزرية): এটি তাজবীদ বিষয়ক গ্রন্থ। এতে ইলমুল কিরাআতের বিষয়বস্তু কবিতা আকারে লিপিবদ্ধ। গ্রন্থটি ভূমিকা ও উপসংহার ব্যতীত ১৮টি অধ্যায়ে বিভক্ত। এর পৃষ্ঠা সংখ্যা ৭১। গ্রন্থটি তাহকীক করেছেন আবী আদ্দির রহমান মুহাম্মাদ ইবন সালীম, শিক্ষক, আল-কুরআন ও কিরাআত বিভাগ, আল-জামিয়াতুল খাইরিয়াহ, রিয়াদ। তিনি গ্রন্থে স্বতন্ত্র একটি ভূমিকার অবতারণা করেন। এতে তিনি এ গ্রন্থ পাঠের গুরুত্ব তুলে ধরেন। সেই সাথে জায়ারী (র)-এর জীবনী সংক্ষেপে আলোচনা করেন। গ্রন্থের মূল ভূমিকায় গ্রন্থকার তাজবীদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা কবিতা আকারে উল্লেখ করেন।
৭. মুনজিদুল মুকরীঈন ওয়া মুরশিদুত-তালিবীন (مُنْجِدُ الْمُكْرِيِّينَ ومرشد الطالبين): মুহাম্মাদ ইবনুল জায়ারী (র) ৭৭৩ হিজরীতে ১৭ বছর বয়সে গ্রন্থটি প্রণয়ন করেন। গ্রন্থটিতে সাতটি অধ্যায় রয়েছে। কিরাআতের অনবদ্য কিতাব 'মুনজিদুল মুকরীঈন ওয়া মুরশিদুত-তালিবীন' গ্রন্থটি সম্পাদনা করে আলী ইবন মুহাম্মাদ আলে ইমরান। গ্রন্থটি ১৪১৯ হিজরী সালে প্রথম সংস্করণ সৌদি আরবের মক্কাহ দারুল আলিমিল ফাওয়াদ নামক প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত হয়। গ্রন্থটিতে দুটি ভূমিকা রয়েছে। প্রথম ভূমিকায় আল্লাহর প্রশংসা নবী-রাসূলগণের প্রতি দরুদ সাহাবী ও পরবর্তীদের প্রতি দু'আ করা হয়েছে। এ গ্রন্থের পরিচিতি ও গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেছেন। গ্রন্থটিতে কারি দশকের মধ্যে তিনজন কারীর কিরাআত দলীল ভিত্তিক পৃথকভাবে আলোচিত হয়েছে। তাঁরা হলেন, আবু জা'ফর ইয়াযীদ ইবনুল কা'কা, ইয়া'কুব ও খালফ (র)। তারপর এ গ্রন্থের পরিচিতি উপস্থাপিত হয়েছে।
৮. আত-তামহীদ ফী ইলমিত-তাজবীদ (التمهيد في علم التجويد): গ্রন্থটি বিশুদ্ধভাবে কুরআন শিক্ষার ক্ষেত্রে অনন্য। ইবনুল জায়ারী (র)-এর গ্রন্থটি তাহকীক করেছেন ড. আলী হুসাইন আল-বাওয়াব। গ্রন্থটি সৌদি আরবের রিয়াদস্থ 'মাকতাবাতুল মা'রিফাহ' নামক প্রকাশনা সংস্থা কর্তৃক ১৯৮৫ খ্রিস্টাব্দ মুতাবিক ১৪০৪ হিজরীতে প্রকাশিত হয়।
৯. মুখতাসারুল নাশর (مُخْتَصَرُ النَّشْرِ)
১০. মুখতাসারুল তারীখুল কুররা ওয়া তাবাকাতিহিম (مُخْتَصَرُ تَارِيخِ الْقُرَّاءِ وَطَبَقَاتِهِمْ)
১১. গায়াতুল হামযাহ ফিয-যিয়াদাতি আলাল আশার (غَايَةُ الْهَمَزَةِ فِي الزِّيَادَةِ عَلَى الْعَشْرِ)
১২. আল-মুকাদ্দামাতু ফীমা আলাল কারিইল-কুরআন আন-ইয়া'লামুহ

১<sup>৫০</sup> (الْمُقَدَّمَةُ فِيمَا عَلَى الْقَارِئِ الْقُرْآنَ أَنْ يُعَلِّمَهُ)

১৩. আল্-মুকাদ্দামাতু ফিত্-তাজবীদ (الْمُقَدَّمَةُ فِي التَّجْوِيدِ)
১৪. নিহায়তুত্-দিরায়াতি ফী রিজালিল কিরাআত (نَهَايَةُ الدَّرَايَةِ فِي رِجَالِ الْقِرَاءَاتِ)
১৫. গায়াতুত্-দিরায়াতি ফী রিজালিল কিরাআত (غَايَةُ الدَّرَايَةِ فِي رِجَالِ الْقِرَاءَاتِ)
১৬. ইতহাফুল মিহরাতু ফী তাতিম্মাতুল আশার (إِتْحَافُ الْمِهْرَةِ فِي تَتِمِّ الْعَشْرِ)
১৭. ইয়ানাতুল মিহরাতু ফী যিয়াদাতু আলাল আশার (إِيَانَةُ الْمِهْرَةِ فِي زِيَادَتِهِ عَلَى الْعَشْرِ)
১৮. নাজমু হিদায়াতু ফী তাতিম্মাতুল আশার (نَجْمُ هِدَايَةٍ فِي تَتِمِّ الْعَشْرِ) ১<sup>৫৪</sup>
- খ. উলুমুল হাদীস
১৯. আত্-তাওজীহ্ ফী শারহিল মাসাবীহ (التَّوَضُّيْحُ فِي شَرْحِ الْمَصَابِيحِ)
২০. শারহুল মাসাবীহ (شَرْحُ الْمَصَابِيحِ)
২১. আল্-গায়াতু ফী শারহিল হিদায়াহ ফী ইলমির রিওয়য়াহ<sup>৫৫</sup> (الْغَايَةُ فِي شَرْحِ الْهِدَايَةِ فِي عِلْمِ الرَّوَايَةِ)
২২. আল্-হিদায়াতু ফী ইলমির রিওয়য়াহ<sup>৫৬</sup> (الْهِدَايَةُ فِي عِلْمِ الرَّوَايَةِ)
২৩. আল্-বিদায়াতু ফী উলুমির রিওয়য়াহ ওয়াল হিদায়াহ (الْبِدَايَةُ فِي عُلُومِ الرَّوَايَةِ وَالْهِدَايَةِ)
২৪. কাসিদাতু খামসামিআতু বায়তিন মিন বাহারির রুজ্য় ফী মুস্তালাহিল হাদীস (قَصِيدَةُ خَمْسَمَائَةٍ نَبَتْ مِنْ بَحْرِ الرَّجْرِ فِي مُصْطَلَحِ الْحَدِيثِ)
২৫. আল্-আউয়ালিয়াতু ফী আহাদীসিল আউয়ালিয়াহ (الْأَوْلِيَةُ فِي أَحَادِيثِ الْأَوْلِيَةِ)
২৬. উকদুল লায়ালী ফিল আহাদীসিল মুসালসালাতু আল্-গাওয়ালী (عُقْدُ اللَّيَالِي فِي الْأَحَادِيثِ الْمُسَلْسَلَةِ الْعَوَالِي)
২৭. আল্-মুসনাদুল আহমাদ ফীমা ইয়াতা'আল্লাকু বিমুসনাদি আহমাদ (الْمُسْنَدُ الْأَحْمَدُ فِيمَا يَتَعَلَّقُ بِمُسْنَدِ أَحْمَدَ)
২৮. আল্-কাসদুল আহমাদু ফী রিজালি মুসনাদি আহমাদ (الْقَصْدُ الْأَحْمَدُ فِي رِجَالِ مُسْنَدِ أَحْمَدَ)
২৯. আল্-মুস'আদুল আহমাদু ফী খাতমি মুসনাদি আহমাদ (الْمُصْعَدُ الْأَحْمَدُ فِي خَتْمِ مُسْنَدِ أَحْمَدَ)
৩০. আল-কাশিফু ফী রিজালিল কিতাবি ওয়াস্-সুন্নাহ (الْكَاشِفُ فِي رِجَالِ الْكِتَابِ وَالسُّنَّةِ)
৩১. আল্-আরবা'উনা হাদীসান (الْأَرْبَعُونَ حَدِيثًا)
৩২. তাকিরাতুল উলামাউ ফী উসূলিল হাদীস<sup>৫৭</sup> (تَذْكِرَةُ الْعُلَمَاءِ فِي أُصُولِ الْحَدِيثِ)
৩৩. মুকাদ্দামাতু উলুমিল হাদীস<sup>৫৮</sup> (مُقَدَّمَةُ عُلُومِ الْحَدِيثِ)
৩৪. সিলাহুল মুমিন ফিল্-হাদীস (سِلَاحُ الْمُؤْمِنِ فِي الْحَدِيثِ)
৩৫. তাকমিলাতু যায়লুত্-তুকাযিয়াদি লিমা'রিফাতু রুওয়য়াতু-সুনান ওয়াল আসানীদ (تَكْمِيلَةُ دَبْلِ التَّقْيِيدِ لِمَعْرِفَةِ رِوَاةِ السُّنَنِ وَالْأَسَانِيدِ)
৩৬. শারহুল মিনহাজিল উসূল (شَرْحُ مِنْهَاجِ الْأُصُولِ)

গ. মানাকিব সংক্রান্ত লিখিত পুস্তকসমূহের তালিকা নিম্নরূপ

৩৭. উরফুত তা'রীফ বিল মাওলিদিশ-শারীফ<sup>৬৬</sup> (عُرْفُ التَّعْرِيفِ بِالْمَوْلِدِ الشَّرِيفِ)
৩৮. আল-মাওলুদুল-কাবীর<sup>৬৭</sup> (الْمَوْلُدُ الْكَبِيرُ)
৩৯. মুখতাসারু তারীখুল ইসলাম লিয-যাহাবী (مُخْتَصَرُ تَارِيخِ الْإِسْلَامِ لِلدَّهَبِيِّ)
৪০. যায়লু তাবাকাতিল্ কুররা লিয-যাহাবী (ذَيْلُ طَبَقَاتِ الْقُرَاءِ لِلدَّهَبِيِّ)
৪১. তারীখু ইব্নিল জায়ারী (تَارِيخُ ابْنِ الْجَزَرِيِّ)
৪২. আর্-রিসালাতুল বায়ানিয়াহ ফী হাক্কি আবওয়ান্ নবী<sup>৬৮</sup> (الرِّسَالَةُ الْبَيَانِيَّةُ فِي حَقِّ أَبِي النَّبِيِّ)
৪৩. মাশায়খাতুল জুনায়দ ইব্ন আহমাদ আল-বালানী<sup>৬৯</sup> (مَشَايخَةُ الْجُنَيْدِ بْنِ أَحْمَدَ الْبَلْبَانِيِّ)
৪৪. আয-যায়ল আলা মিরআতিয্ যামানি লিন্-নববী (الدَّيْلُ عَلَى مِرَاةِ الزَّمَانِ لِلنُّوَوِيِّ)
৪৫. আওয়ালিউল কাযী (عَوَالِي الْقَاضِي)
৪৬. যাতুশ্ শিফা ফী সীরাতিল মুত্তাফা ওয়া মিম বা'দি মিনাল খুলাফা<sup>৭০</sup>  
(ذَاتُ الشِّفَا فِي سِيرَةِ الْمُصْطَفَى وَمَنْ بَعْدَ مِنَ الْخُلَفَاءِ)
৪৭. আস্নাল মাতালিবু ফী মানাকিবি আলী ইব্ন আবী তালিব  
(أَسْنَى الْمَطَالِبِ فِي مَنَاقِبِ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ)
- ঘ. ইলমুল ফাযাইয
৪৮. ফাযাইলুল কুরআন (فَصَائِلُ الْقُرْآنِ)
৪৯. ওয়াযীফাতু মাসনূনাহ (وَضَائِعُ مَسْنُونَةٍ)
৫০. আল-ফাওয়াদু আল-মাজমূ'আতু ফী যাওয়াদিল-কুতুবিল আরবা'আহ  
(الْفَوَائِدُ الْمَجْمُوعَةُ فِي زَوَائِدِ الْكُتُبِ الْأَرْبَعَةِ)
৫১. আয-যাহরুল ফাইহু ফী যিকরী মান তানায়যাহ্ আনিয্ যুনূবি ওয়াল কাবাইহ<sup>৭১</sup>  
(الزَّهْرُ الْفَائِحُ فِي ذِكْرِ مَنْ تَنَزَّهَ عَنِ الذُّنُوبِ وَالْقَبَائِحِ)
৫২. মুখতারন্-নাসীহাতু বিল আদিব্লাতিস্-সাহীহা<sup>৭২</sup>  
(مُخْتَارُ النَّصِيحَةِ بِالْأَدِلَّةِ الصَّحِيحَةِ)
৫৩. আল-হিসনুল হাসীন মিন কালামি সাযিয়াদিল মুরসালীন ফিল আয-কার ওয়াদ-দা'ওয়াত  
(الْحَصْنُ الْحَصِينُ مِنْ كَلَامِ سَيِّدِ الْمُرْسَلِينَ فِي الْأَذْكَارِ وَاللِّدْعَاةِ)
৫৪. ইদাদু আল-হিসনুল হাসীন ওয়া জান্নাতু হিসনুল হাসীন  
(عِدَّةُ الْحَصْنِ الْحَصِينِ وَجَنَّةُ الْحَصْنِ الْحَصِينِ)
৫৫. আল-ইবানাতু ফিল উমরাতি মিনাল জি'রানাহ্ (الْإِبَانَةُ فِي الْعُمْرَةِ مِنَ الْجِعْرَانَةِ)
৫৬. আল-ইজলালু ওয়াত-তা'যীমু ফী মাকামি ইব্রাহীম (الْإِجْلَالُ وَالشَّعْظِيمُ فِي مَقَامِ إِبْرَاهِيمَ)
৫৭. আত-তাকরীমু ফী উমরাতি মিনাত-তান'ঈম (الْتَّكْرِيمُ فِي الْعُمْرَةِ مِنَ التَّنْعِيمِ)
৫৮. গায়াতুল মিনা ফী যিয়ারাতি মিনা (غَايَةُ الْمَنَى فِي زِيَارَةِ مَنَى)
৫৯. ফায়লু জাবালু হিরা (فَضْلُ جَبَلِ حِرَاءِ)

### ৩. অন্যান্য বিষয় সম্পর্কিত গ্রন্থাবলী

৬০. আল্-বায়ানু ফী খাতি উছমান (الْبَيَانُ فِي خَطِّ عُثْمَانَ)
৬১. আল্-ইসাবাহ্ ফী লাওয়াযিমিল কিতাবাহ<sup>১৩</sup> (الإِسَابَةُ فِي لَوَازِمِ الْكِتَابَةِ)
৬২. আল্-ই-তারায়ুল মুবদিয়্যিল লিওয়াহমিত্-তাজুন্ নাদীঈ  
(الإِعْتَرَاضُ الْمُبْدِي لَوْهَمِ النَّجَّاحِ النَّدِيِّ)
৬৩. হাশিয়াতু আলাল ঈযাহ্ ফিল মা'আনী ওয়াল বায়ানি লিজালালিদ্দীন আল্-কাযভীনী  
(حَاشِيَةٌ عَلَى الإِبْصَاحِ فِي الْمَعَانِي وَالْبَيَانِ لِجَلَالِ الدِّينِ الْقُرُونِيِّ)
৬৪. কিফায়াতু আল্-আলমা'ঈ ফী আয়াহ্<sup>১৪</sup> (كَيْفَايَةُ الأَلْمَعِي فِي آيَةِ)
৬৫. মানযুমাতু ফিল্-ফুলক (مَنْظُومَةٌ فِي الْفُلُكِ)
৬৬. মানযুমাতু ফী লি-গায় (مَنْظُومَةٌ فِي لَيْزِ)
৬৭. মুলাখ্বাসু তারীখিল ইসলাম (مُلَخَّصُ تَارِيخِ الإِسْلَامِ)
৬৮. আত্-তায়কারু ফী রিওয়ায়াতি আবান ইব্বন ইয়াযীদ আল্-আত্তার  
(التَّدْكَارُ فِي رِوَايَةِ أَبَانَ بْنِ يَرِيدِ العَطَّارِ)
৬৯. আল্-ফাওয়াইদুল মাজমা'আতু ফী যাওয়াইদিল কিতাবিল আরবা'আহ  
(الْفَوَائِدُ الْمَجْمَعَةُ فِي رِوَايَةِ الكُتُبِ الأَرْبَعَةِ)
৭০. আল-মুখতারু ফী ফিক্‌হিশ্-শাফি'ঈ (المُخْتَارُ فِي فَهْمِ الشَّافِعِيِّ)
৭১. আহাসিনুল মান্নান (أَحَاسِنُ الْمَنَانِ)
৭২. আল্-জাওহারাৎ ফিল্-নাহ্ (الْجَوْهَرَةُ فِي النَّحْوِ)
৭৩. আল্-ইহতিদাউ ইলা মা'রিফাতিল্-ওয়াক্‌ফ ওয়াল্-ইবতিদা  
(الإِهْتِدَاءُ إِلَى الْمَعْرِفَةِ الْوَقْفِ وَالْإِبْتِدَاءِ)
৭৪. আয্-যারাইফু ফী রুসুমিল্-মাসাহিফ<sup>১৫</sup> (الظَّرَائِفُ فِي رُسْمِ الْمَصَاحِفِ)

### উপসংহার

মুহাম্মাদ ইব্বনুল জায়ারী (র) ছিলেন ইলমুল কিরাআতের ইমাম ও বহু ইসলামী জ্ঞানের অধিকারী এক অনন্য ব্যক্তিত্ব। তিনি দিমাশকে স্থানীয়ভাবে শিক্ষার্জনের পর উচ্চশিক্ষা লাভের জন্য তাঁর সময়ের শীর্ষ প্রতিষ্ঠানে গমন করে কুরআন হিফয করেন। পাশপাশি কিরাআত বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণ করার সাথে সাথে তাফসীর, হাদীস, ফিক্‌হ, উসূলসহ বিভিন্ন বিষয়ে গভীর জ্ঞানার্জন করেন। জ্ঞান চর্চা, বিতরণ, চাকুরীসহ পরিভ্রমণের জন্য বিশ্বের বিভিন্ন দেশ ও বিখ্যাত নগরীতে তিনি গমন করেন। গণমানুষের শিক্ষার জন্য মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। তিনি ইসলামী জ্ঞানের বিভিন্ন বিষয়ে বহুসংখ্যক গ্রন্থ রচনা করেন। বিশেষত তিনি ইলমুল কিরাআত বিষয়ে অনেক গ্রন্থ রচনা করেন। তাঁর এ সকল কর্মের জন্য সামসাময়িক আলিমগণের মধ্যে তিনি বিখ্যাত ও শ্রেষ্ঠত্বের স্বীকৃতি লাভ করেন।

### তথ্যনির্দেশ

<sup>১</sup> ইব্বনুল জায়ারী, গায়াতুন নিহায়াহ ফী তাবাকাতিল কুররা, তাহকীক: ড. আলী মুহাম্মাদ উমর, ১ম খণ্ড (কায়রো: আন্-নাশিরু মাকতাবাতু আল্-খানজী, ১ম সংস্করণ, ১৪৩১ হি./২০১০ খ্রি.), ভূমিকা দ্রষ্টব্য; মুহাম্মাদ ইব্বনুল জায়ারী, আল্-

- গায়াতু ফী শারহিল হিদায়াহ ফী ইলমির রিওয়াইয়াহ্, তাহকীক: আব্দুর রহমান আস্-সাখাভী, ১ম খণ্ড (মদীনা: মাকতাবাতুল উলুম ওয়াল হিক্কা, ২য় সংস্করণ, ১৪২২ হি./২০০২ খ্রি.), পৃ. ২৬।
- ২ মূল্য আরবী ভাষ্য, *يَكْنَىٰ أَبَا الْخَيْرِ* - 'তিনি আবুল খায়র উপনাম ধারণ করেন।'
- ৩ দ্র. ইবনুল জায়ারী, *গায়াতুন নিহায়াহ ফী তাবাকাতিল কুররা*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ৩য় সংস্করণ, ১৪০২ হি./১৯৮২ খ্রি.), পৃ. ২৮৭।
- ৪ ইউসুফ আল-ইয়ান সারকীস, *আল-মু'জামুল-মাতবু'আতিল আরাবিয়াহ্ ওয়াল মু'আররাবাহ্*, ১ম খণ্ড (কুম: মাকতাবাতু আয়াতিল্লাহ্ আল-আযমী, ১৪১০ হি.), পৃ. ৬২।
- ৫ **আল-জায়ারী** (الْجَزْرِيُّ) শব্দটির 'জীম' ও 'যা' বর্ণে ফাতহা এবং 'রা' বর্ণে কাসরা দিয়ে পঠিত। এর দ্বারা জায়ীরাতু ইবন উমরের দিকে সম্পর্কিত করা হয়েছে।
- ৬ দ্র. আব্দুল করীম ইবন মুহাম্মদ আস্-সাম'আনী, *আল-আনসাব*, ২য় খণ্ড (বৈরুত: দারুল ফিক্কা, ১ম সংস্করণ, ১৪১৯ হি./১৯৯৮ খ্রি.), পৃ. ৫৫।
- ৭ দামিশকে জন্মগ্রহণ করেছেন বিধায় তাঁকে আদ্-দিমশকী বলা হয়।
- ৮ দ্র. পূর্বোক্ত।
- ৯ তিনি দামিশকের শীরায নগরীতে জন্মগ্রহণ করেছেন এজন্য তাঁক আশ্-শীরাযী বলা হয়। এটি পারস্যের অন্তর্ভুক্ত একটি বৃহত্তম শহর। আব্বাসী জায়ারী এখানে জন্মগ্রহণ, এখানেই বিচারপতির দায়িত্ব পালন এবং এ শহরেই ইন্তিকাল করেন। এ দিকে সম্পর্কিত করে তাঁকে আশ্-শীরাযী বলা হয়।
- ১০ দ্র. ড. নাবিল ইবন মুহাম্মদ আল-ইসমা'ঈল. *আল-ইনায়াতু বিল কুরআনিল কারীম ওয়া উলুমহ মিন বিদায়াতিল কুরআনিল রাবিইল হিজরী ইলা আসরিনাল হাযির* (মিসর: আল-মাকতাবাতুশ্-শামিলাহ, তা. বি.), পৃ. ১২২।
- ১১ তিনি শাফি'ঈ মাযহাবের অনুসারী ছিলেন এ জন্য তাঁকে আশ্-শাফি'ঈ বলা হয়।
- ১২ দ্র. আয-যিরাকলী, *আল-আ'লাম*, ৭ম খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল মালা'ঈন, ১৫শ সংস্করণ, ২০০২খ্রি.), পৃ. ৪৫-৪৬; উমর রিযা কাহালাহ্, *মু'জামুল মুআল্লিফীন*, ৩য় খণ্ড (বৈরুত: মুয়াসাসাতুর-রিসালাহ্, ১ম সংস্করণ, ১৪১৪ হি./১৯৯৩ খ্রি.), পৃ. ৬৮৭।
- ১৩ *وَكَانَ يَلْقَىٰ فِي بِلَادِهِ: الْإِمَامَ الْأَعْظَمَ*
- ১৪ দ্র. মুহাম্মদ ইবনুল জায়ারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন* (মক্কা: দারুল আলিমুল ফাওয়ায়িদ, ১ম সংস্করণ, ১৪১৯ হি.), পৃ. ৮।
- ১৫ মুহাম্মদ ইবনুল জায়ারী, *তাহবীরুত-তায়সীর* (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৯৮৩ খ্রি./১৪০৪ হি.), পৃ. ৩।
- ১৬ মুহাম্মদ ইবনুল জায়ারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজতীদ*, তাহকীক: ড. আলী হুসায়ন আল-বাওয়াব (রিয়াদ: মাকতাবাতুল-মা'আরিফ, ১ম সংস্করণ, ১৪০৫ হি./১৯৮৫ খ্রি.), পৃ. ১৫।
- ১৭ মুহাম্মদ ইবনুল জায়ারী, *তাহবীরুত-তায়সীর*, পৃ. ৩।
- ১৮ মুহাম্মদ ইবনুল জায়ারী, *আল-হিসনুল হাসীন* (বৈরুত: দারুল বাশাইরিল ইসলামিয়াহ, ১ম সংস্করণ, ২০০০ খ্রি./১৪২১ হি.), পৃ. ৫।
- ১৯ মুহাম্মদ ইবনুল জায়ারী, *গায়াতুন নিহায়াহ ফী তাবাকাতিল কুররা*, ১ম খণ্ড, পৃ. ২৮৭; আব্দুর রহমান আস্-সাখাভী, *আল-গায়াতু ফী শারহিল হিদায়াহ ফী ইলমির রিওয়াইয়াহ্*, ১ম খণ্ড, পৃ. ২৬।
- ২০ *الْعَاشِرَةَ. وَحَفِظَ الْقُرْآنَ وَهُوَ ابْنُ تِسْعٍ سِنِينَ وَصَلَّىٰ بِهِ فِي السَّنَةِ* - 'নয় বছর বয়সে কুরআনের হাফিয হন এবং দশ বছর বয়সে নামাযে ইমামতির দায়িত্ব পালন করেন।'
- ২১ দ্র. মুহাম্মদ ইবনুল জায়ারী, *আল-হিসনুল হাসীন*, পৃ. ৫; মুহাম্মদ ইবনুল জায়ারী, *গায়াতুন নিহায়াহ ফী তাবাকাতিল কুররা*, পৃ. ২৮৭; ইউসুফ আল-ইয়ান সারকীস বলেন, *وَحَفِظَ الْقُرْآنَ وَصَلَّىٰ بِهِ سَنَةَ 765*.
- ২২ দ্র. *আল-মু'জামুল-মাতবু'আতিল আরাবিয়াহ্ ওয়াল মু'আররাবাহ্*, ১ম খণ্ড, পৃ. ৬২।
- ২৩ মুহাম্মদ ইবনুল জায়ারী, *মুতনুল জায়ারিয়াহ্* (রিয়াদ: মাকতাবাতুর রুশ্দ, ১ম সংস্করণ, ২০০৮ খ্রি./১৪২৯ হি.), পৃ. ১১; *আল-মু'জামুল-মাতবু'আতিল আরাবিয়াহ্ ওয়াল মু'আররাবাহ্*, ১ম খণ্ড, পৃ. ৬২।
- ২৪ মুহাম্মদ ইবনুল জায়ারী, *মুতনুল জায়ারিয়াহ্*, পৃ. ১২; মুহাম্মদ ইবনুল জায়ারী, *তাহবীরুত-তায়সীর*, পৃ. ৩; *আল-মু'জামুল-মাতবু'আতিল আরাবিয়াহ্ ওয়াল মু'আররাবাহ্*, ১ম খণ্ড, পৃ. ৬২।
- ২৫ মুহাম্মদ ইবনুল জায়ারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ৯।

- ১৮ সম্পাদিত, *ইসলামী বিশ্বকোষ*, ৪র্থ খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৯৫ খ্রি./১৪১৬ হি.), পৃ. ৩২৭-৩২৮।
- ১৯ তিনি খুরাসান ভ্রমণ করেন এবং হিরাত নগরীতে একদল লোককে কিরাআতের শিক্ষা প্রদান করেন। তারপর তিনি পর্যায়ক্রমে ইয়াযদ, ইস্পাহান, শীরায, বসরা, মক্কা, মদীনা ভ্রমণ করেন। এখানে তিনি কয়েক বছর অতিবাহিত করে শীরায নগরীতে প্রত্যাবর্তন করেন এবং এখানেই আমৃত্যু (৭৩৩ হিজরী) পর্যন্ত অবস্থান করেন।
- ২০ দ্র. মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-গায়াতু ফী শারহিল হিদায়াহ ফী ইলমির রিওয়াইয়াহ*, পৃ. ২৬।
- ২১ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুতুনুল জাযারিয়াহ*, পৃ. ১২।
- ২২ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ৯।
- ২৩ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ০৭।
- ২৪ মুহাম্মাদ ইব্বন আলী আশ-শাওকানী, *আল্-বাদরুত তালি' বিমুহাসিনু মিন বা' দিল কুরআনিস-সার্বি*, ২য় খণ্ড, পৃ. ২৫১।
- ২৫ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ০৭।
- ২৬ পূর্বোক্ত।
- ২৭ পূর্বোক্ত।
- ২৮ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *তাহবীরুত-তায়সীর*, পৃ. ৩; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ৮।
- ২৯ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ৮; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *তাহবীরুত-তায়সীর*, পৃ. ৩।
- ৩০ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১১।
- ৩১ দ্র. সম্পাদিত, *সর্ফক্ষিষ্ট ইসলামী বিশ্বকোষ*, ২য় খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ১৯৯৫ খ্রি./১৪১৬ হি.), পৃ. ১০০।
- ৩২ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুতুনুল জাযারিয়াহ*, পৃ. ১২।
- ৩৩ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ০৮।
- ৩৪ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১১; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুতুনুল জাযারিয়াহ*, পৃ. ১১; জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ০৮।
- ৩৫ মূল আরবী ভাষ্য,  
 نُوفِيَ شَيْخُنَا رَحِمَهُ اللهُ صَخُورَةَ الْجُمُعَةِ خَلُونَ مِنْ أَوَّلِ الرَّبِيعَيْنِ سَنَةَ ثَلَاثٍ وَثَلَاثِينَ وَتَمَامِهَا بِمَدِينَةِ شِيرَازٍ وَذُفِرَ بِدَارِ الْقُرْآنِ الَّتِي تَشَاهَا.
- ৩৬ দ্র. ইব্বনুল জাযারী, *গায়াতুন নিহায়াহ ফী তাবাকাতিল কুররা*, ১ম খণ্ড, পৃ. ২৫১; ইদ্রাতু তারাজিমু লিল' আদীদ মিনাল কুররাইলা-মিসরীঈনা মা' আর রিওয়ায়াতি আন ইব্বনিল জাযারী, পৃ. ০৮।
- ৩৭ ইব্বনুল জাযারী, *গায়াতুন নিহায়াহ ফী তাবাকাতিল কুররা*, ১ম খণ্ড, পৃ. ২৫১।
- ৩৮ ইব্বনুল জাযারী, *আল্-হিসনুল হাসীন*, পৃ. ০৮।
- ৩৯ পূর্বোক্ত, পৃ. ০৬।
- ৪০ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৪।
- ৪১ মূল আরবী ভাষ্য, تَقَدَّمَ أَنَّ جَمَاعَةً مِنَ الْعُلَمَاءِ قَدَّ ادُّنُوا لَهُ بِالْإِفْتَاءِ وَالْأَفْرَاءِ
- ৪২ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১২; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৪।
- ৪৩ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৪; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১৩।
- ৪৪ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১২; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৩।
- ৪৫ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৪; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১৩।
- ৪৬ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আল্-গায়াতু ফী শারহিল হিদায়াহ ফী ইলমির রিওয়াইয়াহ*, পৃ. ২৮।
- ৪৭ মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৪; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১৩।
- ৪৮ পূর্বোক্ত।
- ৪৯ ইব্বনুল ইমাদ, *শায়রাভূয-যাহাব*, ৭ম খণ্ড, পৃ. ২০৬; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ*, পৃ. ১৪; মুহাম্মাদ ইব্বনুল জাযারী, *মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন*, পৃ. ১৪।
- ৫০ মূল আরবী ভাষ্য, وَقَدْ تَفَرَّدَ بِعِلْمِ الْقُرَائَاتِ فِي جَمِيعِ الدُّنْيَا وَنَشَرَهُ فِي كَثِيرٍ مِنَ الْبِلَادِ وَكَانَ أَكْثَرُ فُتُوْنِهِ وَأَجَلُ مَا عُنِدَهُ.

৮৫০. মুহাম্মদ ইবনুল জায়ারী, আত-তামহীদ ফী ইলমিত-তাজভীদ, পৃ. ১৪; মুহাম্মদ ইবনুল জায়ারী, মুনজিদুল মুকাররাঈন ওয়া মুরশিদুত-তালিবীন, পৃ. ১৪।
৮৫১. মুহাম্মদ ইবন আলী আশ-শাওকানী, আল-বাদরুত-তালি, ২য় খণ্ড, পৃ. ২৫১।
৮৫২. মুহাম্মদ ইবনুল জায়ারী, তাহবীরুত-তায়সীর, পৃ. ০৩।
৮৫৩. তিনি সর্বপ্রথম ‘তাহবীরুত-তায়সীর’ নামক গ্রন্থে সন্নিবেশিত তিন কিরাআত পদ্ধতিকে কবিতা আকারে রচনা করে গ্রন্থটিকে ‘আদ-দুররাহ’ নামে নামকরণ করেন। দ্র. মুহাম্মদ ইবনুল জায়ারী, আল-হিসনুল হাসীন, পৃ. ৮; মুহাম্মদ ইবনুল জায়ারী, তাহবীরুত-তায়সীর পৃ. ৩।
৮৫৪. গায়াতুন নিহায়াহ ফী তাবকাতুল কুররা, ১ম খণ্ড, ভূমিকা; ইসলামী বিশ্বকোষ, ৪র্থ খণ্ড, পৃ. ৩২৭-৩২৮।
৮৫৫. ইবনুল জায়ারী, মত্নুল জায়ারীয়াহ, পৃ. ৫-৭২।
৮৫৬. পূর্বোক্ত।
৮৫৭. পূর্বোক্ত, পৃ. ৫।
৮৫৮. ইমাম মুহাম্মদ ইবন আদ্রির রহমান আস-সাখাভী (মৃত ৯০২ হি.) এ গ্রন্থটির ব্যাখ্যাকারী।
৮৫৯. আল-হিদায়াতু ফী ইলমির রিওয়ানাহ (الهداية في علم الرواية) গ্রন্থটি দুই খণ্ডে সমাপ্ত। মূল বক্তব্য কবিতা আকারে, এর সাথে ব্যাখ্যাও অন্তর্ভুক্ত রয়েছে। গ্রন্থটি এক হাজার পংক্তি সম্বলিত।
৮৬০. তাযকিরাতুল উলামাই ফী উসূলিল হাদীস (تذكرة العلماء في أصول الحديث) : (مُخْتَصَرٌ جَمَعَهُ بِدَايَةِ لِمَنْظُومَتِهِ الْمَسْمُومَةِ بِالْهَدَايَةِ إِلَى : فَتَذَكُّرَةُ الْعُلَمَاءِ فِي أُصُولِ الْحَدِيثِ) এটি উলমুল হাদীস নামক গ্রন্থের ভূমিকা, যা কবিতাকারে লিখিত।
৮৬১. মুকাদ্দামাতুল উলমুল হাদীস (مُقَدِّمَةُ عُلُومِ الْحَدِيثِ) : এটি উলমুল হাদীস নামক গ্রন্থের ভূমিকা, যা কবিতাকারে লিখিত।
৮৬২. উরফুত তা’রীফ বিল মাওলিদিশ-শারীফ (عُرْفُ التَّعْرِيفِ لِلْمَوْلِدِ الشَّرِيفِ) : (عُرْفُ التَّعْرِيفِ لِلْمَوْلِدِ الشَّرِيفِ) : এটি লেখকের পরিচিতি মূলক সংক্ষিপ্ত গ্রন্থ।
৮৬৩. আল-মাওলুদুল-কাবীর (الْمَوْلُدُ الْكَبِيرُ) : (عُرْفُ التَّعْرِيفِ لِلْمَوْلِدِ الشَّرِيفِ) : এটি লেখকের এমন গ্রন্থ যাতে নবী (সা)-এর জীবন বৃত্তান্ত আলোচিত হয়েছে।
৮৬৪. আর-রিসালাতুল-বায়ানিয়াহ ফী হাক্কী আবউয়ীন্-নবী, গ্রন্থটিতে নবী করীম (সা)-এর পিতা-মাতার ইসলাম গ্রহণ সম্পর্কে আলোচনা স্থান পেয়েছে।
৮৬৫. মশায়খাতুল জুনায়দ ইবন আহমাদ আল-বালানানী (مَشَايخَةُ الْجُنَيْدِ بْنِ أَحْمَدَ الْبَلْخَانِيِّ) : এটি হলো এমন গ্রন্থ, যাতে ইবনুল জায়ারী (র)-এর শিক্ষাদান পদ্ধতি আলোচিত হয়েছে।
৮৬৬. যাতুশ-শিফা ফী সীরাতিল মুস্তাফা ওয়া মিম বা’দি মিনাল খুলাফা (ذَاتُ الشِّفَا فِي سِيرَةِ الْمُصْطَفَى وَمِنْ بَعْدِهِ مِنَ الْخُلَفَاءِ) : এ গ্রন্থে রাসুলুল্লাহ (সা)-এর নিষ্ঠাবান খলীফাগণ এবং ১ম বায়যীদের শাসনকাল পর্যন্ত ইসলামের ইতিহাস বিবৃত হয়েছে।
৮৬৭. আয-যাহরুল ফাইহ ফী যিকরী মান তাতরাহ আনিয-যুনূবি ওয়াল কাবাইহ (الزُّهُرُ الْفَائِحُ فِي ذِكْرِ مَنْ تَرَزَّ عَنْ الدُّنُوبِ وَالْفَيَاحِ) : (الزُّهُرُ الْفَائِحُ فِي ذِكْرِ مَنْ تَرَزَّ عَنْ الدُّنُوبِ وَالْفَيَاحِ) : এটি একটি পুস্তিকা, যাতে দ্বীনি বিভিন্ন বিষয়ের ফযীলাতের প্রতি উৎসাহিত করা হয়েছে।
৮৬৮. মুখতারুন-নাসিহাতু বিল আদিল্লাতিস-সাহীহা (مُخْتَارُ النَّصِيحَةِ بِالْأَدِلَّةِ الصَّحِيحَةِ) : এটি মুহাম্মদ ইবনুল জায়ারীর (র)-এর নীতিশাস্ত্র বিষয়ক গবেষণামূলক পুস্তক।
৮৬৯. আল-ইসাবাহ ফিল লাওয়ামিল কিতাবাহ (الإصابة في لَوَائِمِ الْكِتَابَةِ) : এটি আল-জায়ারী (র)-এর লিপি কৌশল বিষয়ক সংক্ষিপ্ত গবেষণামূলক গ্রন্থ।
৮৭০. উল্লিখিত গ্রন্থটি ইয়া আরদু আবলা’ঈ (أَرْضُ أِبْلَعِي) অপর শিরোনামে প্রকাশিত। কিফয়াতুল আল-মা’ঈ ফী আয়াতি ইয়া আরদু আবলা’ঈ; এটি আল-কুরআনের ১১ : ৪৩ নং আয়াত সম্পর্কিত একটি পুস্তিকা।
৮৭১. মুহাম্মদ ইবনুল জায়ারী, তাহবীরুত-তায়সীর (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৪০৪ হি./১৯৮৩ খ্রি.), পৃ. ৩; মুহাম্মদ ইবন আলী আশ-শাওকানী, আল-বাদরুত-তালি, ২য় খণ্ড, পৃ. ২৫১।



## ইসলামী শিক্ষা সম্প্রসারণে বগুড়া জেলার ‘আলিমগণের ভূমিকা’ (The Role of the Alims in the Expansion of Islamic Education in Bogra)

মো. রাশেদুর রহমান\*

**Abstract:** Education is the backbone of a nation. The education system is built on the beliefs, lifestyles, history and traditions of any nation and its religious and social values. And since Islam is a self-sufficient way of life, the Islamic education system creates an environment of socio-economic, political, religious, cultural and international values for the human race and shapes the new generation in its own way. Basically, Islamic teachings are based on Tawheed, Resalat and Akhirat. Besides, Islamic teachings are not just material or merely religious teachings rather it is an integrated education system. The education system that inspires the consciousness of the Hereafter inspires the human race to a lasting happiness, peace and prosperity. Islamic Scholars have made an outstanding contribution to the expansion of this Islamic teaching in the Bogra district, known as the 'gateway' of North Bengal. The article projects the role of these alims who through many sacrifices and hard work were finally able to expand Islamic teachings greatly throughout the district.

### ভূমিকা

ইসলাম একটি পরিপূর্ণ জীবন ব্যবস্থা। মহান আল্লাহর নিকট এমকাত্র মনোনীত ও গ্রহণযোগ্য জীবন ব্যবস্থার নাম ইসলাম। এ ধর্ম প্রমাণসিদ্ধ, নির্ভরযোগ্য ও সর্বাধুনিক। পৃথিবীতে সুখ-সমৃদ্ধি ও শান্তি এবং আখিরাতে মুক্তি অর্জনের একমাত্র মাধ্যম হলো এই ইসলাম। মানব জীবনের সকল ক্ষেত্রে ইসলামের রয়েছে সুস্পষ্ট দিক-নির্দেশনা ও মূলনীতি। শিক্ষা ক্ষেত্রেও রয়েছে সুস্পষ্ট মূলনীতি, বিধিবিধান ও বাস্তবসম্মত নির্দেশনা। ইসলামের অনুসারী মুসলিম অধ্যুষিত বাংলাদেশ বিশ্বের তৃতীয় বৃহত্তম মুসলিম রাষ্ট্র। বগুড়া এদেশের উত্তরাঞ্চলের একটি সমৃদ্ধ জনপদ। উক্ত অঞ্চলে ইসলামী শিক্ষা সম্প্রসারণে একটি সুদীর্ঘ ইতিহাস রয়েছে। মসজিদ, মাদরাসা, খানকা, মাজার ইত্যাদি স্থানে ইসলামী শিক্ষার অবকাঠামো বিনির্মাণের ফলে এ অঞ্চলে ইসলাম শিক্ষার বিস্তার লাভ করে। এক্ষেত্রে এ জেলার ‘আলিমগণের তাৎপর্যপূর্ণ ভূমিকা পরিলক্ষিত হয়। অত্র প্রবন্ধে ইসলামী শিক্ষা সম্প্রসারণে বগুড়া জেলার ‘আলিমগণের ভূমিকা’ শীর্ষক একটি নাতিদীর্ঘ আলোচনা উপস্থাপিত হবে।

### ইসলামী শিক্ষা পরিচিতি

ইসলামী শিক্ষা পরিভাষাটি একটি যৌগিক শব্দ। একটি হল ইসলাম, অপরটি শিক্ষা। প্রথমতঃ ইসলাম (الاسلام) শব্দটি আরবী سَلَّمَ و سَلَّمَ ধাতু থেকে উৎসারিত। আভিধানিক অর্থ হল, শান্তি, নিরাপত্তা, সন্ধি, আনুগত্য, হুকুম পালন, আত্মসমর্পণ করা ইত্যাদি।<sup>১</sup> আল-কুরআনে ইসলাম শব্দটি আট স্থানে ব্যবহৃত হয়েছে।<sup>২</sup>

শরী‘আতের পরিভাষায় ইসলাম বলা হয়, আল্লাহ তা‘আলার প্রতি আন্তরিক বিশ্বাস স্থাপন করে তার নিকট পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করা, বিনা দ্বিধায় তার যাবতীয় আদেশ-নিষেধের আনুগত্য করা এবং তার দেয়া বিধান ও মুহাম্মাদ (সা.)-এর দেখানো পথ অনুসারে জীবনযাপন করাকে ইসলাম বলে। ইসলামের পরিচয় বর্ণনায় আল্লাহর রাসূল (সা.) বলেন,

الإسلامُ أَنْ تَعْبُدَ اللَّهَ وَلَا تُشْرِكَ بِهِ شَيْئًا ، وَتُقِيمَ الصَّلَاةَ ، وَتُؤْتِيَ الزَّكَاةَ الْمَفْرُوضَةَ ، وَتَصُومَ رَمَضَانَ

\* পিএইচ. ডি. গবেষক, ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

‘ইসলাম হলো, তুমি আল্লাহর ‘ইবাদত করবে এবং তাঁর সাথে অন্য কিছুকে শরীক করবে না, ফরজ সালাত আদায় করবে, ফরজ যাকাত প্রদান করবে, রোজার মাসে রোজা রাখবে’।<sup>৩</sup>

‘লিসানুল ‘আরব’ প্রণেতা ইবনু মানযূর বলেন,

الإسلام من الشريعة أظهار الخضوع وإظهار الشريعة والتزام ما أتى به النبي

‘শরী‘আতের পরিভাষায় আল্লাহর আনুগত্য প্রকাশ করা এবং রাসূলুল্লাহ (সা.) কর্তৃক আল্লাহ তা‘আলার নিকট হতে আনিত আহকাম দৃঢ়রূপে গ্রহণ করা ও ধারণ করাকে ইসলাম বলে’।<sup>৪</sup>

Rom Landau তার Islam and the Arabs গ্রন্থে ইসলামের সংজ্ঞায় বলেন, The word Islam occurs in several sura to indicate the true religious, Islam can be said to mean submission to the will of God or peace through submission.<sup>৫</sup>

বার্নাড লুইস বলেন, ‘ইসলামের ঐতিহ্যগত অর্থ ধারাবাহিকভাবে নবী ও রাসূলের মাধ্যমে আল্লাহ কর্তৃক এ পৃথিবীর জন্য দিক-নির্দেশনা হিসেবে জীবন ব্যবস্থার আর মরনোত্তর পৃথিবী সম্পর্কে সুষ্ঠু ধারণা প্রদান; আর সাধারণ অর্থে পবিত্র কুরআনের উপদেশ ও অনুশীলনের মাধ্যমে মহানবী (সা.) প্রদত্ত জীবন ব্যবস্থাকে বুঝায়’।<sup>৬</sup>

অতএব আল্লাহ তা‘আলার প্রতি আন্তরিকভাবে বিশ্বাস স্থাপন করে তাঁর নিকট পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করা, বিনা দ্বিধায় তাঁর যাবতীয় আদেশ-নিষেধের আনুগত্য করা এবং তাঁর দেয়া বিধান ও মুহাম্মাদ (সা.)-এর দেখানো পথ অনুসারে জীবনযাপন করাকে ইসলাম বলে।

দ্বিতীয়তঃ শিক্ষা। বাংলা শিক্ষা শব্দটি সংস্কৃত ‘শাস’ ধাতু থেকে উৎপত্তি। এর আভিধানিক অর্থ অভ্যাস, শেখা, অধ্যয়ন, উপদেশ দেয়া, নিয়ন্ত্রণ করা, নির্দেশ দেয়া বা শাসন করা ইত্যাদি।<sup>৭</sup> শিক্ষা শব্দের আরবী প্রতিশব্দ হলো تعليم, যা علم মূল ধাতু থেকে উৎপত্তি লাভ করেছে এবং باب تفعيل এর মাসদার। অতএব علم এর অর্থ জ্ঞান, অবহিত, বিজ্ঞতা ইত্যাদি। আর تعليم এর অর্থ কাউকে কিছু শিখিয়ে দেয়া, পাঠদান করা, অবহিত করা এবং শিক্ষা, উপদেশ, জ্ঞানদান, চর্চা ও অভ্যাস ইত্যাদি।<sup>৮</sup>

আল-কুরআন ও হাদীসেও علم শিক্ষার প্রতিশব্দ হিসেবে ব্যবহৃত হয়েছে। মূলত علم (ইলম) আল্লাহ তা‘আলার গুণবাচক নাম علم থেকে উদ্ভূত। এখানে শব্দের অর্থ সর্বজ্ঞ।<sup>৯</sup> আল্লাহ তা‘আলা পৃথিবীর প্রথম মানুষ ও নবী আদম (আ.) কে যে জ্ঞান দান করেছেন তার সম্পর্কে তিনি বলেন,

وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلَائِكَةِ فَقَالَ أَنْبِئُونِي بِأَسْمَاءِ هَؤُلَاءِ إِنْ كُنْتُمْ صَادِقِينَ

‘আর তিনি আদমকে সমস্ত নাম শিক্ষা দিলেন, অনন্তর তৎসমুদয় ফেরেশতাদের সামনে উপস্থাপন করলেন; তৎপর বললেন, যদি তোমরা সত্যবাদী হও, তবে আমাকে এসব বস্তুর নামসমূহ জানাও’।<sup>১০</sup>

Education হলো শিক্ষার ইংরেজী প্রতিশব্দ। Education শব্দের অর্থ শিক্ষা, জ্ঞান, কর্মদক্ষতা, চরিত্র ও মানসিক শক্তির বিকাশের জন্য প্রশিক্ষণ ইত্যাদি।<sup>১১</sup>

পারিভাষিক অর্থে শিক্ষা হলো-

ক. কোন কিছু জানা, কোন অভিজ্ঞতা অর্জন করা, নতুন কিছু উদ্ভাবন করা, কোন কৌশল আয়ত্ত্ব করা ইত্যাদি।<sup>১২</sup> খ. ‘ভারতকোষ’ এ বলা হয়েছে, ‘মানুষের যুগ যুগান্তরের সঞ্চিত অভিজ্ঞতাকে সংগঠিত প্রতিষ্ঠানের মাধ্যমে সুসংঘবদ্ধ বিষয় জ্ঞানের মধ্য দিয়ে আয়ত্ত্ব করাকে সংকীর্ণ শিক্ষা বলে’। আরো বলা হয়েছে যে, ‘অন্তসত্তা ও পরিবেশের মধ্যে নিয়মিত ক্রিয়া-প্রতিক্রিয়ার ফলে অন্তসত্তার যে সক্রিয় ও সচেতন ক্রমবিবর্তন ঘটে তাকেই শিক্ষা বলা হয়’।<sup>১৩</sup> গ. বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক রশীদ আহমদের মতে, ‘সংকীর্ণ অর্থে শিক্ষার অর্থ হচ্ছে ঐ সব বিশেষ প্রভাব, যা স্কুল, কলেজ এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকগণ উদ্ভাবন করেন’। আর ব্যাপক অর্থে ‘শারীরিক, জৈবিক, নৈতিক এবং সামাজিক প্রভাবসমূহ, যেগুলো ব্যক্তি এবং জাতির জীবনধারা নির্ধারণ ও নিয়ন্ত্রণ করে’।<sup>১৪</sup> ঘ. শিক্ষাবিদ ও দার্শনিক প্লেটো (খ্রি. পূ. ৩৪৭-৪২৭)

বলেন, 'শরীর ও আত্মার পূর্ণতার জন্য যা কিছু প্রয়োজন সবই শিক্ষার অন্তর্ভুক্ত'।<sup>১৫</sup> গু. মাওলানা আবদুর রহীম (১৯১৮-১৯৮৭ খ্রি.) শিক্ষাকে জ্ঞানার্জন প্রক্রিয়া হিসেবে অভিহিত করে বলেন, 'জ্ঞান হচ্ছে কোন বস্তুর অন্তর্নিহিত সত্তাকে যথাযথভাবে অনুধাবন করা'।<sup>১৬</sup> চ. অধ্যাপক হারম্যান এইচ. হর্ন বলেন, 'শিক্ষা হচ্ছে শারীরিক দিক দিয়ে বিকশিত মুক্ত সচেতন মানব সমাজকে খোদার সাথে উন্নতভাবে সম্পর্কিত করার একটি চিরন্তন প্রক্রিয়া। যেমনটি সুস্পষ্টভাবে প্রকাশিত রয়েছে মানুষের বুদ্ধিবৃত্তিক, আবেগ, ইচ্ছাশক্তি সমন্বয় পরিবেশ'।<sup>১৭</sup> ছ. দার্শনিক কবি আল্লামা ইকবাল (১৮৭৭-১৯৩৮ খ্রি.) বলেন, 'মানুষের খুদীর উন্নয়নই হচ্ছে আসল শিক্ষা'।<sup>১৮</sup> জ. ইংরেজ কবি জন মিল্টন (John Milton) বলেন, Education is the harmonious development of body mind and soul 'শরীর, মন ও আত্মার সমন্বিত ভারসাম্যপূর্ণ বিকাশের নামই হচ্ছে শিক্ষা'।<sup>১৯</sup>

উপরিউক্ত বিভিন্ন দার্শনিক মনীষী ও শিক্ষাবিদগণের প্রদত্ত শিক্ষার সংজ্ঞায় প্রতীয়মান হয় যে, শিক্ষা এমন একটি ধারাবাহিক প্রক্রিয়া, যার মাধ্যমে মানুষের জ্ঞান, বুদ্ধি, বিবেক, কর্মদক্ষতা ও মানবিক শক্তি বিকাশের প্রয়াসে মানুষকে শৈশব থেকে মৃত্যু পর্যন্ত যে প্রচেষ্টা চালাতে হয় তাকে শিক্ষা বলে।

আর ইসলামী শিক্ষা হলো, আল-কুরআন ও হাদীসের আলোকে সমন্বিত শিক্ষা, যে শিক্ষা ব্যবস্থায় ইসলামকে একটি পরিপূর্ণ জীবনাদর্শ হিসেবে শিক্ষা দেয়ার ব্যবস্থা থাকে, ইসলাম সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান লাভ করা যায় এবং ইসলামের নীতিমালা, অনুশাসন ও বিধি মোতাবেক মানুষের জ্ঞান, কর্মদক্ষতা, চরিত্র ও মানসিক শক্তি বিকাশের প্রয়াসকে ইসলামী শিক্ষা বলে। সর্বোপরি বলা যায় যে, যে শিক্ষার মাধ্যমে মানুষ নিজেই এবং আল্লাহ তা'আলাকে চিনতে পারে সেটিও ইসলামী শিক্ষা অর্থাৎ যে শিক্ষা কুরআন, সুন্নাহ, তাওহীদ, রিসালাত ও আখিরাত ভিত্তিক তাকেই ইসলামী শিক্ষা বলা হয়।

ইমাম গাযালী (১০৫৮-১১১১ খ্রি.) বলেন, العلم وقد كان يطلق ذلك على العلم بالله تعالى وبآياته وبأفعاله في عبادته وخلفه 'আল্লাহ তা'আলা ও তাঁর নির্দেশাবলী এবং বান্দা ও সৃষ্টির প্রতি তাঁর কার্যাবলী সম্পর্কে জ্ঞান লাভ করাকে শিক্ষা বলে।<sup>২০</sup>

মহাকবি আল্লামা ইকবাল (১৮৭৭-১৯৩৮ খ্রি.) শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের সময় মুসলিম জাতির ইতিহাস, ঐতিহ্য ও আদর্শের সাথে সঙ্গতি রেখে শিক্ষা ব্যবস্থা প্রণয়নের প্রতি গুরুত্বারোপ করেছেন।<sup>২১</sup>

ড. হাসান জামান বলেন, 'কুরআন হাদীসের আলোকে পৃথিবীর জ্ঞান-বিজ্ঞান আহরণ করে সেই লব্ধ জ্ঞানকে মানব কল্যাণে নিয়োজিত করাই হলো ইসলামী শিক্ষা'।<sup>২২</sup>

অতএব, যে শিক্ষা ব্যবস্থায় আখিরাতকে প্রাধান্য দিয়ে জীবন গড়ার দৃঢ় মানসিকাত, পার্থিব উপায়-উপকরণসমূহ ব্যবহারের দক্ষতা এবং সমাজ ও সভ্যতায় অবদান রাখার মত যোগ্যতা সৃষ্টির উপকরণ বিদ্যমান তাকে ইসলামী শিক্ষা বলে। কেননা ইসলামী শিক্ষা সকল সৃষ্টির জন্য সার্বিকভাবে কল্যাণকর। যার রূপকার স্বয়ং আল্লাহ তা'আলা।

### বগুড়া জেলা পরিচিতি

ইসলামী শিক্ষা সম্প্রসারণে বগুড়া জেলার 'আলিমগণের অবদান শীর্ষক শিরোনামে গবেষণা করার পূর্বে বগুড়া জেলার নামকরণ ও ইতিহাস, ভৌগোলিক অবস্থান, প্রশাসনিক ইউনিটসমূহ এবং ঐতিহাসিক স্থানসমূহ সম্পর্কে আলোচনা করা প্রয়োজন। নিম্নে বগুড়া জেলার পরিচিতি সম্পর্কে আলোচনা করা হলো:

### নামকরণ

বগুড়া জেলার নামকরণ নিয়ে অনেক মতভেদ রয়েছে। যেমন,

ক. ইখতিয়ার উদ্দীন মুহাম্মদ বখতিয়ার খলজী লক্ষণাবতী হয়ে পূর্ব বাংলার বগুড়া জেলার খাজুর (খাজাইর) (১২০২-১২০৫/৬ খ্রি.) অধিকার করেন এবং খাজুর পরগনা তদীয় সেনাপতি হিশাম উদ্দীন ইয়ুজকে জায়গীর স্বরূপ প্রদান করেন। এরপর বখতিয়ার খলজীর পরবর্তী সুলতানগণের ক্ষমতা ও শাসন অধিকতর বিস্তৃত ও সুদৃঢ় ছিল বলে মনে করা হয় না। দিল্লীশ্বর বলবন যখন গৌড় দেশে আগমন করে বিদ্রোহী

সুলতান মুগীছ উদ্দীন তুঘরীলকে<sup>১৭</sup> পরাজিত ও নিহত করে (১২৮০ খ্রি.) স্বীয়পুত্র নাসির উদ্দীন মুহাম্মদ বগরা খাঁকে<sup>১৮</sup> (১২৮০-১২৯৬ খ্রি.) গৌড়ের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত করেন। তিনি স্বাধীনভাবেই শাসনকার্য পরিচালনা করেন। তৎসময়ে এতদাঞ্চলে প্রশাসন ও রাজস্ব আদায় পরিচালনার জন্য যেখানে দপ্তর খোলা হয় সে স্থানের নাম হয় বগড়া। ১২৯০ সালের পূর্বে এ অঞ্চলে বগড়া বা বগরা নামে কোন গ্রাম বা মৌজা ছিল না। মনে করা হয় যে, এই বগড়া খানের নামানুসারে বগড়ার নামকরণ করা হয়।<sup>১৯</sup>

খ. অন্য মতে জানা যায় যে, এ এলাকাটি জলাভূমি ছিল। সেখানে ঝাঁকে ঝাঁকে বক উড়ে বেড়াত। এই বক+উড়া= বকুড়া থেকেই স্থানটির নাম বগড়া হয়েছে।<sup>২০</sup>

গ. ১২৮৭ সালে সুলতান বলবনের মৃত্যুর পর সুলতান নাসির উদ্দীন বগরা খাঁ বাংলার স্বাধীনতা ঘোষণা করেন। বগড়া জেলার পুরান বগড়া নামক স্থানে (সম্ভবতঃ) তাঁর সময়ে স্থানীয় জমিদারগণের রাজস্ব আদায়ের একটি কাছারী বাড়ী স্থাপিত হয়েছিল। পরে সেখানে বগরা খাঁ নামীয় পুলিশ ফাঁড়ি প্রতিষ্ঠিত হয়। তারপর ১৮২১ সালে যখন পুলিশ ফাঁড়ি বর্তমান শহরে স্থানান্তরিত হয়, তখনই উক্ত ফাঁড়ির নামানুসারে অত্র জেলার নামকরণ করা হয় বগরা জেলা, যার অপভ্রংশ বগড়া।<sup>২১</sup>

ঘ. তৎকালীন সমগ্র বগড়া জেলা তিনটি ভাগে বিভক্ত ছিল। পার বগড়া, পুরান বগড়া ও চক বগড়া। অনেকে বগড়াকে ‘বাগিড়া’ ও ‘বগুলা’ নামেও আখ্যায়িত করে থাকেন। ২৪ পরগনা জেলার ব্যাপরাপুরের নিকট ‘বগুলা’ নামক একটি রেলওয়ে স্টেশনও আছে। সম্ভবত এ নামই ‘বগড়া’ প্রসঙ্গে উল্লেখিত হয়েছে।<sup>২২</sup>

উক্ত নামকরণের বিভিন্ন অভিমতের মধ্যে প্রথম মতটিই অধিকতর যুক্তিযুক্ত বলে মনে হয়। তবে কোনটি গ্রহণযোগ্য আর কোনটি গ্রহণযোগ্য নয় এ ব্যাপারে যথেষ্ট গবেষণার প্রয়োজন রয়েছে। তদুপরি বর্তমানে বগড়া জেলাটির ইতিহাস সুদূর অতীত, ১৮২১ খ্রিষ্টাব্দের পূর্বেও বগড়া নামের কোন অস্তিত্ব ছিল না। বরং বহু বিবর্তন ও পরিবর্তনের মধ্যে দিয়ে বগড়া নামে রূপান্তরিত হয়েছে।

### ইতিহাস

বগড়া জেলা প্রাচীন বাংলার ঐতিহ্য সমৃদ্ধ একটি গৌরবোজ্জ্বল জেলা। বাংলার প্রাচীন ঐতিহাসিক দলিলপত্র এবং বিভিন্ন লৌকিক উপাদান থেকে জানা যায় যে, বগড়া জেলা প্রাচীন পূর্ব ভারতের কামরূপ রাজ্যের পুণ্ডনগীর অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে এটিই ‘পুণ্ডবর্ধন’ নামে পরিচিতি লাভ করে।<sup>২৩</sup> ভাসুদেব নামক জনৈক শাসক খ্রিষ্টপূর্ব ১২৮০ শতক পর্যন্ত এ অঞ্চলটিকে অত্যন্ত সুরক্ষিত ও সুপারিকল্পনার সাথে শাসনকার্য পরিচালনা করেন। খ্রিষ্টপূর্ব চতুর্থ শতক থেকে তৃতীয় শতক পর্যন্ত মৌর্য শাসকরা এ অঞ্চলের শাসনকার্য পরিচালনা করেন। অতঃপর বিভিন্ন তথ্য পাওয়া যায় যে, গুপ্ত শাসকরা খ্রিষ্টীয় পঞ্চম শতক পর্যন্ত এ এলাকা পরিচালনা করে। ষষ্ঠ শতকের ইতিহাস তেমন জানা যায় না। কিন্তু সপ্তম শতকে শশাংক রাজা প্রাচীন বাংলার সিংহাসন আরোহণ করেন এবং বগড়া অঞ্চলে শাসনকার্য পরিচালনা করেন।<sup>২৪</sup> পরবর্তীতে পাল বংশ, সেন বংশ শাসন কার্য পরিচালনা করেন। অতঃপর ১২০৪ খ্রিষ্টাব্দে সর্বশেষ সেন শাসক লক্ষণ সেনকে পরাজিত করে ইখতিয়ার উদ্দীন মোহাম্মদ বখতিয়ার খলজি বগড়া সহ এতদাঞ্চলের শাসনভার গ্রহণ করেন।<sup>২৫</sup>

অতঃপর ১২৮০ খ্রিষ্টাব্দে দিল্লীর সুলতান গিয়াস উদ্দীন বলবনের ২য় পুত্র সুলতান নাসির উদ্দীন মুহাম্মদ বুগরা খান ১২৯০ খ্রিষ্টাব্দ পর্যন্ত গৌড়-বরেন্দ্র সহ এ অঞ্চলের শাসনকার্য পরিচালনা করেন।<sup>২৬</sup> ১৩৪২-১৪৪৭ খ্রি. পর্যন্ত ইলিয়াস শাহ বগড়াসহ লক্ষণাবতী দিল্লী সালতানাত ক্ষমতায় ছিলেন। পরবর্তীতে রোকন উদ্দীন বারবাক শাহ (১৪৫৯-১৪৭৪ খ্রি.), শামসউদ্দীন মোজাফফর শাহ (১৪৯১-১৪৯৩ খ্রি.), আলাউদ্দীন হোসেন শাহ (১৪৯৩-১৫১৯ খ্রি.), নাসির উদ্দীন নসরত শাহ (১৫১৯-১৫৩২ খ্রি.) এবং মোহাম্মদ শাহ (১৫৩২-১৫৩৮ খ্রি.) বগড়া সহ এতদাঞ্চলের শাসনকার্য পরিচালনা করেন। অতঃপর ১৫৩৯-১৫৪৫ খ্রি. পর্যন্ত পাঠান সুলতান শেরশাহ শাসন করেন।<sup>২৭</sup>

সুলতানী শাসনের অবসানের পর মোঘলদের শাসন শুরু হয়; রাজস্ব আদায় ও প্রশাসন ব্যবস্থার সুবিধার্থে সম্রাট আকবরের পূর্বে শেরশাহ সমগ্র পুরে বাংলাকে ২৪টি শিক ও ৭৮৭টি মহালে বিভক্ত করেন। অতঃপর এক একটি শিক ও মহালের শিকদার ও মহালদার নিয়োগ করেন। শেরপুর শিক এবং প্রশাসনিক কেন্দ্র ছিল। বগুড়া অঞ্চল শেরপুর শিকের অধীনে ছিল। শেরশাহ পতনের পুনরায় মোঘল প্রশাসন শুরু হলে ১৮৫২ খ্রিষ্টাব্দে সম্রাট আকবরের রাজস্ব মন্ত্রী রাজা তোডরমল ও সচিব মোজাফফর আলী সমগ্র বাংলাকে ১৯টি সরকার ও ৬৮২টি পরগনায় বিভক্ত করেন। অতঃপর ১৭২২ খ্রিষ্টাব্দে নবাব মুর্শিদকুলি খান সমগ্র বাংলাকে ১৩টি চাকলা ও ১২৫৬টি মহালে ভাগ করেন। তখন রাজশাহী চাকলা গঠিত হয়। বগুড়া জেলার অধিকাংশ অংশ রাজশাহী চাকলার অন্তর্ভুক্ত ছিল। ১৭৫৭ খ্রিষ্টাব্দে বাংলার শাসন কর্তৃত্ব ইংরেজদের হাতে যাওয়ায় ১৭৯৩ খ্রিষ্টাব্দে লর্ড কর্ণওয়ালিশ মোঘল প্রবর্তিত সরকার ও পরগনা ব্যবস্থা ভেঙ্গে জেলা প্রশাসন ব্যবস্থা প্রবর্তন করেন এবং সমগ্র বাংলাকে ২৮টি জেলায় রূপান্তর করেন; তখনও বগুড়া নামে কোন প্রশাসনিক কেন্দ্র ছিল না। অতঃপর ১৮২১ খ্রিষ্টাব্দে রাজশাহী জেলার ৩টি (আদমদীঘি, শেরপুর ও বগুড়া), রংপুর জেলার ২টি (গোবিন্দগঞ্জ ও দেওয়ানগঞ্জ) এবং দিনাজপুর জেলার ৩টি (লালবাজার, ক্ষেতলাল ও বাদলগাছী) পুলিশ সার্কেল নিয়ে বগুড়া গঠিত হয়।<sup>৪৪</sup>

১৭৫৭ খ্রিষ্টাব্দে পলাশীর যুদ্ধে নবাব সিরাজ-উদ্দৌলা ইংরেজদের নিকট পরাজিত হওয়ায় এ অঞ্চলের ক্ষমতা চলে যায় ব্রিটিশ বেনিয়াদের হাতে। অতঃপর ইংরেজ শাসকরা তাদের নীল চাষের সুবিধার্থে দিনাজপুর, রংপুর ও রাজশাহী রাজশাহী থেকে অংশবিশেষ কেটে ১৮২১ খ্রিষ্টাব্দে 'বগুড়া জেলা প্রতিষ্ঠা করেন।<sup>৪৫</sup> ১৮৩৯ খ্রি. রাজশাহীর রায়গঞ্জ বগুড়ার অন্তর্ভুক্ত হয়। অতঃপর প্রশাসনিক কাজের সুবিধার্থে বগুড়ার সীমারেখায় আরো বেশ কিছু রদবদল করা হয়। ১৮৫০ খ্রি. রংপুর, দিনাজপুর, পাবনা, ময়মনসিংহ ও রাজশাহীর ৫৪৯টি তালুক বগুড়া জেলায় স্থানান্তরিত হয়। এর পূর্বে মাত্র ২৮৭টি তালুকের রাজস্ব কালেক্টরেটে আদায় করা হতো।<sup>৪৬</sup> ১৮২১ খ্রিষ্টাব্দে বগুড়া জেলার সূচনা হলেও পূর্ণাঙ্গ জেলা হিসেবে গড়ে উঠতে প্রায় অর্ধ শতাব্দী সময় লেগে যায়। বর্তমানে ১২টি উপজেলা নিয়ে গঠিত বগুড়া জেলা একটি সমৃদ্ধময় জেলা।

#### বগুড়া পৌরসভা গঠন

১৮৭৬ সালের ১ জুলাই (৫) আইনের বিধান মতে ব্রিটিশ ভারতের অধুষিত পূর্ববাংলার অন্যান্য শহরের ন্যায় বগুড়া পৌরসভা প্রতিষ্ঠা লাভ করে। এ পৌরসভার প্রথম বৈঠক 'উডবার্ণ পাবলিক লাইব্রেরি'-তে অনুষ্ঠিত হয়। এ সময় পৌরসভার আয়তন ছিল ০.৮০ বর্গ মাইল এবং জনসংখ্যা ছিল ৫০০০ জন।<sup>৪৭</sup> বগুড়া পৌরসভার প্রথম নাম ছিল 'টাউন কমিটি'। ১৮৭৬ সালের ১০ আগস্ট এ কমিটির সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়। আর ১৯৭৬ সালের ১৮ সেপ্টেম্বরের কোন সময় বগুড়া পৌরসভা হিসেবে ঘোষিত হয়। ১৯০৭-০৮ সালে এক সমীক্ষা থেকে দেখা যায় যে, তখন পৌরসভার আয়তন ছিল ১.২৫ বর্গমাইল এবং জনসংখ্যা ছিল ৭০৯৪ জন। ১৮২১ সালে বগুড়া জেলা শহর হিসেবে গঠিত হলে এ শহরের দৈর্ঘ্য প্রায় দুই মাইল এবং প্রস্থ এক মাইল হয়। বর্তমানে ইহা পৌরসভার শাসনাধীনে ১৯৭৪ সালের আদমশুমারী অনুযায়ী মিউনিসিপ্যালিটির আয়তন ছিল ১.৩৭ বর্গমাইল এবং জনসংখ্যা ছিল ৪৭,১৫৪ জন। বগুড়া পৌরসভার উত্তরে ছিল সুবিল বিল, দক্ষিণে ঠনঠনিয়া, দাঁড়ামারা, মালতীনগর, সুত্রাপুর এবং মালখামের কিছু অংশ পূর্বে করতোয়া নদী পশ্চিমে নিশিন্দারা চকবন্দাবন ও মালখাম। পরবর্তীতে বগুড়া পৌরসভার অধীনস্থ এলাকা বৃদ্ধি করা হয়। প্রথম বর্ধিত এলাকা ছিল ১৪.৭৬ বর্গকিলোমিটার এবং জনসংখ্যা দাঁড়ায় ২,৫৪,০০০ জন এবং পরবর্তীতে ১২ অক্টোবর ২০০৬ সালে বর্ধিত হয়ে পৌরসভার আয়তন হয় ৬৯.৫৬ বর্গকিলোমিটার এবং জনসংখ্যা দাঁড়ায় ৪,৩০,০০০ জন।<sup>৪৮</sup>

### ভৌগলিক অবস্থান

বগুড়া জেলা ২০° ০২ উত্তর অক্ষাংশ থেকে ২৫°৮ উত্তর অক্ষাংশে এবং ৮০° ৫৮ পূর্ব দ্রাঘিমাংশ থেকে ৮৯°৪৪ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত।<sup>৮৬</sup> আর বগুড়া শহরটি করতোয়া নদীর তীরে ২৫.২৫ অক্ষাংশ ও ৮৯.২৬ দ্রাঘিমাংশে অবস্থিত।<sup>৮৭</sup> এ জেলার পশ্চিমে নওগাঁ জেলা, পূর্বে যমুনা নদী ও জামালপুর জেলা, উত্তরে জয়পুরহাট ও গাইবান্ধা জেলা এবং দক্ষিণে সিরাজগঞ্জ ও নাটোর জেলা অবস্থিত।<sup>৮৮</sup> এ জেলার সর্বমোট আয়তন ২৯১৯.৯ বর্গকিলোমিটার। ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী এ জেলার মোট জনসংখ্যা ৩৫,৩৯,২৯৪ জন। তন্মধ্যে ১৭,৭৮৫২৯ জন পুরুষ এবং ১৭,৬০৭৬৫ জন মহিলা। এছাড়া মুসলমান ৯১% এবং হিন্দু ও অন্যান্য ৯%। এ জেলাটি উত্তরবঙ্গে জনসংখ্যার দিক দিয়ে সবচেয়ে বৃহত্তম জেলা।<sup>৮৯</sup>

### প্রশাসনিক এলাকাসমূহ

উত্তরবঙ্গের প্রবেশদ্বার বলে খ্যাত বগুড়া জেলা ১৮২১ সালে জেলা হিসাবে প্রতিষ্ঠা লাভ করে। রাজশাহী জেলার ৪টি থানা (আদমদীঘি, বগুড়া, শেরপুর ও নওখিল), দিনাজপুরের ৩টি থানা (লালবাজার, বদলগাছী ও ক্ষেতলাল) এবং রংপুরের ২টি থানাসহ (গোবিন্দগঞ্জ ও দেওয়ানগঞ্জ) মোট নয়টি থানা নিয়ে ১৮২১ সালে বগুড়া জেলা গঠিত হয়। পরবর্তীতে জেলার প্রাথমিক কাঠামো থেকে ৯টি থানা বাদ দিয়ে নুতন সাতটি থানা সংযোজন করে বৃহত্তর বগুড়া জেলা গঠন করা হয়। অতঃপর বগুড়া জেলাকে ১৯৮৩ সালে বগুড়া ও জয়পুরহাট জেলায় ভাগ করা হয়।<sup>৯০</sup>

বগুড়া জেলায় উপজেলার সংখ্যা মোট ১২ টি। পৌর সভার সংখ্যা ১২ টি, ইউনিয়ন রয়েছে মোট ১০৮ টি। এছাড়া জেলায় ২,৬৯৫ টি গ্রাম, ১,৭৫৯ টি মৌজা রয়েছে। ১৮৮৪ সালে বগুড়া পৌরসভা গঠিত হয়। সদর উপজেলার উত্তরে শিবগঞ্জ উপজেলা, দক্ষিণে শেরপুর উপজেলা, পূর্বে ধুনট ও গাবতলী উপজেলা এবং পশ্চিমে কাহালু ও নন্দীগ্রাম উপজেলা। এ উপজেলার আয়তন ১৭৭.৪৯ বর্গকিলোমিটার।<sup>৯১</sup> বগুড়া জেলার উপজেলাগুলো হল- সোনাতলা উপজেলা, আদমদীঘী উপজেলা, বগুড়া সদর উপজেলা, ধুনট উপজেলা, দুপচাঁচিয়া উপজেলা, গাবতলী উপজেলা, কাহালু উপজেলা, নন্দীগ্রাম উপজেলা, সারিয়াকান্দি উপজেলা, শেরপুর উপজেলা, শিবগঞ্জ উপজেলা এবং শাজাহানপুর উপজেলা।

### ঐতিহাসিক দর্শনীয় স্থানসমূহ

বগুড়া জেলার অনেক ঐতিহাসিক ও প্রসিদ্ধ স্থান রয়েছে। প্রাচীন কীর্তিগুলো কিভাবে নির্মিত হয়েছিল তার নির্ভরযোগ্য কোন তথ্য পাওয়া যায় না। জেলার মধ্যে কয়েকটি ঐতিহাসিক ও প্রসিদ্ধস্থানের প্রমাণ পাওয়া যায়। যেমন মহাস্থান<sup>৯২</sup>, আদমদীঘি<sup>৯৩</sup>, নিশিন্দারা<sup>৯৪</sup>, সোন্দাবাড়ী<sup>৯৫</sup>, বাগবাড়ী, বেরুঞ্জ, গুনাহার সাহেব বাড়ী<sup>৯৬</sup>, গড় ফতেহপুর<sup>৯৭</sup>, ছাতিয়ান গ্রাম<sup>৯৮</sup>, শাহবাজপুর<sup>৯৯</sup>, চান্দনিয়া, জোড়া, শেরপুর<sup>১০০</sup>, বিলচাপড়ি<sup>১০১</sup> ইত্যাদি।

### শিল্প ও কলকারখানা

প্রাচীনকাল থেকেই বগুড়া একটি শিল্প উন্নত শহর। ১৯৮২ খ্রিষ্টাব্দে এ জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা ছিল যথাক্রমে ৩৭২ ও ১০,৮০৫। জেলার শিল্প ও কলকারখানার মধ্যে আইসক্রিম ফ্যাক্টরি, ঔষধ কোম্পানী, এগ্রিকারচারাল মেশিনারীজ, ইলেক্ট্রিক পার্টস, অটো মোবাইল, রেশম শিল্প, চিটি শিল্প, চিনির শোধনাগার, চামড়া শিল্প, পোল্ট্রি ফার্ম, ম্যাচ, সাবান, কাঁচ, বস্ত্র, কটন স্পিনিং কো. লি, সোপ ফ্যাক্টরী, তাজমা সিরামিক ইন্ডাস্ট্রিজ লি., শাহ সুলতান সোপ ফ্যাক্টরী, বগুড়া মটরস প্রাইভেট লি. খোলাশ খেলনা শিল্প, এ্যালুমিনিয়াম ফ্যাক্টরি ইত্যাদি উল্লেখযোগ্য।<sup>১০২</sup>

### ইসলামী শিক্ষা সম্প্রসারণে 'আলিমগণের ভূমিকা

বগুড়া জেলায় ইসলামী শিক্ষা সম্প্রসারণে সূফী-সাধক ও 'আলিমগণের অবদান অনস্বীকার্য। জেলার বিভিন্ন স্থানে সূফী-সাধকদের মাজার অথবা তাদের স্মৃতি বিজরিত মসজিদ, মাদরাসা এবং লোকস্মৃতির আজও

বিদ্যমান রয়েছে। এতদ্ব্যতীত পরবর্তীতে মাদরাসা শিক্ষা শিক্ষিত ব্যক্তিগণ এ জেলাতে ইসলামী শিক্ষা সম্প্রসারণে যথেষ্ট অবদান রেখেছেন।

#### শাহ সুলতান বলখী মাহী সওয়ার (রহ.)

বগুড়া জেলায় ইসলাম প্রচার ও প্রসারে এবং ইসলামী শিক্ষা সম্প্রসারণে শাহ সুলতান বলখী মাহী সওয়ার (রহ.)-এর অবদান সকলের শীর্ষে। তিনি ছিলেন বলখের বাদশাহ শাহ আলী আজগরের পুত্র।<sup>৫৬</sup> তিনি দামেস্কের এক মহাতাপস শেখ তাওফিকের সাক্ষাৎ লাভ করেন এবং তাঁর সাহচর্যে তিনি ৩৬ বছর সাধনা করেন। পরিশেষে তার নিকট থেকে আধ্যাত্মিক তত্ত্ব লাভ করে কামালিয়াত হাসিল করতে সমর্থ হন। অতঃপর তাঁর নির্দেশে ইসলাম প্রচারের জন্য সমুদ্র পথে মাছের আকৃতি বিশিষ্ট নৌকা যোগে বঙ্গদেশে আগমন করেন; তাই তাকে মাহিসওয়ার বা মৎসরোহী বলা হয়।<sup>৫৭</sup> তিনি বগুড়া জেলার ঐতিহাসিক মহাস্থানের অত্যাচারী রাজা পশুরামের নির্যাতনের কথা এবং পশুরামের বিরুদ্ধে জনসাধারণের বিক্ষোভের খবর জানতে পারেন।<sup>৫৮</sup> অতঃপর শাহ সুলতান বগুড়ার উপনীত হন এবং রাজা পশুরামের প্রাসাদের কাছে বসবাসের জন্য জায়গা চান। রাজা পশুরাম এই দরবেশ সম্পর্কে ইতোপূর্বে জ্ঞাত ছিলেন; তাই দরবেশকে জায়গাদেন, যেন রাজ্যে কোন সমস্যার সৃষ্টি না হয়। দরবেশ জায়নামায বিছিয়ে বসা মাত্রই দেখা গেল, জায়নামায প্রাসাদের চতুর্দিকে ঘেরাও করছে; এ অবস্থা দেখে রাজা ভিত হয়ে ভগ্নি শিলাদেবীকে এ বিষয়ে অবগত করেন। শিলাদেবী ভ্রাতাকে অভয় দিয়ে বলেন যে, একটু যাদু বিদ্যা ও তন্ত্রমন্ত্র দ্বারা দরবেশকে ব্যর্থ করে দিবেন। অতঃপর দরবেশ ও শিলাদেবীর মধ্যে অলৌকিকত্ব ও যাদুর লড়াইয়ে দরবেশ শাহ সুলতান জয়ী হন। স্বাভাবিকভাবে সমস্যার কোন সমাধান না হওয়ায় রাজা পশুরাম যুদ্ধ ঘোষণা করলেন এবং যুদ্ধে পশুরাম পরাজিত ও নিহত হন। দরবেশ যুদ্ধ বিজয়ী হয়ে রাজা পশুরামের অবিবাহিতা কন্যা রত্নমতিকে ধরে ফেলেন এবং তাকে ইসলাম ধর্মে দীক্ষিত করেন। অতঃপর তিনি শিলাদেবীর সন্ধান করে জানতে পারেন, শিলাদেবীকে কালি মন্দিরে প্রবেশ করে দরজা বন্ধ করে দিয়েছে। দরবেশ সেই মন্দিরের দিকে অগ্রসর হন। শিলাদেবী দরবেশকে দেখতে পেয়ে করতোয়া নদীতে বাঁপ দিয়ে প্রাণ বিসর্জন দেন।<sup>৫৯</sup> এ যুদ্ধে জয় লাভের ফলে অত্র এলাকায় ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রচার-প্রসার সহজ হয়েছিল। অতঃপর এ অঞ্চলে মসজিদ, মাদরাসা, খানকাহ ইত্যাদি ধর্মীয় প্রতিষ্ঠান গড়ে ওঠতে থাকে। তিনি মহাস্থানে অবস্থান করে আমৃত্যু ইসলামী শিক্ষার প্রচার-প্রসারের আঞ্জাম দেন এবং এখানেই ইন্তিকাল করেন।<sup>৬০</sup>

#### বাবা আদম (রহ.)

বগুড়া জেলার শেরপুরে ইসলামী শিক্ষা সম্প্রসারণে বাবা আদম (রহ.) অসামান্য অবদান রয়েছে। তিনি ত্রয়োদশ শতাব্দীতে শাহ আরেফীন, শাহ জালাল, শাহ তুরকান, শাহ বন্দেগী, শাহ রায়হানসহ কয়েকজন সূফি-সাধক সঙ্গে নিয়ে বগুড়ায় আগমন করেন।<sup>৬১</sup> তিনি ইসলামী শিক্ষা সম্প্রসারণের পাশাপাশি মুসলিম বিজয়েও সক্রিয় ভূমিকা পালন করেন। বাবা আদম (রহ.) চিকিৎসাসেবা, শিক্ষা-দীক্ষা ও পানির কষ্ট নিবারণের জন্য পুকুর ও দীঘি খননের কাজ করেছেন; এ লক্ষ্যে তিনি তাঁর সাথী-সঙ্গীদের নিয়ে কয়েকটি দল বা গ্রুপ গঠন করে বিভিন্ন এলাকায় প্রেরণ করেন। তাঁরা বাবা আদম (রহ.) এর নির্দেশ অনুযায়ী নির্দিষ্ট স্থানে গিয়ে ইসলামী শিক্ষার ভিত মজবুত করার লক্ষ্যে মসজিদ, মজুব, মাদরাসা, খানকাহ প্রতিষ্ঠা করেছেন। বাবা আদম রহ. একদল সূফি-সাধক নিয়ে পশ্চিমদেশ হতে এদেশে আগমন করে জেলার আদমদীঘিতে আস্তানা স্থাপন করেন।<sup>৬২</sup>

#### তুরকান শাহ রহ.

হযরত শাহ তুরকান রহ. বগুড়া জেলায় ইসলামী শিক্ষা সম্প্রসারণের ইতিহাসে একজন উল্লেখযোগ্য মুসলিম মুজাহিদ ছিলেন। তিনি বগুড়ার শেরপুরে ইসলাম প্রচারের জন্য হিন্দু রাজা বল্লাল সেনের সঙ্গে যুদ্ধে শহীদ হন। শেরপুরে তাঁর দু'টি মাজার রয়েছে। মাজার দুটি 'শির' মুকাম ও 'ধর' মুকাম নামে পরিচিত।<sup>৬৩</sup> মাজার দু'টি হযরত শাহ তুরকান (রহ.)-এর মাজার নামে পরিচিত। অর্ধমাইল ব্যবধানে একই ব্যক্তির দু'টি মাজার

অস্বাভিক ব্যাপার বটে; দুটি মাজারে হযরত শাহ তুরকানের পবিত্র দেহের দুটি প্রধান অংশ শায়িত আছে। একটি তাঁর ‘মস্তক’ অপরটি ‘ধর’। শেরপুরে অবস্থিত ‘শিরমুকাম’ ও ‘ধরমুকাম’ নামে দুটি মাজারই মহান শহীদ শাহ তুরকানের অমর স্মৃতি। শাহ তুরকান (রহ.) ইসলামকে বিজয়ী দীন হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে স্বীয় জীবন আল্লাহর রাহে উৎসর্গ করে বগুড়া অঞ্চলে দীনের আলো প্রজ্জ্বলিত করেছেন।<sup>৬৪</sup>

#### শাহ বন্দেগী (রহ.)

শাহ বন্দেগী (রহ.) ছিলেন একজন সুফি-সাধক মহাপুরুষ। তিনি বাবা আদম (রহ.)-এর সাথে শেরপুরে ইসলাম প্রচার করেন। শেরপুরে একটি মসজিদ নির্মাণ করে তিনি ইসলাম প্রচার-প্রসারে আত্মনিয়োগ করেন। তিনি হযরত শাহ জালাল, শাহ তুরকান ও বাবা আদম এর সমসাময়িক ছিলেন। তিনি অত্র এলাকার ইসলামী শিক্ষা সম্প্রসারণে স্থায়ীভাবে আজীবন বসবাস করেছেন। শেরপুরে তাঁর দু’পুত্র সহ তিনি শায়িত আছেন। শেরপুরে টোলার মসজিদের সন্নিকটে হযরত শাহ বন্দেগীর মাজার অবস্থিত।<sup>৬৫</sup>

#### ফতেহ আলী আফালী (রহ.)

বগুড়া জেলায় ইসলামী শিক্ষা সম্প্রসারণে যে সকল সাধক অগ্রণী ভূমিক পালন করেছেন তাঁদের মধ্যে ফতেহ আলী (রহ.)<sup>৬৬</sup> অন্যতম। তিনি ইংরেজদের নির্যাতন থেকে মানুষকে মুক্তি এবং তাদেরকে ইসলামমুখী করার জন্য বগুড়ায় আগমন করেন। ফতেহ আলী (রহ.) পাপাচার, অনাচার ও কুসংস্কার মুক্ত জাতি গড়তে চেষ্টা করেছেন। ইসলামী শিক্ষা ও সংস্কৃতি প্রচার-প্রসারে তাঁর অবদান অপরিসীম।<sup>৬৭</sup> ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রচারের উদ্দেশ্যেই তিনি বঙ্গদেশে আসেন। তিনি আল্লাহর সন্তুষ্টি ও ইসলাম প্রচারের উদ্দেশ্যে তাঁর সর্বস্ব ত্যাগ করেছিলেন। তিনি জীবনের সুখকে বিসর্জন দিয়ে একমাত্র আল্লাহর দীন প্রতিষ্ঠার জন্য সুদূর পাঞ্জাব থেকে অত্র এলাকায় আসেন। বগুড়া জেলায় ইসলামী শিক্ষা সম্প্রসারণের ক্ষেত্রে ফতেহ আলী আফালী (রহ.)-এর অবদান চিরস্মরণীয় থাকবে।

#### সৈয়দ আলী ফকির (রহ.)

ইসলামের সুমহান আদর্শে উজ্জীবিত হয়ে বগুড়ায় ইসলামী শিক্ষা সম্প্রসারণে যারা মনোনিবেশ করেন সৈয়দ আলী ফকির (রহ.) অন্যতম। তিনি প্রায় ৯০ বছর পূর্বে সুলতান বর্তমানে ধাপের হাট এলাকায় অবস্থান করেন এবং অক্লান্ত পরিশ্রম ও ত্যাগের মাধ্যমে সেখানে একটি মাদরাসা প্রতিষ্ঠা করেন। অতঃপর তিনি মহাস্থান গড়ে গমন করে সেখানে একটি জুনিয়র মাদরাসা স্থাপন করেন। যা ‘সুলতানিয়া মাদরাসা’ নামে খ্যাত। শাহ সুলতান বলখীর নামানুসারে এর নামকরণ করা হয়। বগুড়া জেলায় ইসলামী শিক্ষা প্রসারের ক্ষেত্রে তাঁর প্রতিষ্ঠিত উক্ত মাদরাসাঙ্গয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তিনি ১৩২১ বঙ্গাব্দে ১৫ পৌষ মহাস্থান গড়ের সুলতানী চকে ইত্তিকাল করেন। সেখানেই তাঁকে সমাহিত করা হয়।<sup>৬৮</sup>

#### নিমাই পীর বা মীর সৈয়দ রুকনুদ্দীন (রহ.)

সৈয়দ রুকনুদ্দীন (রহ.) বগুড়ার শাহ সুলতান বলখী মাহীসওয়ারের একজন শিষ্য ছিলেন। তিনি ‘নিমাই পীর’ বলেই সমধিক পরিচিত। ৪৩৯ হিজরীতে সুলতান বলখীর নির্দেশে জয়পুর হাটের পাথরঘাটায় তিনি আস্তানা গড়ে তুলেন। তিনি হিন্দু ধর্মাবলম্বী ছিলেন, পরবর্তীতে ইসলাম ধর্মে দীক্ষিত হয়ে আজীবন ইসলাম প্রচার-প্রসারে আত্মনিয়োগ করেন। তাঁর মাজারে আছে ১২টি কোনবিশিষ্ট সিংহ মুখাকৃতি বসবাসের আসন আছে। এ আসনে বসেই ধ্যান করতেন ও সমবেত জনতার উদ্দেশ্যে ওয়াজ-নছীহত পেশ করতেন। মাটির ভিতরে প্রোথিত একটি গোলাকার পাথর পীর সাহেবের ‘আস’ বলে পরিচিত। নিমাই পীর পাথর ঘাটাই যাওয়ার পূর্ব পর্যন্ত বগুড়া জেলায় ইসলামী শিক্ষা ও সংস্কৃতি প্রচার-প্রসারের ক্ষেত্রে তাঁর যথেষ্ট ভূমিক ছিল।<sup>৬৯</sup>

#### শাহ সুফি কহর উল্লাহ (রহ.)

বগুড়ায় ইসলামী শিক্ষা প্রসারে শাহ সুফি কহর উল্লাহ (রহ.)-এর ভূমিকা ছিল অগ্রগণ্য। তিনি শিরক, বিদ‘আতের ব্যাপারে সর্বদা সজাগ ছিলেন। এ লক্ষ্যে তিনি বেশকিছু গ্রন্থও রচনা করেন। তন্মধ্যে মহস্থান,



(১২৪১ বাংলা) চারি তরিকার শাজরা শরীফ, (১৩৩৪), তাসাউফ দর্পন ও জাকেরের ধোকাবঙ্গন ইত্যাদি উল্লেখযোগ্য। তিনি নিজ গ্রামে একটি দাখিল মাদরাসা প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটি অত্র এলাকায় ইসলামী শিক্ষা প্রসারে যথেষ্ট অবদান রাখছে। উল্লেখ্য, তিনি ১৮৫২ খ্রিষ্টাব্দে মহাস্থানের ২কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে 'রামশহর' গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি গোকুল বোর্ডস এম. ই স্কুলের ছাত্র ও পরবর্তীতে শিক্ষক ছিলেন। একজন সুচিকিৎসক তিনি বেশ সুপরিচিত ছিলেন। তিনি কলেরা, মহামারীসহ বিভিন্ন দূরারোগ্য ব্যাধির চিকিৎসা করতেন। এই মহান সাধক ১৯৪৭ খ্রিষ্টাব্দে ২৫ এপ্রিল ৯৬ বছর বয়সে নিজ বাড়িতে ইন্তিকাল করেন। রামশহর গ্রামে তার মাজার আছে।<sup>১০</sup>

এতদ্ব্যতীত মাদরাসা শিক্ষায় শিক্ষিত ব্যক্তিগণের অনেকেই এ জেলাতে ইসলামী শিক্ষা সম্প্রসারণে ব্যাপক অবদান রেখেছেন। যেমন, আল্লামাহ নজিবুল্লাহ আল-কাসেম নগরী (১৯০১-১৯৯৬ খ্রি.), মাওলানা মুহাম্মাদ আলী (১৯২২-২০০০ খ্রি.), মাওলানা এ.কে.এম মুজীবুর রহমান (১৯২৫-১৯৮৩ খ্রি.), মাওলানা ওহমান গনি শাহ (১৯২৭-২০০০ খ্রি.), ড. এ কে এম ইয়াকুব আলী (জ. ১৯৩৯ খ্রি.), মাওলানা আব্দুর রহমান ফকির (১৯১৯-২০০৮ খ্রি.), মাওলানা মোফাজ্জল হক (জ. ১৯৫৪ খ্রি.), মাওলানা মতিউর রহমান (১৮৯৫-২০০৬ খ্রি.), মাওলানা আব্দুল্লাহিল কাফী (১৯০০-১৯৬০ খ্রি.), মাওলানা আব্দুল্লাহ ইবনু ফজল (১৯৩৫-১৯৮৪ খ্রি.), ড. মুহাম্মাদ শফিকুল্লাহ (মৃ. ২০১১ খ্রি.), এ কে এম শামসুল আলম, ড. মুহাম্মাদ শাহজাহান (জ. ১৯৪৩ খ্রি.), ড. এফ.এম.এ.এইচ তাকী (জ. ১৯৫৭ খ্রি.), ড. আবুল খায়ের (মৃ. ২০১৩ খ্রি.), মোহ. হাছানাত আলী (জ. ১৯৭০ খ্রি.), ড. মোহাম্মাদ বেলাল হোসেন (জ. ১৯৭০ খ্রি.), ড. মো: শফিকুল ইসলাম (জ. ১৯৭২ খ্রি.), ড. মাহফুজুর রহমান আখন্দ (জ. ১৯৭২ খ্রি.), ড. মো: আব্দুল হান্নান, (ড. মো: মাসুদ আলম (জ. ১৯৮১ খ্রি.), ড. মো আবু বকর (জ. ১৯৮১ খ্রি.) প্রভৃতি।

#### উপসংহার

বগুড়া জেলায় ইসলামী শিক্ষা সম্প্রসারণে 'আলিমগণের ভূমিকা অবিস্মরণীয়। 'আলিমগণ এ জেলার গ্রাম-গঞ্জের বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েন। তাঁরা ইসলামের সুমহান আদর্শ ও শিক্ষা মানুষের নিকট তুলে ধরেন। সমাজের নির্যাতিত ও অধঃপতিত মানুষের কাছে ইসলামের উদারতা, সাম্য ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যকে সাফল্যের সাথে তুলে ধরতে সক্ষম হন। তাঁদের অনুপম চরিত্র, অসামান্য নৈতিকবল এবং দুস্থ মানবতার জন্য গভীর সহানুভূতি অমুসলিম জনসাধারণকে গভীরভাবে আকৃষ্ট করে। 'আলিমগণ এ জেলায় বিভিন্ন ইসলামী শিক্ষা কেন্দ্র গড়ে তোলেন। বিভিন্ন স্থানে মাদরাসা, মসজিদ, মকতব, খানকাহ ইত্যাদি প্রতিষ্ঠা করেন। ফলে 'আলিমগণ বগুড়া জেলায় ইসলামী শিক্ষা সম্প্রসারণে যেমন অবদান রেখেছেন, তেমনি এ জেলার সামাজিক, অর্থনৈতিক ও ধর্মীয় সকল দিকে ব্যাপক উন্নতি ও অগ্রগতির পিছনেও রয়েছে তাদের অসামান্য অবদান।

#### তথ্যনির্দেশ

- <sup>১</sup> ইবনু মানযুর, *লিসানুল আরব*, ৪র্থ খণ্ড (কায়রো : দারুল হাদীস, ২০০৩ খ্রি.), পৃ. ৬৬৩; সাদী জাইয়েব, *আল-কামুসুল ফিকহী* (করাচী : ইদারাতুল কুরআন ওয়াল 'উলূম আল-ইসলামিয়াহ, তা.বি.), পৃ. ১৮১।
- <sup>২</sup> মুহাম্মাদ ফুয়াদ আব্দুল বাকী, *মু'জামুল মুফাহহারাস লি আলফাযিল কুরআনিল কারীম* (কায়রো : দারুল হাদীস, ১৩৬৪ হি.), পৃ. ৩৫৭।
- <sup>৩</sup> মুহাম্মাদ ইবন ইয়াজীদ আবু 'আব্দিল্লাহ আল-কাজত্বীনী, *আস-সুনান*, ১ম খণ্ড (বৈরুত : দারুল ফিকর, তা.বি.), পৃ. ২৫, হাদীস সংখ্যা- ৬৪।
- <sup>৪</sup> *লিসানুল আরব*, ১২তম খণ্ড, পৃ. ২৮৯।
- <sup>৫</sup> Rom Londau, *Islam and the Arabs* (London : George of Alten and Unwin Ltd. 1995), p. 29.
- <sup>৬</sup> Bernard Lewis, *Islam and the Arab World : Faith, People, Culture* (London : Tammes and Hudson, 1992), p. 25.

- <sup>১</sup> ড. মো: আমির হোসেন সরকার, *বাংলাদেশে ইসলাম শিক্ষা সাধারণ ও মাদরাসা শিক্ষা সংকট ও উত্তরণ ভাবনা* (ঢাকা : সেন্টার ফর ইস্ট ওয়েস্ট স্টাডিজ, ২০০৩ খ্রি.), পৃ. ১; মঞ্জুরী চৌধুরী, *সুশিক্ষক* (ঢাকা : বাংলা একাডেমী, ১ম পুনর্মুদ্রণ, ফেব্রুয়ারী, ১৯৯৯ খ্রি.), পৃ. ২।
- <sup>২</sup> ড. আলী আসগার, *শিক্ষা ও উন্নয়ন প্রত্যাশা* (ঢাকা : আগামী প্রকাশনী, ১৯৯৩ খ্রি.), পৃ. ২৩; মাওলানা মহিউদ্দিন খান, *আল-কাওসার* (ঢাকা : মদীনা পাবলিকেশন্স, ১৯৯৯ খ্রি.), পৃ. ৩৫২; আফযাল হোসাইন, *শিক্ষা ও প্রশিক্ষণ* (ঢাকা : ইসলামিক এডুকেশন সোসাইটি, ২০০২ খ্রি.), পৃ. ২৬; আবদুস শহীদ নাসিম, *বাংলাদেশে ইসলামী শিক্ষার রূপরেখা* (ঢাকা : শতাব্দী প্রকাশনী, ১৯৯৮ খ্রি.), পৃ. ১৯; Hans Wehr, *A Dictionary of Modern Written Arabic*, Edited : J Milton Cowan (New York : Spoken Language Services, inc, Third Edition, 1976), p. 635.
- <sup>৩</sup> মোঃ রফিকুল ইসলাম, *ইসলামী শিক্ষা সম্প্রসারণে বগুড়া সরকারী মুক্তাফাবিয়া আলিয়া মাদরাসার ভূমিকা* (রাজশাহী : ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, অপ্রকাশিত পি-এইচ.ডি অভিসন্দর্ভ, জুন ২০১৯), পৃ. ১১।
- <sup>৪</sup> সুরাহ আল-বাকারাহ : ৩১।
- <sup>৫</sup> Zillur Rahman Siddique, Edited, *Bangla Academy, English-Bengali Dictionary* (Dhaka : Bangla Academy, twelfth Reprint, January-1998 A.D.), p. 240.
- <sup>৬</sup> সম্পাদনা পরিষদ, *শিক্ষানীতি* (ঢাকা : আহছানিয়া মিশন, ১৯৯৬ খ্রি.), পৃ. ৬।
- <sup>৭</sup> *ভারতকোষ*, ৫ম খণ্ড (কলকাতা : বঙ্গীয় সাহিত্য পরিষদ, ১৯৭৬ খ্রি.), পৃ. ৪৮৩।
- <sup>৮</sup> অধ্যাপক খুরশিদ আহমদ, *ইসলামী শিক্ষার মূলনীতি* (ঢাকা : আধুনিক প্রকাশনী, ৪র্থ সংস্করণ, ১৯৯৭ খ্রি.), পৃ. ৫।
- <sup>৯</sup> মুহাম্মদ আব্দুল কুদ্দুস, *মজব্ব শিফক ও প্রদর্শিকা* (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৬৮ খ্রি.) পৃ. ২।
- <sup>১০</sup> মাওলানা মুহাম্মদ আবদুর রহীম, *শিক্ষা সাহিত্য ও সংস্কৃতি* (ঢাকা : খায়রুন প্রকাশনী, ২য় প্রকাশ, ২০০০ খ্রি.), পৃ. ২৩।
- <sup>১১</sup> মাহমুদ জামাল, *প্রাথমিক শিক্ষা সংগঠন : একটি প্রস্তাবনা* (রাজশাহী : আমিন অফসেট প্রিন্টার্স, ২০০০ খ্রি.), পৃ. ৩৭; *ইসলামী শিক্ষার মূলনীতি*, পৃ. ৫।
- <sup>১২</sup> *প্রাথমিক শিক্ষা সংগঠন : একটি প্রস্তাবনা*, পৃ. ৪৮।
- <sup>১৩</sup> সম্পাদিত, *জাতীয় শিক্ষা সেমিনার সংকলন*, ১৯৯৭ (ঢাকা : বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির, ১৯৯৭ খ্রি.), পৃ. ৩২; *প্রাথমিক শিক্ষা সংগঠন : একটি প্রস্তাবনা*, পৃ. ৪৮।
- <sup>১৪</sup> আবু হামিদ মুহাম্মদ ইবন মুহাম্মদ আল-গাযযালী, *ইহইয়াউ 'উলুমিদ দ্বীন*, ১ম খণ্ড (বৈরুত : দারুল মা'আরিফাহ, তা.বি.), পৃ. ৩৩।
- <sup>১৫</sup> ড. আবদুল ওয়াহিদ, *বাংলাদেশে ইসলামী শিক্ষা প্রত্যাশা ও প্রাপ্তি* (ঢাকা : ইসলামী সংস্কৃতি পরিষদ, ২০০১ খ্রি.), পৃ. ২০।
- <sup>১৬</sup> ড. হাসান জামান, *সমাজ সংস্কৃতি সাহিত্য* (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৮৭ খ্রি.), পৃ. ১৪৬।
- <sup>১৭</sup> সুলতান মুগীছ উদ্দীন তুগরিল : ১২৭২-১২৮১ খ্রি. আমিন খানের সঙ্গে সহকারী শাসক থাকাকালে দিল্লীর বিরুদ্ধে বিদ্রোহ ও সুলতান মুগীছ উদ্দীন নাম ধারণ করে স্বাধীনতা ঘোষণা করে। দ্র. মুনসী আবদুল মান্নান, *হাজার বছরের বাংলাদেশ ব্যক্তি ও ব্যক্তিত্ব* (ঢাকা : বিনুক প্রকাশ, ২০০২ খ্রি.), পৃ. ২৮।
- <sup>১৮</sup> সুলতান নাসির উদ্দীন মাহমুদ বগড়া খাঁ : ১২৮১-১২৯১ খ্রি. দিল্লীর সুলতান গিয়াসউদ্দীন বলবনের দ্বিতীয় পুত্র। পিতার মৃত্যুর পর তার পুত্র দিল্লীর সুলতান হলে বগড়া খান ১২৮৭ সালে দিল্লীর অধীনতা ছিন্ন করে স্বাধীনতা ঘোষণা করে এবং সুলতান নাসির উদ্দীন মাহমুদ নাম ধারণ করে। দ্র. *হাজার বছরের বাংলাদেশ ব্যক্তি ও ব্যক্তিত্ব*, পৃ. ২৮।
- <sup>১৯</sup> মোঃ সাজ্জাদুর রহমান, *বগুড়া শহরের ইতিহাস ও ঐতিহ্য*, ১৮২১-২০০৬ (ইসিহাস বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জুন ২০১৩, অপ্রকাশিত পি-এইচ.ডি থিসিস), পৃ. ২০; শফিকুল ইসলাম সৈয়দী ও অধ্যাপিকা রাফিনা আহম্মেদ (সম্পা.), *জেলা পরিচিতি (বগুড়া)*, ১ম খণ্ড (বগুড়া : সাদ প্রিন্টার্স এন্ড সায়েদ প্রকাশনী, ১৯৯৯ খ্রি.), পৃ. ৭; সম্পাদনা পরিষদ, *বাংলা পিডিয়া*, ৬ষ্ঠ খণ্ড (ঢাকা : এশিয়াটিক সোসাইটি, ১ম প্রকাশ, ২০০৩ খ্রি.), পৃ. ১৮৯; কাজী মোহাম্মদ মিছের, *বগুড়ার ইতিকাহিনী* (ঢাকা : গতিধারা, ২০০৭ খ্রি.), পৃ. ১৯; *বগুড়ায় ইসলাম*, পৃ. ৫৩।
- <sup>২০</sup> শফিকুল ইসলাম সৈয়দী ও অধ্যাপিকা রাফিনা আহম্মেদ (সম্পা.), *প্রাগুক্ত*, পৃ. ৭; *বগুড়ায় ইসলাম*, পৃ. ৫৩।
- <sup>২১</sup> সিরাজুল ইসলাম (সম্পা.), *বাংলা পিডিয়া*, ৬ষ্ঠ খণ্ড (ঢাকা : এশিয়াটিক সোসাইটি, ২০০৪), পৃ. ১৯১।
- <sup>২২</sup> *বগুড়া শহরের ইতিহাস ও ঐতিহ্য*, ১৮২১-২০০৬, পৃ. ২১।
- <sup>২৩</sup> প্রফেসর মোস্তফা আলী, *পুঞ্জ একটি প্রাচীন জনপদের ইতিবৃত্ত* (বগুড়া : ঋত্বিক বগুড়া, ২১ ফেব্রুয়ারী ২০০৯ খ্রি.), পৃ. ৬৯; সম্পাদনা পরিষদ, *ধুনট থেকে দুপচাঁচিয়া : ঐতিহ্য সমৃদ্ধ জনপদ* (বগুড়া : জেলা প্রশাসন, ২২ এপ্রিল ২০০৯ খ্রি.), পৃ. ১০; আমানউল্লাহ খান, *বগুড়া দর্পন* (বগুড়া : বেঙ্গল পাবলিকেশন্স, ১৯৭৭ খ্রি.), পৃ. ৬; মোঃ রফিকুল ইসলাম, *ইসলামী শিক্ষা সম্প্রসারণে বগুড়া সরকারী মুক্তাফাবিয়া আলিয়া মাদরাসার ভূমিকা* (ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, অপ্রকাশিত পিএইচ.ডি অভিসন্দর্ভ, জুন ২০১৯), পৃ. ৯৬।

- <sup>৩০</sup> মল্লিকা বগুড়ার সাহিত্য, সংস্কৃতি ও ইতিহাস সমৃদ্ধ সাময়িকী (বগুড়া : ৩৬তম সংখ্যা, ২১তম বর্ষ, ১৬ ডিসেম্বর ২০০৯ খ্রি.), পৃ. ৪০; মো. আবু তাহের, 'বগুড়ায় ইসলাম প্রচার ও প্রসারে সুফি-সাধকদের অবদান', ইসলামিক ফাউন্ডেশন পত্রিকা, ৫১ বর্ষ, ৪র্থ সংখ্যা, এপ্রিল-জুন ২০১২, পৃ. ২১; বাংলা পিডিয়া, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ১৯১।
- <sup>৩১</sup> বাংলা পিডিয়া, প্রাগুক্ত, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ১৯১।
- <sup>৩২</sup> জেলা পরিচিতি (বগুড়া), প্রাগুক্ত, পৃ. ১৩।
- <sup>৩৩</sup> ইসলামী শিক্ষা সম্প্রসারণে বগুড়া সরকারী মুত্তাফাবিয়া আলিয়া মাদরাসার ভূমিকা, পৃ. ৯৯-১০০; মল্লিকা বগুড়ার সাহিত্য, সংস্কৃতি ও ইতিহাস সমৃদ্ধ সাময়িকী, পৃ. ৪০।
- <sup>৩৪</sup> মোঃ আবুল ফজল, ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রসারে বগুড়া জেলার মাদরাসাসমূহের ভূমিকা ও প্রভাব (অপ্রকাশিত পিএইচ.ডি থিসিস), ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, মার্চ ২০১১, পৃ. ১১-১২।
- <sup>৩৫</sup> ইসলামী বিশ্বকোষ, ১৫ খণ্ড, পৃ. ২৬৫; বাংলা পিডিয়া, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ১৯২।
- <sup>৩৬</sup> প্রাগুক্ত, ১৫ খণ্ড, পৃ. ২৬৫।
- <sup>৩৭</sup> বগুড়া শহরের ইতিহাস ও ঐতিহ্য, ১৮২১-২০০৬, পৃ. ২৭; ব্রিগেডিয়ার এম. মসাহেদ চৌধুরী (অব.) (সম্পা.), বগুড়া জেলা গেজেটীর (ঢাকা : সরকারী মুদ্রণালয়, ১৯৮৯), পৃ. ২৯৬।
- <sup>৩৮</sup> প্রাগুক্ত, পৃ. ২৭-২৮; এ. জেড. এম. সামছুদ্দীন তরফদার, দুই শতাব্দীর বুকে বগুড়ার ইতিহাস, প্রথম ও দ্বিতীয় খণ্ড (বগুড়া : প্রজাবাহিনী প্রেস, ১৯৭০), পৃ. ১০৬; বগুড়া জেলা গেজেটীর, পৃ. ২৯৬।
- <sup>৩৯</sup> *The Imperial Gazetteer of India*, Vol. X VIII (Oxford : The Clarendon press, 1908 A.D.), p. 418.
- <sup>৪০</sup> বগুড়া শহরের ইতিহাস ও ঐতিহ্য, ১৮২১-২০০৬, পৃ. ৩৮; বগুড়ায় ইসলাম, পৃ. ৫৩।
- <sup>৪১</sup> Dr. Ashraf Siddiqui, *Bangladesh District Gazettes Bogra* (Dhaka : Bangladesh Government Press, 1976 A.D), p. 356; L.S.S. O'malley, *Bengal District Gazatteers, Rajshahi* (Calcutta : Bengal Sectetarial Book Report, 1916 A.D), pp. 1-3।
- <sup>৪২</sup> *Census of Agriculture-1996, Zilla Series Bogra 2003* (Dhaka : Bangladesh Bureau of Statistics, 2003 A.D), p. 17; *Population census 2001 priliminary Riport* (Dhaka : Bangladesh Bureau of statistics, 2002 A.D), p. 18; বাংলা পিডিয়া, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ১৮৯।
- <sup>৪৩</sup> অধ্যাপক সিরাজুল ইসলাম (সম্পা.), বাংলা পিডিয়া (ঢাকা : এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ২য় সংস্করণ, ২০১২ খ্রি.), অনলাইন সংস্করণ, 'বগুড়া জেলা' দ্র.।
- <sup>৪৪</sup> *Population Census 2001, Preliminary Report* (Dhaka : Bangladesh Bureu of Statistics, 1984 A.D), p. 18.
- <sup>৪৫</sup> বগুড়া গাইড, পৃ. ৪৫; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ৯৫-৯৮; বগুড়া জেলার অতীত ও বর্তমান, পৃ. ৬৪-৭১।
- <sup>৪৬</sup> বগুড়ায় ইসলাম, পৃ. ৩৮; বগুড়া জেলার অতীত ও বর্তমান, পৃ. ৮৪; বগুড়া গাইড, পৃ. ৪৫।
- <sup>৪৭</sup> বগুড়ার ইতিকাহিনী, পৃ. ৬৮।
- <sup>৪৮</sup> বগুড়ায় ইসলাম, প্রাগুক্ত পৃ. ১৪৪; বগুড়া গাইড, পৃ. ৫৫।
- <sup>৪৯</sup> <http://www.bogradistrict.bd/দুপটাঁচিয়া উপজেলা>।
- <sup>৫০</sup> বগুড়া জেলার অতীত ও বর্তমান, পৃ. ৮৯।
- <sup>৫১</sup> বগুড়া গাইড, পৃ. ৪৫।
- <sup>৫২</sup> বগুড়া জেলার অতীত ও বর্তমান, পৃ. ৮৯।
- <sup>৫৩</sup> বগুড়া গাইড, পৃ. ৪৫; বগুড়ায় ইসলাম, পৃ. ৩৮।
- <sup>৫৪</sup> ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭০।
- <sup>৫৫</sup> বাংলা পিডিয়া, ৫ম খণ্ড, পৃ. ২৯।
- <sup>৫৬</sup> ডক্টর গোলাম সাকলায়েন, বাংলাদেশের সুফি-সাধক (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৩ খ্রি.), পৃ. ৬৬।
- <sup>৫৭</sup> দেওয়ান নূরুল আনোয়ার হোসেন চৌধুরী, আমাদের সুফিয়ায়ে কিরাম (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯৫ খ্রি.), পৃ. ১৭৯; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২০৫; বগুড়ায় ইসলাম, পৃ. ৮১।
- <sup>৫৮</sup> ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭১।
- <sup>৫৯</sup> Muhammad Abdur Rahim, *Social and Cultural History of Bengal*, Vol-1 (Karachi : Pakistan History Society, 1963), p. 2.
- <sup>৬০</sup> W. W. Hunter. *A Statistical Account of Bogra*, op.cit, p. 27; ইসলামী বিশ্বকোষ, ১৫ তম খণ্ড, পৃ. ৭১; মুসী আবদুল মান্নান, হাজার বছরের বাংলাদেশ ব্যক্তি ও ব্যক্তিত্ব, পৃ. ১২।

- <sup>৬১</sup> ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭১; খন্দকার আবদুর রশীদ, 'ইসলাম প্রচারে বাবা আদম আদমিয়া রহ. এর অবদান, মাসিক মদীনা, জুলাই ২০০৭, পৃ. ৩১।
- <sup>৬২</sup> আমাদের সুফিয়ায়ে কিরাম, পৃ. ১৭৮; ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭১; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২১৩।
- <sup>৬৩</sup> অধ্যক্ষ মুহম্মদ রোস্তম আলী, শেরপুরের ইতিহাস (বগুড়া : বিমূর্ত প্রকাশনী, ১৯৯৯ খ্রি.), পৃ. ৫০।
- <sup>৬৪</sup> ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রসারে বগুড়া জেলার মাদরাসাসমূহের ভূমিকা ও প্রভাব, পৃ. ২১৬-২১৮।
- <sup>৬৫</sup> ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭১; বগুড়ায় ইসলাম, পৃ. ৮৫; শেরপুরের ইতিহাস, পৃ. ৬২।
- <sup>৬৬</sup> তিনি ভারতের পাঞ্জাব প্রদেশের অন্তর্গত 'আস্কাল' নামক ১৬৮১ খ্রিস্টাব্দে জন্ম গ্রহণ করেন। বিধায় ফতেহ আলী আস্কালী নামে পরিচিত। তাঁর পিতা-মাতা উভয়ই ধর্মপরায়ন ছিলেন। বাল্য শিক্ষার জন্য তিনি প্রথমে 'সমন্দ' নামক স্থানে যান। অতঃপর সেখানকার শিক্ষা শেষে 'শাহবাল' নামক স্থানে জ্ঞান অর্জনের জন্য গমন করেন; এখানেই তিনি শাহ মজনুর মুরীদ অধ্যাত্মিক সাধনায় মনোনিবেশ করেন। মজনু শাহ ওফাতের পর তিনি শাহ মঈনুদ্দীন ও শাহ মিসকিনের শিষ্যত্ব লাভ করেন। এখানে 'ইলমে-মা'রিফাত' হাসিলের পর তিনি সংসারধর্মের অনীহা প্রদর্শন করলে তাঁর পিতা মনস্কুল হয়ে তাঁকে বাড়ি থেকে বিতাড়িত করেন। অতঃপর তিনি বিভিন্ন স্থান এ ভ্রমণ করে চীন দেশে উপস্থিত হন। সেখানে আঠারো বছর সাধনা করেন এবং চীনা ভাষা ভালভাবে আয়ত্ত্ব করেন। অতঃপর তিনি আজমীরে অবস্থান করেন; সেখানে অবস্থানকালে তিনি গোপাল সাহা নামক সওদাগরের অধীনে ঘোড়ার সহিসরূপে নিযুক্ত হন। অতঃপর 'বগজ' ও 'শিরস্থান' এসে তথায় বালিয়া নামী এক সাধীকার সঙ্গে এক বছর কাটান। বালিয়ার নির্দেশেই তিনি ১৭৫৬ খ্রিস্টাব্দে বাংলাদেশে আগমন করেন।  
দ্র. বাংলাদেশের সুফি-সাধক, পৃ. ৭৫; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২২৬; ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রসারে বগুড়া জেলার মাদরাসাসমূহের ভূমিকা ও প্রভাব, পৃ. ২১৯-২২০।
- <sup>৬৭</sup> বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২২৬; ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রসারে বগুড়া জেলার মাদরাসাসমূহের ভূমিকা ও প্রভাব, পৃ. ২১৯।
- <sup>৬৮</sup> বাংলাদেশের সুফি-সাধক, পৃ. ৭০; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২২৮।
- <sup>৬৯</sup> হাজার বছরের বাংলাদেশ ব্যক্তি ও ব্যক্তিত্ব, পৃ. ১২; বাংলাদেশের সুফি-সাধক, পৃ. ৭৩; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২১১; ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭।
- <sup>৭০</sup> বগুড়ায় ইসলাম, পৃ. ৯২, ৯৩; বাংলাদেশের সুফি-সাধক, পৃ. ৭৬; বগুড়ার ইতিকাহিনী, পৃ. ২১১; ইসলামী বিশ্বকোষ, ১৫তম খণ্ড, পৃ. ২৭।

## আদর্শ সমাজ গঠনে রাসূলুল্লাহ (স.) কর্তৃক গৃহীত কর্মসূচি : একটি পর্যালোচনা (The Program Adopted by the Prophet (Pbuh) to Build an Ideal Society: An Overview)

মো. রাশেদুল আলম\*

**Abstract:** As the best creatures on the planet, humans should be expected to govern their own lives in a society that provides for their basic needs, family formation, child rearing, education, and health care. Individual and social rights, as well as basic human rights, including state rights, will be guaranteed in this society, and there will be no discrimination. People of all backgrounds, regardless of wealth or status, will be able to exercise their constitutionally guaranteed rights to freedom of religion and culture, as well as equal protection under the law. Throughout the world prior to arrival of Muhammad (pbuh), there was a severe shortage of these fundamental human rights. He arrived and shed light on this gloomy societal structure by illustrating what a perfect society would look like. He has been working on initiatives to create the society he envisions. On a collective scale, the programs he adopted were both personal and public. People from many walks of life have been able to come together through their social groups. As part of his efforts to promote social fairness, he wrote the Medina Charter. Numerous programs and measures have been put in place by him in an effort to improve the quality of life for all citizens, alleviate poverty and unemployment, create jobs, and protect the environment. On a personal level, he has participated in tens of thousands of acts of charity, including almsgiving, standing up for those in danger, being a good neighbor, and janaza after death. As a result of his words, he also gave the people great advice and direction on how to construct their own families and states. When it came to creating a utopian society, no one had the impact of Prophet Muhammad (peace be upon him). It is possible to establish a peaceful and beautiful world by following his programs and methods, which will serve as a model for a better world for next generations.

### ভূমিকা

মানুষ সামাজিক জীব। মানুষের জীবনযাপনের কেন্দ্রবিন্দু হলো সমাজ। হযরত মুহাম্মদ (স.) সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব এবং শ্রেষ্ঠ সমাজসেবক। মানুষের কল্যাণেই যার সারাজীবন কেটেছে। কোন কাজে মানুষের কল্যাণ হবে, কীভাবে একটি আদর্শ সমাজ গঠন করা যায়, রাসূলুল্লাহ (স.) সর্বদা এমন চিন্তায় বিভোর থাকতেন। কিন্তু রাসূলুল্লাহ (স.) যখন পৃথিবীতে আগমন করেন তখন আরব উপদ্বীপের মানুষ নৈতিক চরিত্রের দিক দিয়ে অধঃপতনের চরম সীমায় পৌঁছে গিয়েছিল। ব্যভিচার, মদ্যপান ও জুয়াখেলা ছিল তাদের নিত্যনৈমিত্তিক কর্ম। ছিনতাই-অপহরণ ও কাফেলার উপর অতর্কিত আক্রমণ চালিয়ে হত্যাযজ্ঞ সৃষ্টি ও ধন-সম্পদ লুটে নেওয়াই ছিল তাদের অর্থনৈতিক তৎপরতা। নারী সমাজ ছিল সম্পূর্ণ অবহেলিত ও মানবিক অধিকার থেকে সম্পূর্ণ বঞ্চিত। নারী-পুরুষদের অবাধ মেলামেশা ও নাচ-গানে তারা মশগুল হয়ে থাকত। দারিদ্র্য ও খাদ্যাভাবের চিন্তায় তারা সন্তান হত্যা করত। এ ধরনের সামাজিক কলুষিত চরিত্রের পদাঘাতে যখন সমাজের মানুষ দিশেহারা, তখনই মহানবী (স.) এর সততা আর অনুপম চরিত্র মাধুর্য এবং অসাধারণ দেশপ্রেমের মাধ্যমে প্রণিত কর্মসূচি এক উজ্জ্বল নক্ষত্র হিসেবে পরিগণিত হয়। তাঁর এ মহৎ গুণাবলীর দ্বারা আরব জাতিকে একটি সুশৃঙ্খল নীতিবান ও সুসভ্য জাতিতে পরিণত করেছিলেন। কায়েম

\* পিএইচ.ডি. গবেষক, ইসলামিক স্টাডিজ বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

করেছিলেন সুন্দর ও চিরসুখী সমাজব্যবস্থা। মহানবী (স.) এর গঠনমূলক জীবনের উন্নততর আদর্শ মানব জাতির জন্য মাইলস্টোন হিসেবে কাজ করে। তিনি তাঁর সমাজকল্যাণ কর্মসূচির দ্বারা প্রতিষ্ঠা করেছিলেন একটি সুসভ্য ও সুসংহত জাতি।

### আদর্শ সমাজ পরিচিতি

আদর্শ সমাজ পরিভাষাটির ইংরেজি প্রতিশব্দ 'Ideal Society'. শব্দটির আরবি রূপান্তর হলো المجتمع المثالي। Society শব্দটি ইংরেজি Sociology শব্দের সংক্ষিপ্তরূপ। ল্যাটিন শব্দ Socius এবং গ্রিক শব্দ Logos বা Logia এর সমন্বয়ে গঠিত হয়েছে ইংরেজী Sociology শব্দটি। ল্যাটিন ভাষায় Socius শব্দের অর্থ হলো Companions বা সঙ্গী। সংঘবদ্ধ হয়ে একত্রে মিলে-মিশে জীবনযাপন করে সমাজ গড়ে তোলার কারণে সমাজকে ইংরেজি ভাষায় রূপ দেয়ার জন্য Socius শব্দটিকে ব্যবহার করা হয়েছে। সমাজবিজ্ঞানের জনক ফরাসি সমাজবিজ্ঞানী মি. অগাস্ট কোঁৎ সর্বপ্রথম ল্যাটিন ভাষায় Socius শব্দটি প্রবর্তন করেন।<sup>১</sup> “মানুষ সমাজবদ্ধ জীব। সমাজ হলো এমন এক প্রতিষ্ঠান যেখানে মানুষ সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে জীবনযাপনের জন্য বিভিন্ন সামাজিক কাঠামো গড়ে তোলে।”<sup>২</sup> শান্তিপূর্ণ পরিবেশে গড়ে উঠা মানবকল্যাণের চাদরে আবৃত সমাজই আদর্শ সমাজ। ‘Society is the general term for persons living in social relations’. অর্থাৎ ‘সমাজ হলো সামাজিক সম্পর্কের নিয়ন্ত্রণে ব্যক্তিবর্গের সাধারণ পরিচিতি।<sup>৩</sup> অথবা সমাজ বলতে সামাজিক জীবন বা সমাজের কার্যাবলির সমষ্টিকেও বুঝায়।<sup>৪</sup> “মানবিক রীতি-নীতি, আইন-কাঠামো ও বিধি-বিধান দ্বারা যে সমাজ পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় তাই আদর্শ সমাজ,<sup>৫</sup> যার প্রকারান্তর রূপ ইসলামী সমাজ।”

Plato এর মতে : Society as a group of people who interact with each other basing on the common culture, morality and economy. To become an Ideal society, a group of people should function as an organization.<sup>৬</sup> অর্থাৎ- “সাধারণ সংস্কৃতি, নৈতিকতা এবং অর্থনীতির ভিত্তিতে একে অপরের সাথে যোগাযোগকারী ব্যক্তিদের একটি গোষ্ঠী হিসেবে সমাজ। একটি আদর্শ সমাজে পরিণত হতে হলে একদল লোককে একটি সংগঠন হিসেবে কাজ করতে হবে।” অন্যভাবে বলা যায়, “আদর্শ রীতি-নীতি, বিধি-বিধানের ভিত্তিতে গড়ে উঠা সমাজব্যবস্থা। যাতে সমাজের বিকাশ, পরিচালনা ও নিয়ন্ত্রণ ঐশি মূলনীতি অনুযায়ী পরিচালিত হয়।”<sup>৭</sup>

ইসলামের দৃষ্টিতে আদর্শ সমাজ হতে হলে সেই সমাজে তাওহীদ প্রতিষ্ঠা হতে হবে। “জীবন-মৃত্যু দাতা, পালনকর্তা এবং জীবিকা ও আইন দাতা হিসেবে এক আল্লাহর অস্তিত্বে বিশ্বাস হলো তাওহীদ, ইসলামী সমাজের অবকাঠামো ও ব্যবস্থাপনা এই বিশ্বাসের ধারক।”<sup>৮</sup> যে সমাজের প্রতিটি মানুষের অধিকার, চাহিদা, দায়-দায়িত্ব ইসলামের অনুশাসন দ্বারা নির্ধারিত হয় সেই সমাজকে আদর্শ সমাজ বলে।<sup>৯</sup> যার উত্তম নিদর্শন রেখে গেছেন বিশ্বনবী (স.)।

মোটকথা, যে সমাজে মানুষ তার জীবনধারণ, জীবিকানির্বাহ, পরিবার গঠন, সন্তান লালন-পালন, শিক্ষা ও চিকিৎসাসেবা নিশ্চিত করে স্বাধীন সুন্দরভাবে জীবন পরিচালনা করতে পারে। যে সমাজে মানুষ পায় তার কথা বলার অধিকার, ব্যক্তিগত ও সামাজিক অধিকার, রাষ্ট্রীয় অধিকারসহ মৌলিক মানবাধিকার এবং যে সমাজে মানুষ তার শ্রুতি ও নিজ প্রয়োজনে অগ্রগামী হওয়া একে অপরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে পারে সেটিই আদর্শ সমাজ। যার ধারক ও বাহক ছিলেন মানবতার অগ্রপথিক হযরত মুহাম্মদ (স.)।

### ❖ আদর্শ সমাজ গঠনে রাসূলুল্লাহ (স.) এর কর্মসূচি

জাহিলিয়াতপূর্ণ একটি সমাজকে আদর্শ সমাজে পরিণত করার জন্য রাসূলুল্লাহ (স.) নানাবিধ কর্মসূচি ও পদক্ষেপ হাতে নিয়েছিলেন। সামগ্রিক দিক বিবেচনা করে রাসূলুল্লাহ (স.) এর আদর্শ সমাজ গঠনের কর্মসূচিগুলোকে প্রধানত ৩টি ভাগে ভাগ করা যায় :

১. সামগ্রিক পরিসরে গৃহীত কর্মসূচি
২. ব্যক্তিগত পর্যায়ে গৃহীত কর্মসূচি
৩. নসিহাত মাধ্যমে প্রদত্ত কর্মসূচি
১. সামগ্রিক পরিসরে গৃহীত কর্মসূচি

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামগ্রিক জীবনের অসংখ্য সমাজকল্যাণমূলক কাজের মাঝে কিছুকিছু ছিল অনেক বড় পদক্ষেপ। যে সকল পদক্ষেপের মাধ্যমে উপকৃত হয়েছে অসংখ্য মানুষ এবং এর কল্যাণের ধারা প্রবাহিত হয়েছে দীর্ঘ সময়জুড়ে। পদক্ষেপগুলো নিম্নরূপ-

### ১.১ হিলফুল ফুজুল প্রতিষ্ঠা

রাসূলুল্লাহর (স.) বয়স তখন ১৫ বছর। জাজিরাতুল আরব সমাজে তখন গর্ব-অহংকার আর দাঙ্কিতা প্রদর্শনের প্রতিযোগিতা চলছিল। পেশিশক্তির জোরে অহংকারবসত দুর্বলের উপর সবলের অত্যাচার নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছিল। একই চিত্র ছিল মক্কার নেতৃস্থানীয় কুরাইশ বংশের গোত্রসমূহের মাঝেও। অন্যায়ভাবে সংঘটিত হওয়া কোন জুলুম-নিপীড়ন প্রতিরোধের জন্য ছিল না কোনো সুশাসনের ব্যবস্থা। এমনি এক প্রেক্ষাপটে কুরাইশ বংশের অন্তর্ভুক্ত গোত্রসমূহের সমন্বয়ে গঠিত হয় হিলফুল ফুজুল বা শান্তি সংঘ নামে একটি প্রতিষ্ঠান। যে প্রতিষ্ঠানের লক্ষ্য ছিল মক্কার সংঘটিত যে কোনো অন্যায়-অত্যাচার আর জুলুমের প্রতিরোধ করে মজলুমের শান্তি অধিকার প্রতিষ্ঠা করা। হিলফুল ফুজুল প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা রেখেছেন কিশোর মোহাম্মদ (স.)। হিলফুল ফুজুলের অন্তর্ভুক্ত গোত্রসমূহের নেতারা এই মর্মে শপথ নিয়েছিলেন যে, "মক্কার সংঘটিত যে কোন প্রকার জুলুম অত্যাচার প্রতিরোধ করবেন, অত্যাচারিত ব্যক্তিটি হোক মক্কার অধিবাসী অথবা বাইরের কেউ। সবাই তার সাহায্যার্থে দাঁড়াবেন এবং তার অধিকার ফিরিয়ে দিবেন।"<sup>১০</sup>

আল্লাহকে সাক্ষী রেখে সংগঠনের সবাই এই বলেও অঙ্গীকার ব্যক্ত করেন-

لَيْكُونَنَّ يَدًا وَاحِدَةً مَعَ الْمَظْلُومِ عَلَى الظَّالِمِ حَتَّى يُؤَدَّى إِلَيْهِ حَقُّهُ مَا بَلَ بَخْرٌ صَوْفَةً وَمَا رَسَا جِرَاءً وَتَبِيرٌ مَكَائِهْمَا، وَعَلَى النَّاسِي فِي الْمَعَاشِ.  
“যতদিন পর্যন্ত সাগরে কোন পশম ভিজানোর সুযোগ থাকবে এবং যতদিন পর্যন্ত হেরা ও সাবীর পাহাড় আপন স্থানে অটল থাকবে, ততদিন পর্যন্ত এসব লোক জালিমের বিরুদ্ধে মাজলুমের সহায়তায় এবং জীবিকার প্রশ্নে একে অন্যের সহমর্মিতায় একহাতের মতো ঐক্যবদ্ধ থাকবে।”<sup>১১</sup>

নবুওয়াত পরবর্তী কোন এক সময়ে নবীজি (স.) এ চুক্তি সম্পর্কে মন্তব্য করে বলেন-

"لقد شهدت في دار عبد الله بن جدعان حلفا ما أحب أن لي به حمر النعم، ولو أذعى به في الإسلام لأجبت"

“আমি আব্দুল্লাহ ইবনে জাদআনের বাড়িতে এমন একটি চুক্তিতে উপস্থিত ছিলাম, যদি তার পরিবর্তে আমাকে একটি লাল রংয়ের উটও দেয়া হতো, তবুও আমি তা কবুল করতাম না। আজও কেউ যদি এরূপ চুক্তির জন্য আমাকে আমন্ত্রণ জানায়, তাতে সাড়া দিতে আমি প্রস্তুত।”<sup>১২</sup> হিলফুল ফুজুল প্রতিষ্ঠা ও এর অঙ্গীকারের মাধ্যমে মক্কার অনেকাংশেই অত্যাচার, জুলুম, নিপীড়ন কমে আসছিল।

### ১.২ মদিনা সনদ

অনেক ত্যাগ তিতিক্ষা ও জুলুম নির্যাতনের পর আল্লাহ রাব্বুল আলামিনের নির্দেশনার আলোকে নবুয়তের ১৪তম বছর জন্মভূমি মক্কা ছেড়ে মদিনায় হিজরত করেন রাসূলুল্লাহ (স.)। সেখানে গিয়ে তিনি সর্বপ্রথম যে বৃহত্তম পদক্ষেপ নিয়েছিলেন তা হলো মদিনা সনদ। মুহাজির, আনসার ও ইহুদিসহ মদিনার সকল জনগণ অন্তর্ভুক্ত ছিল এই সনদে। যে সনদের মাধ্যমে মদিনায় একটি সর্বজনীন শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠা করেছিলেন রাসূলুল্লাহ (স.)। এই সনদের ৪৭টি ধারার মাঝে অনেকগুলো ধারা ছিল আদর্শ সমাজ গঠনের কর্মসূচির অন্তর্ভুক্ত :

মদীনা সনদের ধারা-২ এ বলা হয়েছে : “সমগ্র মানবজাতির মধ্যে তারা একটি স্বতন্ত্র উম্মাহ।” এই ধারার অনেকগুলো কল্যাণকর দিকের মাঝে একটি হলো মদিনার আনসারদের মধ্যকার আউস ও খাজরাজ গোত্রের মাঝে দীর্ঘদিন ধরে চলে আসা দ্বন্দ্বের অবসান।

ধারা-১২(ক) এ বলা হয়েছে : “মুমিনগণ তাদের মধ্যকার ঋণগ্রহণ ও অধিক সন্তানধারী প্রত্যেক ব্যক্তিকে ক্ষতিপূরণ ও মুক্তিপদদানে সঙ্গতভাবে আর্থিক সাহায্য করবে।”

ধারা-১৩ এ বলা হয়েছে : “খোদাতীর্ক মুমিনগণ তাদের মধ্যকার বিদ্রোহী, ঘোরতর নির্যাতক, অপরাধী, মুসলিম সমাজের স্বার্থের ক্ষতিকারক ও বিপর্যয় সৃষ্টিকারকের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেবে। মুমিনরা অপরাধীর বিরুদ্ধে সকলে ঐক্যবদ্ধভাবে পদক্ষেপ নেবে, এমনকি সে তাদের কারো সন্তান হলেও।”

ধারা-২১(খ) এ বলা হয়েছে : “কেউ যদি কোনো মুমিনকে হত্যা করে এবং তার প্রমাণ পাওয়া যায় তাহলে এর পরিবর্তে তার কাছ থেকে কেসাস আদায় করা হবে। অর্থাৎ হত্যার অপরাধে অপরাধী হওয়ায় তাকেও হত্যা করা হবে। তবে হত্যাকারী যদি নিহত ব্যক্তির আত্মীয়-স্বজনকে ক্ষতিপূরণ দিয়ে সন্তুষ্ট করতে পারে, তবে সেক্ষেত্রে কেসাস নেওয়া হবে না। তবে সর্বাবস্থায় মুমিনরা ওই মুসলিম হত্যার বিরুদ্ধে থাকবে এবং তার (হত্যাকারীর) পক্ষপাতিত্ব করা কোন মুমিনের জন্য হালাল হবে না।”

ধারা-২৩ এ বলা হয়েছে : “আর তোমাদের (মুমিনদের) মধ্যে যে কোন বিষয়ে মতবিরোধ দেখা দিলে আল্লাহ তা’আলা এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশ অনুযায়ী মীমাংসা করবে।”

ধারা- ৪০(ক), ৪০(খ) ও ৪১ এ যথাক্রমে বলা হয়েছে :

“এই চুক্তির অন্তর্ভুক্তদের জন্য ইয়াছরিবের (মদীনার) অভ্যন্তর ভাগ সম্পূর্ণ নিরাপদ।” “প্রতিবেশী যদি অপরাধী না হয় এবং ক্ষতিকর কাজে লিপ্ত না থেকে থাকে তাহলে তার জান, মাল ও ইজ্জত নিজের জান, মাল ও ইজ্জতের মতই পূর্ণ নিরাপত্তার অধিকারী।” “কারো বাড়ীর ভেতরে বাড়ীর মালিকের অনুমতি ছাড়া প্রবেশ করা যাবে না।”

ধারা-৪৪ এ বলা হয়েছে : “কোন ব্যক্তি তার মিত্রের কারণে অপরাধী বিবেচিত হবে না। আর অত্যাচারিতই হবে সাহায্য পাওয়ার অধিকারী।”

সামগ্রিকভাবে দেখা যায় মদীনা সনদের উপরিউক্ত ধারাসমূহের<sup>১৭</sup> মাঝে মদীনার সমাজ হতে সকল প্রকার অনৈক্য, অন্যায়, অত্যাচার ও জুলুম দূরীভূত করে একটি ঐক্যবদ্ধ নিরাপদ সমাজ-ব্যবস্থা কায়েমের উদ্যোগ ফুটে উঠেছে। এভাবেই মদীনা সনদ একটি আদর্শ সমাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে কষ্টিপাথরের ন্যায় ভূমিকা রেখেছিল।<sup>১৮</sup>

### ১.৩ বন্দিমুক্তি ও গোলাম আজাদ করা

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদর্শ সমাজ গঠনের কাজের মধ্যে একটি বড় দিক ছিল বন্দিমুক্তি ও গোলাম আজাদ করা। তিনি এ কাজ ব্যক্তিগতভাবে করেছেন এবং রাষ্ট্রীয়ভাবেও উদ্যোগ নিয়েছেন। বন্দিমুক্তির বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন: *أطعموا الجائع وعودوا المريض وفكوا العاني*: “ক্ষুধার্তকে খাদ্য দাও, অসুস্থকে দেখতে যাও আর বন্দিমুক্তি করো।”<sup>১৯</sup>

আবার মুসলিমগণের হাতে বন্দী হওয়া ব্যক্তিদের সাথে আল্লাহর রাসূলের (স.) আচরণ ছিল অত্যন্ত কোমল এবং তাদের মুক্তির বিষয়ে তিনি সবসময় সহজ করতেন। গোলাম আজাদ করা ছিল আল্লাহর রাসূলের (স.) আন্দোলনের বড় একটি কর্মসূচি। মালিকদের হাতে নির্যাতিত নিপীড়িত অসংখ্য গোলাম আজাদের বিষয়ে উদ্যোগে নিয়েছিলেন তিনি। কখনো ব্যক্তিগতভাবে, কখনো সাহাবীগণের সহযোগিতার মাধ্যমে আবার কখনো রাষ্ট্রীয় কোষাগারের অর্থ প্রদানের মাধ্যমে গোলাম মুক্তি করেন রাসূলুল্লাহ (স.)। সাহাবী হযরত সালমান ফারসী আল রুমি (রা.) সহ অসংখ্য গোলামকে মুক্তির ব্যবস্থা করেছিলেন তিনি। গোলাম মুক্তির বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন: “কেউ কোন মুসলিম ক্রীতদাস মুক্ত করলে আল্লাহ সেই ক্রীতদাসের প্রত্যেক অঙ্গের বিনিময়ে তার এক একটি অঙ্গ (জাহান্নামের) আগুন হতে মুক্ত করবেন।”<sup>২০</sup>



### ১.৪ অভাবী ও মিসকিনদের ভরণপোষণ এবং আবাসনের ব্যবস্থা

নিঃস্ব অভাবী মানুষের ভরণপোষণ ও আবাসনের ব্যাপারে রাসূল (স.) ছিলেন সদাতৎপর। মক্কা থেকে মুহাজিরগণ যখন হিজরত করে মদীনায়ে চলে আসেন। তখন তাদের অনেকেরই দু'বেলা খাবার গ্রহণের ব্যবস্থা ছিল না। থাকার জন্য ছিল না কোন ঘর। এ অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশে আনসারগণ মুহাজিরদের ভরণপোষণ ও আবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা করেন। আবার পরিবার-পরিজনহীন অক্ষম মুসলিম সাহাবীগণের থাকার জন্য মসজিদে নববীর পাশে একটি ছাউনি নির্মাণ করেন রাসূলুল্লাহ (স.)। এ ছাউনির নাম ছিল সুফফা। যেখানে বিভিন্ন সময় আশ্রয়হীন লোকজন আশ্রয় নিত, মুসাফিররা নিত বিশ্রাম।

মাঝে মাঝে সুফফায় আশ্রয়গ্রহণকারীদের সংখ্যা চার শতাধিক হয়ে যেত। আর এসকল লোকদের অনু-বস্ত্রের বন্দোবস্তে সরাসরি তত্ত্বাবধান করতেন রাসূলুল্লাহ (স.)। কখনো রাসূলের (স.) নিকট আসা সাহায্য হতে আবার কখনো বায়তুলমাল হতে তাদের প্রয়োজন পূরণের ব্যবস্থা করতেন তিনি।<sup>১৭</sup>

### ১.৫ সামাজিক সুবিচার প্রতিষ্ঠা

ব্যক্তিগত, জাতীয় ও আন্তর্জাতিক সকল জীবনেই শান্তি-শৃঙ্খলা, নিরাপত্তা, সমৃদ্ধি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠা করার জন্য ইনসাফ প্রতিষ্ঠার গুরুত্ব অপরিসীম।<sup>১৮</sup> তৎকালীন আরবের অবস্থা এমন ছিল যে, শুধু অন্যদের সাথে নয়, বরং একই গোত্রের মধ্যে সহজেই মারামারি লেগে যেত।<sup>১৯</sup> রাসূলুল্লাহ (স.) এসে সে সংঘাতময় পরিবেশে পক্ষপাতহীন সুবিচার প্রতিষ্ঠা করেন।<sup>২০</sup> তাঁর প্রতিষ্ঠিত আদর্শ রাষ্ট্রের উপস্থাপিত কুরআনী দর্শনের মধ্যেই একমাত্র সামাজিক সুবিচার প্রতিষ্ঠার মহান নীতির অস্তিত্ব রয়েছে। পবিত্র কুরআনে বলা হয়েছে-

إِنَّ اللَّهَ يَأْتُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَىٰ -

“নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে ন্যায় বিচার, সদ্ব্যবহার এবং আত্মীয়-স্বজনের প্রাপ্য আদায়ের জন্য আদেশ দিচ্ছেন।”<sup>২১</sup> তাই নবী (স.) ও সারাজীবন তাঁর উম্মতকে শাস্বত বাণীর নীতিমালা দ্বারা সর্বক্ষেত্রে ন্যায়ের প্রতি নির্দেশ দিয়েছেন। কালামুল্লায় ঘোষিত হয়েছে-

وَأَوْفُوا الْكَيْلَ إِذَا كُلْتُمْ وَزِنُوا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيمِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا -

“তোমরা মাপার সময় পূর্ণরূপে মেপে দিবে এবং সঠিক দাঁড়িপাল্লা দ্বারা ওজন করবে। এটা উত্তম; এর পরিণাম শুভ।”<sup>২২</sup>

একবার কোন এক গোত্রের এক মহিলার চুরির সাজা হয়েছিল। গোত্রের লোকজন নবীজির প্রিয় সাহাবী হযরত উসামা ইবনে যায়েদের মাধ্যমে মহিলার শাস্তি মাফ করানোর জন্য সুপারিশ করিয়েছিল। কিন্তু রাসূলুল্লাহ (স.) এতে অত্যন্ত অসন্তুষ্টি প্রকাশ করে বলেন-

أتشفع في حد من حدود الله...، إنما أهلك الذين قبلكم، أنهم كانوا إذا سرق فيهم الشريف تركوه، وإذا سرق فيهم الضعيف أقاموا عليه الحد، وإني لأرى الله لو أن فاطمة بنت محمد سرقت لقطعت يدها-.

“তুমি কি আমাকে আল্লাহর বিধান প্রয়োগ না করার জন্য সুপারিশ করছ?... তোমাদের পূর্বে যারা অতিবাহিত হয়েছে, তারা ধ্বংস হয়েছে কেবল এ কারণে যে, তাদের মধ্য থেকে যখন কোন বড় লোক চুরি করত, তখন তারা তাকে ছেড়ে দিত; আর যখন কোন দুর্বল লোক চুরি করত, তখন তারা তাকে শাস্তি দিত। আল্লাহর কসম! যদি মুহাম্মাদের মেয়ে ফাতিমাও চুরি করে, তাহলে আমি অবশ্যই তার হাতও কেটে দিব।”<sup>২৩</sup>

নবুয়তের ৫ বছর পূর্বের ঘটনা। রাসূলুল্লাহ (স.) এর বয়স তখন ৩৫ বছর, এ সময় পবিত্র কাবাঘর সংস্কারকালে মক্কার গোত্রসমূহের মাঝে বিবাদ দেখা দেয়। রাসূলুল্লাহ (স.) চমৎকারভাবে এ সমস্যার সুন্দর সমাধান করে সকলের আস্থা অর্জন করেন।<sup>২৪</sup> এভাবে রাসূলুল্লাহ (স.) তাঁর সমগ্র জীবনে সমাজে গঠিত বিভিন্ন সমস্যার ইনসাফভিত্তিক সমাধান দিয়ে সবার নিকট প্রিয়ভাজন হয়ে উঠেন।

### ১.৬ দারিদ্র্য বিমোচন

দরিদ্রতা একটি অভিশাপ। দারিদ্র্য মানুষকে কুফরির কাছাকাছি নিয়ে যায়। দরিদ্রতার কবল হতে বাঁচতে নিজে ব্যবসা করেছেন<sup>২৬</sup> এবং মানুষকে বাঁচাতে বহুমুখী পদক্ষেপ নিয়েছেন মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।

**প্রথমত**, যাকাত ব্যবস্থার প্রচলন : ধনীদের কাছ থেকে যাকাতের অর্থ সংগ্রহ করে গরীবদের মাঝে বণ্টনের কর্মসূচি গ্রহণ করেছিলেন রাসূলুল্লাহ (স.)। ইরশাদ হচ্ছে-

وَمَا آتَيْتُمْ مِنْ زَكَاةٍ تُرِيدُونَ وَجْهَ اللَّهِ فَأُولَئِكَ هُمُ الْمُضَعِفُونَ-

“আল্লাহ তা’আলার সন্তুষ্টির উদ্দেশ্যে তোমরা যে যাকাত প্রদান কর (তাই বৃদ্ধি পায়) আর এরাই হলো সমৃদ্ধশালী।<sup>২৭</sup> হাদীস শরীফে রাসূলুল্লাহ (স.) ইরশাদ করেন-

إن الصدقة لتطفئ غضب الرب وتدفع ميتة السوء-

“নিঃসন্দেহে দান-সাদাকা (যাকাত) আল্লাহ তা’আলার ক্ষোভের আগুন নিভিয়ে দেয় এবং অপমৃত্যু থেকে রক্ষা করে।”<sup>২৮</sup> **দ্বিতীয়ত**, রাসূলুল্লাহ (স.) সুদী কারবার পুরোপুরি নিষিদ্ধ করেছিলেন<sup>২৯</sup> আর চালু করেছিলেন কর্জ হাসান। রাসূলুল্লাহ (স.) নিজে সুদের সাথে সংশ্লিষ্ট সকলকে অভিসম্পাত করেছেন। হযরত জাবির (রা.) হতে বর্ণিত, তিনি বলেন,

لعن رسول الله صلى الله عليه وسلم آكل الربا، وموكله، وكاتبه، وشاهديه، وقال هم سواء -

“রাসূলুল্লাহ (স.) অভিসম্পাত করেছেন সুদখোরকে, সুদদাতাকে, সুদের লেখককে এবং এর স্বাক্ষীদ্বয়কে। এবং তিনি বলেন, এরা সকলেই সমান (অপরাধী)।”<sup>৩০</sup> বিদায় হজ্জের ভাষণে রাসূলুল্লাহ (স.) জাহিলিয়াতের সকল প্রকার সুদ বাতিল করেন।<sup>৩১</sup> পরবর্তী সময়ে মুসলিমদের আত্মবিস্মৃতি ও ভোগবিলাসের সুযোগে সাম্রাজ্যবাদী ইউরোপীয় শক্তিসমূহ তাদের পরাভূত করে ধ্বংস করে দেয় তাদের অর্থনৈতিক মেরুদণ্ড।<sup>৩২</sup> **তৃতীয়ত**, অসহায়, দরিদ্র ও মুসাফিরদের জন্যে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা প্রদানের ব্যবস্থা করেন রাসূলুল্লাহ (স.)। দৃষ্টান্তস্বরূপ হযরত সা’দ ইবনুর রবি (রা.) এর এক স্ত্রীকে তালাক দিয়ে দ্বিনি ভাই আব্দুর রহমান ইবনে আওফের সাথে বিবাহ দেওয়ার ঘটনা উল্লেখযোগ্য। তাদের সেই বিস্ময়কর ত্যাগের কথা উল্লেখ করে আল্লাহ তা’আলা বলেন-

وَالَّذِينَ تَبَوَّءُوا الدَّارَ وَالْإِيمَانَ مِنْ قَبْلِهِمْ يُحِبُّونَ مَنْ هَاجَرَ إِلَيْهِمْ وَلَا يَجِدُونَ فِي صُدُورِهِمْ حَاجَةً مِمَّا أُوتُوا وَيُؤْتُونَ عَلَى أَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ وَمَنْ يُوقِ شُحَّ نَفْسِهِ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ-

“তাদের জন্যও, যারা মুহাজিরদের আগমনের আগে এই নগরীতে বসবাস করেছে এবং ঈমান এনেছে। তারা মুহাজিরদের ভালোবাসে এবং মুহাজিরদের যা দেওয়া হয়েছে তার জন্য তারা অন্তরে আকাঙ্ক্ষা পোষণ করে না। আর তারা নিজেদের ওপর মুহাজিরদের প্রাধান্য দেয়, নিজেরা অভাবী হওয়া সত্ত্বেও। যারা কৃপণতা থেকে নিজেদের মুক্ত রাখে তাই হল সফলকাম।”<sup>৩৩</sup> এছাড়া মসজিদে নববীর পাশেই একটি স্থানে রাসূলুল্লাহ (স.) পরিজনহারা সহায়-সম্বলহীন মানুষের বসবাস ও পানাহারের জন্য সুফফা নামের একটি ছাউনি প্রতিষ্ঠা করেন। এই আশ্রয়কেন্দ্রে আসহাবুস সুফফার সংখ্যা কখনো কখনো চার শতাধিকও হয়ে যেত।

**চতুর্থত**, ৬টি উৎস হতে রাষ্ট্রীয়ভাবে আয় করে তা অসহায় দরিদ্রদের মাঝে বণ্টনের ব্যবস্থা করেন রাসূলুল্লাহ (স.)। এসব উৎসগুলো হল : ১. গনিমাহ বা যুদ্ধলব্ধ সম্পত্তি ২. যাকাত ৩. খারাজ বা অমুসলিম কৃষকদের ভূমি কর ৪. জিজিয়া বা অমুসলিমদের নিরাপত্তা কর ৫. আল-ফাই বা রাষ্ট্রীয় সম্পত্তি ৬. সাদাকা বা স্বেচ্ছাধীন দান। আর এসকল উদ্যোগের মাধ্যমেই দারিদ্র্য বিমোচন করতে সক্ষম হয়েছিলেন রাসূলুল্লাহ (স.)। অব্যাহতভাবে এ ধারা চলমান রাখার ফলে এমন একটি কল্যাণকর সমাজ প্রতিষ্ঠিত হয়েছিল যার

ফলে ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর রাদিয়াল্লাহু আনহুঁর খিলাফাত কালে যাকাত নেওয়ার জন্য লোক খুঁজে পাওয়া যাচ্ছিল না।<sup>১০</sup>

### ১.৭ কর্মসংস্থানের ব্যবস্থা

সমাজকল্যাণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আরও একটি পদক্ষেপ ছিল বেকার ও কর্মহীন মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা। মানুষকে কাজ করে উপার্জনের বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন: “নিজের হাতে কাজ করে খাওয়ার চেয়ে উত্তম খাবার কেউ কখনো খায়নি। আল্লাহর নবী দাউদ (আ.) নিজ হাতে কাজ করে খেতেন।”<sup>১১</sup> রাসূলুল্লাহ (স.) নিজেও ব্যবসা করতেন এবং শিক্ষাবৃত্তি তিনি কখনোই পছন্দ করেন না। একবার এক সাহাবী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে সাহায্য চাইলে তিনি তাকে বলেন, সে যেন কুড়াল দিয়ে বন থেকে কাঠ কাটে এবং সেই কাঠ বাজারে বিক্রয় করে উপার্জনের চেষ্টা করে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামে আরও বলেন : “তুমি শিক্ষা করে বেড়াও আর কেয়ামতের দিন অপমানিত হও তার চেয়ে এটা (কর্ম করে খাওয়া) উত্তম।”<sup>১২</sup>

### ১.৮ মানুষের জীবনমান উন্নয়ন

তৎকালীন আরব বহু সমস্যায় জর্জরিত ছিল। সকল মতের ও পথের মানুষ রাসূলুল্লাহ (স.) কে বিশ্বাস করত ও মানত। আর তিনিও মানুষের যাবতীয় সমস্যার সুন্দর সমাধান করে দিতেন।<sup>১৩</sup> তাঁর সমাজকল্যাণের একটি গুরুত্বপূর্ণ দিক ছিল মানুষের জীবনমান উন্নত করা। মুসলিমগণের বিভিন্ন যুদ্ধে যে গনিমত অর্জন করত তার একটি অংশ আল্লাহ ও তাঁর রাসূলের জন্য রেখে অবশিষ্ট অংশ সময়ক্ষেপণ না করে সকল সাহাবীগণের মাঝে বন্টন করে দিতেন রাসূলুল্লাহ (স.)। এছাড়াও যুদ্ধ বন্দীদের মুক্তির বিনিময়ে অর্থকরী অর্জনের সুযোগ দেওয়া হয়েছিল সাহাবীগণের। যুদ্ধে অর্জিত সকল সম্পদ রাষ্ট্রের জন্য বরাদ্দ না রেখে এর বেশিরভাগ অংশই যুদ্ধাদের মাঝে বন্টনের অন্যতম লক্ষ্য ছিল তাদেরকে জিহাদের কাজে উদ্বুদ্ধকরণের পাশাপাশি তাদের জীবনমান উন্নতকরণ। খাইবার যুদ্ধে মুসলমানরা এত পরিমাণ গনিমত অর্জন করেছিলেন যে, যার ফলে দীর্ঘদিন মদিনার আনসারদের আশ্রয়ে থাকা মুহাজিরদের আর তাদের সহযোগিতা নেওয়ার প্রয়োজন পড়েনি।<sup>১৪</sup> তাছাড়াও গণমানুষের জীবনমান উন্নতকরণে যেখানে-সেখানে ময়লা আবর্জনা ফেলার বিষয়ে নিষেধাজ্ঞা; খাবার পানির ব্যবস্থায় কৃপা খনন; সহজে যাতায়াতের জন্য রাস্তাঘাট সংস্কার এবং সকল নাগরিক যেন নিজ নিজ ঘরবাড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখেন সে বিষয়ে গুরুত্বারোপ করে মুহাম্মদ (স.)।

### ১.৯ এতিম, বিধবা ও অক্ষমদের প্রতিপালন

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সমাজকল্যাণের আরও একটি দিক ছিল এতিম, বিধবা ও অক্ষমদের প্রতিপালন। বাইতুলমালের অর্থ দিয়ে এই তিন শ্রেণীকে রাষ্ট্রীয়ভাবে ভরণপোষণের ব্যবস্থা করেন তিনি। এ বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : “যদি কেউ সম্পত্তি রেখে মারা যায় তা তার উত্তরাধিকারদের। আর যদি কেউ সম্পদহীন এতিম ও বিধবা রেখে মারা যায় তার ব্যবস্থাকারী আমি।”<sup>১৫</sup> নারী ও স্ত্রীর<sup>১৬</sup> অধিকার প্রতিষ্ঠা করে নবীজির প্রতি অবতীর্ণ পূর্ণাঙ্গ ঐশীত্রহু আল কুরআনে আল্লাহ তা’আলা শিক্ষা দিলেন- *هُنَّ لِيَسَّرَ لَكُمْ وَأَنْتُمْ لِيَسَّرَ لَهُنَّ* “তারা (তোমাদের স্ত্রীগণ) তোমাদের অঙ্গাবরণ এবং তোমরা তাদের অঙ্গাবরণ।”<sup>১৭</sup>

রাসূলুল্লাহ (স.) বলেন- *أَكْمَلُ الْمُؤْمِنِينَ إِيمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا، وَخَيْرِكُمْ خَيْرِكُمْ لِنِسَائِهِمْ* “মুসলিমদের মাঝে সবচেয়ে পূর্ণাঙ্গ ঈমানের অধিকারী হচ্ছে যে সবচেয়ে সুন্দর চরিত্রের অধিকারী। আর তোমাদের মাঝে তারা এই শ্রেষ্ঠ ব্যক্তি যারা আপন স্ত্রীদের কাছে শ্রেষ্ঠ।”<sup>১৮</sup> মায়ের<sup>১৯</sup> অধিকার প্রতিষ্ঠায় রাসূলুল্লাহ (স.) বলেন- *إِنَّهُنَّ حَتَّىٰ أَقْدَامِ الْأُمَّهَاتِ* “মায়ের পায়ের নীচে জান্নাত।”<sup>২০</sup>

### ১.১০ বৃক্ষনিধন রোধ ও বৃক্ষরোপণ

পতিত জমি ও রাস্তার পাশে বৃক্ষরোপণের মাধ্যমে সৃষ্টিকুলের খেদমত করা যায়। রাসূলুল্লাহ (স.) এ কাজে ছিলেন অগ্রগামী। তিনি বৃক্ষনিধন রোধে এবং বৃক্ষরোপণে উদ্বুদ্ধ করতেন সবসময়। খাইবার যুদ্ধের এক

পর্যায়ের মুসলিম সেনাপতি মুহাম্মদ ইবনে মাসলামা ইহুদিদের খেজুর গাছগুলো কেটে ফেলার জন্য উদ্যত হলেন। এসময় রাসূলুল্লাহ (স.) এ কাজে বাধা দেন এবং তাঁকে গাছ কাটা থেকে নিবৃত্ত করেন। আবার দেখা যায় হযরত সালমান ফারসী আর রুমিকে (রা.) মুক্তির জন্য তার মালিকের পক্ষ হতে ৫০০টি গাছ রোপণের শর্ত দেওয়া হয়েছিল। তখন রাসূলুল্লাহ (স.) একাজে সালমান (রা.) কে সর্বাঙ্গিক সহযোগিতা করেন। রাসূলুল্লাহ (স.) বলেন,

ما من مسلم يغرس غرسا أو يزرع زرعاً فيأكل منه طير أو إنسان أو بهيمة إلا كان له به صدقة-

অর্থাৎ, যে কোন মুসলিম ফলবান গাছ রোপণ করে কিংবা কোন ফসল ফলায় আর তা থেকে পাখি কিংবা মানুষ বা চতুষ্পদ জন্তু খায় তবে তা তার পক্ষ থেকে সাদকা বলে গণ্য হবে।<sup>৪৪</sup>

### ১.১১ রোগীর সেবা ও চিকিৎসা

একজন মুমিনের উপর অপর মুমিনের ৬টি অধিকারের একটি হল, যখন কোন মুমিন রোগাক্রান্ত হয় তখন তার সেবা-শুশ্রূষা করা।<sup>৪৫</sup> রাসূলুল্লাহ (স.) নিজ হাতে রোগীর সেবা করতেন এবং রোগীর প্রয়োজনীয় কাজ সম্পন্ন করে দিতেন।<sup>৪৬</sup> “এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম এর নিকট এসে বলল, আমার ভাইয়ের পেটে অসুখ হয়েছে। তখন নবী (স.) বললেন, তাকে মধু পান করাও। অতঃপর সে তাকে মধু পান করলে লোকটি রোগমুক্ত হল।”<sup>৪৭</sup> হযরত বারা ইবনে আযেব (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (স.) আমাদের সাতটি বিষয়ে বিশেষভাবে আদেশ করেছেন। আর সাতটি বিষয়ে বিশেষভাবে নিষেধ করেছেন। তিনি যে সকল বিষয়ে আদেশ করেছেন তার মধ্যে অন্যতম হলো- *ويعود المريض* “আমরা যেন রোগীর সেবা-শুশ্রূষা করি।”<sup>৪৮</sup>

হযরত আলী (রা.) বলেন, আমি রাসূলুল্লাহ (স.) কে বলতে শুনেছি-

ما من مسلم يعود مسلماً غدوة إلا صلى عليه سبعون ألف ملك حتى يمسي، وإن عادته عشية إلا صلى عليه سبعون ألف ملك حتى يصبح، وكان له خريف في الجنة

“যে ব্যক্তি সকালবেলা কোনো অসুস্থ মুসলমানকে দেখতে যায়, ৭০ হাজার ফেরেশতা বিকাল পর্যন্ত তার জন্য দোয়া করতে থাকে। আর বিকালে রোগী দেখতে গেলে সকাল পর্যন্ত ৭০ হাজার ফেরেশতা তার জন্য দোয়া করতে থাকেন এবং তার জন্য জান্নাতে একটি ফলের বাগান তৈরী করা হয়।”<sup>৪৯</sup>

### ১.১২ মদ, জুয়া ও কুসংস্কারের মূলোচ্ছেদ

মদপান ও জুয়াসহ নানাবিধ কুসংস্কার বন্ধে রাসূলুল্লাহ (স.) ক্রমান্বয়ে পদক্ষেপ গ্রহণ করেন। এর অপকারিতা মানুষকে বুঝিয়ে সেখান থেকে তাদের ফিরানোর চেষ্টা করেন। আল্লাহ তা‘আলার পক্ষ থেকে তিনি নির্দেশিত হন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ-

“হে ঈমানদারগণ! মদ, জুয়া, মূর্তি পূজার বেদী ও ভাগ্য নির্ণায়ক শরসমূহ এ সমস্তই হচ্ছে ঘৃণ্য শয়তানী কার্যকলাপ। এগুলো থেকে দূরে থাকো, আশা করা যায় তোমরা সফলতা লাভ করবে।”<sup>৫০</sup>

### ১.১৩ ঋণ পরিশোধে সহায়তা

রাসূলের (স.) সমাজকল্যাণে আরো একটি দিক ছিল মানুষকে ঋণমুক্ত করা।<sup>৫১</sup> ঋণগ্রস্ত ব্যক্তি রাসূলের (স.) নিকট এসেছেন আর তিনি তাকে সাহায্য করেননি এমনটি কখনো হয়নি। বরং ঋণগ্রস্ত ব্যক্তির ঋণ পরিশোধে তিনি শুধু সাহায্য করেননি বরং তিনি এর দায়িত্বও নিতেন। এ বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : “যে ব্যক্তি ধন-সম্পদ রেখে গেল, তা তার ওয়ারিশদের। আর যে দায়-দায়িত্বের বোঝা রেখে গেল, তা আমার যিম্মায়।”<sup>৫২</sup>

### ১.১৪ শিক্ষা ও সাংস্কৃতিক সমৃদ্ধি

রাসূলুল্লাহ (স.) একটি সুখি, সমৃদ্ধ ও সুস্থ সমাজ বিনির্মাণে যেসব কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করেছেন তার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো রাসূলের শিক্ষানীতি।<sup>৫০</sup>

শিক্ষার উদ্দেশ্য সম্পর্কে মহান রাক্বুল আলামীন কুরআনে ঘোষণা দিয়েছেন-

هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِنْهُمْ يَتْلُو عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلَالٍ مُبِينٍ -

“তিনিই উম্মীদের (নিরক্ষর) মধ্য থেকে একজন রাসূল পাঠিয়েছেন, তাদের মধ্য থেকে, যিনি তাদের মধ্য থেকে, যিনি তাদের কাছে তিলাওয়াত করেন তার আয়াতসমূহ; তাদেরকে পবিত্র করেন এবং তাদেরকে শিক্ষা দেন কিতাব ও হিকমত, যদিও ইতোপূর্বে তারা ছিল ঘোরবিভ্রান্তিতে।”<sup>৫১</sup> যে শিক্ষার মধ্যে কোন কল্যাণ বা উপকারিতা নেই, তিনি তা শিখতে বারণ করেছেন। রাসূলুল্লাহ (স.) এর প্রণীত শিক্ষার উদ্দেশ্য এভাবে বলা যায় :

ক. মানুষকে পবিত্র করা খ. অপকারী জ্ঞান শিক্ষা না দেওয়া গ. মানুষের মধ্যে আল্লাহর ভয় তৈরী করা ঘ. মানুষ যা জানে না, তা জানানো ঙ. জ্ঞান-বিজ্ঞান শিক্ষা দেওয়া চ. আল্লাহর নির্দেশনাবলী শিক্ষা দেওয়া ছ. যে শিক্ষা মানুষের অন্তরকে পরিতৃপ্ত করে, তা শিক্ষা দেওয়া জ. কর্তব্যবোধ জাগ্রত করে, এমন শিক্ষা দেওয়া ঝ. জাতির আদর্শ ও সংস্কৃতির লালন শিক্ষা দেওয়া।

বাস্তবিকপক্ষে রাসূল করীম (স.) নিজেই ছিলেন একটি পরিপূর্ণ শিক্ষাকেন্দ্র। ইসলামের প্রথম দিকে সাহাবা আজমাইনগণ অনেকটা চুপিসারে রাসূলুল্লাহ (স.) এর কাছে শিক্ষা নিতেন। এসময়ে বাস্তব অবস্থার প্রেক্ষিতে পরিস্থিতি অনুসারে শিক্ষাব্যবস্থা চালু রাখেন। সেক্ষেত্রে রাসূলের শিক্ষাব্যবস্থাকে ২ ভাগে ভাগ করা যায়।

I. মক্কী যুগের শিক্ষাপদ্ধতি

II. মাদানী যুগের শিক্ষাপদ্ধতি

I. মক্কী যুগের শিক্ষাপদ্ধতি

ক. মসজিদে আবু বকর : ইসলামের উষালগ্নে পরিবেশ পরিস্থিতি ছিল খুবই ভয়াবহ। বাইরে তেমন একটা খোলামেলা একত্রিত হওয়া যেত না। তাই আবু বকর (রা.) বাড়ির আঙ্গিনায় মসজিদ তৈরী করেন এবং সেখানেই নামাজ আদায় করতেন। সেখানেই সাধারণ মানুষ ইসলামের দীক্ষা নিতে আসতেন।

খ. ফাতেমা বিনতে খাত্তাবের শিক্ষালয় : ফাতেমা বিনতে খাত্তাব ইবনু নুফাইল ছিলেন উমার ইবনুল খাত্তাবের বোন। ইসলামের সূচনাকালে স্বামী সাঈদের সাথেই ইসলাম গ্রহণ করেন। স্বামী-স্ত্রী দু'জনেই নিজেদের ঘরে কোরআনের বাণী চর্চা করতেন এবং সাখীদের সাথেই ইসলাম ও কুরআনের বাণীর সন্ধান পান, ইসলামের ছায়াতলে আসেন।

গ. দারুল আরাফায় : আল আরাফায় ইবনে আবিল আরাফায় (রা.) মক্কার প্রথম পর্বে দশজনের পরে ইসলাম গ্রহণ করেন। মক্কায় তাঁর বাড়ি সাফা পাহাড়ের পাদদেশে। মক্কার মাঝে এ স্থানটি ছিল বরকতময়। সাহাবীগণের একটি বড় অংশ এখানে মিলিত হতে এবং প্রশিক্ষণ নিতেন। এ জায়গাতে রাসূলুল্লাহ (স.) গোপনে ইসলামী দাওয়াতের মৌলিক কাজ ও সাহাবীগণকে কোরআনের দীক্ষা দিতেন।

ঘ. সর্বদা শিক্ষা প্রদান : উমার (রা.) এর ইসলাম গ্রহণের পর সাহাবায়ে কেলাম (রা.) প্রকাশ্যে ইসলামের দাওয়াত দিতে শুরু করেন। এছাড়া রাসূলুল্লাহ (স.) কাফির-মুশরিকদের মজলিস, মাহফিল, হাটবাজার, মেলা, প্রদর্শনীয়সমূহ এবং বিশেষ করে হজ্জের মওসুমে বিভিন্ন স্থান ও অবস্থানে উপস্থিত হয়ে ইসলামের দাওয়াত পেশ করতেন।

## II. মাদানী যুগের শিক্ষাপদ্ধতি

মদিনার কেন্দ্রসমূহ ২ ভাগে বিভক্ত। ক. রাসূলুল্লাহ (স.) এর হিজরতের পূর্বে শিক্ষাকেন্দ্র খ. হিজরতের পরের শিক্ষা কেন্দ্র। হিজরতের পূর্বে শিক্ষাকেন্দ্র ছিল ৩টি। যথা : ১. মসজিদে বানু যুবাইক ২. মসজিদে কুবা ৩. সাদ ইবনে যুবায়্যা (রা.) এর বাড়িতে প্রতিষ্ঠিত মাদ্রাসা। শিক্ষার ক্ষেত্রে তৈরী গণমানুষের হৃদয়ে স্থান করার যেসব কৌশল ও কর্মসূচি রাসূলুল্লাহ (স.) নিয়েছিলেন, তার মধ্যে উল্লেখযোগ্য : ক. আসহাবে সুফফা খ. শিশু-কিশোর ও বৃদ্ধদের জন্য শিক্ষালয় গ. পারিবারিক শিক্ষালয় ঘ. মহিলা সাহাবির শিক্ষালয়। যেহেতু ইসলামের প্রাথমিক যুগে প্রকাশ্যে কাজ করা কঠিন ছিলো, সেহেতু সাফা পাহাড়ের নিকটে বনু মাখযুম গোত্রের ২০ বছর বয়সী সাহাবী আল আকরাম (রা.) এর বাড়িতে শিক্ষা কার্যক্রম শুরু হয়।<sup>৫৫</sup> এরপর ক্রমান্বয়ে মক্কা ও মদিনাসহ বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে শিক্ষা কার্যক্রম।

### ২. ব্যক্তিগত পর্যায়ে গৃহীত কর্মসূচি

রাসূলুল্লাহ (স.) আদর্শ সমাজ গঠনে ব্যক্তিগতভাবে অনেক সমাজকল্যাণমূলক কাজ করতেন। এসকল কাজের অনেকগুলোই তাঁর নিয়মিত অভ্যাসে পরিণত হয়েছিল। এ কাজগুলো ব্যক্তিবিশেষের মাঝে করা হলেও এর প্রভাব ছিল অনেক বেশি। কারণ, যিনি একবার উপকৃত হয়েছেন তা স্মরণ রাখতেন সারাজীবন। রাসূলের (স.) ব্যক্তিগত পর্যায়ে করা সমাজকল্যাণমূলক কাজগুলো নিম্নরূপ :

#### ২.১ বিপদে মানুষের পাশে দাঁড়ানো

কখনো আর্থিক সহযোগিতা, কখনো শারীরিক পরিশ্রম, আবার কখনো মানসিক সাহায্য প্রদানের মাধ্যমে মানুষের বিপদ দূর করার চেষ্টা করেছেন রাসূলুল্লাহ (স.)। মানুষের বিপদাপদ দূর করার বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : “যে ব্যক্তি কোন মুমিনের দুনিয়ার বিপদসমূহের কোন একটি বিপদ দূর করে দিবে, আল্লাহ তা’আলা তার আখিরাতের বিপদসমূহের মধ্য হতে একটি (কঠিন) বিপদ দূর করে দিবেন।”<sup>৫৬</sup>

#### ২.২ প্রতিবেশীর সাথে ভাল আচরণ

প্রতিবেশীর সাথে সদাচরণ করা, তাদের বিপদাপদ ও দুঃখ-সুখে অংশীদার হওয়া একটি কল্যাণকর সমাজের সাধারণ চিত্র। রাসূলুল্লাহ (স.) সবসময় এ কাজটি করার চেষ্টা করতেন। রাসূলের (স.) প্রতিবেশী ও চাচা আবু লাহাবের স্ত্রী নিয়মিতভাবে রাসূলের (স.) দরজায় ময়লা-আবর্জনা রেখে দিত। এসকল বিষয় নিয়ে আল্লাহর রাসূলুল্লাহ (স.) কখনো তাদের সাথে বিবাদে জড়াননি।<sup>৫৭</sup> প্রতিবেশীকে কষ্ট না দেওয়ার বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন :

والله لا يؤمن والله لا يؤمن والله لا يؤمن . قيل: من يا رسول الله؟ قال: الذي لا يأمن جاره بوائقه-

“আল্লাহর কুসম সে ঈমানদার হবে না, আল্লাহর কুসম সে ঈমানদার হবে না, আল্লাহর কুসম সে ঈমানদার হবে না। জিজ্ঞেস করা হল, হে আল্লাহর রাসূল! কে সে? তিনি বললেন, যার প্রতিবেশী তার অনিষ্ট থেকে নিরাপদ নয়।”<sup>৫৮</sup> প্রতিবেশীর হক আদায় ও সুসম্পর্ক তৈরীর বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : “তোমরা যখন তরকারী রান্না করবে, তাতে পানি বেশী করে দিবে এবং তা প্রতিবেশীদের মাঝে বিতরণ করবে।”<sup>৫৯</sup>

#### ২.৩ অসুস্থ ব্যক্তিকে দেখতে যাওয়া

রাসূলুল্লাহ (স.) অসুস্থ ব্যক্তিকে দেখতে যেতেন। সেক্ষেত্রে তিনি ধনী-গরীব, মুসলিম-অমুসলিমের পার্থক্য করতেন না। একবার মদিনার এক ইহুদি ছেলের অসুস্থতার খবর পেয়ে ছুটে যান রাসূলুল্লাহ (স.)।<sup>৬০</sup> রোগী দেখার বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : - أطعموا الجائع وعودوا المريض وفكوا العاني- অসুস্থকে দেখতে যাও এবং বন্দীকে মুক্ত করো।<sup>৬১</sup>

#### ২.৪ দান-খয়রাত

দান-খয়রাত করা ছিল রাসূলের (স.) সামাজিক কার্যক্রমের অন্যতম একটি অংশ। তার নিকট কেউ কোন কিছু চাইলে তিনি তাকে কখনো খালি হাতে ফেরত দিতেন না। একবার এমন হল যে, রাসূলের (স.) নিকট এক ব্যক্তি এসে পরিধানের জন্য একটি বস্ত্র চাইল। তখন রাসূলুল্লাহ (স.) তার পরিধেয় একমাত্র জামাটি

খুলে দিয়ে দেন। ফলে তার পরিধানের জন্য অবশিষ্ট আর কোন জামা রইল না। দানের বিষয়ে বলতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : - *اليد العليا خير من اليد السفلى* - "দানকারীর হাত গ্রহীতার হাতের চেয়ে উত্তম।"<sup>৬২</sup>

### ২.৫ জানাজায় অংশগ্রহণ

কেউ মারা গেলে রাসূলুল্লাহ (স.) তার জানাজায় অংশগ্রহণের চেষ্টা করতেন এবং তার পরিবারে গিয়ে সাত্ত্বনা দিতেন। মৃত ব্যক্তির জানাজায় অথবা তার পরিবারে রাসূল সাত্ত্বনা আল্লাইহি ওয়াসাল্লামের উপস্থিতি মৃত ব্যক্তির আত্মীয়-স্বজনদের জন্য সাত্ত্বনার কারণ হত। এক মুসলিমের প্রতি অন্য মুসলিমের হকের কথা বলতে গিয়ে রাসূল বলেন : "এক মুমিনের প্রতি অন্য মুমিনের ৬টি হকের মাঝে অন্যতম একটি হলো- *ويشهده إذا مات* "কেউ মারা গেলে তার জানাযা ও দাফন-কাফনের অংশগ্রহণ করা।"<sup>৬৩</sup>

### ২.৬ রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু সরানো

রাসূলুল্লাহ (স.) সবসময় মানুষের কল্যাণের বিষয়টি খেয়াল রাখতেন। তিনি যখন রাস্তা দিয়ে চলতেন তখন কোন কষ্টদায়ক বস্তু সামনে পড়লে তা সরিয়ে দিতেন, যেন কেউ এর মাধ্যমে ক্ষতিগ্রস্ত অথবা কষ্ট না পায়। রাসূলের (স.) চলার পথে এক বুড়ি নিয়মিতই কাঁটা দিয়ে রাখত আর রাসূলুল্লাহ (স.) প্রতিদিনই সেই কাঁটা সরিয়ে রাস্তা পরিষ্কার করতেন। হাদিসে এসেছে,

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْإِيمَانُ أَرْبَعَةٌ وَسِتُونَ بَابًا أَرْفَعُهَا وَأَعْلَاهَا قَوْلُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَدْنَاهَا إِمَاطَةُ الْأَذَى عَنِ الطَّرِيقِ

"রাসূলুল্লাহ (স.) বলেছেন, ঈমানের চৌষট্টিটি দরজা বা স্তর রয়েছে, তার মধ্যে সর্বোচ্চ হল একথার সাম্ফ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, আর সর্বনিম্ন স্তর হল রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু দূর করা।"<sup>৬৪</sup>

### ৩. নসিহাত মাধ্যমে প্রদত্ত কর্মসূচি

রাসূলুল্লাহ (স.) সমাজকল্যাণে ব্যক্তিগতভাবে অনেক উদ্যোগ নেওয়ার পাশাপাশি সমাজের সাধারণ মানুষদের এ কাজে উদ্বুদ্ধ করতেন। রাসূলের (স.) অসংখ্য কথনের মাঝে এর প্রমাণ মিলে। মানুষের প্রতি দয়া পরশ হওয়ার কথা বলতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেন, "তোমরা পৃথিবীবাসীদের প্রতি দয়া কর, তাহলে যিনি আসমানে আছেন তিনি তোমাদের প্রতি দয়া করবেন।"<sup>৬৫</sup> সর্বোপরি তিনি বলেন :

ان الدين النصيحة ان الدين النصيحة ان الدين النصيحة

"(অন্যের) কল্যাণকামিতাই দীন, (অন্যের) কল্যাণকামিতাই দীন, (অন্যের) কল্যাণকামিতাই দীন।"<sup>৬৬</sup>

সমাজে চলার পথে মানুষের অনেক বিপদ-আপদে আসে। এসময় প্রয়োজন হয় অন্যের সাহায্যের। আর পরোপকারের এই কাজটি করতে মানুষকে উদ্বুদ্ধ করতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : "আল্লাহ তা'আলা তাঁর বান্দাদেরকে ততক্ষণ পর্যন্ত সাহায্য করতে থাকেন, যতক্ষণ সে তার ভাইয়ের সাহায্য করতে থাকে।"<sup>৬৭</sup>

আবার মানুষের দুঃখ-কষ্ট যেন একে অপরের পাশে দাঁড়ানোর বিষয়ে উদ্বুদ্ধ করতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : "যে ব্যক্তি কোন মুমিনের পার্থিব দুঃখ-কষ্ট দূর করবে, আল্লাহ তা'আলা কিয়ামতে তার দুঃখ-কষ্ট দূর করবেন।"<sup>৬৮</sup>

মানুষ যেন প্রতিবেশীকে কষ্ট না দেয় সে লক্ষ্যে রাসূলুল্লাহ (স.) বলেন : - *لَا يَدْخُلُ الْجَنَّةَ عَبْدٌ لَا يَأْمُرُ جَارُهُ بِوَأْتِهِ* - "ঐ ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না, যার প্রতিবেশী তার অনিষ্ট থেকে নিরাপদ নয়।"<sup>৬৯</sup> আবার প্রতিবেশীর খোঁজ-খবর রাখার বিষয়ে উদ্বুদ্ধ করতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : "ঐ ব্যক্তি ঈমানদার নয়, যে ব্যক্তি তৃপ্তি সহকারে পেটপূরে খায়, অথচ তার পাশেই তার প্রতিবেশী ক্ষুধার্ত থাকে।"<sup>৭০</sup>

বৃক্ষরোপণের ফজিলত বলতে গিয়ে আল্লাহর রাসূল (স.) বলেন : "যদি কোনো মুসলমান একটি বৃক্ষরোপণ করে অথবা শস্য জন্মায় অতঃপর তা থেকে কোনো মানুষ, পাখি বা পশু (ফল-ফসল) ভক্ষণ করে তাহলে সেটি তার জন্য সদকাস্বরূপ গণ্য হবে।"<sup>৭১</sup> বিধবা ও মিসকিনদের সহযোগিতার ফজিলত বর্ণনা করতে গিয়ে

রাসূলুল্লাহ (স.) বলেন : “যে ব্যক্তি বিধবা ও মিসকীনের সমস্যা সমাধানের জন্য ছুটাছুটি করে সে যেন আল্লাহর রাস্তায় জিহাদে লিপ্ত। বর্ণনাকারী বলেন, আমার মনে হয় রাসূলুল্লাহ (স.) এ কথাও বলেছেন, সে যেন ঐ ব্যক্তির ন্যায় যে সারা রাত নামায আদায় করে এবং সারা বছরই ছিয়াম পালন করে।”<sup>১২</sup> ইয়াতিমের লালন-পালনে উদ্বুদ্ধ করতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেন :

أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: أَنَا وَكَافِلُ الْيَتِيمِ كَهَاتَيْنِ فِي الْجَنَّةِ وَقَرَنَ بَيْنَ أُصْبُعَيْهِ الْوُسْطَى وَالَّتِي تَلِي الْإِبْهَامَ-

“আমি ও ইয়াতীম প্রতিপালনকারী জান্নাতে এভাবে থাকব। এবেলে তিনি তর্জনী ও মধ্যমা আঙ্গুল দিয়ে ইশারা করলেন এবং এ দুটির মাঝে কিছুটা ফাঁকা করলেন।”<sup>১৩</sup>

অনাহারী মানুষকে খাবার দিতে উদ্বুদ্ধ করার হাদীস এভাবে বর্ণিত হয়েছে যে,

أن رجلا سأل رسول الله صلى الله عليه وسلم : أي الإسلام خير ؟ قال : تطعم الطعام ، وتقرأ السلام على من عرفت ومن لم تعرف-

“জনৈক ব্যক্তি রাসূলুল্লাহকে (স.) জিজ্ঞেস করল, ‘ইসলামের কোন কাজটি উত্তম?’ তিনি বললেন, “তুমি (অভাবীকে) খাদ্য খাওয়াবে।”<sup>১৪</sup> যথাসময়ে এবং যথাযথভাবে ঋণ পরিশোধের বিষয়ে উদ্বুদ্ধ করতে গিয়ে

রাসূলুল্লাহ (স.) বলেন : “خَيْرُكُمْ أَحْسَنُكُمْ قَضَاءً-” “মানুষের মধ্যে সেই উত্তম, যে উত্তমরূপে ঋণ পরিশোধ করে।”<sup>১৫</sup> আবার ঋণগ্রস্ত অক্ষম ব্যক্তির প্রতি পাওনাদারকে দয়াপরবশ হওয়ার বিষয়ে রাসূলুল্লাহ (স.) বলেন : “আর যে ব্যক্তি কোন ঋণ পরিশোধে অক্ষম ব্যক্তির প্রতি সহজ করবে, আল্লাহ দুনিয়া ও আখেরাতে তার প্রতি সহজ করবেন।”<sup>১৬</sup>

#### উপসংহার

আদর্শ সমাজ গঠনে রাসূলুল্লাহ (স.) এর জীবনের নানাদিক আলোচনা-পর্যালোচনা করে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, তিনি রাষ্ট্র পরিচালনায় ছিলেন একজন আদর্শ রাষ্ট্রনায়ক, যুদ্ধের ময়দানে ছিলেন একজন আদর্শ যোদ্ধা ও সমরনায়ক, সমাজ পরিচালনায় ছিলেন একজন আদর্শ সমাজপতি, শিক্ষানীতিতে ছিলেন একজন আদর্শ শিক্ষক, বিচার ব্যবস্থায় ছিলেন একজন আদর্শ বিচারক এবং ধর্মীয় নীতিতে ছিলেন একজন আদর্শ ধর্মীয় নেতা। সমাজের নানাবিধ সমস্যাকে রাসূলুল্লাহ (স.) আদর্শ নেতার ভূমিকায় খুঁজে বের করে তার সমাধান করতেন উত্তম পন্থায়। তিনি নিজে যেমনিভাবে সমাজ সেবা ও সমাজ সংস্কারে নিয়মিত কাজ করতেন, ঠিক তেমনভাবে সাহাবায়ে কিরামগণকেও এ কাজে উদ্বুদ্ধ করতেন। তাঁর আদর্শের পরশে তৈরী হয়েছে এমন এক আদর্শিক বাহিনী, যারা তাঁর পরবর্তী সময়ে আদর্শ সমাজ গঠনের এ মহান কাজকে অব্যাহত রাখেন। যার ফলে রাসূলুল্লাহর নিজ হাতে গড়া সাহাবী হযরত উমর (রা.) খিলাফতকালে এ বলে আক্ষেপ করতেন যে, ফোরাতে নদীর তীরে একটি কুকুরও যদি না খেয়ে মারা যায় তার জন্যও আমি উমরকে আল্লাহর কাছে জবাবদিহিতা করতে হবে। জাহিলি সমাজে নিমজ্জিত একটি জাতিকে রাসূলুল্লাহ (স.) আলোর সমাজ উপহার দিয়েছিলেন। এ আলোকবর্তিকার আলো যখন চারদিকে ছড়িয়ে পড়ে, তখন আরব ও তার আশেপাশের বিভিন্ন এলাকার মানুষ তাদের পরিবার, গোত্র, সমাজ ও রাষ্ট্রের নানাবিধ সমস্যা সামাধানে রাসূলুল্লাহ (স.) কে বিচারক ও অভিভাবক হিসেবে পেতে প্রত্যাশা করতে থাকেন। যার জ্বলন্ত উপমা মদিনার আওস ও খাজরাজ গোত্রের বিবাদমান দ্বন্দ্ব সমাধান করে গোটা মদিনাকে একটি শান্তির নগরিতে পরিণত করা। রাসূলুল্লাহ (স.) ছিলেন আল্লাহ প্রদত্ত সর্ববিষয়ে জ্ঞান গরিমায় প্রসিদ্ধ। সারা বিশ্বের মানুষের জন্য তিনি ছিলেন রহমতস্বরূপ। তাঁর প্রদর্শিত সমাজ ব্যবস্থাপনার মাধ্যমেই সম্ভব আদর্শ সমাজ প্রতিষ্ঠা করা।

#### তথ্যনির্দেশ

<sup>১</sup> রওশন আরা ও আব্দুল হাই সিকদার, সামাজিক বিজ্ঞান (ঢাকা: ১ম সংস্করণ-১৯৯৭ খ্রি), পৃ. ০২

<sup>২</sup> ড. এ আর এম আলী হায়দার, ড. মোঃ ইব্রাহিম খলিল এবং মুহাম্মাদ আল আমিন, ইসলাম শিক্ষা (ঢাকা : অক্ষর-পত্র প্রকাশনী, শান্তিনগর, চতুর্থ সংস্করণ, ২০১৭ খ্রি.) পৃ. ১২৮



- <sup>৩</sup> শ্রী প্রমোদ কুমার, সমাজ কি? (ঢাকা : বিন্দু প্রকাশনী, জানুয়ারী, ১৯৯৯ খ্রি.), পৃ. ২৪৫
- <sup>৪</sup> নাজমুল করীম, সমাজবিজ্ঞান সমীক্ষণ (ঢাকা: ৭ম সংস্করণ, ১৯৯৯), পৃ. ১৩
- <sup>৫</sup> সম্পাদনা পরিষদ সম্পাদিত, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ইসলামিক স্টাডিজ-৩, ইসলামী সমাজ ব্যবস্থা, (ঢাকা: মা প্রিন্টিং প্রেস, ৭ম প্রকাশ-২০১১), পৃ. ১৬২
- <sup>৬</sup> Plato, *Ideal Society* (USA: EduStream Technologies LLC, 2nd September, 2021) - <https://ivypanda.com/essays/ideal-society-by-plato/>
- <sup>৭</sup> প্রাগুক্ত, পৃ. ১২৮
- <sup>৮</sup> ইসলাম শিক্ষা, পৃ. ১৪৮
- <sup>৯</sup> ইসলামিক স্টাডিজ-৩, ইসলামী সমাজ ব্যবস্থা, পৃ. ১৬২
- <sup>১০</sup> আল্লামা হুফিউর রহমান মোবারকপুরী, আর রাহীকুল মাখতুম, অনুবাদ : খাদিজা আখতার রেজায়া অনুদিত (লন্ডন : আল কুরআন একাডেমী লন্ডন, বাংলাদেশ সেন্টার, ৯ম সং, ১৪৩৪ হিজরি/২০০৩ খ্রি.) পৃষ্ঠা. ৭৬; আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবন হিশাম মুআফিকী, সীরাতে ইবনে হিশাম, খণ্ড ১, (বৈরুত : দারুল ইহয়ায়িত তুরাসিল আরাবি) পৃষ্ঠা. ১৩৪-১৪০
- وَأَمَّا حَلْفُ الْفُضُولِ فَحَدَّثَنِي زِيَادُ بْنُ عَبْدِ اللَّهِ الْبِكَائِي عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ قَالَ تَدَاعَتْ قَبَائِلُ مِنْ قُرَيْشٍ إِلَى حَلْفِ فَاجْتَمَعُوا لَهُ فِي دارِ عَبْدِ اللَّهِ بْنِ جُدْعَانَ بْنِ عَمْرٍو بْنِ كَعْبِ بْنِ سَعْدِ بْنِ تَيْمِ بْنِ مُرَّةِ بْنِ كَعْبِ بْنِ لُؤَيٍّ ، لِشَرَفِهِ وَسَبِّهِ فَكَانَ حَلْفُهُمْ عِنْدَهُ بَنُو هَاشِمٍ ، وَبَنُو الْمُطَّلِبِ ، وَأَسَدُ بْنُ عَبْدِ الْمُغْزَى . وَزُفْرَةُ بْنُ كِلَابٍ ، وَتَيْمُ بْنُ مُرَّةٍ فَتَعَاهَدُوا وَتَعَاهَدُوا عَلَى أَنْ لَا يَجِدُوا بِمَكَّةَ مَظْلُومًا - دَخَلَهَا مِنْ سَائِرِ النَّاسِ إِلَّا قَامُوا مَعَهُ وَكَانُوا عَلَى مَنْ ظَلَمَهُ حَتَّى تَرُدَّ عَلَيْهِ مَظْلَمَتَهُ فَسَمَّيْتُ قُرَيْشَ ذَلِكَ الْحَلْفَ حَلْفَ الْفُضُولِ .
- <sup>১১</sup> ইমাম সুহায়লী রহ., আর-রাওয়াল উনুফ ফী শরহিস সীরাতি লি-ইবনে হিশাম, ২য় খণ্ড, পৃ. ৪৭
- <sup>১২</sup> ইমাম আবু বকর আল বায়হাকী রহ. (মৃ.৪৫৮ হি.), আস-সুনাযুল কুবরা, খ. ৬, (বৈরুত : দারুল কুতুবিল ইলমিয়াহ) পৃ. ৫৯৬
- <sup>১৩</sup> আদিল সালাহি, মুহাম্মাদ (সা.) দ্যা ম্যান এণ্ড প্রফেট, অনুবাদ : আলী আহমাদ মাবরুর (ঢাকা : বিন্দু প্রকাশন, ১ম প্রকাশ অক্টোবর, ২০২১ খ্রি.), পৃ. ২৪৪-২৪৯
- <sup>১৪</sup> আল্লামা হুফিউর রহমান মোবারকপুরী, আর রাহীকুল মাখতুম, প্রাগুক্ত
- <sup>১৫</sup> আবু আব্দুল্লাহ মুহাম্মদ ইবন ইসমাঈল, সহীছুল বুখারী, খণ্ড ৫ (বৈরুত : দারুল ইবন কাসীর, ইয়ামান, ৩য় সং, ১৪০৭ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ৫০৫৮ হাদিস নং- ৫৩৭৩, ৫৬৪৯;
- <sup>১৬</sup> সহীছুল বুখারী, হাদিস নং- ২৫১৭
- <sup>১৭</sup> সীরাতে বিশ্বকোষ, পঞ্চম খণ্ড, (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন, ১৪২১ হি./২০০০ খ্রি.), পৃষ্ঠা. ৪৮
- <sup>১৮</sup> আল্লাহ তা'আলা ইরশাদ করেন, وَلَا تَأْكُلُوا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ وَتَذَلُّوا بِهَا إِلَى الْحُكَّامِ لِتَأْكُلُوا فَرِيقًا مِنْ أَمْوَالِ النَّاسِ بِالْإِثْمِ وَأَنْتُمْ تَعْلَمُونَ
- “তোমরা তোমাদের পরস্পরের ধন-সম্পদ অবৈধ পন্থায় ভক্ষণ করবে না। তোমরা শাসকদের নিকট ঝুঁকে পড়ো না এ উদ্দেশ্যে যে, তোমরা জেনেশোনে লোকদের ধন-সম্পদের কিছু অংশ অন্যায়ভাবে ভক্ষণ করবে।” (সূরা বাকারা, আয়াত নং-১৮৮)
- <sup>১৯</sup> বি স্মার্ট উইথ মুহাম্মাদ, ড. হিশাম আর-আওয়াদি, মাসুদ শরীফ অনুদিত (ঢাকা : গার্ডিয়ান পাবলিকেশন্স, বাংলা বাজার, ৪র্থ সং, ২২ নভেম্বর, ২০১৯ খ্রি.), পৃ. ৫৩
- <sup>২০</sup> পক্ষপাতহীন বিচার করা সমাজ জীবনে অতীব গুরুত্বপূর্ণ একটি দিক। তাই আল্লাহ তা'আলা পবিত্র কুরআনুল কারীমে রাসূলুল্লাহ (সা.) কে সম্বোধন করে বলেন-لَا يُحِبُّ الْمُنْظِرِينَ-
- “হে নবী, আপনি যখন লোকদের মাঝে বিচার করবেন, তখন ন্যায়ভাবে বিচার করুন। নিশ্চয়ই আল্লাহ সুবিচারকারীদেরকে ভালোবাসেন।” (সূরা মায়িদা, আয়াত নং- ৪২)
- <sup>২১</sup> আল-কুরআন, ১৬: ৯০
- <sup>২২</sup> আল-কুরআন, ১৭:৩৬
- <sup>২৩</sup> সহীছুল বুখারী, হাদিস নং-৩৪৭৫
- <sup>২৪</sup> নতুন করে কাবাঘর সংস্কারের উদ্যোগ নিয়েছে কুরাইশরা। সম্মানিত একাজ নিয়ে আরবের গোত্রসমূহের নিজেদের মাঝে যেন কোন রকম সমস্যার সৃষ্টি না হয়, সেজন্য নির্মাণকাজে প্রত্যেকের জন্য আলাদা আলাদা অংশ নির্ধারণ করা হয়। তবে কাবার ইমারত যখন হাজরে আসওয়াদ পর্যন্ত উঠলো তখনই বিপত্তি বাধলে রাসূল (সা.) উপস্থিত লোকদের একটি চাদর নিয়ে আসতে বলেন। চাদর নিয়ে আসা হলে তিনি তা মাটিতে বিছান এবং নিজ হাতে হাজরে আসওয়াদকে চাদরের মাঝখানে রাখেন। অতঃপর বিবাদমান গোত্রসমূহের নেতাদের উদ্দেশ্যে বলেন তারা যেন সেই চাদরের কিনারায় ধরে পাথরটি যথাস্থানে নিয়ে যান। রাসূলের (সা.) কথামতো গোত্রপতিরা তাই করলেন। অতঃপর রাসূল (সা.) নিজ হাতে পাথরটি নিলেন এবং যথাস্থানে স্থাপন করেন। এভাবেই রাসূল (সা.) সমাজ হতে বগড়া-বিবাদ দূরীভূত করে কল্যাণ বয়ে আনতেন। (আর রাহীকুল মাখতুম, পৃষ্ঠা. ৯৬)

২৫. বি স্মার্ট উইথ মুহাম্মাদ, ড. হিশাম আর-আওয়াদি, অনুবাদ : মাসুদ শরীফ (ঢাকা : গার্ডিয়ান পাবলিকেশন্স, বাংলা বাজার, ৪র্থ সং, ২২ নভেম্বর, ২০১৯ খ্রি.), পৃ. ৬০
২৬. আল-কুরআন, ৩০:৩৯
২৭. সুনানু তিরমিযী, হাদিস নং-৬৬৪
২৮. পবিত্র কুরআনের চিরন্তন বাণী-  
 يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِن كُنْتُمْ مُؤْمِنِينَ (২৭৮) فَإِن لَّمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَإِن تُبْتِغُوا فَتَكُمُ الرُّءُوسُ  
 وَأَمْوَالُكُمْ لَا تُطْلَمُونَ وَلَا تَكُونُونَ (২৭৯) “হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং যদি তোমরা প্রকৃত মুমিন হয়ে থাক, তাহলে তোমাদের যে সমস্ত সুদ কারো কাছে বকেয়া আছে তা ছেড়ে দাও। আর যদি তোমরা এটা না কর, তাহলে আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে যুদ্ধের ঘোষণা শুনে নাও। কিন্তু যদি তোমরা সুদ থেকে তাওবা কর, তাহলে তোমাদের মূল পুঁজি তোমাদের প্রাপ্য। তোমরাও কারো প্রতি যুলুম করবে না এবং তোমাদের প্রতিও যুলুম করা হবে না।” (সূরা বাকারা, আয়াত নং-২৭৮, ২৭৯)
২৯. আবুল হুসাইন মুসলিম ইবনুল হাজ্জাজ, সহীহুল মুসলিম, খণ্ড ৫ (বৈরুত : দারুল ফিকর, লেবানন, তা.বি), পৃ. ৫০
৩০. অবিচল কণ্ঠে তিনি ঘোষণা করেন, وربا الجاهلية موضوع، وأول ربا أضع ربانا ربا عباس بن عبد المطلب، فإنه موضوع كله-  
 “জাহিলিয়াতের যুগের সমস্ত সুদ বাতিল করা হলো। সবার আগে আমাদের গোত্রের আব্বাস ইবনে আব্দুল মুত্তালিবের সব সুদ আমিই রহিত করে দিলাম।” (আহমাদ ইবনুল হুসাইন আল-বায়হাকী, সুনানু বায়হাকীল কুবরা, খণ্ড ৫ (মক্কা : দারুল বাইয় প্রকাশনী, ১৪১৪ হি./১৯৯৪ খ্রি.), হাদিস নং-৮৬০৯)
৩১. সুদ : এক ভয়াবহ অভিশাপ, পরিত্রাণের উপায়, অধ্যাপক শাহ মুহাম্মদ হাবীবুর রহমান (ঢাকা : বাংলাদেশ ইসলামিক সেন্টার), পৃ. ২০
৩২. আল-কুরআন, ৫৯:০৯
৩৩. সীরাতে বিশ্বকোষ, খণ্ড ১১, পৃষ্ঠা. ২৬
৩৪. সহীহুল বুখারী, হাদিস নং- ২০৭২
৩৫. মেশকাত : ১৬৩
৩৬. ড. আহমাদ তুতুনজি, খুররম জাহ মুরাদ, লিডারশীপ এণ্ড স্যাট্রিসফাইস, অনুবাদ : আলী আহমাদ মাবরুর (ঢাকা : বিন্দু প্রকাশন, পুরানা পল্টন, ২য় প্রকাশ জুন, ২০২১), পৃ. ১১
৩৭. যাদুল মাআদ, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা ১২৮; সহীহুল মুসলিম, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা. ৯৬
৩৮. সহীহুল বুখারী, হাদিস নং-৬৩৫০
৩৯. রাসুলুল্লাহ (সা.) বলেন, الدنيا متاع، وخير متاع الدنيا المرأة الصالحة “দুনিয়া হলো উপভোগস্থল। আর দুনিয়ার নিয়ামতসমূহের মধ্যে সর্বোৎকৃষ্ট নেয়ামত হচ্ছে সং স্বভাবের স্ত্রী।” (সহীহুল মুসলিম, হাদিস নং-১৪৬৭)
৪০. আল-কুরআন, ০২:১৮৭
৪১. সুনানু তিরমিযী, হাদিস নং-১১৬২
৪২. সহীহুল বুখারী, হাদিস নং-৫৬২৬
- جاء رجل إلى رسول الله صلى الله عليه وسلم فقال يا رسول الله من أحق الناس بحسن صحابي؟ قال (أملك). قال ثم من؟ قال (ثم أبوك)  
 (ثم أملك). قال ثم من؟ قال (ثم أبوك)
৪৩. মুসনাদুশ শিহাব, ইমাম কুযায়ী রহ., হাদিস নং-১১৯
৪৪. সহীহুল বুখারী, হাদিস নং-২১৯৫
৪৫. সুনানু তিরমিযী, হাদিস নং-২৭৩৭-ويشهد إذا مات، ويشهد إذا دعاه، ويسلم علي- ২৭৩৭
৪৬. সহীহুল বুখারী, হাদিস নং- ৫৬৮৫; আধুনিক প্র- ৫২৭৪, ইসলামিক ফাউন্ডেশন- ৫১৭০
৪৭. সহীহুল মুসলিম, হাদিস নং-৩৯/৩১, হাঃ ২২৬৭; সহীহুল বুখারী, হাদিস নং- ৫৬৮৪; আধুনিক প্রকাশনী- ৫২৭৩; ইসলামিক ফাউন্ডেশন- ৫১৬৯
৪৮. সহীহুল বুখারী, হাদিস নং-৫৬৫০
৪৯. সুনানে তিরমিযী, হাদিস নং-৯৬৯
৫০. সূরাহ মায়েদা, আয়াত নং-৯০
৫১. সহীহুল বুখারী, হাদিস নং- ২২৯৪
৫২. সহীহুল বুখারী, হাদিস নং- ২৩৯৮
৫৩. আল-কুরআন, ০৪:১১৩
৫৪. আল-কুরআন, ৬২:০২

- 
৫৫. আদিল সালাহি, মুহাম্মাদ (সা.) দ্যা ম্যান এণ্ড প্রফেট, অনুবাদ : আলী আহমাদ মাবরুর (ঢাকা : বিন্দু প্রকাশন, ১ম প্রকাশ অক্টোবর, ২০২১ খ্রি.), পৃ. ১৩০
৫৬. সহীহুল বুখারী, হাদিস নং-২৪৪২, সহীহুল মুসলিম, হাদিস নং-২৫৮০
৫৭. সহীহুল বুখারী, হাদিস নং- ২৬২৫
৫৮. সহীহুল বুখারী, হাদিস নং- ৬০১৬, সহীহুল মুসলিম, হাদিস নং-৪৬
৫৯. সহীহুল বুখারী, হাদিস নং-৫৬৭২
৬০. রিয়াদুস সালাহিন : ৯০৪
৬১. আবু আব্দুল্লাহ মুহাম্মাদ ইবন ইসমাঈল, সহীহুল বুখারী, খণ্ড ৫ (বৈরুত : দারুল ইবন কাসীর, ইয়ামান, ৩য় সং, ১৪০৭ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ৫০৫৮ হাদিস নং- ৫৩৭৩, ৫৬৪৯;
৬২. সহীহুল বুখারী, হাদিস নং-১৪২৯
৬৩. সুনানু তিরমিযী, হাদিস নং-২৭৩৭
৬৪. আহমাদ ইবন হাম্বল, মুসনাদে আহমাদ , খণ্ড ১৪ (মুআস্সাতুর রিসালাহ, দ্বিতীয় সংস্করণ ১৪২০ হি./১৯৯৯ খ্রি.), হাদিস নং ৮৯২৬ -
৬৫. সুনানু তিরমিযী, হাদিস নং-১৯২৪; সুনানু আবু দাউদ: ৪৯৪১
৬৬. সুনানু আবু দাউদ: ৪৯৪৪; সুনানু নাসাঈ: ৪২১০
৬৭. সহীহুল মুসলিম, হাদিস নং-২৬৯৯; সুনানু তিরমিযী, হাদিস নং- ২৯৪৫
৬৮. সহীহুল মুসলিম, হাদিস নং-২৬৯৯; সুনানু তিরমিযী, হাদিস নং- ২৯৩০
৬৯. সহীহুল মুসলিম, হাদিস নং-৪৬
৭০. মিশকাত : ৪৯৯১
৭১. প্রাণ্ড
৭২. সহীহুল বুখারী, হাদিস নং-৫৩৫৩
৭৩. সহীহুল বুখারী, হাদিস নং-৫৩০৪
৭৪. সহীহুল বুখারী, হাদিস নং-১২,২৮; সহীহুল মুসলিম, হাদিস নং- ৪২
৭৫. সহীহুল বুখারী, হাদিস নং- ২৩৯২
৭৬. সহীহুল মুসলিম, হাদিস নং- ২৬৯৯; সুনানু তিরমিযী, হাদিস নং-১৪২৫

## বাংলাদেশের মানব উন্নয়নে উন্নয়ন নাট্যের বিভিন্ন ইস্যু: সমসাময়িক আর্থ- সামাজিক ও রাজনৈতিক বাস্তবতা (১৯৭৮-২০০৩)

### [Various Issues of The Development Theatre in the Human Development of Bangladesh: Contemporary Socio-economic and Political Realities (1978-2003)]

ড. এস. এম. ফারুক হোসাইন\*

**Abstract:** Performance or theatre is one of the cultural forms used by the non-governmental organizations of Bangladesh for the specific purpose of human development. To the NGOs, this genre is called popular theatre, mass drama, action theatre, or theatre for development. NGOs engaged in human development, no matter what they call this theatre genre, their overall theatre activities are conducted in the form of theatre for development approach. All these theatres are composed of important issues that hinder the human development existing in the society or the state. In the plays presented by the organizations and in their long period of theatre practice, many issues have been identified as obstacles to human development in different parts of the country. The issues are in line with the ideals, objectives, and goals of the program adopted by the selected organizations. However, different forms of issues are observed in different spaces and times. It is also universal. Reviewing the extent to which the issues presented to the target population through the theatre for development from 1978 to 2003 were relevant to contemporary socio-economic and political realities is considered to be the main objective of the eloquent article.

উন্নয়ন নাট্য কার্যক্রম পরিচালিত হয় মূলত মানব উন্নয়নের অভীষ্ট লক্ষ্যে। যেহেতু মানুষের সাথে গভীরভাবে প্রোথিত তার পরিবেশ, সমাজ, সংস্কৃতি, অর্থনীতি ও রাজনীতি সেহেতু মানব উন্নয়নের সাথে জাগতিক বিষয়গুলোর উন্নয়ন অঙ্গগতভাবে সম্পৃক্ত। তাই মানব উন্নয়নের লক্ষ্যে উন্নয়ন নাট্য ব্যক্তির শারীরিক, মানসিক, পরিবেশ, সংস্কৃতি, সমাজ এবং রাজনীতি সম্পর্কিত যে কোনো সমস্যাকে ইস্যু হিসেবে নির্দিষ্ট করে থাকে। তবে তা আঞ্চলিকতা এবং সার্বজনীনতার প্রতি গুরুত্ব সাপেক্ষে। যদিও রাষ্ট্রকর্তৃক স্বীকৃতি লাভের পরই যে কোনো সামাজিক ও রাষ্ট্রীয় সমস্যা ইস্যু হিসেবে বিবেচিত হয়।<sup>১</sup> কিন্তু বাংলাদেশ বা অনেক রাষ্ট্রের ক্ষেত্রেই ইস্যু নির্বাচনের প্রসঙ্গে ইস্যুর উক্ত বৈশিষ্ট্যটি যথাযথভাবে মেনে চলা হয় না। মাঠ পর্যবেক্ষণে লক্ষ করা গেছে উন্নয়ন কাজে নিয়োজিত সংস্থাসমূহ এবং দাতা সংস্থাগুলো মানব গবেষণা, মাঠ পর্যবেক্ষণ এবং বিভিন্ন মিডিয়ার মাধ্যমে প্রাপ্ত নানা সমস্যা, যা মানুষের স্বাভাবিক জীবনের জন্য হুমকি স্বরূপ বা শ্রমজীবী সাধারণ মানুষের ক্রমউন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টিতে ক্রিয়াশীল তাই ইস্যু হিসেবে নির্বাচিত করে থাকে। বিষয়টি সংস্থাগুলোর সাংগঠনিক দৃষ্টিভঙ্গি বা কর্ম পরিকল্পনার উদ্দেশ্য দ্বারা নিয়ন্ত্রিত। অনেক ক্ষেত্রে লক্ষণীয় দাতা সংস্থার শর্ত সাপেক্ষে এনজিওসমূহ তাদের উন্নয়ন নাট্যের ইস্যু নির্দিষ্ট করে থাকে। নাট্য নির্মাণের নিমিত্তে ইস্যুগুলো নির্দিষ্ট হয় কর্ম এলাকায় বিদ্যমান নানা সমস্যার আলোকে। ফলে সংস্থার অঞ্চলভেদে নানাবিধ ইস্যুর সমন্বয়ে তৈরি হয় উন্নয়ন নাট্যগুলো।

একটি উন্নয়ন নাট্যে মূলত একটি গুরুত্বপূর্ণ স্থানীয় ইস্যুকে উচ্চকিত করা হয়। তবে মূল ইস্যুর অনুষ্টি হিসেবে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ কয়েকটি ইস্যুর উপস্থাপনাও প্রত্যক্ষ করা যায়। এর ব্যতিক্রমও

\* প্রফেসর, নাট্যকলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

লক্ষণীয়। যেমন তিনটি মূল ইস্যুকে অবলম্বন করে একটি নাট্য কখনও তিন খণ্ডেও উপস্থাপিত হয়ে থাকে। সংস্থাসমূহ উন্নয়ন নাট্য কার্যক্রম শুরু থেকে ২০০৩ সাল পর্যন্ত মানব উন্নয়নের লক্ষ্যে অসংখ্য ইস্যুর নাট্যরূপ দর্শকসম্মুখে উপস্থাপন করেছে, যা লক্ষ করা গেছে মাঠপর্যায়ে বিভিন্ন উন্নয়ন নাট্য কার্যক্রম পর্যবেক্ষণে এবং সংস্থাকুলোর বিভিন্ন প্রামাণ্য পত্রে। তন্মধ্যে অধিক গুরুত্বপূর্ণ ইস্যুগুলো হচ্ছে- *সমসাময়িক গ্রামীণ দ্বন্দ্ব ও সংঘাত*; এক্ষেত্রে অন্যান্য ইস্যুগুলো হচ্ছে- *জাল দলিল, অবৈধভাবে খাসজমি দখল, শোষণ, মিথ্যা মামলা, গ্রামীণ মাতাব্বর ও টাউটদের চক্রান্ত, শ্রেণি-দ্বন্দ্ব, স্বার্থের টানে সম্পর্ক অস্বীকার, সমিতি গঠন, জনসংখ্যা বৃদ্ধি, তৃণমূল মানুষের পারস্পরিক বিচ্ছিন্নতা, ভূমিহীন, নারী নির্যাতন*; নারী নির্যাতনের পর্যায়ভুক্ত ইস্যুগুলো যৌতুক, পুরুষের বহুবিবাহ, হিন্দুবিবাহ, বাল্যবিবাহ, ফতোয়া, জোরপূর্বক বিয়ে, ধর্ষণ, শারীরিক ও মানসিক আঘাত, যৌন হয়রানি, ফুসলিয়ে শারীরিক সম্পর্ক স্থাপন, প্রতারণা, তালাক, দেনমোহর, অ্যাসিড নিষ্ক্ষেপ, মুক্তিযুদ্ধ; মুক্তিযুদ্ধ সংক্রান্ত অন্যান্য ইস্যুগুলো- যুদ্ধপরবর্তী বাংলাদেশে মুক্তিযোদ্ধাদের অবস্থা, রাজাকারদের পুনর্বাসন, মুক্তিযুদ্ধের আদর্শ ও মূল্যবোধের অবক্ষয়, মুক্তিযোদ্ধাদের দ্বিধা বিভক্ত, *দারিদ্র্য, দাদন ব্যবসা, ঐতিহ্য ও সংস্কৃতি চেতনা, রাজনৈতিক নেতাদের কপটতা, স্বৈরাচার, পরিবেশ*; পরিবেশ সংক্রান্ত ইস্যুর মধ্যে অন্যান্য ইস্যুগুলো- বৃক্ষনিধন, বায়ু দূষণ, পানি দূষণ, শব্দ দূষণ, কলকারখানার বর্জ্য, কালো ধোয়া, পলিথিন, *বুর্জোয়া আত্মসন, সামাজিক মূল্যবোধের পরিবর্তন, শিক্ষা*; শিক্ষার ক্ষেত্রে লক্ষ করা যায়- *বয়স্ক শিক্ষা ও উপ-আনুষ্ঠানিক শিশু শিক্ষা, স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব*; নিরাপদ মাতৃত্ব বিভাজিত হয়েছে- *গর্ভবতীর পরিচর্যা, ঝুঁকিপূর্ণ গর্ভপাত, জ্রণহত্যা, ঝুঁকিপূর্ণ অবস্থায় সন্তান প্রসব, শিশুশ্রম, শিশু নির্যাতন, পাচার*; পাচারের ক্ষেত্রে লক্ষ করা যায়- *নারী পাচার ও শিশু পাচার, সাম্প্রদায়িকতা, দ্রব্যমূল্য বৃদ্ধি, দুর্নীতি, হিনতাই, চাঁদাবাজি, সন্ত্রাস, মাদকাসক্তি, ভোটার এডুকেশন, বৈষম্য*; বৈষম্যের ক্ষেত্রে অন্যান্য ইস্যুগুলো- *লিঙ্গ বৈষম্য, অবস্থানগত বৈষম্য, সামাজিক বৈষম্য, রেজিস্ট্রেশন বিহীন বিয়ে, প্রাকৃতিক দুর্যোগ*; প্রাকৃতিক দুর্যোগে বিদ্যমান অন্যান্য ইস্যুগুলো-*ভূমিকম্প, নদীভাঙন, জলোচ্ছ্বাস, ভূমিধ্বস, এইডস, নারীর ক্ষমতায়ন এবং স্থানীয় প্রশাসন*।

বক্ষ্যমাণ প্রবন্ধের পরবর্তী আলোচনা সমসাময়িক আর্থ-সামাজিক ও রাজনৈতিক বাস্তবতার প্রেক্ষিতে উল্লিখিত ইস্যুগুলো নির্দিষ্ট করণের যৌক্তিকতা অর্থাৎ তৎকালীন সমাজ বাস্তবতার প্রেক্ষিতে নির্বাচিত ইস্যুগুলো তাৎপর্য এবং ইস্যুগুলোর সাহায্যে সংস্থাসমূহ কর্তৃক নির্মিত নাট্যসমূহের উদাহরণ প্রদান।

বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা ৮০ ভাগ লোক বাস করে গ্রামে।<sup>২</sup> আশির দশকের দিকে এ পরিসংখ্যান ছিল আরও অধিক। দেশে বসবাসকারী জনসংখ্যার এ বৃহৎ অংশটির মূল জীবিকা নির্ভরশীল কৃষিকাজের উপর। ষাটের দশক থেকে আশির দশকের মধ্যে বিভিন্ন সময়ে গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে বা গ্রামাঞ্চলে বসবাসরত সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত হয়েছে কয়েকটি ভূমিসংস্কার আইন, গঠন করা হয়েছে ভূমিহীনদের সমবায় সমিতি।<sup>৩</sup> সরকার কর্তৃক গৃহীত এ পদক্ষেপের ফলে গ্রামাঞ্চলে তৈরি হয়েছে একদল মধ্যস্বত্বভোগী, উঠতি ধনী ও মাঝারি ধনী কৃষক শ্রেণি। পঞ্চাশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক শ্রেণি ক্রমাগত হারে পরিণত হয়েছে ভূমিহীনে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় ১৯৬০ সালের কৃষি শুমারি অনুযায়ী এ দেশে ভূমিহীনের সংখ্যা ছিল মোট জনসংখ্যার শতকরা ১৭.৫২ ভাগ, আশি দশকের প্রান্তে এসে দেশে ভূমিহীনদের সংখ্যা দাঁড়াল শতকরা ৫০ ভাগ এর কাছাকাছি।<sup>৪</sup>

সমাজ গবেষকগণ ভূমিহীনদের সংখ্যাবৃদ্ধির উল্লেখযোগ্য কারণ হিসেবে উল্লেখ করেন, উত্তরাধিকার আইন, জনসংখ্যা বৃদ্ধি, প্রাকৃতিক দুর্যোগ এবং দুর্বল অর্থনৈতিক ভিত্তিকে।<sup>৫</sup> উল্লিখিত কারণগুলো ছাড়াও গ্রামীণ সমাজে প্রচ্ছন্নভাবে ক্রিয়াশীল ছিল আরও সুনির্দিষ্ট কতগুলো কারণ। যেমন গ্রামীণ মধ্যস্বত্বভোগী টাউট এবং মাতব্বর শ্রেণির উঠতি মাঝারি ধনী ব্যক্তিদের চক্রান্তে জাল দলিল তৈরি, জোরপূর্বক জমি দখল ও খাসজমি দখল, মিথ্যা মামলায় জড়ানো, দাদন ব্যবসা ও টাকা ধার দেয়ার নামে সাদা স্ট্যাম্পে টিপ নেয়া, পরবর্তীতে

যা জমির দলিল হিসেবে প্রকাশ পেত প্রভৃতি। উল্লিখিত কারণগুলোর দ্বারা গ্রামীণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকশ্রেণির অনেকে যেমন ভূমিহীনে পরিণত হয়েছে অন্যদিকে সৃষ্টি হয়েছে নানা গ্রামীণ দ্বন্দ্ব ও সংঘাত। প্রসঙ্গত উল্লেখ্য যে, গ্রামীণ সমাজে সৃষ্টি দ্বন্দ্ব-সংঘাতগুলোর মূলে সমাজে বিদ্যমান শ্রেণি-দ্বন্দ্বও অনেকটা ক্রিয়াশীল। আমাদের সামাজিক কাঠামোতে শ্রেণিগুলো এখন পর্যন্ত বিদ্যমান ধনী-গরিব, শিক্ষিত, অশিক্ষিত, বংশমর্যাদা এবং পদমর্যাদার ভিত্তিতে।<sup>১</sup> শুধু বাংলাদেশ নয় বিশ্বের অধিকাংশ দেশের সমাজ বাস্তবতার নিরিখে বলা যায় অপেক্ষাকৃত নিম্ন শ্রেণির মানুষ সব সময় শোষণ, নিপীড়ন ও নির্যাতনের শিকার হয়েছে উচ্চ শ্রেণি কর্তৃক। এ ক্ষেত্রে নিম্নশ্রেণির মানুষের পারস্পরিক বিচ্ছিন্নতা; উচ্চ শ্রেণির মানুষের শোষণ, নিপীড়ন ও নির্যাতনের হাতকে আরও সম্প্রসারিত করেছে অধিক হারে। মানব উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত সংস্থা ও সংগঠনগুলো এসব নির্যাতিত ও শোষিত নিম্নশ্রেণির মানুষের সংঘবদ্ধতার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করেছে তাদের কর্মসূচি প্রণয়নের প্রথম দিক থেকেই। ফলে সংঘবদ্ধতার মাধ্যমে শোষণ ও নিপীড়নের বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তোলার অভিপ্রায়ে সমিতি গঠন এবং একতাবদ্ধতার বিষয়টি উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্দিষ্ট করেছে উন্নয়ন নাট্য নিয়ে কর্মরত প্রতিটি সংস্থা। অর্থাৎ নিয়তি নির্ভর মানুষকে কর্মের প্রতি আত্মবিশ্বাস স্থাপনের মাধ্যমে সামাজিক মূল্যবোধ পরিবর্তনের প্রয়াস নেয়া হয়েছে।

উল্লিখিত সামাজিক সমস্যাগুলোকে ইস্যু হিসেবে নির্দিষ্ট করে উন্নয়ন নাট্য নিয়ে কর্মরত সংস্থাসমূহ তাদের বিভিন্ন কর্মএলাকায় অনেক নাট্যনির্মাণ করেছে। তন্মধ্যে গবেষণার অন্তর্ভুক্ত নির্বাচিত নাট্যসমূহের নাম উল্লেখ করা হলো-

প্রশিকার গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ; *কিয়ামুদ্দি কেন গরীব* (১৯৭৮), *গরীবের উপর অত্যাচার* (১৯৭৮), *চশমা* (১৯৭৯), *গরীবের সংগ্রাম* (১৯৮০), *ফতোয়া* (১৯৮৮), *ভুলের মাসুল* (১৯৯৩), *আরডিআরএস বাংলাদেশ-এর গণনাটক বিভাগ নির্মিত নাট্যসমূহ; খাসজমি* (২০০১), *আমরা ঝগড়া চাই না* (২০০৩), *লোসাউক* নির্মিত নাট্য; *দুই বিঘা জমি* (২০০১), *বিটা* নির্মিত নাট্য; *কান্দে জলদাশ* (১৯৯৭), *ব্র্যাক-এর পপুলার থিয়েটার ইউনিট* নির্মিত নাট্য; *জমি বেদখল* (১৯৯৮)।

বাংলাদেশে নারী ও পুরুষের অনুপাত প্রায় সমান সমান। অর্থাৎ ১০০ জন নারীর অনুপাতে পুরুষের সংখ্যা ১০৬ জন। অন্যত্র ২০০১ সালের নারী-পুরুষের এক জরিপে লক্ষ করা যায় মোট জনসংখ্যার নারী হচ্ছে শতকরা ৪৯ ভাগ এবং পুরুষ হচ্ছে শতকরা ৫১ ভাগ।<sup>১</sup> আমাদের পুরুষ-শাসিত সমাজ ব্যবস্থায় জনসংখ্যার এ বৃহৎ অংশ নারী, পুরুষ কর্তৃক প্রতিনিয়তই নির্যাতনের শিকার হচ্ছে বিভিন্ন পন্থায়, বিভিন্ন মাধ্যমে। যেমন যৌতুক, বহুবিবাহ, হিলাবিবাহ, বাল্যবিবাহ, জোরপূর্বক বিবাহ, ফতোয়া, ধর্ষণ, যৌন হয়রানি, ফুসলিয়ে শারীরিক সম্পর্ক স্থাপন, প্রতারণা, তালাক, দেনমোহর, শারীরিক ও মানসিক নির্যাতন এবং অ্যাসিড নিক্ষেপ প্রভৃতি। বিচরণ ক্ষেত্রের সর্বত্রই নারীরা নির্যাতিত হলেও গৃহভাঙরে বা আপন গৃহে নারী নির্যাতনের ঘটনা ঘটে সর্বাধিক। এ ক্ষেত্রে এক পরিসংখ্যানে লক্ষ করা যায় শতকরা ৬৩ ভাগ নারী নির্যাতিত হয় গৃহে, ১৮ ভাগ অন্যের বাড়িতে, ১৫ ভাগ জন সম্মুখে এবং ৪ ভাগ নির্যাতিত হয় কর্মক্ষেত্রে।<sup>২</sup>

যৌতুক প্রথা নারী নির্যাতনের অন্যতম একটি কারণ। কন্যাদায়গ্রস্ত পিতা কন্যাকে পাত্রস্থ করার নিমিত্তে ছেলে পক্ষের দাবি অনুযায়ী মোটা অঙ্কের যৌতুক প্রদানে সম্মত হন। আর্থিক অসংগতির কারণে তা পরিশোধ করতে না পারলে কন্যার উপর নেমে আসে অমানুষিক নির্যাতন। যা শেষ পর্যন্ত তালাক, আত্মহত্যা এবং হত্যার মতো ঘটনায় পর্যবসিত হয়। উদাহরণ হিসেবে উল্লেখ করা যায়-যৌতুক আনার জন্য বাবার বাড়ি না যাওয়ার অপরাধে নারায়ণগঞ্জ শহরের এক স্বামী তার স্ত্রীর গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয়। এমন ঘটনা পত্রিকার পাতায় প্রায়শই লক্ষণীয়। ২০০০ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত মাত্র নয় মাসে যৌতুকের কারণে খুন হয়েছে ৪৫ জন নারী।<sup>৩</sup> অন্যত্র ২০০২ সালে

যৌতুকের দাবিতে নির্যাতনের ঘটনা ঘটেছে ৩৫৮ টি।<sup>১০</sup> বহুবিবাহ, হিলাবিবাহ এবং জোরপূর্বক বিবাহের ক্ষেত্রেও নারীকে সহ্য করতে হয় শারীরিক ও মানসিক নির্যাতন।

সাধারণত গ্রামের গরিব অসহায় নারীরাই ফতোয়াবাজির শিকার হয় অধিক। গ্রামের প্রভাবশালী মাতব্বরগণ ইমামের মাধ্যমে নারীদের অনৈতিক বা সতীত্বের ধারণার পরিপন্থী কোনো কাজের শাস্তি স্বরূপ ফতোয়া জারি করে থাকেন। এ ক্ষেত্রে শাস্তি হিসেবে নির্ধারিত হয় একঘরে করা, মাথা ন্যাড়া করা, প্রকাশ্যে জুতা পেটা, দোররা মারা এবং মাটিতে শরীরের অর্ধাংশ পুতে পাথর নিক্ষেপ করার মতো অমানবিক নির্যাতন। সংবাদ পত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী ১৯৯৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত ফতোয়ার মাধ্যমে নারী নির্যাতনের ঘটনা ঘটেছিল, ১৯৯৭ সালে-২৮টি, ১৯৯৮ সালে ২৮টি, ১৯৯৯ সালে ২৬টি, ২০০০ সালে ৩১টি, ২০০১ সালে ৩৪টি এবং ২০০২ সালে ৩২টি।<sup>১১</sup> বাস্তবে এই সংখ্যা আরও অধিক হওয়াটাই স্বাভাবিক।

প্রাত্যাহিক পত্রিকার পাতায় লক্ষ করা যায় ধর্ষণ নামক বর্বরতর ঘটনা। কোনোরূপ বলপ্রয়োগ, প্রতারণা বা ফাঁকির আশ্রয়ে শারীরিক মিলনই ধর্ষণের পর্যায়ভুক্ত। সর্বক্ষেত্রে, যে কোনো সময়ে, যে কোনো বয়সের নারীর ধর্ষণের শিকার হয়ে থাকে। প্রচার মাধ্যমের প্রতিবেদন থেকে জানা যায়-

২০০১ সালে দেশের বিভিন্ন স্থানে ধর্ষণের ঘটনা ঘটেছে ৭৭৮টি, যা ২০০২ সালে এসে সংঘটিত হয়েছে ১৪৪২ টিতে। ২০০২ সালের ১৪৪২ জন ধর্ষিতার মধ্যে মৃত্যুবরণ করেছে ১৪৯ জন নারী। উল্লেখ্য যে ২০০২ সালে পুলিশ সম্পৃক্ত ছিল ১৮ টি ধর্ষণের সাথে।<sup>১২</sup>

পত্রিকার সংবাদে লক্ষ করা যায় নরসিংদীতে ধর্ষণের চেষ্টায় ব্যর্থ হয়ে দুর্বৃত্তরা আঙুনে পুড়িয়ে হত্যা করেছে এক মেয়েকে।<sup>১৩</sup> মেয়েরা প্রতিনিয়তই বিরজিকর যৌন হয়রানির শিকার হয় আত্মীয়, স্বজন, সহপাঠী, সহকর্মী এবং পথচারীদের দ্বারা। ফুসলিয়ে শারীরিক সম্পর্ক স্থাপনের মাধ্যমে অনেক মেয়েকে চলে যেতে হয় নষ্ট পথে অথবা গ্রহণ করতে হয় অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ, যা মৃত্যুর পথকে পর্যন্ত নিশ্চিত করে থাকে। সাধারণত পুরুষের বহুবিবাহ, নারীর বন্দ্যাত্ত, পরপর কন্যা সন্তানের জন্ম এবং যৌতুকের কারণে নারীর তালাক প্রাপ্ত হয়ে থাকে। তালাক একজন নারীকে সামাজিক ও পারিবারিকভাবে যথেষ্ট হেয় প্রতিপন্ন করে। সাধারণত বিবাহ কিংবা যৌন প্রস্তুতাবে অস্বীকৃতি, পারিবারিক ও জমি সংক্রান্ত বিরোধ এবং যৌতুক দেয়ায় অস্বীকৃতির কারণে অ্যাসিড নিক্ষেপের ঘটনা সংঘটিত হয়। অ্যাসিড নিক্ষেপের ফলে ভিকটিমের শারীরিক বিকলাঙ্গ, শারীরিক অক্ষমতা, এমনকি মৃত্যু পর্যন্ত ঘটতে পারে। সংবাদ পত্রের প্রতিবেদনে লক্ষ করা যায় ২০০২ সালে অ্যাসিড নিক্ষেপের শিকার হয়েছে ২৬২ জন নারী।<sup>১৪</sup> এ ক্ষেত্রে উল্লেখ্য পিরোজপুরের রাহিমা অ্যাসিড দন্ধ হয়েছিল তার আপন বোন জামাই কর্তৃক। নারী নির্যাতন বিষয়টি সর্বস্তরের মানুষ এবং সরকার কর্তৃক স্বীকৃত একটি সামাজিক সমস্যা। আলোচনায় উল্লিখিত নারী নির্যাতনের বিভিন্ন ক্ষেত্রগুলো ইস্যু হিসেবে নির্দিষ্ট পূর্বক সংস্থাগুলো যে সকল নাট্যনির্মাণ করেছে তন্মধ্যে উল্লেখ্যযোগ্য নাটকগুলোর নাম প্রদত্ত হলো-

প্রশিকার গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ: নারীর অধিকার (১৯৮১), অধিকার (১৯৮১), নির্যাতন (১৯৮২), কমলার মৃত্যু (১৯৮৫), যৌতুক (১৯৮৬), জুলেখার সংসার (১৯৯১), কৈতরীর সংসার (১৯৯২), হায়েনার ছোবল (১৯৯৮)। আরডিআরএস বাংলাদেশ-এর গণনাটক বিভাগ নির্মিত নাট্যসমূহ: দুলালী (১৯৯৪), আজি আমরা ভুল পথে (১৯৯৪), পিশাচ (১৯৯৫)। রূপান্তর নির্মিত নাট্যসমূহ: অহল্ল্যা (১৯৯৬), জননী আমার (১৯৯৮), বরা বকুল (১৯৯৯), লজ্জা (২০০৩)। উৎস নির্মিত নাট্য: একজন রহিমা (২০০১)। ব্র্যাক-এর পপুলার থিয়েটার ইউনিট নির্মিত নাট্যসমূহ: হাসেম কেন পাগল (১৯৯৯), ফরিদার কষ্ট (২০০০), ঠিকানা কোথায় (২০০১), কি পেলাম (২০০২), ফুল মতিদের কথা (২০০৩), আর্তনাদ (২০০৩)। আইন ও সালিশ কেন্দ্র-এর এ্যাকশন থিয়েটার বিভাগ নির্মিত নাট্যসমূহ: অসহায় রহিমা

(১৯৯৮), *নির্যাতন* (১৯৯৮), *ভগ্নমাই* (১৯৯৯), *পরিণতি* (২০০০), *মহয়ার কথা* (২০০১), *গুড্ডি* (২০০২), *এখন কি হবে* (২০০৩)।

মুক্তিযুদ্ধ বাংলাদেশের একটি গৌরবময় অধ্যায়। স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং অর্থনৈতিক স্বয়ংসম্পূর্ণতার মধ্য দিয়ে শোষণ, দুর্নীতিমুক্ত একটি সুশীল সমাজ ব্যবস্থা তথা দেশ গড়ার প্রত্যয় নিয়ে দেশের সকল স্তরের জনগণ অবতীর্ণ হয়েছিলেন মুক্তিযুদ্ধে। ৩০ লক্ষ শহীদ এবং ২ লক্ষ মা-বোনের সম্মুখে বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। কিন্তু স্বাধীনতা পরবর্তী বাংলাদেশ মুক্তিযুদ্ধের আদর্শ বিভ্রান্ত, স্বার্থপর, দুর্নীতিবাজ, ঘোষণার, মুনাফালোভীদের চক্রান্তে। ফলে সর্বত্রই লক্ষণীয় আদর্শহীনতা, অস্থিরতা, দেশ-প্রেম বর্জিত অমানবিকতা। স্বাধীনতা বিরোধী শক্তির পুনরুত্থান চূড়ান্ত করেছে প্রকৃত মুক্তিযোদ্ধাদের নিঃস্বরণ প্রক্রিয়া, দ্রুততর নিশ্চিত করেছে আমাদের মানবিক ও সামাজিক মূল্যবোধের অবক্ষয়। এ কারণে মুক্তিযুদ্ধের স্বপ্ন এবং প্রত্যাশা প্রাপ্তির বিপরীত বিন্দুতে ক্রমধাবমান। মুক্তিযুদ্ধের চেতনায় সাধারণ মানুষকে উজ্জীবিত করার অভিপ্রায়ে মুক্তিযুদ্ধ বিষয়টিকে ইস্যু হিসেবে নির্দিষ্ট করে বেশ কিছু উন্নয়ন নাট্য নির্মাণ হতে দেখা যায়।

গবেষণায় অন্তর্ভুক্ত সংস্থাসমূহ মুক্তিযুদ্ধ ও যুদ্ধপরবর্তী দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি, মুক্তিযোদ্ধাদের অবস্থা, বীরাদনা প্রসঙ্গ এবং মুক্তিযুদ্ধ বিরোধী শক্তির পুনরুত্থান কে ইস্যু রূপে নির্ধারণ করে যে সমস্ত উন্নয়ন নাট্য নির্মাণ করেছে তার মধ্যে নির্বাচিত নাট্যগুলো হচ্ছে- *প্রশিকার* গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ: *বিজয় দিবস* (১৯৮২), *ডাক দিয়ে যাই* (১৯৯৩), *স্বপ্ন* (১৯৯৬), *মনে পড়ে '৭১* (১৯৯৯), *গরীবের প্রতিবাদ* (২০০৩), *বিটা* নির্মিত নাট্য; *সুনীলের স্বপ্ন* (১৯৯৮)।

বাংলাদেশ তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল দরিদ্র দেশ। ১৯৯৯ সালের এক জরিপে লক্ষ করা যায় দারিদ্রসীমার নীচে বসবাসরত জনসংখ্যার হার শতকরা ৪৪.৭ ভাগ। ১৯৯৬ সালে এ হার ছিল শতকরা ৪৭ ভাগ।<sup>১৫</sup> অপর এক পরিসংখ্যানে লক্ষণীয় বাংলাদেশের পল্লি অঞ্চলে ৮ কোটি ৯০ লক্ষ লোকের মধ্যে দরিদ্র লোকের সংখ্যা প্রায় ৪ কোটি ৫০ লাখ। এর মধ্যে চরম দারিদ্রসীমার নীচে বসবাস করে প্রায় ২ কোটি লোক।<sup>১৬</sup> এর সাথে সম্পৃক্ত হবে ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাওয়া শহরের দরিদ্র শ্রেণি। অর্থনীতিবিদগণ দারিদ্রের এরূপ অবস্থার প্রধান কারণ হিসেবে উল্লেখ করেন, অসমভূমি মালিকানা, শহর ও পল্লি অঞ্চলে অসম আয় বন্টন, কর্মসংস্থানের অভাব এবং অর্থনৈতিক প্রবৃত্তির নিম্ন হারকে।<sup>১৭</sup> উল্লিখিত কারণগুলো ছাড়াও দারিদ্রতার অন্যান্য কারণ হিসেবে উল্লেখ করা যায়, গ্রামীণ ও শহরের নিম্ন শ্রেণির মানুষের উৎপাদিত এবং আহরিত পণ্যের ন্যায্য মূল্যের অভাব, কর্মসংস্থান ক্ষেত্রের পর্যায়ক্রমিক সংকোচন, মধ্যস্বত্বভোগীদের আধিপত্য, আধুনিক যন্ত্রসম্পত্তার নেতিবাচক প্রভাব প্রভৃতি।

*দারিদ্র*-কে সরাসরি ইস্যু হিসেবে নির্দিষ্ট করে উন্নয়ন নাট্য নির্মাণ হতে দেখা যায় বিভিন্ন সংস্থার উন্নয়ন নাট্য কার্যক্রমে। এ প্রসঙ্গে বেসরকারি সংস্থা *বিটার* নাম উল্লেখ্য। প্রসঙ্গত উল্লেখ্য যে *দারিদ্রকে* উন্নয়ন নাট্য নির্মাণের ক্ষেত্রে প্রত্যেকটি সংস্থা গুরুত্বের সাথে বিবেচনা করেছে। কিন্তু তারা উন্নয়ন নাট্য নির্মাণের ক্ষেত্রে দারিদ্রকে সরাসরি ইস্যু হিসেবে নির্দিষ্ট না করে দারিদ্র্য সৃষ্টির কারণগুলোকে চিহ্নিত করেছে উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে। *বিটা* কয়েকটি উন্নয়ন নাট্য নির্মাণে দারিদ্রকে সরাসরি ইস্যু হিসেবে নির্দিষ্ট করে পতেঙ্গা, রাঙ্গুনিয়ায় ও পটিয়ার জেলে সম্প্রদায়কে উপস্থাপন করেছে তাদের ঐ কর্ম-এলাকায়। *বিটা* নির্মিত নাট্যসমূহ- *জলদাশের কিছা* (১৯৯৬), *চান খালির তীরে* (১৯৯৬), *কান্দে জলদাশ* (১৯৯৭), *আমাদের কথা* (১৯৯৯)।

গ্রামীণ সমাজ ব্যবস্থায় প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের নিঃস্বকরণ প্রক্রিয়ায় দাদন ব্যবসার ভূমিকাকে গুরুত্বের সাথেই উল্লেখ করতে হয়। প্রয়োজনের তাগিদে ক্ষুদ্র আয়ের মানুষরা দাদন ব্যবসায়ী বা মহাজনি খণ্ডের দ্বারস্থ হলেও গ্রামের সর্বস্তরের মানুষ এ পেশাকে কখনওই সুনজরে দেখেনি। কারণ দাদন ব্যবসার চক্রে



আবদ্ধ হয়ে বাংলাদেশের অনেক সাধারণ মানুষ হারিয়েছে আবাদি জমি, হালের বলদ, দুধেল গাভী, স্ত্রীর জন্য গড়া সুখের গহনা এমন কি থাকার ঘরখানিও। অমানবিক আচরণের জন্য দাদন ব্যবসায়ী বা মহাজনরা গ্রামের মানুষের কাছে ঘনিত হয়েছে সুদখোর উপাধিতে।

পারিবারিক কলহ পারিবারিক শান্তি বিনষ্টের অন্যতম নিয়ামক। আবার পারিবারিক অশান্তি মানুষের যে কোনো ভুল সিদ্ধান্ত গ্রহণে কার্যকর ভূমিকা রাখে। যার ফলে ব্যবহৃত হয় উপার্জন ও উৎপাদন ব্যবস্থা। মনোবিজ্ঞানীদের মতে পারিবারিক কলহ শিশুর মানুসিক বিকাশে যথেষ্ট নেতিবাচক প্রভাব ফেলে থাকে। সমীক্ষায় দেখা যায় সাধারণত পরিবারের সদস্যদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধাবোধ ও বিশ্বাসের অভাব, অর্থনৈতিক সংকট, বহুবিবাহ এবং সমাজের কিছু কুচক্রী লোকের প্রভাবে সৃষ্টি হয় পারিবারিক কলহ। দাদন ব্যবসা এবং পারিবারিক কলহ সংক্রান্ত কোনো জটিল অবস্থা গ্রামীণ সালিশ এবং কোর্ট মামলায় পর্যন্ত গড়ায়।

গ্রামীণ সালিশকে বলা যেতে পারে গ্রামীণ আদালত বা কোর্ট। গ্রামের মানুষের যে কোনো বিভেদ দ্বন্দ্ব বা অপরাধকে নিয়ে বিচার বসে গ্রামের সর্বস্তরের মানুষের উপস্থিতিতে। বিচারে সকলের উপস্থিতির ক্ষেত্রে কোনো রূপ নিষেধাজ্ঞা না থাকলেও বিচারের রায় সম্পূর্ণরূপে নিয়ন্ত্রিত প্রভাবশালী মাতব্বরদের হাতে। এই মাতব্বর শ্রেণি প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে অর্থ, ব্যক্তি, বংশ মর্যাদা বা ব্যক্তিগত ঈর্ষা দ্বারা প্রভাবিত হয়ে থাকেন। ফলে বিচারের রায় অনেক ক্ষেত্রে চলে যায় অপরাধীরে পক্ষে। অথবা অপরাধের চেয়ে শাস্তির পরিমাণ অধিক হারে নেমে আসে অসহায় মানুষের উপর। অপরাধীর বিরুদ্ধে বিচার চেয়ে, অথবা অল্প অপরাধে কঠিন দণ্ড ভোগ করে থাকে সাধারণত গ্রামের পেশি শক্তিতে দুর্বল এবং অর্থনৈতিকভাবে নিম্ন আয়ের অসহায় ছিন্নমূল মানুষেরা। কখনও কখনও পেশি শক্তিতে দুর্বল গ্রামের মধ্যবিত্ত ধনী শ্রেণিরাও এ বে-আইনি সালিশের শিকার হয়ে থাকেন। বিচারের রায়ে নির্ধারিত হয় শারীরিক শাস্তি অথবা জরিমানা অথবা উভয়ই। দণ্ডে নির্ধারিত জরিমানা তাৎক্ষণিকভাবে পরিশোধ করতে হয় নগদ অর্থে। অথবা তাৎক্ষণিকভাবে অর্থ প্রদানে অসমর্থ হলে দিতে হয় অর্থের সমপরিমাণ ঘরের টিনের চাল, হালের গরু, খাবারের জন্য সঞ্চিত ধান অথবা আবাদি জমি। মসজিদ, মাদ্রাসা, অথবা সামাজিক উন্নয়নের কথা বলে এ টাকা গ্রহণ করা হলেও প্রকৃত পক্ষে মাতব্বর শ্রেণির মধ্যে ভাগাভাগি হয় টাকার পুরো অংশ।

আলোচনায় উল্লিখিত বিষয়গুলো উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্ধারণ করেছে কয়েকটি উন্নয়ন সংস্থার নাট্য নির্মাণে। ইস্যুগুলোর সমন্বয়ে নির্মিত নাট্যসমূহ-

প্রশিকার গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাটকসমূহ: *গরীব কেন ঠকে* (১৯৭১), *চশমা* (১৯৭৯), *বর্তমান সমাজ* (১৯৮০), *ভুলের মাসুল* (১৯৯৩)। *আরডিআরএস বাংলাদেশ*-এর গণনাটক বিভাগ নির্মিত নাট্য; *হামরা ঝগড়া চাই না* (২০০৩)। *বিটা* নির্মিত নাট্য; *দইজ্জার পুত* (১৯৯৫)। *আইন ও সালিশ কেন্দ্র*-এর এ্যাকশন থিয়েটার নির্মিত নাট্যসমূহ: *গুড্ডি* (২০০২), *চক্র* (২০০৩)।

উৎপাদন এবং শ্রমের সম্পর্কটি পরস্পর পরস্পরের পরিপূরক। কারণ উৎপাদনের মূল চালিকা শক্তি সংশ্লিষ্ট কাজে নিয়োজিত শ্রমিকরাই। আমাদের সমাজ বাস্তবতায় সর্বক্ষেত্রে মালিকের ইচ্ছার উপর শ্রম মজুরির হ্রাস-বৃদ্ধির বিষয়টি নির্ভরশীল। কারণ এদেশে সরকার কর্তৃক নির্ধারিত শ্রম আইন থাকলেও তার যথাযথ বাস্তব প্রয়োগের ব্যবস্থা নেই। খেত মজুর বা কৃষি শ্রমিক এবং অধিকাংশ বেসরকারি শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের কোনো ধরনের কার্যকর সংগঠন বা ইউনিয়ন না থাকায় মালিকের সাথে মজুরি বৃদ্ধির দরকষাকষিতে তারা অবতীর্ণ হতে পারে না। ফলে শ্রম নির্ভর মানুষগুলো বেঁচে থাকার তাগিদে মালিক কর্তৃক নির্ধারিত মজুরির বিনিময়েই তাদের শ্রমশক্তি বিক্রি করে থাকে। বঞ্চিত হয় তাদের *ন্যায় মজুরি* থেকে। গবেষকদের মতে কৃষি শ্রমিক এবং শহুরে শিল্প ও অশিল্প শ্রমিক মোট শ্রমশক্তির শতকরা ৯০ ভাগ<sup>১৮</sup> বলা যায় দেশের মোট শ্রমশক্তির শতকরা ৯০ ভাগ তাদের ন্যায় মজুরি থেকে বঞ্চিত।

প্রাপ্ত তথ্য মতে বেসরকারি সংস্থাগুলোর আওতায় রয়েছে বাংলাদেশের শতকরা ৭৮ ভাগ গ্রাম। যার সাথে প্রত্যক্ষ-পরোক্ষভাবে সম্পৃক্ত ২ কোটি ৪০ লাখ লোক।<sup>১৯</sup> বাংলাদেশে ১৬৭১ টি এনজিওর অধিকাংশই অন্যান্য প্রকল্পে সাথে ক্ষুদ্রঋণ প্রকল্পটিকে একটি লাভজনক প্রকল্প হিসেবে পরিচালনা করে।<sup>২০</sup> সত্তর দশকের শেষার্ধ্বে বিভিন্ন সংস্থার মাধ্যমে এ কার্যক্রমটি শুরু হয়। অর্থনীতিবিদদের মতে বাংলাদেশসহ বিভিন্ন দেশে দারিদ্র্য দূরীকরণে এ কার্যক্রমটি উল্লেখযোগ্য অর্থনৈতিক হাতিয়ার হিসেবে স্বীকৃত। সংস্থাগুলো বিভিন্ন সমিতি গঠনের মাধ্যমে ভূমিহীন ও প্রান্তিক চাষীদের পরিবারে বিশেষ করে মহিলাদের মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ করে থাকে। *নায্য মজুরি* আদায়ের লক্ষ্যে শ্রমিকদের ঐক্যবদ্ধতার বিষয়টি এবং ক্ষুদ্রঋণ গ্রহণে উৎসাহী ও গৃহীত ঋণের সুষ্ঠু ব্যবহার এবং ঋণ গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী বা জীবনযাত্রার মান উন্নয়নের বিষয়টিকে ইস্যু হিসেবে গ্রহণ করেছে সংস্থাগুলো।

উল্লিখিত ইস্যু দুটো অবলম্বনে নির্মিত নাট্যগুলো- *প্রশিকার* গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ; *নির্যাতন* (১৯৮২), *তারা মিয়ার সংসার* (১৯৮৩), *যৌতুক* (১৯৮৬), *জুলেখার সংসার* (১৯৯১), *বৃক্ষ আমার জীবন* (১৯৯২), *ন্যায্য পাওনা* (১৯৯৪)। উৎস নির্মিত নাট্য: *অবরোধ* (১৯৯৮)।

বর্তমান সময়ের তুলনায় পূর্ববর্তী সময়ে গ্রামাঞ্চলের সাধারণ জনগোষ্ঠী মানসিক দিক থেকে অনেকটা ধর্মভীরু এবং সহজ-সরল প্রকৃতির ছিল। মানুষেরই এই বৈশিষ্ট্যকে পুঁজি করে ধর্মের নামে মাজার ব্যবসা এবং সুনিশ্চিত অর্থনৈতিক স্বচ্ছলতার লোভ দেখিয়ে অবৈধ আদম ব্যবসা শুরু করে গ্রামের দু-একজন সুচতুর ব্যক্তি। মাজার ব্যবসা প্রসঙ্গে সৈয়দ ওয়ালীউল্লাহ তৎকালীন সময়ের নিখুঁত চিত্রটি তুলে ধরেছেন তাঁর *লালসালু* উপন্যাসে। বর্তমানে মাজার ব্যবসার বিষয়টি খুব একটা লক্ষ করা না গেলেও অসৎ আদম ব্যবসায়ীদের প্রতারণার চক্রে সাধারণ মানুষের প্রতারিত বা নিঃস্ব হওয়ার ঘটনাটি বিরল নয়।

জেনারেল এরশাদ ২৪ মার্চ ১৯৮২ সালে সামরিক শাসক হিসেবে রাষ্ট্রের সার্বিক ক্ষমতা গ্রহণ করেন। তাঁর দীর্ঘ নয় বছরের শাসনামলের সীমাহীন দুর্নীতি, স্বজনপ্রীতি, ভোট কেলেঙ্কারি, আইন শৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি, প্রশাসনিক দলীয়করণ, বিপন্ন অর্থনৈতিক ও সামাজিক অবস্থা, সন্ত্রাস, অর্থপাচার প্রভৃতি তাঁকে স্বৈরাচারী সরকার হিসেবে চিহ্নিত করে। ফলে জনসাধারণের মনে দেখা দেয় চরম অসন্তোষ, দানা বাধে স্বৈরাচার বিরোধী আন্দোলন। বিরোধী দলগুলোর সমন্বয়ে মূলত ১৯৮৩ সাল থেকেই স্বৈরাচার বিরোধী আন্দোলন শুরু হলেও দলগুলোর মধ্যে যথাযথ ঐক্য, সংকীর্ণ স্বার্থপরতা প্রভৃতি কারণে এই আন্দোলন ব্যর্থ হয়েছে বারবার। অন্যদিকে আমাদের জাতীয় রাজনীতিতে বা যে কোনো ট্রেড ইউনিয়নে বাক সর্বস্ব, কপট নেতৃত্বদের বিচরণ স্বাধীনতা পরবর্তী সময় থেকেই লক্ষণীয়। তাদের সংকীর্ণ ব্যক্তি স্বার্থের নিকট দলীয় বা জনগণের বৃহৎ স্বার্থ যে কোনো সময় উপেক্ষিত হয়ে থাকে। দলীয় আদর্শের পরিবর্তে শাসক গোষ্ঠীর পৃষ্ঠপোষকতাই তাদের কাছে অধিক প্রত্যাশিত। অনেক সময় রাজনৈতিক দলগুলোও এই মূর্তিতে আবির্ভূত হয়। মিথ্যা আশ্বাসে প্রতারিত করে থাকে সহজ-সরল সাধারণ মানুষকে। স্বৈরাচার, নানা দুর্নীতি, অবৈধ ক্ষমতা দখল, স্বৈরাচার বিরোধী আন্দোলনে বিরোধী দলগুলোর সিদ্ধান্তহীনতা এবং নেতৃত্বদের বাকসর্বস্ব কপটতাকে ইস্যু হিসেবে নির্দিষ্ট করে নির্মিত উন্নয়ন নাট্যগুলো-

*রূপান্তর* নির্মিত নাট্য; *মুসকিল আসান* (২০০০)। উৎস নির্মিত নাট্যসমূহ; *অবরোধ* (১৯৯৮), *রঙ্গসভা* (২০০০)।

পরিবেশ দূষণ বর্তমানে একটি আন্তর্জাতিক সমস্যা হিসেবে চিহ্নিত। বাংলাদেশে এ ক্ষেত্রে সরকারিভাবে আইন প্রবর্তন করা হলেও তার কার্যকর কোনো গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়নি। পরিবেশ বিজ্ঞানীরা পরিবেশ দূষণের গুরুত্বপূর্ণ এবং প্রধানতম বিষয় হিসেবে উল্লেখ করেন পানি দূষণ এবং বায়ু দূষণকে। পানি দূষণের ক্ষেত্রে লক্ষ করা যায় এদেশে পানি দূষণের হার শতকরা ৬.৪ ভাগ।<sup>২১</sup> প্রতিবছর সমুদ্রে ফেলা ৬৫ লক্ষ টন বর্জ্য, দেশের প্রায় ৭ হাজার ১৮৫ টি শিল্পকারখানা থেকে নির্গত রাসায়নিক বর্জ্য, কৃষি জমিতে ব্যবহৃত রাসায়নিক সার, কীটনাশক প্রভৃতির দ্বারা বিভিন্ন জলাশয় ও নদী-নালায় পানি ক্রমাগত দূষিত

হচ্ছে। ফলে বিনষ্ট হচ্ছে মৎস্য সম্পদ, মানুষ আক্রান্ত হচ্ছে নানা জটিল রোগব্যাধিতে। অন্যদিকে কলকারখানা, ইটের ভাটা থেকে নির্গত কালো ধূয়া, এরোসল, এসি, ফ্রিজ থেকে নির্গত ক্লোরিন এবং অতিরিক্ত বৃক্ষনিধনের ফলে যেমন দূষিত হচ্ছে বায়ু তেমনি ক্রমশ উত্তপ্ত হচ্ছে বায়ুমণ্ডল। বিজ্ঞানীদের মতে প্রতি দশ বছর অন্তর অন্তর তাপ মাত্রা ০.৩ ডিগ্রি সেলসিয়াস করে বৃদ্ধি পাচ্ছে। বায়ুর তাপমাত্রা ৪-৫ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পেলে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাবে ১ মিটার। ফলে দক্ষিণ এশিয়ার অনেক দেশসহ বাংলাদেশের অধিকাংশ অঞ্চল তলিয়ে যাবে সমুদ্রতলে। এতদ্ব্যতীত প্রতিদিন ঢাকায় ৪০-৪৫ লক্ষ পলিথিন ব্যাগ মানুষ ব্যবহারের পর ফেলে দিত। এগুলো পচনশীল নয় বিধায় পরিবেশ দূষণের অন্যতম নিয়ামক হিসেবে কাজ করে। পরিবেশ বিষয়ে উন্নয়ন সংস্থাগুলো উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে বায়ু দূষণ এবং পানি দূষণের উপর সর্বাধিক গুরুত্বারোপ করেছে। বায়ু দূষণের ক্ষেত্রে আবার ইস্যু হিসেবে প্রাধান্য পেয়েছে বৃক্ষনিধন রোধ ও বৃক্ষরোপণ বিষয়টি।

উল্লিখিত ইস্যু দুটি নিয়ে নির্মিত উন্নয়ন নাট্যসমূহ হচ্ছে-

প্রশিকার গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ: সুন্দর ভবিষ্যৎ (১৯৮৪), বৃক্ষ আমার জীবন (১৯৯২)। আরডিআরএস বাংলাদেশ-এর গণনাটক বিভাগ নির্মিত নাট্য: আমরা বাঁচতে চাই (১৯৯৬)। লোসাউক নির্মিত নাট্যসমূহ: গাছ লাগান পরিবেশ বাঁচান (১৯৯৮), আমাদের পরিবেশ আমাদেরই সৃষ্টি (২০০০)। রূপান্তর নির্মিত নাট্য: বাঁচাও পৃথিবী (২০০১)। বিটা নির্মিত নাট্যসমূহ: চান খালির তীরে (১৯৯৬), কান্দে জলদাশ (১৯৯৭), ঠিকানা (২০০৩)।

শিক্ষা জনগণের মৌলিক মানবাধিকার। সরকার ২০১০ সালের মধ্যে দেশকে নিরক্ষর মুক্ত করার অভিপ্রায়ে ১৯৯০ সাল থেকে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করেছে। ২০০৩ সালের এক পরিসংখ্যান থেকে বলা যায় দেশের মোটজনসংখ্যার শতকরা ৩৫ ভাগ এখনও নিরক্ষর।<sup>২২</sup> সন্তর বা আশির দশকে এই পরিসংখ্যান স্বাভাবিক ভাবেই আরও অধিক ছিল। সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থাগুলো উপ-আনুষ্ঠানিক ও বয়স্ক শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে উপ-আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে এনজিওসমূহ দেশে অধ্যয়নরত মোট শিশুর শতকরা ৭.১ ভাগ শিশু শিক্ষার্থীকে শিক্ষা প্রদান করে থাকে।<sup>২৩</sup> শিক্ষা গ্রহণের প্রয়োজনীয়তা, নিরক্ষতার কুফল প্রভৃতি সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংস্থাসমূহ শিক্ষাকে উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্ধারণ করেছে।

শিক্ষা-কে ইস্যু হিসেবে নির্ধারণ পূর্বক বিভিন্ন সংস্থা যে সকল উন্নয়ন নাট্য নির্মাণ করেছে তা হলো-

প্রশিকা-কার গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ: ভুলের মাসুল (১৯৯৩), ময়না বিবির সংসার (১৯৯৫), অধিকার (১৯৯৬)। আরডিআরএস বাংলাদেশ এর গণনাটক বিভাগ নির্মিত নাট্যসমূহ: ভুলের মাসুল (২০০৩), অন্ধ চোখে আলো (২০০২)। রূপান্তর নির্মিত নাট্য: আশার আলো (২০০১)।

শহরের তুলনায় গ্রামের সাধারণ মানুষ স্বাস্থ্য সচেতনতায় অনেকটা পিছিয়ে। এক্ষেত্রে কারণ হিসেবে নিহিত গ্রামের মানুষের দারিদ্র্য, অজ্ঞতা, কুসংস্কার এবং আধুনিক চিকিৎসা ব্যবস্থার অপ্রতুলতা। এখনও গ্রামের অনেক মানুষ পীর, ফকির, ওঝা, কবিরাজের চিকিৎসায় বিশ্বাসী। কারণ এক্ষেত্রে বিনা খরচে বা অল্প খরচে চিকিৎসা কার্য সম্পন্ন হয়ে থাকে। অনেকে আবার ঔষধের দোকানে হাতুড়ে ডাক্তারের পরামর্শক্রমেই চিকিৎসা গ্রহণ করেন। গ্রামে বিভিন্ন রোগের মধ্যে গ্যাসট্রিক, বিভিন্ন চর্ম রোগ, রক্তচাপ, হাঁপানি, ডায়রিয়া, জন্ডিস, কুষ্ঠরোগ, যক্ষ্মা, আমাশয় উল্লেখযোগ্য। সাধারণত যথাযথ স্যানিটেশনের অভাব অধিকাংশ রোগের মূল কারণ। এছাড়াও পুষ্টিজ্ঞানের অভাব, চিকিৎসা সেবায় দায়িত্বহীনতা, অসুস্থতার বিষয়টিকে যথেষ্ট প্রভাবিত করে থাকে। নিরাপদ পানির ক্ষেত্রে আর্সেনিক সমস্যা স্বাস্থ্যের ক্ষেত্রে একটি জাতীয় সমস্যা হিসেবে চিহ্নিত। বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রতি লিটারে সর্বোচ্চ ০.০১ মিলিগ্রাম আর্সেনিক মুক্ত পানিকে নিরাপদ পানি হিসেবে উল্লেখ করেছে। কিন্তু বাংলাদেশে আর্সেনিক আক্রান্ত এলাকার পানীয় জলে আর্সেনিকের

পরিমাণ পাওয়া গেছে ০.১২ থেকে ১.৫ মি. গ্রাম, যা স্বাস্থ্যের পক্ষে চরম ক্ষতিকর।<sup>২৪</sup> দেশে এক-তৃতীয়াংশ অগভীর নলকূপে আর্সেনিকের অস্তিত্ব লক্ষ করা গেছে। অপর এক পরিসংখ্যানে দেখা যায় দেশে আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা ১৪০০০ এবং আর্সেনিকযুক্ত পানি পান করছে ৩০ থেকে ৩৫ মিলিয়ন লোক।<sup>২৫</sup> বয়স্কদের স্বাস্থ্যের পাশাপাশি শিশু স্বাস্থ্যের বিষয়টিও গুরুত্বপূর্ণ। বাংলাদেশে শিশু মৃত্যুর হার প্রতিহাজারে গ্রামে ৬২ জন এবং শহরে ৪৪ জন।<sup>২৬</sup> এ ক্ষেত্রে যথেষ্ট অজ্ঞতা ও অসচেতনতার বিষয়টি লক্ষণীয়।

উন্নয়ন সংস্থাগুলো গ্রামের সাধারণ অক্ষরজ্ঞানহীন, অল্পশিক্ষিত মানুষদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন করে তোলার লক্ষ্যে স্বাস্থ্য বিষয়টিকে তাদের উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্ধারণ করেছে। এক্ষেত্রে আর্সেনিক, শিশুরোগসহ বিভিন্ন রোগের কারণ, লক্ষণ, প্রাথমিক প্রতিরোধের ব্যবস্থা, রোগীদের করণীয় এবং চিকিৎসা সেবায় উদাসীনতা ও দায়িত্বহীনতা সম্পর্কে সচেতন করা হয় নাট্যের মাধ্যমে।

এনজিওসমূহ স্বাস্থ্য সম্পর্কিত নাট্যগুলো হচ্ছে-

প্রশিকা-র গণসংস্কৃত বিভাগ প্রদর্শিত নাট্যসমূহ: *ভুলের মাসুল* (১৯৯৩), *ময়না বিবির সংসার* (১৯৯৫)। *আরডিআরএস বাংলাদেশ*-এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্যসমূহ: *হুঁশিয়ার* (১৯৯৭), *কাশেমের আর্তনাদ* (১৯৯১), *ভুলের মাসুল* (২০০০), *অন্ধ চোখে আলো* (২০০২)। *লোসাউক* প্রদর্শিত নাট্য: *ইজ্জত আলীর কিছা* (১৯৯৯)। *রূপান্তর* প্রদর্শিত নাট্য: *পাবলিক সার্ভেন্ট* (১৯৯৭)। *বিটা* প্রদর্শিত নাট্য: *বায়োস্কোপ* (১৯৯৮)। *উৎস* প্রদর্শিত নাট্যসমূহ: *হকিনার পালা* (১৯৯৮), *ডেঙ্গু* (২০০০), *স্যানিটেশন* (২০০১)। *ব্র্যাক*-এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্য: *কি পেলাম* (২০০২)।

বাংলাদেশে বিদ্যমান বিভিন্ন জাতীয় সমস্যার মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম ও শিশুনির্যাতন অন্যতম একটি। ১৯৯৬ সালে পরিচালিত এক জরিপে লক্ষ করা যায় বিভিন্ন পেশায় শ্রমিক হিসেবে নিয়োজিত রয়েছে ৬৩ লাখ শিশু।<sup>২৭</sup> অন্য আরেকটি পরিসংখ্যান লক্ষণীয় শুধুমাত্র ঢাকা শহরেই ৩ লাখের বেশি শিশু গৃহকার্যে শ্রমিক হিসেবে নিয়োজিত।<sup>২৮</sup> এ সকল শিশু শ্রমিকরা তাদের কর্মক্ষেত্রে প্রতিনিয়তই নির্যাতিত হয়ে থাকে কোনো না কোনো ভাবে। উদাহরণ হিসেবে উল্লেখ করা যায় গৃহকর্ত্রী কর্তৃক গরম খুস্তির ছাঁকায়, গায়ে দগদগে ঘা নিয়ে বাড়ি ফিরতে হয়েছে শাহানাজকে। অন্যত্র গৃহকর্ত্রীর কথায় প্রতিবেশীর নামে মিথ্যা সাক্ষ্য না দেয়ায় বর্বর নির্যাতনের শিকার হতে হয় দশ বছরের বালিকা খাদিজাকে।<sup>২৯</sup> এ ছাড়াও ২০০২ সালে নিহত ৭ জন গৃহ পরিচারিকার মধ্যে ৬ জনই ছিল শিশু।<sup>৩০</sup> নির্যাতিত এ সব শিশু শ্রমিকরা ৫৭ টি বিভিন্ন ধরনের ঝুঁকি পূর্ণ কাজের সাথে সম্পৃক্ত হওয়ায় হুমকির সম্মুখীন যেমন আমাদের মানব সম্পদ অন্যদিকে এক শ্রেণির অসং রাজনীতিবিদদের অনৈতিক উদ্দেশ্য সাধনের অভিপ্রায়ে ক্রমাগত অধিকার বধিগত শিশুরা জড়িয়ে পড়ছে রাজনৈতিক সহিংসতায়, বাড়ছে অপরাধ প্রবণতা।

ঝুঁকিপূর্ণ শিশু শ্রম ও শিশু নির্যাতনের বিষয়কে ইস্যু হিসেবে নির্ধারণ করে যে সকল নাট্য তৈরি হয়েছে তা হচ্ছে; *প্রশিকার* গণসংস্কৃতি বিভাগ নির্মিত নাটক; *তারা মিয়ার সংসার* (১৯৮৩)। *লোসাউক* নির্মিত নাট্য; *নতুন দিনের অপেক্ষায়* (২০০২) এবং *রূপান্তর* নির্মিত নাট্য; *একবার ফিরে চাও* (১৯৯৭)।

বিশেষজ্ঞদের মতে নারী ও শিশু পাচারের ক্ষেত্রে বাংলাদেশ একটি হাইরিসক দেশ হিসেবে পরিগণিত। এক গবেষণায় লক্ষ করা যায়-

প্রতিবছর বাংলাদেশ থেকে ১০ থেকে ২০ হাজার নারী ও শিশু পাচার হয়ে থাকে।

পরিসংখ্যান মতে প্রায় ৪০ হাজার বাংলাদেশী নারী পাকিস্তানে যৌনকর্মী হিসেবে

নিয়োজিত এবং কলকাতা পতিতালয়ের ১৪ শতাংশ যৌনকর্মী বাংলাদেশী নারী।<sup>৩১</sup>

পাচারকৃত নারীদের অধিকাংশের বয়স ১০-১৮ বছরের মধ্যে। ছেলেদের ক্ষেত্রে ১৫ বছর বয়সের নীচে ছেলেরাই পাচারের শিকার হয়ে থাকে। মেয়েদের পাচার করা হয় যৌন কর্মী হিসেবে এবং ছেলেরা মধ্যপ্রাচ্যে উটের জকি হিসেবে ব্যবহৃত হয়। প্রাপ্ত তথ্য মতে জানা যায় ২ থেকে ১২ বছর বয়সী প্রায় ৬০০ বাংলাদেশী শিশু একখনও আরব আমিরাতে উটের জকি হিসেবে ব্যবহৃত হচ্ছে।<sup>৩২</sup> দেহের ওজন ৪৫

কেজির নীচে রাখার জন্য এ সকল শিশুর অনেককে খাবারের পরিবর্তে ইনজেকশনের মাধ্যমে নিয়মিত ঔষধ দেয়া হয়। দেশে বা বিদেশে ভালো চাকরি দেয়া কিংবা বিয়ে করার মিথ্যে প্রলোভন দেখিয়ে, এবং অপহরণের মাধ্যমে সাধারণত দরিদ্র পরিবারের নারী বা শিশুদের পাচার করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে বেসরকারি সংস্থাগুলো (এনজিও) নারী ও শিশু পাচারের পরিসংখানকে একত্রে গণনা করে থাকে। বাংলাদেশ সরকার নারী ও শিশু পাচারের বিরুদ্ধে আইন প্রণয়নসহ জনমত গড়ে তোলার অভিপ্রায়ে গণমাধ্যমগুলোতে বিভিন্ন প্রচারণা চালাচ্ছে। পাশাপাশি এনজিওসমূহ পাচারকে উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্ধারণ করেছে তৎসম্পর্কে সামাজিক সচেতনতা বৃদ্ধির অভিপ্রায়ে।

পাচার-কে ইস্যু হিসেবে নির্দিষ্ট করে যে সকল উন্নয়ন নাট্য প্রদর্শিত হয়েছে তাদের নাম-

আরডিআরএস বাংলাদেশ-এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্য; মানুশ শিকারি (১৯৯৫)। ব্র্যাক-এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্য: মরণ ফাঁদ (২০০৩)।

স্বাধীনতা অব্যবহিত সময় থেকেই দ্রব্যমূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ করা যায়। পরবর্তীতে বিভিন্ন সরকারের আমলে এ বিষয়ে কার্যকর ভূমিকা না নেয়ায় মানুষের নিত্য প্রয়োজনীয় পণ্য এবং খাদ্য সামগ্রীর মূল্য বৃদ্ধি প্রবণতা আরও এগিয়েছে উর্ধ্ব গতিতে। কিন্তু তার সাথে সমান্তরালভাবে বাড়ে নি মানুষের আয়। ফলে দ্রব্যমূল্য মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে না থাকায় নিম্ন আয়ের সাধারণ মানুষগুলোর স্বাভাবিক জীবনযাত্রা পতিত হয়েছে সংকটাপন্ন অবস্থায়। কালোবাজারি মজুদদার ও মুনাফাখোরদের অর্থলোলুপতা দ্রব্যমূল্য বৃদ্ধির উল্লেখযোগ্য একটি কারণ। এ ক্ষেত্রে সরকারের অব্যবস্থাপনা অনেকাংশে দায়ী।

অর্থনীতিবিদদের মতে দুর্নীতি বাংলাদেশের উন্নয়নের ক্ষেত্রে বড় ধরনের প্রতিবন্ধকতা। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর তথ্য অনুযায়ী ৪৪০টি দুর্নীতির কারণে ২০০২ সালে সরকারের প্রায় ৪৩৯১ বিলিয়ন টাকা লোকসান হয়েছে, যা ২০০১-২০০২ অর্থবছরের বাজেটের শতকরা ১০.৩৮ ভাগ।<sup>১০</sup> এ সব দুর্নীতির সাথে সরকারি কর্মকর্তারাও সম্পৃক্ত। বিশেষজ্ঞরা মনে করেন বাংলাদেশ দুর্নীতির পরিমাণ উল্লেখযোগ্য হারে কমিয়ে আনতে পারলে জাতীয় বার্ষিক জিডিপি ৭ থেকে ৮ এ উন্নীত করা সম্ভব।<sup>১১</sup> অন্যদিকে ছিনতাই ও চাঁদাবাজি বর্তমানে রাষ্ট্রীয়ভাবে একটি দুষ্টব্যাদি হিসেবে চিহ্নিত। নাগরিক জীবনে স্বাভাবিক চলাচলের ক্ষেত্রে যথেষ্ট প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে ছিনতাইয়ের কারণে। বর্তমান সময়ে চাঁদাবাজির ভিন্ন সংস্করণ মুক্তিপণ আদায়। এক্ষেত্রে চট্টগ্রামের ধনাঢ্য ব্যবসায়ী জামাল উদ্দিনের প্রসঙ্গটি উল্লেখ্য। ছিনতাই চাঁদাবাজির শিকার হয়ে সাধারণ মানুষ শুধু বিপর্যস্তই হচ্ছে না, অকালে খুন হতে হচ্ছে অনেক নিরীহ ভাগ্যহতকে।

বাংলাদেশের বিভিন্ন শাসনামল পর্যবেক্ষণে করলে লক্ষ করা যায় স্বাধীনতা পরবর্তী সময় এদেশের রাজনীতিতে ও সমাজ ব্যবস্থায় সন্ত্রাসের জন্ম। অর্থাৎ রাজনৈতিক প্রশ্নে সন্ত্রাসী ও অপরাধীদের বেঁচে থাকার প্রবণতা স্বাধীনতা অব্যবহিত সময় থেকে। আশির দশক থেকে এ প্রবণতা বিশেষভাবে সরকারি পৃষ্ঠপোষকতা পায়। যার প্রভাব লক্ষ করা যায় দেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও। পরিসংখ্যানে লক্ষণীয় ১৯৯১ সালে শুধুমাত্র ৮ শিক্ষাঙ্গনেই সশস্ত্র সংঘর্ষের ঘটনা ঘটেছে ১৮০ টির বেশি, প্রাণ হারিয়েছে ২০ জন শিক্ষার্থী।<sup>১২</sup> ২০০১ সালে এরূপ ঘটনা ঘটেছে ৬৯ টি, নিহত হয়েছে ৬ জন, ২০০২ সালে ঘটেছে ১৪০ টি, প্রাণ হারিয়েছে ৪ জন, আহত হয়েছে ১১৭৯ জন এবং সার্বিক পরিসংখ্যানে ২০০২ সালে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে এরূপ ২৭৯ টি ঘটনার খবর মেলে যাতে নিহতের সংখ্যা ২৪ জন, আহতের সংখ্যা ২১৭৫ জন। অন্যত্র লক্ষণীয় ২০০৩ সালে অপারেশন ক্লিন হার্ট অভিযান চলাকালে গ্রেফতারকৃত ১০,০০০-১১,২৪৫ জনের মধ্যে তালিকাভুক্ত সন্ত্রাসী ছিল ২৪৮২ জন। আত্মগোপন করায় অনেক বড় সন্ত্রাসীকে এ সময় ধরা সম্ভব হয়নি। উক্ত পরিসংখ্যানে সহজেই অনুমান করা সম্ভব বাংলাদেশে সন্ত্রাসের প্রকৃত চিত্র। প্রসঙ্গক্রমে বিভিন্ন সভা, সমাবেশ, অনুষ্ঠান, মাজার, সিনেমা হল প্রভৃতিস্থানে বোমা হামলার বিষয়টি সন্ত্রাসী

কার্যক্রমের পর্যায়ভুক্ত। বলা যায় বিচার বিভাগের দীর্ঘসূত্রিতা সন্ত্রাস নিয়ন্ত্রণের প্রধান অন্তরায় হিসেবে ক্রিয়াশীল।

দ্রব্যমূলবৃদ্ধি দুর্নীতি, ছিনতাই, চাঁদাবাজি, সন্ত্রাস, আর্থ-সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে ক্রমশ বিরূপ প্রভাব ফেলেছে। ব্যাহত হচ্ছে সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা। এ ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে কার্যকর পদক্ষেপ গ্রহণের পাশাপাশি সামাজিক সচেতনতা সৃষ্টি একান্ত প্রয়োজন। উল্লিখিত বিষয়গুলো এনজিওসমূহ কর্তৃক উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্ধারিত হয়েছে। উক্ত ইস্যুগুলো নাট্যকাহিনীর বিষয়বস্তু রূপে নির্ধারণ পূর্বক যে সকল উন্নয়ন নাট্য প্রদর্শিত হয়েছে তার নাম-

প্রশিকা-র গণসংস্কৃতি বিভাগ প্রদর্শিত নাট্যসমূহ; পুতুল (১৯৯৭), বায়োকোপ (১৯৯৮), হায়েনার ছোবল (১৯৯৮), রামরহিমের গল্প (২০০১), গরীবের প্রতিবাদ (২০০৩)। রূপান্তর প্রদর্শিত নাট্য; পাবলিক সার্ভেট (১৯৯৭)। ব্র্যাক-এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্য; গেডাকল (২০০১)। আইন ও সালিশ কেন্দ্র-এর এ্যাকশন থিয়েটার প্রদর্শিত নাট্য; সন্ত্রাস (২০০১)।

১৯৯৫ সালের পরবর্তী সময় থেকে উন্নয়ন নাট্যের ইস্যু নির্দিষ্টকরণের ক্ষেত্রে কিছুটা পরিবর্তন লক্ষ করা যায়। এ সময়ে উন্নয়ন নাট্য নিয়ে কর্মরত সংস্থাগুলো রাষ্ট্রক্ষমতা এবং স্থানীয় প্রশাসনে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণের বিষয়টিকে গুরুত্বের সাথে বিবেচনা করে। অর্থাৎ রাষ্ট্রক্ষমতা বা স্থানীয় প্রশাসনে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণকে নিশ্চিত করার অভিপ্রায়ে বা অংশগ্রহণে উদ্বুদ্ধকরণের নিমিত্তে তৃণমূল জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা সৃষ্টির প্রতি গুরুত্বারোপ করে। কারণ সংস্থাগুলো মনে করে স্থানীয়ভাবে সৃষ্ট সমস্যাগুলো সম্পর্কে বর্তমান সময়ের সকল স্তরের জনগণ অনেকটা সচেতন পূর্বের যে কোনো সময়ের তুলনায়। তারা মনে করে সমাজে বিদ্যমান সমস্যাগুলো সমাধান কল্পে এখন প্রয়োজন রাষ্ট্রীয়ভাবে আন্তরিক সহযোগিতা। এ ক্ষেত্রে সত্যিকার অর্থে রাষ্ট্রীয়ভাবে সহযোগিতা তখনই সম্ভব যখন সং, সাধারণ মানুষের উন্নয়নের বিশ্বাসী, যোগ্য নেতৃত্ব নির্বাচিত হবে রাষ্ট্র ক্ষমতার সকল স্তরে। ১৯৭৫ পরবর্তী বাংলাদেশে অনেক প্রহসনের নির্বাচন হয়েছে। বাক সর্বস্ব বক্তৃতা অর্থ আর পেশিজির দাপটে বিভ্রান্ত করা হয়েছে সাধারণ জনগণকে। ভোটের কেন্দ্র দখল, বেলট বাস্তু ছিনতাই প্রভৃতির মাধ্যমে অযোগ্যরা নির্বাচিত হয়েছে ক্ষমতার স্তরে স্তরে। সাধারণ মানুষও অনেক সময় বিভ্রান্ত হয়ে নির্বাচিত করেছে অসৎ ব্যক্তিকে।

সং ও যোগ্য নেতৃত্ব নির্বাচনে একান্তভাবে অপরিহার্য সর্বস্তরের মানুষের বিশ্লেষণী বিচার ক্ষমতা, আবেগ বর্জিত বা পক্ষপাতহীন নির্মোহ দৃষ্টিভঙ্গি। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে জনগণের সচেতনতা বৃদ্ধির অভিপ্রায়ে সংস্থাগুলো উন্নয়ন নাট্যকে ব্যবহার করেছে নির্বাচনকে ইস্যু হিসেবে নির্ধারণ পূর্বক। কোনো সংস্থা উক্ত কার্যক্রমকে অভিহিত করেছে ভোটার এডুকেশন নামে, কেউ সুশাসন নামে আবার কোনো সংস্থা গণতন্ত্র রক্ষা নামে। উক্ত বিষয় সম্পর্কিত যে সকল উন্নয়ন নাট্য নির্মিত হয়েছে তার নিম্নে উল্লেখ করা হলো-

প্রশিকা-র গণ সংস্কৃতি বিভাগ নির্মিত নাট্যসমূহ; একজন ভালো মানুষ চাই (১৯৯৭), আমরা সবাই রাজা (১৯৯৯), তোমরা সবাই জোট বাধো (২০০২), জেগেছে জনতা (২০০৩), গরীবের প্রতিবাদ (২০০৩)। রূপান্তর নির্মিত নাট্যসমূহ; জনগণের পালা (১৯৯৬), আমরা সবাই রাজা (১৯৯৮)। বিটা নির্মিত নাট্য; ভুল (১৯৯৭)।

বৈষম্য হয়ে থাকে সাধারণত লিঙ্গভেদে এবং শ্রেণিভেদে। আমাদের পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থায় মেয়েরা মাতৃগর্ভ থেকে জীবনের সর্বত্রই বৈষম্যের শিকার। ফলে বাবা-মার আদর-যত্ন, শিক্ষা, স্বাধীনতায় এবং কর্মক্ষেত্রে ন্যায্য মজুরি থেকে মেয়েরা বঞ্চিত। প্রচলিত সমাজ ব্যবস্থায় ছেলেদের উৎপাদনক্ষম বিবেচনায় এ ধরনের দৃষ্টিভঙ্গি তৈরির মূল কারণ। আমাদের জাতীয় উন্নয়নের মূল ধারায় যথাযথভাবে মেয়েদের সম্পৃক্ত না হওয়ার প্রধান অন্তরায় হিসেবে ক্রিয়াশীল সমাজে প্রচলিত লিঙ্গ বৈষম্য। অন্যত্র শ্রেণি-বৈষম্য সমাজে শ্রেণি-দ্বন্দ্ব সৃষ্টির মূল নিয়ামক। শ্রেণি-দ্বন্দ্ব সমাজ জীবনকে যেমন অস্থিতিশীল করে তুলে তেমনি উৎপাদন

ব্যবস্থাকেও ব্যহত করে মারাত্মকভাবে। সমাজে বিদ্যমান বৈষম্যকে ইস্যু হিসেবে নির্ধারণ করে যে সমস্ত উন্নয়ন নাট্য প্রদর্শিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নাটক হচ্ছে-

রূপান্তর প্রদর্শিত নাট্য; এক একে এক (১৯৯৯), বিটা প্রদর্শিত নাট্য; আমরা জেগেছি (২০০০), ব্র্যাক এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্য; ঠিকানা কোথাই (২০০১)।

মুসলিম সমাজে বিবাহ রেজিস্ট্রেশন প্রথা প্রবর্তিত হয়েছে ১৯৬১ সালে মুসলিম পারিবারিক আইন অর্ডিন্যান্স করার পরবর্তী সময় থেকে।<sup>৩৬</sup> বিবাহ রেজিস্ট্রেশন কোনো বিবাহিত নারীর সামাজিক নিরাপত্তা, মর্যাদা ও অধিকারকে নিশ্চিত করে। স্বামীর উপর এবং স্বামীর সম্পত্তির উপর আইনগত অধিকার প্রতিষ্ঠায় বিবাহ রেজিস্ট্রেশনের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। আমাদের সমাজে দরিদ্র জনগোষ্ঠীর কোনো কোনো অংশে এখনও শুধুমাত্র কলেমা পড়ে বিবাহ প্রথা প্রচলিত রয়েছে। এ ক্ষেত্রে বিবাহ ইসলাম ধর্ম সম্মত হলেও মেয়ের অধিকার লিখিত না থাকায় তার অধিকার চর্চার আইনগত ভিত্তিক থাকে না। বিবাহ রেজিস্ট্রেশনে অতিরিক্ত টাকার অপচয় এবং ছেলেপক্ষের কৌশলের কারণে অনেক সময় রেজিস্ট্রেশন ব্যতীত বিবাহ কার্য সম্পন্ন হয়ে থাকে। উক্ত বিষয়কে উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে নির্ধারিত হতে দেখা যায় বিটা-র উন্নয়ন নাট্য কার্যক্রমে। সংস্থাটি নির্মিত নাট্যের নাম- কাবিন নামা (১৯৯৫)।

বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ হিসেবে খ্যাত। বিশেষজ্ঞদের মতে ভৌগোলিক অবস্থান এবং মানবসৃষ্ট নানাবিধ কর্মকাণ্ড প্রাকৃতিক দুর্যোগকে আরও ত্বরান্বিত করেছে।<sup>৩৭</sup> বিভিন্ন সময়ে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: দুর্ভিক্ষ, জলোচ্ছ্বাস, বন্যা, নদীভাঙন, ঝড়, ভূমিকম্প প্রভৃতি। ১৯৪৭ সালের দুর্ভিক্ষ '৮৮ সালের বন্যা, '৯১ সালের জলোচ্ছ্বাস, প্রতিবছর নদীভাঙন, ২০০৪ সালের ভূমিকম্প প্রভৃতি দুর্যোগে বিপুল পরিমাণ সম্পদ বিনষ্টসহ প্রাণ হারিয়েছে কয়েক লক্ষাধিক মানুষ। এ সব দুর্যোগ মোকাবেলায় সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উন্নয়ন নাট্য ব্যবহৃত হতে দেখা যায়। বিষয়টিকে ইস্যু হিসেবে নির্বাচন করে সংস্থাসমূহ যে সকল উন্নয়ন নাট্য প্রদর্শিত করেছে তার কয়েকটি নিম্নে উল্লিখিত হলো: আরডিআরএস বাংলাদেশ-এর গণনাটক বিভাগ প্রদর্শিত নাট্যসমূহ: বিলাপ (১৯৯৭), আমরা হতাশ হই না (১৯৯৮), রূপান্তর প্রদর্শিত নাট্য; ঝড় (২০০২), বিটা প্রদর্শিত নাট্য; ভাসন (২০০৩) এবং উৎস প্রদর্শিত নাট্য: খোয়াব (২০০২)।

এক পরিসংখ্যানে লক্ষ করা যায় বিশ্বে এইডস আক্রান্ত রোগীর মোট সংখ্যা ৩ কোটি ৪০ লক্ষ এবং উক্ত রোগে এ পর্যন্ত মৃতের সংখ্যা ১ কোটি ৮৮ লক্ষ লোক। বাংলাদেশে এইডস-এর বিস্তার অভিবাসী শ্রমিকদের মাধ্যমে। ২০০১ সালে শনাক্তকৃত ২৫ জন এইডস রোগীর ২০ জনই ছিল অভিবাসী শ্রমিক। ২০০১ সালের এপ্রিল পর্যন্ত এদেশে ১৩ হাজার এইডস আক্রান্ত প্রাপ্তবয়স্ক লোক ছিল বলে অনুমান করা হয়।<sup>৩৮</sup> শনাক্তকৃত এ সকল রোগীর অধিকাংশের বয়স ২০ থেকে ৩৫-এর মধ্যে। এইডস সংক্রামিত মরণ ব্যাধি বিধায় এ রোগ সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা একান্ত আবশ্যিক। এইডস নিয়ন্ত্রণে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধির নিমিত্তে সরকার এবং এনজিওসমূহ বিভিন্ন মাধ্যমে ব্যাপক প্রচারণা অব্যাহত রেখেছে। বিষয়টি উন্নয়ন নাট্যেরও ইস্যু হিসেবে নির্বাচিত হয়েছে বিভিন্ন সংস্থা কর্তৃক। এইডস ইস্যু ভিত্তিক প্রদর্শিত উন্নয়ন-নাট্যগুলো হচ্ছে-

লোসাউক প্রদর্শিত নাট্য; যে হাঙ্গর আঘাত হানে (২০০৩) এবং উৎস প্রদর্শিত নাট্যসমূহ; সতর্ক সংকেত (২০০২), বাঁচার গান (২০০৩)।

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধাংশ হচ্ছে নারী। অর্থাৎ ২০০১ সালের জরিপ অনুযায়ী দেশের মোট জনসংখ্যার শতকরা ৪৯ ভাগ হচ্ছে নারী এবং পুরুষ ৫১ ভাগ।<sup>৩৯</sup> জনসংখ্যার এই বৃহৎ অংশ সকল ধরনের বৈষম্যমূলক নীতির শিকার। সমাজে নারীর পশাৎপদ অবস্থাকে এগিয়ে নিতে হলে প্রথমেই প্রয়োজন সকল ক্ষেত্রে নারীর ক্ষমতায়ন, সুনিশ্চিত অংশগ্রহণ। প্রসঙ্গক্রমে উল্লেখ্য ১৯৪৮ সালে সার্বজনীন মানবাধিকার ঘোষণা-য় এবং ১৯৯৫ সালে বেইজিং ঘোষণা-য় ক্ষমতায়নে পুরুষের পাশাপাশি নারীর অংশগ্রহণের

অধিকারকে স্বীকৃতি দেয়া হয়েছে।<sup>৪০</sup> দেশের সার্বিক উন্নয়নে বা জাতীয় উন্নয়নকে ত্বরান্বিত করতে হলে, সুশাসন প্রতিষ্ঠায় পারিবারিক পর্যায়ে থেকে রাষ্ট্রব্যবস্থার সকল স্তরে নারীর ক্ষমতায়ন একান্তভাবে অপরিহার্য। কারণ নারীদের অনগ্রসর রাখার অর্থ দেশের অর্ধেক জনসম্পদকে অনগ্রসর রাখা। উল্লিখিত বিষয়কে ইস্যু রূপে নির্ধারণপূর্বক যে সকল উন্নয়ন নাট্য নির্মিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য নাট্যসমূহ-  
প্রশিকা-র গণ সংস্কৃতি বিভাগ নির্মিত নাট্য; নারীর অধিকার (১৯৮১), আরডিআরএস বাংলাদেশ-এর গণনাটক বিভাগ নির্মিত নাট্য; আমরা সবাই সমান (১৯৯৬), রূপান্তর নির্মিত নাট্য; স্বপ্নের ইউনিয়ন (২০০৩)।

স্থানীয়ভাবে উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে গণ্য করা হয় স্থানীয় সরকার বা ইউনিয়ন পরিষদকে। আবার স্থানীয় সরকারকে গতিশীল এবং কার্যকরভাবে গড়ে তুলতে জনগণের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। কারণ অংশগ্রহণ ভিত্তিক এই প্রক্রিয়ায় জনসাধারণ এবং স্থানীয় সরকার পরস্পর পরস্পরের পরিপূরক হয়ে ওঠে। উভয়ের দায়িত্ববোধ সম্পন্ন সম্পৃক্ততায় সার্বিক উন্নয়নকে করে ত্বরান্বিত। এক্ষেত্রে স্থানীয় সরকার সার্বক্ষণিক জবাবদিহিতার মধ্য দিয়ে তার কার্যক্রম পরিচালনা করেন। সাধারণ মানুষকে স্থানীয় সরকারের সকল কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ এবং জনকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ ও সাধারণ মানুষের সাথে সম্পর্ক উন্নয়নে স্থানীয় সরকারের প্রত্যেক সদস্যদের অগ্রহী করে তোলার লক্ষ্যে স্থানীয় সরকার বিষয়টি উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে গ্রহণ করেছে কয়েকটি সংস্থা। সংস্থাগুলো স্থানীয় সরকারকে ইস্যুরূপে নির্বাচন পূর্বক যে সকল উন্নয়ন নাট্য নির্মাণ করেছে তার মধ্যে উল্লেখযোগ্য নাটকগুলো হলো-

রূপান্তর নির্মিত নাট্যসমূহ; ইতিহাস (২০০২), ডাক দিয়ে যাই (২০০৩), স্বপ্নের ইউনিয়ন (২০০৩)।  
উল্লিখিত উৎসগুলো ব্যতীত উন্নয়ন-নাট্যের ইস্যু হিসেবে সংস্থাসমূহ কর্তৃক নির্বাচিত হয়েছে, নিরাপদ মাতৃত্ব (বিটা, ১৯৯৭), রিলিফ (প্রশিকা-১৯৮৭), প্রতিবন্ধীতা (বিটা, ১৯৯৯), ব্যক্তিগত ঈর্ষা (প্রশিকা-২০০০, উৎস-১৯৯৯)।

উপরিউক্ত আলোচনায় সংস্থাসমূহ কর্তৃক উপস্থাপিত উন্নয়ন নাট্যের নির্বাচিত এবং প্রদর্শিত ইস্যুগুলো উপস্থাপিত হলো। উক্ত আলোচনায় লক্ষণীয় নারী নির্যাতনকে ইস্যু হিসেবে নির্ধারণ পূর্বক অধিক উন্নয়ন নাট্য উপস্থাপিত হয়েছে। অর্থাৎ সংস্থাগুলো ইস্যু হিসেবে অধিক গুরুত্বারোপ করেছে নারী নির্যাতনের প্রতি। সেই সাথে নারীর ক্ষমতায়নের প্রসঙ্গটিও প্রাধান্য পেয়েছে সমান গুরুত্বে। নারী নির্যাতনের পরবর্তী ইস্যু হিসেবে গুরুত্ব পেয়েছে মানব পাচার, শিক্ষা, মাদকাসক্তি, সন্ত্রাস, দুর্নীতি, পরিবেশ দূষণ, ভূমি দখল এবং দারিদ্র্য। উল্লেখ্য গবেষণা অর্ন্তভুক্ত আলোচনায় বিভিন্ন দৃষ্টান্ত ও উপস্থাপিত পরিসংখ্যানে লক্ষণীয় উল্লিখিত ইস্যুগুলো তৎকালীন আর্থ-সামাজিক ও রাজনৈতিক বাস্তবতায় বাংলাদেশের মানব উন্নয়নের প্রধান প্রতিবন্ধকতা হিসেবে ক্রীয়াশীল ছিল। নাট্যে উপস্থাপিত ইস্যুগুলোর কার্যকারণ দর্শনে সংস্থাগুলোর লক্ষিত জনগোষ্ঠীর কাজিত উন্নয়ন কতখানি বাস্তবায়ন হয়েছে তা নির্ণয়ে স্বতন্ত্র গবেষণার প্রয়োজন। তবে সংস্থাগুলোর উক্ত উন্নয়ন নাট্য কার্যক্রমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণকারী সাধারণ মানুষের মধ্যে তথ্য ঘাটতির বিষয়টি পূরণ হয়েছে বলে মাঠ পর্যবেক্ষণে অবগত হওয়া যায়। অন্যত্র প্রতিবন্ধীতা বিষয়টির প্রতি সংস্থাগুলোর উদাসীনতা উল্লেখ করার মতো। কারণ দু-একটি সংস্থা ব্যতীত অধিকাংশ সংস্থা উক্ত বিষয়টির প্রতি কোনো গুরুত্ব প্রদান করেনি। ফলে উপস্থাপিত উন্নয়ন নাট্যের বিষয়বস্ততে প্রতিবন্ধীতার বিষয়টি প্রায় সম্পূর্ণতাই অনুপস্থিত। প্রাপ্ত পরিসংখ্যানে লক্ষণীয় দেশের মোট জনসংখ্যার শতকরা ১০ ভাগ কোনো না কোনোভাবে প্রতিবন্ধিকতার শিকার। জনসংখ্যার এই বৃহৎ অংশটির অধিকাংশই দরিদ্র পরিবারের সদস্য। এসকল প্রতিবন্ধীরা পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সকল অধিকার থেকে বঞ্চিত এবং সামাজিক, পারিবারিক মর্যাদা থেকে উপেক্ষিত। সমাজের সর্বস্তরে প্রতিবন্ধীদের অধিকার রক্ষায়, তাদের মধ্যে আত্মবিশ্বাস সৃষ্টিতে এবং প্রতিবন্ধীদের প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তনে উন্নয়ন নাট্য কার্যকর ভূমিকা রাখতে পারে। যদিও এডিডি ১৯৯৯ পরবর্তী থেকে প্রতিবন্ধীদের অধিকার রক্ষায় উন্নয়ন-নাট্য কার্যক্রম চলিয়ে যাচ্ছে। এ ক্ষেত্রে অন্যান্য সংস্থাগুলোও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। অনুরূপ সংখ্যালঘু নির্যাতন,



আদিবাসী সমস্যা, সাম্প্রদায়িকতা প্রভৃতি বিষয়গুলোও উন্নয়ন নাট্যের ইস্যু হিসেবে অন্তর্ভুক্ত হতে পারে। অন্যত্র সংস্থাগুলো কর্তৃক নির্মিত উন্নয়ন নাট্যে উপস্থাপিত উসুগুলো জনসচেতনায় যথেষ্ট ভূমিকা রেখেছে বলে মাঠ পর্যবেক্ষণে প্রমাণ মিলে। এতদ্ব্যতীত বক্ষ্যমাণ গবেষণা কর্মের সার্বিক পর্যালোচনায় ও উপস্থাপিত তথ্য-উপাত্তের ভিত্তিতে বলা যায় উল্লিখিত উন্নয়ন নাট্যের ইস্যুগুলো তৎকালীন আর্থ-সামাজিক ও রাজনৈতিক বাস্তবতায় যথেষ্ট প্রাসঙ্গিক ছিল।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> শামসুল আলম বকুল, *উন্নয়ন নাট্য কর্মী*, (ঢাকা: অডিওতে ধারণকৃত সাক্ষাতকার) ২৫ জানুয়ারি ২০০৪
- <sup>২</sup> মো: শামসুল কবীর খান, *বাংলাদেশের অর্থনীতি* (ঢাকা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, জুলাই, ২০০৪), পৃ. ৪৮
- <sup>৩</sup> হাসনাত আব্দুল হাই, *পল্লী উন্নয়ন*, (ঢাকা: বুক ক্লাব, ফেব্রুয়ারি ২০০১) পৃ. ৪৬-৫০
- <sup>৪</sup> তদেব, পৃ. ৪৯
- <sup>৫</sup> তদেব
- <sup>৬</sup> মো: শামসুল কবীর খান, *বাংলাদেশের অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ১০৮
- <sup>৭</sup> তদেব পৃ. ৪৯
- <sup>৮</sup> রেহেনা পরভীন রুমা, 'নারী ও শিশু নির্যাতন', *দৈনিক জনকণ্ঠ*, (ঢাকা: ১ জানুয়ারি ২০০১), পৃ. ২১
- <sup>৯</sup> নিজস্ব প্রতিবেদক, 'নারী নির্যাতন', *দৈনিক যুগান্তর*, (ঢাকা: ১ জানুয়ারি ২০০৩), পৃ. ১১
- <sup>১০</sup> সারা হু অল্টগলার, 'নারীর অধিকার এবং বাধাসমূহ', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, (ঢাকা: আইন ও সালিশ কেন্দ্র, নভেম্বর ২০০৩), পৃ. ২০১
- <sup>১১</sup> তদেব, পৃ. ২০২-২০৫
- <sup>১২</sup> তদেব, পৃ. ২০৩
- <sup>১৩</sup> নিজস্ব প্রতিবেদক, 'নারী নির্যাতন', *দৈনিক যুগান্তর*, প্রাগুক্ত, পৃ. ১১
- <sup>১৪</sup> সারা হু অল্টগলার, 'নারীর অধিকার এবং বাধাসমূহ', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, প্রাগুক্ত, পৃ. ২০৩
- <sup>১৫</sup> মো: শামসুল কবীর খান, *বাংলাদেশের অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ৮৭
- <sup>১৬</sup> আনু মুহাম্মদ, *বাংলাদেশের উন্নয়ন কি সম্ভব*, (ঢাকা: জাতীয় গ্রন্থ প্রকাশন, ফেব্রুয়ারি, ১৯৯৫), পৃ. ৯
- <sup>১৭</sup> মো: শামসুল কবীর খান, *বাংলাদেশের অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ৮৮
- <sup>১৮</sup> আনু মুহাম্মদ, *বাংলাদেশের উন্নয়ন কি সম্ভব*, প্রাগুক্ত, পৃ. ৪৭
- <sup>১৯</sup> তদেব, পৃ. ৬
- <sup>২০</sup> ড. মো: আবুল কাসেম, *বাংলাদেশের কৃষি ও গ্রামীণ অর্থনীতি*, (ঢাকা: পালক পাবলিশার্স, ফেব্রুয়ারি ২০০৫), পৃ. ১১০
- <sup>২১</sup> ফরহাদ আহমেদ, 'সন্ত্রাস কেমন হবে আগামী দিনের পরিবেশ', *দৈনিক ইত্তেফাক* (ঢাকা: ১ জানুয়ারি ২০০০) পৃ. ২২
- <sup>২২</sup> মো: শামসুল কবীর খান, *বাংলাদেশের অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ৫০
- <sup>২৩</sup> সারা হু অল্টগলার, 'নারীর অধিকার এবং বাধাসমূহ', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, প্রাগুক্ত, পৃ. ৭০
- <sup>২৪</sup> ড. মো: আবুল কাসেম, *বাংলাদেশের কৃষি ও গ্রামীণ অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ১৮৮
- <sup>২৫</sup> তদেব, পৃ. ১৮৮
- <sup>২৬</sup> তদেব, পৃ. ৭৮
- <sup>২৭</sup> মালিনী সুর, '২০২০ সালের বাংলাদেশ: শিশু অধিকার ও বাস্তবতা', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, (ঢাকা: আইন ও সালিশ কেন্দ্র, নভেম্বর, ২০০৩), পৃ. ২৩৯
- <sup>২৮</sup> UNB Dhaka, 'Child labour Elimination week begins today' *The Daily Star* (Dhaka: 1<sup>st</sup> January 2002), p. 10
- <sup>২৯</sup> রেহেনা পরভীন রুমা, 'নারী ও শিশু নির্যাতন', *দৈনিক জনকণ্ঠ*, প্রাগুক্ত, পৃ. ২১
- <sup>৩০</sup> মালিনী সুর, '২০২০ সালের বাংলাদেশ: শিশু অধিকার ও বাস্তবতা', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, প্রাগুক্ত, পৃ. ২৪১
- <sup>৩১</sup> সারা হু অল্টগলার, 'নারীর অধিকার এবং বাধাসমূহ', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, প্রাগুক্ত, পৃ. ২০৪
- <sup>৩২</sup> মালিনী সুর, '২০২০ সালের বাংলাদেশ: শিশু অধিকার ও বাস্তবতা', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, প্রাগুক্ত, পৃ. ২৪৩
- <sup>৩৩</sup> আহমেদ ফরিদ, 'সুশাসন, দুর্নীতি ও মানবাধিকার', *মানবাধিকার বাংলাদেশ ২০০২*, (ঢাকা: আইন ও সালিশ কেন্দ্র, নভেম্বর, ২০০৩), পৃ. ২৩
- <sup>৩৪</sup> তদেব
- <sup>৩৫</sup> নিজস্ব প্রতিবেদক, *সন্ত্রাস: 'গত বছরের সর্বাধিক আলোচিত বিষয়'*, *দৈনিক বাংলা*, (ঢাকা: ১ জানুয়ারি, ১৯৯২), পৃ. ৮
- <sup>৩৬</sup> আনু মুহাম্মদ, *নারী, পুরুষ ও সমাজ*, (ঢাকা: সন্দেশ, বইমেলা, ২০০৫), পৃ. ১৪১
- <sup>৩৭</sup> ড. মো: আবুল কাসেম, *বাংলাদেশের কৃষি ও গ্রামীণ অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ১৯২
- <sup>৩৮</sup> সৈয়দ সাইফুল হক আসিফ, 'অভিবাসী শ্রমিকদের অধিকার', *মানবাধিকার বাংলাদেশ ২০০১*, (ঢাকা: আইন ও সালিশ কেন্দ্র, নভেম্বর, ২০০২), পৃ. ১৯৪
- <sup>৩৯</sup> মো: শামসুল কবীর খান, *বাংলাদেশের অর্থনীতি*, প্রাগুক্ত, পৃ. ৪৯
- <sup>৪০</sup> নিলুফার মতিন, 'নারীদের রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং নির্যাতন থেকে মুক্ত থাকার অধিকার', *মানবাধিকার বাংলাদেশ ২০০১*, (ঢাকা: আইন ও সালিশ কেন্দ্র, নভেম্বর, ২০০২), পৃ. ২২৩

## বরেন্দ্র অঞ্চলের সত্যপির পাঁচালিতে পিরের অলৌকিকতা ও ভক্তদের বিশ্বাস সমীক্ষণ

(An Exploration of the Miraculousness of the pir and Herein Beliefs of His Devotees in the Satyapir Panchali of Varendra Region)

ইসমত আরা ভূঁইয়া ইলা\*

**Abstract:** The theatrical presentation about pir is generally called pir-panchali in Bangladesh. Ekdilpir, Manikpir, Gazipir, Satyapir panchalies are famous here. The traditional theatre form of Satyapir panchali is usually presented in Varendra region. At present, Rajshahi division and Rangpur division in Bangladesh are geographically indicated Varendra region. In this region, the greatness of Satyapir is performed with dance, song, musical instruments, chorus, narration, acting that are the important forms of panchali. Because the devotees of Satyapir believe that he has supernatural powers which are Satyapir gives children to the childless; gives wealth to the poor; recovers people from disease; fills the people's expectations and mind of his devotees. For this reason the devotees arrange the Satyapir panchali good for the well-being of people. Not only that but also they offer worship to Satyapir. They believe that if anybody ignores Satyapir, the pir harms them with his supernatural powers. The article is written to find out the supernatural power of Satyapir and the faith of the devotees of Varendra region.

### ভূমিকা

ইসলাম ধর্ম-প্রচারক পির-দরবেশগণের আগমনের মধ্য দিয়ে মূলত ভারতবর্ষে পিরবাদের অনুপ্রবেশ ঘটে। আরব, ইরাক, ইরান, সিরিয়া, পারস্য থেকে আগত এসকল পির-দরবেশ ভারতবর্ষের বিভিন্ন স্থানে তাঁদের আস্তানা স্থাপন করেন এবং ইসলামের বাণী প্রচারে নিজেদের নিয়োজিত করেন। ধর্মীয় আদান-প্রদানের মধ্য দিয়ে পির-দরবেশগণের সাথে এদেশের মানুষের মধ্যে ধর্মীয় এবং আত্মিক সম্পর্ক গড়ে ওঠে। এ সম্পর্কই পিরবাদ প্রতিষ্ঠার বুনয়াদ হিসেবে কাজ করেছে। সাধারণত প্রাক-মুসলিম যুগে উচ্চবর্ণের হিন্দু ও বৌদ্ধদের দ্বারা নির্যাতিত নিচুবর্ণের হিন্দু, বৌদ্ধ জনগণ যখন অস্তিত্ব সংকটে মুহ্যমান সেই সময়ে ইসলাম ধর্ম-প্রচারক পির-দরবেশগণ হয়ে ওঠেন তাদের ভরসার কেন্দ্রস্থল। সময়ের বিবর্তনে বাস্তবে বিদ্যমান এসকল পিরের পাশাপাশি জনমানসের কল্পনা-প্রসূত কিছু পিরের উদ্ভব ঘটে, যারা লৌকিক পির নামে পরিচিতি লাভ করেন। এই লৌকিক পিরদের মধ্যে উল্লেখযোগ্য হলেন গাজিপির, মানিকপির, মাদারপির, সত্যপির প্রমুখ। জনগণের মানসজাত এসকল পির ক্রমেই জনপ্রিয় হয়ে উঠতে থাকেন। তাঁদের ঘিরে আবর্তিত হতে থাকে নানা রকম কৃত্যানুষ্ঠান। পিরের সন্তুষ্টি অর্জনে আয়োজন করা হয় পূজা অনুষ্ঠানের। কেননা, 'পীর সাহেবেরা ভূত, বর্তমান ও ভবিষ্যৎ-দ্রষ্টা; তিনি ভবিষ্যৎবাণী করিতে পারেন এবং ভক্তের কাতর প্রার্থনায়, ভবিষ্যৎ জীবনের গতি নির্দেশ করিতে বা ফিরাইয়া দিতে পারেন।' পিরের নামে পালাগান পরিবেশনের প্রচলনও রয়েছে। কোনো কোনো পির আবার বিশেষ বিশেষ অঞ্চলে জনপ্রিয় হয়ে ওঠেন। এরকমই একজন পির হলেন সত্যপির, যিনি বরেন্দ্র অঞ্চলের জনমানসের নিকট খুবই জনপ্রিয়। প্রতিষ্ঠিত হয়েছেন সকল বিপদের ত্রাণকর্তা হিসেবে। তাঁর মাহাত্ম্যবিষয়ক পরিবেশনার নাম স্থানভেদে সত্যপিরের গীত, সত্যপিরের গান, সত্যপিরের পালা, সত্যপির পাঁচালি ইত্যাদি।

প্রচলিত এসব গান বা পাঁচালি মূলত বরেন্দ্র অঞ্চলে (বিশেষত উত্তরবঙ্গে) পরিবেশিত হতে দেখা যায়। সাধারণত ভূমি-সমতল গোলাকার আসরে পরিবেশিত হয় সত্যপিরের পাঁচালি। আসরের কেন্দ্রে বাদ্যযন্ত্রী,

\* পিএইচ.ডি গবেষক, নাট্যকলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

দোহার ও অপেক্ষমান শিল্পীদের অবস্থান। তার চারপাশে বৃত্তাকার অভিনয় এলাকা, অতঃপর দর্শকের অবস্থান। সত্যপির পাঁচালি যেহেতু মানত নির্ভর পরিবেশনা, সেহেতু পরিবেশনা শুরু পূর্বে সত্যপিরের সঙ্কল্পি অর্জনের লক্ষ্যে কিছু কৃত্যচার পালন করা হয়ে থাকে। এসময় সত্যপিরের নামে প্রতিষ্ঠা করা হয় ঘট। যা সত্যপিরের আসন নামে পরিচিত। আসন প্রতিষ্ঠার পর শুরু হয় মূল পরিবেশনা। শুরুতেই সম্মিলিত বাদ্যবাদন। এরপর পরিবেশিত হয় বন্দনা গীত। সত্যপির পাঁচালিতে বিভিন্ন ধরনের বন্দনা গীত পরিবেশনের রীতি রয়েছে। যেমন: আসর বন্দনা, গুরু বন্দনা, পির বন্দনা, নাম বন্দনা, লক্ষী বন্দনা ইত্যাদি। বন্দনা গীত পরিবেশন শেষে বিভিন্ন ধর্ম বিষয়ক আলোচনা করেন মূল গায়ন, যা অঞ্চলভেদে ধর্মীয় অনুষ্ঠান, মারফতি কালামের আলোচনা ইত্যাদি নামে পরিচিত। মূল গায়ন অন্যান্য অভিনেতার সহযোগিতায় গীত, সংলাপ এবং বর্ণনার মাধ্যমে ধর্মীয় অনুষ্ঠানের পরিবেশনা সম্পন্ন করে থাকেন। এরপর শুরু হয় মূল আখ্যানের পরিবেশনা। নৃত্য, গীত, বাদ্য, সংলাপ, বর্ণনা, ধূয়া, পরিক্রমণ ইত্যাদির সম্মিলিত প্রয়োগে মূল গায়ন এবং অন্যান্য অভিনেতাগণ আখ্যান পরিবেশন করে থাকেন। আখ্যান পরিবেশন শেষে দর্শকের কাছে ভুল-ভ্রান্তির জন্য ক্ষমা চেয়ে এবং সকলের নিকট থেকে বিদায় গ্রহণ করে সত্যপির পাঁচালি পরিবেশনার সমাপ্তি ঘোষণা করা হয়।

নৃত্য-গান-বাদ্য-দোহার-অভিনয়-বর্ণনার সমন্বয়ে উপস্থাপিত সত্যপিরের অলৌকিক মহিমার কারণে বিশেষত বরেন্দ্র অঞ্চলের সাধারণ মানুষের কাছে তিনি পূজনীয় হয়ে আছেন। প্রসঙ্গত, যেহেতু বরেন্দ্র অঞ্চলে সত্যপিরের পাঁচালি পরিবেশিত হয় সেজন্য বরেন্দ্র অঞ্চলের কয়েকটি জেলা ও সত্যপিরের প্রচলিত পুথি অনুসারে সত্যপিরের অলৌকিক ক্ষমতা ও তাঁর প্রতি বিশ্বাসের বিষয় অন্বেষণ করা হয়েছে আলোচ্য প্রবন্ধে। এজন্য প্রথমেই বরেন্দ্র অঞ্চলের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা আবশ্যিক।

#### বরেন্দ্র অঞ্চল

বহুকাল পূর্বে বাংলাদেশের উত্তরাঞ্চল বরেন্দ্র অঞ্চল হিসেবে পরিচিত ছিলো, যা এখনও বরেন্দ্র অঞ্চল হিসেবে খ্যাত। নানা ঐতিহ্যে ভরপুর বঙ্গদেশের কেন্দ্রভূমি এই অঞ্চল। অত্যন্ত গুরুত্বপূর্ণ এই জনপদটি বিভিন্ন সময়ে বিভিন্ন রাজা বাদশাহর শাসনাধীন ছিলো। সভ্যতার অগ্রগতির সাথে সাথে প্রাকৃতিক নিয়মেই এখানে সমাজ ও সংস্কৃতির বিকাশ ঘটেছে। ভৌগোলিক বিভাজনের ফল-স্বরূপ বিভিন্ন সময়ে এই অঞ্চলের আয়তনের যেমন পরিবর্তন ঘটেছে, তেমনি নামেরও পরিবর্তন ঘটেছে। যেমন: পুণ্ড্র, পুণ্ড্রবর্ধন, মহাস্থানগড়, বরেন্দ্র অঞ্চল, রাজশাহী প্রভৃতি। তবে বরেন্দ্র শব্দের প্রথম উল্লেখ পাওয়া যায় খ্রিষ্টীয় দশম শতকে। এ প্রসঙ্গে নীহাররঞ্জন রায় উল্লেখ করেন, “৯৬৭ খ্রীষ্টাব্দের একটি দক্ষিণী লিপিতে ‘বরেন্দ্রদ্যুতিকারিণ’ এবং গৌড়চূড়ামনি’ নামক জনৈক ব্রাহ্মণের উল্লেখ আছে।”<sup>২</sup> তাঁর মতে, ‘বৈদ্যদেবের কমৌলি-লিপিতে বরেন্দ্রীয় উল্লেখ আছে;’<sup>৩</sup> তবকাত-ই-নাসিরী গ্রন্থেও বরেন্দ্র শব্দের উল্লেখ রয়েছে। উক্ত গ্রন্থে বরেন্দ্রকে লক্ষণাবতী রাজ্যের অংশ হিসেবে চিহ্নিত করা হয়েছে। ‘এই গ্রন্থের মতে লক্ষণাবতী রাজ্যের দুই বিভাগ গঙ্গার দুই তীরে; পশ্চিমে রাল্ (=রাঢ়), পূর্বে বরিন্দ্র (=বরেন্দ্রী বা বরেন্দ্র)।’<sup>৪</sup>

প্রশাসনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেরও নিজস্ব কৌশল রয়েছে। কৌশলগত কারণেই বাংলাদেশ এবং প্রাচীন বাংলা খণ্ডিত হয়েছে বহুবার। যেমন, ‘নবাব মুর্শিদকুলী খান রাজস্ব কার্যের সুবিধার জন্য সমগ্র বাংলাকে ১৩টি চাকলায় বিভক্ত করেছিলেন।’<sup>৫</sup> এছাড়া রাজস্ব আদায়ের সুবিধার্থে ‘ইস্ট ইন্ডিয়া কোম্পানি’ সমগ্র বাংলাকে বেশ কয়েকটি জেলায় ভাগ করেছিলেন এবং সেসময় রাজস্ব আদায়ের বিষয়টি সঠিক তদারকির জন্য কয়েকটি সার্কিটও সৃষ্টি করা হয়। ‘জেলা সৃষ্টির পরে সে সব সার্কিটের ভিত্তিতেই ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকে সমগ্র বাঙলাকে পাঁচটি বিভাগে বিভক্ত করা হয় এবং এসব বিভাগ ছিল, (১) রাজশাহী, (২) বর্ধমান, (৩) প্রেসিডেন্সি, (৪) ঢাকা ও (৫) চট্টগ্রাম।’<sup>৬</sup> ১৯৮৪ সালে রাজশাহী বিভাগকে মোট ১৬ টি জেলায় বিভক্ত করা হয়। বর্তমানে এই ১৬ টি জেলাকে দুই ভাগে বিভক্ত করে রাজশাহী ও রংপুর বিভাগ ঘোষণা করা হয়েছে। রাজশাহী বিভাগের জেলাসমূহ হলো- রাজশাহী,

নাটোর, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, সিরাজগঞ্জ এবং রংপুর বিভাগের জেলাসমূহ হলো- রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, পঞ্চগড়। বর্তমানে বরেন্দ্র অঞ্চল বলতে রাজশাহী এবং রংপুর বিভাগের জেলাগুলোকে বুঝানো হয়ে থাকে। সাংস্কৃতিক উপাদানে ভরপুর এই বরেন্দ্র অঞ্চল। সত্যপিরের পাঁচালি ছাড়াও এ অঞ্চলের উল্লেখযোগ্য সাংস্কৃতিক উপাদান হলো বিষহরির গান, কুশান গান, আলকাপ, গম্ভীরা, কাহানি, বউ বন্দক, পালাটিয়া, মাটি খচা, যাত্রা, ভাওয়াইয়া, মাদার পিরের গান ইত্যাদি। প্রসঙ্গত ঠাকুরগাঁও, পঞ্চগড় ও গাইবান্ধা জেলাত্রয়ের প্রায় সাতটি দলের সত্যপিরের পাঁচালি পরিবেশনা পর্যবেক্ষণ ও সমীক্ষা করে বক্ষ্যমাণ প্রবন্ধ রচনা করা হয়েছে।

### সত্যপির

সত্যপির শব্দের আভিধানিক অর্থ খাঁটি পির; সত্য পথের সন্ধান যে পির দিতে সক্ষম।<sup>১</sup> আবার সত্যপির শব্দটি বিশ্লেষণে দুটি পৃথক শব্দ পাওয়া যায়। (১) সত্য, যার আভিধানিক অর্থ অমিথ্যা; যথার্থ।<sup>২</sup> “মূলতঃ ‘সত্য’ শব্দ এখানে আরবী ‘হক’-এর প্রতিশব্দ। সুফী গুরুরা ঈশ্বরকে এই নামে নির্দেশ করতেন।”<sup>৩</sup> (২) পির, যার অর্থ মুসলিম দীক্ষাগুরু; পুণ্যাত্মা; মুসলমান সাধু মহাপুরুষগণ।<sup>৪</sup> সুতরাং বলা যায়, যে সকল মুসলিম সাধু পুরুষগণ সাধারণের মাঝে সত্যের মর্মবাণী বা ঈশ্বরের বাণী প্রচার করে মানুষকে সঠিক পথের সন্ধান দেন, তাঁরাই সত্যপির। গবেষকের মতে, সত্যের বাণী প্রচারকারী পিরগণ ক্রমে মানুষের অন্তরে একক ব্যক্তি হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। যেমন,

ধীরে ধীরে ‘সত্য-পীর’ এই শব্দটি মানুষের মধ্যে ব্যাপকতা লাভ করেছিল। পরবর্তীকালে মনুষ্য ধারার সঙ্গে সঙ্গে সত্যপীর আবহমান ধারায় চলে এসেছিল মানুষের সঙ্গে। পরবর্তীকালের মানুষ মনে করেছিল সত্য-পীর একক কোনও ব্যক্তি বা পীর। তারা হয়তো ধারণা করেছিল, অতীতেও আমাদের দেশে সত্যপীর নামে কোনও পীর ছিল। এইভাবে বাঙালি হিন্দু-মুসলিম মানসে ‘সত্যপীরের’ উদ্ভব ঘটেছিল।<sup>৫</sup>

সত্যপিরের পরিচয় সম্পর্কিত ভিন্ন মত হলো, “বাগদাদের বিখ্যাত সুফী সাধক মনসুর আল হাল্লাজ যিনি নির্দিধায় ‘আমিই সত্য’ ঘোষণা করে কিছু মুসলিমের হাতে মৃত্যুবরণ করেছিলেন, তিনিই নাকি মূল সত্যপীর।”<sup>৬</sup> ভক্তের কাছে সত্যপির এবং সত্য নারায়ণ একই ব্যক্তি হিসেবে প্রতিষ্ঠিত। নারায়ণ হলো হিন্দু দেবতা। সুতরাং ভক্তদের কাছে সত্যপির দেবতার সমকক্ষ। এ সম্পর্কে গবেষক ওয়াকিল আহমদ-এর মত হলো,

বাংলাদেশে লোকচেতনায় পীর গুরুমাত্র নন, হিন্দুর দেবতাতুল্য তাঁর স্থান। বিশেষ করে, পীরের দেবত্বপ্রাপ্তির ধারণাটি সুস্পষ্ট। লোকমানসিকতায় ঐতিহাসিক, পৌরাণিক, কাল্পনিক পীর একাকার হয়ে গেছেন। এখন তাঁরা দেবতাজ্ঞানে পূজা-শিরনি পান; তাঁদের উদ্দেশ্যে বিবিধ আচার-অনুষ্ঠান পালিত হয়।<sup>৭</sup>

সত্যপিরের জন্ম সম্পর্কে একটি কিংবদন্তী হলো, ‘বাংলার সুলতান আলাউদ্দীন হোসেন শাহের কোন এক কন্যার গর্ভে সত্যপীর জন্মগ্রহণ করেছিলেন।’<sup>৮</sup> মুনশী ওয়াজেদ আলী তাঁর কাব্যে সত্যপিরের রূপের বর্ণনা করেছেন, ‘সর্ব্বাঙ্গে তিলক তার কপালে জোড় ফোটা ॥ হাতেতে জপন মালা মাথা ভরা জটা \*’<sup>৯</sup>

কৃষ্ণহরিদাস তাঁর কাব্যে সত্যপিরের আরও বিস্তারিত বর্ণনা লিপিবদ্ধ করেছেন। মূল কাব্য গুরুর পূর্বে সত্যপিরের ছবি সহকারে এই বর্ণনা লিপিবদ্ধ রয়েছে।

অকুমারী সন্ধ্যাবতী, তার গর্ভে উৎপত্তি, মালঞ্চ করিল ছারখার। হাতে আশর মাখে জটা, কপালে বৃহতি ফোঁটা, বাম করে শোভে অতি বাহার। সুবর্ণের পইতা কান্দে, কোমরে জিঞ্জির বান্ধে, অঙ্গে শোভে গেরুয়া বসন। বেড়ায় সন্ন্যাসী বেশে, ফিরে অন্য দেশে দেশে, নানা মূর্ত্তি করিয়া ধারণা।<sup>১০</sup>

কৃষ্ণহরি দাসের কাব্য ছহি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুথিতে সত্যপির তাঁর আত্মপরিচয়ে বলেছেন যে, ‘সত্যকালে জন্ম মোর নাম সত্যপীর ॥ কলিকালে জন্মিয়া হইনু জাহির \* হিন্দুর দেবতা আমি মমিনের পীর ॥ যে যাহা কামনা করে তাহারে হাসিল \*’<sup>১১</sup>

বোঝা যায়, সত্যপির মূলত সত্যের পির, যিনি সর্বদা সঠিক বা ন্যায়ের পথ দেখাতে সক্ষম বলে মানুষের বিশ্বাস। তাঁকে যেমন পির আখ্যা দেওয়া হয়, তেমনি দেওয়া হয় গুরুর সম্মান, এমনকি দেবতার সমকক্ষ হিসেবেও ভাবা হয়ে থাকে। অন্যদিকে পিরকে খুশি করার জন্য যেমন পূজা দেওয়ার রীতি রয়েছে, তেমনি রয়েছে শিরনি দেওয়ার প্রচলন। সত্যবাণী প্রচারের জন্য তিনি বিভিন্ন মূর্তি ধারণ করতে পারেন, যা ইচ্ছা তাই করতে পারেন। অর্থাৎ সত্যপির অলৌকিক ক্ষমতার অধিকারী। কখনো পইতা হাতে, কখনো গেরুয়া বসনে সন্ন্যাসী সাজেন তিনি। এভাবে হিন্দুর দেবতা ও মুসলমানের পির হিসেবে তিনি পরিচিত। এজন্য সত্যপির ও সত্যনারায়ণ অভিন্ন হিসেবে প্রতীয়মান। বরেন্দ্র অঞ্চলে সত্যপির ভক্তদের নিকট পির ও নারায়ণ হিসেবে সেবা পেয়ে থাকেন; কখনো গানের আসরে আবার কখনো শুধু শিরনি বা পূজা পেয়ে। কারণ তিনি অলৌকিক ক্ষমতা দিয়ে হিন্দু ও মুসলিম উভয় সম্প্রদায়ের মানুষের মনোবাসনা পূরণ করে থাকেন। তাই সত্যপিরকে অসাম্প্রদায়িক পির হিসেবে আখ্যা দেয়া যায়।

### সত্যপিরের জন্ম-পরিচয়

মধ্যযুগে রচিত পির সাহিত্যে বিভিন্ন পিরের অলৌকিক মহিমা, তাঁদের জন্ম পরিচয় এবং রূপের নিখুঁত বর্ণনা রয়েছে। এরই ধারাবাহিকতায় সত্যপিরের মাহাত্ম্যসূচক একাধিক পুঁথির সন্ধান পাওয়া যায়। তার মধ্যে উল্লেখযোগ্য হলো- মুন্সী ওয়াজেদ আলি রচিত *মদন কামদেবের পালা*, কবি আরিফ রচিত *লালমোনের কেছা*, কবি কৃষ্ণহরিদাস রচিত *ছহি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুঁথি* ইত্যাদি। বরেন্দ্র অঞ্চলের মানুষের মধ্যে সত্যপিরের জন্ম এবং তাঁর অলৌকিক মহিমা সংক্রান্ত যে বিশ্বাসের প্রতিফলন লক্ষ করা যায়, তার সাথে কৃষ্ণহরিদাস রচিত *ছহি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুঁথি*-র মিল পাওয়া যায়। কৃষ্ণহরি দাস রচিত *ছহি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুঁথি*-র অন্তর্ভুক্ত মালধণর পালায় সত্যপিরের জন্মপরিচয় সম্পর্কিত যে কাহিনি পাওয়া যায়, বরেন্দ্র অঞ্চলে তা সত্যপিরের জন্মপালা নামে পরিচিত। বরেন্দ্র অঞ্চলে সত্যপিরের গান পরিবেশনায় সত্যপিরের জন্মপালাটি অপরিহার্যরূপে পরিবেশন করা হয়ে থাকে। জন্মপালার পাশাপাশি আরও কিছু পালা পরিবেশন করা হয়। যেমন: শিশুপাল রাজার পালা, যশমন্ত সাধুর পালা, হিরা মুচির পালা, শশী বেশ্যার পালা, মালিনীর পালা ইত্যাদি। উল্লিখিত পালাগুলো কৃষ্ণহরি দাস রচিত *ছহি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুঁথি*-র অন্তর্ভুক্ত পালা। তবে বরেন্দ্র অঞ্চলের কিছু কিছু এলাকায় সত্যপিরের জন্ম পালার পাশাপাশি অন্যান্য প্রচলিত পালা যেমন বাহারাম বাদশাহ, রাজা হরিশচন্দ্র, ইউসুফ জুলেখা, আমিরুল বাদশাহ, একাব্বর বাদশাহ, কমলার বনবাস, লালচান বাদশাহ, হারুন রশিদ বাদশাহ, সয়ফুলমুলুক-বদিউজ্জামাল ইত্যাদি পরিবেশন করা হয়ে থাকে। প্রচলিত এসকল গল্প-কাহিনি পরিবেশনায় শিল্পীগণ অত্যন্ত পারদর্শিতার সাথে সত্যপিরের অলৌকিক ক্ষমতার সমন্বয় করেন। সত্যপিরের গানে পরিবেশিত এসকল গল্প পর্যালোচনায় মূলত সত্যপিরের দুই ধরনের পরিচয় উদঘাটিত হয়। (১) সত্যপিরের জন্ম পরিচয় এবং (২) সত্যপিরের অলৌকিক ক্ষমতার পরিচয়। প্রসঙ্গক্রমে কৃষ্ণহরিদাস রচিত *ছহি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুঁথি* অবলম্বনে সত্যপিরের জন্ম পরিচয় সম্পর্কিত তথ্য তুলে ধরা হলো।

মালধণ নগরের অত্যাচারী হিন্দু রাজা মৈদানব। মুসলমান ফকির দেখলেই অত্যাচারী এই রাজা তাদেরকে কারাগারে বন্দি করেন। মৈদানব রাজার এমন আচরণের কারণে স্বয়ং নিরঞ্জনের ইচ্ছায় মালধণের রানি প্রিয়াবতীর গর্ভে সন্ধ্যাবতী নামে জন্মগ্রহণ করেন বেহেশতের চাঁনবিবি। ঈশ্বরের ইচ্ছা এবং পরিকল্পনা অনুযায়ী দেবী সন্ধ্যাবতীর গর্ভেই জন্ম হয় সত্যপিরের।

সত্যপীরকে পাঠাইয়া দেহ সত্য অবতারে ॥ জন্ম হইবে সন্ধ্যাবতীর উদরে \* এক পথে দুই কার্য সমাধা করিয়া ॥ গাওর তুড়িয়া আসুক মালধেতে যায়া \* হিন্দুর দেবতা হবে মুসলমানের পীর ॥ দুই কুলে লইবে সেবা করিয়া জাহির \* কলিকালে লোক যত হবে পাপ বুদ্ধি ॥ করিবে সত্যের সেবা কার্য হবে সিদ্ধি \* যশের ঘোষণা হবে সংসার ভরিয়া ॥ অবশেষে আসিবেক ভেষ্টেতে চলিয়া \*<sup>২৮</sup>

উক্ত পরিকল্পনা অনুযায়ী দেবী সন্ধ্যাবতী একদিন সখিসহযোগে এন্নার নদীর জলে স্নান করতে যান। ফেরেশতা জিবরাইল বেহেশতের দুলালের ফুলের উপর সত্যপিরকে বসিয়ে সেই ফুল ভাসিয়ে দেন এন্নার

নদীর জলে। দৃষ্টিগোচর হলে দুলালের ফুল হাতে তুলে নেন সন্ধ্যাবতী। ফুলের গন্ধ গ্রহণ করলে বাতাসরূপে সন্ধ্যাবতীর উদরে প্রবেশ করেন সত্যপির। গর্ভবতী হয় দেবী সন্ধ্যাবতী। অবিবাহিত মেয়ের গর্ভবতী হবার ঘটনা অবগত হয়ে রাগে, ক্রোধে সন্ধ্যাবতীকে বনবাস দেবার হুকুম দেন মৈদানব রাজা। রাজআজ্ঞা অনুযায়ী তুলারাম কোটাল বেগবতী নদীর তীরে অবস্থিত কুলবনে দেবী সন্ধ্যাবতীকে বনবাস দেয়। বনবাসে থাকা অবস্থায় সন্ধ্যাবতী প্রসব করেন একটি রক্তদলা। দৃষ্টান্তস্বরূপ উল্লেখ্য, ‘কি কব পীরের কথা, হস্ত পদ নাহি মাথা, মুখ নাহি নাসিকা শ্রবণ ॥ ক্ষণে ক্ষণে নড়ে চড়ে, রক্ত টিমা গড়ি পড়ে, এইরূপে সত্যের জনম\*’<sup>১৯</sup> কোনো উপায় না দেখে সন্ধ্যাবতী রক্তদলা ফেলে দেন বেগবতী নদীতে। রক্তের দলারূপে সত্যনারায়ণ গিয়ে পড়েন কচ্ছপের উদরে। সন্ধ্যাবতীর গর্ভজাত রক্তদলা ঘটনাক্রমে কচ্ছপের পেট থেকে মানুষরূপে জন্মগ্রহণ করে।

ছই বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুথি-তে সত্যপিরের পূর্বজন্ম ইতিহাস পাওয়া যায়। তাতে জানা যায়, পৃথিবী সৃষ্টির শুরুতে বিধাতা আব, আতস, খাক, বাদ- এ চার শক্তিকে পৃথিবীতে পাঠাতে নারাজ ছিলেন। কারণ এরা প্রত্যেকেই নিজ নিজ ক্ষমতাকে অপব্যবহার করে আল্লাহর বান্দার ক্ষতিসাধন করবে। কিন্তু প্রত্যেকেই বিধাতার কাছে প্রতিজ্ঞাবদ্ধ হয় এই বলে যে, তারা তাদের ক্ষমতাকে মানুষের উপকারে ব্যবহার করবে। তবুও বিধাতা তাদেরকে তিনবার সত্য করিয়ে নিলেন। যেমন, ‘তিনবার সত্য করাইল নিরাঞ্জন ॥ সত্য শব্দে হৈল তাতে আমার সৃজন \*’<sup>২০</sup> আর এভাবেই উদ্ভব হলো সত্যের। আরসের নিচে যে গোলক বৃন্দাবন, সেইখানে ঈশ্বর তাকে লুকিয়ে রাখলেন। সত্যপিরের পূর্বজন্ম ইতিহাস এবং পৃথিবীতে তাঁর জন্মের ঘটনা পর্যালোচনা করলে দেখা যায়, তাঁর জন্মের ইতিহাসও অলৌকিক ঘটনা সম্বলিত। শুধু তাই নয়, দুটি ঘটনা বিশ্লেষণ করলে তাতে হিন্দু ও মুসলিম ধর্মের সমন্বয় লক্ষ করা যায়। গোলক বৃন্দাবন হলো ভগবান কৃষ্ণের আবাস স্থল। প্রথম জন্মে সৃষ্টিকর্তা তাঁকে গোলক বৃন্দাবনে লুকিয়ে রেখেছিলেন। দ্বিতীয় জন্মে তিনি হিন্দুর ঘরে মুসলমান হয়ে জন্মগ্রহণ করেন এবং পৃথিবীতে তিনি অলৌকিক ক্ষমতাস্বত্ব একজন পির হিসেবে প্রতিষ্ঠা পান। এর প্রভাব লক্ষ করা যায় বরেন্দ্র অঞ্চলের সাধারণ মানুষের জীবনে। কেননা, হিন্দু-মুসলিম সমন্বয় এবং অলৌকিক ঘটনার সমারোহে পরিবেশিত সত্যপিরের পাঁচালি বরেন্দ্র অঞ্চলের সত্যপির ভক্তদের জীবনচরণের সাথে মিলেমিশে একাকার হয়ে গেছে।

#### সত্যপিরের অলৌকিকতা

পূর্বে উল্লেখ করা হয়েছে যে, সত্যপিরের চারিত্রিক বৈশিষ্ট্যের মধ্যে অন্যতম দিক হলো তিনি অলৌকিক ক্ষমতার অধিকারী। তিনি যেকোনো পরিস্থিতিতে নিজের রূপ পরিবর্তন করতে পারেন। কখনও শ্বেতমাছি, কখনও চতুর্ভুজ মূর্তি, কখনও সন্ন্যাসী, কখনও আবার কুঁজা ফকিরের রূপ ধারণ করেন তিনি। তাঁর এই ক্ষমতা প্রয়োগের মধ্য দিয়ে তিনি মৃতকে জীবিত করেন, অসুস্থকে সুস্থ করে তোলেন, অর্থহীনকে অর্থ দান করেন, সম্ভানহীনকে সম্ভান দান করেন ইত্যাদি। সত্যপিরের ছোঁয়ায় পাপীর পাপমোচন হয়। তাঁর এ পরিচয়ের কারণেই বরেন্দ্র অঞ্চলের মানুষের কাছে সত্যপির হয়ে উঠেছেন প্রবল ক্ষমতাস্বত্ব ও হিতকর একজন পির, যিনি তাঁর অলৌকিক ক্ষমতার মাধ্যমে মানুষের মনের আশা পূরণ করে থাকেন। এই বিশ্বাসকে অবলম্বন করেই বরেন্দ্র অঞ্চলের বেশিরভাগ মানুষ একাগ্রচিত্তে সত্যপিরের সেবা করে থাকেন।

মাঠ পর্যবেক্ষণে দেখা যায়, বরেন্দ্র অঞ্চলে সত্যপিরের অসংখ্য ভক্ত, অনুরাগী, অনুসারী রয়েছে। এই ভক্তরা তাদের সামর্থ্য অনুযায়ী সত্যপিরের গান (সত্যপির পাঁচালি) মানত করে থাকেন। গান শেষে আয়োজন করেন শিরনির। গান আয়োজনের সামর্থ্য যাদের নেই, তারা শুধুমাত্র শিরনি আয়োজন করে বিতরণ করে থাকেন। এক্ষেত্রে সত্যপির পাঁচালির গায়ন শিরনির আনুষ্ঠানিকতা শেষ করে ঐ বাড়িতে পিরের নামে একটি ঘট স্থাপন করে দেন। বছরের বিভিন্ন সময়ে ঐ ঘটে পিরের নামে টাকা রাখা হয়। ঘটে জমানো টাকা দিয়ে আবারও শিরনি প্রদান করা হয় পিরের নামে। ঘটে টাকা জমিয়ে শিরনি দেবার এই প্রথা বছরের পর বছর চলতে থাকে। এসকল আনুষ্ঠানিকতার সাথে জড়িয়ে আছে মূলত পিরের অলৌকিক

ক্ষমতার প্রতি সাধারণ মানুষের অগাধ বিশ্বাস এবং ভালোবাসা। মাঠ সমীক্ষায় একাধিক পালা পর্যবেক্ষণ এবং মানতকারী, সত্যপির পাঁচালি পরিবেশনাকারী দলের সাথে যুক্ত ব্যক্তিবর্গ, দর্শকের সাথে কথা বলে এ ধরনের বিশ্বাসের প্রমাণ পাওয়া গেছে। কৃষ্ণহরি দাস রচিত পুথিতেও সত্যপিরের সন্তুষ্টি আদায়ের লক্ষ্যে শিরনি দেওয়া প্রসঙ্গের উল্লেখ রয়েছে একাধিকবার। হিন্দু রাজা মৈদানব মুসলমান ফকির দেখলেই অসন্তুষ্ট হন। বিভিন্নভাবে তাদেরকে অপমান করেন এবং শাস্তি প্রদান করেন। এই অপরাধে সত্যপির তাঁর অলৌকিক ক্ষমতাবলে মালধগ ভাসিয়ে দেন। পানিতে ভাসতে থাকে মৈদানব রাজার মালধগ নগরের প্রাসাদ এবং রাজা নিজেও। এমন পরিস্থিতিতে শিরনি প্রদান করার অঙ্গীকার করলে মৈদানব রাজাকে উদ্ধার করেন সত্যপির। আবার সত্যপিরের দুই মামী হাতের কঙ্কণ বিক্রি করে সত্যপিরের নামে শিরনি প্রদান করেন। দরিদ্র হিরা মুচি নিজের স্ত্রীকে অন্যের বাড়িতে কাজে লাগিয়ে অগ্রিম টাকা গ্রহণ করেন এবং সেই টাকা দিয়ে সত্যপিরের নামে শিরনি প্রদান করেন। শিরনি প্রসঙ্গে সত্যপিরের উক্তি নিম্নরূপ—

সিন্নির কথা রাজা তোমার স্থানে কই ॥ কাঁচা দ্রব্য বিনে আমি পাকা নাই খাই \* আটা চিনি দুধ রঙা করিয়া একত্র ॥ ছোট হৈতে তাই খাইতে শিথিয়াছি মাত্র \* ঘৃত মধু আম কাঁঠাল ফল মূল আদি ॥ তাহাই খাইব আমি জনম অবধি \*<sup>২১</sup>

গল্পে আরও পাওয়া যায়, সত্যপির একদা ব্রাহ্মণ কুশল ঠাকুরের ঘরে পোষ্যপুত্র হয়ে ছিলেন। বৃদ্ধ কুশল ব্রাহ্মণ মৈদানব রাজার পাঠশালায় শিক্ষাদান করেন। বৃদ্ধ বয়সে পিতার কষ্ট দেখে সত্যপির নিজে পাঠশালায় যান পড়াতে। ঐ পাঠশালায় মৈদানব রাজার দুই পুত্র শ্যামসুন্দর ও দামুদর শিক্ষাগ্রহণ করেন। ঘটনাক্রমে সত্যপিরের সাথে বিবাদে জড়ান শ্যামসুন্দর ও দামুদর। এক পর্যায়ে সত্যপিরের ছুঁড়ে দেওয়া পাথরের আঘাতে মৃত্যু হয় রাজার পুত্র শ্যামসুন্দরের। রাজা সত্যপিরকে কামানের গুলিতে মেরে ফেলার হুকুম দেন। কিন্তু লোকমান হাকিমের সহায়তায় বেঁচে যান সত্যপির। প্রতিশোধ পরায়ন রাজা এবার সত্যপিরের গলায় বাইশ মণ ওজনের পাথর বেঁধে জলে ডুবিয়ে মারার হুকুম দেন। কিন্তু সত্যপিরের অলৌকিক মহিমায় ঐ পাথর সোলার ভেলার মতো ভাসতে থাকে। এতে রক্ষা পান সত্যপির। রক্ষা পেয়ে সত্যপির পাথর থেকে নেমে যান। এমন সময় পাথর সত্যপিরকে বলে, ‘এই যে নিদানে তোকে করিলাম পার ॥ ঘাটেতে ছাড়িয়া যাও কি গতি আমার \*<sup>২২</sup> কথা শুনে সত্যপির ঐ পাথরকে ‘পাথরপির’ হিসেবে বগজোড় শহরে প্রতিষ্ঠা হবার বর দেন, যাকে সেবা করলে সন্তানহীনের সন্তান হবে।

সত্যপীর বলে তোরে দিলাম এ-বর ॥ উজান মুখে ভাসি যাও বগজোড় সহর \* গুপ্ত হৈয়া থাক গিয়া জলের ভিতরে ॥ আমিহ সেখানে যাব কতদিন পরে \* সেখানে যাইয়া তুমি হবা পাথর পীর ॥ কলিকালে তোমায় আমি করাব জাহির \* আমি যাইব একবার বগজোড় সহরে ॥ অবশ্য যে দেখা তুমি পাইবা আমারে \* যাইয়া তথায় আমি করিব জাহির ॥ পাথরের মাঝে আমার মিশাবে শরীর \* শিশু হইতে যেই নারী না পায় প্রসূত ॥ তোমাকে সেবিলে তার কোলে হবে পুত \*<sup>২৩</sup>

বৃদ্ধ কুশল ঠাকুর নিঃসন্তান। কুশল ঠাকুরের ঘর থেকে বিদায় নিয়ে মৈদানব রাজার পুরিতে যাওয়ার কালে নিঃসন্তান কুশল ঠাকুরের স্ত্রী আনন্দিকে সন্তান হবার বর দেন সত্যপির। কেননা, কুশল ঠাকুর ও আনন্দি পুত্রসম স্নেহ করতেন সত্যপিরকে। ‘ঈশ্বর করুক তোমার পুত্র হউক কোলে ॥ বর দিয়া সত্যপীর রাজপুরে চলে।<sup>২৪</sup>

সত্যপিরের অলৌকিকতায় গোয়ালার ঝির খালি দধির পসরা সুবর্ণের পসরায় পরিণত হবার ঘটনা পাওয়া যায়। দধির পসরা মাথায় নিয়ে হেঁটে যাওয়ার সময় গোয়ালার ঝির কাছে দধি খেতে চান সত্যপির। গোয়ালার ঝি সত্যপিরকে দধি খাওয়ালে সন্তুষ্ট হয়ে তার দধির পসরা সুবর্ণের পসরায় পরিণত করে দেন তিনি। এতে ধনবান হন গোয়ালার ঝি।

ফকিরের রূপধারণ করে সত্যপির যান হিরা মুচির বাড়ি তার সেবা গ্রহণ করতে। কিন্তু হিরা মুচি এতই দরিদ্র যে ফকিরকে এক বেলা আহার করানোর মতো সামর্থ্য তার নেই। হিরা মুচি তার পুত্র মাধুরামকে কাজে লাগিয়ে (পারিশ্রমিকের বিনিময়ে) আগাম পয়সা গ্রহণ করে ফকিরের সেবা করার জন্য। শুধু তাই নয়, হিরা

মুচি নিজের বউকে মোগলের বাড়ি গুরকা কোটার কাজে নিয়োজিত করেন এবং এক মাসের আগাম মজুরি চার আনা কৌড়ি নিয়ে বাড়ি আসেন। সেই কৌড়ি দিয়ে ফকিরের পছন্দমতো ভোগের ব্যবস্থা করেন হিরা মুচি। হিরা মুচির এমন ভক্তিতে সত্যপির তাকে প্রচুর ধন সম্পদ দান করেন। যেমন, ‘সত্যপীর বলে হীরা গুনহ বচন ॥ তোমাকে যে দেই আমি দুই ঘড়া ধন।’<sup>২৫</sup>

পুথিতে আরও অসংখ্য অলৌকিক ঘটনার উল্লেখ রয়েছে। এছাড়াও বরেন্দ্র অঞ্চলে পরিবেশিত সত্যপিরের গানে উক্ত পুথির অন্তর্ভুক্ত গল্পের বাইরেও প্রচলিত গল্পের পরিবেশনা লক্ষ করা যায়। যেমন: বাহারাম বাদশাহ, রাজা হরিশচন্দ্র, গঙ্গাধর বাদশাহ, ইউসুফ-জুলেখা, আমিরুল বাদশাহ, একাব্বর বাদশাহ, কমলার বনবাস, লালচান বাদশাহ, হারুন রশিদ বাদশাহ, সয়ফুল মুলুক বদিউজ্জামাল ইত্যাদি। এসব গল্পের সাথে সত্যপিরের অলৌকিক মহিমার সমন্বয় ঘটে থাকে অনায়াসে।

নিঃসন্তান গঙ্গাধর বাদশাহ স্ত্রী সত্যপিরের দেয়া নির্মল খেয়ে সন্তান লাভ করেন। বাদশাহ তার একমাত্র সন্তানের নাম রাখেন ওলঙ্কবাহার। দিনে দিনে ওলঙ্কবাহার বড় হয়। কিন্তু ওয়াদা অনুযায়ী পিরের মানত পূরণ করেন না বাদশাহ। এ কারণেই গঙ্গাধর বাদশাহর একমাত্র ছেলে ওলঙ্কবাহার বিভিন্ন সময় বিভিন্ন অসংলগ্ন কর্মকাণ্ড করে। এসকল কর্মকাণ্ডের মাধ্যমে গঙ্গাধর বাদশাহ তার প্রজাকুলের কাছে বারবার অসম্মানিত হতে থাকেন। বিব্রত হয়ে গঙ্গাধর বাদশাহ শাস্তিস্বরূপ গহীন জঙ্গলে নিয়ে গিয়ে ছেলের মৃত্যুদণ্ড কার্যকর করার নির্দেশ প্রদান করেন। কিন্তু জল্লাদ তার মৃত্যুদণ্ড কার্যকর করতে পারে না। ওলঙ্কবাহারের এসকল কর্মকাণ্ডে সত্যপিরের ভূমিকা থাকলেও সত্যপিরই আবার তাকে রক্ষা করেন। কারণ সত্যপিরের বরে জন্ম হয়েছে ওলঙ্কবাহারের। সত্যপিরের ইচ্ছা ওলঙ্কবাহারকে শাস্তি দেওয়া নয়। তাঁর অলৌকিক ক্ষমতাকে কাজে লাগিয়ে গঙ্গাধর বাদশাহর কাছ থেকে শিরনি আদায় করা। জল্লাদ ফিরে যায়। ওলঙ্কবাহার জঙ্গলে থেকে যায়। ঘটনাক্রমে ওলঙ্কবাহার বিয়ে করে পরি রাজ্যের মালাবতী হোসেনা পরিকে। বিয়ে করে পিতার রাজ্যে ফিরে আসে। ইতোমধ্যে গঙ্গাধর বাদশাহ তার ভুল বুঝতে পেরেছেন। ছেলেকে ফিরে পেয়ে শিরনি আদায় করেন পিরের নামে। গঙ্গাধর বাদশাহর গল্পের প্রতিটি পরতে সত্যপিরের অলৌকিক মহিমার কথা ব্যক্ত করা হয়েছে।

#### ভক্তদের বিশ্বাস

সত্যপিরের বরে সন্তান লাভ হয়। সত্যপির অসুস্থ ব্যক্তিকে সুস্থতা দান করতে পারেন, ধন সম্পদ দান করতে পারেন, লেখাপড়ায় উন্নতি করতে পারেন। এই বিশ্বাস বরেন্দ্র অঞ্চলের সত্যপির ভক্তদের মর্মমূলে প্রোথিত। বরেন্দ্র অঞ্চলের গাইবান্ধা, ঠাকুরগাঁও, পঞ্চগড় জেলার বিভিন্ন উপজেলায় মাঠ পর্যবেক্ষণে গিয়ে একাধিক দর্শক এবং মানতকারীর সাথে কথা বলে এর সত্যতা পাওয়া যায়।

দৃষ্টান্তস্বরূপ উল্লেখ্য, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার গজারিয়া বাইস্কা গ্রামের মোঃ আনারুল ইসলাম<sup>২৬</sup> সত্যপিরের গান মানত করেন। এই গান মানতের উদ্দেশ্য সম্পর্কে মানতকারী জানান যে, বিয়ের পর তার দুই কন্যা সন্তানের জন্ম হয়। কিন্তু তারা চান পুত্র সন্তান। এজন্য আনারুলের স্ত্রী লাভলী ছেলের আশায় সত্যপিরের গান মানত করেন। সত্যপির তার মনের আশা পূরণ করেছেন। আনারুলের তৃতীয় সন্তান ছেলে হয়েছে। আর তাই মানত পূরণের উদ্দেশ্যে সত্যপিরের গানের আয়োজন করেছেন আনারুল। আনারুল আরও উল্লেখ করেন যে, একই গ্রামের একরামুল মিয়া নিঃসন্তান ছিলেন। সত্যপিরের গান মানত করে তার সন্তান হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, গত ১০ জানুয়ারি ২০২২ তারিখ বাইস্কা গ্রামে সত্যপিরের গান পরিবেশন করেন আজাদুল গিদাল ও তাঁর দল।<sup>২৭</sup>

পঞ্চগড় জেলায় সত্যপিরের গানের ব্যাপক প্রচলন রয়েছে। উক্ত জেলার সদর উপজেলার বীরপাড়া গ্রামের মোঃ আমিরুল ইসলাম<sup>২৮</sup> চতুর্থবার সত্যপিরের গানের আয়োজন করেন। মানতকারী আমিরুল ইসলামের মতে, তার ছেলের বউ শারীরিকভাবে অসুস্থ ছিলেন। আগত নাতি-নাতনি নিয়ে তারা বেশ দুশ্চিন্তায় ছিলেন। তাই সুস্থ নাতি-নাতনির আশায় তিনি সত্যপিরের গান মানত করেছিলেন। তারপর আল্লাহর রহমতে এবং



পিরের ওছিয়ায় তার ছেলের বউ সুস্থ ছেলে সন্তানের জন্ম দেন। এ উপলক্ষ্যেই সত্যপিরের গানের আয়োজন করেছেন তারা। তিনি প্রথমবার সত্যপিরের গান মানত করেছিলেন তার নিজের ছেলের সুস্থতার জন্য। তিনি জানান যে, গান মানতের তিন মাসের মধ্যে তার ছেলে সুস্থ হয়। তখনই মূলত সত্যপিরের অলৌকিক মহিমায় তার বিশ্বাস জন্মে।

গত ১৬ নভেম্বর ২০২১ তারিখ বীরপাড়া গ্রামে গান পরিবেশন করেন নাজিমউদ্দিন ফকির।<sup>২৯</sup> উক্ত পরিবেশনার দর্শক একরামুল ইসলাম<sup>৩০</sup> জানান যে, জাহেরপাড়া গ্রামের মামুন মিয়ার বিয়ের পর পাঁচ বছর পর্যন্ত কোনো সন্তান হয় নি। তারা (স্বামী-স্ত্রী) একাধিকবার ডাক্তারের শরণাপন্ন হন। কিন্তু সন্তান না হওয়ায় হতাশায় দিন কাটে তাদের। একদা তিনি সন্তানের আশায় সত্যপিরের গান মানত করেন। মানতের পর তাদের ঘরে সন্তান আসে। তখন তারা পিরের মহিমা বুঝতে পারেন। সেজন্য সন্তান হওয়ার পর মানত পূরণের লক্ষ্যে তিনি সত্যপিরের গানের আয়োজন করেন।

পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলার রঘুনাথপুর গ্রামে গত ১০.১১.২০২১ এবং ১১.১১.২০২১ তারিখ সত্যপিরের গান পরিবেশন করেন ধীরেন চন্দ্র ঘোষ<sup>৩১</sup> ও তার দল। উক্ত পরিবেশনার দর্শক সুলেখা রানি<sup>৩২</sup> জানান, তার ভাইয়ের ছেলের দীর্ঘদিন কোনো সন্তান হয় নি। অনেক ডাক্তার কবিরাজের কাছে চিকিৎসা গ্রহণ করেছেন তারা। কিন্তু কোনো লাভ হয় নি। অবশেষে তিনি সত্যপিরের গান মানত করেন। এরপর তার ভাইয়ের ছেলের ঘরে সন্তান আসে।

ঠাকুরগাঁও জেলায় সত্যপিরের অলৌকিক মহিমার প্রতি সাধারণ ভক্তদের আস্থা লক্ষ করার মতো। উক্ত জেলার পীরগঞ্জ উপজেলার আকাশীল গ্রামের সুবল চন্দ্র রায়<sup>৩৩</sup> তার বড় নাতি তুর্ঘর সুস্থতা কামনা করে সত্যপিরের গান মানত করেন। কারণ তার নাতি প্রায় সময় অসুস্থ থাকত। এর পূর্বে আরও দুইবার তিনি সত্যপিরের গানের আয়োজন করেছিলেন। প্রথমবার সুবল চন্দ্র রায়ের বড় ছেলে ভীষণ অসুস্থ হলে বাধ্য হয়ে তার সুস্থতা কামনা করে সত্যপিরের গান মানত করেন। কেননা ছেলে অসুস্থ হলে তাকে অনেকবার ডাক্তার, কবিরাজ দেখানো হয়, কিন্তু কোনো ঔষুধে কাজ হয় নি। ছেলের বয়স যখন এক বছর তখন ডায়রিয়া হলে গণকের পরামর্শে একজন গায়নের কাছ থেকে পিরের চরণামৃত নিয়ে খাওয়ানো হয় ছেলেকে। এতে ছেলে সুস্থ হয়ে ওঠে। তখন থেকেই সত্যপিরের প্রতি বিশ্বাস জন্মে এবং সত্যপিরের গান মানত করেন তিনি। বড় ছেলের তিন বছর বয়সের মানত পূরণ করার জন্য সত্যপিরের গানের আয়োজন করেন। এসময় পিরের কাছে ছেলের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন, ছেলে যাতে লেখাপড়া শিখে মানুষের মতো মানুষ হতে পারে এবং ভালো আয়-উপার্জন করতে পারে। এই কামনা করে ছেলের বিয়েতে সত্যপিরের গান দেওয়ার প্রতিজ্ঞা করেন। প্রতিজ্ঞা অনুযায়ী ছেলের বিয়েতে সত্যপিরের গানের দ্বিতীয়বার আয়োজন করেন তিনি। কেননা তার বড় ছেলে লেখাপড়া শিখে আর্মি অফিসার হয়েছে। পিরের প্রতি ভক্তি-শ্রদ্ধা যেন তার পরবর্তী প্রজন্মের মধ্যেও বহমান থাকে এ বিষয়ে তার সন্তানদের সঠিক দিকনির্দেশনা দিয়ে যাবেন বলে জানান সুবল। প্রসঙ্গত সুবল চন্দ্রের বাড়িতে আকাশীল গ্রামে গান পরিবেশন করেন জিয়ারুল গায়ন ও তাঁর দল।<sup>৩৪</sup>

আকাশীল গ্রামে পালা পর্যবেক্ষণ করেন দর্শক স্বপ্না রাণী রায়।<sup>৩৫</sup> তার মতে, সত্যপির ধন সম্পদ দিতে পারেন, লেখাপড়ায় উন্নতি করতে পারেন। একই গ্রামের দর্শক নিরলা<sup>৩৬</sup> জানান যে, আকাশীল গ্রামের পূর্বপাড়ার জয়মুদ্দিন ভীষণ অসুস্থ হলে তার পেট ফুলে যায়। ঔষুধ-কবিরাজে কোনো কাজ হয় নি। সত্যপিরের গান মানত করার পর তিনি সুস্থ হয়েছিলেন। এটি গ্রামবাসী স্বচক্ষে প্রত্যক্ষ করেছেন। তিনি আরও উল্লেখ করেন যে, সত্যপির সবার মঙ্গল করেন। বিপদে সাহায্য করেন, রোগ-বালাই থেকে মুক্তি দেন ইত্যাদি।

কোনো ব্যক্তি অন্যের ক্ষতি করলে কিংবা সত্যপিরের নামে মানত করে তা পূরণ না করলে সাধারণত তার ক্ষতি হয়ে থাকে। কৃষ্ণহরি দাস রচিত পুথিতে এমন ঘটনার একাধিক উল্লেখ রয়েছে। যেমন: হিরা মুচির

স্ত্রীর রূপে মুগ্ধ হয়ে গমীর মোগল মুচারিনীর সতীত্ব হরণ করতে চেয়েছিলেন। একথা সত্যপির ধ্যানে জানতে পেরে গমীর মোগলের চোখ অন্ধ করে দেন। সত্যপিরের আশীর্বাদে বাণিজ্যে গিয়ে যসমন্ত সাধুর দশগুণ লাভ হয়। কিন্তু প্রতিশ্রুতি অনুযায়ী তিনি এক ডিঙ্গা ধন না দিয়ে শুধু শিরনি দিতে চান। এতে সত্যপির অসন্তুষ্ট হয়ে যসমন্ত সাধুর প্রধান ডিঙ্গা হংসমোড়া হরণ করে কদম তলায় এনে রাখেন। এরকম অনেক ঘটনা সত্যপিরের পুথিতে যেমন পাওয়া যায়, তেমনি বরেন্দ্র অঞ্চলেও এমন ঘটনার সন্ধান মেলে। আকাশীল গ্রামের সুবল রায়ের বাড়ি সত্যপিরের পালা দেখতে এসেছিলেন আনোয়ার হোসেন।<sup>৩৭</sup> তিনি নিজে জানান যে, তার দুই বোন ছিলো। ছেলে সন্তান কামনায় তার বাবা সত্যপিরের গান মানত করলে আনোয়ার হোসেনের জন্ম হয়। কিন্তু আনোয়ার হোসেনের বয়স বারো বছর হয়ে গেলেও তার বাবা মানত পূরণ করেন নি। এ অবস্থায় আনোয়ার হোসেনের মানসিক (অসুস্থতা) সমস্যা দেখা দেয়। এক পর্যায়ে তিনি পাগল হয়ে যায়। তার বাবা ডাক্তার-কবিরাজের শরণাপন্ন হন। এদিকে আনোয়ার একা একা সত্যপিরের গান মুখস্ত বলতে থাকেন। এমতাবস্থায় ছেলেকে নিয়ে ভীষণ সমস্যায় পড়েন তার বাবা। অতঃপর একদা তার বাবার পূর্বে মানত করার কথা স্মরণে আসে। ছেলের এমন সমস্যা থেকে উত্তরণের জন্য তার বাবা সত্যপিরের গান আয়োজন করেন এবং আনোয়ার হোসেন ধীরে ধীরে সুস্থ হয়ে ওঠেন। গান দেওয়ার পর আনোয়ারের বাড়িতে পিরের নামে ঘট রাখা হয়েছে। কোনো সমস্যা হলে পিরকে স্মরণ করে ঘটে টাকা রাখা হয়। টাকা জমা হলে ঐ টাকা খরচ করে পিরের নামে দেওয়া হয় শিরনি।

ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলার ভাংবাড়ী, মহরবাড়ী গ্রামের শ্রী ভগেন চন্দ্র<sup>৩৮</sup> ০৮.১১.২০২১ তারিখ সত্যপিরের গানের আয়োজন করেন। আয়োজনের উদ্দেশ্য সম্পর্কে মানতকারী শ্রী ভগেন চন্দ্রকে জিজ্ঞাসা করা হলে জানান যে, তিনি নিজেই অসুস্থ ছিলেন। সত্যপিরের গান মানত করার পর তিনি সুস্থ হয়েছেন। এরপর থেকেই তিনি বিশ্বাস করেন সত্যপির অলৌকিক ক্ষমতার অধিকারী। সত্যপিরের অলৌকিক ক্ষমতায় বিশ্বাস স্থাপন করে তিনি সত্যপিরের গানের আয়োজন করেছেন।

শ্রী ভগেন চন্দ্রের বাড়িতে সত্যপিরের গান পরিবেশন করেন শ্রী গোপেন চন্দ্র ফকির।<sup>৩৯</sup> উক্ত পরিবেশনার একজন দর্শক শ্রী ধনিরাম (ফকলু)<sup>৪০</sup> এর সাথে কথা বলে জানা যায়, ধনিরামের পিতা শ্রী ঝড়রাম এর পাঁচ কন্যা সন্তান ছিলো। ঝড়রাম ছেলে সন্তান কামনা করে সত্যপিরের গান মানত করলে তার মনোবাসনা পূরণ হয়। মানতের পর তিনি ধনিরামসহ আরও তিনজন পুত্র সন্তান লাভ করেন। এরপর থেকেই সত্যপিরের অলৌকিক মহিমায় আস্থা স্থাপন করেন তিনি। যেকোনো বিপদে তিনি সত্যপিরকে স্মরণ করেন। বর্তমানে ঝড়রাম মাঝে মাঝেই পরিবারের সকলের মঙ্গল কামনা করে সত্যপিরের গানের আয়োজন করেন। তিনি এ পর্যন্ত পাঁচবার সত্যপিরের গানের আয়োজন করেছেন।

শ্রী গোপেন চন্দ্র ফকিরের পরিবেশনার আরও একজন দর্শক কীর্তি রানি।<sup>৪১</sup> তার সন্তান অসুস্থ ছিলো। সত্যপিরের গান মানত করার পর কীর্তি রানির সন্তান সুস্থ হয়েছে। বর্তমানে কীর্তি রানি ও তার পরিবার সত্যপিরের একনিষ্ঠ ভক্ত।

ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলার আরাজিগড় কতগাঁও গ্রামে সত্যপিরের গান পরিবেশন করেন মোঃ নিজাম উদ্দিন।<sup>৪২</sup> নিজাম উদ্দিন গায়নের পরিবেশনায় দর্শক হিসেবে উপস্থিত ছিলেন মোঃ ইসলাম।<sup>৪৩</sup> মোঃ ইসলামের ছেলের কোনো পুত্র সন্তান ছিলো না। ছেলের পুত্র সন্তান কামনা করে তিনি সত্যপিরের গান মানত করেন। এরপর সত্যপিরের বরে পুত্র সন্তান লাভ করেন মোঃ ইসলামের ছেলে। মানত পূরণ হওয়ায় তিনি সত্যপিরের গানের আয়োজন করেছিলেন।

মোঃ নিজাম উদ্দিন গায়নের পরিবেশনার আরও একজন দর্শক মোসাঃ রাখসানা।<sup>৪৪</sup> সত্যপিরের অলৌকিকতায় বিশ্বাস আছে কিনা জানতে চাইলে তিনি জানান, বিশ্বাস করেন বলেই তিনি গান দেখতে এসেছেন। তার বোনের ছেলে মৃগী রোগী ছিলো। সত্যপিরের গান মানত করার পর তার বোনের ছেলে

কিছুটা সুস্থ হয়েছে। তবে এখনও পুরোপুরি ভালো হয় নি। তাদের বিশ্বাস ছেলেটি ধীরে ধীরে সত্যপিরের দয়ায় সুস্থ হয়ে উঠবে। রোখসানা আরও জানান, তার পরিবারের সবাই সত্যপিরের ভক্ত।

### উপসংহার

সত্য থেকে সত্যপির; এটি একটি মতবাদ, যাকে ‘সত্যপিরবাদ’ হিসেবে অভিহিত করা যেতে পারে। অলৌকিকতা সত্যপিরের প্রধান ক্ষমতা। তিনি জন্মেছেন যেমন অলৌকিকভাবে, তেমনি তাঁর অলৌকিকতা তাঁকে মহিমান্বিত করেছে। তাই সত্যপিরবাদে বিশ্বাস এবং ভক্তি ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। এই বিশ্বাস ও ভক্তি বরেন্দ্র অঞ্চলের (বিশেষত উত্তরবঙ্গের) সাধারণ মানুষের অন্তর থেকে অন্তরে বিরাজমান আজও। তাই মাঠ পর্যায়ে সত্যপিরের অলৌকিকতার প্রতি বরেন্দ্র অঞ্চলের সাধারণ মানুষের আস্থার বহিঃপ্রকাশ লক্ষ্য করার মতো। কেননা তারা নিজেদের সুখ-দুঃখ, চাওয়া-পাওয়ায়, জীবনচরণের বিভিন্ন ক্ষেত্রে সত্যপিরকে স্মরণ করে থাকেন। নিজেদের মনের চাহিদা পূরণ, পিরের সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে বিভিন্ন আনুষ্ঠানিকতার আয়োজন করেন তারা। এসব আনুষ্ঠানিকতার মধ্যে অন্যতম হলো সত্যপিরের নামে গান মানত, বাড়িতে সত্যপিরের নামে ঘট স্থাপন, সত্যপিরের নামে শিরনি বিতরণ ও বিভিন্ন রকম কৃত্যচার পালন ইত্যাদি। প্রসঙ্গত উল্লেখ্য, পূর্বোক্ত গাইবান্ধার আনারুল ইসলাম ও তার স্ত্রী লাভলী, পঞ্চগড়ের আমিরুল ইসলাম, মামুন মিয়া, ঠাকুরগাঁওয়ের সুবল চন্দ্র রায়, স্বপ্নারাণী রায়, নিরলা, আনোয়ার হোসেন প্রমুখের সত্যপিরের প্রতি বিশ্বাস-ভক্তি এবং তাদের জীবনে বা পরিবারে ইতিবাচক পরিবর্তন তাদের অন্তরের গভীরে প্রোথিত। এরকম হাজার হাজার মানুষের মনে স্থান করে আছেন সত্যপির, তথা সত্যপিরবাদ। তাইতো আজও আসরে আসরে পূর্বোক্ত ঠাকুরগাঁওয়ের জিয়ারুল গায়ের ও তাঁর দল, পঞ্চগড়ের নাজিমউদ্দিন ফকির ও তাঁর দল, গাইবান্ধার আজাদুল গিদাল ও তাঁর দলসহ অনেক দল নৃত্য-গীত-বাদ্য-অভিনয়সহযোগে পরিবেশন করে চলেছেন সত্যপিরের গান বা সত্যপির পাঁচালি। আকাশ সংস্কৃতি ও ডিজিটাল যুগেও হাজার হাজার দর্শক সরাসরি উপভোগ করেন সত্যপির পাঁচালি। এভাবে বিশ্বাস, ভক্তি ও ভালোবাসায় বরেন্দ্র অঞ্চলের হিন্দু-মুসলমান উভয় ধর্মের সাধারণ মানুষের কাছে সত্যপির হয়ে উঠেছেন অসীম ক্ষমতার অধিকারী, দেবতার সমকক্ষ কল্যাণকারী অসাম্প্রদায়িক লৌকিক পির।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> ডক্টর মুহাম্মদ এনামুল হক, *বঙ্গ স্বফী-প্রভাব* (কলিকাতা: মোহসিন এণ্ড কোং, ১৯৩৫), পৃ. ১৮০।
- <sup>২</sup> নীহাররঞ্জন রায়, *বাঙ্গালীর ইতিহাস*, আদি পর্ব (কলকাতা: দে'জ পাবলিশিং, ৬ষ্ঠ সং., মাঘ ১৪১৪), পৃ. ১১৬।
- <sup>৩</sup> *তদেব*, পৃ. ১১৬।
- <sup>৪</sup> *তদেব*, পৃ. ১১৬।
- <sup>৫</sup> মাযহারুল ইসলাম তরু, *বরেন্দ্র অঞ্চলের লোকসংগীত : আলকাপ* (ঢাকা: বাংলা একাডেমী, মে ২০০৩), পৃ. ২০।
- <sup>৬</sup> আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া, “বরেন্দ্র অঞ্চলের ভৌগলিক ও ভূতাত্ত্বিক পরিচিতি”, প্রফেসর ড. সাইফুদ্দীন চৌধুরী ও অন্যান্য সম্পা. *বরেন্দ্র অঞ্চলের ইতিহাস*, প্রথম খণ্ড, পৃ. ৩৩-৩৪।
- <sup>৭</sup> ডক্টর মুহাম্মদ এনামুল হক সম্পা., *বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯২), “সদকা” ভুক্তির নিচে।
- <sup>৮</sup> *তদেব*, “সতেরো” ভুক্তির নিচে।
- <sup>৯</sup> ডক্টর গিরীন্দ্রনাথ দাস, *বাংলা পীর-সাহিত্যের কথা* (চব্বিশ পরগণা: শেহিদ লাইব্রেরী, এপ্রিল ১৯৭৬), পৃ. ৪৪৯।
- <sup>১০</sup> ডক্টর মুহাম্মদ এনামুল হক সম্পা., *বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান*, “পীর” ভুক্তির নিচে।
- <sup>১১</sup> মুহাম্মদ আয়ুব হোসেন, “সত্যপীর প্রসঙ্গে”, *দীপন*, পঞ্চদশ বর্ষপূর্তি সংখ্যা, অক্টোবর ২০১২, পৃ. ১১৫।
- <sup>১২</sup> ডঃ দেবব্রত নস্কর, *চব্বিশ পরগণার লৌকিক দেবদেবী : পালাগান ও লোকসংস্কৃতি জিজ্ঞাসা* (কলকাতা: দে'জ পাবলিশিং, মে ১৯৯৯), পৃ. ৪৬৬।
- <sup>১৩</sup> ওয়াকিল আহমদ, *বাংলার পীর সাহিত্য ও সংস্কৃতি* (ঢাকা: বইপত্র, আগস্ট ২০১৬), পৃ. ২২।
- <sup>১৪</sup> ডঃ দেবব্রত নস্কর, *চব্বিশ পরগণার লৌকিক দেবদেবী : পালাগান ও লোকসংস্কৃতি জিজ্ঞাসা*, পৃ. ৪৬৬।
- <sup>১৫</sup> মুনশী ওয়াজেদ আলি, *সত্য পীরের পুঁথি* (মদন কামদেবের পালা), (ঢাকা: মোহাম্মদ সোলেমান এণ্ড সন্স), পৃ. ১১। উল্লেখ্য, গ্রন্থটি খণ্ডিত আকারে পাওয়া গেছে।
- <sup>১৬</sup> কৃষ্ণহরিদাস, *ছবি বড় সত্যপীর ও সন্ধ্যাবতী কন্যার পুঁথি*, (কলিকাতা: ফসিহ উদ্দিন আহমদ), মূল কাহিনি গুরুর পূর্বে সত্যপিরের ছবির শেষে উক্ত বর্ণনা লিপিবদ্ধ রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, গ্রন্থটি খণ্ডিত আকারে পাওয়া গেছে। কয়েকটি পৃষ্ঠা নেই। প্রাবন্ধিক কর্তৃক সংগৃহীত

- গ্রন্থটি মোঃ নূরু (মসলা ব্যবসায়ী), বয়স: ৬৪ বছর, পিতা: মৃত নায়েব উদ্দীন প্রধান, গ্রাম: আরিফ খাঁ, বাসুদেবপুর, ডাকঘর: রহমতপুর, থানা: গাইবান্ধা, জেলা: গাইবান্ধা থেকে সংগৃহীত।
- <sup>১৭</sup> তদেব, পৃ. ৯৫।
- <sup>১৮</sup> তদেব, পৃ. ১৪।
- <sup>১৯</sup> তদেব, পৃ. ৩২।
- <sup>২০</sup> তদেব, পৃ. ৩৭।
- <sup>২১</sup> তদেব, পৃ. ১১৪।
- <sup>২২</sup> তদেব, পৃ. ৯৪।
- <sup>২৩</sup> তদেব, পৃ. ৯৪।
- <sup>২৪</sup> তদেব, পৃ. ৯৬।
- <sup>২৫</sup> তদেব, পৃ. ১৬৫।
- <sup>২৬</sup> মোঃ আনারুল ইসলাম (৩৩), আয়োজক ও মানতকারী, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পিতা: আব্দুল সাত্তার, গ্রাম: গজারিয়া বাইক্ষাগ্রাম, ডাকঘর: ফুলছড়ি, থানা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধা, সাক্ষাৎকার গ্রহণ: ১০.০১.২০২২ খ্রি.)।
- <sup>২৭</sup> মোঃ আজাদুল ইসলাম (৫০) ও তার দল ১০.০১.২০২২ তারিখ থেকে ১২.০১.২০২২ তারিখ মোট তিনদিন গাইবান্ধা জেলার গজারিয়া বাইক্ষাগ্রাম, ফুলছড়িতে মোঃ আনারুল ইসলামের বাড়িতে সত্যপিরের গান পরিবেশন করেন। আজাদুল ইসলামের পিতা: মোঃ ছাবেদ আলী, গ্রাম: পূর্ব উদাখালি, মাদ্রাসা বাজার, ডাকঘর: উদাখালি, থানা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধা। তিনি প্রায় ৩৫ বছর ধরে সত্যপিরের গানের সাথে জড়িত। তিনি দুইজন গুরুর কাছে গান শিখেছেন। তার গুরুর নাম ফজলু গিদাল(ভরতখালি, গাইবান্ধা) এবং মগগুল গিদাল (রতনপুর, গাইবান্ধা)। আজাদুল ইসলাম প্রায় ১৫ বছর পূর্বে তার নিজস্ব দল প্রতিষ্ঠা করেন। উক্ত দলটির বর্তমান সদস্য সংখ্যা ০৭ জন। প্রয়োজনে তিনি অন্য দল থেকে সদস্য ভাড়া করে দলটি পরিচালনা করে থাকেন। সত্যপিরের গান পরিবেশনের পাশাপাশি মোঃ আজাদুল ইসলাম ভাঙড়ির ব্যবসা করেন।
- <sup>২৮</sup> মোঃ আমিরুল ইসলাম (৪৫), আয়োজক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পিতা: মোঃ ফজল উদ্দীন, গ্রাম: বীরপাড়া, ডাকঘর: চাকলা হাট, থানা: পঞ্চগড়, জেলা: পঞ্চগড়, সাক্ষাৎকার গ্রহণ: ১৬.১১.২০২১ খ্রি.)।
- <sup>২৯</sup> মোঃ নাজিম উদ্দীন (৭৫) ও তার দল ১৪.১১.২০২১ তারিখ থেকে ১৭.১১.২০২১ তারিখ মোট চারদিন পঞ্চগড় জেলার সদর উপজেলার বীরপাড়া গ্রামে সত্যপিরের গান পরিবেশন করেন। উক্ত গ্রামের মোঃ আমিরুল ইসলামের বাড়িতে দলটি সত্যপিরের গান পরিবেশন করে। মোঃ নাজিম উদ্দীনের পিতা: মোঃ নবীর উদ্দীন, গ্রাম: দিয়াবাড়ী, ডাকঘর: পঞ্চগড়, থানা: সদর, জেলা: পঞ্চগড়। তিনি প্রায় ৫০ বছর ধরে সত্যপিরের গানের সাথে জড়িত। তার গুরুর নাম মোঃ শুকানু ফকির (ফুলতলা, বোদা, পঞ্চগড়)। মোঃ নাজিম উদ্দীন প্রায় ২০ বছর পূর্বে তার নিজস্ব দল প্রতিষ্ঠা করেন। উক্ত দলটির বর্তমান সদস্য সংখ্যা ১৪ জন। প্রয়োজনে তিনি অন্য দল থেকে সদস্য ভাড়া করে দলটি পরিচালনা করে থাকেন। সত্যপিরের গান পরিবেশনের পাশাপাশি তিনি কবিরাজী করেন। তিনি মূলত পাইলস রোগের চিকিৎসা করে থাকেন।
- <sup>৩০</sup> একরামুল ইসলাম (৪০), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: কৃষি, পিতা: মোঃ জহির উদ্দিন, গ্রাম: জাহের পাড়া, ডাকঘর: চাকলা হাট, থানা: পঞ্চগড়, জেলা: পঞ্চগড়, সাক্ষাৎকার গ্রহণ: ১৬.১১.২০২১ খ্রি.)।
- <sup>৩১</sup> ধীরেন চন্দ্র ঘোষ (৫০) ও তার দল ১০.১১.২০২১ ও ১১.১১.২০২১ তারিখ মোট দুইদিন পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলার রঘুনাথপুর গ্রামে সত্যপিরের গান পরিবেশন করেন। উক্ত গ্রামের শ্রী ননীগোপাল সেন এর বাড়িতে দলটি সত্যপিরের গান পরিবেশন করে। ধীরেন চন্দ্র ঘোষ এর পিতা: তিতু ঘোষ, গ্রাম: গোয়াল পাড়া, ডাকঘর: ফুটকি পাড়া, থানা: পঞ্চগড়, জেলা: পঞ্চগড়। তিনি প্রায় ৪০ বছর ধরে সত্যপিরের গানের সাথে জড়িত। তার গুরুর নাম চহিরত (আমলাহাট, পঞ্চগড়)। ধীরেন চন্দ্র ঘোষ প্রায় ২২ বছর পূর্বে তার নিজস্ব দল গঠন করেন। উক্ত দলটির বর্তমান সদস্য সংখ্যা ১৪ জন। প্রয়োজনে তিনি অন্য দল থেকে সদস্য ভাড়া করে দলটি পরিচালনা করে থাকেন। গান করেই তিনি জীবিকা নির্বাহ করেন।
- <sup>৩২</sup> সুলেখা রানি (৪৫), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: গৃহিনী, স্বামী: অনন্ত, গ্রাম: রঘুনাথপুর, ডাক: ছোট দাপ, থানা: আটোয়ারী, জেলা: পঞ্চগড়, সাক্ষাৎকার গ্রহণ: ১০.১১.২০২১ খ্রি.)।
- <sup>৩৩</sup> সুবল চন্দ্র রায় (৫৫), আয়োজক ও মানতকারী, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: কৃষি, পিতা: জলধর রায়, গ্রাম: আকাশীল, ডাকঘর: ২ নং কোষারাগীগঞ্জ, থানা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ ০৮.১১.২০২১ খ্রি.)।
- <sup>৩৪</sup> মোঃ জিয়ারুল ইসলাম (৪৭) ও তার দল ০৫.১১.২০২১ তারিখ থেকে ০৮.১১.২০২১ তারিখ মোট চারদিন ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার আকাশীল গ্রামে সত্যপিরের গান পরিবেশন করেন। উক্ত গ্রামের সুবল চন্দ্র রায়ের বাড়িতে দলটি সত্যপিরের গান পরিবেশন করে। মোঃ জিয়ারুল ইসলামের পিতা: মৃত বশির উদ্দীন, গ্রাম: খামার সিনোয়া, চাটিডাঙ্গা, ডাকঘর: ভোমরাদহ, থানা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও। তিনি প্রায় ১৮ বছর ধরে সত্যপিরের গানের সাথে জড়িত। তিনি দুইজন গুরুর কাছে গান শিখেছেন। তার গুরুর নাম চিহারু গায়ের (মহেশখালি, ঠাকুরগাঁও), বাচ্চা গায়ের (করনা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও)। মোঃ জিয়ারুল ইসলাম প্রায় ১৪ বছর পূর্বে তার নিজস্ব দল প্রতিষ্ঠা করেন। উক্ত দলটির বর্তমান সদস্য সংখ্যা ১৩ জন। প্রয়োজনে তিনি অন্য দল থেকে সদস্য ভাড়া করে দলটি পরিচালনা করে থাকেন। সত্যপিরের গান পরিবেশনের পাশাপাশি তিনি কৃষিকাজ করেন।
- <sup>৩৫</sup> স্বপ্না রাণী রায় (৫০), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: গৃহিনী, স্বামী: ভূপেন চন্দ্র রায়, গ্রাম: আকাশীল, ডাকঘর: ২ নং কোষারাগীগঞ্জ, থানা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৮. ১১.২০২১ খ্রি.)।

- <sup>৩৬</sup> নিরলা (৪৫), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: গৃহিণী, স্বামী: খলিদর, গ্রাম: আকাশীল, ডাকঘর: ২ নং কোষারানীগঞ্জ, থানা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৭.১১.২০২১ খ্রি.)।
- <sup>৩৭</sup> আনোয়ার হোসেন (২৪), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: অটো চালক, পিতা: মোঃ এনামুল হক, গ্রাম: পীরগঞ্জ, যগথা পাড়া, ডাকঘর: পীরগঞ্জ, থানা: রাণীশংকৈল, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৬.১১.২০২১ খ্রি.)।
- <sup>৩৮</sup> শ্রী ভগেন চন্দ্র (৬০), আয়োজক ও মানতকারী, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: কৃষি, পিতা: শ্রী বিলম চন্দ্র, গ্রাম: ভাংবাড়ী, মহরবাড়ী, ডাকঘর: বাংলাগড়, থানা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ ০৮.১১.২০২১ খ্রি.)।
- <sup>৩৯</sup> শ্রী গোপেন চন্দ্র (৬৩) ও তার দল ০৮.১১.২০২১ তারিখ ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার ভাংবাড়ী, মহরবাড়ী গ্রামে সত্যপিরের গান পরিবেশন করেন। উক্ত গ্রামের শ্রী ভগেন চন্দ্রের বাড়িতে তিনি গান পরিবেশন করেন। শ্রী গোপেন চন্দ্রের পিতা: শশী মোহন চন্দ্র রায়, গ্রাম: কালচা, কালিতলা, ডাকঘর: আমগাঁও, থানা: হরিপুর, জেলা: ঠাকুরগাঁও। তিনি প্রায় ৫৩ বছর থেকে সত্যপিরের গানের সাথে জড়িত। ১৫ বছর পূর্বে তিনি তার নিজের দল প্রতিষ্ঠা করেন। তিনি দুইজন গুরুর কাছে গান শিখেছেন। (১) মৃত সিরাজ গায়ের, (২) কটকু গায়ের। তার দলের বর্তমান সদস্য সংখ্যা ১৪ জন। প্রয়োজনে তিনি অন্য দল থেকে সদস্য ভাড়া করে থাকেন। সত্যপিরের গান পরিবেশনের পাশাপাশি তিনি সাউণ্ড সিস্টেমের ব্যবসা করেন।
- <sup>৪০</sup> ধরনিরাম ফকলু (৫৫), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: কৃষি, পিতা: বড়রাম, গ্রাম: ভাংবাড়ী, মহরবাড়ী, ডাকঘর: বাংলাগড়, থানা: রাণীশংকৈল, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৮.১১.২০২১ খ্রি.)
- <sup>৪১</sup> কীর্তি রানি (৪৮), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: গৃহিণী, স্বামী: দশানন বর্মন, গ্রাম: ভাংবাড়ী, মহরবাড়ী, ডাকঘর: বাংলাগড়, থানা: রাণীশংকৈল, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৮.১১.২০২১ খ্রি.)
- <sup>৪২</sup> নিজাম উদ্দিন (৮১) ও তার দল ০৯.১১.২০২১ তারিখ ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলার আরাজিগড় কত্গাও গ্রামে মোঃ গোলামের বাড়িতে সত্যপিরের গান পরিবেশন করেন। নিজাম উদ্দিনের পিতা: মালি মোহাম্মদ, গ্রাম: চাপাপাড়া, ডাকঘর: শিমুলবাড়িয়া, উপজেলা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও। তিনি প্রায় ৫৩ বছর থেকে সত্যপিরের গানের সাথে জড়িত। ৩০ বছর পূর্বে তিনি তার নিজের দল প্রতিষ্ঠা করেন। তার গুরুর নাম বিশু গায়ের। তার দলের বর্তমান সদস্য সংখ্যা ১৩ জন। প্রয়োজনে তিনি অন্য দল থেকে সদস্য ভাড়া করে থাকেন। সত্যপিরের গান পরিবেশনের পাশাপাশি তিনি আতরের ব্যবসা করেন।
- <sup>৪৩</sup> মোঃ ইসলাম (৬০), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: কৃষি, পিতা: তৌপির উদ্দিন, গ্রাম: ভাংবাড়ী, মহরবাড়ী, ডাকঘর: বাংলাগড়, থানা: রাণীশংকৈল, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৮.১১.২০২১ খ্রি.)।
- <sup>৪৪</sup> রোখসানা (৩০), দর্শক, মৎ কর্তৃক গৃহীত সাক্ষাৎকার (সাক্ষাৎকার প্রদানকারীর পেশা: গৃহিণী, স্বামী: বাচ্চু, গ্রাম: শিবগঞ্জ, ডাকঘর: শিবগঞ্জ, থানা: ঠাকুরগাঁও, জেলা: ঠাকুরগাঁও, সাক্ষাৎকার গ্রহণ: ০৮.১১.২০২১ খ্রি.)।

## সাহিত্যনির্ভর বাংলা চলচ্চিত্রের ভাষা : শাস্তি (Literature Based Bengali Film Language: *Shasti*)

মো. ইমরুল আসাদ\*

**Abstract:** 'Film language' these two words is seen to be used in different places. The use of these two words is also observed in discussions of various criticism of film critics. Question arises, what is the language of film? How is a story visualized? Or how to apply the language of the film in Bengali film? This powerful media has been enriching itself with the help of various media since its inception. Such as literature, painting, music, dance, acting, etc. But even then there is something called film language which has grown with the help of other art mediums but has become a distinct art medium with its own characteristics. While taking lessons about the film, the question arises, whether the language of the film has been properly applied in Bengali film? What is really happening when the film is being made with the help of literature? How is the language of literature becoming the language of film? Shasti (2004), the first film based on Rabindra-literature in post-liberation Bangladesh, has been selected in the interest of exploring the language of film.

সব শিল্প মাধ্যমেরই দু'টি দিক রয়েছে। একটি হলো কর্ম বা রূপ, আর অন্যটি কনটেন্ট বা বস্তু। খেয়াল করলে দেখা যায়, বস্তুর দিক থেকে সব শিল্পের একটা অঘোষিত মিল রয়েছে। সাহিত্য যেমন গল্প বলে, তেমনি চলচ্চিত্রও গল্প বলে। অর্থাৎ বস্তু বা কনটেন্টগত দিক থেকে সব শিল্পের মধ্যেই মিল রয়েছে, কিন্তু পার্থক্য তৈরি হয় ফর্ম বা রূপের দৃষ্টিকোণ থেকে। সাহিত্য সৃষ্টি হয় পড়ানো বা শোনানোর জন্য, কিন্তু চলচ্চিত্র তৈরি হয় দেখানোর জন্য। অতএব দুই শিল্পেরই রয়েছে আলাদা গঠন পদ্ধতি ও ব্যাকরণগত দিক। তবুও কনটেন্ট বিচারে একটি মিল যেহেতু রয়েছে, সেহেতু নিজেদের মধ্যে কিছু আদান-প্রদানতো ঘটেই। মানুষ যেমন মানুষের গর্ভেই নিজে আলাদা আলাদা বৈশিষ্ট্যের অধিকারী হয়, তেমনি একটি শিল্পও অন্য কোনো শিল্পের হাত ধরেই জন্ম নেয় এবং ধীরে ধীরে স্বতন্ত্র হয়ে ওঠে। তেমনি একটি শিল্প চলচ্চিত্র। সাহিত্যের হাত ধরেই জন্ম নিয়েছিল অপেক্ষাকৃত নতুন এই শিল্পটি। কিন্তু দিনে দিনে নিজের পায়ে ভর দিয়ে আজ এই শিল্পটি এসে দাঁড়িয়েছে যৌবনে, হয়েছে স্বতন্ত্র। হয়েছে নিজ ব্যাকরণে সমৃদ্ধ। তবুও আজ অবধি নির্মিত হচ্ছে সাহিত্যনির্ভর চলচ্চিত্র। পূর্ব বাংলার চলচ্চিত্র শিল্পে উপন্যাসের প্রথম চিত্রায়ণের অর্থাৎ সাহিত্যনির্ভর চলচ্চিত্রের কৃতিত্ব সাদেক খানের। হুমায়ূন কবীরের উপন্যাস *নদী ও নারী* গ্রাম-বাংলার দারিদ্র্য ও প্রাকৃতিক দুর্যোগের চিত্র তুলে ধরে। 'কিন্তু এমন কোনো বক্তব্য শেষ পর্যন্ত ছবিতে প্রকাশ পায় নি, যাতে নদী ও নারী (১৯৬৫) কে সমসাময়িক অন্যান্য ছবি থেকে আলাদা করে চিহ্নিত করা সম্ভব।' মুক্তিযুদ্ধ পরবর্তী স্বাধীন বাংলাদেশে রবীন্দ্রসাহিত্য নিয়ে নির্মিত প্রথম চলচ্চিত্র *শাস্তি* (২০০৪)। প্রায় দেড়শত বছরে সিনেমা শিল্পের প্রভূত উন্নতি হয়েছে। উন্নতি হয়েছে দেখায়, উন্নতি হয়েছে শোনায়। দিন যত পার হয়েছে তত বেশি পরিবর্তন হয়েছে সিনেমার ভাষায়। আর সিনেমার ভাষা যত সমৃদ্ধ হয়েছে, তত বেশি বিবিধ গুণে গুণান্বিত হয়েছে সিনেমা বা চলচ্চিত্র। এখন প্রশ্ন জাগে, সিনেমার ভাষা আসলে কি? বা কেমন করেইবা গড়ে উঠেছে এই ভাষা? সিনেমার কাঠামো সম্পর্কে সিনেমা বিশেষজ্ঞগণ মনে করেন একের পর এক শব্দ দিয়ে যেমন বাক্য গঠন করা হয়ে থাকে, তেমনি একের পর এক শট সাজিয়ে সিনেমা তৈরি হয়। আর শট গ্রহণের বিভিন্ন কৌশল যখন গল্পের সাব টেক্সটকে উপস্থাপনের জন্য ব্যবহৃত হয়, তখনই ঐ শট গ্রহণের কৌশলকে সিনেমার ভাষা বলা হয়ে থাকে। সিনেমার মাধ্যমে ভাব প্রকাশের জন্য একেকজন পরিচালকের হাতে সৃষ্টি হয়েছে একেক

\* পিএইচ.ডি. গবেষক, নাট্যকলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

রকম কৌশল। মূলকথা একেকজন পরিচালকের প্রতিটি সিনেমারই ভাষা প্রকাশের ধরণ আলাদা। তারই ধারাবাহিকতায় চলচ্চিত্রকার চাষী নজরুল ইসলাম নির্মাণ করেন চলচ্চিত্র **শান্তি**।

চলচ্চিত্র : **শান্তি**, পরিচালক : চাষী নজরুল ইসলাম, প্রযোজক : ফরিদুর রেজা সাগর ও ইবনে হাসান খান (ইমপ্রেস টেলিফিল্ম), রচয়িতা : রবীন্দ্রনাথ ঠাকুর (সাহিত্য), সংলাপ: মমতাজ উদ্দীন আহমেদ, অভিনয়ে : ইলিয়াস কাঞ্চন (দুখিরাম), চম্পা (রাধা), রিয়াজ (ছিদাম), পূর্ণিমা (চন্দরা), শহিদুল আলম সান্দু (রামলোচন), এ.টি.এম শামসুজ্জামান (পণ্ডিত মশাই), নাসরিন (নর্তকী), আহমেদ শরীফ (বিচারক) ও আরো আনেকে, সুরকার : ইমন সাহা ও খন্দকার নুরুল আলম, চিত্রগ্রাহক : মজিবুল হক ভূইয়া, সম্পাদক: আতিকুর রহমান মল্লিক, পরিবেশক : ইমপ্রেস টেলিফিল্ম, মুক্তি : ২০০৪, ফরম্যাট : ৩৫ মি.মি., রং : রঙিন, দৈর্ঘ্য : ১৪৩ মিনিট, দেশ : বাংলাদেশ, ভাষা : বাংলা ভাষা, কণ্ঠশিল্পী : সাবিনা ইয়াসমিন, অ্যান্ড্রু কিশোর, সাদি মোহাম্মদ ও রেজওয়ানা চৌধুরী বন্যা।

প্রথম দৃশ্যে দেখা যায়, চন্দরা পুকুর ঘাটে গোসল শেষ করে কাপড় ধোয়ার সময় তার পেছন থেকে দৌড়ে এসে তার সামনের পানিতে লাফ দেয় ছিদাম। মূলত উদ্দেশ্য ছিল চন্দরার দৃষ্টি আকর্ষণের। চন্দরা এই আচরণে ক্ষেপে গিয়ে তার সঙ্গে ঝগড়া শুরু করে দেয়। প্রথম শটটি লংশটে দেখা যায়।



চিত্র- **শান্তি** চলচ্চিত্রে ছিদামের পানিতে লাফ দেওয়ার দৃশ্য।

কারণ লংশটের মাধ্যমে দর্শককে জানানো হয় স্থানের ধরণ। লংশটে বোঝা যায় পুকুর পাড়। তারপরের শটগুলো দুই জনের Point of View থেকে ক্লোজ শট নেওয়া হয়। যেহেতু ছিদাম চন্দরাকে বিরক্ত করেছে সেহেতু ছিদামকে হাই এ্যাঙ্গেল শটে দেখিয়ে অপরাধী হিসেবে চিহ্নিত করা হয়েছে। আর চন্দরাকে লো এ্যাঙ্গেল শটে উপস্থাপন করে সত্য প্রতিষ্ঠা করার প্রয়াস দেখিয়েছেন নির্মাতা। ঝগড়ার এক পর্যায়ে চন্দরা ছিদামকে শান্তি দেওয়ার ভয় দেখিয়ে বাবাকে ডাকতে যায়। বাবাকে ডেকে নিয়ে এসে দেখে পুকুরে ছিদাম নেই। এই শটগুলো লংশটে নেওয়া হয়।

পরের একটি দৃশ্যে দেখা যায়, চন্দরা সখীদের সঙ্গে বেড়াতে বের হয়। ছিদাম চন্দরার রাস্তায় একটি গাছে উঠে বসে থাকে। চন্দরা এ গাছের নিচে আসলে ছিদাম ভূতের ভয় দেখায়। একসময় ছিদামকে বুদ্ধি করে নিচে ডাকে চন্দরা।



চিত্র- চন্দরা ছিদামকে শান্তি দেওয়ার জন্য কৌশল করছে।

ছিদাম নিচে আসলে ছিদামকে জড়িয়ে ধরে বাবাকে চিৎকার করে ডাকতে থাকে চন্দরা। বাবা এসে ছিদামকে বেধড়ক পিটুনি দেয়। সবাই চলে গেলে ছিদাম প্রতিজ্ঞা করে যে, সে এই মেয়েকেই তার ঘরে তুলবে। উক্ত দৃশ্যটির মধ্য দিয়ে ছিদামের ও চন্দরার বিয়ের ইঙ্গিত দেওয়া হয় এবং ছিদাম ও চন্দরার

চারিত্রিক বৈশিষ্ট্য ফুটিয়ে তোলা হয়। চন্দরার ছিদামকে গাছ থেকে নামানোর কৌশল তার বুদ্ধিদীপ্ততার ইঙ্গিত বহন করে। আর ছিদামের প্রতিজ্ঞা থেকে তার জেদি বৈশিষ্ট্যের ইঙ্গিত পাওয়া যায়। পরের দৃশ্যে দুখীরাম আর রাধা দুই স্বামী-স্ত্রী মিলে ছোট ভাই ছিদামের বিয়ের ব্যাপারে কথা বলছিল। পুরো ফ্রেমের মধ্যে শুধুমাত্র বাম দিকে দুখীরাম ও রাধা কুপিবাতি জ্বালিয়ে রাতের খাবার খাচ্ছে। ডান দিকের সম্পূর্ণ অংশ অন্ধকার থাকলেও দূরে লাইট দিয়ে ছিদামের ঘরের দরজা দেখানোর মতো আলোকিত করে দৃশ্যটি সাজানো হয়েছে। এই সজ্জিত করণের মধ্য দিয়ে নির্মাতা মিজসেনের সঠিক প্রয়োগ ঘটিয়েছেন, যা সিনেমার ভাষা তৈরির জন্য গুরুত্বপূর্ণ একটি পর্যবেক্ষণ। পরবর্তী দৃশ্যে চন্দরা বিছানায় শুয়ে ছিদামের মার খাওয়ার কথা ভেবে কষ্ট পায়। সে উঠে ছিদামের ঘরের জানালায় গিয়ে ঘুমন্ত ছিদামের বুকের উপর একটি ফুল ছুঁড়ে মারে। ফুল ছুঁড়ে মারার শটটি ক্লোজ-এ নেওয়া হয় চন্দরার মুখের লজ্জার অভিব্যক্তি বোঝানোর জন্য।



চিত্র- ফুল ছুঁড়ে মারার ফ্রেম।

ছিদামের ঘুম ভাঙলে সে ক্লোজ শটেই ছিদামকে ডাকে। ছিদাম উঠে এসে জানালা দিয়েই ঘরের বাইরে বের হয়। এই শটটি চন্দরার ওভার দ্যা সোল্ডার গ্রহণ করা হয়। তারপর লংশটে দেখা যায় ছিদাম ও চন্দরা রাতের বেলা দৌড়ে এসে হাত ধরে। তারা একটি গাছের কাছে এসে দু'জন দু'জনকে ভালোবাসার কথা জানায়। ভালোবাসার কথা জানানোর সময় নির্মাতা ক্লোজ শট ব্যবহার করেছেন।



চিত্র- ভালোবাসার কথা জানানোর সময় ক্লোজ শট ব্যবহার করা হয়েছে।

তারপরই শুরু হয় চলচ্চিত্রের অন্যতম ভাষানির্ভর দৃশ্য 'গান'। চলচ্চিত্রে গান মূলত নিজেই একটা ভাষা। আর বাংলা চলচ্চিত্রের উল্লেখযোগ্য দিক হলো গান। কোনো কাহিনী সম্বলিত দৃশ্য থেকে ঐ দৃশ্যে যে রসবোধ তৈরি হয় তার সাথে সামঞ্জস্য রেখে গান ও সেই গানের দৃশ্যায়ন একটি গুরুত্বপূর্ণ ভাষা সৃষ্টি করে বাংলা চলচ্চিত্রে। পরিচালকগণ চলচ্চিত্রের গানের প্রতি আলাদা গুরুত্ব দিয়ে থাকেন। “পৃথিবীর অন্য কোনো দেশের ছবিতেই এত গান নেই। তারা গানের জন্য, বিশেষ করে গানের জন্যই, আলাদা করে ছবি তোলে; তার নাম দেয় ‘গীতি-চিত্র’।”<sup>২</sup> চলচ্চিত্রে গানের মধ্য দিয়ে বিশেষ অনুভূতিসমূহ প্রকাশ করা হয়। আর তাই নির্মাতা এই অংশে গানের দৃশ্যায়নের মাধ্যমে প্রেমবোধকে পর্দায় ফুটিয়ে তুলতে চেয়েছেন। গানের মধ্যে একটি দৃশ্যে নির্মাতা ক্লোজ টু প্যান শটের মাধ্যমে দেখিয়েছেন দুই জোড়া পা সমান্তরালভাবে সামনে এগিয়ে চলেছে। শটটির যে ভাষা নির্মাতা সৃষ্টি করেছেন তা হলো আজ থেকে দু'জন একই পথে



চলতে শুরু করলো। ভালোবাসার মাহাত্ম্যকে বোঝানোর জন্য লো এ্যাজেল শটে তাদের সুন্দর সময়গুলো দেখানো হয়েছে। একটি শটের মধ্যে ব্যবহার করা হয়েছে রাইট টু লেফট প্যান টু জুম আউট টু টিল্ট ডাউন টু টিল্ট আপ। খুব কঠিন এই ক্যামেরা নির্দেশনা ছিদাম ও চন্দরার বিক্ষিপ্ত দৌড়াদৌড়ি দেখানোর জন্য ও তাদের মনের আনন্দ প্রকাশের জন্য ব্যবহৃত হয়েছে। গানের শেষে লংশটে দেখা যায় তারা নৌকা নিয়ে বিলের পাড়ে আসে এবং ঐ দিন ভোরেই তারা মন্দিরে বিয়ে করে।



চিত্র- মালা পরিহিত দুজনকে টু-শটের মাধ্যমে তুলে ধরা হয়েছে।

মালা বদলের দৃশ্য ওভার দ্যা সোল্ডার টু ক্লোজ শটে দেখানোর মাধ্যমে দু'জনের প্রতিজ্ঞাবদ্ধ হওয়ার অভিব্যক্তি গ্রহণ করা হয়। পরের শটে টু-শটের মাধ্যমে দুজনকে মালা পরিহিত অবস্থায় দেখা যায়। আবহসঙ্গীত হিসেবে বেজে ওঠে রবীন্দ্রসংগীত 'ভালোবেসে সখী নিভূতে যতনে আমার নামটি লিখ তোমার মনেরও মন্দিরে।' উক্ত আবহ সংগীতের মাধ্যমে ছিদাম ও চন্দরার মনের অনুরণন দর্শকের কাছে পৌঁছানোর চেষ্টা করা হয়েছে।

পরবর্তী একটি দৃশ্যে নির্মাতা কাব্যময়তা তৈরি করেছেন। লংশটে কিছু দৃশ্যায়ন করেছেন। রাধা মাটির ঘর লেপে, ছিদাম ও দুখীরাম জমিতে হালচাষ করে, রাধা তুলসী গাছে জল ঢালে, পরিষ্কার আকাশে মেঘ উড়ে বেড়ায়, গরু মাঠে ঘাস খায়, প্রকৃতির সবুজ, জেলে বিলের পানিতে জাল ফেলে, এক বাঁক পাখি উড়ে যায়, দুই ভাই জমি নিড়ানি দেয় প্রভৃতি লংশটের মাধ্যমে পরিচালক একটি লম্বা সময়ের অতিক্রম দেখিয়েছেন এবং পার হয়ে যাওয়া সময়গুলো যে ভালোই হয় তা বলতে চেয়েছেন ক্যামেরার ভাষার মধ্য দিয়ে। ভালো সময় যে অতিক্রম হচ্ছে তা বোঝা যায় পরের শটের মধ্য দিয়ে।



চিত্র- রাধা তুলসী গাছে জল ঢালছে।

পরের শটে দেখা যায় রাধা অন্তঃসত্ত্বা। রাধা মাথা ঘুরে পড়ে যাওয়ার সময় চন্দরা তাকে ধরে ফেলে। পরের শটে দেখা যায় বিস্তীর্ণ মাঠ জুড়ে সদ্য ফোটা সরিষা ফুলকে প্যান শটের মাধ্যমে দেখানোর মধ্য দিয়ে পৃথিবীতে নতুনের জন্ম হওয়ার অনুভূতি দর্শকের মাঝে ছড়িয়ে দিয়েছেন নির্মাতা। পরের শটেই চন্দরার সংলাপে জানা যায় দুখীরাম ও রাধার ছেলে সন্তান জন্ম নিয়েছে।

পরবর্তী একটি লংশটে মির্জাসেনের মাধ্যমে ভারসাম্য রক্ষা করা হয়েছে। অপেক্ষাকৃত বেশি সময় ধরে স্থায়ী শট হওয়ার কারণে মির্জাসেনের ক্ষেত্রে অধিক সতর্কতা অবলম্বন করা হয়েছে। দৃশ্যটি হলো ছিদামের ও

দুখীরামের পুরো বাড়ির আঙিনা ঝাড়ু দিচ্ছে চন্দরা। আর কিছু একটা একটু পরপর মুখে দিচ্ছে। গোসল করে রাধা বাড়ির ভিতরে ঢুকে। পুরো ফ্রেমে দুটি ঘর, পিছনে সবুজ গাছপালা, ফ্রেমের একদম সামনে গোবর দিয়ে বানানো খড়ি আর এতো কিছুর মধ্যে গোলাপি রংয়ের শাড়ি পরিহিত চন্দরা। সব মিলিয়ে সুন্দর কম্পোজিশনের মাধ্যমে দৃশ্যটি ফুটিয়ে তোলা হয়েছে। দৃশ্যে দেখা যায় চন্দরা ও রাধার মান-অভিমানের চিত্র। ক্লোজ শটে নেওয়া হয় তাদের বাঁকা চোখে একে অপরের দিকে তাকানো। চন্দরা রাধাকে বিভিন্ন খোঁচা মারে। পরের লংশটে দুজনকে বাগড়া করতে দেখা যায়, কিন্তু ফ্রেমের ডান দিক থেকে বাম দিকে তাদের কোমর বরাবর একটি বাঁশ চলে গিয়ে দু'জনকে এক করে দিয়েছে।



চিত্র- লংশটে দুজনের বাগড়ার দৃশ্য।

তাতে করে অর্থ দাঁড়িয়েছে দু'জন বাগড়া করলেও দু'জনের মাঝে একটি সম্পর্ক রয়েছে। দুই জা। পরের দৃশ্যেই চন্দরা ক্ষমা চাইলে রাধা তাকে জড়িয়ে ধরে। এ থেকে দু'জনের প্রতি দু'জনের ভালোবাসা ও সম্পর্ক প্রকাশ পায়।

পরবর্তী একটি দৃশ্যে দেখা যায় রাতের বেলা একটি বাড়ির আঙ্গিনায় যাত্রাস্বরূপ একটি অভিনয় সংঘটিত হচ্ছে এবং উৎসুক গ্রামবাসী তা মনোযোগ দিয়ে দেখছে। অভিনয়ে চলছিল রাম-লক্ষণের মধ্যে ভাত্‌সুলভ ভালোবাসার অংশ। তা দেখে দুখীরামের চোখ থেকে পানি বারে পড়ে ভাইয়ের প্রতি ভালোবাসাবশত। অভিনয় দৃশ্য লংশটে দেখানো হলেও দুখীরামের কান্না দেখানো হয়েছে ক্লোজ শটে।



চিত্র- ক্লোজ শটে দুখীরামের কান্নার দৃশ্য।

রাম-লক্ষণের অভিনয়ের দৃশ্য উপস্থাপন ও দুখীরামের চোখের পানি বরানোর মধ্য দিয়ে ছিদামের প্রতি দুখীরামের অগাধ ভালোবাসার প্রকাশ ঘটানো হয়েছে। পরের একটি হাস্যরসাত্মক দৃশ্যের মাধ্যমে দর্শককে যেমন মানসিক স্বস্তি দেওয়া হয়েছে, তেমনি পরবর্তী দৃশ্যের ভয়াবহতা সম্পর্কে আভাস দেওয়া হয়েছে। লংশটে দেখা যায়, ছিদাম ও দুখীরাম কাজ শেষ করে বাড়ি ফিরতে গিয়ে দেখে পণ্ডিত মশাই ছাত্র পড়াচ্ছেন। দূর থেকে তারা লক্ষ করে পণ্ডিত মশাই বলছেন, “সবাই বল, ‘ম্যান ইজ মটাল’ মানে হলো ‘মারো, ধরো, কাটো।’” এই দৃশ্যে যেমন তৎকালীন শিক্ষা ব্যবস্থার অবনতিকে তুলে ধরা হয়েছে, তেমনি পরের দৃশ্যে দুখীরামের খুনের ইঙ্গিত দিয়ে চলচ্চিত্রের ভাষাকে করা হয়েছে আরও অর্থবহ।



চিত্র- পণ্ডিত মশাই ছাত্র পড়াচ্ছেন।

যাঁরা চলচ্চিত্র দেখার আগেই সাহিত্যে শাস্তি পাঠ করে ফেলেছেন, তারা নিশ্চয় অপেক্ষা করছিলেন যে কখন সেই খুনের দৃশ্যটি আসবে।

সাহিত্যের কোনো বিষয় যখন চলচ্চিত্রের পরদায় দেখা দেয় তখনি দর্শকের মন সেই সাহিত্যের ছবি খোঁজে। হাতের কাছে বই রয়েছে, তবুও ছবির মধ্যে সেই বই-এর রসকে ফিরে পেতে ইচ্ছে জাগে। যেমন প্রিয়জন কাছে থাকলেও তার ফটোগ্রাফ দেখার মতো। বিশেষ করে বাঙালি মন সাহিত্য প্রধান। সাহিত্য আমাদের কাছে আঁকা ছবি বা নাচের চেয়ে প্রিয়। (...) তবু সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' দল-মত-শ্রেণি নির্বিশেষে বাঙালি মনকে অভিভূত করেছে, এতে চলচ্চিত্রের জয়জয়কার।<sup>১</sup>

তাই কাম্বিত দৃশ্যের খোঁজে দর্শক উন্মুখ হয়ে থাকাটাই স্বাভাবিক। এই দৃশ্যটিতে দেখা যায়, দুখীরাম ও ছিদাম বাড়ি ফিরে লংশটে। দুখীরাম বাড়ি ফিরে দেখে ঝগড়া করে মুখ গোমড়া করে বসে আছে রাধা। রাধার কাছে ভাত চাইলে সে দুখীরামের সঙ্গে খারাপ ব্যবহার করে বলে ভাত নাই। বদমেজাজী দুখীরাম রাধাকে হাতের দা দিয়ে কোপ দেয়। এই দৃশ্যটি রাধার ওভার দ্যা সোল্ডার পর্দায় দেখা যায়। ক্লোজে দেখা যায় সে চোখ বড় বড় করে মাটিতে পড়ে যায়।



চিত্র- দা দিয়ে কোপ খাওয়ার পর রাধার অভিব্যক্তি।

এমন সময় চন্দরা তাকে ধরে ফেলে। ঘটনার আকস্মিকতা বোঝাতে ছিদাম ও চন্দরার অবাধ হওয়ার দৃশ্য ক্লোজ শটে দেখানো হয়। লংশটে রাধার মৃত্যু নিশ্চিত হয়ে ছিদাম চন্দরার কান্না থামাতে মুখ চেপে ধরে এবং দুখীরামকে বলে যে বউদির লাশ সে নদীতে ফেলে দিয়ে আসবে। দুখীরাম সত্য ঢাকতে না চাইলে ছিদাম গল্প বানিয়ে ফেলে। গল্পটি হলো দুই বউ ঝগড়া করেছে, তাই বড় বউ নদীতে ডুবে আত্মহত্যা করেছে। বলে লংশটে চন্দরা ও ছিদাম বড় বউয়ের লাশ টেনে নিয়ে যায়। আর ক্লোজ শটে দেখা যায় দুখীরাম কাঁদতে থাকে। লংশটে আঙিনার এক কোণে দুখীরাম দাঁড়িয়ে, এক কোণে চন্দরা আর ফেমের সবচেয়ে কাছে রাধার লাশ বাঁধতে ব্যস্ত ছিদাম। এমন সময় বাড়িতে প্রবেশ করে রামলোচন। যেহেতু লাশ নদীতে ফেলতে পারেনি সেহেতু ঘটনার আকস্মিকতায় হঠাৎ করেই ছিদাম বলে ফেলে যে আমার বউ বড় বউয়ের মাথায় দা'য়ের কোপ বসিয়ে মেরে ফেলেছে।



চিত্র- রামলোচনের সাথে দুই ভাইয়ের কথোপকথন।

দর্শক নড়েচরে ওঠার কথা এমন আকস্মিকতায়। দর্শক নড়েচড়ে ওঠার সঙ্গে নড়েচড়ে ওঠে চন্দরা। ক্লোজ শটে চন্দরার এমন অভিব্যক্তি প্রকাশ হয় যেন চন্দরার মাথায় বাজ পড়লো। রামলোচন দুখীরামকে ফাঁসানোর কথা বললে ছিদাম বলে ওঠে ‘বউ গেলে বউ পাবো কিন্তু ভাই গেলে ভাই পাবো না।’ চন্দরাকে ক্লোজ শটে হতবিহ্বল হয়ে তাকিয়ে থাকতে দেখা যায়। এই শটে আবহসংগীত হিসেবে করুণ বাঁশির শব্দ যেন চন্দরার ভিতরের ফেটে যাওয়া মনের শব্দ হয়ে ওঠে।

পরের দৃশ্যে লেফট টু রাইট প্যান করে দেখানো হয় সকালবেলা আঙিনায় লাশ পড়ে আছে। দুখীরাম ও ছিদাম এক কোণে ও চন্দরা বারান্দায় হেলান দিয়ে বসে আছে। এমন সময় বাড়িতে পুলিশের প্রবেশ ঘটে। প্যানের মাধ্যমে শটে গতিসৃষ্টি করে সবার মনে বিক্ষিপ্ত অবস্থাকে বুঝিয়েছেন নির্মাতা।



চিত্র- বাড়িতে পুলিশ প্রবেশের দৃশ্য।

খুন কে করেছে এই প্রশ্নে চন্দরা কাঁদতে কাঁদতে হ্যাঁ সূচক মাথা নাড়ে সেটি ক্লোজ শটে দেখা যায়। পুলিশের নানা রকম প্রশ্নে ছিদাম বউকে দোষী করে তোলার চেষ্টা করে। তখন এই চলচ্চিত্রের প্রথম এক্সট্রিম ক্লোজ শটটি দেখা যায়। এক্সট্রিম ক্লোজে চন্দরার চোখে পানি দেখা যায়। পর্দা জুড়ে দু’টি মাত্র চোখ যেন শুধু চোখের পানিই ফেলছিল না, মনে হচ্ছিলো যেন এর সঙ্গে হাজার হাজার না বলা কথা বলে দিচ্ছিলো। এই শটটি এক্সট্রিম ক্লোজ হিসেবে নির্মাতা বাছাই করার ফলে চলচ্চিত্রের ভাষার মান যেন এক অনন্য উচ্চতায় পৌঁছেছে। যেন তৈরি করেছে ছন্দময়তা। চন্দরাকে পুলিশ একেকটি প্রশ্ন করছে আর ছিদাম অপেক্ষা করছে চন্দরার উত্তরের। ছিদামের এই অপেক্ষা দেখানো হয়েছে ক্যামেরায় গতি সৃষ্টি করে। ক্লোজ শট থেকে জুম ইন করে ভেরি ক্লোজ শটে একাধিকবার ক্যামেরা যাত্রা করেছে।

পরবর্তী দৃশ্যে আদালতে বিচার চলতে দেখা যায়। আদালতে সাক্ষী দিতে উঠে ছিদাম নিজে খুন করেছে এমন সাক্ষ্য দেয়। সেকথা শুনে চন্দরা অট্টহাসি হেসে উঠে। চোখে পানি আর মুখে হাসি যেন এক নতুন ব্যঞ্জনা তৈরি করে। হাসতে হাসতে তার মাথায় বাজতে থাকে ছিদামের যে কথায় সে সবচেয়ে বেশি কষ্ট পেয়েছিল। ‘বউ গেলে বউ পাবো, ভাই গেলে ভাই পাবো না।’



চিত্র- আদালতে সাক্ষী দিতে দাঁড়িয়েছে ছিদাম।

কিন্তু ভালোবাসা বশত সে খুনের কথা নিজের ঘাড়ে তুলে নেয়। চলচ্চিত্রের এই অংশে মনে পড়ে যায় চলচ্চিত্র *রশোমন* (১৯৫০) এর কথা। জাপানি পরিচালক আকিরা কুরোশাওয়া নির্মাণ করে *রশোমন* চলচ্চিত্রটি। এই চলচ্চিত্রে দেখানো হয়েছে যে একটি ধর্মণের কাহিনিকে চারজন সাক্ষী আলাদা আলাদা করে বর্ণনা করছে এবং প্রতিটি সাক্ষ্যই বিশ্বাসযোগ্য। তেমনি *শান্তি* চলচ্চিত্রের এই অংশে দেখা যায় একটি খুনের ঘটনাকে প্রায় একই ভঙ্গিতে বর্ণনা করে চন্দরা, ছিদাম ও দুখীরাম নিজের কাঁধে দোষ নিতে চায়। চাষী নজরুল ইসলাম হয়তো আকিরা কুরোশাওয়ার চলচ্চিত্র থেকেই অনুপ্রাণিত হয়েছিলেন যে কীভাবে একই ঘটনা পুনঃপুনবার উপস্থাপন সত্ত্বেও পর্দায় টানটান রহস্য তৈরি করা যায়।

ঘটনার ধারাবাহিকতায় চন্দরার ফাঁসি হয়। ছিদাম কান্না জড়িত কণ্ঠে হাত জোড় করে জেলারের কাছে বলে যে সে তার বউয়ের সঙ্গে একবার দেখা করতে চায়। তার এই অনুরোধকে জিগজ্যাগ ফলো শর্টের মাধ্যমে উপস্থাপনের মাধ্যমে মনের ভঙ্গুরতা প্রকাশ করেছেন নির্মাতা। জেলার সাহেব গিয়ে চন্দরাকে সে কথা জানালে চন্দরা মিশ্র অভিব্যক্তি প্রকাশ করে বলে ওঠে ‘মরণ’। সঙ্গে সঙ্গে চোখ থেকে পানি গড়িয়ে পড়ে চন্দরার। সাহিত্যের এই শব্দ যেন নতুন করে শুনলো এবং দেখলো দর্শকবৃন্দ। শটটি ক্লোজ শট হওয়ার যথেষ্ট যৌক্তিকতা রয়েছে এবং হয়েছেও তাই। ‘মরণ’ শব্দটি উচ্চারণের সঙ্গে সঙ্গে আবহ সংগীত হিসেবে বেজে ওঠে তাণ্ডব নৃত্যের বাজনা। এ যেন চন্দরার মনের ভিতরে চলতে থাকা এক তাণ্ডবলীলা।

পরের দৃশ্যে দেখা যায় চন্দরা সাদা শাড়ি পরে ফাঁসির জন্য তৈরি। পুলিশ এসে তাকে ডাকছে, আবহে বেজে ওঠে রবীন্দ্র সংগীত ‘আমার যাবার বেলায় পিছু ডাকে ভোরের আলো...।’ চন্দরার ফাঁসির মঞ্চ এগিয়ে যাওয়ার দৃশ্যে শুধু তার পায়ের গতির ক্লোজ ও মুখের ভেরি ক্লোজ নিয়ে নির্মাতা এক করুণ রসের সৃষ্টি করেছেন। চন্দরা ফাঁসির মঞ্চ থেকে জল্লাদকে ধাক্কা দিয়ে পালিয়ে গিয়ে ছিদামকে জড়িয়ে ধরে।



চিত্র- ফাঁসির মঞ্চে চন্দরা।

পরের শটে দেখা যায় চন্দরার মৃত দেহে। এই পরিস্থিতির সৃষ্টি করে নির্মাতা দর্শকের সামনে একটি ইলুশন তৈরি করেছেন। কিন্তু আদৌ-কি চন্দরা পালিয়েছিল? নাকি চন্দরার মন চলে গিয়েছিল ছিদামের কাছে? এমনই প্রশ্নের বাণ ছুড়ে দেওয়া হয় উক্ত চলচ্চিত্রে। যা চলচ্চিত্রের ভাষাকে করেছে অর্থবহ, সৃষ্টি হয়েছে নতুন ভাবনার, গুরু হয়েছে নতুন করে জানার ও দেখার পিপাসা। কাহিনির শেষপর্যন্ত কোনো দৃশ্যায়ন অবাস্তব ছিলনা। সবই যেন বাস্তবতা থেকে গ্রহণ করা ছদ্মবাস্তব। এই প্রসঙ্গে Rudolf Arnheim বলে,

‘The Basic elements of the film medium will be examined separately and compared with the corresponding characteristics of what we perceive “in reality”.’<sup>৪</sup> যন্ত্র মাধ্যমের এই চলচ্চিত্র শিল্প যতবেশি যন্ত্রের সুবিধা নিতে পারবে এবং শিল্পী যতবেশি স্বাধীন, সুন্দর ও সৃজনশীল পরিবেশে কাজ করতে পারবে; চলচ্চিত্রের ভাষা ততবেশি আত্মপ্রকাশ করবে স্বমহিমায়।

#### সাহিত্য ও চলচ্চিত্ররূপে শান্তির ভাষার স্বাতন্ত্র্যবিচার

হাজার বছরের পুরাতন শিল্প ‘সাহিত্য’। আর এই সাহিত্যের কাছে নানা ভাবেই ঋণী প্রায় দেড়শ বছরের নতুন শিল্প চলচ্চিত্র, নানাভাবে প্রভাবিতও বটে। তবে চলচ্চিত্র তো কেবল সাহিত্যের ঘাটেই বাঁধা নেই, অন্যান্য শিল্পের সঙ্গেও রয়েছে অন্তরঙ্গতা। ‘সিনেমাকে আমরা তাই ঠাট্টা করে বলি “সাত ভাই চম্পা”র শিল্প।’<sup>৫</sup>

সাহিত্য হিসেবে শান্তি পড়ে দেখলে সেখানে ছিদাম ও চন্দরার বিবাহপূর্ব কোনো দৃশ্য নেই। কিন্তু চলচ্চিত্রে কাহিনি প্রবেশের জন্য এবং শেষে ছিদাম ও চন্দরার বিচ্ছেদকে আরও বেদনাদায়কভাবে উপস্থাপনের জন্য নির্মাতা ছিদাম ও চন্দরার প্রেমপর্ব সৃষ্টি করেছেন যা কিনা চলচ্চিত্রের স্বাতন্ত্র্য ভাষাকে লালন করে। শান্তি যেহেতু সাহিত্যের শাখা ছোটগল্পের আওতাভুক্ত, সেহেতু এই গল্প হঠাৎ করেই শুরু হয় এবং হঠাৎ করেই শেষ হয়ে যায়। কিন্তু চলচ্চিত্রে এর ব্যাপ্তি অনেক দূর। রয়েছে শুরু, গ্রন্থিবন্ধন, শীর্ষ বিন্দু, গ্রন্থিমোচন ও শেষ।

চলচ্চিত্রে দেখা যায় ছিদামের রাগ কিংবা জেদ তৈরি হলে সে হাতে গামছা পেঁচিয়ে বুদ্ধি করে। কিন্তু সাহিত্যে এমনটি দেখা যায় না। আবার বিয়ের পূর্বে চন্দরা রাতের বেলা ছিদামকে ঘুম থেকে ডেকে তোলার জন্য জানালা দিয়ে ফুল ছুঁড়ে মারে। চলচ্চিত্রে প্রেমের সংকেত হিসেবে ব্যবহার করা হয়েছে ফুল। কিন্তু সাহিত্যে এমন কোনো প্রেমের সংকেতের কথা তো বলা নেই, এমনকি বিবাহপূর্ব প্রেমের কথাও উল্লেখ নেই। চলচ্চিত্র যেমন কল্পনাকে সংকুচিত করে নির্দিষ্ট ভাবনার প্রতি দৃষ্টি নিষ্ক্ষেপ করতে বাধ্য করে তেমনি অতিরিক্ত কিছু ভাবনারও দৃষ্টিগ্রাহ্যতা তৈরি করে যা হয়তো সাহিত্যে একদমই নেই। তাছাড়াও চলচ্চিত্রে দেখা যায় দু’জনের প্রেমের গভীরতা বোঝাতে গানের দৃশ্যায়ন করা হয়েছে। কিন্তু সাহিত্যে গানের কথা উল্লেখ নেই। ছিদাম ও চন্দরা যখন মন্দিরে গিয়ে বিয়ে করে তখন দুই জনের মুখের ক্লোজ শট আবহসংগীত হিসেবে ‘ভালোবেসে সখী নিভূতে যতনে...’ বেজে ওঠে সেই দৃশ্যটি কোনো সংলাপ ছাড়াই হাজার হাজার অনুভূতিকে অনুরণিত করে। এই ক্ষমতাটি শুধুমাত্র চলচ্চিত্রেরই রয়েছে যে সংলাপ ছাড়া ভাষা বোঝানো। এটিই চলচ্চিত্রের ভাষার মূল জায়গা।

সাহিত্যে লেখা রয়েছে দুই জা সবসময় ঝগড়া করে। আর প্রতিবেশীরা বলে ওঠে ‘ঐ রে, বাধিয়া গিয়াছে, অর্থাৎ যেমনটি আশা করা যায় ঠিক তেমনটিই ঘটিয়াছে, আজও স্বভাবের নিয়মের কোনোরূপ ব্যত্যয় হয় নাই।’<sup>৬</sup> ঝগড়া ছাড়া যেন কোনো সম্পর্ক নেই দুই জায়ের। কিন্তু চলচ্চিত্রে রয়েছে দুই জা ঝগড়া করে যেমন, তেমন এক সঙ্গে মিলেমিশেও থাকে। এমনকি ছোট বউ বড় বউকে কখনো কখনো মায়ের স্থান দেয়। সাহিত্য ও চলচ্চিত্রের কাহিনির পার্থক্য না থাকলেও ভাষাগত পার্থক্য রয়েছে অনেক। চলচ্চিত্রে সব ঘটনার পুঙ্খানুপুঙ্খ উপস্থাপন করা হয়। একে চলচ্চিত্রের ডিটেইলিং বলা হয়।

সাহিত্য সমাজের পরিস্থিতি ও লেখকের জীবন স্মৃতির অভিজ্ঞতা দিয়ে রচিত হলেও তা কল্পনা মাধ্যমকে নিজের চারণভূমি হিসেবে বেছে নিয়ে কল্পজগত তৈরি করে। কিন্তু চলচ্চিত্র হবে বাস্তব। শূধু বাইরের জগতের বাস্তবতাই চলচ্চিত্রের চারণভূমি নয় বরং চরিত্রের মনোজগতের বাস্তবতাও গুরুত্বপূর্ণ চারণভূমি। সেক্ষেত্রে চরিত্রের অবচেতন কামনা, বাসনা, হতাশা, সাফল্যের সৎচিত্রায়ণ করা একজন চলচ্চিত্র শিল্পীর কাজ। আর সেই সততাই পরিলক্ষিত হয় শান্তি সিনেমার মধ্যে। সাহিত্যে রামলোচন চরিত্রটিকে শুধুমাত্র ভূমিহীন প্রজাদের উপর খড়্গ চালাতে ও মিথ্যা কথা বলতে দেখা যায়। কিন্তু চলচ্চিত্রে রামলোচনকে

চন্দরাসহ অন্যান্য নারীর প্রতি কুদৃষ্টি দিতে দেখা যায়। অর্থাৎ রামলোচন চরিত্রের ডিটেইলিং করা হয় চলচ্চিত্রে।

সাহিত্যে রামলোচন একদিনই মাত্র দুখীরামের বাড়িতে খাজনা আদায় করতে যায়, যেদিন রাধা খুন হয়। কিন্তু এও উল্লেখ আছে যে আগে দুখীরাম খাজনার বিষয়ে রামলোচনের সঙ্গে দেখা করে। কিন্তু চলচ্চিত্রে দেখা যায় দুইবার দুখীরামের সঙ্গে রামলোচনের খাজনা সম্পর্কিত কথা হয়। অর্থাৎ সাহিত্যের ইঙ্গিত চলচ্চিত্রে বাস্তবে ধরা দেয়।

সাহিত্যে দুখীরাম ও রাধার দেড় বছরের একটি সন্তান আছে। সাহিত্যের বর্ণনা পড়ে শুধু একটি ছেলে সন্তানের চিত্রকল্প পাঠক তৈরি করতে পারে। কিন্তু চলচ্চিত্রে একের পর এক প্রকৃতির (যেমন— ছিদাম ও দুখীরামের জমি চাষ, রাধার তুলসী গাছে জল দেওয়া, আকাশে মেঘ উড়ে যাওয়া, গরু মাঠে ঘাস খায়, প্রকৃতির সবুজ, জেলে বিলে মাছ ধরে, এক ঝাঁক পাখি উড়ে যায় ইত্যাদি) ভাষা উপস্থাপনের মাধ্যমে জন্ম এবং তারপরই সদ্য প্রস্ফুটিত সরিষার ফুল দেখিয়ে নতুনকে আহ্বান জানানোর যে ভাষা সৃষ্টি হয়েছে তা শুধুমাত্র চলচ্চিত্রেই সম্ভব।

সাহিত্যে দুই জা-এর মধ্যে ঝগড়ার কোনো কারণ উপস্থাপন করা হয় নি। শুধু বলা হয়েছে তারা সবসময় ঝগড়া করে বিভিন্ন বিষয় নিয়ে। চলচ্চিত্রে দেখা যায় ঝগড়ার মূল কারণ রাধার বাচ্চা। গ্রামের এক বৃদ্ধা রাধাকে বলে সে যেন চন্দরার কাছে বাচ্চাকে বেশি বেশি না রাখে। কারণ চন্দরার বাচ্চা হয় না। আর বাচ্চা না হওয়া নারীর কাছে বাচ্চা রাখলে খারাপ বাতাস লাগতে পারে। চলচ্চিত্রের মাধ্যমে গ্রামীণ কুসংস্কারের ডিটেইলিংকে তুলে ধরে নির্মাতা বাংলার গ্রামীণ সমাজের এক নিদারণ বাস্তবতা তুলে ধরেছেন।

শান্তি সাহিত্যে ছিদামের সংলাপ থেকে পাওয়া যায় যে সে ভাইকে অনেক ভালোবাসে। এমনকি বউয়ের চেয়েও বেশি। সংলাপটির উদাহরণ পূর্বে আলোচনা করা হয়েছে। কিন্তু ছিদামের জন্য দুখীরামের কোনো ভালোবাসার প্রকাশ ঘটে নি। শুধুমাত্র বর্ণনা করা হয়েছে যে দুই ভাই দুই ভাইকে ভালোবাসে। চলচ্চিত্রে দুখীরামের ভালোবাসার বহিঃপ্রকাশ চিত্রায়নের জন্য আলাদা এক দৃশ্য নির্মাণ করা হয়। রাতের বেলা বাড়ির আঙিনায় যাত্রাস্বরূপ একটি অভিনয় সংঘটিত হচ্ছে। তাতে অভিনয় করতে দেখা যায় রাম ও লক্ষণ চরিত্রকে। রাম ও লক্ষণের অভিনীত অংশ দুখীরামের পরিবারসহ গ্রামের অন্যান্যও উপভোগ করছিল। এমন সময় ভ্রাতৃপ্রেম দেখে দুখীরাম অবোরে কাঁদতে থাকে। সংলাপবিহীন এই শটে দুখীরামের অভিব্যক্তি ও চোখের পানি সর্বোপরি দুখীরামের চরিত্রে ইলিয়াস কাঞ্চনের অভিনয় ও ক্যামেরার উপস্থাপন ভঙ্গি মিলেমিশে সৃষ্টি হয় ছিদামের প্রতি দুখীরামের প্রেম। সংলাপবিহীন এই অভিব্যক্তি নির্বাচন করে পরিচালক এক অন্যান্য সিনেম্যাটিক ভাষা নির্মাণ করেছেন তা সন্দেহাতীত।

সাহিত্যে চন্দরার মৃত্যুর কোনো পূর্বাভাস পাওয়া যায় না। রাধার খুনের পর হঠাৎ করেই চন্দরার ঘাড়ে দোষ চাপিয়ে দেয় ছিদাম। চলচ্চিত্রে একটি দৃশ্যে ছিদাম মাতাল অবস্থায় প্রলাপ বকতে বকতে বলে ‘চন্দরা আমারে খুব ভালোবাসে, আমি যদি বলি তো আমার এক কথায় হাসতে হাসতে জীবন দিয়ে দিবে চন্দরা।’ উক্ত দৃশ্যের সংলাপ ও ছিদামের আত্মবিশ্বাস পরবর্তী ঘটনা অর্থাৎ ছিদামের কথায় চন্দরার স্বেচ্ছায় মৃত্যুবরণ সম্পর্কে পূর্বাভাস দেয়। চিত্রায়নের মধ্য দিয়ে পরবর্তী ঘটনার পূর্বাভাস দেওয়ার যোগ্যতা একমাত্র চলচ্চিত্রেরই রয়েছে।

‘সিনেমার পরিচালক যিনি, তাঁকে চিত্রনাট্য রচনা কালে মূল কাহিনির চরিত্রগুলোকে রক্ত-মাংসের মানুষ হিসেবে কল্পনা করতে হয়, গল্পের পরিবেশ চোখের সামনে স্পষ্ট করে তুলতে হয়, সময়ের পরিষ্কার সূত্র ধরে ঘটনা ধারাকে বিশ্লেষণ করতে হয়।’<sup>১</sup> শান্তি চলচ্চিত্রের নির্মাতাও সাহিত্যের মূল কাহিনি থেকে আভাস পেয়ে নির্মাণ করেন জমিদার চরিত্রটি। সাহিত্যে রয়েছে রামলোচন চক্রবর্তীদের বাড়ির একজন। চলচ্চিত্রে স্বয়ং চক্রবর্তীকেই উপস্থাপন করে গ্রামের প্রজাদের জীবনের করুণ পরিণতির চিত্র তুলে ধরা হয়েছে। এছাড়াও এক কৃষকের প্রতি জমিদারের লোকদের যে প্রহার দেখানো হয়েছে তার সবটা বোঝার জন্য সংলাপের প্রয়োজন

হয়নি, কিংবা সাহিত্যকে আঁকড়ে ধরতে হয়নি। চলচ্চিত্রে তা নিজস্ব ভাষার মাধ্যমে প্রকাশ করেছে শোষিতের উপর শাসকের নির্যাতনের চিত্র।

সাহিত্যে সাবজেক্ট সম্পর্কে বর্ণনার সময় অবজেক্ট অর্থাৎ সাবজেক্টের পার্শ্ববর্তী সব বর্ণনা উহ্য থাকে। কিংবা অবজেক্টের বর্ণনা করলেও পাঠক প্রথমে সাবজেক্ট কল্পনা করে তারপর অবজেক্ট কল্পনা করতে পারে। কিন্তু চলচ্চিত্রে ফ্রেমের ভারসাম্য রক্ষার জন্য সাবজেক্ট ও অবজেক্ট দুটিই এক সঙ্গে দৃশ্যমান হয়। সাহিত্যে দুই জায়ের ঝগড়ার কথা বর্ণনার সময় শুধু ঝগড়া নিয়েই বর্ণনা রয়েছে। কিন্তু চলচ্চিত্রে দুই জায়ের ঝগড়ার সঙ্গে সঙ্গে পার্শ্ববর্তী পরিবেশ, গাছপালা, ঘরবাড়ি সবই একসঙ্গে দৃশ্যমান। সাহিত্যে দুখীরাম ক্লান্ত অবস্থায় বাড়ি ফিরে বউয়ের কাছে ভাত চায়। তীব্র কণ্ঠে বউ উত্তর করে ‘ভাত কোথায় যে ভাত দিব। তুই কি চাল দিয়া গিয়াছিলি। আমি কি নিজে রোজগার আনিব?’<sup>১৮</sup> উক্ত সংলাপ থেকে পাঠক একে একে রকম দৃশ্যকল্প তৈরি করতে পারে, একেক পাঠকের রাধা একেক ভাবে এই সংলাপ বলে। কিন্তু চলচ্চিত্রের রাধা যেভাবে অঙ্গভঙ্গি করে তাতে সেই অঙ্গভঙ্গির নিজস্ব একটি ভাষা আছে। তাছাড়াও চলচ্চিত্রে প্রতিটি চরিত্রের মতোই রাধার অঙ্গভঙ্গি ও সংলাপের ধরণ নির্দিষ্ট করা হয়েছে। অর্থাৎ নির্মাতা দর্শককে যেভাবে দেখাতে চেয়েছে দর্শক ঠিক সেভাবেই দেখছে। এ থেকে বলা যায় যে, চলচ্চিত্র হল নির্দিষ্ট করণের শিল্প। কিন্তু সাহিত্য কোনো কিছু নির্দিষ্ট করে না দিয়ে পাঠকের ভাবনার উপরে ছেড়ে দেয় পুরো পরিস্থিতি। এক্ষেত্রে চলচ্চিত্রের একটি সীমাবদ্ধতা রয়েছে। চলচ্চিত্রে যা দেখা যায় তা দর্শকবৃন্দ নির্মাতার চোখ দিয়ে দেখে। কিন্তু সাহিত্যে পাঠকের থাকে নিজস্ব ভাবনা ও দৃষ্টিকোণ।

সাহিত্যে দেখা যায় দুখীরাম শ্রান্তি ও লাঞ্ছনার স্বীকার হওয়ায় বউয়ের রক্ষণচরন সহ্য করতে না পেরে বউকে কুপিয়ে মেরে ফেলে। চলচ্চিত্রে দুখীরামের শ্রান্তি ও লাঞ্ছনার সঙ্গে যুক্ত হয় অসুস্থতা। অসুস্থতা যুক্ত করে নির্মাতা কোথায় যেন বাড়তি মাত্রা যুক্ত করেছেন। যা কিনা চলচ্চিত্র হিসেবে শান্তির ঐ দৃশ্যে অতিরিক্ত ভাষা প্রকাশ করে। বউকে কুপিয়ে মেরে ফেলার পর দুখীরাম মাটিতে বসে পড়ে এবং ছেলেটি ঘুম থেকে উঠে চিৎকার শুরু করে। সাহিত্যে এমনটিই রয়েছে। কিন্তু চলচ্চিত্রে এর কোনোটিই ঘটেনা। তবুও উদ্ভূত পরিস্থিতি যেন টানটানভাবে বিরাজমান। তা কেবল চলচ্চিত্রের ভাষার জোরেই হয়েছে। এমতাবস্থায় সাহিত্যে বর্ণনা করা হয়েছে যে, ‘বাহিরে তখন পরিপূর্ণ শান্তি। রাখালবালক গরু লইয়া গ্রামে ফিরিয়া আসিতেছে, পরপারের চরে যারা নতুনপল্ল ধান কাটিতে গিয়াছিল তাহারা পাঁচ সাত জনের এক একটি ছোট নৌকায় এপারে ফিরিয়া পরিশ্রমের পুরস্কার দুই-চারি আঁটি ধান মাথায় লইয়া প্রায় সকলেই নিজ নিজ ঘরে আসিয়া পৌঁছিয়াছে।’<sup>১৯</sup> বর্ণনানুযায়ী পাঠক নিজ নিজ কল্পনার ভেলা ভাসিয়েছে। কিন্তু চলচ্চিত্রে এমন কোনো দৃশ্যায়ন না দেখিয়ে খুনের ঘটনায় ক্যামেরা স্থির থেকেছে। সাহিত্যে দেখা যায় রামলোচন বাড়িতে আসলে ছিদাম হঠাৎ করেই বলে ফেলে, ‘ঝগড়া করিয়া ছোটবউ বড় বউয়ের মাথায় এক দায়ের কোপ বসাইয়া দিয়াছে।’<sup>২০</sup> কিন্তু চলচ্চিত্রে দেখা যায় ছিদাম প্রথমে অন্য গল্প ফাঁদে। গল্পটি হলো ছোট বউ ও বড় বউ ঝগড়া করেছে। আর সে কারণেই বড় বউ নদীতে ঝাপ দিয়ে আত্মহত্যা করেছে। এই গল্পকে সত্যতে প্রতিষ্ঠিত করার জন্য লাশ নদীতে ফেলে আসবে বলে সিদ্ধান্ত নেয় ছিদাম। কিন্তু লাশ ফেলে আসার পূর্বেই রামলোচন বাড়িতে প্রবেশ করে তখন ছিদাম কোনো উপায় না পেয়ে সাহিত্যে বানানো গল্পের প্রয়োগ ঘটায়। এই দৃশ্যটি সাহিত্যে একরৈখিক করে তুলে ধরা হয়েছে। কিন্তু চলচ্চিত্রে নাটকীয়তা সৃষ্টির মধ্য দিয়ে গল্পের গতি সৃষ্টি হয়েছে এবং ঘটনার আকস্মিকতা তৈরি হয়েছে।

একই দৃশ্যে ছিদাম যখন বলে যে ‘বউ গেলে বউ পাবো কিন্তু ভাই ফাঁসি গেলে তো ভাই পাবো না’, তখন চন্দরার ক্লোজ শট আর তার সঙ্গে বাঁশির আবহ যে সংলাপহীন হাহাকার সৃষ্টি করেছে সেই হাহাকার সাহিত্যে পাওয়া সম্ভব নয়। কারণ বাঁশির শব্দ এখানে অনেক বড় চরিত্র হয়ে উঠেছিল। কিন্তু সাহিত্যে যেহেতু বাঁশির শব্দ সংযোজন সম্ভব নয়, সেহেতু ঐ অনুভূতি সেখানে অনুপস্থিত থাকবে সেটাই স্বাভাবিক বিষয়। আবার পুলিশ এসে যখন জানতে চায় কে খুন করেছে তখন চন্দরার মুখের দিকে তাকিয়ে থাকে ছিদাম। ছিদামের মুখে যেভাবে জুম



ইন করে অপেক্ষা বোঝানো হচ্ছিলো চলচ্চিত্রে, তা সাহিত্যে নেই এবং কোনো ভাবে সেই ভাষা সৃষ্টি করা সম্ভবও নয়। এ শুধুমাত্র চলচ্চিত্রের ভাষা।

শান্তি সাহিত্যে রয়েছে ছিদাম ও দুখীরাম দুই ভাই এক মুহূর্তে নিজেরাই খুন করেছে বলে জানায়। কিন্তু দুই ভাইকে গ্রেফতার করা হয় না। কিন্তু চলচ্চিত্রে দুই ভাই খুনের দাবি করলে বিচার না হওয়া অবধি দুই ভাইকে জেলহাজতে পাঠানো হয়। সাহিত্য কল্পনায় অনেক রংয়ের ভেলা ভাসাতে পারে কিন্তু চলচ্চিত্রে ভূমিবাস্তবতা খুব গুরুত্বপূর্ণ বিষয়। তাই যা আইন অনুযায়ী প্রয়োজন, তাই চলচ্চিত্রে দেখানো হয়েছে।

ছিদাম যখন খুনের দায়ভার নিজের ঘাড়ে নেয় তখন চন্দরা উপহাসমূলক অট্টহাসিতে ফেটে পড়ে চলচ্চিত্রে। কিন্তু সাহিত্যে এমন কোনো ঘটনার বর্ণনা দেখা যায় না। চলচ্চিত্রের হাসিতে রয়েছে অভিব্যক্তির ভাষা, মেকাপের ভাষা, মনের ভিতরে চলতে থাকা ভাষা। বিচারের রায় দেওয়ার পূর্বে চলচ্চিত্রে যে নিঃশব্দ পরিবেশ বিরাজ করেছে তা আরেকটি ভাষা প্রকাশ করে। বলা হয় শব্দহীনতাই সবচেয়ে বড় শব্দ (Sound)। এই শব্দহীন ফ্রেমকে ব্যবহার করা হয়েছে দৃশ্যের গুরুত্ব বোঝাতে। সাহিত্যে রয়েছে— সিভিল সার্জন চন্দরাকে বলে, ‘তোমার স্বামী তোমাকে দেখিতে চায়, তাহাকে কি ডাকিয়া আনিব। চন্দরা কহিল, মরণ—’<sup>১১</sup>। সাহিত্যে ‘মরণ’ শব্দটির প্রয়োগ খুবই রহস্যময়। একটি শব্দ যেন প্রচণ্ড অভিব্যক্তি তৈরি করেছে। আর চলচ্চিত্রে দেখা যায় জেলার চন্দরাকে স্বামীর সঙ্গে দেখা করতে চায় কিনা সেই প্রশ্ন করলে চন্দরা উত্তরে ‘মরণ’ শব্দটি উচ্চারণ করে বটে, কিন্তু তার পরেই যে তাগুব নৃত্যের বাজনা বেজে ওঠে। আর সেই বাজনা যেন ‘মরণ’ শব্দটিকে ছাপিয়ে দর্শক মনে তৈরি করে এক নিদারুণ হাহাকার ও কষ্ট। এর সঙ্গে যুক্ত হয় চন্দরার অভিব্যক্তি। সেই পরিস্থিতিতে যেন পর্দার চিত্র কথা বলে ওঠে সজোরে। অথচ সাহিত্য পাঠে এমন অনুভূতি জন্ম নেয় না। জন্ম নেয় অন্য কোনো কল্পনা কিংবা শূন্যতা। ‘মরণ’ শব্দের মধ্য দিয়ে সাহিত্যের শান্তি সমাপ্তি লাভ করে। কিন্তু চলচ্চিত্রের শান্তি যেন চলতে থাকে তার আপন ছন্দে। চন্দরাকে ফাঁসি দিতে নিয়ে যাওয়ার সময় শুধু পা ও মাঝে মাঝে সুখের ক্লোজ দেখা যায়, আর বাজতে থাকে রবীন্দ্রসংগীত ‘আমার যাবার বেলা পিছু ডাকে ভোরের আলো...’। আর এমনি করেই সঙ্গীতের মতো ছন্দ তৈরি করতে করতে চন্দরার ফাঁসি দেখানো হয় চলচ্চিত্রের পর্দায়।

সাহিত্য ও চলচ্চিত্র শিল্পমাধ্যম হিসেবে সম্পূর্ণ ভিন্ন। তাই তাদের প্রকাশরীতিও ভিন্ন। দুটি শিল্প মাধ্যমের যেমন কিছু সাদৃশ্য আছে, তেমন আছে বৈসাদৃশ্যও। সাহিত্য বর্ণনামূলক শিল্প কিন্তু চলচ্চিত্র একটি ভিজুয়াল আর্ট। সাহিত্যের মূল উপাদানসমূহ হলো শব্দ, বাক্য ও ভাষাশৈলী। কিন্তু চলচ্চিত্রের মূল উপাদান হলো শট। চলচ্চিত্র সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন— ‘উপকরণের বিশেষত্ব অনুসারে কলারূপে বিশেষত্ব ঘটে। ...ছায়াচিত্রের প্রধান জিনিসটা হচ্ছে দৃশ্যের গতিপ্রবাহ। এই দৃশ্যমান রূপের সৌন্দর্য বা মহিমা এমন করে পরিস্ফুট করা উচিত যাকোন বাক্যের সাহায্য ব্যতীত আপনাকে সম্পূর্ণ করতে পারে।’<sup>১২</sup>

অর্থাৎ চলচ্চিত্রে সংলাপ খুব গুরুত্বপূর্ণ বিষয় নয়। দৃশ্যমান রূপ ও ভাষাশৈলীই এখানে অপরিহার্য।

#### মূল্যায়ন

সাহিত্য ও চলচ্চিত্র হিসেবে বস্তু বা কন্টেন্টগত দিক থেকে শান্তি ছোটগল্পের সাদৃশ্য রয়েছে। আর সাদৃশ্যটি হল গল্প। গল্পের দিক থেকে সাদৃশ্য থাকলেও ফর্ম বা রূপের দিক থেকে শান্তি সাহিত্য ও চলচ্চিত্র হিসেবে আলাদা। সব সাহিত্য ও চলচ্চিত্রই আলাদা হয়। এদিক থেকে শান্তি ও এর বাইরে নয়। সাহিত্য থেকে চলচ্চিত্রে রূপান্তরিত শান্তি গল্পের মূল্যায়ন নিম্নরূপ—

শান্তি ছোটগল্পে দুখীরাম ও ছিদাম দুই ভাই। তারা দু’জনই দিনমজুর। গ্রামের জীর্ণ কুটির দারিদ্র্য সীমার নিচে বসবাস দুই ভাইয়ের। দুই ভাইয়ের দুই স্ত্রীর মাঝে সব সময়ই ঝগড়া লেগে থাকে। তাদের ঝগড়া ও পাড়া প্রতিবেশীর কাছে অভ্যস্ততায় পরিণত হয়েছিল। একদিন হঠাৎই সারাদিন পরিশ্রম করে প্রাপ্য মজুরি না পেয়ে বাড়ি ফিরে আসে দুই ভাই। দুখীরাম বড় বউয়ের কাছে ভাত চাইলে বড় বউ ককর্শ কণ্ঠে জানিয়ে দেয় যে ভাত নাই। বউয়ের এহেন ব্যবহারে দুখীরাম মাথা গরম করে হাতের দাঁ দিয়ে কুপিয়ে মেরে ফেলে

বউকে। ছিদাম খুনের দায় থেকে ভাইকে বাঁচানোর জন্য নিজের বউয়ের উপর দায় চাপিয়ে দেয় এবং স্বামীর প্রতি অধিক ভালোবাসা কিংবা অভিমান বসত চন্দরাও সে দায় স্বীকার করে নেয় এবং চন্দরার ফাঁসির রায় ঘোষণা হয়।

সাহিত্যের এই গল্প থেকে ২০০৪ সালে বাংলাদেশে প্রথম বারের মত রবীন্দ্রসাহিত্য নিয়ে নির্মিত হয় চলচ্চিত্র *শান্তি*। স্বভাবতই সাহিত্য থেকে চলচ্চিত্র নির্মিত হলে পাঠক ও দর্শক উভয়ের চাহিদা মেটানোর অলিখিত দায় নির্মাতা এড়িয়ে যেতে পারেন না। সাহিত্যের চরিত্র, সংলাপ, পরিবেশ ইত্যাদি পাঠকবৃন্দ খুঁজতে থাকে চলচ্চিত্রের মধ্যে। *শান্তি* চলচ্চিত্রের ক্ষেত্রেও এর ব্যতিক্রম হয় নি। বদমেজাজী দুখীরাম, বুদ্ধিসম্পন্ন ছিদাম, বাগড়াটে রাধা কিংবা অভিমানি ও সুন্দরী চন্দরাকে চলচ্চিত্রের মাঝে সাহিত্যের চরিত্র-চিত্রণের মতো করেই পাওয়া যায়। কিংবা কখনো কখনো তার চেয়েও স্পষ্ট বৈশিষ্ট্যসমূহ চরিত্রের মধ্যে লক্ষ করা যায়।

সাহিত্যে ছিদাম ও চন্দরার বিয়ের পূর্বের কোন ঘটনা লক্ষ করা যায় না। কিন্তু চলচ্চিত্রে বিবাহপূর্ব দৃশ্য লক্ষণীয়। তবে সাহিত্যের কাহিনিকে অক্ষুণ্ণ রেখেই নতুন দৃশ্য সৃষ্টি করা হয়েছে। নির্মাতা তার চলচ্চিত্রিক সৃজনশীলতা প্রকাশের মাধ্যমে একই কাহিনিতে সাহিত্যের চেয়ে বেশি কিছু দেখিয়েছেন।

সাহিত্যে ছিদামের কোন মুদ্রাদোষের উল্লেখ নেই। তবে চলচ্চিত্রে ছিদামকে দেখা যায় রেগে গেলেই গামছা দিয়ে হাতকে পেঁচিয়ে ধরে। এই সামান্য সংযোজন চলচ্চিত্রের ছিদামকে করেছে আলাদা এবং অপেক্ষাকৃত প্রভাব বিস্তারকারী চরিত্র। আবার বিয়ের আগের দৃশ্যে চন্দরা ঘুমন্ত ছিদামের বুকে ফুল ছুঁড়ে মেরে তার ঘুম ভাঙায়। এটিও সাহিত্যে নেই। কিন্তু এই ফুলকে নির্মাতা প্রেমের দৃশ্যরূপ করে তুলেছেন।

সাহিত্যে দুই জা'য়ের বাগড়ার কথা উল্লেখ করা আছে। তাতে করে পাঠক হয়তো চলচ্চিত্রটি উপভোগ করার সময় দুই জা'য়ের বাগড়াকে প্রত্যাশা করবে। কিন্তু প্রত্যাশা পূরণের পর আরও বেশি কিছু পেয়ে যাবে দর্শক হিসেবে। কেননা চলচ্চিত্রে শুধু বাগড়াই দেখানো হয় নি, হয়েছে দুই জা'য়ের পরম আত্মার সম্পর্কেরও উপস্থাপন। কখনো কখনো ছোটবউ, বড়বউকে মায়ের স্থান দেয়। সাহিত্যের রস আন্বাদনের পর চলচ্চিত্রটি দেখলে সম্পূর্ণ আলাদা রস আন্বাদন সম্ভব হবে। যে রস শুধু চলচ্চিত্র শিল্পের। সমাজ বাস্তবতার নিরিখে সাহিত্য রচিত হলেও তা কল্পনাভূমিকে নিজস্ব চারণভূমি বলে বেছে নেয়। কিন্তু চলচ্চিত্রের ক্ষেত্রে মনোজগতে বাস্তবতাকে তুলে ধরে চরিত্রের অবচেতন কামনা, বাসনা, হতাশা কিংবা সাফল্যের সং চলচ্চিত্রায়ণ একজন চলচ্চিত্র শিল্পীর কাজ। আর সেই সততাই দেখিয়েছেন *শান্তি* সিনেমার নির্মাতা। একজন চলচ্চিত্র পরিচালককে সাহিত্যের চরিত্রসমূহকে রক্ত-মাংসের মানুষ হিসেবে কল্পনা করতে হয়, গল্পের পরিবেশকে চোখের সামনে উপস্থিত করতে হয় এবং সময়ের প্রকৃত ব্যাখ্যা তৈরি করে ঘটনার ক্রম সাজাতে হয়। *শান্তি* চলচ্চিত্রের নির্মাতাও ঠিক তেমনটিই করেছেন। সাহিত্য থেকে জমিদার চরিত্রটির আভাস পেয়ে চলচ্চিত্রে ঐ চরিত্রের নির্মাণ করে ঘটনার ডিটেইলিং করেছেন।

সাহিত্যে ছিদাম যখন বলে 'বউ গেলে বউ পাবো কিন্তু ভাই গেলে ভাই পাবো না' তখন পাঠক হিসেবে হয়তো ছিদামের নির্দয় হৃদয়কে কল্পনা করার প্রয়াস তৈরি হয়েছে। কিন্তু চলচ্চিত্রে যখন একই সংলাপের সময় চন্দরাকে দেখানোর সঙ্গে একটি আকস্মিকতা সৃষ্টি করে এমন আবহ সঙ্গীত বাজে তখন সাহিত্যের ভাবনার চেয়ে হয়তো বেশি কিছু গ্রহণ করতে পারে দর্শকবৃন্দ।

রবীন্দ্রনাথ *শান্তি* গল্পে 'মরণ' শব্দটির মধ্য দিয়ে যে অভিঘাত তৈরি করেছেন, চলচ্চিত্রে আবহসঙ্গীত তার চেয়ে কম নয় বরং বেশি অভিঘাত ও মর্মবেদনা সৃষ্টি করেছে। 'মরণ' শব্দটির মধ্য দিয়ে গল্পের ইতি ঘটলেও চলচ্চিত্র যেন তার নিজস্ব ছন্দ নিয়ে এগিয়ে যেতে থাকে আরও কিছু দূর।

#### উপসংহার

সাহিত্য ও চলচ্চিত্রের মূল যোগাযোগ ও রূপান্তরটি হলো সাহিত্য ভাবগত ও ভাষাগত ইমেজ সৃষ্টি করে আর চলচ্চিত্র দৃশ্যমান ও শব্দগত ইমেজ তৈরি করে। সাহিত্যে ইমেজের বিচার হয় অবজেক্টিভ আর চলচ্চিত্রের সাবজেক্টিভ। সাহিত্যের অনুভবপ্রধান প্রস্তুতিই চলচ্চিত্রে আবেগমূলক প্রস্তুতি হয়ে উঠে। সাহিত্য ও চলচ্চিত্র

দুটি আলাদা ভাষায় গঠিত ও নির্মিত। এই সাহিত্যের ভাবগত ইমেজ চলচ্চিত্রে গিয়ে দাঁড়িয়েছে দৃশ্যগত ইমেজে। অতএব সাহিত্যনির্ভর চলচ্চিত্র হলেও শান্তি চলচ্চিত্র হিসেবে আলাদা ভাষার সৃষ্টি করেছে। তবে সাহিত্যের ভাষারও রয়েছে স্বাতন্ত্র্যতাবোধ। সাহিত্য শান্তিকে চলচ্চিত্রে রূপান্তরের মাধ্যমে আলাদা ভাষা সৃষ্টি করে সেটিকে আরও মর্যাদাপূর্ণ আসনে নিয়ে গেছেন চলচ্চিত্রকার। এখানে সাহিত্য ও চলচ্চিত্রের কোনো বিরোধ নেই; রয়েছে স্বাতন্ত্র্য।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> চিন্ময় মুৎসুদ্দী, *বাংলাদেশের চলচ্চিত্রে সামাজিক অঙ্গীকার*, (ঢাকা: বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ১৩৯৪), পৃষ্ঠা ৩২
- <sup>২</sup> কমল মজুমদার, “চলচ্চিত্রে গানের ব্যবহার”, *চলচ্চিত্র*, কমলকুমার মজুমদার ও মলয়চন্দন মুখোপাধ্যায়(সম্পাদিত), (ঢাকা : নালন্দা, ২০১৬), পৃষ্ঠা ১৩৮
- <sup>৩</sup> চিত্তানন্দ দাশগুপ্ত, “পথের পাঁচালী”, শক্তি বসু ও শুভেন্দু দাশগুপ্ত (সম্পাদিত), *চলচ্চিত্রে বিতর্ক*, (কলকাতা: সিনেক্লাব অফ ক্যালকাটা, ২০১৫), পৃষ্ঠা ০৭
- <sup>৪</sup> Rudolf Arnheim, *Film as art*, (London: faber and faber, 1958), Page. 17
- <sup>৫</sup> তানভীর মোকাম্মেল, “সিনেমা ও সাহিত্যের আন্ত সম্পর্ক: সমাজসত্যের আলোকে” মোঃ মনজুরুল রহমান (সম্পাদিত), *বাংলাদেশে চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা*, (ঢাকা: বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট তথ্য মন্ত্রণালয়, সংখ্যা ৫, ২০১৭), পৃষ্ঠা ১১
- <sup>৬</sup> রবীন্দ্রনাথ ঠাকুর, *রবীন্দ্র রচনাবলী* (অষ্টাদশ খন্ড), (কলকাতা: বিশ্বভারতী, ১৩৫১ বাংলা), পৃষ্ঠা ২৭৮
- <sup>৭</sup> প্রলয় শূর, “সত্যজিৎ রায়ের ছবি: তৃণতরুণময় বাংলাও বাঙালির ধুলোমুদ্রা সংসার,” *সিনেমার শতবর্ষে ভারতীয় সিনেমা*, (কলকাতা: নন্দন, ১৯৯৫), পৃষ্ঠা ২০৭
- <sup>৮</sup> রবীন্দ্রনাথ ঠাকুর, *রবীন্দ্র রচনাবলী* (অষ্টাদশ খন্ড), (কলকাতা: বিশ্বভারতী, ১৩৫১ বাংলা), পৃষ্ঠা ২৮০
- <sup>৯</sup> তদেব, পৃষ্ঠা ২৮০
- <sup>১০</sup> তদেব, পৃষ্ঠা ২৮১
- <sup>১১</sup> রবীন্দ্রনাথ ঠাকুর, *রবীন্দ্র রচনাবলী* (অষ্টাদশ খন্ড), (কলকাতা: বিশ্বভারতী, ১৩৫১ বাংলা), পৃষ্ঠা ২৮৯
- <sup>১২</sup> উজ্জ্বল, সাজেদুল আউয়ার, *চলচ্চিত্রকলার রূপ-রূপান্তর*, (ঢাকা : বিদ্যপ্রকাশ, ২০১৪), পৃষ্ঠা ১৪

## আহমাদ শামলুর কবিতার বিষয়বৈশিষ্ট্য ও শৈল্পিক নান্দনিকতা (Themes, Characteristics and Aesthetics of Ahmad Shamlu's Poetry)

ড. মো. কামাল উদ্দিন\*

**Abstract:** Ahmad Shamlu (1925-2000) was a prominent modern Persian poet, writer and journalist. The themes of his poetry range from social concepts and attention to current problems of the people. He was one of the pioneers of modern Persian poetry. The modern trend changed the viewpoint of idea, language and content of Persian poetry. The poets tried to compose their poems in the language as people speak in their daily life. The style is different from that of traditional poetry. Shamlu was very much influenced by Nima Youshij, the father of modern Persian poetry. He had the greatest influence after Nima, on Iranian poets of his time as well. He developed a simple poetic style known in Iran as Sepid Persian Poetry (white Persian poetry). The style is a kind of free verse that departs from the tightly balanced rhythm and rhymes of classical Persian poetry. His poetry varied in terms of subject and content in contemporary period. The philosophy of life and death, love and various thematic ideas were reflected in his poetry. This article will focus on the contribution of Shamlu and the various themes and artistic features of his poetry.

আধুনিক ফারসি কবিতার অন্যতম দিকপাল আহমাদ শামলু। সমাজে মানুষের চলমান ঘটনাবলির উজ্জ্বল প্রতিচ্ছবি তার কবিতা। ব্যক্তিজীবনে তিনি কঠিন পরিস্থিতির মুখোমুখি হয়েছেন বার বার। রাজনৈতিক প্রেক্ষাপটে কারাগারের অন্ধকারে তাকে কাটাতে হয়েছে জীবনের অনেকটা সময়। জীবনের কঠিন বাস্তবতাকে তিনি গভীরভাবে অনুধাবন করেছিলেন। যাপিত জীবনের নানাবিধ অনুষ্ণের অবতারণা ঘটে তার কবিতায়। তাই কবি হয়ে উঠেন গণমুখী। ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও আন্তর্জাতিক ঘটনাবলি ব্যঞ্জনাময় হয়ে ওঠে তার কাব্যে। সাধারণ মানুষ থেকে উচ্চবিত্ত পর্যন্ত সবারই দুঃখ-বেদনার সাথে ছিল তার নিবিড় সংযোগ। পিতার কর্মময় জীবনের সাক্ষী হিসেবে বিভিন্ন জনপদের মানুষের জীবনের ঘাত-প্রতিঘাতকে প্রত্যক্ষ করেছেন নিবিড়ভাবে। মানুষের মনের গহীনে লুকিয়ে থাকা সুপ্ত ভাবনাগুলো কল্পলোকের শৈল্পিকতায় তুলে ধরেছেন তার কবিতায়। সনাতন ধারায় কাব্যচর্চার মধ্য দিয়ে সাহিত্যঙ্গনে আবির্ভূত হলেও কালের কপোলতলে শামলু হয়ে উঠেন আধুনিক ফারসি কবিতার অন্যতম পুরোধা। নিমায়ি স্টাইলে কবিতা রচনায় খ্যাতিমান কবিদের শীর্ষে অবস্থান ছিল তার। তার কবিতা মানুষের বাস্তব জীবনেরই চিত্রায়ণ। সাধারণ মানুষের মুখের ভাষা তার কবিতায় অভিনব ধারার সূচনা করে। মানুষের মনের ভাব ও ভাষার মিশেলে তার কবিতা হয়ে ওঠে সর্বজনীন।

### ব্যক্তিজীবন ও সাহিত্যভুবন

আহমাদ শামলুর জন্ম ১৯২৫ খ্রিষ্টাব্দের ১২ ডিসেম্বর তেহরানে। পিতার নাম হায়দার আর মায়ের নাম কাওকাব এরাকি। পিতা সামরিক কর্মকর্তা হওয়ায় ইরানের বিভিন্ন শহরে তার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা সমাপ্ত হয়। তেহরানে অবস্থিত ইরান-জার্মান আর্ট ইনস্টিটিউট থেকে জার্মান ভাষায় জ্ঞানার্জন করেন। রাজনৈতিক প্রেক্ষাপটে তাকে একাধিকবার গ্রেফতার হতে হয়। ব্যক্তিজীবনে তিনি নানা ঘাত-প্রতিঘাতে তিনবার বৈবাহিক বন্ধনে আবদ্ধ হন। অবশেষে ২০০০ খ্রিষ্টাব্দের ২৩ জুলাই তেহরানের ইরানমেহর হাসপাতালে শেষনিঃশ্বাস ত্যাগ করেন এবং কারাজে তাকে সমাহিত করা হয়।<sup>১</sup>

\* প্রফেসর, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

আহমাদ শামলু আধুনিক ফারসি কবিতার জনক নিমা ইউশিজের দ্বারা গভীরভাবে অনুপ্রাণিত। ১৯৪১ খ্রিষ্টাব্দে ৪ জুন নিমা তাকে *আসফানে* কাব্যগ্রন্থ উপহার দেন। ১৯৪৭ খ্রিষ্টাব্দে শামলুর প্রথম কাব্যগ্রন্থ *অহাঙ্গহায়ে ফারামোশ শোদে* (বিস্মৃত সুর) প্রকাশ পায়। এটি সনাতনী ধারার কবিতাসমগ্র। ১৯৫১ খ্রিষ্টাব্দে নিমায়ি স্টাইলে রচিত *কেতআ নামে* (টুকরো কবিতা) কাব্যগ্রন্থ প্রকাশিত হয়।<sup>২</sup> ১৯৫৭ খ্রিষ্টাব্দে *হাওয়ায়ে তা'য়ে* (নতুন হাওয়া) কাব্যসমগ্র প্রকাশ পায়। এরই মাধ্যমে শামলু ইরানের প্রথম সারির কাব্যধারায় নিজেকে প্রতিষ্ঠা করেন। তার কল্পলোকের ভাবনাগুলো নতুন আঙ্গিকে বিকশিত হয়। একই বছর আবু সাঈদ আবুল খায়ের, খৈয়াম এবং বাবা তাহেরের রুবাই (চতুস্পদী কবিতা) সংকলন প্রকাশ করেন। প্রখ্যাত সাহিত্য সমালোচক আব্দুল আলি দাস্তগেইবের মতে, নিমার পর সমকালীন ফারসি কবিতায় শামলুর প্রভাব সর্বাধিক। ফারসি সাহিত্যে রোমান্টিক গানের সূচনা তারই সৃষ্টি। ১৯৫০ খ্রিষ্টাব্দে *ফেরদৌসি* সাপ্তাহিকীর সম্পাদকের দায়িত্বভার গ্রহণ করেন। নতুন আঙ্গিকে প্রকাশিত পত্রিকায় গবেষণা ও সমালোচনামূলক লেখা ছাপা হয়। ১৯৬১ খ্রিষ্টাব্দে ড. মোহসেন হাশতরুদির সহায়তায় *কিতাবে হাফতে* শিরোনামে একটি সাপ্তাহিকীর ২৫টি সংখ্যা প্রকাশ পায়। ১৯৬৪ খ্রিষ্টাব্দে *অ'ইদা দার অ'ইনে* প্রকাশিত হয়।<sup>৩</sup> ১৯৭৯ খ্রিষ্টাব্দে আসকারি পাসায়ির পরিচালনা ও শামলুর সম্পাদনায় *কিতাবে জুময়ের* ৩৬টি সংখ্যা ছাপা হয়। সম্পাদনা ও মৌলিক গবেষণার সঙ্গে সঙ্গে তার অনুবাদকর্মও সমাদৃত। *দারহা ওয়া দিওয়ারে বুজুর্গে চিন* (চীনের দরজাগুলো এবং খেটওয়াল), *যাখারিয়া স্টানকোর উপন্যাস পা বারাহনেহা* (নগ্নপদগণ) বিশেষভাবে উল্লেখযোগ্য। চলচ্চিত্রাঙ্গনেও শামলুর সফল পদচারণা। ১৯৫৯ খ্রিষ্টাব্দে *খোরুসে জাররিনে পিরাহানে পারি* (পরীর জামায় সোনালি খরগোশ) কাহিনী অবলম্বনে নির্মাণ করেন শিশুতোষ চলচ্চিত্র। চিত্রনাট্য ও সংলাপেও তিনি ছিলেন পারঙ্গম। *বুসান্ত* (অন্ধগলি, ১৯৬৪), *ফারার আয হাকিকাত* (বাস্তবতা থেকে পলায়ন, ১৯৬৬) বিশেষভাবে উল্লেখযোগ্য। শামলুর প্রথম দিকের রচনাবলি সনাতন ধারায়। পরবর্তীকালে আধুনিক ধারার কাব্যচর্চার নিমা দ্বারা প্রভাবিত হন। কালের আবর্তনের শামলু নিজেই শেরে সেপিদ বা গদ্য কবিতার প্রবর্তকে পরিণত হন।<sup>৪</sup> তিনি প্রাচীন পাণ্ডুলিপি সংশোধন, শিশুদের উপন্যাস, গল্প অনুবাদ, গবেষণা ও সমালোচনামূলক প্রবন্ধ রচনায়ও ছিলেন সিদ্ধহস্ত। ফারসি কবিতায় আধুনিকায়নে শামলুও অগ্রণী ভূমিকায় অবতীর্ণ।

### কবিতার বিষয় ও বৈশিষ্ট্য

মানুষের জীবনের কথা আহমাদ শামলুর কবিতার প্রধান উপজীব্য। যুগে যুগে কবিদের চিন্তাধারা তাদের সমকালীন সমাজ ও রাষ্ট্রের চলমান ঘটনাবলির সাথে মিশে যায়। অন্য দশজনের চেয়ে তাদের ভাবনার গভীরতা আরো প্রবল। রাজনৈতিক-সামাজিক-সাংস্কৃতিক ঘটনাপরম্পরায় তাদের চিন্তাধারায় অনুবর্তিত। কবিতায় মানুষের জীবনের সঙ্গে সঙ্গে অপরাপর ঘটনাও চলতে থাকে সমতালে। কখনো বা প্রত্যক্ষ আবার কখনো বা পরোক্ষভাবে এই অনুভূতির প্রকাশ ঘটে। কবিরা তো আর জনবিচ্ছিন্ন কোনো সত্তা নন। মানুষের মৌলিক অধিকারের বাণী যেখানে নীরবে কাঁদে; কবিদের লেখনী সেখানে থেমে থাকে না। তারা সরব হয়ে উঠেন আপন মহিমায়। সহজ সরল সাবলীল ভাষায় মানুষের মনের কথা চিত্রায়িত করেন কাব্যশৈলীর গাঁথুনীতে। কবিতার ভাব ও ভাষায় নতুন মাত্রা যুক্ত হয়। মানুষের জীবন ও বাস্তবতার রূপায়ণ ঘটে শামলুর কবিতায়।

### সমাজ-সংস্কৃতির রূপায়ণ

কবিদের মনোলোক স্বকালের ইতিহাস, সমাজ ও রাজনীতির নানা ঘাত-প্রতিঘাতে প্রভাবিত হয়ে থাকে। মনের গভীরে প্রোথিত ভাবনাই উগ্ঠ হয় কবিতার অবয়বে। আর কবিতার শরীর জুড়ে সেই উত্তাপ ছড়িয়ে পড়ে। কবিতার শাখা-প্রশাখা সেই বাস্তবতার অনুভবশূণ্য হতে পারে না। কবিদের একান্ত ব্যক্তিগত দুঃখ-বেদনার স্বরূপ যেভাবে ধরা পড়ে কবিতায়; তেমনি সমকালীন সমাজ-সংস্কৃতির চিত্রও জ্বল জ্বল করে তাদের সৃষ্টিকর্মে। কেননা তাদের বিশ্বাস ও অনুভব অন্যদের চেয়ে শাণিত ক্ষুরধার। বাস্তবজীবনে কোনো কোনো

কবি আবার রাজনৈতিক কর্মীতেও পরিণত হয়ে যান। অধিকাংশ কবি তাদের মনের সুষ্ঠু অভিব্যক্তি বিধৃত করেন তাদের কবিতায়। প্রকৃতপক্ষে কবিরা তাদের শিল্পকর্মেই বেঁচে থাকেন অনাদিকাল। মনের আঙিনায় ভেসে বেড়ান যুগ যুগান্তরে। শামলুর কবিতায় সমাজজীবনের স্বরূপই প্রাণময় হয়ে ওঠে। কবির ভাষায়-

شن -چو!  
 كجاست جنگ؟  
 در خانه تو  
 در كره  
 در اسياى دور؟  
 اما تو  
 شن  
 برادرک زرد پوستم!  
 هرگز جدا مدان  
 زان کلبه حصير سفالين بام  
 بام و سراى من  
 پيدااست  
 شن  
 كه دشمن تو دشمن من است  
 وان اجنبى كه خوردن خون تو راست مست  
 از خون تيره پسران من  
 بارى  
 به ميل خويش  
 نشويد دست!  
 'شان- چو  
 युद्ध कोथाय?  
 তোমার ঘরে  
 কোরিয়ায়  
 दूर एशियाय?  
 কিন্তু তুমি  
 শান  
 কোরিয়ার মলিন চেহারার ভাই আমার!  
 কখনো আলাদা ভেবো না  
 ঐ যে মাটির ছাদের ছনের কুঁড়ে ঘর  
 সেটা আমারও ছাদ আর আবাস  
 দৃষ্টির সীমনায়  
 শান  
 তোমার শত্রু যে আমারও শত্রু  
 অজানা আগন্তুক যে তোমার খুন চুষতে উন্মাদ  
 আমার কলিজার টুকরো ছেলেদের রক্তে  
 আবারো  
 নিজের খাবার খায়  
 এমনকি হাতটাও ধোয় না!'

**ইতিহাস-ঐতিহ্যের প্রতীক**

কবিদের শিল্পকর্ম সভ্যতা-সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্য বিনির্মাণে ভূমিকা রেখে আসছে যুগ যুগ ধরে। তারা একদিকে হাজার বছরের ঐতিহ্যকে লালন করেন একই সঙ্গে নিজেদের কর্মেও তা প্রতিবিম্বিত করেন শৈল্পিক অবয়বে। ঐতিহ্যানুসন্ধানের নেশা কবিকে তাড়িত করে, আন্দোলিত করে। নতুন সৃষ্টির দিকে এগিয়ে নিয়ে যায়। অতীত ইতিহাস, দর্শন, মূল্যবোধ, গৌরবগাথা, কল্পকাহিনীর অবতারণার শামলুর কবিতায় ঐতিহ্যানুসন্ধানেরই চিহ্নবহ। কবিতা শুধু নির্দিষ্ট ভূখণ্ডেই সীমায়িত নয়। দেশ, মহাদেশ, মহাবিশ্বের কল্পলোকে কবি বিচরণ করেন অনায়াসে। তাদের কল্পনার ডানা থাকে বিশাল।

خدای را  
مسجد من کجاست  
ای نا خدای من؟  
در کدامین جزیرهٔ آن آبگیر ایمن است  
که راهش  
از هفت دریای بی زنهار  
می گذرد؟<sup>۶</sup>

‘খোদা  
আমার মসজিদ কোথায়  
হে আমার মহান পথপ্রদর্শক?  
ঐ গভীর সমুদ্রের কোন্ দ্বীপে নিরাপত্তা  
যার পথ  
নিরাপত্তাহীন সাত সমুদ্রে  
অতিবাহিত হয়?’

**আর্থ-সামাজিক নিরাপত্তা**

আর্থ-সামাজিক নিরাপত্তা মানুষের মৌলিক অধিকার। শাসকশ্রেণির রাজনৈতিক অর্থনৈতিক যাতাকলে মানুষ তাদের মৌলিক অধিকার হারিয়ে ফেলে। দৈন্যদশায় নিপতিত হয় সাধারণের জীবন। শামলু মানুষের বাস্তব জীবনের ছবি এঁকেছেন। রাজনৈতিক-অর্থনৈতিক দুর্দশার স্বরূপ অঙ্কিত হয়েছে তার কবিতায়।<sup>৭</sup> মানুষের দুঃখ-কষ্টের চিত্র ফোটে ওঠে। অসহায়-বঞ্চিত-নিপীড়িত মানুষের আত্ননাদ ভেসে বেড়ায় আকাশে-বাতাসে। তাই তার কবিতা হয়ে যায় জীবনমুখী। জীবনের রূপরেখা অঙ্কিত হয় কাব্যিক দ্যোতনায়। মানুষের দুঃখ-কষ্টের ভাবনার অনুরণিত হয় শামলুর কবিতায়-

از دست های گرم تو  
کودکان تو امان آغوش خویش  
سخن ها می توانم گفت  
غم نان اگر بگذارد<sup>۷</sup>  
‘তোমার উষ্ণ হাতের পরশে  
শিশুরা তোমার নিরাপদ কোলে  
কথামালার ঝংকার তুলতে পারব  
কিটি না পাওয়ার কষ্ট যদি বিদায় নেয় মন থেকে।’

### কবিতা জীবনেতিহাস

মানুষের জীবনকথা লেখা থাকে ইতিহাসের পাতায়। শত বছরের ঐতিহ্যের সন্ধান মিলে ইতিহাসের গৌরবময় অতীত থেকে। কালের গর্ভে বিলীন হওয়া সভ্যতাকে রক্ষা করে ইতিহাস। এমনিভাবে যুগের প্রবহমান ঘটনাবলির নীরব সাক্ষী স্বকালের শিল্প-সাহিত্য। সাহিত্যে চিত্রিত হয় জীবন-সংস্কৃতির রূপরেখা। কাল থেকে মহাকালে এর অনুবর্তন ঘটে। কোনো জাতির ইতিহাস-ঐতিহ্য, সভ্যতা-সংস্কৃতি জানতে হলে সেই ভাষার সাহিত্যের চেয়ে মূল্যবান হৃদয়গ্রাহী কোনো উপাদান নেই। কবিরা যুগ যুগ ধরে মানুষের সাংস্কৃতিক ঐতিহ্য লালন করে আসছেন। আজো ফেরদৌসির *শাহনামা* পাঠে পারস্যের ইতিহাস-ঐতিহ্য, সভ্যতা-সংস্কৃতি অবলোকনে হৃদয়ে শিহরণ জাগে। মনে হয় ঘটনাপরম্পরা চোখের সামনেই দীপ্যমান। একইভাবে হাজার বছর পেরিয়েও শামলুর কবিতায় অনুরণিত হয় সেই ইতিহাস-ঐতিহ্যের ঝংকার। কবির ভাষায়-

او شعر می نویسد،  
یعنی  
او افتخار نامهٔ انسان عصر را  
تفسیر می کند.  
یعنی  
او فتح نامه های زمانش را  
تفسیر می کند<sup>۸</sup>  
'সে কাব্য লিখে  
মানে  
মহাকালের মানুষের গর্বের ইতিহাস  
এঁকে যায়  
অর্থাৎ  
তার যুগের বিজয়গাঁথা  
রচনা করে।'

### মৃত্যুই জীবন

সৃষ্টিজগতের সবই রহস্যময়। মহাবিশ্বের সৃষ্টিরহস্য উদ্ঘাটন মানুষের ক্ষমতার অতীত। প্রত্যেকে নিজ নিজ ভাবনা নিয়ে এর রহস্যোন্মোচনের প্রচেষ্টা চালায়। বিজ্ঞানী তার আবিষ্কারের মাধ্যমে সৃষ্টির রহস্য খোঁজে। দার্শনিক স্বীয় যুক্তিনির্ভর তথ্য উপস্থাপনে সচেষ্ট থাকেন। আবার ধর্মীয় প্রাজ্ঞজনেরা ধর্মগ্রন্থের মর্মবাণী তুলে ধরেন। কবিসাহিত্যিকেরা তাদের শিল্পকর্মের অবয়বে রহস্যের নানা দৃষ্টিভঙ্গি অঙ্কনে ব্যাপৃত হন। সৃষ্টির এ রহস্যের চূড়ান্ত পরিণতিতে পৌঁছা মানুষের সাধ্যাতীত। বিশ্বাসে ভর করে বলতে হয় মহাবিশ্বের সবই বিলীন হয়ে যাবে একদিন। আবার পুনরুত্থিত হবে পৃথিবীর সব মানুষ। মৃত্যুই এ বাহ্যিক জীবনের সমাপ্তিরেখা। নতুন রেখার উদয় ঘটবে পরপারের প্রথম সোপানে। মৃত্যু মানেই নতুন জীবনের আগমনী বার্তা। শামলুর কবিতা উদ্ভূত করা যায়-

این یک، سرود زندگی اش را  
در خون سروده است  
وان یک، غریب زندگی اش را  
در قالب سکوت،  
اما ... اگر چه قافیهٔ زندگی  
در آن



چیزی به غیر ضربهٔ کشدار مرگ نیست.  
 در هر دو شعر  
 معنی هر مرگ  
 زندگی ست! ۵۰

‘এটি তার জীবনের গান  
 গেয়েছে খুনরাঙা পথে  
 ঐ কবিতা জীবনের আর্তনাদ  
 নীরব নিখর অবয়বে  
 আর যদিও জীবনের অন্ত্যমিল  
 সেখানে আছে  
 মৃত্যুর বিষাক্ত আঘাত ছাড়া ভিন্ন কিছু নয়  
 উভয় কবিতার ভেতরে  
 প্রতিটি মৃত্যুর অর্থই  
 জীবন!’

#### ক্লাসিক কাব্যের মৌলিকতা

প্রাচীনধারার কবিতায় জীবনঘনিষ্ঠ বিষয়ে অবতারণা খুবই নগণ্য। রাজা-বাদশাহদের প্রশংসা, আধ্যাত্মিক দর্শন, নৈতিক মূল্যবোধসহ অদৃশ্য বিষয়াবলি কবিতাজুড়ে দৃশ্যমান। প্রেমের অনুভবের ক্ষেত্রেও বিরহ-বিচ্ছেদের প্রাধান্য লক্ষণীয়। শরাব ও পানপেয়ালায় নিমগ্ন থাকার কথা কবিরা প্রকাশ করেছেন ব্যাপকভাবে। মানুষের বেঁচে থাকার উপকরণ-অন্ন-বস্ত্র, শিক্ষা-স্বাস্থ্য, জীবন-জীবিকার কোনো স্থান নেই সেসব কবিতায়। শুধু আবেগ আর অপার্থিব ভাবের সমাহারে তা ভরপুর। অতীতের কবিতার বিষয় নিয়ে শামলুর অভিব্যক্তি-

موضوع شعر شاعر پیشین  
 از زندگی نبود.  
 در آسمان خشک خیالش، او  
 جز با شراب و یار نمی‌کرد گفت و گو.  
 او در خیال بود شب و روز  
 در دام گیس مضحک معشوقه پای بند  
 حال آنکه دیگران  
 دستی به جام باده و دستی به زلف یار  
 مستانه در زمین خدا نعره می‌زدند! ۵۱

‘অতীতের কবির কবিতাভুবন  
 জীবন থেকে নেয়া নয়  
 শুরু কল্পলোকের মাঠজুড়ে তার  
 শরাব ও প্রিয়ার কল্পকথা ছাড়া কোনো ভাবনার অনুরণন ঘটেনি  
 রাত-দিন স্বাপ্নিকঘোরে থাকতেন বিভোর  
 থাকতেন প্রিয়ার কেশগুচ্ছের চিত্রায়ণে নিমগ্ন  
 এমনিভাবে অন্যদের

এক হাত পেয়ালায় অপর হাত প্রিয়ার কেশগুচ্ছে  
খোদার পৃথিবীতে নেশায় ডুবে আনন্দ উপভোগে রত!

#### আধুনিক কবিতার স্বরূপ

চলমান জীবনের কথা রূপায়িত হয় আধুনিক কবিতায়। জীবন যেখানে হাসি-কান্না, সুখ-দুঃখ, ব্যাথা-বেদনায় ঘূর্ণায়মান; সেখানে মানুষের মন জীবনের কথা অন্বেষণ করে। হৃদয়ের গহীনে সুপ্ত অনুভবের সন্ধান পায় কবিতায়। বাস্তব জীবনের কাঠগড়ায় দাঁড়িয়ে কবির উপলব্ধি মানুষের অন্তরকে নাড়িয়ে দেয়। মনের চাহিদা, আত্মার আকাঙ্ক্ষা নিবৃত্ত করে সাধারণ মানুষ। জীবন শুধু পুষ্পকানন নয়; সেখানে রয়েছে কঠিন বাস্তবতা। প্রতিনিয়ত মানুষকে প্রতিকূলতার বিপ্রতীপে টিকে থাকতে হয় সাহসিকতার সাথে। আত্মবিশ্বাসে বলীয়ান হয়ে সব বাঁধার প্রাচীর ডিঙিয়ে এগিয়ে যেতে হয়। কারণ প্রতিকূলতায় টিকে থাকার মাঝেই জীবনের স্বার্থকতা। নিজের প্রতিভা ও যোগ্যতা দিয়ে আগামীর পথ নির্মাণ করতে হয়। কবির ভাষায়-

حال آنکه من بشخصه، زمانی  
همراه شعر خویش  
همدوش «شن چونی» کره ای جنگ کرده‌ام.  
یک بار هم "حمیدی شاعر" را  
در چند سال پیش  
بردار شعر خویشتن آونگ کرده‌ام...<sup>۳۵</sup>  
'জীবনের কাঠগড়ায় আমি নিজেই, এক সময়  
নিজের কবিতায়  
কোরিয়ায় শান-চু'র কাঁধে কাঁধ রেখে নিজেই যুদ্ধ করেছি।  
একবার কবি হামিদিকেও  
কয়েক বছর আগে  
স্বরচিত কবিতায় আঘাত করেছিলাম...'

#### কবিদের প্রতি অনুরাগ

কবিরা মানুষের জীবনকে সত্য সুন্দরের সৌরভে ভরিয়ে দেয়। নিপীড়িত বঞ্চিত মানুষের অধিকার আদায়ে থাকেন সোচ্চার। এমনকি অধিকার আদায়ের সংগ্রামে তারা নিজেদের জীবন বিলিয়ে নিতেও কুণ্ঠিত নন। কারার লৌহকপাট তাদের ভীত-সন্ত্রস্ত করে না। কবি নজরুলের মতো শামলুও বহুবার কারাগারে শিক্ষিত হয়েছেন। তবুও থেমে থাকেনি তার কলম। মাথা উঁচু করে দাঁড়িয়েছেন মানুষের পাশে। অন্যায়ের কাছে মাথা নত করা প্রকৃত কবিদের স্বভাব নয়। আত্মস্মান-মর্যাদা নিয়ে টিকে থাকে কবিসত্তা। অমর হয়ে ওঠেন কবি শিল্পকর্মের প্রাচুর্যে। এমনই অভিব্যক্তির প্রকাশ ঘটে শামলুর কবিতায়-

امروز  
شاعر  
باید لباس خوب بپوشد  
کفش تمیز و واکس زده باید به پا کند  
آنگاه در شلوغترین نقطه‌های شهر  
موضوع وزن و قافیه‌اش را، یکی یکی  
با دقتی که خاص خود اوست  
از بین عابران خیابان جدا کند:<sup>۳۶</sup>

‘আজ

কবি

অবশ্যই সুন্দর পোশাকে সাজে  
চকচকে জুতা পায়ের শোভা বাড়ায়  
অন্যদিকে শহরের ব্যস্ততম জায়গাগুলোতে  
ছন্দ ও অন্ত্যমিলের বিষয় একে একে  
বিশেষ যত্নে  
পথিকের অন্তর হতে ছিন্ন করে দেয়:’

#### প্রেমের প্রকাশ

জীবনের সাথে প্রেমের সম্পর্ক নিবিড়। বাহ্যিক বা আধ্যাত্মিক প্রেমের অনভূতি কবিতায় চিত্রিত হয় শিল্পীতরুপে। ক্লাসিক কবিতায় আধ্যাত্মপ্রেমের অনির্বাণ শিখা জ্বল জ্বল করে ছন্দের দ্যোতনায়। আধুনিক কাব্যে তা খানিকটা শিয়মান হয়ে পড়ে। প্রেমের অনুভব মানুষের জীবনকে গভীরভাবে তাড়িত করে। আনন্দ-বেদনা দুটিই প্রেমের অপর নাম। আনন্দের অনভূতি স্বল্পকালের হলেও বেদনার তীব্রতা দীর্ঘস্থায়ী। বাহ্যিক প্রেমের রূপও বিচিত্র। নারীপ্রেমের রূপায়ণে কবিরা উপমা-উৎপ্রেক্ষা ও প্রতীকের শরণ নেন। চিত্রকল্প আর ভাবের গভীরতায় তা আরো প্রাণময় হয়ে ওঠে। মিলন-বিরহের মিশেল আবহে তা এগিয়ে চলে। প্রেমময় আবেগ-অনভূতির প্রকাশ ঘটে শামলুর কবিতায়-

همه

لرزش دست و دلم

از آن بود

که عشق

پناهی گردد،

پروازی نه

گریزگاهی گردد.

آی عشق آی عشق

چهرهٔ آبیبت پیدا نیست.<sup>১৪</sup>

‘সবই

আমার হাত ও হৃদয়ের কম্পন

সেই অনুভূতির গহীন থেকে

প্রেম

নিরাপত্তা চায়

উড়তে চায় না

পালিয়ে যেতে চায়

হায় প্রেম! হায় ভালোবাসা!

তোমার নীল রঙ দৃশ্যমান নয়।’

#### প্রকৃতির নৈসর্গিক দৃশ্য

প্রকৃতি সৃষ্টির অপরূপ রহস্যেঘেরা। প্রকৃতির সাথে মানুষের জীবনের সম্পর্ক অবিচ্ছেদ্য। প্রকৃতিতে লুকিয়ে আছে সৃষ্টির অগণিত রহস্য। প্রকৃতির অপরূপ মায়াঘেরা পরিবেশ হৃদয়কে আন্দোলিত করে। আকাশের নীলিমা, সমুদ্রের কলতান, পাখির কলকাকলি, সবুজ-শ্যামল গাছ-পালা ও বরফের বৈচিত্র্যময় খেলা সবই প্রকৃতির অপরূপ সৌন্দর্য। যা হৃদয়কে আবেগ-উচ্ছ্বাসে ভরিয়ে দেয়। আকাশে মেঘমালার বর্ণিল রঙের

খেলা, বৃষ্টির বিচিত্ররূপ মনকে আন্দোলিত করে। কবিরা প্রকৃতিকে অবলোকন করেন শৈল্পিক দৃষ্টিকোণে। শামলুর কবিসত্তাও তেমনি ধারায় গতিশীল। বর্ষণমুখর নব নব রূপে সাজে। বৃষ্টিময় আকাশের সঙ্গে জীবনের অনুষ্ণের চিত্র আঁকেন-

آنگاه بانوی پر غرور عشق خود را دیدم  
در آستانهٔ پر نیلوفر،  
که به آسمان بارانی می اندیشید<sup>۳۴</sup>  
'যখন অহংকারী নারীর ভালোবাসা দেখতে পেলাম  
সুশোভিত বাসগৃহে  
বর্ষণমুখর আকাশের পানে তাকিয়ে ভাবছিল।'

#### যৌবনের গান

জীবন শুধুই পুষ্পকানন নয়; কাঁটাও জীবনেরই অংশ। প্রতিকূল কঠিন পরিস্থিতি মানুষের জীবনে মিশে আছে গভীরভাবে। রাত-দিনের আবর্তন, সুখ-দুঃখের অনুবর্তনে জীবন প্রবহমান। কঠিন বাস্তবতায় এগিয়ে চলে জীবনের ভেলা। কবিরা সৃষ্টির গান গায়, যৌবনের নতুতুকে স্বাগত জানায়। সৃষ্টির নেশা তারুণ্যের উচ্ছাস কখনো বয়সের ফ্রেমে আবদ্ধ নয়। অনেক যুবকও মনের ভেতর বার্ষিক্যের জরাজীর্ণতা লালন করে। আবার অনেক বৃদ্ধও যৌবনের উদ্যমে সৃষ্টির নেশায় এগিয়ে চলে সম্মুখপানে। কবিরা যৌবনের গানে মাতিয়ে তোলেন মানুষের মনপ্রাণ। সৃষ্টিশীল অনুভবে ভরিয়ে দেন। কবির ভাষায়-

او شعر می نویسد،  
یعنی  
او دردهای شهر و دیارش را  
فریاد می کند.  
یعنی  
او با سرود خویش، روان های خسته را آباد می کند<sup>۳۵</sup>.  
'সে কবিতা লিখে  
মানে  
শহর ও শহবাসীর দুঃখ-বেদনার  
আর্তনাদ আকাশে ভেসে বেড়ায়  
অর্থাৎ  
সে তার কবিতায় বেদনার্ত হৃদয়কে সৃষ্টিশীল করে তোলে।'

#### কবিতা নতুন সৃষ্টির পাথর

জীবনের দুঃখ-বেদনার প্রতিকৃতি বিমূর্ত হয় কবিতার দ্যোতনায়। নানা উত্থান-পতন, চড়াই-উৎড়াই কবিদের জীবনেও বহমান। তাদের অনুভবের গভীরতা সূক্ষ্মতা অন্যদের চেয়ে প্রবল। কাঁটার আঘাত সয়ে জীবনকে সত্য সুন্দরের দিকে গতিশীল করার প্রেরণা লুকিয়ে থাকে কবিতার শরীরজুড়ে। জীবনেরই বাস্তবতা থেকে কবিদের আবির্ভাব। নিজেদের জীবনকে যেভাবে অনুভব করে তেমনি অন্যদের জীবন সাজাতে তারা সক্রিয়। দুঃখভারে আক্রান্ত হৃদয় নিয়ে নতুন সৃষ্টির সম্ভাবনা জাগিয়ে তোলেন কবিরা। মনের কষ্ট লাঘবে তাদের শিল্পীসত্তা কার্যকর। শত বাঁধার প্রচীর ভেঙে প্রাণে আনন্দের উচ্ছাস ছড়িয়ে পড়ে কবিতার পাতায়-

امروز، شعر، حربهٔ خلق است  
زیرا که شاعران  
خود شاخه یی ز جنگل خلقاند

نه یاسمین و سنبل گلخانه‌ی فلان.

بیگانه نیست شاعر امروز  
با دردهای مشترک خلق.

او با لبان مردم  
لیخند می‌زند<sup>۳۹</sup>

‘আজ কবিতা নবসৃষ্টির হাতিয়ার  
কেননা কবির  
নিজেরাই যেন জঙ্গলের গহীন হতে উদ্ভিত  
নয় কোন পুষ্পকাননের সুরভিকলি কিংবা ইয়াসমিন  
অচেনা নয় আজকের কবি  
সৃষ্টির দুঃখ-বেদনায় মিশে একাকার  
মানুষের ঠোঁটের সাথে  
হেসে ওঠে।’

#### আশার আলো

বহতা নদীর মতো গতিশীল মানুষের জীবন। জীবনের গতিধারায় কখনো আসে সুখ আবার কখনো দুঃখের পাহাড়। হাতের সবগুলো আঙুল যেমন সমান নয়; জীবনের দিনগুলোও তেমনি সমতালে কার্যকর নয়। উঁচু-নীচু, ছোট-বড়, মান-অপমানের ঘোরপাকে চলতে থাকে জীবন তরী। উত্তাল ঢেউয়ের উপর্যুপরি আঘাতেও হাল ছাড়ে না মাঝি। পাল তুলে এগিয়ে যায় সামনের দিকে। প্রতিকূলতার বেড়া জাল ছিন্ন করে আগামীর পথে এগিয়ে যাবার আহ্বান জানান কবির। আহমাদ শামলুর কবিতার ছন্দে ছন্দে অনুরণিত নতুন জীবনের সেই আশার গান-

او شعر می‌نویسد،

یعنی

او قلب‌های سرد تهی مانده را، ز شوق  
سرشار می‌کند.

یعنی

او رو به صبح طالع، چشمان خفته را  
بیدار می‌کند<sup>৪০</sup>.

‘সে কবিতা লিখে

মানে

সে ব্যথিত অন্তরগুলোতে উৎসাহের

জোয়ার বইয়ে দেয়

অর্থাৎ

উদীয়মান প্রভাতের আলোয় ঘুমন্ত চোখগুলোকে  
জাগিয়ে দেয়।’

#### ভাব ও ভাষার মেলবন্ধন

কবিতায় ভাবের অনুষ্ণের অবতারণা ঘটে। ভাষা কাব্যভাবনার শরীরকে সুশোভিত করে। আধুনিক কবিতা যেন চলমান জীবনে ঘটে যাওয়া প্রবহমান গতিধারা। একজন কবি মনের ভেতরে লুপ্ত অনুভূতিকে কাব্যে ফুটিয়ে তোলেন। মানুষের জীবনের হাহাকার বেদনার চিত্র আঁকেন। রাতের অন্ধকারের পর নতুন সূর্যের

আলো দেখান। হতাশা নিরাশার সাগরে ডুবন্ত মানুষকে ডুবুরির মতো তীরে নিয়ে আসার কাজে আত্মনিয়োগ করেন। অনুভবের কেন্দ্রবিন্দুতে থাকে মানুষের হৃদয়কে সুন্দরের দ্বীপ্তিতে ভরিয়ে তোলার চেতনা। ভাব ও ভাষা মেলবন্ধনে কবিতা হৃদয়গ্রাহী হয়ে ওঠে।<sup>১৯</sup> শামলুর দৃষ্টিতে আজকের কবিতাই মানুষের জীবনের মডেল-

الگوی شعر شاعر امروز  
گفتیم  
زندگی ست!.  
از روی زندگی ست که شاعر  
با آب و رنگ شعر  
نقشی به روی نقشهٔ دگر  
تصویر می‌کند.<sup>২০</sup>

‘আজকের কবির কবিতার উপমা  
বললাম  
জীবন!  
জীবনের গোপন অভিসার  
কবিতার রঙ ও পানি মিশিয়ে কবিতায়  
অন্যের মনের আকাশে  
চিত্র এঁকে দেয়।’

#### আধুনিক কবিতায় ছন্দ

আধুনিক ফারসি কবিতার ছন্দরীতি নিয়ে ভিন্ন ভিন্ন অভিব্যক্তি দৃশ্যমান। কারো কারো মতে, কাব্যভাবনা নতুন কিন্তু রচনাশৈলীর দৃষ্টিকোণ থেকে সনাতনধর্মী। অন্যদের মতে, কাব্যচিত্তার নতুনত্বের সঙ্গে সঙ্গে রচনাশৈলীও নতুন ধারায় অনুবর্তিত। নিমা ইউশিজের আবির্ভাবের মধ্য দিয়ে এ ধারা খ্যাতি লাভ করে। আধুনিকায়নের বৈচিত্র্য ভাষা, সাহিত্য ও চিন্তায় একীভূত। এ ধারায় ছন্দশাস্ত্রের অনুমোদিত ছন্দরীতি অনুসৃত হয়; কিন্তু ছত্রগুলোর দৈর্ঘ্য সমান নয় এবং অন্ত্যমিলের ক্ষেত্রটিও নির্দিষ্ট। এ জাতীয় মুক্ত কবিতা ছন্দ ও ভাষার সাবলীল গতিতে স্বাতন্ত্র্য-স্বকীয়তায় সমৃদ্ধ। নিমায়ীরীতির অনুসারী শামলুর কবিতা এক্ষেত্রে শ্রেষ্ঠত্বের দাবিদার। অপরদিকে সেপিদ কবিতা বা অমিত্রাক্ষর ছন্দে রচিত কবিতার প্রবর্তক শামলু। এ ধরনের গদ্য কবিতা ক্লাসিক ছন্দরীতির অনুসারী না হলেও সুরেলা ও সঙ্গীতধর্মী। সাধারণ মানুষের মুখের ভাষার সাথে মিলেমিশে একাকার। কবিতার ছন্দের মূলকথা মানুষের জীবনভাবনায় সুরের মুর্ছনা। কবির ভাষায়-

وزن و لغات و قافیه‌ها را  
همیشه من  
در کوچه جست‌ام.  
آحاد شعر من، همه افراد مردمند،  
از زندگی [ که بیشتر مضمون قطعه است ]  
تا « لفظ » و « وزن » و « قافیه شعر »، جمله را  
من در میان مردم می‌جویم...  
این طریق،  
بهتر به شعر، زندگی و روح می‌دهد ...<sup>২১</sup>

‘ছন্দ, ভাষা ও কবিতার অন্ত্যমিল  
সবসময় আমি  
অলিগলিতে খুঁজে বেড়িয়েছি  
আমার কবিতার সুর একেক জন মানুষের প্রতীক  
যা ‘জীবন’ হতেই নেয়া [অধিকাংশ টুকরো কবিতা]  
কবিতার কথা ছন্দ অন্ত্যমিল সবই  
মানুষের ভেতর খুঁজে বেড়াই...  
এই পথ  
কবিতায় জীবন ও প্রাণের সঞ্চয় ঘটে...’

### শব্দালংকার ও অর্থালংকার

শব্দের বিন্যাসে কবিতার অবয়ব গঠিত। শব্দের শরীরে ভর করেই একজন কবি মনোলোকের সৌরভ ও সৌন্দর্য অনুভবের গভীরতায় ভরিয়ে দেয়। কবিতার শব্দের ব্যঞ্জনা হৃদয়কে আপ্ত করে। শব্দ বৈচিত্র্যময় ভাব ও অনুভবের দ্যোতক হিসেবে আত্মপ্রকাশ করে। কবিতা লেখা হয় শব্দের গাঁথুণীতে। জীবনের কথা মনের ভাবনা-কল্পনা কবিতায় ফুটিয়ে তোলাতেই কবির স্বাতন্ত্র্য-স্বকীয়তা। ভাষার সাবলীলতা ভাবের গভীরতা কবিতাকে গণমুখী করে। সাধারণের অনুধাবনের সীমায় নিয়ে আসে। কবির অভিব্যক্তি পাঠকের হৃদয়কে আন্দোলিত করে। এখানেই কবির প্রাতিশ্চিকতা। শব্দ, ছন্দ, অলংকার ও উপমার সমাহারে কবি হয়ে উঠেন মানুষের কবি। জীবনের কবি। শামলুর কণ্ঠে ধ্বনিত হয়-

خوب،  
حالا که وزن یافته آمد  
هنگام جستجوی لغات است:  
هر لغت  
چندان که برمی آیدش از نام  
دوشیزه‌های ست شوخ و دل آرام...  
باید برای وزن که بسته است  
شاعر لغاتِ درخور آن جست‌وجو کند.  
این کار، مشکل است و تحمل سوز  
لیکن، گزیر نیست: ۲۶

‘ভালো  
এখন তো ছন্দের খোঁজ পাওয়া গেল  
এসেছে শব্দমালা সন্ধানের সময়  
প্রতিটি শব্দ  
যা নাম থেকে জন্ম লাভ করে  
যেন প্রাণোচ্ছল শান্ত কুমারী মেয়ে  
ছন্দের প্রতি যার গভীর অনুরাগ  
কবি যুগসই শব্দমালা খুঁজে বেড়ান  
এই কাজ প্রচণ্ড কষ্টের  
কিন্তু পলায়নপর নয়।’

### শব্দ ও ছন্দের দ্যোতনা

কবিতার সঙ্গে ছন্দের সম্পর্ক অনিবার্য ও অবিচ্ছেদ্য। ছন্দহীন জীবন আর ছন্দহীন কবিতা কোনোটাই প্রাণকে আকর্ষিত করে না। শব্দ যেমন কবিতার শরীরকে সাজায় তেমনি ছন্দ কবিতার সৌন্দর্য বাড়ায়। ছন্দহীন কবিতা প্রাণহীন শব্দপুঞ্জের বিশৃঙ্খল সমাহার মাত্র। স্বামী-স্ত্রীর সৌহার্দ-সম্প্রীতিতে জীবন যেমন স্বচ্ছন্দময় তেমনি শব্দ ও ছন্দের মিলনে কবিতা গতিশীল। শব্দ ও ছন্দের মেলবন্ধনে কবিতায় প্রাণের সঞ্চারণ হয়। কবিতায় অর্থ ও ছন্দের একটি দ্যোতনায় প্রাণে সঙ্গীতের মূর্ছনা জেগে ওঠে। যতটা শব্দ মনের ভাব প্রকাশে প্রয়োজন ততটাই যথেষ্ট। ছন্দমিলের জন্য শব্দের অতিরঞ্জন কোনোক্রমেই গ্রহণীয় নয়। শব্দ ও ছন্দের সংস্পর্শে জন্ম নেয় নতুন কবিতা। ভাবনার অপার সম্ভাবনা। কবির ভাষায়-

آقای وزن و خانم ایشان لغت اگر  
همرنگ و همتراز نباشند، لاجرم  
محصول زندگانیشان دل‌پذیر نیست  
مثل من و زنم:  
من وزن بودم، او کلمات  
موضوع شعر نیز  
پیوند جاودانه لب‌های مهر بود...  
با آن که شادمانه در این شعر می‌نشست  
لبخند کودکان ما<sup>২৩</sup>

‘ছন্দ স্বামী আর শব্দ স্ত্রীর মতো যদি  
একই রঙে ও ভাবনায় বিভোর না হয়  
তাদের জীবনের ফসল মনোপুত নয়  
আমি ও আমার বধূর মতো:  
আমি ছিলাম ছন্দ আর সে শব্দমালা  
কবিতার ভাবনাও  
প্রেমময় ঠোঁটের নিরন্তর বাঁধন  
এই কবিতার গহীনে প্রাণময় রূপে মিশে যায়  
আমাদের শিশুদের হাসি।’

আধুনিক ফারসি কবিতার অন্যতম প্রভাবশালী কবি আহমাদ শামলু। জীবনমুখী কবিতাই যার মুখ্য বিষয়। স্বকালের সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক-অর্থনৈতিক বাস্তবতা কবিহৃদয়কে আলোড়িত করে। জীবনের বর্ণিল রূপের অবয়ব অঙ্কিত হয় তার কবিতায়। যাপিত জীবনের বাঁকে মানুষ যেসব প্রতিকূলতার মুখোমুখী; সেসব দিকেরই উন্মোচন ঘটে তার কবিতায়। কবিতার আত্মা ও শরীর নিয়ে তার দৃষ্টিভঙ্গি অভিনব। অতীতের কবিদের সাথে রয়েছে তার স্বাভাবিক-স্বকীয়তা। ভাব ও ভাষার মিশেলে মানুষের জীবনের কথার প্রকাশ ঘটে তার কবিতায়। ভাষা ও ছন্দ, উপমা ও চিত্রকল্পের সমাহারে ফারসি কবিতাভুবনে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়। কবির অভিব্যক্তি মনকে আলোড়িত করে। স্বপ্নময় করে তোলে। সৌন্দর্য ও সুরভিতে ভরিয়ে দেয়। সত্য সুন্দরের বিভায় জীবন আলোকিত হয়ে ওঠে।

### তথ্যনির্দেশ

<sup>১</sup> ড. সিরুস শামিসা, *রাহনোমায়ে আদাবিয়াতে মোআসের* (তেহরান: নাশরে মিত্রা, দ্বিতীয় প্রকাশ, ২০০৯), পৃ. ৬০৫।

<sup>২</sup> ড. মোহাম্মদ জাফর ইয়াহাকি, *চুন সাবুয়ে তেশনে* (তেহরান: জামি প্রেস, ১৯৯৫), পৃ. ১১২।

<sup>৩</sup> ড. আহমাদ খাতামি, *নেগাহি বে আদাবিয়াতে মোআসেরে ইরান* (তেহরান: নাশরে এলমি, ২০১৭), পৃ. ১২৫।

<sup>৪</sup> তদেব, পৃ. ১২৪।



- 
- <sup>৫</sup> চুন সাবুয়ে তেশনে, পৃ. ১১২-১১৩।
- <sup>৬</sup> মাহমুদ নিকবাক্ত, আয আন্দিশে তা শের (মোশকেলে শামলু দার শের) (তেহরান: নাশরে হাশত বেহেশত, ২০০৫), পৃ. ২৪১।
- <sup>৭</sup> সাদ্দিদ পুর আজিমি (সম্পা.), মান বামদাদাম সার আনজাম: ইয়াদনামেয়ে আহমাদ শামলু (তেহরান: এন্তেশারাতে হোরমোজ, ২০১৭), পৃ. ১৯৫।
- <sup>৮</sup> আয আন্দিশে তা শের (মোশকেলে শামলু দার শের), পৃ. ২২৬।
- <sup>৯</sup> মোহাম্মদ রেজা মোস্তাজাব (সম্পা.), যামযামেয়ে যামানে (তেহরান: নাশরে বায, ১৯৯৮), পৃ. ৮৯।
- <sup>১০</sup> তদেব, পৃ. ৯০।
- <sup>১১</sup> তদেব, পৃ. ৮৩-৮৪।
- <sup>১২</sup> তদেব, পৃ. ৮৪।
- <sup>১৩</sup> তদেব, পৃ. ৮৪-৮৫।
- <sup>১৪</sup> আয আন্দিশে তা শের (মোশকেলে শামলু দার শের), পৃ. ২১৭।
- <sup>১৫</sup> তদেব, পৃ. ২২৩।
- <sup>১৬</sup> যামযামেয়ে যামানে, পৃ. ৮৮-৮৯।
- <sup>১৭</sup> তদেব, পৃ. ৮৪।
- <sup>১৮</sup> তদেব, পৃ. ৮৯।
- <sup>১৯</sup> মাহমুদ ফালাকি, নেগাহি বে শেরে শামলু (তেহরান: এন্তেশারাতে মোরভারিদ, ২০০১), পৃ. ৬৬।
- <sup>২০</sup> যামযামেয়ে যামানে, পৃ. ৮৮।
- <sup>২১</sup> তদেব, পৃ. ৮৫-৮৬।
- <sup>২২</sup> তদেব, পৃ. ৮৬-৮৭।
- <sup>২৩</sup> তদেব, পৃ. ৮৭-৮৮।

## সাদেক হেদায়াতের ফারসি ছোটগল্পে জীবন ও জীবনের বাস্তবতা (Life and Reality in the Short stories of Sadeq Hedayat)

ড. তাহমিনা বেগম\*

**Abstract:** Sadeq Hedayat (1903-1951) was a prominent Iranian writer and translator. He is best known for his Persian short stories and novels. He was educated at College Saint-Louis and Dar ol-Fonoon in Tehran, Iran. He traveled to Europe to continue his higher education. He spent major portion of his life in learning Western literature and investigating Iranian history and folklore. He also stayed in Bombay, India from 1936 until 1937 to learn the Pahlavi language (Middle Persian). He wrote a large number of short stories and novels. The novel *Buf-i-Kur* (The Blind Owl) is regarded as his master piece. He had prestigious contribution on the genres of novel, drama, Travelogues, Criticism and translation as well. He was highly influenced by western literature. The socio-political problems of his time have been focused in his writings. The condition of common people, women rights and socio-cultural phenomena are the main themes of his short stories written in simple Persian. The philosophy of life and reality of life reflected in his short stories will be examined in this article.

### ভূমিকা

যুগ প্রবাহে সাহিত্যকে বিভিন্ন অনুষ্ঠানে সংজ্ঞায়িত করা যায়। সাহিত্যের একটি নবীনতম শাখা ছোটগল্প। ছোটগল্প কথাসাহিত্যের অন্তর্গত এক ধরনের গদ্য রচনা। বিংশ শতাব্দীর চল্লিশের দশকে যেসব সাহিত্যিক তাঁদের সৃষ্টিকর্মে আধুনিক ফারসি ভাষা ও সাহিত্যকে উন্নততর করে তুলতে সক্ষম হয়েছেন তাঁদের মধ্যে সাদেক হেদায়াত অন্যতম। ফারসি সাহিত্যে সুররিয়ালিজম বা পরাবাস্তববাদের প্রবর্তক সাদেক হেদায়াত ইরানের শ্রেষ্ঠ কথাসাহিত্যিক। আধুনিক ফারসি ছোটগল্পের বিশাল অংশজুড়ে রয়েছে ফারসি ছোটগল্প। তিনি এমনই একজন লেখক যিনি জীবনের বাস্তবতাকে খুবই সুক্ষ্মভাবে ফুটিয়ে তোলে তারুণ্যকে মোহনীয় করে তুলেছেন। তিনি একইসাথে ছোটগল্প, অনুবাদ, নাটক, লোকসাহিত্য, ভ্রমণকাহিনীতে কৃতিত্বের সাক্ষর রেখেছেন। সমাজের অলি-গলিতে বিচরণরত মানুষের অসহায়ত্বকে তুলে ধরেন তার সাহিত্যকর্মে। সাধারণ মানুষের মনের কথার রূপায়ণ ঘটে কথাসাহিত্যের প্রতিটি পাতায়। নির্দিষ্ট অভিজ্ঞতা বা ঘটনার রেশ ধরেই নির্মিত হয় ছোটগল্প। এতে আকৃতিগত দিকের বাইরেও প্রকৃতিগত ও মর্মগত অনেক ভিন্নতাও রয়েছে। ছোটগল্পের প্রধান বৈশিষ্ট্য জীবনের খণ্ড চিত্রের উন্মোচন। ছোটগল্পকার একটা গল্পে জীবনের একটি তাৎপর্যপূর্ণ অংশকে রসঘন করে ফুটিয়ে তোলেন। ছোটগল্প ও উপন্যাসে অঙ্কিত হয় মানুষের জীবনের বাস্তব চিত্র। যেখানে একইসাথে হাসি-কান্নার রূপ বিদ্যমান থাকে। এসবই প্রচলিত পরিভাষা ও ধর্মীয় চিত্রকল্পের সমন্বয়ে তাঁর রচিত ছোটগল্প পাঠকদের কাছে গ্রহণযোগ্য হয়ে উঠেছে। জীবন ও জীবনের বাস্তবতায় সাদেক হেদায়াত ছিলেন একজন নিবেদিত জনমনের প্রতিনিধি।

### সাদেক হেদায়াতের সংক্ষিপ্ত জীবন

সাদেক শব্দের অর্থ সত্যবাদী। পারিবারিকভাবে তাঁকে সাদেক খান বলেই সম্বোধন করা হতো। হেদায়াত তাঁর বংশীয় উপাধি। তাঁর পিতা হেদায়াত কুল্লি খান। যিনি ব্যক্তিগত জীবনে মাদরাসায়ে নেজামের অধ্যক্ষ হিসেবে দায়িত্বরত ছিলেন। মায়ের নাম খানুমে এজরা বাভরুল মুল।<sup>১</sup> হেদায়াত ছিলেন পিতামাতার কনিষ্ঠ

\* প্রফেসর, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

সন্তান। তিনি ১৭ ফেব্রুয়ারি ১৯০৩ খ্রিষ্টাব্দে ইরানের রাজধানী তেহরানের উত্তর দিকের কুশক স্ট্রিট এ অবস্থিত হেদায়াত কুল্লি খানের বাড়িতে জন্মগ্রহণ করেন।<sup>২</sup> পারিবারিকভাবেই তার শিক্ষাজীবনের আরম্ভ। তিনি ১৯০৯ খ্রিষ্টাব্দে মাদরাসেয়ে এলমিয়াতে থেকে প্রাথমিক শিক্ষা সমাপ্ত করেন। তখন তাঁর বয়স ছিল মাত্র ছয় বছর। ১৯১৪ খ্রিষ্টাব্দে তাঁর প্রাথমিক শিক্ষা সমাপ্ত হয়।<sup>৩</sup> এবং একই বছরে মাধ্যমিক শিক্ষালাভের আশায় তিনি দারুল ফুনুনে<sup>৪</sup> ভর্তি হন। কিন্তু শিক্ষা অসমাপ্ত রেখেই তিনি বিদ্যালয় ত্যাগ করেন। পরবর্তীকালে তিনি ফারসি ভাষা ও সাহিত্যে জ্ঞানার্জনের উদ্দেশ্যে ১৯১৭ খ্রিষ্টাব্দে মাদরাসায়ে সান লুই-তে ভর্তি হন। সেখানেই তিনি ফারসি ভাষা ও সাহিত্যের পাশাপাশি ইউরোপীয় ভাবধারায় নিজেস্ব সমৃদ্ধ করেন।<sup>৫</sup> ইউরোপীয় শিক্ষার প্রভাবে তিনি ইরান সরকারের বৃত্তি গ্রহণ করে রেজা শাহের নির্দেশক্রমে একদল তরুণ শিক্ষার্থীসহ ইউরোপের অন্যতম শিক্ষানগরী বেলজিয়াম গমন করেন। কিন্তু সাহিত্য মননশীলতায় লেখক হেদায়াত ওই পরিবেশে নিজেকে জড়িয়ে নিতে না পেরে ১৯২৭ খ্রিষ্টাব্দে বিদ্যাপীঠ ও বিষয় পরিবর্তনের উদ্দেশ্যে ফ্রান্স গিয়ে সেখানে দন্তবিদ্যায় আত্মমগ্ন হন।<sup>৬</sup> সেখানকার নয়ানাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য লেখককে অনুপ্রাণিত করে এবং সৃষ্টিশীলতার দিকে তাঁকে ধাবিত করে। অনেক চেষ্টার পরেও তিনি পাঠ সমাপ্ত করতে পারেননি।

শিক্ষাজীবন শেষ না করেই হেদায়াত ফ্রান্স থেকে দেশে ফিরে ১৯৩০ খ্রিষ্টাব্দে ব্যাংকে যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু করেন। যদিও সাহিত্যপ্রেম তাঁকে সেখানে স্থায়ী হতে দেয়নি।<sup>৭</sup> মাত্র দু'বছর কাজ করে তিনি সেখান থেকে বেরিয়ে এসে বাণিজ্যিক দপ্তরের প্রধান হিসেবে বছর খানেক কাজ করেন। সেখানেও দীর্ঘসময় তিনি কাজ করতে পারেননি। নিজেকে ওই পরিবেশের সাথে খাপ খাওয়াতে না পেরে ১৯৩৪ খ্রিষ্টাব্দে চাকরি ছেড়ে দিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে নিযুক্ত হন। এখানে তিনি কর্মরত অবস্থায় মাসউদ ফারজাদ ও হেদায়াতের যৌথ গ্রন্থ *ওয়াখ্ব ওয়াখ্ব সাহাব* প্রকাশ করেন।<sup>৮</sup> এ গ্রন্থ প্রকাশের কারণে তাঁর উপর অভিযোগ আরোপিত হয় যে, তিনি উক্ত গ্রন্থে সরকার সম্পর্কে নেতিবাচক কথা উল্লেখ করেছেন। তাই গ্রন্থটি প্রকাশে নিষেধাজ্ঞার আদেশ জারি হয়। এভাবেই পথ পরিক্রমায় নানান জায়গা ঘুরে অনেক অভিজ্ঞতা সঞ্চয় হয় লেখকের। তিনি জীবনের বাস্তবতাকে খুব কাছ থেকে অনুভব করেন- যা পরবর্তীকালে তাঁর লেখায় ফুটে উঠেছে। ১৯৪০ খ্রিষ্টাব্দে তিনি তেহরানের চারুকলা ইনস্টিটিউটে অনুবাদক হিসেবে যোগদান করেন। এবং সফলতার সাথে এ দায়িত্ব পালন করে তিনি বিখ্যাত সাময়িকী *সোখান*-এর সহ-সম্পাদক হিসেবে কাজ শুরু করেন।<sup>৯</sup> এরপর থেকেই তিনি পুরোপুরি লেখালেখিতে আত্মনিয়োগ করেন। একের পর এক গ্রন্থ প্রকাশ করতে থাকেন। একসময় তাঁর মধ্যে পারিপার্শ্বিক নানাবিধ ঘটনায় মানসিক অস্থিরতা দেখা দেয় এবং তিনি অবসাদগ্রস্ত হয়ে পড়েন। তা সত্ত্বেও ১৯৪৮ খ্রিষ্টাব্দে ফ্রান্সে কাফফার বেশ কয়েকটি গল্প তিনি অনুবাদ করেন ফারসি ভাষায় এবং 'পায়ামে কাফফা' শিরোনামে একটি দীর্ঘ ভূমিকাও লেখেন তিনি। এর পরপরই তিনি মানসিক অবস্থার স্থিতিশীলতার জন্য তেহরান থেকে প্যারিসে যান। কিন্তু সেখানে গিয়েই জীবনযুদ্ধের বাস্তবতায় হেরে যান। অবশেষে নিজ এপার্টমেন্টের রান্নাঘরে গ্যাসের চুলার পাইপে আঙুন জ্বালিয়ে আত্মহত্যা করেন। ১৯৫১ খ্রিষ্টাব্দের ৭ এপ্রিল ৪৮ বছর ৮ মাসের জীবনের পরিসমাপ্তি ঘটে।<sup>১০</sup>

#### হেদায়াতের সাহিত্যকর্ম

ফারসি সাহিত্য নিয়ে আলোচনায় ছোটগল্পের বিষয়ই আগে চোখে পড়ে। কারণ, উনিশ শতকের শেষদিকে ফারসি কথাসাহিত্যে উপন্যাসের উদ্ভব ঘটে। এর কিছুকাল পরেই মূলত ছোটগল্পের আবির্ভাব। ১৯২১ খ্রিষ্টাব্দে মোহাম্মদ আলী জামালযাদের *ফারসি শেকার আস্ত* গল্পের মাধ্যমেই ছোটগল্পের সূচনা।<sup>১১</sup> ছোটগল্প এমন একটি ঘটনা বিবৃত করে অর্থাৎ তাতে সাধারণত একটি কেন্দ্রীয় বা প্রাসঙ্গিক ঘটনা থাকে যা মূলত অন্য একটি গুরুত্বপূর্ণ ঘটনা বা ঘটনাবলির পরিসমাপ্তির প্রমাণের উদ্দেশ্যেই আনীত হয়ে থাকে। জার্মান থেকে প্রকাশিত *ইরানশাহর* সাময়িকীর ১৯২৬ খ্রিষ্টাব্দে প্রকাশিত ১১তম সংখ্যায় হেদায়াতের *মার্গ* (মৃত্যু) শীর্ষক গল্প প্রকাশিত হয়। এর মাধ্যমে তার লেখালেখির জগতে অনুপ্রবেশ।

হেদায়াত যে সময় ইউরোপ ছিলেন সে সময় তিনি বেশ কয়েকটি গল্প ও নাটক রচনা করেন। ১৯৩০ খ্রিষ্টাব্দে তিনি *মাদেলান*, *বুফে কুর*, *যেন্দে বেগোর*, *শীর্ষক গল্প* এবং *পারডিন* দেখাতারে *সাসান* শীর্ষক রচনা করেন। পরবর্তী সময়ে তিনি শুধু লেখালেখিতে আত্মনিয়োগ করেন। পর্যায়ক্রমে প্রকাশিত সাদেক হেদায়াতের চারটি গল্পগ্রন্থে গল্পের সংখ্যা মোট চৌত্রিশটি। প্রথম গল্পগ্রন্থ *যেন্দে বেগোর*-এর গল্প সংখ্যা আটটি। তাঁর দ্বিতীয় গল্পগ্রন্থ *সে ক্বাতরে খুন* প্রকাশিত হয় ১৯৩২ খ্রিষ্টাব্দে। এতে সন্নিবিষ্ট ১১টি গল্প হলো *সে ক্বাতরে খুন*, *মারদি কে নাফসাস রা কোশত*, *সূরাতাকহা*, *চাঙ্গাল*, *অবজি খানোম*, *লালে*, *তালবে অমারয়াশ*, *মোহাল্লেলা*, *দাশ অকল*। তাঁর তৃতীয় গল্পগ্রন্থ *সায়ো ভা রোওশান* (১৯৩৩)-এর গল্প সংখ্যা ৭টি। এগুলো হচ্ছে *যানি কে মারদাশ রা গোম কারদ*, *আরুসাকে পোশতে পারদে*, *অ'ফরিনগান*, *শাবহায়ে ভারামিন*, *অ'খেরিন লাভ খান্দ*, *পেদারানে অ'দাম*। তাঁর চতুর্থ ও সর্বশেষ গল্পগ্রন্থ *সাগে ভেলগারদ* (১৯৪২)-এর গল্প সংখ্যা আটটি। এগুলো হচ্ছে *সাগে ভেল গারদ*, *বোনবাস্ত*, *কাতিয়া*, *তাখতে আবু নসর*, *তাজাল্লি*, *তারিকখানে*, *মিহান পারাস্ত* প্রভৃতি। তাঁর বিখ্যাত উপন্যাস *বুফে কুর*, যা আধুনিক ফারসি উপন্যাসে এক অনবদ্য শিল্পকর্ম। শব্দচয়ন, বাক্যবিন্যাস ও রচনামৌলিক সাবলীলতা ও সহজবোধ্যতা তাঁকে জনপ্রিয় করে তুলেছে। মানবিকতা, স্বাভাবিক জীবনরীতি গল্পের কাহিনী ও ভাষার বুননে হয়ে ওঠেছে প্রাণবন্ত ও হৃদয়গ্রাহী।

ফারসি সাহিত্যে তিনিই প্রথম কোনো লেখক যিনি গল্পের চরিত্রসমূহে সৃষ্টিজগতের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণস্তর অন্তর্ভুক্তের প্রতি দৃষ্টি নিক্ষেপ করেন। তাঁর গল্পসমূহ বিশ্লেষণে সমকালীন পশ্চাদপদ সমাজের মানুষের প্রতি অন্যায়ে-অবিচার, অসৎ-অত্যাচারি শাসকের প্রতি তাঁর ঘৃণার দৃশ্য দেখা যায়। মনে হয় যেনো দল, মত, শ্রেণি, পেশা, ধর্ম, বর্ণ নির্বিশেষে সর্বস্তরের মানুষের কথা স্থান পেয়েছে তাঁর রচনায়। গ্রামীণ সরল-সহজ মানুষ, অলিগলির মানুষ, হতাশ পেশাজীবী, অভিজাত উচ্চশ্রেণি কিংবা প্রতারক সকল শ্রেণির মানুষের জীবনই চিত্রিত হয় তাঁর গল্পে। মূলত সমাজ সমালোচনাকে ঘিরেই এ সকল বিষয় আবর্তিত। এ জাতীয় রচনার মধ্যে রয়েছে *তালবে অমারয়াশ* (ক্ষমা অন্বেষণ), *মিহান পারাস্ত* (দেশপ্রেমিক), *সূরাতাক হা* (মুখোশগুলো), *অবজি খানোম* এবং *যানি কে মারদাশরা গোম কারদ* (যে নারী তার পুরুষকে হারিয়েছে) প্রভৃতি। অপরদিকে রয়েছে তাঁর মনস্তাত্ত্বিক আত্মিক জীবন কাহিনিনির্ভর গল্পগ্রন্থ। এ জাতীয় গল্পগ্রন্থকে আবার দুভাগে ভাগ করা যায়। ইরানের সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাস-ঐতিহ্যের প্রতি গুরুত্বারোপ করে রচিত গল্পের মধ্যে প্রথমভাগে দেখা যায়, *আখেরিন লাভখন্দ* (শেষ হাসি), *আফারিনগান*, *দাশ আকল* প্রভৃতি গল্প। আবেগ-অনুভূতির সাথে সম্পৃক্ত আত্মিক-মনস্তাত্ত্বিক গল্পগ্রন্থ হলো *সে ক্বাতরে খুন*, *যেন্দে বেগোর*, *তারিকখানে* প্রভৃতি। দ্বিতীয়ত *সে ক্বাতরে খুন* (তিন ফোঁটা রক্ত), *যেন্দে বেগোর* (জীবিত কবর), *তারিকখানে* (আঁধার ঘর) এসব গল্পে তিনি তাঁর মনস্তাত্ত্বিক ও আত্মিক ভাবনাগুলোকে চিত্রিত করেছেন এবং স্বপ্নের জায়গা থেকে ভাবনার রেখাগুলো খুবই হৃদয়গ্রাহী ও শৈল্পিকরূপে প্রকাশ পেয়েছে। এসব রচনার মাধ্যমে ইরানে আধুনিক ছোটগল্প রচনার যথার্থ ভীত রচিত হয়। এ ভীতকে সৃষ্টিকরণে সমকালীন পত্র-পত্রিকা অবিস্মরণীয় ভূমিকায় অবতীর্ণ হয়। এসব পত্রিকার মধ্যে উল্লেখযোগ্য ছিল এদের মধ্যে *কানুন* (আইন), *সুরে ইস্রাফিল* (ইসরাফিলের সিঙ্গা)। সাহিত্যে সময়ের চাহিদানুযায়ী নতুন নতুন বিষয়ের অবতারণা হতে থাকে। এ সময়ে যেসব লেখক ছোটগল্পে তাঁদের অবদান রেখেছেন সেসব গ্রন্থ যদিও সাহিত্যের ধরন ও বৈশিষ্ট্যের দিক থেকে এক পর্যায়ের নয়, তবুও ফারসি গদ্যের বিকাশলাভে এসব গ্রন্থের প্রভাব সমভাবে দৃশ্যমান। প্রত্যেক যুগেই সাহিত্যের বিভিন্নতা লক্ষ করা যায়। এতে বিপ্লবপূর্ব ও বিপ্লবোত্তর কালের ছোটগল্পের স্বরূপ সহজেই অনুমান করা যায়। পূর্ববর্তী সময়ের অধিকাংশ লেখকগণ প্রশাসনের অন্যায়ে-অবিচারের বিরুদ্ধে সংগ্রামে নিজেদেরকে সম্পৃক্ত করার পাশাপাশি স্বীয় বিশ্বাস ও বক্তব্যের স্বাধীনতা এবং প্রকাশনার স্বাধীনতা অনুসন্ধানে নিজেদেরকে সম্পৃক্ত করেন। ইসলামি বিপ্লবোত্তরকালের প্রথম দিকের বিপ্লবী চেতনাও ছিল অনুরূপ। বিভিন্ন চাঞ্চল্যকর ঘটনাপ্রবাহ এবং দুর্যোগসহ বিচিত্রসব বিষয়বস্তু লেখকদের

গল্পে ওঠে আসে। ফারসি ছোটগল্প রচনায় হেদায়াত তাঁর দেখা জীবন ও জীবনের বাস্তবতার নানাবিধ দিক খুবই চমৎকারভাবে ফুটিয়ে তুলেছেন।

### ছোটগল্পে জীবন ও জীবনের বাস্তবতা

যুগ যুগ ধরে চলে আসা সংস্কৃতির প্রভাবই মূলত কবি-সাহিত্যিকদের রচনায় দেখতে পাওয়া যায়। সাদেক হেদায়াত ও তাঁর লেখায় জীবন ও জীবনের ঘটে যাওয়া বাস্তবতাই তুলে ধরেন। মানুষের অভিজ্ঞতা, জ্ঞান-বিশ্বাসের সীমাবদ্ধতা জীবনের পাঠকে রহস্যে ঘিরে রেখেছে। একই সাথে মানুষের মুখে মুখে প্রচলিত বিভিন্ন কিসসা-কাহিনীও ছোটগল্পের উপজীব্য হয়ে ওঠে। এভাবেই মানুষের জীবনের নানাবিধ ঘটনা সহজেই জায়গা করে নেয় ছোটগল্পের প্রেক্ষিত। তাঁর লেখায় ওঠে আসে সামাজিক, রাজনৈতিকসহ বিভিন্ন ঘটনার চিত্র। দাদী-নানীর গল্পে দৈত্য-দানবের যেসব চিত্র বর্ণিত হচ্ছিল সে জায়গায় চিত্রিত হয়েছে যাপিত জীবনের কঠিন বাস্তবতা। গল্পের রূপ, আকৃতি-প্রকৃতিতে এসেছে নানা পরিবর্তন। এই নতুনত্বই ছোটগল্পকে সার্থক করে তুলেছে। সাদেক হেদায়াতও এভাবেই তরুণ প্রজন্ম থেকে সর্বস্তরের মানুষের হৃদয়ে জীবনের বাস্তবতার চিত্র উন্মোচন করেছেন তাঁর রচিত ফারসি ছোটগল্পে।

### সামাজিক-সাংস্কৃতিক চিত্র

ইরানের সাথে পাশ্চাত্য দেশগুলোর আর্থ-সামাজিক সম্পর্ক সুদৃঢ় থাকায় সেসব দেশের ভাষা-সংস্কৃতি আধুনিক দৃষ্টিভঙ্গির অধিকারী ইরানীদের সমাজজীবনে ব্যাপক প্রভাব বিস্তার করে। ফলে সেই সময়ের মানুষের জীবন ও জীবনের চলমান বাস্তবতার চিত্র আমরা দেখতে পাই কথাসাহিত্যে। ঊনবিংশ শতাব্দীর শেষার্ধ্বে থেকে ফারসি সাহিত্য আধুনিকতার রূপ পরিগ্রহ করে। আর আধুনিকতার এ ছোঁয়া পূর্ণাঙ্গরূপে প্রস্ফুটিত হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে। আধুনিক যুগে এসে ফারসি সাহিত্যে পূর্বের বিষয়বস্তু ও প্রকরণের তুলনায় নতুন নতুন বিষয়বস্তু ও ধারা সংযোজিত হয়। সেই থেকেই সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিষয়াবলি সাহিত্যের উপাদানে পরিণত হয়। অনন্যরূপে সাদেক হেদায়াতের গল্প সমকালীন পশ্চাদপদ সমাজের প্রতি অবিচার ও অত্যাচারী শাসকের প্রতি তাঁর ঘৃণা এবং দলিত জনগোষ্ঠীর জীবনের প্রতি অনুরাগে রচিত। তাঁর রচিত গল্পে আত্মিক ও বৈষয়িক অকার্যকারিতা চিত্রিত হয়েছে। তাই ছোটগল্পে তাঁর সৃষ্টিশীলতা এবং দূরদর্শিতা বিস্ময়কর।

হেদায়াত সাধারণ শ্রমজীবী মানুষ থেকে সকল শ্রেণি-পেশার মানুষের মনোজগতে ঢুকে তাদের না বলা দুর্ভোগের চিত্র এবং তাদের বিভিন্ন কাজে অক্ষমতাকে দেখাতে চেষ্টা করেছেন এবং শাসক শ্রেণীর মুখোশ খুলে দিয়েছেন সাহসিকতার সাথে। তাই তাঁর রচিত বেশিরভাগ গল্পই সাহিত্য-সমালোচনা ভিত্তিক। লেখত তাঁর সে কাতরে খুন ছোটগল্প এ প্রচারিত এবং আত্মিক অনুভূতি জাগ্রত হওয়ার দৃশ্য উপস্থাপন করেছেন। জীবনের এমনই কঠিন পরিস্থিতি ব্যাখ্যা করেছেন যেখানে একজন ব্যক্তি অপরজনকে এমনই অস্থিরতার দিকে ঠেলে দেয় যেন তাঁর সম্মুখে মৃত্যু ব্যতীত কোনো পথ নেই। কখনো কখনো মানুষ অস্থিরতায় পড়ে অনেক জানা বিষয়ও ভুলে যান। ফলে জীবনের সাথে টিকে থাকা লড়াই খুবই দুর্বল হয়ে পড়ে। লেখকের ভাষায়,

مثلاً اینست که کسی دست مرا می گیرد یا بازویم بی حسی می شود. حالا که دقت می کنم مابین خط های درهم و برهمی که روی کاغذ کشیده ام تنها چیزی که خوانده می شود اینست: «سه قطره خون»<sup>۲۰</sup>

মনে হচ্ছে যেন কেউ আমার হাতটা ধরে রেখেছে অথবা আমার বাহু অবশ হয়ে আসছে। এখন যে লক্ষ করছি কাগজের ওপর যেসব এলোমেলো রেখা টেনেছি সেগুলোর মধ্যে একমাত্র যে জিনিসটি পড়া যাচ্ছে তা হচ্ছে: ‘তিন ফোঁটা রক্ত’।<sup>২০</sup>

### সমকালীন জীবনবাস্তবতা

স্বল্পপরিসরে পাঠোপযোগী গল্প মানুষের জীবনের কথা বলে। ফলে বিশ্বসাহিত্যে ফারসি ছোটগল্পও হয়ে ওঠে জীবনমুখী। হেদায়াত তার ক্ষুদ্র জীবনে জীবনের যে বাস্তবতা উপলব্ধি করেছেন সে বাস্তবতাই উন্মোচন করেছেন ছোটগল্পে। যা সমকালীন হলেও চিরকালীন। অসহায়, বঞ্চিত, নিপীড়িত মানুষের জীবনযাত্রার প্রকৃতি চিত্রায়ণ ফারসি ছোটগল্পে এক নতুন মাত্রার সংযোগ ঘটায়। কারণ, অধিকার শব্দটির ব্যপকতা দীর্ঘ। প্রতিটি ক্ষেত্রে মানুষ তাঁর অধিকারের বিষয়ে সচেতন। গ্রাম থেকে শহর, যে কোন শ্রেণি পেশার মানুষই তাঁদের অধিকার চায়। তেমনই একটি গল্প *হেকায়াত ব নাতিজেহ* যেখানে একজন শাশুড়ির ভূমিকা তুলে ধরা হয়েছে। একটি মেয়ে জন্ম নিয়েই বিভিন্ন নামে সংজ্ঞায়িত হতে থাকে। গোওহার সুলতানা এমনই একজন নারী যিনি জীবনের একটি পর্যায়ে যখন শাশুড়ি হয়েছেন তখন তাঁরই ছেলের বউকে কোনভাবেই গ্রহণ করতে পারছেন না। এমনকি বিষোদাগার মনে তাঁর ছেলেকে বলে, সে খারাপ নারী নিয়ে সংসার করছে। কারণ, সে পরপুরুষের সাথে কথা বলে। এরকম নানান কথা বলে ছেলেকে বউ-এর বিষয়ে উত্তেজিত করে। যখন ছেলে বউকে মারতে শুরু করে তখন আবার শাশুড়ীই মায়াকান্না দেখিয়ে শান্তনা খুঁজে। এখানে সমাজে বসবাসরত একজন নারী হয়ে অপর এক নারীকে কীভাবে গ্রহণ করছে এবং কীভাবে নারীর অধিকার নষ্ট করছে এমনই জীবনবাস্তবতার চিত্র লেখক তুলে ধরেছেন। লেখকের ভাষায়:

بعد از نیم ساعات در باز شدگوهر سلطان با صورت مکار لبش را گاز گرفته بود برای میانخگیری  
جلو آمد دست ذوالفقار را گرفت و گفت خدا را خوش نماید مگر جهودگیر آورده ای؟<sup>১৪</sup>

আধাঘণ্টা পর দরজা খুললো। কুটিল হাসি হেসে দাঁত দিয়ে ঠোঁট কামড়ে মধ্যস্থতা করার জন্য এগিয়ে গেলো। জুলফিকারের হাত ধরলো আর বললো, 'খোদা অখুশি হবেন।' তুই কি একটা ইহুদি ধরে এনেছিস? কেনো এভাবে মারলি?

### স্বদেশপ্রেম

সাদেক হেদায়াত বরাবরই ছিলেন একজন স্বদেশপ্রেমী মানুষ। যিনি ইউরোপের বিভিন্ন দেশ ভ্রমণের মাধ্যমে বিচিত্র অভিজ্ঞতার মুখোমুখি হয়ে নিজেকে আবিষ্কার করেছেন স্বীয় দেশের প্রতি ভালোবাসায়। কর্মজীবনে তাঁকে নানা প্রতিকূলতার মধ্যে পড়তে দেখা যায়। কিন্তু তবুও স্বদেশের প্রতি তাঁর দায়িত্ববোধ তাঁকে শাসকের বিরুদ্ধে কলম চালোনায় বাধ্যত্ব করতে পারেনি। তুদেহ পার্টির সাথে ছিলো হেদায়াতের উঠাবসা। রাজনৈতিক অঙ্গনে এ পার্টিই একমাত্র সে সময় জনগণের অধিকার আদায়ে ভূমিকা রাখত। তাই একে সমর্থন দিতে এতোটুকুও কুণ্ঠিত হননি হেদায়াত। জনগণের হয়ে কথা বলার কারণে তাঁর বেশ অনেকটি গ্রন্থ ইরানে প্রকাশ নিষিদ্ধ ছিল। এ থেকে সহজেই হেদায়াতের স্বদেশপ্রেম যে কতটা জাহ্নত, তা অনুমান করা যায়। শাসকের বিরুদ্ধে লেখালিখির দরুণ তাঁকে কারাবাসও ভোগ করতে হয়েছিল। এর প্রভাবও দেখতে পাওয়া যায় তাঁর ছোটগল্পে। যেমন তিনি *তিন ফেঁটা রক্ত* গল্পে বলেন,

دیروز بود که اتاقم را جدا کردند، آیا همان طوری ناظم و عده داد من حالا به کلی معالجه شده ام و هفته دیگر آزاد خواهم شد؟ آیا ناخوش بوده ام؟ یک سال است، در تمام این مدت هرچه التماس می کردم کاغذ و قلم می خواستم به من نمی دادند. هئیشه پیش خودم گمان می کردم هر ساعتی که قلم و کاغذ به دستم بیفتد چه قدر چیزها که خواهم نوشت...<sup>۱۵</sup>

'গতকালই তারা আমার রুম পৃথক করেছে, আচ্ছা তত্ত্ববধায়ক যেমনটি কথা দিয়েছি আমার কি সম্পূর্ণরূপে চিকিৎসা হয়েছে এবং আগামী সপ্তাহেই ছাড়া পাবো? অসুস্থ হয়েছি কি? এক বছর হয়, এর পুরোটা জুড়ে যতই কাকুতি মিনতি করতাম, কাগজ-কলম চাইতাম তারা আমাকে দিতো না। সব সময় নিজে নিজে ধারণা করতাম যে কোনো সময় আমার হাতে কাগজ-কলম পড়লে কী পরিমাণ জিনিস লিখবো..'<sup>১৬</sup>

হেদায়াতের লেখায় সে সময়ের সমাজ ব্যবস্থার চিত্র খুব সহজেই অনুভূত হয়। মুসলিম রীতি অনুযায়ী চলাফেরায় সমাজের মানুষের প্রভাব কতটা। জন্ম নিলেই তাঁকে মৃত্যু স্বাদ নিতে হবে। এ চিন্তায়ত সত্যকে বৃকে বেঁধেই হেদায়াত তাঁর মৃত্যু গল্পে বলেন-

زندگانی از مرگ جدایی ناپذیر است. تا زندگی نباشد، مرگ نخواهد بود و همچنین تا مرگ نباشد زندگی و جود خارجی نخواهد داشت. از بزرگ ترین ستاره آسمان تا کوچک ترین ذره روی زمین دیر یا زود می میرند: <sup>১৯</sup>

জীবন মৃত্যু থেকে অবিচ্ছেদ্য। যতক্ষণ জীবন না হয়, মৃত্যুও হবে না এবং একইভাবে যতক্ষণ মৃত্যু না হয় জীবনের বাহ্যিক কোনো অস্তিত্বই থাকবে না। আকাশের বৃহত্তম তারকা থেকে মাটির ওপরের ক্ষুদ্রতম অণুও দেরিতে অথবা দ্রুত মৃত্যু বরণ করে: <sup>২০</sup>

### ধর্মীয় অনুভূতি

সাদেক হেদায়াতের গল্পে সমকালীন ধর্মীয় অনুভূতির চিত্র সুন্দরভাবে ফুটে ওঠে। মানুষের ধর্মীয় রীতিনীতি, আচার-আচরণও কম-বেশি প্রতিফলিত হয় তাঁর রচনায়। মানুষের বিশ্বাস জুমআর দিনের দোআ আল্লাহ কবুল করেন। এবং হুজুরেরা ফু দিয়ে দিলে আরোগ্য হয়। প্রকৃতপক্ষে জীবন বড় কঠিন। সবাই বেঁচে থাকতে চায়। সুস্থ জীবন চায়। এর জন্য প্রাণান্তকর চেষ্টা থাকে মানুষের। শিক্ষিত হোক বা অশিক্ষিত সব ধরনের মানুষই বিপদ আসলে আল্লাহর দরবারে মাথা নত করে। এমন ধর্মীয় অনুভূতির ব্যাখ্যা করতে গিয়ে লেখক তাঁর মৃত্যুভূকেরা গল্পে বলেন-

منیژه : سه شب و سه روز بود که من خواب چشم نیامد. خانم، من بر بالین این مرد خانفشانی کردم، رفتم از مسجد جمعه برایش دعای بی وقتی گرفتم، حکیم موسی را برایش آوردم گفت ثقل سرد کرده، من هم تا توانستم گرمی به نافش بستم، برایش گل گاو زبان دم کردم، زنیان و بادیان سنبله تیپ، گل خار خاسک، تاج ریزی، برگ نارنج به خوردش دادم... <sup>۲۱</sup>

‘মনিজা: তিন রাইত তিনদিন আমার চোখে ঘুম আসে নাই। খানম, আমি এই মানুষটার সিতানে জান-পরান দিয়া চেষ্টা করছি, জুম্মা মসজিদে যাইয়া হ্যার জন্য দোয়া করাইছি, হ্যার লিগা হাকিম মুসারে আনছি কইলো প্যাটের ব্যাদনা অইছে, আমিও যাদ্দুর পারি তার নাভিতে গরম স্যাক দিলাম, তার জন্যে অযুধি ফুল সেদ্ধ করলাম, তেলাকুচের পাতা, মৌরি গাছ, মঞ্জুরি, কাটালতা, ধুতরা, কমলার পাতা খাইতে দিলাম... <sup>২০</sup>

### নারী অধিকার

সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশ নারী। নারী-পুরুষ একজন আরেকজনের পরিপূরক। কথাসাহিত্যিক হেদায়াত সমাজে নারীদের অসহায়ত্ব তুলে ধরেছেন তাঁর গল্পে। পৃথিবী আজ অনেক এগিয়ে। বিশ্ব আজ হাতের মুঠোয়। যুগে যুগে অনেক কবি-সাহিত্যিকই নারীদের জন্য কলম ধরেছেন। তাদের হয়ে তাদের অধিকার এর কথা বলেছেন। তবুও এটাই সত্যি হয়ে দেখা দেয় নারীকে শুধুই প্রয়োজনপূরণের হাতিয়ার মনে করা হয়ে থাকে। নারীও যে একজন মানুষ। তারও যে সুস্থ সুন্দর জীবন পাওয়ার অধিকার আছে তা আমরা ভুলে যাই। তাই হেদায়াত সেই সময়ের সমাজ ব্যবস্থার চিত্র অঙ্কন করেছেন যেখানে নারীরা তাদের অধিকার থেকে শুধু যে বঞ্চিত হচ্ছে তাই নয়, বরং তারা ধরেই নিয়েছে এটাই তাদের নিয়তি। পুরুষরা যা বলবে মুখ বুজে তাদের তা মেনে নিতে হবে। পর্দার পিছনে পুতুল গল্পে একজন নারীর অসহায়ত্ব বর্ণনায় লেখক যা বলতে চেয়েছেন তা হলো, একজন নারী যখন বিয়ের উপযুক্ত হয় সাধারণভাবেই তার মনে একটি ভাবনার আকাশ তৈরি হয়। যেখানে সে নিজেই ভালোবাসায় আবিষ্কার করে। কিন্তু যাকে সে স্বামী বলে কল্পনা করে সংসার সাজানোর স্বপ্ন দেখছে, সেই পুরুষটি একটি বাজার থেকে কিনে আনা পুতুলের সাথে নিজের সুখ-দুঃখ ভাগ করছে। এমন বিষয় আবিষ্কার করে মেয়েটি ব্যথিত হৃদয়ে তার কাল্পনিক সুখের বাস্তবায়নে নিজেকে পুতুল হিসেবে দাঁড় করিয়ে জীবন দিয়ে বুঝিয়ে দেয় একজন নারীর অসহায়ত্ব। লেখক বলেন-

মহরদাদ از میان مردم دسپاچه که در آمد و شد بودند با فکر مغشوش می گذشت، بی آن که کسی را در راه ببیند و یا متوجه چیزی بشود. مثل یک آدم مقوایی، مثل مجسمه بی روح و بی اراده راه می رفت، مثل آدمی که شیطان روحش را تسخیر کرده باشد.<sup>۲۱</sup>

‘মেহেরদাদ ছুটে চলা লোকদের মধ্য দিয়ে যেন তাদের কাউকে দেখতে পাচ্ছে না; কিংবা তারা কেউই কিছুই বুঝতে পারছে না এমন ভঙ্গিতে এলোমেলো ভাবনায় হস্তদস্ত হয়ে চলতে লাগলো, পিচবোর্ডে তৈরি মানুষের মতো, প্রাণহীন মূর্তির মতো, ইচ্ছাহীন। সেই লোকটার মতো, শয়তান যার আত্মাকে পরাস্ত করেছে।’<sup>২২</sup>

সমাজে একাধিক বিয়ের ঘটনার চিত্র চোখে পড়ে। যেখানে সতিনের সাথে সংসারের মর্মপীড়া উপলব্ধি করতে হয়। কখনো কখনো সন্তান জন্মদানের ক্ষেত্র হিসেবে একাধিক বিয়ের ঘটনা ঘটে। আবার কখনও বা বগড়া ফেসাদের কারণে হয়। কিন্তু উভয় পরিস্থিতিতেই একজন নারীকে জীবনের কঠিন বাস্তবতার মুখোমুখি হতে হয়। মনে হয় যেন জন্ম থেকেই একটি মেয়ে পরীক্ষার জন্যই নিজেকে প্রস্তুত করে বড় হতে থাকে। এমনই চিত্র দেখা যায় হেদায়াতের গল্পে। এতে গ্রামীণ সমাজ-জীবনের ধাপে ধাপে নারীদের অবহেলার দৃশ্য দৃষ্টিকান্ডে। তেমনই বিশেষত ইরানের গ্রামীণ সমাজের চিত্রে লেখক যানি কে মারদাশ রা গোম কারদ গল্পে বলেন-

شاید این جوان هم عادت به شلاق زدن داشته و تنش بوی الاغ و سر طویله بدهد.<sup>২৩</sup>

হয়ত এই যুবকের চাবুক মারার স্বভাব ছিলো আর তার শরীর থেকে গাধা ও আস্তাবলের গন্ধ ছড়াচ্ছে।

#### মানুষের কল্যাণকামনা

সমাজের আরো একটি বিষয় লেখককে দারুণভাবে প্রভাবিত করে। টিকে থাকার লড়াই আমাদের সবসময়ের। শারীরিক প্রতিবন্ধী, বয়স্ক, তালাকপ্রাপ্ত, খেটে খাওয়া দিনমজুর, নারীদের অসহায়ত্ব এমন মানুষদের জীবনচিত্র লেখক তুলে এনেছেন তাঁর ছোটগল্পে। জীবনের বাস্তবতাকে উপেক্ষা করে সামনে এগোনো যায় না। পথ পাড়ি দিতে হলে চাই সমুদ্রসম হৃদয়। চাই চিন্তার পরিপক্বতা। বিভিন্ন দেশের বিভিন্ন সংস্কৃতিকে খুব কাছ থেকে দেখার ফলে লেখক জীবনছবির পার্থক্য করেছেন খুব সাবলীলভাবে। বেঁচে থাকার লড়াইয়ে অসহায়ত্ব কেমন করে বাধা হয়ে দাঁড়ায়। কেমন করেই বা এসব পরিস্থিতির মুখোমুখি হয়ে সামনে এগিয়ে যেতে হয় এমনই শিক্ষা পাওয়া যায় হেদায়াতের ছোটগল্পে। সে ক্বাতরে খুন গ্রন্থের একটি উল্লেখযোগ্য গল্প দাশ আ’কল। সমাজ-সমালোচনামূলক গল্পের মানদণ্ডে এটি একটি অসাধারণ গল্প। যেখানে চলমান জীবন বাস্তবতার ছবি একেঁছেন। দাশ আ’কল গল্পে সিরাজ একজন পরোপকারী যুবক। অপরদিকে একজন মাতাক্ষরের ছেলে দাশ শারীরিকভাবে সক্ষম হলেও মনের দিক থেকে শক্তিমত্তায় উন্নীত নয়। কান খঞ্জরের আঘাতে তার মুখেল কিছু অংশ মারাত্মকভাবে জখম হয়েছে। তবুও আত্মমর্যাদাবোধ সম্পন্ন হওয়ায় তিনি সবসময়ই অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন। কিন্তু কাকা রস্তম যিনি তথাকথিত পরোপকারীর ভূমিকায় কাজ করতে দেখা মেলে। যদিও তিনি অর্থব্যয়কারী হিসেবে পরিচিত কিন্তু স্বভাবে তিনি বখাটে আচরণে অভ্যস্ত। তাই সবকাজেই তাকে দাশ এর প্রতি ঈর্ষান্বিত অবস্থায়ই পাওয়া যায়। দাশ আপনমনে তার কাজ করে যায়। সমাজে অবস্থানরত আরো একজন ব্যক্তি কাকা রস্তম- এরা দুজনেই সমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তি। দুজনেই চায় মানুষের উপকার করতে। কিন্তু নিজেদের শক্তির পরীক্ষা করতেও তারা আগ্রহী। গল্পটির সূচনা ঘটে এভাবে-

همه اهل شیراز می دانستند که داش آکل و کاکا رستم یکرنگ را با تیر می زدند. یک روز داش آکل روی سکوی قهوه خانه میل چندک زده بود، همان جا که پاتوق قدیمش بود. قفس کرکی که رویش شلهء سرخ کشیده بود، پهلوش گذاشته بود و با سر انگشتش یخ را دور کاسهء آبی می گردانید. ناگاه کاکا رستم ار در درآمد، نگاه تحقیر آمیزی به او انداخت و همین طور که دستش پر شالش بود رفت روی سکوی مقابل نشست، بعد رو کرد به شاگرد قهوه چی و گفت: «به به، یه چای بیار ببینم.»<sup>۲۴</sup>



‘সিরাজবাসী সবাই জানতো যে দশ আকল এবং কাকা রুস্তম একজন আরেক জনের ছায়াকেও তীর মারে। একদিন দশ আকল চা দোকানের আসনের ওপর অর্ধ শোয়া অবস্থায় কাত হয়েছিলো, সেখানে ছিলো তার পুরনো আড্ডা। ওপরে শালু কাপড়ে ঢাকা তিতিরের একটা খাঁচা, তার পাশে রাখা ছিলো এবং হাতেরে আঙ্গুলের ডগায় একটা পানির পাত্রে বরফের টুকরো ঘুরাচ্ছিল সে। হঠাৎই কাকা রুস্তম দরজা দিয়ে ঢুকলো, তার দিকে অবজ্ঞা মিশ্রিত একটা হাসি দিয়ে শালের ওপর যেরকম হাত রাখা ছিলো ওই অবস্থায়ই সামনের আসনে গিয়ে বসলো। তারপর চা দোকানের সহকারীর দিকে লক্ষ করে বললো: ‘পি পি পিচ্চি, এ একটা চা নিয়া আয়।’<sup>২৫</sup>

### সাধারণ মানুষের ভাষা

আধুনিক পটপরিবর্তনের সময়ে উল্লেখযোগ্য ভূমিকা রাখে পত্র-পত্রিকা। পত্রিকায় প্রকাশিত খবরের প্রধান বৈশিষ্ট্য ছিলো ক্লাসিক ফারসির সাথে সাধারণ মানুষের মুখের ভাষায় বক্তব্য তুলে ধরা। সাধারণ মানুষের মুখের ভাষা একদিকে ছিল সুশীল সমাজের বিরুদ্ধে বিদ্রোহী অপরদিকে ছিল হাটবাজার ও অলিগলির মানুষের পক্ষে গণতান্ত্রিক। হেদায়াত তাঁর গল্পে এমন খেটে খাওয়া মানুষের জীবনচরিত সহজ-সরল ভাষায় তুলে ধরেছেন। সাদেক হেদায়াতের প্রথম ছোটগল্প *যেন্দে বেগোর*-এ ইরানের যুবসমাজের ভূমিকা আরো গতিশীল হয়ে ওঠে। মূলত এ গল্পই তাঁকে ছোটগল্পকার হিসেবে মানুষের কাছে পরিচিত করে তোলে। এ গল্পের শুরুতে লেখক বলেন-

نفسم پس می رود، از چشم هایم اشک می ریزد، دهانم بدمزه است، سرم گیج می خورد، قلبم گرفته، تنم خسته، کوفته، شل، بدون اراده در رختخواب افتاده ام... هزار جور فکر های شگفت انگیز در مغزم میحر خد، میگردد.<sup>২৬</sup>

‘আমার শ্বাস বন্ধ হয়ে আসছে। চোখ থেকে অশ্রু গড়িয়ে পড়ছে। মুখ বিঃস্বাদ। মাথা বিম বিম করছে। হৃদযন্ত্র বন্ধ হয়ে আসছে। শরীর অবসন্ন, পরিশ্রান্ত, শিথিল। ইচ্ছাহীনভাবেই বিছানায় পড়ে আছি...হাজারটা বিপ্লবের ভাবনা মগজের ভেতর চক্র দিচ্ছে, ঘোরপাক খাচ্ছে।’<sup>২৭</sup>

### উপসংহার

জীবনকে সুন্দর করে দেখতে হয়। প্রকৃতির নানা অনুঘঙ্গ আমাদের ঘিরে আছে। শুধু প্রয়োজন তাকে উপলব্ধি করার। হেদায়াত একজন জীবনমুখী মানুষ। শিল্পের মূল্য বোঝেন। একটি সার্থক ছোটগল্প তখনই হয় যখন তার পাঠকপ্রিয়তা থাকে। মানুষ যা হৃদয় দিয়ে গ্রহণ করে। মানুষ ছোটগল্পে নিজেরই যেন প্রতিচ্ছবি দেখতে পায়। নিজেরই নানাবিধ ঘটনার সাথে মিলিয়ে কখনো হেসে ওঠে। কখনো বা কেঁদে ওঠে। সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটে সমাজের মানুষের নানাবিধ সমস্যায় জীবনের বাস্তবতার দিকগুলো তিনি অত্যন্ত চমৎকারভাবে তুলে ধরেছেন। সমাজের সর্বস্তরের মানুষের বাস্তব জীবনের প্রতিফলন ঘটায় তাঁর ছোটগল্প সার্থক হয়েছে।

### তথ্যনির্দেশ

<sup>১</sup> মোহাম্মদ আলি হুমায়ুন কাতুউজিয়ান, *সাদেক হেদায়াত আজ আফসানে তা ভাকয়িয়াত* (তারহে নু, তেহরান, ২০১০), পৃ. ২৭।

<sup>২</sup> আলি দেহবশি (সম্পা), *ইয়াদে সাদেক হেদায়াত* (তেহরান: নাশরে সালেস, ২০০১), পৃ. ৯।

<sup>৩</sup> মোহাম্মদ মঈন, *ফারহাঙ্গে ফারসি*, তৃতীয় খণ্ড (তেহরান: চপখানেয়ে সেপাহার, দশম সংস্করণ, ১৯৯৬), পৃ. ২২৬২।

<sup>৪</sup> দারুল ফুনুন: নাসির উদ্দিন শাহের প্রধানমন্ত্রী মির্জা তাকি খান আমির কবিরের প্রচেষ্টায় ১৯৫১ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত দারুল ফুনুন (কলা ও বিজ্ঞান গবেষণাগার) এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ১৮৫৪ খ্রিষ্টাব্দে। এর ফলে ইরানে কলা ও বিজ্ঞানের বিভিন্ন শাখায় গবেষণার দ্বার উন্মুক্ত হয়। এতে বিদেশি শিক্ষকগণের ইরানে আগমন এবং দেশীয় শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষা লাভের পথ সুগম হয়। আরবি, তুর্কি ও রাশিয়ান ভাষাসহ বিভিন্ন বিষয়ের জ্ঞানচর্চার ক্ষেত্র সম্প্রসারিত হয়। আধুনিককালে ইরানে জ্ঞান-বিজ্ঞান ও শিক্ষা-সংস্কৃতি বিকাশে দারুল ফুনুনের ভূমিকা অপরিসীম। [ দ্রষ্টব্য: শামস লাঙ্গরাদি, *তারিখে তাহলিলি আজ শেরে নোও*, প্রথম খণ্ড, তেহরান: নাশরে মারকাজ, ১৯৯১), পৃ. ২৭-২৮।

- <sup>৫</sup> H. Kamshad, *Modern Persian Prose* (London: Cambridge University Press, 1996), p. 131-141.
- <sup>৬</sup> ড. ইসমাইল হাকিমি, *আদাবিয়াতে মোয়াসেরে ইরান* (তেহরান: এস্তেশারাতে আসাতির, ১৯৯৬), পৃ. ১৮৬।
- <sup>৭</sup> নাহিদ হাবিবি অজাদ, *কেতাব শেনাসিয়ে সাদেক হেদায়াত* (তেহরান: নাশরে কাতরে, ২০০৩), পৃ. ১৫।
- <sup>৮</sup> শাকির সবুর, *সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প* (ঢাকা: শোভা প্রকাশ, ২০১৮), পৃ. ১১।
- <sup>৯</sup> কেতাব শেনাসিয়ে সাদেক হেদায়াত, পৃ. ১৫।
- <sup>১০</sup> ড. আহমাদ খাতামি, *নেগাহি বে আদাবিয়াতে মোয়াসেরে ইরান* (তেহরান: নাশরে এলমি, ২০১৬), পৃ. ২২৫।
- <sup>১১</sup> ড. মোহাম্মদ জাফর ইয়াহাকি, *চুন সাবুয়ে তেশনে* (তেহরান: জামি প্রেস, ১৯৯৫), পৃ. ১৯৩।
- <sup>১২</sup> সাদেক হেদায়াত, *সে কেতরে খুন, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত*, মোহাম্মদ বাহারলু (সম্পা.) (তেহরান: এস্তেশারাতে হোমা, প্রথম প্রকাশ ১৯৯৭), পৃ. ১১১।
- <sup>১৩</sup> সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প, পৃ. ৫২।
- <sup>১৪</sup> সাদেক হেদায়াত, *দারদে দেলে মির্জা ইয়াদুল্লাহ* (তেহরান: কেতাবফুরশিয়ে মোহসেন, ১৯৪৯), পৃ. ৫।
- <sup>১৫</sup> সাদেক হেদায়াত, *সে কেতরে খুন, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত* (তেহরান: তারহে নও, ১৯৯৩), ১১১।
- <sup>১৬</sup> সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প (ঢাকা: শোভা প্রকাশ, ২০১৮), পৃ. ৫২।
- <sup>১৭</sup> সাদেক হেদায়াত, *মারগ, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত* (তেহরান: তারহে নও, ১৯৯৩), পৃ. ৩৫।
- <sup>১৮</sup> সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প, পৃ. ২১।
- <sup>১৯</sup> সাদেক হেদায়াত, *মোরদে খোরহা, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত*, মোহাম্মদ বাহারলু (সম্পা.), পৃ. ৮৯।
- <sup>২০</sup> শাকির সবুর (অনু.), *সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প*, পৃ. ৪৩।
- <sup>২১</sup> সাদেক হেদায়াত, *আরুসাক পোশতে পারদে, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত*, মোহাম্মদ বাহারলু (সম্পা.) পৃ. ২৫১।
- <sup>২২</sup> সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প, ১০০-১০১।
- <sup>২৩</sup> সাদেক হেদায়াত, *সায়ে ভা রওশান* (তেহরান: চাপখানেয়ে নাকশে জাহান, ১৯৩২), পৃ. ৪০।
- <sup>২৪</sup> সাদেক হেদায়াত, *দাশ আকল, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত*, মোহাম্মদ বাহারলু (সম্পা.), ১৩৫।
- <sup>২৫</sup> সাদেক হেদায়াতের নির্বাচিত ছোটগল্প, পৃ. ৬১।
- <sup>২৬</sup> সাদেক হেদায়াত, *যেন্দে বেগোর, মাজমুয়ে-ই আয অসারে সাদেক হেদায়াত*, মোহাম্মদ বাহারলু (সম্পা.), পৃ. ৪৩।
- <sup>২৭</sup> আবদুস সবুর খান, *আধুনিক ফারসি ছোটগল্প: বিষয়বৈশিষ্ট্য, শিল্পরূপ, চিত্রিত জীবন ও সমাজ* (ঢাকা: বাংলা একাডেমি, জুন ২০০৯), পৃ. ৪০।

## ঋতুসংহারে ঋতুবৈচিত্র্য (The Variety of Seasons in Ritusamhara)

ড. মোছা. এলিনা আখতার পলি\*

**Abstract:** Kalidasa was acclaimed as the ‘Indian Shakespeare’, who penned his masterpieces of plays, poems, epics, etc in Sanskrit. Ritusamhara is a long poem in sanskrit attributed to Kalidasa. The poem has six cantos for the six Indian seasons grisma (summer), varsa (monsoon), sarat (autumn), hemanta (cool), sisira (winter) and vasanta (spring). The evocative poetry is in the popular Anustubh chanda form of four line stanzas –a total of 144 stanzas. This was the first Sanskrit text to be printed and published in Kolkata in 1792 and remains one of the popular classics of Kalidasa. The changing seasons are portrayed in acute details using the thematic backdrop of how lovers react differently to the changing landscapes - the themes beautifully accentuating each other.

সংস্কৃত সাহিত্যের শ্রেষ্ঠ কবি কালিদাস প্রকৃতিপ্রেমিক কবি। কবি কালিদাস মানুষ ও প্রকৃতির অন্তরঙ্গতাকে বিভিন্নভাবে, চমৎকার কৌশলে তাঁর কাব্যসমূহে প্রকাশ করেছেন। মহাকবি কালিদাসের প্রকৃতির প্রতি সৌন্দর্য পিপাসা এবং প্রকৃতি সম্পর্কে তাঁর সূক্ষ্ম ও জীবন্ত অন্তর্দৃষ্টির প্রতিফলন রয়েছে তাঁর প্রতিটি রচনায়। কল্পনা এবং সৌন্দর্যের অনুসন্ধিৎসা নিয়ে তিনি প্রকৃতির যে রূপমাধুরী পর্যবেক্ষণ করেছেন সেই পর্যবেক্ষণলব্ধ অভিজ্ঞতাকে চমৎকার বর্ণনা কৌশলে চিত্রিত করেছেন তাঁর কাব্যসমূহে। তাঁর বর্ণনায় প্রাকৃতিকজগৎকে হুবহু অনুকরণ নয় বরং সে প্রকৃতিকে অনন্য একে একটি চরিত্ররূপে চিত্রায়ন কালিদাস প্রতিভার বৈশিষ্ট্য। প্রকৃতি ও মানুষ তাঁর কাব্যে একে অপরের পরিপূরক। প্রকৃতির রূপ, রস ও গন্ধের অন্তরালে তিনি মানব মনের স্পন্দন উন্মোচন করেছেন। প্রকৃতির ক্ষুদ্রাতিক্ষুদ্র বস্তু, নাম না জানা বনফুল এমনকি শিশির কণাও তাঁর বর্ণনা থেকে বাদ পড়েনি। প্রকৃতির অসীম ভাঙারে সঞ্চিত সৌন্দর্যের সব উপাচারই অর্ধরূপে কবি তাঁর কাব্যপূজায় নিবেদন করেছেন।

তিনি প্রকৃতিকে মানুষের সমধর্মীরূপে চিত্রিত করে চরিত্রগুলোর সুখ-দুঃখের সমান অংশীদার করে তুলেছেন। ‘উপমা কালিদাসস্য’ বরে কবির যে খ্যাতি আজও তাঁকে সাহিত্যাকাশে সমুজ্জল করে রেখেছে, তার জন্য কবি যে বিষয়টিকে প্রধান্য দিয়েছেন সেটি একমাত্র প্রকৃতি। প্রকৃতি বর্ণনায় তিনি অদ্বিতীয়। তাঁর কল্পনার সবকিছুই সুন্দর। বসন্তের কুসুমগুচ্ছ তাঁর কল্পনার অলংকার, শরতের নির্মল আকাশ, কৌমুদী ও কাশগুচ্ছ তাঁর কল্পনার বসন, ভাগীরথীর নির্ঝর শীকর এবং বনকুসুমরাজি তাঁর কল্পনার পাদ্যার্ঘ্য।

মহাকবির রচিত দুটি গীতিকাব্যের একটি ঋতুসংহার। সংহার অর্থ সংক্ষেপ। ছয়টি ঋতুর সংক্ষিপ্ত বিবরণ রয়েছে কাব্যটিতে। কাব্যের প্রতিটি শ্লোকে প্রকৃতি বর্ণনা প্রাধান্য পেয়েছে আর তার সাথে বর্ণিত হয়েছে নারীদের অপরূপ সৌন্দর্য। এ কাব্যটি যেন প্রকৃতিচিত্রণের তিলোত্তমা। ঋতুসংহার শৃঙ্গার রসাত্মক কাব্য। কবি প্রকৃতির ছয়টি ঋতুর মধ্যদিয়ে প্রতিটি ঋতুতে প্রেমিক প্রেমিকার যে মনোজগতের আলোড়ন তা চমৎকার কৌশলে বর্ণনা করেছেন এ কাব্যে। প্রকৃতির ছয়টি ঋতুর পরিবর্তন এখানে নারী অঙ্গের কোমল বর্ণনায় বিভূষিত এবং নর-নারীমনের মিলন বিরহের আবেগ বর্ণনার মহিমায় মহিমাশিত।

ঋতুসংহার কাব্যে কবি ঋতুর বর্ণনা করেছেন একেবারে বাস্তবতার নিরিখে। মহাকবির বর্ণনায় গ্রীষ্মকালে প্রকৃতি দুটো রূপ ধারণ করে, একটি ব্লক্ষ আর অন্যটি কোমল।

\* সহযোগী অধ্যাপক, সংস্কৃত বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

গ্রীষ্মকালের প্রচণ্ড তাপদাহ হচ্ছে এসময়ের রক্ষ রূপ। গ্রীষ্মকালে সূর্যের প্রখর তাপ তীব্র রূপ ধারণ করে। প্রকৃতির এ রক্ষতার সাথে কবি ব্যর্থ প্রেমিকের বিরহ তুলনা করেছেন। রৌদ্রের প্রচণ্ডতার কাছে এখন বিরহজ্বালাও যেন কিছুই না। রৌদ্রের তাপে চারদিক ধুলিধূসর, প্রবল বায়ুতে ধুলিগুঞ্জ উৎক্ষিপ্ত হয়ে চারদিক ব্যাপ্ত হয়ে রয়। বৃষ্টি নেই, ডোবা জলাশয় জলশূন্য, প্রাণীকুল তৃষ্ণায় এবং রৌদ্রতাপে অতিষ্ঠ। গাছের সব পাতা ঝরে গেছে, শিমুলগাছের বনে আশুন আরো বেড়ে ওঠে। শুকনো বাঁশবনের মধ্যে জোরালো শব্দে বায়ু প্রবাহিত হয়। মহাকবির ভাষায়-

“শ্বসিতি বিহগবর্গঃ শীর্ণপর্ণদ্রুমস্থঃ কপিগুলমুপযাতি ক্লাস্তমদ্রৈর্নিকুঞ্জম্ ।  
ভ্রমতি গবয়যুথঃ সর্বতন্তোয়মিচ্ছঙ্করভকুলমজিষ্কং শ্রোদ্ধরত্যমুকুপাৎ॥”<sup>১</sup>

(পাতাঝরা গাছে বসে পাখিরা দীর্ঘশ্বাস ফেলে। ক্লাস্ত বানরগুলি পর্বতের লতাকুঞ্জে প্রবেশ করে। গবয়ের দল জলের আশায় চারিদিকে ঘুরে বেড়ায়। ঋজুদেহী শরভের দল কুপ থেকে জল তোলে।)

শত্রুতার সীমানা এখন অবলুপ্ত। উত্তপ্ত ধূলায় দিগ্বিদিকশূন্য সাপ তারই খাদক ময়ূরের কলাপের ছায়ায় আশ্রয় খোঁজে। খাবার হাতের নাগালে থাকলেও ময়ূর স্পৃহহীন। এমনকি সিংহ তার খাদ্য হাতিকে পেয়েও হত্যায়ে মেতে ওঠেনা। তৃষ্ণার্ত হাতিও অজ ভয়লেশহীন। পক্ষি উত্তপ্ত জলাশয় থেকে মগ্নক এসে আশ্রয় নেয় সাপের ফণার তলায় কিন্তু সাপ তার জিভ দিয়ে বায়ু গ্রহণে ব্যস্ত। পিপাসার্ত হরিণ জলের জন্য ঘুরে মরে। শূকরকে এখন পাঁকের গভীরে খাবার খুঁজতে হয়। জলের মাঝে আশ্রয় নেয় হস্তির দল। তৃষ্ণার্ত বন্য মহিষ পর্বত হতে বের হয় জলের আশায়। জলাশয় জলের অভাবে পক্ষি, মাছেরা বিপন্ন, সারসের দল পলায়মান, গাছের পাতা নীরস, পাখিদের দীর্ঘশ্বাস ওঠে।<sup>২</sup>

এসময় বনানীর শোভা ভয়ঙ্কর। দাবাগ্নিতে বনভূমি প্রজ্জ্বলিত। দাবাগ্নির আঁচ লাগে বাঁশঝাড়ে, পাহাড়ে, শ্যামল তৃণভূমিতে। সে আশুনের রঙ কোথাও সিঁদুরের মতো লাল, কোথাও আবার স্বর্ণের মতো উজ্জ্বল। দাবাগ্নির দহনে অর্ধদন্ধ হস্তি, গবয়, সিংহ প্রাণরক্ষার জন্য শত্রুতা ভুলে একসাথে আশ্রয় নেয় তটিনীর বক্ষপ্রদেশে।

পটুতরদবদাহোচ্ছ্রুশস্যপ্ররোহাঃ পুরুষপবনবেগোৎক্ষিপ্তসংস্কুপর্ণাঃ ।

দিনকরপরিতাটক্ষীণতোয়াঃ সমস্তাদ্ বিদধতি ভয়মুচ্চৈবীক্ষ্যমণা বনান্তাঃ ॥<sup>৩</sup>

(অত্যন্ত প্রখর দাবানলে শস্যের অঙ্কুর বিনষ্ট হয়। রক্ষ বাতাসে শুকনো পাতা উপরে ওড়ে। সূর্যের তাপে চারিদিকে জল শুকিয়ে যায়। উঁচু জায়গা থেকে নিরীক্ষণ করলে অরণ্য ভয়ের উদ্বেক করে।)

এ ঋতুর মনোরম রূপটি দেখা যায় অপরাহ্ন আর রাত্রিবেলা। সারাদিনের প্রখর তাপে প্রকৃতি যখন নিষ্প্রাণ সে সময় চন্দ্র তার স্নিগ্ধ রূপ নিয়ে মায়াবি রাতে আবির্ভূত হয়। মৃদু হাওয়া সাথে চন্দ্রের স্নিগ্ধতা সকলের জন্য সুখপ্রদ। গ্রীষ্মের রাতে স্নিগ্ধ চন্দ্রের কিরণ, সুবাসিত হর্ম্যতল, স্বপ্নবসনা প্রিয়ার সান্নিধ্য, তন্ত্রী লয় সমন্বিত সঙ্গীত অতীব সুখদায়ক। সারাদিনের ব্যস্ততা শেষে সুন্দরী রমণীগণ স্নান সেরে সূক্ষণ বসন পরিধান করে বাতায়ন উন্মুক্ত রেখে নিদ্রা যায়। উন্মুক্ত বাতায়ন ভেদ করে চন্দ্র যেন বহু উৎকর্ষায় নিদ্রিত সুন্দরীদের চন্দ্রতুল্য মুখ নিরীক্ষণ করে লজ্জায় সেখান থেকে পালাতে চায়। জলাশয়ে পদ্মের শোভা আর পাটল পুষ্পের সুবাসে বাতাস ভরপুর। গ্রীষ্মের বর্ণনা করতে গিয়ে কবি বলছেন-

সিতেষু হর্ম্যেষু নিশাসু যোষিতাং সুখপ্রসুগুণি মুখানি চন্দ্রমাঃ ।

বিলোক্য নূনং ভৃশমুৎসুকশ্চিরং নিশাক্ষয়ে যাতি হ্রিয়েব পাণ্ডুতাম্ ॥<sup>৪</sup>

(রাত্রিকালে ধবল অটালিকায় সুন্দরী রমণীরা সুখে নিদ্রা যায়। প্রবল উৎকর্ষায় চাঁদ বহুক্ষণ তাদের মুখ নিরীক্ষণ করে যেন লজ্জা পেয়েই রাত্রিশেষে পাণ্ডুর হয়ে যায়।)

মহাকবির ভাষায়-

“কমলবনচিতাম্বুঃ পাটলামোদরম্যঃ  
সুখসলিলনিষেকঃ সেব্যচন্দ্রাংগুহারঃ ।  
ব্রজতু তব নিদাঘঃ কামিনীভিঃ সমেতো  
নিশি সুললিতগীতে হর্ম্যপৃষ্ঠে সুখেন ॥”<sup>৫</sup>

(প্রিয়ে! তোমার সঙ্গীত সুললিত। জলাশয় এখন পদ্মবনে পরিপূর্ণ। পাটলকুসুমের গন্ধ এখন রমণীয়, শীতল জলে স্নান এখন সুখপ্রদ, চাঁদের কিরণ এখন উপভোগের বিষয়। সুমধুর সঙ্গীতের ধ্বনিতে মুখরিত হর্ম্যতলে সহচরীদের সঙ্গে তুমি রাত্রিতে এই গ্রীষ্ম সুখেই যাপন করো।)

মেঘমুক্ত সন্ধ্যায় চন্দ্র যেন অলংকার হয়ে দেখা দেয়, সেই সন্ধ্যার মতো লাফারসের লালিমায় রঞ্জিত নূপুরপরা চরণ, যাদের প্রতিটি পদক্ষেপ হংসধ্বনির অনুকরণ করে, নিতম্ব যাদের প্রশস্ত, চন্দ্রের ন্যায় অলংকারে সজ্জিত হয়ে মৃদু হাসি ও কুটিল দৃষ্টিপাতে রমণীরা প্রবাসী পুরুষের হৃদয় ব্যাকুল করে তোলে।<sup>১৭</sup> বর্ষা জল ও বিরহের ঋতু। জলকণায় পরিপূর্ণ মেঘ যেন মত্ত হস্তি। বর্ষা ঋতু সেই মত্ত হস্তিতে চড়ে বিদ্যুৎরশ্মিকে পতাকা করে বীরদর্পে পতাকা উড়িয়ে উজ্জ্বল বজ্রধ্বনিকে মাদল করে রাজার ন্যায় এ ঋতুর আবির্ভাব। প্রচণ্ড বেগে বারিবর্ষণ যেন তার তীব্র শরাঘাত।<sup>১৮</sup>

এ সময় মেঘের মৃদু গর্জন, বিদ্যুতের চমক, কাজল কালো মেঘের ভেলা, মুহূর্ত্ত বজ্রপাতে আকাশ বাতাস আলোড়িত হয়। খণ্ড খণ্ড নীলকান্তমণির মতো ঘাসের ওপর সদ্য প্রস্ফুটিত নবপল্লবের ওপর মুক্তার ন্যায় জলবিন্দু শোভা পায়। বর্ষা কৃষক-কৃষাণীর মুখে হাসি ফোটায়। কারণ বর্ষা মাঠে মাঠে সবুজের সমারোহ বয়ে আনে। শুধু কৃষক-কৃষাণী নয় বর্ষা ময়ূর-ময়ূরীর মনে উল্লাস জাগিয়ে তোলে। প্রচণ্ড বর্ষণে সৃষ্ট পঙ্কিল ঘোলা জলরাশি দুই পাড়ের গাছগুলো উপড়ে ফেলে, আঁকাবাঁকা পথে ঘূর্ণিপাক সৃষ্টি করে ছুটে চলে সমুদ্রের দিকে। কবির ভাষায়

“নিপাতয়ন্ত্যঃ পরিতন্তুটদুমান প্রবন্ধবেগেঃ সলিলৈরনির্মলেঃ।

প্রিয়ঃ সুদুষ্টা ইব জাতবিভ্রমাঃ প্রয়াস্তি নদ্যভ্রুরিতং পয়োনিধিম্ ॥”<sup>১৯</sup>

(নদীগুলি পঙ্কিল জলরাশি নিয়ে দুই পাড়ের গাছগুলি উপড়ে ফেলে প্রবলবেগে অতিদুষ্টি বিভ্রান্ত স্ত্রীলোকের মতো ঘূর্ণিপাক সৃষ্টি করে দ্রুত সমুদ্রে গিয়ে পড়ে।)

বর্ষার আগমনে গাছে গাছে নতুন পল্লব আর তৃণপুঞ্জের শ্যামলিমা প্রকৃতিকে নবরূপে সজ্জিত করে। নতুন পল্লবে সজ্জিত অপরূপ শোভামণ্ডিত বৃক্ষরাজি। তাই চঞ্চল হরিণের স্বচ্ছন্দ বিচরণে নয়নাভিষাম দৃশ্যের সৃষ্টি করে। প্রচণ্ড বেগে তৃণমিশ্রিত পাণ্ডুবর্ণ নববর্ষার জল সাপের মতো তীর্যক গতিতে নিচের দিকে বয়ে চলে আর ভীত মণ্ডকের দল তা নিরীক্ষণে ব্যস্ত। বর্ষা যেনো চারিদিকে অজস্র নির্ঝরনী সৃষ্টি করে, জলমিশ্রিত শীতল বাতাস, আর সে বাতাস শাল, অর্জুন, কেতকী ও কদম্ব গাছগুলো কাঁপিয়ে তোলে, তাদের ফুলের সৌরভে সুবাসিত হয়ে এবং জলকণায় পরিপূর্ণ মেঘের সংস্পর্শে এসে সেই শীতল বাতাস চিন্তকে উৎকর্ষিত করে। মহাকবির ভাষায়-

“কদম্বসর্জার্জুনকেতকীবনং বিকম্পয়ন্তুকুসুমাধিবাসিতঃ।

সশীকরাঙ্গোধরসঙ্গশীতলঃ সমীরণঃ কং ন করোতি সোৎসুকম্ ॥”<sup>২০</sup>

(কদম্ব, শাল, অর্জুন ও কেতকী গাছগুলিকে কাঁপিয়ে তোলে, তাদের ফুলের সৌরভে সুবাসিত হয়ে এবং জলকণায় পরিপূর্ণ মেঘের সংস্পর্শে এসে শীতল হয়ে বাতাস কার চিন্তকে উৎকর্ষিত না করে?)

মুহূর্ত্ত মেঘের শব্দে ঘনিষ্ঠত অন্ধকারে পথ দেখা যায় না, তবু অভিসারিকারা প্রেমের দুর্বীর আকর্ষণে ছুটে চলে তাদের প্রেমিকের কাছে। বিদ্যুতের ঝলকানি আলোকবর্তিকা ভেবে অভিসারিকা অভিসারে বের হয়। অন্যদিকে মেঘের গর্জনে চকিত রমণীরা শয্যায় স্বামীর আলিঙ্গনে নিরাপদ আশ্রয় খোঁজে। কবির ভাষায়-

পয়েধৈর্ভীমগভীরনিশ্বনৈস্তড়িডিরুদএবজিতচেতসো ভূশম।

কৃতাপরাদানপি যোষিতঃ প্রিয়ান্ পরিষজন্তে শয়নে নিরন্তরম্ ॥”<sup>২১</sup>

(মেঘের ঘোর গভীর গর্জনে এবং বিদ্যুতের চমকে চকিত চিন্তে রমণীরা শয্যায় অপরাধী স্বামীকেও গাঢ় আলিঙ্গনে আবদ্ধ করে।)

প্রেমিক যেমন তার প্রিয়ার জন্য পুষ্পার্ঘ্য আনে, বর্ষা তেমনি প্রেমের অনুরাগে ভরা নায়কের মতো অজস্র ফুলের উপহার নিয়ে আসে। বিলাসিনী নারীর মাথার খোঁপায় এখন বর্ষার উপহার স্বরূপ কদম্ব, কেতকী ও বকুল ফুলের মালা এবং কর্ণে অর্জুন ফুলের কুঁড়ি শোভা পায়। পুষ্পের সজ্জায় সজ্জিত রমণীরা বৃষ্টির ছোঁয়ায়

রোমাঞ্চিত। কামিনীগণ তাদের সুদীর্ঘ কেশ, কর্ণ এবং মস্তকে বর্ষার ফুলের আভরণে সৌরভ ছড়ায়। সুরাপানে আবেগঘন মুখমণ্ডলের শোভায় প্রেমিকপুরুষের আবেগ যেন আরও বাড়িয়ে তোলে।<sup>১১</sup>

যখন নীলপদ্মপাতার মতো জলভারে নীল অবনত মেঘমালা ইন্দ্রধনুকে পাশে নিয়ে মৃদু হাওয়ায় ভেসে যায় তখন স্বামীবিরহে উৎকর্ষিত বধূর হৃদয় সেই মেঘ যেন হরণ করে সাথে নিয়ে যায়।

কুবলয়দলনীলৈরুন্নতৈস্তোয়নশ্ৰৈর্মৃদুপবনবিধুতৈর্মন্দমন্দং চলন্তিঃ।

অপহৃতমিব চেতস্তোয়দৈঃ সেন্দ্রচাপৈঃ পথিকজনবধূনাং তদ্বিয়োগাকুলানাম্ ॥<sup>১২</sup>

(নীলপদ্মের পাতার মতো নীল এবং জলভারে অবনত অত্যুচ্চ মেঘমালা মৃদু বাতাসে কম্পিত হয়ে আস্তে আস্তে ভেসে চলে, সঙ্গে আছে ইন্দ্রধনু। স্বামীবিরহে উৎকর্ষিত পথিকবধূর হৃদয় যেন ঐ মেঘ হরণ করে নেয়।) সন্ধ্যায় কালিদাসকাব্যের গৃহবধুরা অঙ্গে অগুরু চন্দনের প্রলেপ দিয়ে, ফুলের গহনা পরে, কেশ সুবাসিত করে, মেঘের গর্জন শুনে বর্ষণের আশঙ্কায় তারা গৃহের যাবতীয় কাজ তাড়াতাড়ি শেষ করে গুরুজনের কক্ষ ত্যাগ করে নিজকক্ষে প্রবেশ করে।<sup>১৩</sup>

কবির দৃষ্টিতে শরতের নিসর্গ প্রকৃতি সদ্যবিবাহিতা রমণীর মতো। কাশফুলের মতো যার বসন, প্রফুল্ল পদ্মের মতো যার মুখশ্রী, অঙ্গে তার পাকা শালিধানের লাভণ্য, হংসকুলের মধুর ধ্বনি তার নূপুরের নিক্কণ, পাকা ধানের ক্ষীণ অবয়ব তার কটিদেশের সূক্ষ্মতা।

কাশাংশুকা বিকচপদ্মনোজ্জবক্রা সোন্মাদহংসরবনূপুরনাদরম্যা।

আপক্কশালিরণচিরা তনুগাত্রাষ্টিঃ প্রাণ্ডা শরনুববধুরিব রূপরম্যা ॥<sup>১৪</sup>

(কাশফুলের মতো যার পরিধান, প্রফুল্ল পদ্মের মতো যার মুখ, উন্মত্ত হাঁসের ডাকের মতো রমণীয় যার নূপুরের শব্দ, পাকা শালিধানের মতো সুন্দর যার ক্ষীণ দেহলতা, অপরূপ যার আকৃতি সেই নববধূর মতো শরৎকাল আসে)

ঋতুসংহার কাব্যে কবি শরৎ ঋতুর বর্ণনায় অসাধারণ দক্ষতার পরিচয় দিয়েছেন, শরতের প্রকৃতির মাঝে তিনি যেনো তার সুন্দরী নায়িকাকে খুঁজে পেয়েছেন। হাঁসের চলায় রমণীয় গতি, নীলপদ্মের মাঝে রমণীর প্রীতিময় দৃষ্টি, নদীতরঙ্গে তার ক্রবিলাসের প্রতিচ্ছবি, পুষ্প আর নবপল্লবে অলঙ্কৃত বৃক্ষের শোভা, অশোক আর মালতীর মধ্যে সুন্দরী ললনার দন্তবিকশিত মৃদু হাসির প্রতিচ্ছবি। চন্দ্রের কিরণ, হাঁসের দল, কাশ-কুমুদ-ছাতিম আর মালতী ফুলের শুভ্রতায় সর্বত্র শ্বেতবর্ণের পবিত্রতার সমারোহে প্রকৃতি যেনো জীবন্ত মানবী।<sup>১৫</sup> A. Beeriedale Keith তার *A History of Sanskrit Literature* গ্রন্থে বলেছেন-

“Autumn comes like a young bride, clad in a garment of sugar cane, girdled with ripening rice and with face of lotus blooms.”<sup>১৬</sup>

শরৎকাল সাদার শব্দতায় চারদিক পবিত্র করে তোলে। কাশফুল এই পৃথিবীকে, শুভ্রচন্দ্র রাত্রিকে, সাদা হাঁসের দল নদীর জলকে, কুমুদ ফুলগুলি জলাশয়কে, সাদা ফুলে নুয়ে পড়া ছাতিম গাছ বনপ্রান্তগুলিকে, মালতিফুল উদ্যানসমূহকে সাদা করে তোলে। শরতের কাশফুল পৃথিবীকে নির্মল করে তোলে, এসময় আকাশে মেঘের আবরণশূন্য চাঁদ, নদীতে স্বচ্ছ জল প্রকৃতিকে শুভ্র ও পবিত্র করে তোলে।<sup>১৭</sup>

(কাশফুল পৃথিবীকে, চাঁদ রাত্রিকে, হাঁসের পাল নদীর জলকে, কুমুদফুল জলাশয়গুলিকে, ফুলের ভায়ে নুয়ে পড়া ছাতিমগাছ বনপ্রান্তগুলিকে এবং মালতীফুল উদ্যানসমূহকে সাদা করে তোলে।)

নদীর জল কমে যাওয়ায় তার গতি এখন মস্থুর; সে মস্থুর গতির নদীর বুকে এখন বিশাল চড়া যেখানে হাঁসের সারি আর স্বচ্ছ জলে পুঁটি মাছের মেলা। জলবর্ষণের ফলে হালকা ও রূপশি মেঘ, শঙ্খ ও পদ্মের ডাটার ন্যায় শত খণ্ডে বিভক্ত সে মেঘ বাতাসের তোড়ে উড়ে চলে।

আকাশে পুঞ্জীভূত সাদা মেঘ, চন্দ্র তারায় খচিত মেঘমুক্ত নির্মল আকাশ, বন্ধুক ফুলের লালিমায় মণ্ডিত প্রান্তর আর পাকাধানে ভরা শস্যক্ষেত্রগুলি কার না মনকে উৎকর্ষিত করে। তারকারাজি যেনো রজনীর অলঙ্কার, সে অলঙ্কারে সজ্জিত হয়ে, নির্মল জ্যোৎস্না তার বসন, সে সূক্ষ্মবসন পরে, অল্পবয়সী তরুণী ললনার মতো শরতের প্রতিটি রজনী। ঋতুসংহার কাব্যে এ প্রসঙ্গে কবি বলেছেন-

“তারাগণ প্রবরভূষণমুদ্রহন্তী মেঘাবরোধপরিমুক্ত শশাঙ্কবক্রা।

জ্যোৎস্নাদুকূলমমলং রজনী দধানা বৃদ্ধিং প্রয়াত্যানুদিনং প্রমদেব বালা ॥<sup>১৮</sup>

(তারকারাজির উৎকৃষ্ট অলঙ্কারে শোভিত হয়ে, মেঘের আবরণশূন্য চাঁদমুখ নিয়ে, নির্মল জ্যোৎস্নার সূক্ষ্ম বসন পরে, তরুণী ললনার মতো রজনী প্রতিদিন বৃদ্ধি পায়)।

শ্যামা লতাঃ কুসুমভারনতপ্রবলাঃ স্ত্রীণাং হরন্তি ধৃতভূষণবাহুকাঙ্ক্ষিতম্ ।

দন্তাবভাসবিশদস্মিতচন্দ্রকাঙ্ক্ষিতং কঙ্কেলিপুষ্পরচিরা নবমালতী চ ॥<sup>১৯</sup>

(রমণীদের অলঙ্কারমণ্ডিত বাহুর শোভা ধারণ করে ফুলভারে অবনত কিসলয়যুক্ত কৃষ্ণকায় বল্লরী এবং তাদের যে মৃদুহাসি দন্তচ্ছটায় নির্মল এবং চাঁদের মতো সুন্দর তার শোভা ধারণ করে কঙ্কেলিফুলের সুষমায় মণ্ডিত নবমালতী)।

মত্ত মধুকর এসময় মধুপানে রত। মৃদুমন্দ বাতাসের কম্পন এখন শালিধানে, ফুলের গাছে আর পদ্মবনে। যেখানে জল সেখানে পদ্ম আর মরালের কাকলি। আকাশে এখন ইন্দ্রধনু নেই, বিদ্যুতের ঝলসানিও নেই, নেই বলাকা আর ময়ূরের আকাশপানে চাওয়া। হংসদলে এখন কামনার মত্ততা, সপ্তপর্বে এখন পুষ্পের সমাহার। উদ্যানে শিউলিফুলের সুবাস, বাহারি পাখির কূজন আর মৃগকুলের অবাধ বিচরণ। সকালে মৃদু শীতল বাতাস বয়, কহলার, কুমুদ ও পদ্মপাতার প্রান্ত হতে শিশির ঝরে। মাঠে শালি ধানের ক্ষেত, গরুর পাল, কলকাকলি মুখর সারস আর হাঁসের দল।

শরতের পরিবেশ মনোরম, শীতল বাতাস, চন্দ্রতারায়ে সমুজ্জ্বল আকাশ, মালিন্যমুক্ত জল, কর্দমাজহীন পথ, জলশূন্য মেঘ, ভোরের সূর্যোদয়ে সুন্দরী যুবতীর মতো পদ্ম বিকশিত হয় চন্দ্রের বলয়ে স্নান হয়ে যায় কুমুদফুল।<sup>২০</sup>

হেমন্ত ঋতুতে নবপত্রের উদগমে শস্যক্ষেত্র রমণীয়, শালিধান পেকেছে, সকালবেলায় শিশিরস্নাত পদ্মফুলের মলিন রূপ চোখে পড়ে।

নবপ্রবালোদগমসস্যরম্যঃ প্রফুল্ললেখঃ পরিপঙ্কশালিঃ ।

বিলীনপদ্মঃ প্রপতন্তুষারো হেমন্তকালঃ সমুপাগতোহয়ম্ ॥<sup>২১</sup>

(হেমন্তকাল উপস্থিত। এখন নতুন পাতার আবির্ভাবে শস্যগুলি সুন্দর দেখায়, লোপ্রফুল ফোটে, শালিধান পাকে, পদ্মফুলে স্নান হয়ে যায় এবং শিশির ঝরে)।

মাঠে হরিণের অবাধ বিচরণ আর ক্রৌঞ্চমিথুনের মুখরতা। সরোবরের স্বচ্ছ জলে রাজহাঁসের কলধ্বনিতে মুখর আর স্বচ্ছ সরোবর নীলপদ্মে সজ্জিত। হালকা শীতে পাণ্ডুর প্রিয়ঙ্গুলতা। মহাকবি বলেছেন-

“বহুগুণরমণীয়ো যোষিতাং চিত্তহারী পরিণতবহুশালিব্যাকুলগ্রামসীমা ।

সততমতিমনোজ্ঞঃ ক্রৌঞ্চমালাপরীতঃ প্রদিশতু হিমযুক্তঃ কাল এষঃ সুখং বঃ ॥”<sup>২২</sup>

(অত্যন্ত মনোরম এই শীতল হেমন্তকাল বিবিধ গুণে রমণীয়, রমণীকুলের চিত্তহারী। গ্রামপ্রান্তর এখন অটেল পাকা শালিধানে পরিপূর্ণ, চারিদিকে এখন বকের মেলা। এই হেমন্তকাল সর্বদা তোমাদের সুখ প্রদান করুক)।

ঋতুসংহার কাব্যের পঞ্চম সর্গে কালিদাস শীত ঋতুর বর্ণনা করেছেন। এসময় জানালাবন্ধ গৃহাভ্যন্তর, উত্তাপের আশায় অগ্নি এবং সূর্য কিরণ ও স্কুলবসন সকলের কাছে প্রিয় হয়ে ওঠে। কাম এখন প্রবল। কবির ভাষায়-

প্ররুঢ়শলীক্ষুচয়ৈর্মনোহরংকুচিং স্থিতক্রৌঞ্চনিদারাজিতম্ ।

প্রকামকামং প্রমদাজনপ্রিয়ং বরোরু কালং শিশিরাহরয়ং শৃণু ॥<sup>২৩</sup>

(হে সুন্দরী! শীত ঋতুর কথা শ্রবণ করো। এই ঋতু শালিধান ও আখের প্রাচুর্যে মনোহর, এখানে ওখানে উপবিষ্ট ক্রৌঞ্চের নিনাদ এখন সুন্দর, কাম এখন প্রবল, এ ঋতু রমণীদের প্রিয়)।

তুষার পাতের ফলে রাত্রিগুলো শীতল রূপ ধারণ করে। যাদের মুখপদ্ম সুখপ্রদ সুরাপানে আমোদিত সেই রমণীরা পান, চন্দন ও ফুলের মালা নিয়ে আবেগভরে পর্যাণ্ড অগুরুচন্দনের ধূপে সুবাসিত শয়নককেক্ষ প্রবেশ করে। প্রচণ্ড শীতের কারণে রমণীরা এসময় গৃহমধ্যে বিরাজ করে। কোনো সুন্দরী চন্দনের ধূপে সুরভিত কেশপাশ আলুলায়িত করতে করতে সকালবেলায় শয্যা ত্যাগ করে। যাদের সদ্য জলে ধোয়া

মুখমণ্ডল সোনার পাতের মতো সুন্দর, নয়নপ্রাপ্ত আরক্ত, কেশপাশ কাঁধের উপর আলুলায়িত সেই রমণীরা এখন প্রভাতে গৃহমধ্যে লক্ষ্মীর মতো বিরাজ করে। এখন আর চন্দনের প্রলেপ, স্বচ্ছ প্রাসাদেও ভূমিসজ্জা, শীতল বাতাস ভালো লাগেনা। মাঠে মাঠে শালিধান আর আখের প্রাচুর্যতা, শস্যের সৌরভে চারিদিক মুখরিত-

“প্রচুরগুড়বিকারঃ স্বাদুশালীক্ষুরম্যঃ প্রবলসুরতকেলির্জাতকন্দর্পদর্পঃ ।

প্রিয়জনরহিতানাং চিত্তসস্তাপহেতুঃ শিশিরসময় এষ শ্রেয়সে বোহস্ত্র নিত্যম্ ॥”<sup>২৪</sup>

(এখন গুড়জাত মিষ্টদ্রব্যেও প্রাচুর্য, সুস্বাদু শালিধান ও আখে এই ঋতু রমণীয়। রতিক্রিয়া এখন প্রবল। কামদেব এখন গর্বিত। যাদের প্রিয়জন বিচ্ছিন্ন সেই রমণীদের কাছে এই ঋতু মনোবেদনার কারণ। এই শীতকাল সর্বক্ষণ তোমাদের কল্যাণময় হয়ে উঠুক।)

ঋতুসংহার কাব্যে প্রকৃতি বর্ণনায় সব শেষে কালিদাস তুলে ধরেছেন প্রকৃতির রাজা বসন্ত ঋতুকে। রাজকীয় তার ঐশ্বর্য। কবির কল্পনায় বর্ষাকালের আবির্ভাব যেমন রাজার বেশে, বসন্তকালের আবির্ভাব সেনাপতির বেশে। কামাসক্ত প্রেমিকার হৃদয় বিদ্ধ করার জন্য যেন তার আবির্ভাব, বিকশিত আম্রমুকুল তার তীক্ষ্ণ শর এবং গুঞ্জরিত ভ্রমরশ্রেণী তার চমৎকার ধনুকের গুণ, রাঙা পলাশফুল তার ধনুক আর অশ্রমঞ্জুরী তার বাণ। বসন্ত ঋতু বর্ণনায় একটি শ্লোকে বলা হয়েছে-

“প্রফুল্লচূতাংকুরতীক্ষ্ণসায়কেদ্বিরেফমালাবিলসদ্ ধনুর্গুণঃ ।

মনাংসি ভেদ্বুং সুরতপ্রসঙ্গিনাং বসন্তযোদ্ধা সমুপাগতঃ প্রিয়ে ॥”<sup>২৫</sup>

(আসিল বসন্তঋতু সময়ের সাজে,

প্রেমিকমানসে তার তীক্ষ্ণ শর বাজে।

বিকশিত চূতাংকুর মাধবের বাণ,

ধনুর্গুণ তার হয় ভ্রমর বিতান ॥)

এ সময় দীঘির জলে পদ্ম, গাছে গাছে শোভা পায় তাম্রবর্ণের কচিপল্লব, যাদের সুন্দর শাখাগুলি থোকা থোকা পুষ্পে সজ্জিত, কর্ণিকার আর অশোকের ডালে ডালে কচি পাতা আর আম্রমুকুলের সৌরভে চারপাশ সুরভিত। ফুলে ফুলে মৃদু বাতাসের কম্পন আর ভ্রমরের গুঞ্জন। কুরবক শাখায় নবপল্লব, পলাশের বনে যেনো আগুন লেগেছে, গাছে গাছে লাল ফুলের অজস্রতা, আম্রকাননে কোকিলের মধুর গুঞ্জন যেন প্রকৃতিকে সৌভাগ্য এনে দেয়। পর্বতের সানু দেশে জানা অজানা রাশি রাশি নানান রঙের ফুলের সজ্জা, আর সারি সারি পাহাড়ী গাছের শোভা, এখন শিশিরপাত নেই, সহকার তরুর কুসুমিত শাখা কাঁপিয়ে বয় মনোরম সুশোভিত হাওয়া। এসময় রমণীরা কর্ণে কর্ণিকার ফুল আর চঞ্চল নীল কুন্তলে লাল অশোক এবং বিকশিত নবমল্লিকা ফুল দিয়ে তাদের সজ্জা সম্পন্ন করে-

“কর্ণেষু যোগ্যং নবকর্ণিকারং চলেষু নীলেত্মলকেশশোকম্ ।

পুষ্পঞ্চ ফুল্লং নবমল্লিকায়ঃ প্রয়াতি কান্তিং প্রমদাজনানাম্ ॥”<sup>২৬</sup>

(রমণীদের কানে অলঙ্কারের উপযোগী কর্ণিকার ফুল এবং চঞ্চল নীল কুন্তলে অশোক এবং বিকশিত নবমল্লিকা ফুল শোভা পায়।)

মত্ত ভ্রমরের চুম্বনে রমণীয় নানারঙের পুষ্প, মৃদু বাতাসের আকুলতায় যার কোমল কিশলয় অবনত তার মনোরম আম্রমুকুল দেখে প্রেমিকার মন অকস্মাৎ অস্থির হয়ে ওঠে। ফুলের রেণু বয়ে আনা সুরভিত মৃদু হাওয়া। তপোনীয় নব প্রস্ফুটিত রক্তাভ অশোকবৃক্ষ, মুধুকরদের ফুলে ফুলে চঞ্চল বিচরণ আর উন্মত্ত ভ্রমর আর কোকিলের কুজনে মুখরিত চারদিক। বসন্তে শিশিরপাত বন্ধ তাই বাতাস মনোরম। বাতাসে সহকার তরুর কুসুমিত শাখা কম্পিত, বিলাসী বধূর হাসির মতো সাদা কুন্দফুলে উদ্ভাসিত কানন।

মত্তদ্বিরেফপরিচুম্বিতচারুপুষ্পা মন্দানিলাকুলিতনশ্রমৃদুপ্রবালাঃ ।

কুবন্তি কামিমনসাং সহসোৎসুকতুং চূতাভিরামকলিকাঃসমবেক্ষমাণাঃ ॥”<sup>২৭</sup>

(মত্ত ভ্রমরের চুম্বনে যার ফুল রমণীয়, মৃদু বাতাসের আকুলতায় যার কোমল কচি পাতা অবনত সেই মনোরম আম্রমুকুল দেখে দেখে কামিনীদের মন অকস্মাৎ অস্থির হয়ে যায়।)



ঋতুসংহার কাব্যের শেষ সর্গে বসন্ত বর্ণনার মাধ্যমে সকলের মঙ্গল কামনায় কাব্যটির সমাপ্তি টানা হয়েছে।  
কবির ভাষায়-

আশ্রী মঞ্জুলমঞ্জরী বরশরঃ সৎকিংশুকং যদ্বনু-  
জ্যা যস্যালিকুলং কলঙ্করহিতং ছত্রং সিতাংশুঃ সিতম্ ।  
মন্তেভো মলয়ানিলঃ পরভূতো যদ্বন্দিনোলোকজিৎ  
সোহয়ং বো বিতরীতরীতু বিতনুর্ভদ্রং বসন্তাস্থিতঃ ॥<sup>২৮</sup>

(সুন্দর আশ্রমঞ্জরী যার উৎকৃষ্ট বাণ, সুন্দর পলাশফুল যার ধনুক, ভ্রমরশ্রেণী যার ধনুকের গুণ, চাঁদ যার নিষ্কলঙ্ক শ্বেতচ্ছত্র, মলয় বাতাস যার মত্ত হাতি, কোকিল যার বৈতালিক সেই ভূবনবিজয়ী বসন্তসখা অনঙ্গ বারবার তোমাদের মঙ্গল করুন।)

মহাকবির কল্পরাজ্যে মানব ও প্রকৃতি পরস্পরের সুখ-দুঃখে স্বজনের মত অবস্থান করে। আর নারীচরিত্রগুলো এখানে যেন প্রকৃতির অবয়বতুল্য। একেকটি চরিত্র যেন লতার ন্যয় প্রকৃতিকে জড়িয়ে বর্ধিত হয়েছে, যেন অরণ্যের ছায়াও মাধবীলতার পুষ্পমঞ্জরীর সহিত ব্যাপ্ত ও বিকশিত। বহিঃপ্রকৃতি ও অন্তঃপ্রকৃতি এখানে একসূত্রে গাঁথা। প্রকৃতিকে তার অবস্থানে অটুট রেখে তাকে ঘিরে বাস্তব বর্ণনা শুধু কালিদাসের পক্ষেই সম্ভব। তাইতো তিনি প্রকৃতির কবি।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> কালিদাস, ঋতুসংহারম, ১/২৩, সংস্কৃত সাহিত্য সম্ভার ১১ (কলিকাতা; নবপত্র প্রকাশন, ১৯৮১), পৃ.৩৩৮।
- <sup>২</sup> তদেব, ৩১০।
- <sup>৩</sup> তদেব, ১/২২, পৃ.৩৩৮।
- <sup>৪</sup> তদেব, ১/৯, পৃ.৩৩৭।
- <sup>৫</sup> তদেব, ১/২৮, পৃ. ৩৩৯।
- <sup>৬</sup> সবিন্দ্রমৈঃ সন্নিহিতজিহ্বাবীক্ষিতৈর্বিলাসবত্যা মনসি প্রবাসিনাম্ ।  
অনঙ্গসন্দীপনমাশুকুর্বতে যথা প্রদোষাঃ শশিচারুভূষণাঃ ॥ তদেব, ১/১২, পৃ.৩৩৭।
- <sup>৭</sup> সশীকরাজোধরমণ্ডকুঞ্জরন্তুড়িতপতাকোহশনিশব্দমর্দলঃ ।  
সমাগতো রাজবদুদুভদ্যুতির্নাগমঃ কামিজনপ্রিয়ঃ প্রিয়ে ॥ তদেব, ২/১, পৃ.৩৩৯।
- <sup>৮</sup> তদেব, ২/৭, পৃ.৩৩৯।
- <sup>৯</sup> তদেব, ২/১৭, পৃ.৩৪০।
- <sup>১০</sup> তদেব, ২/১১, পৃ.৩৩৯।
- <sup>১১</sup> শিরোরহৈঃ শ্রোণিতাবলম্বিভিঃ কৃতাবতংসৈঃ কুসুমৈঃ সগন্ধিভিঃ ।  
জনে সহ্যৈর্বদনৈঃ সশীঘুভিঃ স্ত্রিয়ো রতিং সঞ্জয়ন্তি কামিনাম্ ॥ তদেব, ২/১৮, পৃ.৩৪০।
- <sup>১২</sup> কুবলয়দলনীলৈরুন্মত্তৈস্তোয়নশ্চৈর্মুদুপবনবিধূতৈর্মন্দমন্দং চলন্তিঃ ।  
অপহৃতমিব চেতস্তোয়দৈঃ সেন্দ্রচাপৈঃ পথিকজনবধূনাং তদ্বিরোগাকুলানাম্ ॥ তদেব, ২/২২, পৃ.৩৪০।
- <sup>১৩</sup> তদেব, পৃ.৩১১।
- <sup>১৪</sup> কালিদাস, ঋতুসংহারম, ৩/১, সংস্কৃত সাহিত্য সম্ভার -১১, (কলিকাতা; নবপত্র প্রকাশন, ১৯৮১), পৃ.৩৪১।
- <sup>১৫</sup> তদেব, পৃ. ৩১১।
- <sup>১৬</sup> A. Beeriedale Keith, *A History of Sanskrit Literature*, op.cit. P.84.
- <sup>১৭</sup> কাশেমহী শিশিরদীপ্তিভিনা রজন্যো হংসৈর্জলানি সরিতাং কুমুদৈঃ সরাংসি ।  
সগুচ্ছদৈঃ কুমুভারররনতৈর্বনাস্তাঃ শুক্লীকৃতান্যুপবনানি চ মালতীভিঃ ॥ কালিদাস, ঋতুসংহারম, ৩/২, প্রাগুক্ত, পৃ.৩৪১।
- <sup>১৮</sup> তদেব, ৩/৭, পৃ. ৩৪১।
- <sup>১৯</sup> তদেব, ৩/১৮, পৃ. ৩৪২।
- <sup>২০</sup> তদেব, পৃ.৩১২।
- <sup>২১</sup> তদেব, ৪/১, পৃ.৩৪৩।
- <sup>২২</sup> তদেব, ৪/১৮, পৃ. ৩৪৪।
- <sup>২৩</sup> তদেব, ৫/১, পৃ. ৩৪৪।
- <sup>২৪</sup> তদেব, ৫/১৬, পৃ. ৩৪৫।
- <sup>২৫</sup> তদেব, ৬/১, পৃ.৩৪৬।
- <sup>২৬</sup> তদেব, ৬/৫, পৃ. ৩৪৬।
- <sup>২৭</sup> তদেব, ৬/১৭, পৃ.৩৪৭।
- <sup>২৮</sup> তদেব, ৬/২৮, পৃ.৩৪৮।

## পণপ্রথার উৎস এবং সমাজে এর প্রভাব : একটি পর্যালোচনা (Origins of Dowry and its impact on Society: A Review)

ড. জয়শ্রী দাশ\*

**Abstract:** The dowry is an ancient tradition found across cultures, religions and time periods. A dowry is a gift of substantial monetary value given from either the bride or groom to their future spouse upon marriage. Overtime, it became a common practice for families to exploit the dowry system all over the world. The practice of dowry inevitably leads to discrimination in different areas against daughters and makes them vulnerable to various forms of violence. If the groom's parents demand money as a dowry for the marriage, then it is completely wrong and illegal. In this article, I have tried to discuss the dowry system.

পণপ্রথা একটি প্রাচীন প্রথা। এই প্রথা দুই প্রকারের। যথা- কন্যাপণ ও বরপণ। কন্যাপণ বর্তমান সমাজে প্রচলিত না থাকলেও বরপণ ব্যাধির ন্যায় সমাজের শিরা- উপশিরায় প্রবেশ করেছে। পণ শব্দের ইংরেজি প্রতিশব্দ হলো Dowry। Dowry শব্দটি যৌতুক, স্ত্রীধন, বরপণ ইত্যাদি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। ঋগ্বেদে নিম্নোক্ত মন্ত্রটিতে পণ শব্দ বহুবচনে ব্যবহার করা হয়েছে।

রেবদ্বয়ো দধাথে রেবদাশাথে নরা মায়াভিরিত উতি মাহিনম্ ।

ন বাং দ্যাবোইভিনোত সিদ্ধবো ন দেবতুং পণয়ো নানশুম্ভম্ ॥<sup>১</sup>

ভাষ্যকার সায়ন এর অর্থ করেছেন 'অসুর'। ঋগ্বেদের আরেক মন্ত্রে পণি শব্দ প্রথমা বিভক্তির একবচনে ব্যবহৃত হয়েছে।

বয়ং চিদ্ধি বাং জরিতারঃ সত্যা বিপন্যাম্হে বি পণির্হিতাবান্ ।

অধা চিদ্ধি আশ্বিনাবিনিন্দ্যা পথো হি আ বৃষণাবন্তিদেবম্ ॥<sup>২</sup>

সায়ণ এই পণি শব্দের ব্যাখ্যায় বলেছেন : 'যে ব্যাধ বণিক হয়েছে'(পণিঃ বণিগ্লুককঃ)<sup>৩</sup>।

অথর্ববেদের পৈপ্পলাদ শাখায় 'পণ' শব্দ বিক্রি করা ও দরাদরি করা অর্থে ব্যবহার করা হয়েছে।<sup>৪</sup>

যজুর্বেদ সংহিতা ও ব্রাহ্মণ সাহিত্যে ক্রয় বা বিনিময় অর্থে 'পণ' শব্দের উল্লেখ আছে।<sup>৫</sup> ধর্মশাস্ত্রে পণ শব্দটি কখনও দরাদরি করে কেনা, কখনও বাজি রাখা আবার কখনও মুদ্রা অর্থে ব্যবহার করা হয়। সংস্কৃত ভাষায় দাম বা দর বোঝাতে শুল্ক শব্দ ব্যবহৃত হয়। অথর্ববেদে শুল্ক শব্দের অর্থ 'কর' (Tax)। 'পণ' শব্দ প্রতিজ্ঞা অর্থেই বেশি প্রচলিত, কিন্তু বিবাহের সঙ্গে যুক্ত হলে 'পণ' শব্দের মানে কন্যাপণ বা Bride-price কখনও বরপণ বা Dowry।

### কন্যাপণ

কোনো কন্যাকে বিবাহের পূর্বে বরপক্ষ কর্তৃক কন্যার পিতাকে যে অর্থ প্রদান করা হয় তাকে কন্যাপণ বলে। এই পণ সাধারণত কন্যার পিতা ঐ কন্যার বিবাহে খরচ করে বা বিবাহের পর কন্যার স্ত্রীধন হিসেবে বিবেচিত হয়। Winternitz এর মতে, ইন্দো-ইউরোপীয় বিবাহপদ্ধতি প্রধানত কন্যাক্রয়ের ওপরই নির্ভরশীল ছিল।<sup>৬</sup> পৃথিবীর বিভিন্ন জাতির মধ্যে কন্যাপণের পদ্ধতি বিভিন্ন রকম। এই পদ্ধতির মাধ্যমে কন্যাপণ প্রথাটির ব্যাপকতার বিস্তৃতি বোঝা যায়।

প্রাচীন গ্রীক জাতির মধ্যেও কন্যাপণ প্রসার লাভ করেছিল।<sup>৭</sup> এথেন্সে বাগদান অনুষ্ঠানে কন্যার পিতা কন্যাপণের অর্থ বুঝে নিয়ে তবেই কন্যাকে বরের হাতে তুলে দিত।<sup>৮</sup> প্রাচীন রোমেও বিবাহে কন্যাপণের প্রচলন ছিল।<sup>৯</sup> এই বিবাহ পদ্ধতিতে পাঁচজন সাক্ষীর সামনে কন্যাপণের বিনিময়ে কন্যাকে পিতার অধিকার

\* সহযোগী অধ্যাপক, সংস্কৃত বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

থেকে স্বামীর হাতে তুলে দেওয়া হতো।<sup>১০</sup> প্রাচীন আয়ারল্যান্ডে জমি বাড়ি এমনকি সোনা, রূপা, কাপড় ইত্যাদি কন্যাপণ হিসেবে দেওয়া হতো।<sup>১১</sup> চিনেও কন্যারপিতাকে পণ না দেওয়া পর্যন্ত বিবাহ সম্পন্ন হতো না। জাপানে কন্যাপণ এবং বলপূর্বক কন্যা হরণ করে বিবাহ, এই দুই পদ্ধতিই প্রচলিত ছিল।<sup>১২</sup> মধ্যযুগে অর্থের বদলে আংটি দেবার প্রথা প্রচলিত হয়েছিল। এখনও সারা ইউরোপে বিবাহে আংটি প্রদান প্রায় সর্বজনীন প্রথা হিসেবেই পরিচিতি লাভ করেছে।

ধর্মশাস্ত্রে আট প্রকার বিবাহের কথা বলা হয়েছে। যথা: ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, গান্ধর্ব, রাক্ষস, আসুর ও পৈশাচ। এর মধ্যে আর্ষ বিবাহ ও আসুর বিবাহের সংজ্ঞায় কন্যাপণের পরিচয় পাওয়া যায়। আর্ষ ও আসুর বিবাহে বলা হয়েছে—

একং গোমিথুনং হে বা বরাদাদায় ধর্মতঃ।

কন্যাপ্রদানং বিবিধদার্ষো ধর্মঃ স উচ্যতে।<sup>১৩</sup>

অর্থাৎ একটি বা দুইটি গোমিথুন বর থেকে ধর্মার্থে নিয়ে তাকে যথাবিধি কন্যাদান আর্ষবিবাহ বলে কথিত।

জ্ঞাতিভ্যো দ্রবিণং দত্ত্বা কন্যায়ৈ চৈব শক্তিতঃ।

কন্যাপ্রদানং স্বাচ্ছন্দ্যাদাসুরো ধর্মঃ স উচ্যতে।<sup>১৪</sup>

অর্থাৎ কন্যার পিত্রাদি জ্ঞাতীদের এবং কন্যাকে যথাশক্তি ধন দিয়ে স্বেচ্ছানুসারে কন্যাগ্রহণ আসুর বিবাহ নামে কথিত। কৌটিল্যের অর্থশাস্ত্রে বলা হয়েছে, “শুক্লাদানাদাসুরঃ”- যে বিবাহে শুক্ক বা পণ নেওয়া হয় তাকে আসুর বিবাহ বলে। যাজ্ঞবল্ক্য টীকাকার বিশ্বরূপাচার্যের মতে, আসুর শব্দের অর্থ ধনবান। আসুর বিবাহ তাই ধনবানদের বিবাহপদ্ধতি। “আসুর ধনবন্তঃ ত ক্রমইস্তীতি।”

সুব্রতা সেন বলেছেন, “কৌটিল্য কিংবা মনুবচনে অথবা পরবর্তী টীকাকারদের মন্তব্যে কি পরিমাণ ধন শুক্ক হিসেবে দিতে হতো সেই সংক্রান্ত কোন তথ্য নেই। মনুবচনে ‘শক্তিতঃ’(যথাশক্তি)ও স্বাচ্ছন্দ্যাত্ (নিজের ইচ্ছায়) এই দুই পথ থেকে স্বভাবতই মনে হয় বিবাহার্থী নিজের সামর্থ্য অতিক্রম না করেও খুশিমনে যতটুকু শুক্ক দিতে পারবেন সেটুকু দিয়েই বিবাহ করবেন, শাস্ত্রের অভিপ্রায় এই। অর্থাৎ সামর্থ্যে না কুলোলে মনোমতো পাত্রী বিবাহ করা না গেলেও সামর্থ্য অতিক্রম করা কোনোক্রমেই বাঞ্ছনীয় নয়, মনুবচনের অন্তর্নিহিত উপদেশ এই রকমই বলে মনে হয়। মেধাতিথির মতে মনুবচনে ‘স্বাচ্ছন্দ্যাত্’ পদ দিয়ে বুঝিয়ে দেওয়া হলো আসুরবিবাহে শুক্ক দেওয়া নেওয়ার ব্যাপারটা সম্পূর্ণ লৌকিক। এখানে শাস্ত্রের কোনও নিয়ন্ত্রণ নেই। এখানে কন্যার রূপ, সৌভাগ্য(সুলক্ষণ) প্রভৃতি গুণের ওপরে অর্থদানের ইচ্ছা নির্ভর করে। পক্ষান্তরে আর্ষবিবাহে যে গোমিথুন দক্ষিণার বিনিময়ে কন্যাবিবাহ করতে হয় তা শাস্ত্রনির্দিষ্ট, কন্যাপিতা বা বিবাহার্থী কেউই এই নিয়ম স্বেচ্ছায় লঙ্ঘন করতে পারেন না।<sup>১৫</sup>

মনু পরবর্তীকালে সব শাস্ত্রকারগণ কন্যাপণকে যতটা খিক্সার দিয়েছেন বরণকে তারা ঠিক সেভাবেই বরণ করেছেন। কন্যাপণ প্রথার মাধ্যমে কন্যা পিতার গৃহে ও স্বামীগৃহে সমাদর হয়ে থাকে। আবার পণের দ্বারা কন্যা ক্রয় করে বিবাহ করতে হয় বলে স্বামীও স্ত্রীকে নির্যাতন করতে পারে না। এর ফলে বিবাহবিচ্ছেদও কম হয়ে থাকে। আবার দ্বিতীয় বিবাহের প্রবণতাও কম দেখা যায়। কারণ দ্বিতীয় বিবাহের ইচ্ছা থাকলেও কন্যাপণের কারণে একাধিক বিবাহের ব্যয় স্বীকার করার ক্ষমতা থাকে না। মেধাতিথি বলেছেন, পণের বিনিময়ে বিবাহ হলে মেয়েরা স্বভাবতই এই ভেবে গর্ববোধ করে যে আমরা তবে এমনই দামী যে, ধন দিয়ে আমাদের বিবাহ করতে হচ্ছে। (বহুমানঃ কন্যানামাত্মনি ভবতি, ঙ্গদৃশ্যো বয়ং যদ্ ধনং দত্ত্বা বিবাহ্যামহে)।<sup>১৬</sup> মেধাতিথি আরও বলেছেন, ‘স্বজনবর্গের কাছেও বহুধনক্রীতা নারী সৌভাগ্যবতী বলে আদৃত হন’ (অন্যত্রোপি পূজ্যা ভবন্তি, সুভগা এতা ইতি<sup>১৭</sup>)।

Westermarck বলেছেন, সাধারণদ্রব্য ক্রয় ও বধূক্রয়ের মধ্যে যথেষ্ট পার্থক্য প্রাচীন সমাজে স্বীকৃত ছিল, ফলে ক্রীতপত্নীর ওপর যথেষ্ট ব্যবহার করার অধিকার স্বামীকে কখনই দেওয়া হয়নি।<sup>১৮</sup> মনুভাষ্যকার মেধাতিথি বলেছেন, গবাদি পদার্থের দান গ্রহণ করলে যেমন ওই বস্তুর ওপর যথেষ্ট ব্যবহারের অধিকার

জন্মায়, বিবাহে তা জন্মায় না, বৈবাহিক দান স্বীকারের অর্থ কন্যাকে জায়ারূপে গ্রহণ করা। এই বিশেষ স্ব-স্বামীভাব সম্বন্ধের অর্থ পতি-পত্নী সম্পর্কের প্রতিষ্ঠা।<sup>১৯</sup>

ঋগ্বেদের সমাজে কন্যাপণ প্রথার প্রচলন ছিল। সায়ণ যে জামাতা ধনের বিনিময়ে কন্যাক্রয় করে বিবাহ করেছেন সেই জামাতাকে ‘বিজামাতা’ বলে আখ্যা করেছেন।<sup>২০</sup> মহাভারতে কন্যাপণের একমাত্র উদাহরণ পাণ্ডু ও মাদ্রীর বিয়ে। আসুর বিবাহের মাধ্যমে সম্পন্ন হয় পাণ্ডু ও মাদ্রীর বিয়ে। ভীষ্ম বিপুল পরিমাণ কন্যাশুল্ক দিয়ে মাদ্রীর সাথে পাণ্ডুর বিয়ে দেন। মাদ্রীর বিয়ের পূর্বে তার ভ্রাতা শল্য মহাজ্ঞানী ভীষ্মকে জানিয়েছিলেন,

“পূবৈঃ প্রবর্তিতং কিঞ্চিৎ কুলেহ্মিন্ নৃপসন্তমৈঃ ।

সাধু বা যদি বাহসাধু তন্নাতিক্রান্তমুৎসহে ।<sup>২১</sup>

অর্থাৎ (আমাদের বংশের) শ্রেষ্ঠ নৃপতিবৃন্দ বহুপূর্বে (আমাদের) এই বংশে শুল্কপ্রথার প্রচলন করেছিলেন, কাজেই ভালোই হোক আর মন্দই হোক (এই প্রাচীন বংশরীতিটাকে) আমি কাটিয়ে উঠতে পারছি না। লক্ষণীয়, ভীষ্ম শল্যরাজের কুলপ্রথাটিকে ধর্মসঙ্গত বলে সসম্মানে মেনে নিয়েই সান্ত্বনা দিয়েছেন-

তং ভীষ্মঃ প্রত্যাচাদেৎ মদ্ররাজং মহামতিঃ ।

ধর্ম এষঃ পরো রাজন্ স্বয়মুক্তঃ স্বয়ম্ভুবা ।

নাত্র কশ্চন দেষোইত্তি পূর্বেবিধিরয়ং কৃতঃ ।<sup>২২</sup>

ব্রাহ্মণশ্রেণীর মধ্যেও ক্ষেত্রবিশেষে কুলপ্রথার উল্লেখ করেই শুল্ক চাওয়া হয়েছে। তবুও মহাভারতে ক্ষত্রিয় বিবাহের একাধিক নজির পর্যালোচনা করে দেখলে মনে হয়, কোনো কোনো ক্ষত্রিয় পরিবারে আসুরবিবাহ পদ্ধতি কুলপ্রথা হিসেবে প্রচলিত থাকলেও বলদৃষ্ট ক্ষত্রিয়সমাজে সাধারণভাবে এর আনুকূল্য ছিল না।<sup>২৩</sup> তবে মদ্ররাজকুলের আরো অনেক কন্যার সাথেই পাণ্ডবপুত্রদের বিবাহ সম্পন্ন হয়েছে সেখানে কন্যাপণের কোনো উল্লেখ পাওয়া যায় না। হয়তো মহাভারত রচয়িতা এই সব গৌণ চরিত্রের প্রতি নজর দেননি। যেমন নকুল-সহদেবের মামাতো বোনের সাথে সহদেবের বিবাহে কন্যাশুল্কের কথা মহাভারত রচয়িতার কাছে তেমন গুরুত্ব পায়নি।<sup>২৪</sup>

বৈদিক যুগে বিয়ের সময় কন্যাকে বস্ত্রালংকার দিয়ে সাজিয়ে দেওয়ার প্রথা ছিল। ঋগ্বেদের দশম মণ্ডলে বলা হয়েছে,

এতৎ বাৎ স্তোমমশিনাবকর্মাৎক্ষাম ভৃগবো ন রথম্ ।

ন্যমৃক্ষমি যোষণাং ন মর্যে নিত্যং ন সুনুং তনয়ং দধানাঃ ।<sup>২৫</sup>

অর্থাৎ যেরূপ ভৃগুসন্তানগণ রথ প্রস্তুত করে, সেরূপ হে অশ্বিধ্বয়, তোমাদের জন্য এ স্তব প্রস্তুত করলাম। যে রূপ জামাতাকে কন্যা দেবার সময় তাকে বসন ভূষণে অলঙ্কৃত করে সম্প্রদান করে, সে রূপ এ স্তবকে আমি অলঙ্কৃত করেছি, যেন নিত্যকাল আমাদের পুত্র পৌত্র প্রতিষ্ঠিত থাকে।

ঋগ্বেদের আরও একটি ঋকে বলা হয়েছে-

সূর্যয়া বহতুঃ প্রাগাৎ সবিতা যমবাসৃজৎ ।

অঘাসু হন্যন্তে গাবোই জুন্যোঃ পর্যুহাতে ।<sup>২৬</sup>

অর্থাৎ পতিগৃহে গমনকালে সূর্য সূর্যাকে যে উপটোকন দিয়েছিলেন, তা অগ্রে অগ্রে চলল। মঘা নক্ষত্রের উদয়কালে সে উপটোকনের অঙ্গভূত গাভীদের তাড়িয়ে নিয়ে যায়, অজ্জুনী, অর্থাৎ ফাল্গুনী নামক দু’নক্ষত্রের উদয়কালে সে উপটোকন বয়ে নিয়ে যায়।

কন্যাশুল্ক দিয়ে বিবাহ প্রকৃতপক্ষে কন্যার মর্যাদা বৃদ্ধি করে। আধুনিক নৃতত্ত্ববিদ Evans Pritchard মনে করেন, কন্যাপণের মাধ্যমে বিবাহ সম্পর্কিত দুটি পরিবারের মধ্যে বন্ধন দৃঢ় ও দীর্ঘস্থায়ী হয়। বিবাহ যে কেবলমাত্র একটি পুরুষ ও একটি নারীর পারস্পরিক সম্বন্ধ মাত্র নয়- উভয়পক্ষের পারিবারিক সম্বন্ধ, তা প্রতিষ্ঠা করে কন্যাপণ প্রথা।<sup>২৭</sup> বস্তুত সকল শাস্ত্রেই কন্যাপণ প্রথার প্রশংসা করা হয়েছে। বৃহস্পতি তো

সকল দানের মধ্যে কন্যাদানকে শ্রেষ্ঠ আসন দিয়েছেন এবং একে ‘মহাদান’ বলেছেন। “তস্মাৎ সর্বেষু দানেষু কন্যাদানং বিশিষ্যতে”।<sup>২৮</sup>

অতএব কোনো বর্ণের ক্ষেত্রেই শাস্ত্রে কন্যাদান তথা দানাত্মকবিবাহপদ্ধতির নিন্দা করা হয়নি বরং কন্যাদানের উচ্চ প্রশংসায় করা হয়েছে। শুদ্ধপ্রথার স্তুতি থেকে তৎকালীন সমাজে শুদ্ধপ্রথার প্রসার সম্পর্কে অবহিত হওয়া যায়।

#### বরপণপ্রথা

প্রাচীন সমাজের কন্যাপণ প্রথার আধুনিক রূপান্তর হলো বরপণ প্রথা। ঋগ্বেদের সময়ে বরপণের প্রচলন ছিল তবে বর্তমান সমাজের মতো বরপণপ্রথা ব্যাধির ন্যায় ছিল না। কন্যার পিতা নিজের ইচ্ছানুসারে এবং খুশি হয়ে বরকে উপহারস্বরূপ সামগ্রী দান করত। বরও খুশি হয়ে তা গ্রহণ করত। বিবাহের পর কন্যা পতিগৃহে কখনো রিজুভাবে যেত না। পিতা কন্যাকে যে যে উপটোকন দিতেন তা অগ্রে অগ্রে যেত। ঋগ্বেদের দশম মণ্ডলে বলা হয়েছে-

সুকিংশুকং শল্যলিং বিশ্বরূপং হিরণ্যবর্ণং সুবৃতং সুচক্রম্ ।

আ রোহ সূর্যে অমৃতস্য লোকং স্যোনং পত্যে বহতুং কণুষ ।<sup>২৯</sup>

অর্থাৎ হে সূর্য! তোমার পতিগৃহে যাবার পথে সুন্দর পলাশ তরু, সুন্দর শাল্যলীবৃক্ষ আছে অর্থাৎ ঐ কাঠে নির্মিত এর মূর্তি উৎকৃষ্ট সুবর্ণের ন্যায় প্রভা। এ উত্তম রূপে পরিবেষ্টিত, এর সুন্দর চক্র, এ সুখের আবাসস্থান। তোমার পতিগৃহে অতি প্রচুর উপটোকন নিয়ে যাও।

ঋগ্বেদের প্রথম মণ্ডলের একটি সূক্তে বরপণের বীজ খুজে পাওয়া যায়। সেখানে তরণ স্নাতক কক্ষীবান গুরুগৃহে থেকে অধ্যয়ন সমাপ্ত করে বাড়ি ফেরার পথে স্বনয় নামে এক রাজার নজরে পড়লেন। রাজা তাকে অতিথিত্ব প্রাসাদে নিয়ে গেলেন। তাকে আপন দশ কন্যার সাথে বিবাহ দিয়ে ১০০নিস্ক সুবর্ণ, ১০০অশ্ব, ১০০বৃষ, ১০৬০ গাভী ও ১১ রথ প্রদান করলেন। কক্ষীবান গৃহে গিয়ে এ অর্থ সমুদয় তার পিতাকে অর্পণ করলেন।

প্রাত্য রত্নং প্রাতরিত্তা দধতি তং চিকিত্বান্ প্রতিগৃহ্যা নি ধত্তে ।

তেন প্রজাং বর্ধয়মান আয়ু রায়স্পোষণে সচতে সুবীরঃ ।<sup>৩০</sup>

অর্থাৎ স্বনয় রাজা প্রাতঃকালে এসে প্রাতঃকালেই রত্ন এনে রাখলেন। কক্ষীবান চেতনা পেয়ে রত্ন গ্রহণ করে স্থাপন করলেন সুবীর দীর্ঘতমা সে রত্নদ্বারা প্রজা ও আয়ুবধ না করে ধনবৃদ্ধি প্রাপ্ত হলেন।

আরো বলা হয়েছে-

উপ মা শ্যাভাঃ স্বনয়েন দত্তা বধুমন্তো দশ রথাসো অস্তুঃ ।

যষ্টিঃ সহস্রমনু গব্যমাগাং সনৎকক্ষীবা অভিপিভ্তে অহাম্ ॥

চত্বারিংশদশরথস্য শোণাঃ সহস্রস্যাত্রে শ্রেণিং নয়ন্তি ।

মদচ্যুতঃ কৃশনাবতো অত্যান্ কক্ষীবন্ত উদমৃক্ষন্ত পজ্জাঃ ॥<sup>৩১</sup>

অর্থাৎ স্বনয় কর্তৃক প্রদত্ত ও শ্যাভবর্ণ অশ্বযুক্ত বধুসম্বিত দশখানি রথ আমার নিকট উপস্থিত হলো। এক সহস্র যষ্টিসংখ্যক গাভী উপস্থিত হলো। কক্ষীবান গ্রহণ করে পর দিনেই তা আপনার পিতাকে দান করলেন। গো সহস্রের সম্মুখে দশখানি রথের চত্বারিংশৎ শোণঘোটক শ্রেণীবদ্ধ হয়ে চলতে লাগল। কক্ষীবানের অনুচরেরা ঘাসাদি খাদ্য সংগ্রহ করে মদশ্রাবী সুবর্ণময় আভরণ বিশিষ্ট সতত গতিশীল অশ্বদের মার্জন করতে লাগল।

পণ্ডিত সুকুমারী ভট্টাচার্য মন্তব্য করেছেন, “বিয়েতে পণ নেওয়া মানেই বাপ ছেলেকে বিক্রি করছে, ‘পণ’ কথাটার একটাই মানে-দাম। তাই পণ নিয়ে ছেলের বিয়ে দেওয়ার অর্থই হল মেয়ের বাপের কাছে ছেলেটিকে বেচে দিচ্ছে তার বাপ। কিন্তু ততদিনে পুরুষতন্ত্র এত প্রবলভাবে সমাজে প্রতিষ্ঠিত যে, এ অর্থ এবং এর অন্তর্নিহিত অপমান কোনো ছেলের বাপ ভেবেই দেখে না কারণ পুরুষমাত্রই ততদিনে স্বমহিমায়

প্রতিষ্ঠিত; নারী উপমানব। যে কোনো কারণেই হোক, ঋষি কক্ষীবান্ বরপণে ধনী হয়ে উঠেন; বিয়েতে পান দশটি রথ, বহু নারী ও এক হাজার ঘাটটি গাভী।”<sup>৩২</sup>

কল্যাণী বন্দ্যোপাধ্যায় মনে করেন,

“ভিন্ন পরিবারে কন্যার জন্য অনুকূল পরিবেশ তৈরী করার প্রয়োজনীয়তাই মনে হয়, এই উপটোকন দেবার একটা কারণ ছিল। তথাপি উল্লেখ্য যে উপটোকন কন্যার দাবিরূপে স্বীকৃত ছিল না। এ ছিল কন্যার প্রতি পিতামাতার প্রীতির নিদর্শন, শিক্ষাহীন, নিজস্ব আয়হীন কন্যার কাছে উপহার সামগ্রী, বিশেষত অলংকারই ছিল নিজস্ব সম্পত্তি এবং সম্মানের প্রতীক। তাই পিতামাতা সম্ভবত তাদের সাধ্যানুযায়ী কন্যাকে বিবাহের সময় দ্রব্যসামগ্রী দেবার চেষ্টা করতেন। ঋগ্বেদে সূর্যাকে “পতিগৃহে প্রচুর উপটোকন নিয়ে যেতে বলা হয়েছিল, তবে এই উপহার দেওয়া হত কন্যাকে, কন্যার পতিকুলকে নয়।”<sup>৩৩</sup>

এই ব্যবস্থা যুগযুগান্তর অতিক্রম করে ভারতীয় সমাজব্যবস্থার সর্বস্তরে বহাল রয়েছে এখনো। অনেক সময় বিবাহে কন্যারপিতা কন্যা ও জামাতাকে খুশি করতে প্রীতি-উপহার স্বরূপ অনেক প্রকার দান করেন। মহাভারতে আদিপর্বে সুভদ্রা হরণের পর অর্জুন ও সুভদ্রার বিবাহ হলে বরপক্ষকে প্রচুর ধন দেওয়া হয়েছিল। অর্জুনের পুত্র অভিমন্যু উত্তরাকে বিবাহ করে বিরাট রাজার কাছ থেকে বিপুল পরিমাণে ধন লাভ করেছিলেন।

দানের শাস্ত্রীয় সংজ্ঞায় বলা হয়েছে, “স্ব-স্বত্বনিবৃত্তিপূর্বকং পরস্বত্বোৎপাদনং দানম্” অর্থাৎ দেয় বস্তুতে নিজের স্বত্বের অবসান ঘটিয়ে পরের স্বত্ব উৎপন্ন করা। পরের স্বত্ব উৎপন্ন করা তো পরের গ্রহণের ওপর নির্ভরশীল। গ্রহীতা যদি দাতার দেওয়া জিনিস নিজের বলে স্বীকার না করেন তাহলে তো দাতার দান সিদ্ধ হতে পারে না। কাজেই গ্রহীতা যাতে প্রসন্ন মনে দান গ্রহণ করে দাতার দানস্পৃহা চরিতার্থ করেন সেজন্যই তাঁকে দক্ষিণা দেওয়া হয়। কাজেই দানাত্মক বিবাহ মাত্রেরই বর যে সদক্ষিণা কন্যা গ্রহণ করবেন তা দানের সাধারণ নিয়মেই সিদ্ধ হচ্ছে। উপযুক্ত পাত্রের কন্যাদান করে পরিতৃপ্ত কন্যারপিতা যেখানে দানসিদ্ধির জন্য শ্রদ্ধা ও প্রীতিসহকারে বরকে সাম্মানিক দক্ষিণা দেন সেখানে অন্যান্য কিছু নেই।<sup>৩৪</sup>

বেদের সমাজে কন্যা তার বিবাহকালে যে বসনভূষণ অর্থ লাভ করত তা ছিল তার নিজস্ব সম্পত্তি। তাকেই পরবর্তীকালে “স্ত্রীধন” রূপে আখ্যায়িত করেছেন শাস্ত্রকারগণ। স্ত্রীধন কখনো বরপণ ছিল না। কিন্তু বেদান্তরকালে স্ত্রীধন কন্যার সম্পত্তি না হয়ে বরপণে রূপান্তরিত হয়ে যায়। স্ত্রীধন এবং বরপণের মধ্যে পার্থক্য শুধু গুণগত নয়, প্রভেদটা মৌলিক। বরপণ হলো অর্থ, দ্রব্য-সামগ্রী, গবাদী পশু, ভূমি কিংবা অন্য কিছু। অলিখিত বা লিখিত চুক্তির মাধ্যমে তা স্থির করা হতো। কিন্তু স্ত্রীধন তা নয়। স্ত্রীধন ছিল বিবাহের সময় কন্যাকে দত্ত তার পিতা কিংবা অভিভাবকের উপহার। তা ছিল সম্পূর্ণ ঐচ্ছিক। পিতৃকুলের সামর্থ্য অনুযায়ী কন্যার বিবাহের সময় পিতৃসম্পত্তির কিছু অংশ ব্যয় করার নিয়ম বেদের যুগে ছিল।<sup>৩৫</sup>

মনুসংহিতায় স্ত্রীধন সম্পর্কে মনু বলেছেন,

অধ্যাধ্যাব্যাহনিকং দত্তঞ্চ প্রীতিকম্মর্গি।

ভ্রাতৃমাতৃপিতৃপ্রাপ্তং ষড়বিধং স্ত্রীধনং স্মৃতম্ ॥<sup>৩৬</sup>

অর্থাৎ (বিবাহকালে অগ্নিসন্নিধানে প্রাপ্ত) অধ্যাঙ্গি, অধ্যাব্যাহনিক (পিতৃগৃহ থেকে পতিগৃহে নীয়মানা কন্যাকর্তৃক লব্ধ), (পতি প্রভৃতি কর্তৃক) প্রীতিপূর্বক দত্ত, ভ্রাতা মাতা বা পিতার থেকে প্রাপ্ত, স্ত্রীধন এই ছয় প্রকার।

বরপণ বর্তমানে বাংলাদেশসহ ভারতের পশ্চিমবাংলা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ বিহার ইত্যাদি অঞ্চলে বিশেষ প্রসারিত। সমাজে চাকুরিরত মেয়েদের তুলনায় গৃহনিপুণা মেয়েদের ক্ষেত্রে বরপণের পরিমাণ অপেক্ষাকৃত অধিকহারে দেখা যায়। চাকুরিরত মেয়েরা বিয়ের পর তাদের উপার্জন করা অর্থ স্বামীর সংসারে ব্যয় করবে। এই বরপণপ্রথা সবচেয়ে বেশি দেখা যায় সমাজের উচ্চবিত্ত উচ্চবর্ণের মানুষের মধ্যে। তাদের আধুনিক জীবনের স্বাচ্ছন্দ্য ও বিলাসের সকল উপকরণই তারা কন্যার পিতার কাছ থেকে পণের মাধ্যমে

নিতে চাই। দানাত্মক বিবাহ পদ্ধতিতে বরদক্ষিণা সম্পূর্ণ রূপে কন্যাপিতার বিবেচ্য বিষয়। মেধাতিথি বলেছেন, (বরের পক্ষে) অযাচিত লাভই দানাত্মক বিবাহের বৈশিষ্ট্য। কন্যা পিতা নিজ ইচ্ছায় প্রীতি উপহার স্বরূপ কন্যাকে যা দান করবে সেই দান বর সানন্দে গ্রহণ করবে। বরপক্ষ কন্যাপণ নিয়ে যে দরকষাকষি করে তা সম্পূর্ণ শাস্ত্রবিরুদ্ধ।

কন্যাপণ ও বরপণ উভয়ই সমাজের পক্ষে ক্ষতিকর হলেও তুলনামূলকভাবে বরপণ বেশি ক্ষতিকর। বর্তমান সমাজে বরপণ প্রতিযোগিতা হয়ে গিয়েছে। যে কন্যাপিতা যত টাকা দিতে পারবে সে ততো ভালো জামাতা পাবে। এর ফলে সমাজে প্রতিনিয়তই কন্যাকে পণের জন্য বলি হতে হচ্ছে। সুব্রতা সেন বলেছেন, বর পণের ফলে কন্যা যেমন পিতৃগৃহে অবাঞ্ছিত তেমনই স্বামীগৃহেও অনাদৃত, স্বামীগৃহে তার মর্যাদা আত্মনির্ভরশীল নয়, পণসামগ্রীনির্ভর। বরপণপ্রথায় বর ও বরপক্ষের একপাক্ষিক সুযোগসুবিধা। বর ক্রীত হয়েও ক্রেতার মতোই দাবিদার, অজশ্রু অর্থব্যয়ে জামাতা ক্রয় করেও কন্যারপিতা নতশির, আধমর্গতুল্য। কন্যাপণে দরিদ্র বর আজীবন ঋণজালে জড়িত, বরপণেও তেমনই দরিদ্র কন্যারপিতা ঋণভার জর্জরিত। কন্যাপণে দরিদ্রঘরে বিবাহ হলে কন্যাও সেই দারিদ্র্যের অংশীদার। বরপণে কন্যাকে 'বড়ঘরে' বিবাহ দিয়ে তাকে তথাকথিত সুখী এবং বর ও বরপক্ষকে স্কীততর করে কন্যারপিতা নিঃসম্বল।<sup>১৭</sup>

পরিশেষে বলা যায়, এই পণপ্রথা দীর্ঘদিন ধরে যেমন সমাজের বুকে রাজত্ব করে চলছে তেমনি বিবেকবান মানুষও এই প্রথার বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাচ্ছেন। শাস্ত্রীয় ও সামাজিক প্রতিরোধের ফলে সমাজে কন্যাপণপ্রথা বেশ কিছুটা খর্ব হয়েছে, কিন্তু পণপ্রথা পক্ষ পরিবর্তন করে বরপণ রূপে দিনে দিনে স্কীতকায় হয়ে উঠেছে।

### তথ্যনির্দেশ

- <sup>১</sup> রমেশচন্দ্র দত্ত অনূদিত ঋগ্বেদ ১ম খণ্ড, হরফ প্রকাশনী, কলকাতা-৭, সেপ্টেম্বর ১৯৮৭, ১/১৫১/৯, পৃ. ২৮২
- <sup>২</sup> তদেব, ১/১৮০/৭, পৃ. ৩২১
- <sup>৩</sup> তদেব, পৃ. ৩২৪
- <sup>৪</sup> শ্রী বিজ্ঞানবিহারী গোস্বামী অনূদিত অর্থববেদ, হরফ প্রকাশনী, কলকাতা-৭, জানুয়ারি ১৯৯২, ১৫/৪/৬, পৃ. ১০৭
- <sup>৫</sup> টীকা: ইন্দ্রশ মরুতশ্রু ক্রয়্যায়োপখিতো'সুরঃ পণ্যমানঃ--। (বাজসন্যেয়ীসংহিতা viii.55) পণ্যমানঃ শব্দের অর্থ উর্ট করেছেন ক্রীয়মাণঃ। তৈত্তিরীয়সংহিতায় (vi.1.10.1) ক্রয় অর্থে 'পণেত' শব্দের ব্যবহার করা হয়েছে। ঐতরেয় ব্রাহ্মণে (v.i) 'পণ' ধাতুর অর্থ বিনিময়। পণধ্বং শব্দের তাৎপর্য ব্যাখ্যা করে সায়ণ জানিয়েছেন, গন্ধর্বদের কাছ থেকে দেবতাদের সোম ক্রয় করতে পরামর্শ দিয়ে বাগ্‌দেবী বলেছেন-- "অতো ময়া পণধ্বং সোমমূল্যেভেন"- সোমের মূল্য হিসেবে আমার বদলে সোম ক্রয় করো। শতপথব্রাহ্মণে (iii.2.6) ওই একই উপাখ্যানে একই অর্থে পণ ধাতুর ব্যবহার করা হয়েছে।
- <sup>৬</sup> 'On a comparative study of the Indo- European customs with special reference to the marriage customs.' in Transactions of International Folk-Lore Congress (1491) p.289
- <sup>৭</sup> Woodhouse, 'Greek Marriage' in Encyclopaedia of Religion and Ethics (ed. by Hastings) Vol. VIII, 1974, p.446
- <sup>৮</sup> Ibid. p.446
- <sup>৯</sup> Fowler, W. W. 'Roman Marriage' in E. R. E. Vol. VIII, p.463
- <sup>১০</sup> Ibid. p.464
- <sup>১১</sup> Westermarck, H. H. M., Vol. II, pp.411-14
- <sup>১২</sup> Nakajima, 'Japanese Marriage', E. R. E., Vol VIII, p.460
- <sup>১৩</sup> সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় অনূদিত মনুসংহিতা, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড: কলকাতা-৯, জানুয়ারি ১৯৯৯, ৩/২৯, পৃ. ৮৮
- <sup>১৪</sup> তদেব, ৩/৩১, পৃ. ৮৮
- <sup>১৫</sup> সুব্রতা সেন, পণপ্রথা শাস্ত্রে ও সমাজে, আনন্দ পাবলিশার্স কলকাতা, জুলাই ১৯৯২, পৃ. ৪৭
- <sup>১৬</sup> মনু, III.54-i মেধাতিথিভাষ্য
- <sup>১৭</sup> তদেব
- <sup>১৮</sup> Westermarck, op.cit. p.393
- <sup>১৯</sup> নেয়ং গবাদিদব্যং 'স্বং' যথেষ্টবিনিয়োজ্যতয়া, অপি তু জয়াভেন। বিশিষ্ট এব হি স্বামিভাবো জয়াপতিলক্ষণসম্বন্ধঃ। মনু, iii.27-এর উপর মেধাতিথিভাষ্য।
- <sup>২০</sup> অশ্বং হি ভুরিদাবত্তরা বাং বিজামাতুরুত বা ঘা স্যালাত্। ঋগ্বেদ, ১.১০৯.২। সায়ণ-বিজামাতুঃ। শ্রুতাভিরূপ্যাদিভিগুণৈর্বিহীনো জামাতা যথা কন্যাবতে বহুধনং প্রযচ্ছতি কন্যালাভার্থং..।
- <sup>২১</sup> মহাভারত (B.O.R.I) Appendix I (আদি) 61.25
- <sup>২২</sup> তদেব, Appendix I, 30-32

- 
- ২৩ প্রাগুক্ত, সুব্রতা সেন, পণপ্রথা শাস্ত্রে ও সমাজে, পৃ. ৪৭
- ২৪ সুখময় অট্টাচার্য, মহাভারতের চরিতাবলী, আনন্দ পাবলিশার্স, কলকাতা ১৯৯৪, পৃ. ৩৭৪-৭৫
- ২৫ প্রাগুক্ত, রমেশচন্দ্র দত্ত অনূদিত ঋগ্বেদ ২য় খণ্ড, ১০/৩৯/১৪, পৃ. ৫০৯
- ২৬ তদেব, ১০/৮৫/১৩, পৃ. ৫৭১
- ২৭ প্রাগুক্ত, সুব্রতা সেন, পণপ্রথা শাস্ত্রে ও সমাজে, পৃ. ৪৮
- ২৮ বশিষ্ঠধর্মসূত্র, সংস্কারকাণ্ড, ৩২০, ৩২৬
- ২৯ প্রাগুক্ত ঋগ্বেদ ২য় খণ্ড, ১০/৮৫/২০, পৃ. ৫৭১
- ৩০ তদেব, ঋগ্বেদ ১ম খণ্ড, ১/১২৫/১, পৃ. ২৫০
- ৩১ তদেব, ১/১২৬/৩-৪, পৃ. ২৫২
- ৩২ কঙ্কন সিংহ, ধর্ম ও নারী (প্রাচীন সমাজ) র্যাডিক্যাল ইম্প্রেশন, কলকাতা-১৩২, জানুয়ারি-২০০৯, পৃ. ৭৫
- ৩৩ কঙ্কন সিংহ, মনুসংহিতা এবং নারী, র্যাডিক্যাল ইম্প্রেশন, কলকাতা -১৩২, জানুয়ারি -২০০৫, পৃ. ৫৩
- ৩৪ সুব্রতা সেন, সতীপ্রথা ও পণপ্রথা, আনন্দ পাবলিশার্স, কলকাতা-৯, জানুয়ারি-১৬, পৃ. ২৯৩
- ৩৫ প্রাগুক্ত, কঙ্কন সিংহ, মনুসংহিতা ও নারী, পৃ. ৫৪
- ৩৬ প্রাগুক্ত, সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় অনূদিত মনুসংহিতা, ৯/১৯৪, পৃ. ২৬৯
- ৩৭ প্রাগুক্ত, সুব্রতা সেন, সতীপ্রথা ও পণপ্রথা, পৃ. ৩২০



## শূদ্রকের মূচ্ছকটিক: বিষয়ভাবনা ও বিশিষ্টতা Shudraka Mrichchakatika: Concept and Features

ড. বেবী বিশ্বাস \*

**Abstract:** The range of poetry in Sanskrit literature is vast. Here epic, drama, prose-poem, odes- everything is labeled as poetry. Scenic poetry or poetic play in Sanskrit literature is familiar as 'Drama' in English literature and 'Natak' in Bangla literature. Among the ten sections of scenic poetry or poetic-play, the second segment is known as 'Prakarana'. Prakaranas are composed based upon imaginative stories of poets. In here the characters are supposed to be grandee merchants or Brahmins and not any famed king or incarnations. Albeit most of the poems in Sanskrit literature are pertaining to the aristocratic class; however Prakarana-typed scenic-poetry are composed with the lifestyles of ordinary people. Many poets such as Asvaghosa, Bhasa, Kalidasa, Bhavabhuti and so on have created scenic poetry in Sanskrit literature. After Kalidasa's age, an extraordinary poet is Shudraka. He composed this Prakarana about the lifestyles of ordinary people like merchants, harlots, burglars, chandalas, Buddhists, monks et cetera. And for this very reason, his position is at the top of reputation even though he composed only the scenic-poetry named "Mrichchakatika". The definition of this 'Prakarana', biography of the playwright and the timeline, array of the story and its distinctiveness have been evaluated in this discussable essay.

সংস্কৃত সাহিত্যে কাব্যকে দুই ভাগে ভাগ করা হয়েছে- শব্যকাব্য ও দৃশ্যকাব্য। যে কাব্য শুধু শ্রবণ করা যায় তাকে শব্যকাব্য বলে<sup>১</sup>। যে কাব্য শ্রবণের পাশাপাশি অভিনয়ের মাধ্যমে দৃশ্যমান করা সম্ভব তার নাম দৃশ্যকাব্য<sup>২</sup>। এই দৃশ্যকাব্যকে নাট্য বা রূপ হিসেবে অভিহিত করা হয়। অভিনয়ের দ্বারা নাটকীয় পাত্র-পাত্রীর অবস্থার অনুকরণের নাম নাট্য- "অবস্থানুকৃতির্নাট্যম"<sup>৩</sup>। এই নাট্য অভিনয়ের মাধ্যমে চক্ষুরিন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে পর্যবসিত হয়। এই দর্শনযোগ্যতার জন্য নাট্যের আরেক নাম 'রূপ'। আবার নাট্যকাব্যের মাধ্যমে একের উপর অন্যের রূপ আরোপিত হয় বলে একে রূপকও বলা হয়- "রূপারোপাত্ত্ব রূপকম"<sup>৪</sup>। নাট্যতত্ত্ব অনুসারে রূপককে দশটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যথা- নাটক, প্রকরণ, ভাণ, ব্যাঙ্গোপাঙ্গ, সমবকার, ডিম, ঈহামৃগ, অঙ্ক, বীথী ও প্রহসন। সুতরাং রূপকের দশটি শ্রেণির মধ্যে দ্বিতীয়টির নাম প্রকরণ। বস্তু, বস্তুবিন্যাস, রস ও চরিত্র এই কয়টি দিক বিবেচনা করে প্রকরণের স্বরূপ নির্ণয় করা সম্ভব। বস্তু অর্থ বিষয়বস্তু বা কাহিনি। প্রকরণের কাহিনির উৎস নাট্যকারের মনে। সমাজের বাস্তবভিত্তিক ঘটনাকে অবলম্বন করে কবির কল্পনার মিশ্রণে প্রকরণ কাব্য রচিত হয়। সেখানে ইতিহাস, পুরাণ বা লোকপ্রচলিত কোন বিখ্যাত কাহিনির প্রয়োজন নেই। সাহিত্যদর্পণে বলা হয়েছে- "ভবেৎ প্রকরণে বৃত্তং লৌকিকং কবিকল্পিতম।"<sup>৫</sup> দশরূপকে বলা হয়েছে- "অথ প্রকরণে বৃত্তমুৎপাদ্যং লোকসংশ্রয়ম।"<sup>৬</sup> বস্তুবিন্যাস অর্থাৎ কাহিনিবিন্যাস। এ ক্ষেত্রে সংস্কৃত নাটক ও প্রকরণ একই নিয়মের অনুসারী। কাহিনির অধ্যয়নবিন্যাস, কাহিনির সূচনা-সমাপ্তিসহ মূল কাহিনিতে নাটকীয়তা, রমনীয়তা ও কাহিনির কালগত ঐক্য বজায় রাখার তাগিদে নাটকে যে সকল অলঙ্কারগত উপাদানের প্রয়োগ হয় তাকেই হুবহু অনুকরণ করে রচিত হয় সংস্কৃত প্রকরণ। অর্থাৎ অঙ্কবিভাগ, নান্দী-স্তুতি, ভরতবাক্য, অর্থোপক্ষেপক, অর্থপ্রকৃতি, কার্যাবস্থা, সন্ধি ইত্যাদির প্রয়োগ নাটকে যেমন ঘটে থাকে সংস্কৃত প্রকরণেও তদ্রূপ ঘটে। দশরূপকে তাই বলা হয়েছে- "শেষং নাটকবৎ সন্ধিপ্রবেশকরসাদিকম।"<sup>৭</sup> প্রকরণে শৃঙ্গার রসই একমাত্র অঙ্গীরস বা প্রধানরস, তবে অন্যান্য রস

\* সহযোগী অধ্যাপক, সংস্কৃত বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

অঙ্গরস বা অপ্রধান রস হিসেবে বিদ্যমান থাকে। প্রকরণের নায়ক কোন দেব, নৃপ বা অবতারপুরুষ নন। তিনি বিপ্র, অমাত্য বা বণিক শ্রেণির; শাপভ্রষ্ট, নশ্বরধর্ম ও কামে আসক্ত এবং আলঙ্কারিক দৃষ্টিকোণ থেকে ধীরপ্রশান্ত বৈশিষ্ট্যের। এর নায়িকা কুলজা, গণিকা বা দুটির মধ্যে যেকোনো বৈশিষ্ট্যের হতে পারেন। এ প্রসঙ্গে সাহিত্যদর্পণে বলা হয়েছে—

শৃঙ্গারেহুঙ্গী নায়কস্ত বিপ্রোহ্মাত্যেহুখবা বণিক্ ।  
সাপায়ধর্মকামার্থপরো ধীরপ্রশান্তকঃ ॥<sup>১৮</sup>

নায়ক-নায়িকা ও মুখ্য চরিত্র ছাড়াও প্রকরণে দাস-দাসী, বিট, চোট, শকার, কুটিনী, দ্যুতকর প্রমুখ সাধারণ চরিত্রের সমাবেশও ঘটবে।

সংস্কৃত সাহিত্যে যে সকল সাহিত্যিক আছেন তাঁদের মধ্যে শূদ্রক অন্যতম। সংস্কৃত নাট্যসাহিত্যে অভিজাত বা উপরতলার মানুষের বিচরণই বেশি দেখা যায়। কিন্তু নাট্যকার শূদ্রকই একমাত্র কবি যিনি সমাজের অবহেলিত মানুষকে নিয়ে নাটক রচনায় নিজেকে নিয়োজিত করেছেন। আর এই একটিমাত্র প্রকরণ রচনা করে তিনি সংস্কৃত সাহিত্য জগতে অমর হয়ে আছেন। তবে নানা লেখক ও সমালোচকদের মতে, শূদ্রক নামধারী একাধিক কবির পরিচয় পাওয়া যায়। দণ্ডীর *অবন্তীসুন্দরীকথা* নামক কাব্যে শূদ্রককে একজন বিখ্যাত কবি হিসেবে উল্লেখ করা হয়েছে। সেখানে আরও জানা যায়, উজ্জয়িনীর রাজা শূদ্রক জাতিতে ছিলেন একজন ব্রাহ্মণসন্তান। বাল্যকালে আন্ধ্রদেশীয় একজন রাজকুমারের সাথে তাঁর বিরোধের কথাও উল্লিখিত হয়েছে আলোচ্য কাব্যে।<sup>১৯</sup> বাণভট্টের *কাদম্বরী* অনুসারে<sup>২০</sup> তিনি ছিলেন বিদিশার রাজা। এছাড়া *হর্ষচরিত*, *কথাচরিত*, *সাগর*, *বেতালপঞ্চবিংশতি*, *দশকুমারচরিত*—এর উত্তর পঠিকায় রাজা শূদ্রকের নামের উল্লেখ রয়েছে এবং কলহনের *রাজতরঙ্গিনী*তে তাঁকে রাজা বিক্রমাদিত্যের সমসাময়িক বলা হয়েছে। *মৃচ্ছকটিক* প্রকরণের প্রস্তাবনায় কবির আত্মজীবনীমূলক কিছু শ্লোক থেকে তাঁর আত্মপরিচয় পাওয়া যায়। সে অনুযায়ী শূদ্রক ছিলেন সুগঠিত শরীরের অধিকারী। তাঁর মুখশ্রী ছিল পূর্ণিমার চাঁদের মত, চাহনি ছিল চকরের মত, আর চলন ছিল শ্রেষ্ঠ হাতির মত। অর্থাৎ তিনি ছিলেন রূপবান, বিদ্বান ক্ষত্রিয়শ্রেষ্ঠ এবং যুদ্ধপ্রিয় ক্ষিতিপাল। তিনি ঋগ্বেদ, সামবেদ, গণিত, গণিকাবিদ্যা, হস্তবিদ্যা প্রভৃতি চৌষট্টি প্রকার কলাশাস্ত্র শিক্ষালাভ করে শিবের অনুগ্রহে আধারমুক্ত দৃষ্টি লাভ করেছিলেন। তিনি ছিলেন যোগসাধনায় সিদ্ধ পুরুষ। দেবতাদের আশীর্বাদে তিনি সর্বরোগমুক্ত ছিলেন। তিনি ছিলেন অসীম ক্ষমতার অধিকারী। তিনি যুদ্ধ পছন্দ করতেন। শত্রুপক্ষের হাতীর সাথে তিনি যুদ্ধ করতে ভালবাসতেন। শুধু তাই নয়, শূদ্রক একশ বছর দশদিন পরমায়ু অতিবাহিত করে পুত্রের হাতে রাজ্যের ভার অর্পণ করে মহাসমারোহে অশ্বমেধ যজ্ঞ শেষ করে অগ্নিতে প্রবেশ করেন।<sup>২১</sup>

সংস্কৃত সাহিত্যে কবি বা নাট্যকারদের কাল নির্ণয় দুর্লভ ব্যাপার। কারণ কেউ তাঁদের কাল সম্পর্কে কিছু বলে যান নি। ফলে পণ্ডিতদের গবেষণার অন্ত নেই। আর তাই অন্যান্য কবি-সাহিত্যিকদের মত শূদ্রকের কাল নির্ণয়ও এর ব্যতিক্রম নয়। বিংশ শতাব্দীর তৃতীয় দশকে সংস্কৃত সাহিত্যে দৃশ্যকাব্যের অন্তর্ভুক্ত চতুর্ভাষী নামে একটি নাট্যসংকলন গ্রন্থের পরিচয় পাওয়া যায়। উক্ত সংকলনে চারটি ভাগ ছিল— শূদ্রকের *পদ্মপ্রাভৃতক*, *ঈশ্বরদত্তের ধূর্তবিটসংবাদ*, *শ্যামিলকের পাদতাড়িতক* এবং *বররুচির উভয়সারিকা*। একটি প্রচলিত শ্লোকে উপর্যুক্ত চারজন লেখকের সাথে মহাকবি কালিদাসের তুলনা টেনে বলা হয়েছে—

বররুচিরীশ্বরদত্তঃ শ্যামিলকঃ শূদ্রকশ্চ চত্বারঃ ।  
এতে ভাণান্ বভগুঃ কা শক্তিঃ কালিদাসস্য ॥<sup>২২</sup>

উপর্যুক্ত শ্লোকটির ভাবার্থ বিশ্লেষণ করে বলা যায়, বররুচি, ঈশ্বরদত্ত, শ্যামিলক এর পাশাপাশি শূদ্রকও কালিদাসের পূর্ববর্তী সময়ের কবি। আবার পণ্ডিতেরা মনে করেন, ভাসের চার অঙ্কের *চরুদত্ত* নাটকের বিস্তৃত রূপ হল শূদ্রকের দশ অঙ্কের *মৃচ্ছকটিক* প্রকরণ। নাট্যকার ভাস হলেন আনুমানিক খ্রিস্টীয় তৃতীয় শতকের কবি। তাহলে শূদ্রক হবেন খ্রিস্টীয় তৃতীয় শতকের পরবর্তী যে-কোন সময়ের কবি। আলঙ্কারিক বামন তাঁর *কাব্যালঙ্কারসূত্রবৃত্তিঃ* গ্রন্থে শ্লেষ গুণের উদাহরণ দিতে গিয়ে শূদ্রকের প্রশংসা করে

বলেছেন—“শূদ্রকাদিরচিতেষু প্রবন্ধেষু অস্য ভূয়ান্ প্রপঞ্চো দৃশ্যতে।”<sup>১০</sup> আবার এই গ্রন্থে বামন আরও বলেছেন, “দ্যুতং হি নাম পুরুষস্যাসিংহাসনং রাজ্যম্।”<sup>১১</sup> একই উদ্ধৃতি মূচ্ছকটিক প্রকরণে দ্বিতীয় অঙ্কে<sup>১২</sup> দ্যুতকার দর্দুরকও উল্লেখ করেছেন। কিন্তু এই উদ্ধৃতিটি ভাসের চারুদত্তে নেই। যেহেতু ভাসের চারুদত্ত নাটকটির সাথে শূদ্রকের মূচ্ছকটিক প্রকরণের মিল রয়েছে সেহেতু ধারণা করা হয় যে, বামন শূদ্রকের মূচ্ছকটিক থেকে উদ্ধৃতিটি গ্রহণ করেছিলেন। সে কারণে মনে করা হয় যে, বামন খ্রিস্টীয় অষ্টম শতাব্দীর আলঙ্কারিক হলে শূদ্রক তাঁর পূর্ববর্তী সময়ের কবি। ম্যাকডোনেল খ্রিস্টীয় ষষ্ঠ শতাব্দীকেই শূদ্রকের কাল বলে নির্দেশ করেছেন।<sup>১৩</sup> শূদ্রককে বাণভট্টের কাদম্বরীতে বিদিশার রাজারূপে<sup>১৪</sup>, কলহনের রাজতরঙ্গিনীতে বিক্রমাদিত্যের (আনুঃ খ্রিস্টপূর্ব ৫৮ অব্দে) অব্যবহিত পূর্ববর্তী রাজারূপে উল্লেখ করা হয়েছে। বাণভট্ট খ্রিস্টীয় সপ্তম শতকের আর কলহন দ্বাদশ শতকের কবি। তাহলে শূদ্রক নিশ্চয়ই তাঁর পূর্ববর্তী সময়ের কবি। মহাকবি কালিদাস তাঁর মালবিকাগ্নিমিত্র নাটকের প্রস্তাবনায় ভাস, কবিপুত্র, সৌমিল্য প্রমুখ জনপ্রিয় কবিদের নাম উল্লেখ করেছেন।<sup>১৫</sup> কিন্তু শূদ্রকের নাম সেখানে উল্লেখ করেন নি। মূচ্ছকটিকের রচয়িতা শূদ্রক একজন জনপ্রিয় কবি। তিনিই সংস্কৃত সাহিত্যে একমাত্র কবি যিনি সাধারণ মানুষের জীবন প্রণালী নিয়ে নাটক রচনা করেছেন। কিন্তু যেহেতু এমন একজন নাট্যকারের নাম মহাকবি উল্লেখ করেন নি, সেহেতু তিনি কালিদাসের পরবর্তী সময়ের কবি হতে পারে। অতএব কালিদাসের কাল যদি খ্রিস্টীয় চতুর্থ শতক হয়, তাহলে কবি শূদ্রক তার পরবর্তী যে-কোন সময়ের। সুনির্দিষ্ট তথ্য প্রমাণ না পাওয়া পর্যন্ত শূদ্রককে খ্রিস্টীয় ষষ্ঠ শতকের কবি হিসেবে ধরে নেওয়া যেতে পারে।

#### মূচ্ছকটিক প্রকরণের বিষয়বস্তু

নাট্যকার শূদ্রক বিরচিত দশ অঙ্কের প্রকরণ জাতীয় দৃশ্যকাব্য হল মূচ্ছকটিক। প্রকরণটির দশটি অঙ্ক: অলঙ্কারন্যাস, দ্যুতসংবাহক, সন্ধিবিচ্ছেদ, মদনিকা-শর্বিলাক, দুর্দিন, প্রবহণবিপর্যয়, আর্ষক-অপহরণ, বসন্তসেনা, মোটকব্যবহার ও সংহার। উজ্জয়িনী নগরীর সৎচরিত্র, সুশীল, উদারচেতা এবং ব্রাহ্মণ বণিক চারুদত্ত ও গণিকাকন্যা বসন্তসেনার প্রণয়কাহিনিই এ প্রকরণের মূল উপজীব্য বিষয়। আর এ মূল কাহিনির সঙ্গে যুক্ত একটি আকর্ষণীয় উপকাহিনি শর্বিলাক ও মদনিকার প্রেম। এ প্রকরণের প্রতিনায়ক হলেন রাজশ্যালক শকার বা সংস্থানক। অত্যন্ত বিদ্বশালী এবং মান্যবর পিতার পুত্র চারুদত্ত। তাঁর দানশীলতার কারণে তিনি এখন দরিদ্র ব্রাহ্মণ। অন্যদিকে নায়িকা বসন্তসেনা গণিকাকন্যা হলেও তিনি কখনো গণিকাবৃত্তি অবলম্বন করেন নি; বরং সেখান থেকে বেরিয়ে এসে তিনি একজন প্রকৃত ব্রাহ্মণ হতে চেয়েছিলেন। তাই লোকমুখে বণিক চারুদত্তের গুণগানে মুগ্ধ বসন্তসেনা মনে মনে তাঁর প্রতি আসক্ত হন। এদিকে রাজ্যশ্যালক শকার বসন্তসেনার সৌন্দর্যে মুগ্ধ। কিন্তু বসন্তসেনা শকারকে আমলই দেন না। তাই শকার যেকোনো উপায়েই তার ভালবাসা পেতে আগ্রহী। একদা বসন্তসেনাকে আগত চারুদত্তকে মনপ্রাণ সমর্পণ করলেন নায়িকা বসন্তসেনা। উৎসব শেষ হতে সন্ধ্যা নেমে এলো। তখন বসন্তসেনা ঘোর অন্ধকারে সঙ্গীদের হারিয়ে ফেললেন। বাড়িতে ফেরার পথে একাকিনী বসন্তসেনাকে তাড়া করেন রাজশ্যালক শকার ও তার সহযোগী বিট ও চেট। শকার জোরপূর্বক বসন্তসেনাকে প্রেম নিবেদন করতে চায়। তিনি কোন উপায় না পেয়ে চারুদত্তের গৃহে প্রবেশ করেন। ঐসময় দাসী রদনিকাকে সাথে নিয়ে চারুদত্তের বয়স্য মৈত্রেয় পুজার উপকরণ রাখবার জন্য দরজা খুলছিল। তাদের হাতে ছিল প্রদীপের আলো। বসন্তসেনা আত্মরক্ষার জন্য শাড়ির আঁচল দিয়ে প্রদীপের আলো নিভিয়ে দিলেন। এদিকে শকার অন্ধকারে রদনিকাকে বসন্তসেনা মনে করে তাঁর চুলের মুঠি ধরে অপমান করলেন। পরক্ষণেই ভুল বুঝতে পেরে রদনিকাকে ছেড়ে দিলেও মৈত্রেয় এই অপমানকে চারুদত্তের অপমান মনে করে শকারকে সতর্ক করে দিলেন। তখন শকার চারুদত্তের প্রতি হুশিয়ারী উচ্চারণ করে বললেন, চারুদত্ত বসন্তসেনাকে তাঁর হাতে তুলে না দিলে আজীবন শত্রুতা চালাবে। রদনিকা ও মৈত্রেয় স্থির করলেন, শকারের এই ঔদ্ধত্যপূর্ণ আচরণ চারুদত্তকে জানাবেন না। কারণ বিষয়টি জানতে পারলে তিনি মনে কষ্ট পাবেন। তখন বাইরে প্রচণ্ড বাতাস প্রবাহিত হচ্ছে। পুত্রের ঠাণ্ডা লাগবে

একথা চিন্তা করে চারুদত্ত বসন্তসেনাকে রদনিকা মনে করে নিজের চাদর তাঁকে দিলেন এবং দিয়ে পুত্র রোহসেনকে ঢেকে নিয়ে অন্দরমহলে রেখে আসতে বললেন। বসন্তসেনা চারুদত্তের জুঁই ফুলের সুবাস মাখানো চাদর পেয়ে যেন প্রিয়তমের স্পর্শ পেলেন। গণিকাদের গৃহস্তের অন্দরমহলে যাওয়া নিষেধ মনে করে তিনি দাঁড়িয়ে রইলেন। এমন সময় সেখানে উপস্থিত হলেন রদনিকা ও বিদূষক মৈত্রয়। বিদূষক বসন্তসেনাকে উদ্দেশ্য করে চারুদত্তকে বললেন, তাঁর সামনে দাঁড়িয়ে আছে তাঁরই অনুরাগিনী বসন্তসেনা। তখন চারুদত্ত বিদূষককে বললেন, ঐশ্বর্য ক্ষীণ হয়ে যাবার পরে যাকে দেখে আমার অনুরাগের সঞ্চয় হয়েছিল। কাপুরুষের ক্রোধের মতো সেই প্রেম নিজের মধ্যে নিজেই অবসন্ন হচ্ছে। প্রকরণের ভাষায়—

যয়া মে জনিতঃ কামঃ ক্ষীণে বিভববিস্তরে।

ক্রোধঃ কুপুরুষস্যেব স্বাগাত্রেস্বব সীদতি ॥<sup>২৬</sup>

পুনরায় তাঁর সাথে সাক্ষাতের আশায় বসন্তসেনা নিজের নিরাপত্তার কথা চিন্তা করে তাঁর অলঙ্কারগুলো চারুদত্তের কাছে গচ্ছিত রাখার প্রস্তাব দিলে তিনি বলেন, “আমার গৃহ অলঙ্কার গচ্ছিত রাখার মতো নিরাপদ নয়।”<sup>২০</sup> উত্তরে বসন্তসেনা বলেন, আপনার কথা ঠিক নয়। কারণ গচ্ছিত রাখা হচ্ছে ব্যক্তির কাছে, গৃহের কাছে নয়।<sup>২১</sup> অবশেষে চারুদত্ত অলঙ্কার রাখতে সম্মত হলেন। তখন বসন্তসেনা নিজ বাড়িতে ফিরে যেতে চাইলে জ্যেষ্ঠস্নানস্নাতরাতে চারুদত্ত বসন্তসেনাকে বাড়িতে পৌঁছে দিলেন।

চারুদত্তের গৃহ হতে নিজ বাড়িতে ফেরার পর তাঁদের দু’জনের বহু সুখময় স্মৃতি অনুভব করে বসন্তসেনা কোন কিছুতেই মনোনিবেশ করতে পারছেন না। স্নানে তাঁর আত্মহ নেই, পুজায় তাঁর মন নেই। তাই তাঁর দাসী এসে যখন বসন্তসেনাকে বললেন যে, মা আপনাকে স্নান সেরে পুজায় বসতে আদেশ করেছেন। উত্তরে বসন্তসেনা বললেন, “ওরে, মাকে বল, আজ নাইব না। বামুনে পূজা করে যাক।”<sup>২২</sup> পরে তাঁরই তত্ত্বাবধানে তিনি স্বগৃহে ফিরে আসেন। তখন উভয়ের অনুরাগ আরও গাঢ়তর হল। এদিকে শর্বিলক নামে এক ব্রাহ্মণ বসন্তসেনার পরিচারিকা মদনিকার প্রেমে আবদ্ধ হন। তিনি মদনিকাকে দাসীবৃত্তি থেকে মুক্ত করার জন্য অজ্ঞাতে চারুদত্তের গৃহে সিঁধ কেটে ভিতরে প্রবেশ করে বসন্তসেনার গচ্ছিত অলঙ্কারগুলি চুরি করেন। তিনি বসন্তসেনার বাড়িতে গিয়ে চুরি করা অলঙ্কারগুলি মদনিকাকে দেন। কিন্তু সেগুলো দেখেই মদনিকা বুঝতে পারলেন এগুলো তার গৃহকত্রী বসন্তসেনার। শর্বিলক উভয়সংকটে পড়লেন। মদনিকার পরামর্শে তিনি চারুদত্তের দূত হয়ে ঐ অলঙ্কারগুলো বসন্তসেনাকে ফিরিয়ে দিতে গেলেন। কিন্তু আড়াল থেকে বসন্তসেনা তাদের সকল কথাবার্তা শুনতে পেয়ে প্রীত চিত্তে মদনিকাকে শর্বিলকের হাতে সমর্পণ করে তাকে বলেন, “এখন থেকে তুই প্রণামের যোগ্য হলি।”<sup>২৩</sup> তখন শর্বিলক মদনিকাকে আর্ঘ্য বসন্তসেনা সম্পর্কে বললেন, “আর্ঘ্যকে মাথা নত করে প্রণাম জানাও। ঐরূপে তুমি দুর্লভ বধু আখ্যায় অবগুষ্ঠন লাভ করলেন।”<sup>২৪</sup> এদিকে চারুদত্তের পত্নী ধৃতা বসন্তসেনার গচ্ছিত অলঙ্কারগুলো চুরি হওয়ার কথা জানতে পেরে তাঁর নিজের গলার হার খুলে দিয়ে চারুদত্তকে বসন্তসেনার অলংকারের দাম শোধ করতে বলেন। তখন চারুদত্ত বিদূষক মৈত্রয়ের মাধ্যমে পত্নীর গলার হার বসন্তসেনার কাছে প্রেরণ করেন। প্রকৃত ঘটনা বুঝতে পেরে চারুদত্তের প্রতি বসন্তসেনার ভালবাসা আরও বৃদ্ধি পায় এবং তিনি বিদূষককে বলেন, “অস্রতরু পুষ্পহীন হলেও তা থেকে মধুবিন্দু ঝরে পড়ে।”<sup>২৫</sup> ফলে অত্যন্ত দুর্যোগের মধ্যেও তিনি তাঁর কাছে উপস্থিত হন। সেই রাতে তিনি চারুদত্তের গৃহেই অবস্থান করেন। এদিকে ষষ্ঠ অঙ্কে বসন্তসেনা তাঁর বাড়ির সকলের কাছে প্রিয় হয়ে উঠলেন। কেবল তাঁর পুত্র রোহসেন বসন্তসেনার অলঙ্কারের প্রাচুর্য দেখে তাঁকে আপন ভাবতে পারছিল না। সে বলেছিল মায়ের কি অত অলঙ্কার থাকে? বালকের কথায় বসন্তসেনার মনের মধ্যে মাতৃত্ববোধ জেগে উঠল। ছেলেটি মাটির গাড়ি নিয়ে খেলতে চাইছিল না। পাশের বাড়িতে ফেরত দিয়ে আসা সোনার খেলনা গাড়িটাই তার চাই। এই বলে সে কাঁদতে লাগল। তখন বসন্তসেনা তাঁর সমস্ত অলঙ্কার দিয়ে ছেলেটির মাটির গাড়িকে ভরিয়ে দিয়ে বলেন, “এই এখন থেকে আমি তোমার মা হলাম; যাও এই অলঙ্কার নিয়ে সোনার গাড়ি গড়িয়ে নাও।”<sup>২৬</sup> এভাবেই তিনি রোহসেনকে আপন করে পেলেন। এদিকে চারুদত্ত

বসন্তসেনাকে পুষ্পকরগুপক উদ্যানে যাওয়ার জন্য নির্দেশ দিয়ে যান। চোট বর্ধমানক বসন্তসেনাকে ঐ উদ্যানে নিয়ে যেতে এসেছেন। সেই সময় রাজশ্যালক শকারের চোট স্থাবরক গাড়ি নিয়ে ঐ পথে যাচ্ছিল। বসন্তসেনা ভুল করে তাঁর গাড়িতে উঠে বসলেন। তখন দেশের অবস্থা খুব খারাপ। রাজা পালক বিদ্রোহের আশঙ্কায় গোপাল পুত্র আর্য়ককে বন্দী করেছেন। এই আর্য়ক রাজা হবেন বলে গণকেরা জানিয়েছিলেন। আর্য়ক শর্বিলকের সাহায্যে বন্দীশালা থেকে পলাতক। রাজপথে ঘোষণা শোনা যাচ্ছিল যে, আর্য়ক পলাতক। ঐ সময়ে চারুদত্তের চোট বর্ধমানক তাঁর গাড়ি নিয়ে বসন্তসেনার জন্য অপেক্ষা করছিল। সেই সুযোগে পলাতক আর্য়ক ঐ গাড়িতে উঠে বসলেন। তাঁর পায়ের শিকলের শব্দকে বসন্তসেনা নূপুরের শব্দ মনে করলেন। এদিকে রাজপথে রক্ষীরা যানবাহন তল্লাসি করছে। বীরক ও চন্দনক দুই রক্ষী চারুদত্তের গাড়ি তল্লাসী করতে এল। চন্দনক আর্য়কের পুরানো বন্ধু। আর্য়ক গাড়িতে আছে বুঝতে পেরে সে বীরকের সাথে ঝগড়া বাঁধিয়ে দেয়। আর্য়কের পালানোর পথ প্রশস্ত হয়।

এদিকে সপ্তম অঙ্কে বসন্তসেনার জন্য উদ্যানে প্রতীক্ষারত চারুদত্তের সাথে আর্য়কের সাক্ষাৎ হয়। তাঁরা দুজনে পরস্পরের বন্ধুত্বে আবদ্ধ হন। চারুদত্তের গাড়িতে আর্য়ক নিরাপদে অন্যত্র চলে যান। তখন চারুদত্ত ও বিদূষক মৈত্রেয় বসন্তসেনার সন্ধানে বের হন। এদিকে উদ্যানে শকার নিজের গাড়ির প্রতীক্ষায় ছিলেন। তিনি বসন্তসেনাকে সেই গাড়ি থেকে অবতরণ করতে দেখে তাঁকে বশে আনার চেষ্টা করেন। কিন্তু বসন্তসেনার দ্বারা প্রত্যাখ্যাত হয়ে অপমানিত শকার কণ্ঠরোধ করে তাঁকে হত্যার চেষ্টা করেন। সংজ্ঞাহীন বসন্তসেনাকে মৃত ভেবে শকার তাঁকে উদ্যানে ফেলে পালিয়ে যান। তখন বৌদ্ধভিক্ষু সংবাহক বসন্তসেনাকে উদ্ধার করে তাঁকে সুস্থ করে তোলেন। নবম অঙ্কে শকার বিচারালয়ে গিয়ে চারুদত্তকে বসন্তসেনার মৃত্যুর অভিযোগে অভিযুক্ত করেন। অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় চারুদত্তের মৃত্যুদণ্ডের আদেশ হয়। দশম অঙ্কে, চারুদত্তের মৃত্যুদণ্ডের ঘোষণা হওয়ার পর শকারের চোট স্থাবরক এসে প্রাসাদের কার্নিশ পেরিয়ে ভাঙা জানালা গলে লাফ মেরে চণ্ডালদের হেঁকে বসন্তসেনা হত্যার বৃত্তান্ত ঘোষণা করলেন। শকার তখন সেখানে আসছিল। চোটকে শকার উৎকোচ দিয়ে মুখ বন্ধ করতে চাইলে, সে প্রকাশ্য রাজসভায় তা জানিয়ে দেয়। চারুদত্তকে বধ্যভূমিতে উপস্থিত করা হয়েছে। শকার চারুদত্তের মৃত্যুদণ্ড কার্যকর করার জন্য চাপ দিতে থাকে। এমন সময় এক বৌদ্ধভিক্ষু সেখানে বসন্তসেনাকে নিয়ে উপস্থিত হলেন। এবার চারুদত্তের প্রতি আনা অভিযোগ মিথ্যা বলে প্রমাণিত হল। পালককে সিংহাসনচ্যুত করে আর্য়ক রাজপদে নিজেই অভিযুক্ত করেন। চারুদত্ত একসময় এই আর্য়ককে কারাগার থেকে মুক্ত করেছিলেন। তাই কৃতজ্ঞতাস্বরূপ আর্য়ক চারুদত্তকে বেণানদীর তীরবর্তী বিস্তীর্ণ রাজ্য দান করলেন। এ সময় শকারের মৃত্যুদণ্ড ঘোষণা হয়। কিন্তু মহানুভব চারুদত্ত তাকে ক্ষমা করে তাঁর পূর্ব দায়িত্ব ফিরিয়ে দিলেন। রাজার আদেশে চারুদত্ত বসন্তসেনাকে বধূর মর্যাদা দিলেন এবং অসুস্থ বসন্তসেনাকে সেবা-শুশ্রূষার মাধ্যমে সুস্থ করার জন্য বৌদ্ধভিক্ষু সংবাহককে রাজ্যের সমস্ত বৌদ্ধমঠের অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করেন।

### মুচ্ছকটিক প্রকরণের বিশিষ্টতা

নাট্যকার শূদ্রকের মুচ্ছকটিক প্রকরণটি সংস্কৃত সাহিত্যের অনন্য সৃষ্টি। এ প্রকরণটি নানা দিক দিয়ে বিশিষ্টতা অর্জন করেছে। রাজা ও রাজসভার চিরাচরিত গণ্ডিকে অতিক্রম করে সমাজের সর্বস্তরের অর্থাৎ বৌদ্ধভিক্ষু, ব্রাহ্মণ, কুলবধু থেকে শুরু করে গণিকা, জুয়াড়ী, আড্ডাধারী, গাড়োয়ান, নররক্ষী, চণ্ডাল প্রমুখ সাধারণ মানুষের চরিত্রকে উপস্থাপন করে নাট্যকার শূদ্রক দুঃসাহসের পরিচয় দিয়েছেন। দরিদ্র চারুদত্ত এ প্রকরণের নায়ক; নায়িকা গণিকাকন্যা বসন্তসেনা। প্রচলিত নাট্যরীতি না মেনে নাট্যকার সরাসরি অঙ্কের মাধ্যমে চুরি, জুয়াখেলা, মারামারি, হত্যা প্রভৃতি বিষয় উপস্থাপন করেছেন। প্রচলিত রীতি অনুযায়ী কুলবধু ও গণিকা একই মঞ্চে উপস্থিত হওয়ার কথা নয়। কিন্তু শূদ্রকের রচনায় গণিকাকন্যা বসন্তসেনা ও কুলবধু ধূতা একই মঞ্চে উপস্থিত। নায়ক-নায়িকার প্রণয়কাহিনির সঙ্গে রাষ্ট্রবিপ্লব ও রাজনৈতিক ঘটনার এমন সংমিশ্রণ সংস্কৃত নাট্যসাহিত্যে দুর্লভ। জনগণই যে রাষ্ট্রক্ষমতার নিয়ন্ত্রক তা রাজা পালককে সিংহাসনচ্যুত

করে জনপ্রতিনিধি রূপে আর্য়কের রাজপদে অধিষ্ঠিত হওয়ার ঘটনায় স্পষ্ট। এ নাটকে অন্যায়ের, অমঙ্গলের দায়িত্বও যেমন মানুষের, তার প্রতিকারের দায়িত্বও তেমন মানুষই নিয়েছে, কখনও এককভাবে, কখনও বা যৌথভাবে। সামাজিকস্তরে এককভাবে অন্যায় করেছে শকার, প্রতিকার করেছেন মুখ্যত চারুদত্ত, নেপথ্যে বসন্তসেনা, মৈত্রেয়, বিট ও অন্য কয়েকজন। রাষ্ট্রিক স্তরে দুষ্কৃতকারী রাজা পালক ও তার সহচরবৃন্দ, রাষ্ট্রবিপ্লবের দ্বারা তার প্রতিকার করেছেন আর্য়ক, শর্বিলক, দর্দুরক, রেভিল, সংস্থানকের বিট। নেপথ্যে সাহায্য করেছেন চারুদত্ত, মৈত্রেয়, চন্দনক এঁরা। এ রাষ্ট্রবিপ্লবের ফলে কতগুলি সামাজিক অন্যায়েরও প্রতিকার হল, যেমন বসন্তসেনার বধূতলাভ, সামাজিক ও আর্থিকভাবে চারুদত্তের পুনঃপ্রতিষ্ঠা, শর্বিলকের যশ ও অর্থলাভ, চন্দনকের পদোন্নতি, সংবাহকের শ্রবণ-প্রধানের পদপ্রাপ্তি ও শকারের প্রকাশ্য লাঞ্ছনা। অর্থাৎ সমাজের অন্যায় মোচনের দায়িত্ব এ নাটকে মানুষ একাই নিয়েছে। বিচারক যেখানে যথেষ্ট প্রমাণের অভাবে সুবিচার করতে অক্ষম, প্রজারা যেখানে অন্যায়কারী রাজার দুঃশাসনে পীড়িত, অপদার্থ অত্যাচারী শকারের অপ্রতিহত প্রতাপে যেখানে সং দরিদ্র বণিক, বৌদ্ধভিক্ষু ও সুন্দরী গণিকা থেকে অধিকরণিক পর্যন্ত সকলেই সমস্ত সেখানে শুভবুদ্ধিসম্পন্ন মানুষই সমবেত উদ্যোগে রাষ্ট্রবিপ্লবের দ্বারা এ অন্যায় রাষ্ট্রব্যবস্থার অবসান ঘটিয়ে রাজাকে হত্যা করে সং ও বীর এক রাষ্ট্রনায়ককে ক্ষমতায় প্রতিষ্ঠিত করে।

কাহিনিবিন্যাসের ন্যায় চরিত্রচিত্রণেও নাট্যকার দক্ষতার পরিচয় দিয়েছেন। এ প্রকরণে চরিত্রগুলি দোষেগুণে জীবন্ত। চারুদত্ত, বসন্তসেনা, শর্বিলক, মদনিকা, রদনিকা, ধূতা, বিদূষক মৈত্রেয়, সংবাহক, রাজশ্যালক শকার ও তাঁর সঙ্গী বিট ও চেট কেউই চরিত্রগৌরবে ছোট নন। নাট্যকারের প্রতিভাস্পর্শে নিন্দিত চরিত্রগুলোও নিন্দিত হয়ে উঠেছে। দানশীল চারুদত্ত গরীব হলেও সত্যনিষ্ঠা হারান নি। গণিকাকন্যা বসন্তসেনা অর্থ বা প্রতিপত্তির লোভে রাজশ্যালক শকারকে গ্রহণ করেন নি। তিনি সং, দানশীল, মহানুভব চারুদত্তকে বেছে নিয়েছেন তাঁর যোগ্য প্রিয়তম হিসেবে। আর চারুদত্তের মহানুভবতা ও অকৃত্রিম প্রেম বসন্তসেনাকে বারবধু থেকে গৃহবধুতে উন্নীত করেছে। বসন্তসেনা গণিকাকন্যা হয়েও পূতচরিতা ও গুণগ্রাহী। শর্বিলক বন্ধুর জন্য নববিবাহিতা স্ত্রীকে আত্মীয়ের বাড়িতে পাঠিয়ে নিজে বিপদের মুখে ঝাঁপিয়ে পড়েছেন। আবার ব্রাহ্মণ হয়েও প্রেমিকা মদনিকাকে দাসত্ব থেকে মুক্ত করার জন্য সিঁধেল চোর হয়েছেন। বিদূষক মৈত্রেয় সুখে-দুঃখে চারুদত্তের আজীবন সঙ্গী। নাট্যকার শূদ্রক এ প্রকরণে দেখাতে চেয়েছেন, বসন্তসেনা অপেক্ষাকৃত হীনবৃত্তিসম্পন্ন হলেও চিরকালের মানুষ এবং প্রেমিকা। দাস স্বাবরক একজন সাধারণ অবস্থার মানুষ। কিন্তু জীবন বিপন্ন হলেও মিথ্যাকে সে প্রশ্রয় দেয় নি। মিথ্যার দায়ে অভিযুক্ত চারুদত্তকে মুক্ত করার জন্য সে চেষ্টা করেছে। চন্দনক অপশাসনের অবসান ঘটানোর জন্য আর্য়কের পালানোর পথ প্রশস্ত করেছে। চাকরি আর দেশপ্রেমের মধ্যে দেশই তাঁর কাছে বড় মনে হয়েছে। বৌদ্ধভিক্ষু চরিত্রটিও জীবন্তরেখায় চিত্রিত। বালক রোহসেন ক্রীড়াচঞ্চল শিশু; কিন্তু পিতার দুঃখে আত্মহারা। দাসী মদনিকার প্রভুভক্তি, বসন্তসেনার মাতার স্নেহদ্র হৃদয়, চারুদত্তের পত্নী ধূতাদেবীর নিঃস্বার্থ পতিপরায়ণতা ও নির্লোভ চরিত্র যেকোনো পাঠকের দৃষ্টি আকর্ষণ করে।

সংস্কৃত নাটকে সাধারণত চরিত্রগুলি আগাগোড়া একটি নির্দিষ্ট ছকে গঠিত হয়, (যেমন নায়কের ছক হল ধীরোদাত্ত, ধীরোদ্ধত, ধীরললিত, ধীরপ্রশান্ত ইত্যাদি)। তাই চরিত্রের মধ্যে বিবর্তন বা পরিবর্তনের বিশেষ অবকাশ থাকে না। কিন্তু শকারের বিট, সংবাহক, চন্দনক, বসন্তসেনা-মাতা এঁরা সকলেই নৈতিক দ্বন্দ্বের সম্মুখীন হয়ে নিজেরা প্রচলিত মূল্যবোধকে যাচাই করে পরিবর্তিতরূপে তাকে অর্জন করতে পেরেছেন; এইখানে চরিত্রগুলি জীবন্ত ও বিশ্বাসযোগ্য হয়ে উঠেছে। এ প্রসঙ্গে Winernitz তাঁর *A History of Sanskrit Literature* গ্রন্থে বলেছেন, “It deviates from the model more than any other Indian drama and it has been fashioned wholly on actual life. The characters are presented in a lively manner.”<sup>২৭</sup>

ভাষা প্রয়োগে তিনি অত্যন্ত দক্ষতার পরিচয় দিয়েছেন। মূচ্ছকটিক সংস্কৃত প্রকরণ হলেও এর প্রাকৃত অংশ অত্যন্ত মূল্যবান। এ প্রকরণে সে সময়ে প্রচলিত শৌরসেনী, প্রাচ্যা, মাগধী প্রভৃতি প্রাকৃতের পরিচয় পাওয়া যায়। প্রকরণে শৌরসেনী প্রাকৃত ভাষার ব্যবহার দেখা যায় বসন্তসেনা, মদনিকা, রদনিকা ও ধূতা চরিত্রে। সংবাহকের সংলাপে ব্যবহৃত হয়েছে মাগধী প্রাকৃত। শকারের ভাষা শাকারী, চণ্ডালের ভাষা চণ্ডালী ও জুয়াড়ীদের ভাষা ঢক্কী প্রাকৃত। এ প্রকরণের ভাষার অলঙ্করণ, ভাবের গাভীর্য ও পরিশীলিত রচনামূল্য, অলঙ্কার ও ছন্দ বৈচিত্র্য, প্রাকৃত প্রয়োগের দক্ষতা নাট্যকারকে মহৎ শিল্পীর মর্যাদা দান করেছে। আবার সংলাপ সৃষ্টিতেও নাট্যকার নিপুণতার পরিচয় দিয়েছেন। তাঁর সৃষ্ট সংলাপগুলো গতিশীল, প্রাণবন্ত ও চরিত্রানুগ। সাধারণ মানুষের মুখে মানায় এমন প্রবাদ-প্রবচনই ব্যবহার করেছেন নাট্যকার। এতে ভাষা আরও বেগবান ও সজীব হয়েছে।

শূদ্রক তাঁর মূচ্ছকটিক প্রকরণে গতানুগতিক কাহিনিকে অতিক্রম করে এক নতুন ধারা প্রবর্তন করেছেন। সংস্কৃত সাহিত্যসমাজ শুধু রাজা ও রাজকুমারকে নিয়ে নয়, কল্পনা ও আদর্শ ছাড়াও জীবনের যে একটি বাস্তব দিক আছে, বহুমুখিতা ও বৈচিত্র্যই যে মানব চরিত্রের বৈশিষ্ট্য এই পরম সত্যের প্রতি শূদ্রকই প্রথমত দৃষ্টি আকর্ষণ করিয়েছেন। সংবাহক, শর্বিলক, মাথুর, দুর্দরক, রদনিকা, মদনিকা প্রভৃতি চরিত্রগুলি সমাজের নিচুতলার মানুষ। এদের আচার-আচরণের মধ্য দিয়েই তৎকালীন বৃহত্তর সমাজের বাস্তব চিত্রটি ফুটে উঠেছে। কলানিপুণা গণিকাকন্যা বসন্তসেনা ও বিদম্ব ব্রাহ্মণ চারুদত্তের প্রণয়, সিঁধেল চোর শর্বিলক ও দাসী মদনিকার মন দেওয়া-নেওয়া, জুয়াড়ীদের ধূর্তামি, গণিকাকন্যা বসন্তসেনার হৃদয়ে মাতৃত্ববোধ জেগে ওঠা, চারুদত্তকে মিথ্যা খুনের মামলায় অভিযুক্ত করা, বিচারের নামে প্রহসন ইত্যাদি নানা ঘটনাবিন্যাস ও চরিত্রচিত্রণে নাট্যকার শূদ্রক অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়েছেন। তাই উইলসন মূচ্ছকটিককে সংস্কৃত অন্যান্য নাটক থেকে অনেক বেশি মানবিক গুণে সমৃদ্ধ নাটক বলে অভিহিত করেছেন। আবার ড. দেবশে কুমার আচার্য্য মূচ্ছকটিক সম্পর্কে বলেছেন “মূচ্ছকটিক গণ-জীবন বিচিত্র। গণ-অভ্যুত্থান এই নাটকের একটি মূল ঘটনা। রাত্রিবিপ্লবে এখানে রাজা সাব্যস্ত হয়েছেন ঘোষণার আয়র্ক, এখানে বৌদ্ধভিক্ষু সঙ্ঘের কুলপতি নিযুক্ত হয়েছেন একজন জুয়াড়ী, মন্ত্রী হয়েছেন একজন চৌর্য্যবিদ্যাশিষ্য ব্রাহ্মণ, আর কুলবধূর মর্যাদা লাভ করেছেন একজন গণিকা। সমাজের অতি সাধারণ মানুষ এখানে ভিড় করে আছে। এই নাটকে দেখা যায় হীনকুলজাত, হীনবৃত্তি সম্পন্ন নিম্নবৃত্তের মানুষেরা কত সহৃদয় এবং সজ্জন। সেইগুণে এরা চিরকালের মানুষ এবং শ্রেষ্ঠত্বের দাবিদার।”<sup>২৮</sup> সুকুমারী ভট্টাচার্য্য মূচ্ছকটিক সম্পর্কে বলেছেন, “এ নাটকে বহু বিচিত্র সুর লেগেছে। বিভিন্ন ধরনের মানুষ-রাজা থেকে চণ্ডাল, শিশু থেকে বৃদ্ধ, ধনী থেকে নির্ধন, সজ্জন থেকে দুর্জন নানা-ধরনের ভাষা, নানা-ধরনের কবিত্ব, নানা-ধরনের হাস্যরস-ভাঁড়ামি, শ্লেষ সামাজিক ব্যঙ্গ ও ব্যক্তিগত বিদ্রূপ বহু বিচিত্র ঘটনার সমাবেশ, বহু স্বার্থের সংঘাত, নানারসের আনাগোনা, সব মিলে নাটকটি যে শুধু সমাজের ও মানব-জীবনের একটি সুবৃহৎ বৃত্তাংশকে সার্থকভাবে প্রতিফলিত করেছে তা নয়, জীবনের নানা আবেগসঞ্জাত উপলব্ধি ও নীতিগত মূল্যবোধের অবতারণা, বিশ্লেষণ ও পুনর্মূল্যায়নও করতে পেরেছে এবং সমস্তটাই করেছে লোকায়ত স্তরে, অবিশ্বাস্য অতিলৌকিককে পরিহার করে, যা সংস্কৃত সাহিত্যে বিরল। এইখানেই মূচ্ছকটিক বিরল।”<sup>২৯</sup>

পরিশেষে বলা যায়, সাহিত্যের চূড়ান্ত বিচার জীবনের পুনর্মূল্যায়নে; সেই মানদণ্ডে মূচ্ছকটিকের স্থান অধিকাংশ সংস্কৃত নাটকের উর্ধ্বে। তার কারণ এখানে জীবনবোধের গভীর মূল্যায়নের চিহ্ন রয়েছে। চারুদত্তের জীবনে একদিকে দাম্পত্য সম্পর্ক, দারিদ্র, অন্যদিকে গণিকাবৃত্তি ও শকারের প্রলোভন; মৈত্রেয়ের প্রচলিত বিদূষকের ভূমিকা ও আপন স্বতন্ত্র ব্যক্তিত্বে চারুদত্তের প্রতি গভীর অকৃত্রিম বন্ধুপ্রীতি; নিরুপায় শর্বিলকের অভ্যস্ত নৈতিক মূল্যবোধে চৌর্য্যে অনিচ্ছা ও মদনিকার প্রতি গভীর প্রেমে চৌর্য্যে প্রবৃত্ত হওয়া; মদনিকার প্রেম ও বসন্তসেনার প্রতি আনুগত্য ও আপন সততায় অন্যায়ের মূল্যে নিষ্ক্রিয় অর্জনে আপত্তি; শকারের বিটের পরিচালিত বিটসুলভ কর্তব্য ও মানবিক দ্বায়িত্ব; চন্দনকের রাজকার্য ও বিবেক; চারুদত্তের

রাজদ্রোহিতার শঙ্কা ও নিরপরাধ শরণাগতকে আশ্রয়দান; বসন্তসেনার মায়ের কন্যার প্রতি স্নেহ ও নিরপরাধ চারুদত্তকে রক্ষা করার দ্বায়িত্ব; এমনকি দুই চণ্ডালের মধ্যেও রাজনিয়োগ বিবেকবোধের সংঘাত—এইভাবে বহু পরস্পরবিরোধী মূল্যবোধের সংঘাতের মধ্যে নাটকটির প্রাণবস্ত্র নিহিত আছে। নাট্যকারের রচনায় কিছু ক্রটি-বিচ্যুতি থাকা সত্ত্বেও কাহিনি নির্মাণে, সমাজের নিচুতলার মানুষের চিত্রাঙ্কনে, চরিত্র সৃষ্টির নৈপুণ্যে, সংলাপ সৃষ্টিতে ও ভাষা প্রয়োগে সফলতা অর্জন করেছেন। সুতরাং শূদ্রকের মুচ্ছকটিক প্রকরণটি সংস্কৃত সাহিত্যের অন্য সকল রচনা থেকে একটি ব্যতিক্রমধর্মী প্রকরণ। আর এ কারণেই তিনি নাট্যকারদের মধ্যে খ্যাতির শীর্ষে অবস্থান করেছেন।

### তথ্যনির্দেশ

১. “শ্রব্যং শ্রোতব্যমাৎত্রং .....” — বিশ্বনাথ কবিরাজ, *সাহিত্যদর্পণ*, বিমলাকান্ত মুখোপাধ্যায় সম্পা. (কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৮৬ বঙ্গাব্দ), ষষ্ঠ পরিচ্ছেদ, পৃ. ৩৮৮।
২. “দৃশ্যং তত্রাভিনয়েৎ.....” — তদেব, পৃ. ২৮১।
৩. ধনঞ্জয়, *দশরূপক*, সীতানাথ আচার্য ও দেবকুমার ঠাকুর সম্পা. (কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৭), ১/৭, পৃ. ৮।
৪. বিশ্বনাথ কবিরাজ, *সাহিত্যদর্পণ*, প্রাগুক্ত, ৬/১।
৫. তদেব, ৬/২২৪।
৬. ধনঞ্জয়, *দশরূপক*, প্রাগুক্ত, ৩/৩৯।
৭. তদেব, ৩/৪০।
৮. বিশ্বনাথ কবিরাজ, *সাহিত্যদর্পণ*, প্রাগুক্ত, ৬/২২৫।
৯. *The Mrichchakatika of Sudraka*, M. R. Kale ed. (Delhi: Motilal Banarsidass Publishers, Resprinted: 1994), Introduction, p.xxiv.
১০. বাণভট্ট, *কাদম্বরী*, সংস্কৃত সাহিত্যসম্ভার, ৮ম খণ্ড, গৌরীনাথ শাস্ত্রী (প্রধান উপদেষ্টা), জ্যোতিভূষণ চাকী সম্পা. (কলকাতা: নবপত্র প্রকাশন, ১৯৯৪), পৃ. ২৫৩।
১১. শূদ্রক, *মুচ্ছকটিকম*, হরিদাসসিন্ধাস্তবাগীশভট্টাচার্য সম্পা. (কলকাতা: সিন্ধাস্ত বিদ্যালয়, তৃতীয় সংস্করণ, ১৮৭৮, শকাব্দ), ১/৩-৫।
১২. বিমান চন্দ্র ভট্টাচার্য, *সংস্কৃত সাহিত্যের রূপরেখা* (কলকাতা: বিদ্যোদয় লাইব্রেরি প্রাইভেট লিমিটেড, প্রথম প্রকাশ, নবম সংস্করণ, সেপ্টেম্বর ১৯৯৬), পৃ. ১০৫।
১৩. বামন, *কাব্যালঙ্কারসূত্রবৃ্ত্তি*, অনিল চন্দ্র বসু সম্পা. (কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, মার্চ ১৯৭৭), ৩/২/৪।
১৪. তদেব, ৪/৩/২৩।
১৫. শূদ্রক, *মুচ্ছকটিকম*, প্রাগুক্ত, দ্বিতীয় অঙ্ক, পৃ. ১৪৯।
১৬. A. Macdonell, *A History of Sanskrit Literature* (Delhi: Motilal Banarsidass Publishers, Resprinted: 1995) p.316.
১৭. বাণভট্ট, *কাদম্বরী*, সংস্কৃত সাহিত্যসম্ভার, ৮ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৫৩।
১৮. কালিদাস, *মালবিকাগ্নিমিত্রম*, সংস্কৃত সাহিত্যসম্ভার, ১১তম খণ্ড, গৌরীনাথ শাস্ত্রী (প্রধান উপদেষ্টা), জ্যোতিভূষণ চাকী সম্পা. (কলকাতা: নবপত্র প্রকাশন, সেপ্টেম্বর ১৯৮১), পৃ. ২১৫।
১৯. শূদ্রক, *মুচ্ছকটিকম*, প্রাগুক্ত, ১/৫৫।
২০. তদেব, প্রথম অঙ্ক, পৃ. ১৮।
২১. তদেব, প্রথম অঙ্ক, পৃ. ১৮।
২২. তদেব, দ্বিতীয় অঙ্ক, পৃ. ২২।
২৩. তদেব, চতুর্থ অঙ্ক, পৃ. ৫৭।
২৪. তদেব, চতুর্থ অঙ্ক, পৃ. ২৫৭।
২৫. তদেব, চতুর্থ অঙ্ক, পৃ. ৬৪।
২৬. তদেব, ষষ্ঠ অঙ্ক, পৃ. ৮৫।
২৭. Winernitz, *A History of Sanskrit Literature*, Vol. 2. (Calcutta: University of Calcutta, 1930), p. 201.
২৮. দেবশ কুমার আচার্য, *সংস্কৃত সাহিত্যের ইতিহাস* (কলকাতা: প্রজ্ঞা বিকাশ, প্রথম প্রকাশ, নভেম্বর ১৯৯৮), পৃ. ৭৬।
২৯. সুকুমারী ভট্টাচার্য, *প্রাচীন ভারতীয় সমাজ ও সাহিত্য* (কলকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, প্রথম সংস্করণ, আষাঢ় ১৩৯৪), পৃ. ১৪৭।



## কুররাতুল আইন হায়দার ও তাঁর উপন্যাস : একটি পর্যালোচনা (Qurratul Ain Hyder and her Novels: A Review)

মোসা. ফারজানা আকতার ববি\*

**Abstract:** Qurratul Ain Hyder (20 January 1927 – 21 August 2007) was an Urdu novelist and short story writer, an educationist and a journalist with the great caliber and influence. As a writer, she paved the path for future female writers of South Asia, mainly India and Pakistan. She wrote on topics usually considered “bold” for women and brought in the element of history in her writings. Through her works, she challenged the stereotypical representation of women in South Asia and portrayed them as capable individuals who are in no way lesser than any man. The female characters in her novels were strong and able women who, if given equal opportunities as men, could do wonders.

Through her writings, she aimed to change perceptions about women and the stereotypes attached with them. She made her mark in the world of Urdu literature and happens to be one of the first female Urdu novelists. She inspired many to take up her legacy and continue the work that she was doing.

She wrote the very first novel in Urdu; *Aag ka Darya, Mere Bhi Sanam Khane, Safina-e-Gham-e-Dil, Patjhar ki Awaz, Dilruba, Sita Haran, Agle Janam Mohe Bitiya Na Kijo*. Her novel, *Chandni Begum*, was based on the general social condition of Muslims forty years after the partition.

ভারতবর্ষে অনেক কবি সাহিত্যিকের জন্ম হয়েছে। তাদের মধ্যে এক উজ্জ্বল নক্ষত্রের নাম কুররাতুল আইন হায়দার। প্রাথমিক পর্যায়ে তিনি সাংবাদিকতা হিসেবে কর্মজীবন শুরু করেন। কিন্তু পরবর্তী সময়ে তিনি সাহিত্যিক হিসেবে একাধারে ছোটগল্প, অনুবাদ সাহিত্য এবং উপন্যাস লেখা শুরু করেন। উর্দু সাহিত্যের প্রতিভাবান লেখিকা কুররাতুল আইন হায়দারের নাম রাখা হয়েছিল বিখ্যাত ইরানিয়ান কবি কুররাতুল আইন তাহরীহ (তাহিরা) নামের অনুকরণে। কুররাতুল আইন এর অর্থ “চোখগুলির সান্তনা”।

কুররাতুল আইন হায়দার ২০ জানুয়ারি, ১৯২৭ সালে উত্তর প্রদেশের আলীগড়ে জন্মগ্রহণ করেন। যদিও তাঁর পরিবার উত্তর প্রদেশের নেহতুরের অধিবাসী ছিলেন। তাঁর পিতার নাম সাজ্জাদ হায়দার ইয়ালদারম এবং মাতার নাম নজর জহুরা। কুররাতুল আইন হায়দার একাধারে উপন্যাসিক, ছোটগল্পকার, সাংবাদিক এবং চিত্রশিল্পী ছিলেন। বন্ধু ও শুভাকাঙ্ক্ষীদের কাছে তিনি ‘এ্যানি আপা’ নামে পরিচিত ছিলেন। কুররাতুল আইন হায়দার দিল্লীর ইন্দ্রোপাস্তা কলেজ ও লক্ষী বিশ্ববিদ্যালয়ের ইসাবেলা থর্ভন কলেজ থেকে শিক্ষাজীবন শেষ করার পর ১৯৪৭ সালে পাকিস্তান চলে যান। কিন্তু পুনরায় ১৯৬০ সালে ভারতে ফিরে আসেন।<sup>১</sup> তিনি মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত নয়াদিল্লীর কাছাকাছি নয়ডাতে অবস্থান করেন। তিনি ব্যক্তিগত জীবনে অবিবাহিত ছিলেন। লেখালেখি ও স্বাধীন চিন্তাভাবনায় ব্যাঘাত ঘটতে পারে বলেই হয়ত তিনি বিয়ে করেননি। সুন্দরী ছিলেন তিনি। অনেকেই বলেন যৌবনে সাদাত হোসেন মন্টোর সাথে প্রেম ছিল তাঁর। কেউ কেউ বলেন বিয়ের ইস্যুটা ছিল কুররাতুল আইন হায়দার এর জীবনের কাঁটা। বাবা-মা ছিলেন দুই মুসলিম সম্প্রদায়ের মানুষ। বিয়ের প্রশ্ন উঠলেই পরিবারে উঠত সম্প্রদায়ের প্রশ্ন। তিনি *আগ কা দরিয়া (آگ کا دریا)* লেখার কারণে পাকিস্তান সরকারের বিরাগ-ভাজন হন। পাকিস্তানের মতো পিতৃতান্ত্রিক সমাজে স্বাধীন নারীর জীবন ও ভূমিকা ছিল সবসময় সন্দেহবিদ্ধ। এসব কারণেই তিনি আবার ভারতে ফিরে আসেন।<sup>২</sup> প্রাথমিক পর্যায়ে

\* এম.ফিল. গবেষক, উর্দু বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

জীবিকা অর্জনের জন্য একজন সাংবাদিক হিসেবে কাজ শুরু করেন। কিন্তু নিয়মিত ছোটগল্প, অনুবাদ সাহিত্য এবং উপন্যাস লিখতেন। তিনি “ইমপ্রিন্ট বোম্বে” (১৯৬৪-১৯৬৮) পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক এবং ইলাস্ট্রাটেড উইকলি অব ইন্ডিয়া” এর সম্পাদকীয় সদস্য ছিলেন। এ সময় তাঁর বইগুলো ইংরেজি এবং অন্যান্য ভাষায় অনুবাদ হতে থাকে। কুররাতুল আইন হায়দার একাধারে ক্যালিফোর্নিয়া, শিকাগো, উইসকনসিন এবং অ্যারিজনা বিশ্ববিদ্যালয়ে গেস্ট লেকচারার হিসেবেও কাজ করেন। তিনি আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের ভিজিটিং অধ্যাপক ছিলেন। তিনি জামিয়া মিল্লিয়া ইসলামিয়া নয়া দিল্লীতে খান আব্দুল গাফ্ফার খান চেয়ারম্যান প্রফেসর এমিরিটাস ছিলেন।<sup>৩</sup>

উর্দু সাহিত্য জগতে তিনি লেখনীর মাধ্যমে সাহিত্যকে পরিপূর্ণ করেছেন। তিনি একজন প্রভাবশালী ভারতীয় উর্দু উপন্যাসিক এবং ছোটগল্প লেখক ও সাংবাদিক। কুররাতুল আইন হায়দার একজন প্রফুল্ল লেখক। তিনি মাত্র ১১ বছর বয়সে লিখতে শুরু করেন। তাঁর সাহিত্যকর্মের মধ্যে ৩০টিরও বেশি রচনার স্বাক্ষর রেখে যান। এছাড়াও তিনি ক্ল্যাসিক অনুবাদের কাজও করেছেন।

তিনি *আগ কা দরিয়া* (آگ کا دریا) উপন্যাসের জন্য এখনও স্মরণীয় হয়ে আছেন। এটি ১৯৫৯ সালে উর্দুতে

প্রথম প্রকাশিত উপন্যাস। তিনি *পাথবার কি আওয়াজ* (پت جھڑکی آواز) ছোটগল্পের জন্য ১৯৬৭ সালে উর্দুতে সাহিত্য একাডেমি পুরস্কার, জ্ঞানপীঠ পুরস্কার, ১৯৬৯ সালে সোভিয়েত ল্যান্ড নেহেরু পুরস্কার এবং ১৯৮৪ সালে ভারত সরকার তাঁকে পদ্মশ্রীতে ভূষিত করেন। ১৯৮৫ সালে গালিব পুরস্কার পান। ১৯৮৯ সালে *আখের সব কে হাম-সফর* এর জন্য জ্ঞানপীঠ পুরস্কার এবং ১৯৯৪ সালে সাহিত্য একাডেমির সর্বোচ্চ পুরস্কার ভারতের জাতীয় পত্রিকা সাহিত্য একাডেমি ফেলোশিপ পেয়েছিলেন এবং ২০০০ সালে বাহাদুর শাহ পুরস্কারে ভূষিত হন। তিনি ২০০৫ সালে ভারত সরকার থেকে পদ্মভূষণও পেয়েছিলেন।<sup>৪</sup>

তাঁর জীবন ও সাহিত্য সাধনার চিত্র খুবই উজ্জ্বল। যার মাধ্যমে তিনি আজও সব সাহিত্য প্রেমীদের মনে জায়গা দখল করে আছেন। অবশেষে এই মহান লেখিকা ২১ আগস্ট ২০০৭ সালে ৮০ বছর বয়সে ভারতের নয়ডাতে মৃত্যুবরণ করেন।<sup>৫</sup>

#### কুররাতুল আইন হায়দারের উপন্যাস

কুররাতুল আইন হায়দার তাঁর জীবনে অনেক উপন্যাসের স্বাক্ষর রেখে গেছেন। তিনি জীবদ্দশায় দেশ এবং জাতির উন্নয়নের জন্য কাজ করে গেছেন। কুররাতুল আইন হায়দার তাঁর উপন্যাসে জ্ঞান গরীমার মাধ্যমে বিশৃঙ্খল জাতিকে একটি শান্তিময় সমাজে নিয়ে আসার চেষ্টা করেছেন। তিনি নারী সমাজের স্বাধীনতা এবং চিন্তা চেতনা পুরুষদের সমকক্ষ করার পক্ষপাতি ছিলেন। তিনি মনে করতেন নারীরা পুরুষ দ্বারা শাসিত হওয়া মোটেও উচিত নয়। নিম্নে তাঁর উপন্যাসগুলোর নাম এবং সংক্ষিপ্ত বর্ণনা আলোচনা করা হলো।

#### আগ কা দরিয়া (آگ کا دریا)

*আগ কা দরিয়া* একটি যুগান্তকারী উপন্যাস যা সময় এবং ইতিহাসের বিস্তৃত অনুসন্ধান করে। এটি এমন একটি গল্প যা খ্রিষ্টপূর্ব চতুর্থ শতাব্দী থেকে ভারত ও পাকিস্তানের স্বাধীনতা পরবর্তী সময়ে চলে আসে এবং যা ইতিহাসের অনেক গুরুত্বপূর্ণ যুগকে খামিয়ে দেয়। উপন্যাসটি চারবার প্রকাশিত হয়। প্রথমবার ১৯৮৯ সালে, দ্বিতীয়বার ১৯৯০ সালে, তৃতীয়বার ১৯৯৪ সালে এবং চতুর্থবারের মত ২০০৩ সালে প্রকাশিত হয়। এই উপন্যাসের পূর্বে উর্দু ভাষায় প্রেমচাঁদের *গবন*, ইছমত চুগতঙ্গের *টেরিলকি*, আজিজ আহমদের *গুরিজ* সহ অনেকগুলি উপন্যাস প্রকাশিত হয়েছিল। কিন্তু কুররাতুল আইন হায়দারের *আগ কা দরিয়ার* জনপ্রিয়তার সামনে একটি উপন্যাসও টিকে থাকতে পারেনি। কারণ *আগ কা দরিয়া* এমন একটি উপন্যাস যেখানে ভারতীয় প্রাচীন ইতিহাস থেকে শুরু করে আধুনিক যুগ তথা দেশ বিভাগের পূর্ব পর্যন্ত ইতিহাসের সমস্ত চিত্র ফুটে ওঠেছে। এক কথায় সমগ্র ভারতের সভ্যতা ও সংস্কৃতি এই উপন্যাসে চিত্রিত হয়েছে। বলাবাহুল্য ১৯৪৭ সালের ভয়াবহ ঘটনাসমূহ এই উপন্যাসে স্থান পেয়েছে। ঐতিহাসিক ঘটনাবলি ছাড়াও এই



সঙ্গ দিতো তাদেরকে বাঈ বলা হতো। লক্ষ্মী সমাজে এই পেশাটা খুবই প্রচলিত ছিল। কারণ এই পেশায় নিয়োজিত মহিলাদের কোন স্বাধীনতা ছিলনা। তারা কখনো নিজেদের ইচ্ছামত চলাফেরা করতে পারতো না। এই সমাজে এদেরকে তওয়াইফ নামেও আখ্যায়িত করা হতো। চম্পা বাঈ এই সমাজেরই একজন নারী হিসেবে আবির্ভূত হন।

চতুর্থ যুগেও চম্পা চরিত্রকে উপস্থাপন করা হয়েছে। এখানে চম্পা আহমদ নামে একটি চরিত্র দেখানো হয়েছে। চম্পা আহমদ একজন মধ্যবিত্ত পরিবারের মেয়ে। সে উচ্চ শিক্ষা অর্জনের জন্য প্রথমে লক্ষ্মী এবং পরবর্তীতে ইংল্যান্ডে যান। এই উপন্যাসের চম্পা আহমদ চরিত্রকে এমনভাবে তুলে ধরা হয়েছে যেন ভবিষ্যৎ বংশধরদের জন্য একটি আদর্শ হয়ে থাকে। বিশেষ করে শিক্ষিত ও আধুনিক যুগের মধ্যবিত্ত পরিবারের আদর্শ হয়ে থাকে।

এই উপন্যাসের শুরু থেকে শেষ পর্যন্ত চম্পাকে দিয়ে উপন্যাসের সমাপ্তি ঘটানো হয়েছে। কুররাতুল আইন হায়দার এই চম্পার মধ্যে তার নিজের চরিত্র তুলে ধরার চেষ্টা করছেন বলে ধারণা করা হয়। সত্যি সত্যিই উপন্যাসটি অগ্নি সমুদ্র, ঠিক মানুষের জীবনকে এই আশুনের দরিয়ার সাথে তুলনা করে প্রমাণ করতে চেয়েছেন এই দরিয়া সহজে পার হওয়ার নয়। এই দরিয়া অতিক্রম করতে অনেক সাধনা প্রয়োজন হয়।

### মেরে ভি সনম খানে (میرے بھی سمن خانے)

মেরে ভি সনম খানে এটি কুররাতুল আইন হায়দারের প্রথম উপন্যাস। এই উপন্যাসটি তিনি ১৯ বছর বয়সে সম্পাদনা করেন। ১৯৪৭ সালে ভারত ইংরেজদের শাসন থেকে মুক্ত হন। কিন্তু ভারতবর্ষ দ্বিজাতিতন্ত্রের ভিত্তিতে দ্বিখন্ডিত হয়। দেশ বিভাগের পর সাম্প্রদায়িক দাঙ্গা ভারতবর্ষে ছড়িয়ে পড়ে। ফলে অসংখ্য মানুষ এক জায়গা থেকে অন্য জায়গায় স্থানান্তরিত হয়ে পড়ে। এর ফলে কবি, সাহিত্যিক বুদ্ধিজীবী এমন কোন সম্প্রদায় ছিলেন না যারা এই স্থানান্তরে শরিক হন নি। এই যুগে অনেকেই এই বিষয়ের উপরে উপন্যাস লিখেছিলেন। যেমন রইচ আহমদের মুজাহিদ, নাছিম হিজাজীর থাক ও খুন বিশেষভাবে উল্লেখযোগ্য। কুররাতুল আইন এমন একজন উপন্যাসিক যিনি, এই যুগে মেরে ভি সনম খানে লিখে সবার উপরে নিজের নাম লিখতে সক্ষম হন।

এই উপন্যাসের বিষয়বস্তু এই সমাজের জমিদার শ্রেণীর পতন। এই উপন্যাসে ১৯৩০-১৯৪৭ সাল পর্যন্ত ভারতীয় সমাজের তিন শ্রেণীর মানুষের অস্তিত্বের সন্ধান পাওয়া যায়। এই উপন্যাসে প্রথম পর্যায়ে সাধারণ জনগণের সংখ্যা সবচেয়ে বেশি বিশেষকরে এরা শিক্ষাক্ষেত্রে অনগ্রসর এবং এরা গ্রামীন সমাজে বসবাস করত।

অন্যদিকে ছিল শিক্ষিত শ্রেণীর জনগণ এরা আধুনিক শিক্ষায় শিক্ষিত। এরা আধিকাংশ জনগণ শহরে বাস করত। এদের মধ্যে বেকার যুবকদের সংখ্যাও ছিল বেশি। এর মধ্যে এক শ্রেণীর জনগণ জীবিকার সন্ধান ঘুরে বেড়াত এবং শাসক গোষ্ঠীর বিরোধিতা করত। আর এরা হয় কংগ্রেসের সাথে থাকত আর না হয় এরা মুসলিমলীগের সাথে যুক্ত থাকত। অন্যদিকে একশ্রেণীর লোক শাসক শ্রেণীর খোশামদী করে চলত। এই উপন্যাসে কুররাতুল আইন হায়দার জমিদার শ্রেণী যারা এককালে আরাম আয়েশে থাকত এবং জমিদারী প্রথা ভেঙ্গে দেওয়ার ফলে এদের করুণ জীবনযাপনের চিত্র তুলে ধরেছেন। তিনি বলেছেন যুবক শ্রেণী তাদের বেকারত্বের ফলে সামাজিক অস্থিরতা সৃষ্টি করে থাকত।<sup>১০</sup>

### সফিনা এ গম এ দিল (سفينه غم دل)

সফিনা এ গম এ দিল উপন্যাসের বিষয়বস্তু হল ভারত বিভাগের পরে বিভিন্ন দাঙ্গা, হাঙ্গামা, স্বাধীনতার সুফল ও কুফল সংক্রান্ত। আসলে মেরে ভি সনম খানে এবং সফিনা এ গম এ দিল একই ধরনের উপন্যাস শুধু পার্থক্য হল প্রথমটাতে যতগুলো চরিত্র ছিল তার অধিকাংশই কাল্পনিক। আর দ্বিতীয়টির অধিকাংশ চরিত্রই বাস্তব দেশ বিভাগের পর শরণার্থী হিসেবে জীবন যাপন করাকে মানুষ জীবনের অংশ হিসেবে গ্রহণ

করেছিল। *সফিনা এ গম এ দিল* উপন্যাসে এই শ্রেণীর মানুষের জীবন যাপনকে মার্জিত ভাষায় তুলে ধরেছেন। এই উপন্যাসের প্রধান চরিত্র খোরশেদ। এই খোরশেদের মাধ্যমে জমিদার শ্রেণীর আহাজারি এবং তাদের হারানো সম্পদের চিত্র তুলে ধরা হয়েছে।<sup>১১</sup>

#### আখের এ সাব কে হাম সফর (آخر شب کے ہم سفر)

*আখের এ সাব কে হাম সফর* ১৯৭৯ সালে প্রকাশিত কুররাতুল আইন হায়দারের অন্যতম উপন্যাস। এই উপন্যাসের বিষয়বস্তু হল ভারতের বিশেষ করে বাংলার সাম্প্রদায়িক দাঙ্গা। এই দাঙ্গাটি ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ১৯৩০ থেকে ১৯৪৭ সালের মাঝামাঝি সময় বাংলায় সংঘটিত হয়। এই দাঙ্গায় যারা জড়িত ছিলেন তারা অধিকাংশই বাঙ্গালি। এই উপন্যাসে রায়হান উদ্দিন এবং দিপালী সরকার এই দাঙ্গামার মূল হোতা ছিলেন। তারা স্বপ্ন দেখেছিলেন ইংরেজদেরকে বিতাড়িত করে নিজেরাই ভারতকে শাসন করবেন। কিন্তু তাদের স্বপ্ন এত সহজেই পূর্ণ হওয়ার ছিলনা। এই উপন্যাসের দুটি চরিত্র রায়হান এবং আরজুমান্দ উভয়ই বিদ্রোহীদের দলে যোগদেন। কিন্তু তারা যে স্বপ্নে বিভোর ছিলেন সে স্বপ্ন স্বপ্নই থেকে যায়। এই উপন্যাসে কুররাতুল আইন হায়দার বলেন-

”لاکھوں برس سے سورج اسی طرح طلوع ہوتا ہے اور غروب ہوتا ہے اور طلوع ہوتا ہے اور غروب ہوتا ہے اور طلوع ہوتا ہے۔۔۔۔۔“<sup>১২</sup>

অর্থ: লক্ষ বছর ধরে সূর্য এভাবে উদিত হয় এবং অস্ত যায় এবং উদিত হয় এবং অস্ত যায় এবং উদিত...

এই উক্তিটির মাধ্যমে তিনি তাঁর ঐতিহাসিক উপন্যাসটির সমাপ্তি ঘটান এবং বলেন জীবনের সূর্য এভাবেই উঠে এবং অস্ত যায় এই খেলা চলতেই থাকবে। লেখক মনে করেন যেভাবে রাতের পর দিন আসে দিনের পর রাত এই আশা নিয়েই মানুষকে বেঁচে থাকতে হবে। এই উপন্যাসে রায়হান ছাড়াও দিপালী সরকার চরিত্রটিও চমৎকারভাবে ফুঁটে উঠে। এদের মাধ্যমে লেখক বাংলার রাজনৈতিক ও সামাজিক চিত্রগুলো নিখুতভাবে তুলে ধরেছেন। দিপালী এই উপন্যাসের অন্যতম চরিত্র। তিনি ছিলেন মধ্যবিত্ত পরিবারের মেয়ে তিনি নয় বছর বয়সে বাংলার বিদ্রোহী আন্দোলনে জড়িয়ে পড়েন। এই উপন্যাসে কুররাতুল আইন হায়দার যেকোন আন্দোলনে নারী পুরুষের সমান অংশগ্রহণের কথা উল্লেখ করেছেন।<sup>১৩</sup>

#### চান্দনী বেগম (چاندنی بیگم)

এই উপন্যাসটিও কুররাতুল আইন হায়দারের অন্যতম উপন্যাস ১৯৯০ সালে প্রকাশিত অত্যন্ত সফল একটি উপন্যাস। এই উপন্যাসটি ৪২৫ পৃষ্ঠাবিশিষ্ট। উপন্যাসের প্রথমাংশে/সূচনা লগ্নে চান্দনী বেগমের কর্ম এবং জীবনী স্থান পেয়েছে। চান্দনী বেগমের জীবনী এই উপন্যাসের প্রধান বিষয়বস্তু। এই উপন্যাসটি ১৪টি অধ্যায়ে বিভক্ত। প্রথম তিন অধ্যায়ে চান্দনী বেগমের পরিবারিক পরিচিতি এবং তার উত্থান ও পতন সম্পর্কে আলোচনা করেছেন।

এছাড়াও এই উপন্যাসে লক্ষ্মীর গোমতী নদীর ওপারে একটি মসজিদ ও মন্দিরকে কেন্দ্র করে বিতর্কিত এক সম্পদ নিয়ে যে সমস্যা তৈরি হয় সেটি তুলে ধরেছেন। এই উপন্যাসের মাধ্যমে কুররাতুল আইন হায়দার একটি শ্রেণী বৈষম্যহীন সমাজের কথা চিন্তা করেছেন। ভারত বিভাগ থেকে শুরু করে অযোধ্যার মসজিদ মন্দির নিয়ে জটিলতা শ্রেণীবদ্ধ ভাবে এই উপন্যাসে তুলে ধরেছেন।<sup>১৪</sup>

#### কার এ জাহান দরাজ হে (کار جہاں دراز ہے)

*কার এ জাহান দরাজ হে* কুররাতুল আইন হায়দারের জীবনীমূলক উপন্যাস। এই উপন্যাসটি দুই ভাগে বিভক্ত প্রথম ভাগ ১৯৭৭ সালে প্রকাশিত হয় এবং দ্বিতীয়ভাগ ১৯৭৯ সালে প্রকাশিত হয়। এই উপন্যাসে যতগুলো চরিত্র রয়েছে সবগুলো কাল্পনিক।

অনেকেই এই গ্রন্থটিকে উপন্যাসের মর্যাদা দিতে চাননি। কারণ একটি উপন্যাসের যতগুলো উপাদান থাকা প্রয়োজন তার সবগুলো উপাদান এই উপন্যাসে ছিল না। এই উপন্যাসে চরিত্রের চেয়ে ঘটনাবলির উপর

বেশি জোড় দেওয়া হয়েছে। এই কারণে অনেক ভাষাবিদ এই উপন্যাসটিকে উপন্যাস বলতে চাননি। যেমন:

”رات کو چاند بہت بڑا اور بہت پیلا اور بہت سرد معلوم ہوتا تھا۔ رات ہماری کی چوٹی پر بیٹھی بوڑھی جوگن، برف کے ٹکڑوں جیسے تاروں کی مالا چھتی تھی اور دور جاگیشور کے قدیم تاریک مندروں میں دئے ٹٹماتے تھے۔“<sup>۱۴</sup>

অর্থ : রাত্রে চাঁদকে খুব বড়, গোল, এবং ঠান্ডা মনে হয়। যেন হিমালয়ের ছুড়ায় বুড়ি বসে আছে বড়ফের টুকড়া নিয়ে আর তার আশে পাশে তারকারাজি অন্ধকার মন্দিরে টিম টিম করে আলো ছড়াচ্ছে।

চায়ে কে বাগ (چائے کے باغ)

এটি ১৯৬৪ সালে লিখিত কুররাতুল আইন হায়দারের অনন্য একটি উপন্যাস। এই উপন্যাসটির শেষ বাক্য

”دنیا میرے سمجھ میں نہیں آئی“<sup>১৫</sup>

অর্থ : অর্থাৎ পৃথিবী আমার এখনও বুঝে আসে নি।

এই বাক্যটিই মূলত উপন্যাসের বিষয়বস্তু। এই উপন্যাস মূলত শ্রেণী বৈষম্যের উপর লিখা। এছাড়াও শ্রেণী বৈষম্যের বিভিন্ন কুফল সম্পর্কে এই উপন্যাসে আলোচনা করা হয়েছে। কুররাতুল আইন হায়দার পূর্বপাকিস্তান, বর্তমান বাংলাদেশের সিলেটের চা বাগানের শ্রমিকদের জীবনযাত্রা এবং তাদের প্রতি অমানবিক অবিচার এবং বৈষম্যগুলো, আচার-ব্যবহার তুলে ধরার চেষ্টা করেছেন। লেখক একসময় সিনেমা তৈরির জন্য সিলেট ভ্রমণ করেন এবং সেখানে তিনি কোন এক চা বাগানের শ্রমিকের বাড়িতে আতিথেয়তা গ্রহণ করেন। সেই সময় তাদের সাথে কথাবার্তা বলে তাদের জীবনযাত্রা সম্পর্কে অবহিত হন। চা শ্রমিকদের এই বৈষম্যমূলক জীবনযাত্রার প্রতি সহানুভূতিশীল এবং মালিক শ্রেণীর প্রতি ঘৃণা পোষণ করে এই উপন্যাস রচনার প্রতি আগ্রহী হন।<sup>১৬</sup>

সীতা হরন (سیتا ہرن)

কুররাতুল আইন হায়দার এর সীতা হরন উপন্যাসটি ১৯৬০ সালে প্রকাশিত হয়। এই উপন্যাসের বিষয়বস্তু হল নারীর উপর বিভিন্ন যুলুম, নির্যাতন এবং অত্যাচার এর বর্ণনা। যেমন রামায়ণে রাবন সীতাকে জোড়পূর্বক অপহরণ করেছিল ঠিক এই উপন্যাসেও নারীদের প্রতি পুরুষ দ্বারা জোড়পূর্বক অধিনস্থ করাকে সীতা হরণের সাথে তুলনা করা হয়েছে। সীতা একজন নিষ্পাপ বিশ্বস্ত এবং স্বামীভক্ত মহিলা ছিলেন। তিনি ছিলেন ভারতীয় নারী সমাজের প্রতিচ্ছবি। সীতার অসহায়ত্বের সুযোগে রাবন সীতাকে অপহরণ করেন। এই ঘটনাকে উপন্যাসের বিষয়বস্তু হিসেবে উল্লেখ করেন। আসলে এটি একটি ঐতিহাসিক উপন্যাস, যা বর্তমান যুগের মহিলাদেরকে স্বাবলম্বী হতে সাহায্য করে। সীতা এই উপন্যাসের প্রধান চরিত্র।<sup>১৭</sup>

দিলরুবা (دلربا)

কুররাতুল আইন হায়দারের এই উপন্যাসটি ভারতীয় সভ্যতাকে কেন্দ্র করে রচিত হয়। এই উপন্যাসটি প্রথমে থিয়েটার হিসেবে মঞ্চস্থ করা হয়েছিল। পরে এটি উপন্যাস হিসেবে বই আকারে প্রকাশ করা হয়।<sup>১৮</sup>

আয়না ন'মা (آئینہ نما)

আয়না ন'মা কুররাতুল আইন হায়দারের একটি অন্যতম উপন্যাস। এই উপন্যাসকে কাশ্মীরের দর্পণস্বরূপও বলা যেতে পারে। উপন্যাসে কাশ্মীরের সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় ও সাংস্কৃতিক অবস্থার চিত্র ফুটে উঠেছে।<sup>১৯</sup>

পরিশেষে কুররাতুল আইন হায়দারের উপন্যাসগুলো পর্যালোচনা করলে দেখা যায় যে, তৎকালীন মুসলিম জাতি ও নারী সমাজকে জাগানোর জন্য তাঁর প্রত্যেকটি উপন্যাস তৎকালীন সামাজিক সমস্যাবলীর আয়না স্বরূপ। তাঁর এমন কোন উপন্যাস নেই, যার মধ্যে সামাজিক চিত্র এবং মুসলিম পরিবারের চিত্র তুলে ধরা

হয়নি। তাঁর উপন্যাসের শিল্পরূপ অত্যন্ত সার্থকতার দাবীদার। তাঁর উপন্যাসে তৎকালীন সামাজিক ও ধর্মীয় অবস্থার চিত্র এমনভাবে ফুটে উঠেছে যাতে কুররাতুল আইন হায়দার একজন সার্থক ঔপন্যাসিক হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছেন।

### তথ্যনির্দেশ

১. ড. সালাম সান দালাবি, *আদব কা তানকিদি মুতালেআ* (লক্ষ্ণৌ: নাসিম বুক ডিপো, ১৯৮৬) পৃ. ১৭৮।
২. ড. ইউসুফ সরমন্ত, *বিসবি ছদি মে উর্দু নোভেল*(দিল্লি: তারাক্কি এ উর্দু, ২০০০) পৃ. ১২০।
৩. *তদেব*, পৃ. ১২২-১২৩।
৪. সম্পা. খোদাবখশ লাইব্রেরি, কুররাতুল আইন হায়দার *শাখসিয়াত আওর ফিকির ও ফান* (পাটনা: খোদাবখশ ও নিটল পাবলিক হাউস, ২০০৮) পৃ. ৫।
৫. *তদেব*, পৃ. ৫।
৬. কুররাতুল আইন হায়দার, *আগ কা দরিয়া* (দিল্লী: এজুকেশনাল পাবলিশিং হাউস, ১৯৮৯) পৃ. ৭।
৭. নিলম ফারজানা, *উর্দু আদব কি আহম খাওয়াতেন নভেল নিগার* (আলিগড়: এজুকেশনাল বুক হাউস, ১৯৯২), পৃ. ১৩১।
৮. কুররাতুল আইন হায়দার, *আগ কা দরিয়া*, প্রাগুক্ত, পৃ. ১০।
৯. *তদেব*, পৃ. ১৫৬।
১০. কুররাতুল আইন হায়দার, *মেরে ভী সনম খানে* (লাহোর: মকতুবা-এ জাদীদ, ১৯৪৯) পৃ. ৯-১১।
১১. কুররাতুল আইন হায়দার, *সফিনা-এ গাম-এ দিল*(লাহোর: আল আমান প্রিন্টিং প্রেস, ১৯৬৯) পৃ. ১২-১৪।
১২. কুররাতুল আইন হায়দার, *আখের-এ সব কে হাম সফর* (বোম্বে: অলবি বুক ডিপো, ১৯৭৯) পৃ. ১৪৫।
১৩. *তদেব*, পৃ. ১৫।
১৪. কুররাতুল আইন হায়দার, *চান্দনি বেগম* (দিল্লী: এজুকেশনাল পাবলিশিং হাউস, ১৯৯০) পৃ. ৬-৯।
১৫. কুররাতুল আইন হায়দার, *কার-এ জাহান দারায় হে* (বোম্বে: ফান ও ফানকার, ১৯৭৭) পৃ. ১৮৭।
১৬. কুররাতুল আইন হায়দার, *চায়ে কে বাগ* (বোম্বে: হেলাল প্রেস, ১৯৬৫) পৃ. ২২৬।
১৭. *তদেব*, পৃ. ৭-৮।
১৮. কুররাতুল আইন হায়দার, *সীতা হরন* (আলীগড়: এজুকেশনাল পাবলিশিং হাউস, ১৯৭৯) পৃ. ৫-৮।
১৯. কুররাতুল আইন হায়দার, *দিলরুবা* (দিল্লী: এজুকেশনাল পাবলিশিং হাউস, ২০০৮) পৃ. ৯-১২।
২০. কুররাতুল আইন হায়দার, *আয়নান'মা* (দিল্লী: এরাভেলী প্রিন্টিং এন্ড পাবলিকেশন, ২০০২) পৃ. ১১-১৪।

## উর্দু ভাষার আত্মকথা: একটি ঐতিহাসিক বিশ্লেষণ (Autobiography of Urdu Language: A Historical Analysis)

ড. মো. মোকাররম হোসেন মন্ডল\*

**Abstract:** We know that the Urdu language originated and developed in the Indian subcontinent. It is a completely modern language. This language was not created in one day. There is a rich history behind it. The history of linguistics shows that the Aryan tribes of the Indo-European group arrived in the Indian subcontinent about 5000 years ago. Then their language and culture came to this country with them. The name of their language was Vedic. This Vedic language gradually merged with the language of the common people of the subcontinent. This composite language is called Sanskrit language. This Sanskrit language was very difficult. This language was used only for religious and administrative purposes. Besides, Hindu scholars kept this language to themselves. Ordinary people could not use this language. As a result, the destruction of Sanskrit language started gradually. At that time another language was spoken by the common people in the Indian subcontinent and it is Prakrit. The language was very simple. Ordinary people used to conduct their daily activities mainly through this language. This prakrit language was known by different names in different areas. Then in the seventh century the Arab Muslims and in the fifteenth century the English and Portuguese sailors came to India and ruled Indian. As a result, due to their interaction with the public, Prakrit language is combined with Arabic, Persian, Turkish, English, Portuguese etc., This composite language was later transformed into a universal language Which came to be known as Urdu. At present Urdu is recognized as the language of modern literature and this topic has been presented in this article.

### ভূমিকা

‘উর্দু’ (اردو) ভারতীয় উপমহাদেশের অন্যতম আধুনিক ও সর্বাধিক প্রতিষ্ঠিত ভাষা। এ ভাষার সূচনা ও সমৃদ্ধি দু’টোই হয়েছে এই উপমহাদেশে। তাই ভারত ও পাকিস্তানের অধিকাংশ সাধারণ শিক্ষিত জনগোষ্ঠী এ ভাষা বলতে, লিখতে ও পড়তে পারেন। কয়েক দশক পূর্বেও দিল্লী, লক্ষ্মৌ, আজীমাবাদ ও রামপুরের মতো ঢাকা ও কলিকাতায় আভিজাত্যের সাথে উর্দু ভাষা ও সাহিত্য চর্চা করা হতো। কিন্তু রাজনৈতিক প্রেক্ষাপট ও কালের পরিক্রমায় বর্তমানে অত্র এলাকায় এ ভাষার চর্চা অনেকটা পিছিয়ে পড়েছে। তথাপি বর্তমান বাংলাদেশের অনেক শহরে বেশকিছু জনগোষ্ঠী রয়েছে, মনে-প্রাণে বাঙালি হওয়া সত্ত্বেও তাঁরা এখনও কথ্যভাষা হিসেবে ‘উর্দু’ ব্যবহার করেন। যাইহোক, এই ‘উর্দু’ ভাষা আকস্মিকভাবে সৃষ্টি হয়নি। এর পেছনে রয়েছে এক বিস্তর ও সমৃদ্ধ ইতিহাস। ভারতবর্ষের ইতিহাস থেকে জানা যায় যে, সপ্তম শতকের পর বিভিন্ন সময় আরব মুসলমান, তুর্কি, পাঠান, মুঘল, পর্তুগীজ, ইংরেজসহ পৃথিবীর বিভিন্ন ভাষাভাষী জনগোষ্ঠী ভারতীয় উপমহাদেশে অভিযান ও শাসনকার্য পরিচালনা করেন। মূলত এই সময় তাঁদের সাথে এখানকার স্থানীয় জনগোষ্ঠীর পারস্পরিক লেনদেন ও ভাব-বিনিময়ের প্রয়োজন থেকেই জন্ম হয় ‘উর্দু’ ভাষার। এই ‘উর্দু’ ভাষা প্রথমে ‘জবান-ই উর্দু-ই মুয়াল্লা’ (زبان اردوئے معلی) বা ‘সর্বোৎকৃষ্ট সৈনিকদের ভাষা’ হিসেবে পরিচিতি লাভ করে। অতঃপর সংক্ষিপ্ত হয়ে ‘উর্দু-ই মুয়াল্লা’ (اردوئے معلی) এবং পরবর্তীকালে আরও সংক্ষিপ্ত

\* সহযোগী অধ্যাপক, উর্দু বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।



হয়ে শুধুমাত্র 'উর্দু' (اردو) নামে সমাজে প্রতিষ্ঠা লাভ করে। প্রাথমিক অবস্থায় এই ভাষা ভারতীয় উপমহাদেশের সর্বাধিক জনপ্রিয় ও গ্রহণযোগ্য কথ্যভাষা হিসেবে আত্মপ্রকাশ করলেও বর্তমানে তা আধুনিক সাহিত্যের পরিভাষা হিসেবে স্বীকৃতি পেয়েছে। আলোচ্য প্রবন্ধে 'উর্দু' ভাষার উৎপত্তি থেকে আধুনিক সাহিত্যের পরিভাষা হয়ে বেড়ে ওঠার এই অনাড়ম্বর ইতিহাসের রূপরেখা সংক্ষিপ্ত পরিসরে তুলে ধরার প্রয়াস চালানো হয়েছে।

### 'উর্দু' ভাষার আত্মকথা

আরবি, ফারসি, সংস্কৃত, ল্যাটিন, গ্রিক, ফরাসি, জার্মানি, ইংরেজি প্রভৃতি ভাষার তুলনায় 'উর্দু' (اردو) ভাষার বয়স নিতান্তই কম। ইহা একটি সম্পূর্ণ আধুনিক ভাষা। কখন এবং কিভাবে এ ভাষা আত্মপ্রকাশ করেছে, সে সম্পর্কে রয়েছে ভাষা পণ্ডিতদের যথেষ্ট মতানৈক্য। আর তা থাকাটাই স্বাভাবিক। কেননা, একটি ভাষা সৃষ্টির পেছনে কোনো আকস্মিক জৈবিক ঘটনা থাকে না, বরং সব ভাষারই পশ্চাত্পটে থাকে দীর্ঘ ভাঙাগড়া, পরিবর্তন ও ক্রমবিকাশের প্রক্রিয়া। 'উর্দু' ভাষা সৃষ্টির ইতিহাসও এর ব্যতিক্রম নয়। আমরা জানি যে, উর্দু হলো ভারতীয় আর্য ভাষা। আর ভারতীয় আর্য ভাষাসমূহ সৃষ্টি থেকে সমৃদ্ধি পর্যন্ত মোটামুটি তিনটি অধ্যায় অতিক্রম করেছে। যেমন:

প্রথমত: প্রাচীন ভারতীয় আর্য যুগ বা প্রায় খ্রিস্টপূর্ব ২০০০ অব্দ থেকে খ্রিস্টপূর্ব ৭০০ অব্দ সময়কাল পর্যন্ত।

দ্বিতীয়ত: মধ্য ভারতীয় আর্য যুগ বা খ্রিস্টপূর্ব ৭০০ অব্দ থেকে ১০০০ খ্রিস্টাব্দ পর্যন্ত এবং

তৃতীয়ত: আধুনিক ভারতীয় আর্য যুগ অর্থাৎ ১০০০ খ্রিস্টাব্দ থেকে পরবর্তী কয়েকশ বছর পর্যন্ত।

'উর্দু' মূলত মধ্য ভারতীয় আর্য যুগে উৎপাদ্যমান ভাষা হিসেবে যাত্রা শুরু করে এবং আধুনিক ভারতীয় আর্য যুগের চৌদ্দ-পনের শতকে এসে তা পরিপূর্ণ ভাষা হিসেবে আত্মপ্রকাশ করে।<sup>১</sup>

ভাষাতত্ত্বের ইতিহাস থেকে জানা যায় যে, গ্রিক, পারসিক ও রোমানদের সমগোত্রীয় ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর আর্য জাতিরা<sup>২</sup> আজ থেকে প্রায় ৫০০০ বছর পূর্বে এশিয়া মহাদেশ থেকে উত্তর-পশ্চিম সীমান্তের গিরিপথ দিয়ে একের পর এক দলে দলে ভারতীয় উপমহাদেশে আগমন করে। আর তারা যেসময় ভারতবর্ষে আগমন করে, সেসময় উত্তর ভারতে দ্রাবিড় জাতি বসবাস করতো। আর্যদের আগমনের ফলে সেসময় উত্তর ভারতে অবস্থানকারী দ্রাবিড় জনগোষ্ঠীর উল্লেখযোগ্য সংখ্যক দক্ষিণ ভারতে চলে যায় এবং কিছু সংখ্যক উত্তরে ভারতেই থেকে যায়। দ্রাবিড় জনগোষ্ঠীর যারা উত্তর ভারতে অবস্থান করছিল, তারা এবং আর্য জাতি উভয়ে মিলেমিশে একসাথে বসবাস করতে থাকে। ফলে উভয় জাতি একে অপরের ভাষা ও সংস্কৃতি দ্বারা যথেষ্ট প্রভাবিত হয়।<sup>৩</sup> উল্লেখ্য যে, আর্য জাতি যখন ভারতবর্ষে আগমন করে, তখন তাদের ভাষা ও সংস্কৃতি তাদের সাথে এদেশে চলে আসে। তাদের ভাষা 'বৈদিক' ভাষা নামে পরিচিত ছিল। এ ভাষার প্রাথমিক নমুনা তাদের পবিত্র ধর্মগ্রন্থ বেদ-এ পাওয়া যায়। যার সংকলন যীশু খ্রিস্টের জন্মের প্রায় ১৫০০/২০০০ বছর পূর্বে শুরু হয়ে পরবর্তী কয়েকশ বছর পর্যন্ত সঞ্চালন ছিল।<sup>৪</sup>

এই বেদ<sup>৫</sup> গ্রন্থের ভাষা ছিল খুবই দুর্বোধ্য ও কঠিন। যা আর্য জাতিদের দৈনন্দিন সাধারণ কার্যাবলী সম্পাদনের একেবারেই বিপরীতমুখী ছিল। উপরন্তু ভারতীয় উপমহাদেশে আসার সময় তারা যে রূপ ভাষা নিয়ে এসেছিল, তা আর পূর্বরূপে স্থির থাকতেও পারলো না। কেননা, যখনই উপমহাদেশের বিভিন্ন এলাকায় তাদের বিচরণ বৃদ্ধি পেতে থাকে, তখনই তাদের ভাষার সাথে স্থানীয় জনসাধারণের ভাষার সংমিশ্রণ এবং স্থানীয় জনসাধারণের ভাষার সাথে তাদের ভাষার সংমিশ্রণ ঘটতে থাকে। পণ্ডিতেরা এই সংমিশ্রণকে খুব ভালোভাবে নেননি। তাই তাঁরা জনসাধারণের ভাষার সংমিশ্রণ থেকে নিজেদের 'বৈদিক' ভাষাকে সুশৃঙ্খল রূপ প্রদান করার প্রক্রিয়া হাতে নেন। কেননা, তাঁরা এ ভাষাকে অত্যন্ত পবিত্র ও দেবতার ভাষা মনে করতেন। তাই ব্রাহ্মণ পণ্ডিতগণ নিজেদের মধ্যে এভাষার চর্চা সীমাবদ্ধ রাখার চেষ্টা করতেন এবং

সাধারণ জনগণকে এভাষা ব্যবহার করতে বাধা দিতেন। পরবর্তীকালে এই সুশৃঙ্খল ভাষাই ‘সংস্কৃত’ ভাষা নামে পরিচিতি লাভ করে।<sup>১</sup> এই ‘সংস্কৃত’ ভাষা খুবই উন্নতি করেছিল। এভাষায় উৎকৃষ্টমানের সাহিত্যও রচিত হয়েছে। কিন্তু জনসাধারণ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করে রাখার কারণে এভাষার পরিধি ক্রমান্বয়ে সংকোচিত হতে থাকে এবং নির্দিষ্ট একটি গোষ্ঠীর ভাষা হিসেবে পরিগণিত হয়। অপরদিকে, সেসময় পাক-ভারত উপমহাদেশের সাধারণ মানুষের মাঝে অন্য একটি লৌকিক ভাষা চালু ছিল। যার নাম ‘প্রাকৃত’। শাব্দিক অর্থের দিক থেকে এ ভাষা ‘সংস্কৃত’ ভাষার তুলনায় অত্যধিক বোধসম্পন্ন ও সহজ-সরল ছিল। তাই দৈনন্দিন কার্যক্রমে এ ভাষার ব্যবহার ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকে।<sup>২</sup>

এখান থেকে সহজেই প্রতীয়মান হয় যে, সমসাময়িককালে উপমহাদেশে ভাষার দু’টো সুস্পষ্ট ধারা বিদ্যমান ছিল। একটি পণ্ডিতের ভাষা, যাকে ব্যাকরণবিদরা সুশৃঙ্খল করে ‘সংস্কৃত’ নাম দেন। আর অপরটা হলো ‘প্রাকৃত’, যা সাধারণ মানুষ দৈনন্দিন জীবনে ব্যবহার করতো। এখানে উল্লেখ্য যে, যতক্ষণ পর্যন্ত ভাষার সম্পর্ক সাধারণ মানুষদের মধ্যে বহুল প্রচলিত থাকে, ততক্ষণই একটি ভাষা জীবিত থাকে। আর যখন কোনো ভাষাকে নির্দিষ্ট গণ্ডির মধ্যে সীমাবদ্ধ রাখার চেষ্টা করা হয়, তখন থেকেই ভাষার বিনাশযাত্রা আরম্ভ হয় এবং শেষ পর্যন্ত ভাষাটির অস্তিত্ব বিলীন হয়ে যায়। ‘সংস্কৃত’ ভাষার ক্ষেত্রে একই ঘটনা ঘটেছিল। যদিও এ ভাষাতে জ্ঞান-বিজ্ঞানের উপাদান যথেষ্ট বিদ্যমান এবং প্রকাশ ক্ষমতার দিক থেকে এ ভাষা যথেষ্ট শক্তিশালী ছিল। কিন্তু জনসাধারণের নিকট থেকে সম্পর্ক বিচ্ছিন্ন হওয়ার কারণে ভাষাটির অস্তিত্ব ক্রমান্বয়ে বিলীন হয়ে যায়। পক্ষান্তরে, সাধারণ মানুষের মনোভাব ও আবেগ-অনুভূতি প্রকাশের মুখপাত্র হিসেবে ‘প্রাকৃত’ ভাষা ক্রমান্বয়ে অধিকতর বিকাশ করতে থাকে। বলা বাহুল্য যে, উপমহাদেশের বর্তমান আর্থ ভাষার সকল শাখা এই ‘প্রাকৃত’ ভাষার উন্নত ও সমৃদ্ধ রূপ।<sup>৩</sup>

এই ‘প্রাকৃত’ ভাষা ভারতবর্ষের বিভিন্ন এলাকার আঞ্চলিক প্রভাবের কারণে বিভিন্ন রূপ ও নাম ধারণ করে। যেমন: ‘মহারাষ্ট্রী’ (যার কোনো নির্দিষ্ট এলাকা ছিল না, প্রায় সকল এলাকাতে কমবেশি ব্যবহার হতো), সিন্ধু এলাকায় ‘সিন্ধ’, দক্ষিণ বিহারে ‘মাগধী’, কাশ্মীর ও পাঞ্জাবে ‘পিশাচী’ এবং দিল্লীর আশেপাশে ‘শৌরচিনি’ ও ‘ব্রজ’, বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়া ‘প্রাকৃত’ ভাষার অন্যান্য অঞ্চলের ভাষাও ঐতিহাসিক, রাজনৈতিক ও আর্থসামাজিক অবস্থানের প্রেক্ষিতে অপরাপর উন্নতি করতে থাকে। এ ভাষাগুলোর মধ্যে কোনো কোনোটি সাহিত্যিক রূপও লাভ করেছিল। আবার কোনোটি শুধুমাত্র দৈনন্দিন কথাবার্তা ও কার্যাবলীর মধ্যেই সীমাবদ্ধ ছিল। সাহিত্যিক রূপ ধারণকৃত ‘প্রাকৃত’ ভাষাসমূহের মধ্যে ‘মাগধী’ সর্বাধিক প্রসিদ্ধি লাভ করেছিল। যার সাহিত্যিক রূপ ‘পালী’ ভাষা নামে পরিচিত। বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ [খ্রি.পূ. ৪৮০-৪০০ অব্দ] ও তাঁর অনুসারীরা এ ‘পালী’ ভাষায় তাঁদের ধর্মীয় প্রচার ও প্রসারের কার্যক্রম পরিচালনা করতেন। এ ভাষার নমুনা বৌদ্ধ ধর্মীয় গ্রন্থ ও মগধ সাম্রাজ্যের মৌর্য বংশের বিখ্যাত সম্রাট রাজা অশোক [রাজত্বকাল খ্রি.পূ. ২৭৩-২৩২ অব্দ]-এঁর শাসনামলের শিলালিপিতে পরিলক্ষিত হয়। সেসময় ‘সংস্কৃত’ ভাষার পর উপমহাদেশের প্রাচীন আর্থ ভাষাসমূহের মধ্যে ‘পালী’কেই সর্বোৎকৃষ্ট ভাষা মনে করা হতো। এ ছাড়া ‘প্রাকৃত’ ভাষার যে সমস্ত শাখা সাধারণ জনগণের মধ্যে দৈনন্দিন কাজে ব্যবহার হতো, সেগুলোকে আঞ্চলিক ভাষায় ‘অপভ্রংশ’ও বলা হতো। আঞ্চলিক ভাষাসমূহের এরকম অবস্থা যীশু খ্রিস্টের জন্মের প্রায় ৫০০ বছর পূর্ব থেকে শুরু করে পরবর্তী ১০০০ বছর পর্যন্ত বিদ্যমান ছিল।<sup>৪</sup>

ইতোমধ্যে ভারতবর্ষে মুসলিম বিজয় সংঘটিত হয়। মুসলমানদের ভারতে পদার্পণ একটি ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ ব্যাপার। প্রথমে উমাইয়া [৭১১ খ্রি.] এবং সর্বশেষ মুঘল বংশের [১৫২৬ খ্রি.] শাসকরা ভারতবর্ষে আগমন করে এদেশের শাসনতন্ত্র নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে আসে। ইতিহাস থেকে জানা যায় যে, সর্বপ্রথম মুসলমানরা সিন্ধু এলাকায় আগমন করলে তাঁদের ভাষা ও সংস্কৃতির প্রভাব আঞ্চলিক ভাষার ওপর পড়তে শুরু করে। অতঃপর গজনভি সাম্রাজ্যের শাসক সুলতান মাহমুদ গজনভি [৯৭১-১০৩০ খ্রি.] ও ঘুরী সাম্রাজ্যের সুলতান শিহাবুদ্দীন মুহাম্মদ ঘুরী [১১৪৯-১২০৬ খ্রি.] কর্তৃক ভারত বিজয়ের ফলে ভারতবর্ষে

বিশেষ করে দিল্লীতে ইসলামি শাসন প্রতিষ্ঠিত হয়। মুসলমানরা যখন ভারতবর্ষে এসে স্থায়ীভাবে বসবাস শুরু করেন, স্বভাবতই স্থানীয় জনগণের সঙ্গে তাঁদের সামাজিক আদান-প্রদান শুরু হয়। দৈনন্দিন কাজকর্ম, ব্যবসা-বাণিজ্য, ধর্মোত্তর, বৈবাহিক সম্পর্ক সৃষ্টি প্রভৃতির ফলে বিজেতা এবং বিজিত সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক বিনিময় শুরু হয়। যার প্রভাব পড়ে তাঁদের ভাষা ও সংস্কৃতির উপরেও।<sup>১০</sup> ফলে এখানকার আঞ্চলিক ভাষা তথা বাংল, কনৌজি, হরিয়ানবী, শৌরচিনি, অপভ্রংশ, মহারাষ্ট্রী বিশেষ করে ব্রজ ভাষার সাথে মুসলমানদের আরবি, ফারসি, পশতু ও তুর্কি ভাষার বহু শব্দ স্বাভাবিকভাবেই মিশে যায়। এতগুলো বিদেশি ভাষা এবং নানা ধরনের আঞ্চলিক ভাষা মিলেমিশে একাকার হয়ে জনসাধারণের সামনে এক নতুন ধরনের সংকর ভাষার আবির্ভাব ঘটে। ক্রমেই সেটাই হয়ে উঠে দিল্লীর সাধারণ মানুষের মনের ভাব প্রকাশের প্রধান ভাষা। এইভাবে বিভিন্ন দেশের, বিভিন্ন অঞ্চলের মানুষের সহাবস্থানের ফলে নবজাত ভাষার দ্রুত বিবর্তন হতে লাগে। উর্দু মূলত এই বিবর্তিত ভাষারই উন্নত রূপ। আর এই উন্নতিতে পাঞ্জাব, সিন্ধু, দাক্ষিণ, গুজরাত, উত্তর প্রদেশ সর্বোপরি সকল এলাকার বাসিন্দাদের সমান অবদান আছে।<sup>১১</sup> তবে একথা সত্য যে, উর্দু ভাষার ভিত্তি হলো দিল্লী, আগরাহ এবং তার আশেপাশের এলাকা। যাইহোক, এই বিবর্তিত ভাষাকে মুসলমানরা সর্ব প্রথম ‘হিন্দি’ বা ‘হিন্দুবী’ নামে আখ্যায়িত করেন। যা মুসলমান কর্তৃক সৃষ্ট ভারতীয় আর্য ভাষার সবচেয়ে প্রাচীন নাম। এছাড়াও এই ভাষাকে ‘যবান-এ দেহলবি’, ‘রেখতা’, ‘দকনি’, প্রভৃতি নামে ডাকা হতো।<sup>১২</sup>

যে কোনো ভাষার বিবর্তনের ইতিহাসে সর্বজন স্বীকৃত দু’টি কারণ থাকে।

এক. ধর্মীয় প্রচারণা

দুই. রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার।

ভারতবর্ষের শাসনভার মুসলমানদের নিয়ন্ত্রণে চলে আসায় স্বাভাবিক ভাবেই তাঁদের ভাষাও বিজিতদের ভাষার ওপর শুধু প্রভাবই বিস্তার করেনি; বরং এর উদ্ভব ও বিকাশকে নিয়ন্ত্রণ করে। ফলে ‘প্রাকৃত’ ভাষার বিভিন্ন শাখাসমূহ বিশেষ করে দিল্লীর আঞ্চলিক ভাষা ব্রজ ও শৌরচিনি পরিবর্তিত হয়ে নতুন আকৃতি ধারণ করতে থাকে। ‘প্রাকৃত’ ভাষার অন্যান্য শাখার তুলনায় দিল্লীতে ‘ব্রজ’ ভাষার প্রচলন বেশি ছিল বলে অনেকে মনে করেন যে, ‘উর্দু’ ‘ব্রজ’ ভাষা থেকে সৃষ্টি। কিন্তু প্রকৃতপক্ষে ‘উর্দু’ নির্দিষ্ট কোনো একটি ভাষা থেকে নয়; বরং ‘প্রাকৃত’ ভাষার বিভিন্ন আঞ্চলিক শাখা ও মুসলমানদের ভাষাসমূহের সমন্বয়ে এ ভাষা সৃষ্টি হয়ে দিল্লীতে প্রতিষ্ঠিত হয়েছে।<sup>১৩</sup> এ ছাড়া মুঘল আমলে [১৫২৬-১৮৫৭ খ্রি.] পর্তুগীজ, ফরাসী, ইংরেজসহ ইউরোপের বিভিন্ন জাতি ও সম্প্রদায়ের লোক ভারতবর্ষে আগমন করলে তাঁদের ভাষারও বহু শব্দ এই নব্য সৃষ্ট ভাষার সাথে সহজেই মিশে যায়। এই সংমিশ্রিত ভাষা পরবর্তীকালে সমগ্র ভারতে একটি সর্বজনীন ভাষাতে রূপান্তরিত হয়। দেশি-বিদেশি ভাষার স্বাভাবিক ও সাবলীল সংমিশ্রণ শক্তির ফলেই হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের জনগণ এ ভাষা সহজে বুঝতে ও বলতে পারতো। মূলত এজন্যই নব্য সৃষ্ট ভাষাটি অন্যরূপ ধারণ করে।<sup>১৪</sup>

মুঘল সৈনিকদের মধ্যে বিভিন্ন ভাষা ও সম্প্রদায়ের লোক ছিল বলে এই নব্য রূপান্তরিত ভাষা সেনা ছাউনীতে প্রথমে পরিপুষ্ট হতে থাকে। সৈনিকেরা এই ভাষার সাহায্যে একে অপরের কথা সহজেই বুঝতে পারতো। এ সমস্ত সৈনিকদের মাধ্যমে ক্রমান্বয়ে এ ভাষা সাধারণ মানুষদের মাঝে ছড়িয়ে পড়ে।

পরবর্তীকালে এই ভাষা প্রথমে ‘জবান-ই উর্দু-ই মুয়াল্লা’(زبان اردوئے معلی) বা ‘সর্বোৎকৃষ্ট সৈনিকদের

ভাষা’ হিসেবে পরিচিতি লাভ করে। অতঃপর ‘উর্দু-ই মুয়াল্লা’(اردوئے معلی) এবং পরবর্তীকালে আরও

সংক্ষিপ্ত হয়ে শুধুমাত্র ‘উর্দু’ (اردو) নামে সমাজে প্রতিষ্ঠা লাভ করে।<sup>১৫</sup> উর্দু ভাষার উৎপত্তি ও নামকরণ

সম্পর্কে বিশিষ্ট ভাষাতত্ত্ববিদ মাসউদ হোসাইন খান যথার্থই বলেছেন,

মসلمانوں کے قافلے کے بعد دیگرے افغانستان کے راستے سے پنجاب اور پنجاب سے دہلی پہنچتے تھے۔ اور مقامی باشندوں سے اس کے میل جول سے اس نئی زبان کی عمارت اٹھتی چلی جاتی تھی۔ اس نئی زبان کو پہلے ہندی، ہندوی، ریختہ وغیرہ کے ناموں سے یاد کیا گیا پھر اسی نے اردو نام پایا۔<sup>۲۸</sup>

মূলত اردو (উর্দু) তুর্কী ভাষার শব্দ। যার অর্থ লক্ষর বা সৈনিক। বাস্তবিকই উর্দুর প্রসারে সৈনিকদের বড় ভূমিকা ছিল বলেই এ ভাষার নামকরণ করা হয় ‘উর্দু’। বহিরাগত সৈন্যরা ভারতে নতুন নতুন রাজ্য গড়েছে। তাঁদের রাজ্যের সীমানা যত বেড়েছে ততই হয়েছে উর্দু প্রসার। হিন্দুস্থানে ‘উর্দু’ শব্দটি সর্বপ্রথম মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা সম্রাট জহির উদ্দিন মুহাম্মদ বাবর [১৪৮৩-১৫৩১ খ্রি.] সংবিধানের মধ্যে বিভিন্ন শব্দের সাথে যুক্ত করে ব্যবহার করেছেন। যেমন: *اردوئے علیہ، اردوئے لکھنؤ، اردوئے حضرت، اردوئے صفরین، اردوئے عالی*، *اردوئے بزرگ* ইত্যাদি। আর সম্রাট জাহাঙ্গীরের [১৫৬৯-১৬২৭ খ্রি.] শাসনামল পর্যন্ত উর্দুকে প্রাচীন ‘হিন্দি’ নামেই ডাকা হতো। ভাষা হিসেবে ‘উর্দু’ শব্দটিকে সর্বপ্রথম ১৬৪৭ খ্রিস্টাব্দে সম্রাট শাহজাহান [১৫৯২-১৬৬৬ খ্রি.] *اردوئے معلی* নামে আখ্যায়িত করেন।<sup>২৯</sup>

মূলত উর্দুর জন্ম হয়েছিল ব্যবহারিক প্রয়োজনে। বিভিন্ন ভাষাভাষী মানুষের মধ্যে পারস্পরিক ভাব-বিনিময়ের জন্য তৎকালীন সময়ে একটা সর্বজনগ্রাহ্য ভাষার খুবই প্রয়োজন ছিল। ‘উর্দু’ হলো সেই মুখের ভাষা, যা পরবর্তীকালে পরিপূর্ণ সাহিত্যেরও ভাষা হয়ে ওঠে। শুধু তাই নয়, পৃথিবীর অন্যান্য আধুনিক ও সমৃদ্ধ ভাষার ন্যায় কাব্য, উপন্যাস, নাটক, ছোটগল্প, সমালোচনা, সংবাদ, প্রবন্ধ, জীবনী, পত্র, অনুবাদ ইত্যাদির ক্ষেত্রে ব্যাপক বিস্তৃতি লাভ করেছে। যুগের বিপ্লব এটিকেই বলে। যে ভাষা একটা সাময়িক প্রয়োজনের ওপর ভিত্তি করে উদ্ভব হয়েছিল, যে ভাষা সেদিন সাধারণ মানুষের ভেতরই শুধু সীমাবদ্ধ ছিল এবং অভিজাত সম্প্রদায়ের লোকেরা যে ভাষা শুনে হাসত, সে ভাষা আজ এত দীপ্তিমান যে, তা পৃথিবীর অন্যান্য আধুনিক ভাষার ন্যায় উৎকৃষ্ট ভাষা ও সাহিত্যে পরিণত হয়েছে। পৃথিবীর অন্যান্য প্রাচীন ভাষা যেমন: আরবি, ফারসি, ল্যাটিন, গ্রিক, সংস্কৃত ইত্যাদি ভাষায় হাজার হাজার বছর পূর্ব থেকে গ্রন্থ রচনা হয়ে আসছে। কিন্তু এ সকল ভাষার তুলনায় উর্দু ভাষার বয়স নিতান্তই কম। তথাপি এ ভাষায় যে নিবেদন রয়েছে, তা আশ্চর্য হওয়ার মত। যেমন: উর্দু ভাষা সম্পর্কে বলা হয়েছে,

ہے زباں ایک، بے شمار مزے \* اس کی ہر بات میں ہزار مزے<sup>۳۰</sup>

উপসংহার

পরিশেষে বলা যায় যে, উর্দু পৃথিবীর আধুনিক ভাষাসমূহের মধ্যে অন্যতম। যার উৎপত্তি ও বিকাশ দু’টোই ভারতীয় উপমহাদেশে। দেশি-বিদেশি ভাষার ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে ত্রয়োদশ শতকের পূর্ব পর্যন্ত এ ভাষা উৎপাদ্যমান অবস্থায় এক নতুন রূপ নিতে শুরু করে। অতঃপর কয়েক শতক পর মুঘল সম্রাট বাদশাহ শাহজাহানের আমলে এ ভাষা ‘উর্দু’ নামে পরিচিতি পায়। সাময়িক প্রয়োজনের উপর ভিত্তি করে এ ভাষার সৃষ্টি হলেও বর্তমানে ভারতীয় উপমহাদেশের গণ্ডী অতিক্রম করে বিশ্ব পরিমণ্ডলে দিন দিন এর গ্রহণযোগ্যতা চক্রাকারে বৃদ্ধি পাচ্ছে। কারণ, এ ভাষার ধারণশক্তি অসাধারণ। এই ভাষা অবলীলাক্রমে যে কোনো ভাষার শব্দ আত্মসাৎ করার অপূর্ব ক্ষমতা রাখে। পৃথিবীর যে কোনো আধুনিক ভাষায় আমরা এই গুণ লক্ষ্য করি। একমাত্র এই অসাধারণ গুণের ফলেই ইংরেজি আজ পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ভাষা হিসেবে স্বীকৃত এবং সমাদৃত। উর্দু ভাষারও এই প্রাণশক্তির পরিপ্রেক্ষিতে বলা যায় যে, এই ভাষাও একদিন পৃথিবীর যে

কোনো উন্নত ভাষার সাথে প্রতিযোগিতা করার শক্তি সঞ্চয় করবে।

তথ্যনির্দেশ

<sup>২৮</sup> ড. সৈয়দ মহীউদ্দীন কাদেরী জোর, *হিন্দুস্থানী লিসানিয়াত* (লাহোর: মাকতাবা-এ মুয়ীনুল আদব, ১৯৬১), পৃ. ৭২-৭৩।

- <sup>২</sup> আর্থ: সংস্কৃতিতে শব্দটি আর্থ। প্রাচীন পার্সীয় ধর্মগ্রন্থ *আবেস্তায়* 'আইর্থ' আর প্রাচীন পার্সীয় সাধারণ ভাষায় 'আরীর্থ' বলা হতো। যার অর্থ: বিশ্বস্ত মানুষ বা একই জাতির মানুষ। বেদের অনুসারী বা বেদ রচনাকারীরা নিজেদেরকে ভারতের প্রাচীন অধিবাসীদের থেকে আলাদা এবং উন্নত জাতি মনে করতো। এ পার্থক্য বুঝাতে তারা নিজেদেরকে 'আর্থ' বলতো। ইতিহাস থেকে জানা যায় যে, ৫০০০ বছর পূর্বে এশিয়া মহাদেশ থেকে উত্তর-পশ্চিম সীমান্তের গিরিপথ দিয়ে একের পর এক দলে দলে এ উপমহাদেশে তাদের অনুপ্রবেশ ঘটে। গ্রিক, পারসিক ও রোমানদের সমগোত্রীয় ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর এ ইন্দো আর্থরা ছিল দীর্ঘদেহী, গৌরবর্ণ এবং উন্নত নাসিকা বিশিষ্ট। এ দেশে প্রবেশ করে তারা সর্বপ্রথম সিন্ধু নদ অববাহিকা এলাকায় বসতি স্থাপন করে। অতঃপর ক্রমশ সমগ্র উত্তর ভারতের গাঙ্গেয় অববাহিকায় তাদের বসতি সম্প্রসারিত হয়। উপমহাদেশের প্রথম সভ্য জাতি দ্রাবিড়দেরকে পরাজিত করে আর্থরা কালক্রমে সমগ্র উপমহাদেশে বিশেষত উত্তর ভারতে তাদের আধিপত্য প্রতিষ্ঠা করে। তবে আর্থরা যখন উপমহাদেশে প্রবেশ করে, তখন তাদের সভ্যতা তত উন্নত ছিল না বলে মনে করা হয়। তাদের আগমনের মধ্য দিয়ে ভারতবর্ষে বৈদিক যুগের সূচনা হয়েছিল। ভারতীয়রা আর্থ বলতে একটি নির্দিষ্ট জাতিকে বুঝায়, যারা দ্রাবিড়দেরকে পদানত করে দীর্ঘকালব্যাপী ভারতবর্ষে আধিপত্য বিস্তার করেছিল। তবে মূলত আর্থ একটি ভাষার নাম। সাধারণত যারা এ ভাষায় কথা বলে তারাই আর্থ জাতি নামে পরিচিত। তাদের পিতৃভূমি কোথায় তা নিয়ে মত পার্থক্য লক্ষ্য করা যায়। তবে খাদ্যাভাব, স্থানাভাব কিংবা গৃহবিবাদের কারণেই তারা ভারতবর্ষে এসেছিল। তারা তাদের আদিনিবাস পরিত্যাগ করে পারস্য হয়ে হিন্দুকুশ অতিক্রম করে ভারতবর্ষে আগমন করে। গ্রিক, ল্যাটিন, গথিক, জার্মান, কেলটিক, পারসিক, সংস্কৃত, বাংলা প্রভৃতি ভাষা আর্থ ভাষার অন্তর্গত। দ্র. এ.কে.এম. শাহ নওয়াজ, *ভারত উপমহাদেশের ইতিহাস*, প্রাচীন যুগ (ঢাকা: প্রতীক প্রকাশনা সংস্থা ৪৬/২ হেমেন্দ্রদাস রোড সূত্রাপুর, ১৯৯৯), পৃ. ১০; রস্তুম আলী, *উপমহাদেশের সংক্ষিপ্ত ইতিহাস ও দেশ বিভাগের প্রেক্ষাপট* (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৪), পৃ. ৫৫-৫৮; ড. কিরণচন্দ্র চৌধুরী, *ভারতের ইতিহাসকথা*, ১ম খণ্ড (কলিকাতা: মর্ডার্ন বুক এজেন্সী প্রা. লি., ১৯৮৫), পৃ. ৪৪-৪৯।
- <sup>৩</sup> প্রফেসর নুরুল হাসান নকভী, *তারীখ-এ আদব-এ উর্দু* (আলীগড়: এজুকেশনাল বুক হাউস, ২০১১), পৃ. ১৪।
- <sup>৪</sup> ড. শওকত সব্বাগ্যরী, *উর্দু লিসানিয়াত* (আলীগড়: এডুকেশনাল বুক হাউস, ১৯৮২), পৃ. ১৫-১৬।
- <sup>৫</sup> বেদ: আর্থদের প্রাচীনতম সাহিত্যের নাম বেদ। 'বিদ' শব্দের অর্থ হলো-জ্ঞান। এই অর্থ বিচারে 'বেদ' নামের উৎপত্তি। বেদ গ্রন্থ চার খণ্ডে বিভক্ত। যথা: ঋগ্বেদ, সামবেদ, যজুর্বেদ ও অথর্ববেদ। প্রাকৃতিক বর্ণনা, প্রাকৃতিক দেব-দেবীর স্তুতিগান বা প্রার্থনাসংগীত বেদের বিষয়বস্তু। ঋগ্বেদের মধ্যে এক হাজারের বেশি স্তোত্র বা প্রার্থনাসংগীত রয়েছে। আর সামবেদের স্তোত্রগুলির অধিকাংশই ঋগ্বেদ হতে সংকলিত। যজ্ঞের সময় যা গানের ন্যায় সুর সহযোগে উচ্চারিত হয়। যজুর্বেদে যাগ-যজ্ঞের ক্রিয়াকলাপের মন্ত্রাদি ও অথর্ববেদে সৃষ্টি-রহস্য, চিকিৎসার মন্ত্র এবং নানা প্রকার রহস্যজনক সংকেত ও মন্ত্রাদি রয়েছে। আবার প্রত্যেকটি বেদ সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ এই চারটি ভাগে বিভক্ত। সংহিতা অংশ পদ্যাকারে দেবতাদের স্তুতিগান এবং ব্রাহ্মণ অংশ গদ্যাকারে যাগ ও যজ্ঞের বিধি নিয়ে রচিত। আর বৈদিক রীতি অনুসারে যারা বৃদ্ধ বয়সে অরণ্যে বাস করতেন, তাঁদের মানসিক উৎকর্ষের জন্যই আরণ্যক এবং আরণ্যকের সারাংশের ওপর ভিত্তি করে যে দার্শনিক চিন্তার উদ্ভব হয়েছিল, তাই উপনিষদ নামে পরিচিত। প্রাচীনকাল থেকে হিন্দুরা বিশ্বাস করেন যে, বেদের মন্ত্রগুলো কোনো মানুষের সৃষ্টি নয় বরং সম্পূর্ণ বেদই ভগবানের বানী। এজন্য গোড়া হিন্দুদের নিকট বেদ হলো 'অপৌরুষেয়' (যা মানুষকৃত নয়, অলৌকিক)। দ্র. ড. কিরণচন্দ্র চৌধুরী, *ভারতের ইতিহাসকথা*, প্রাগুক্ত, পৃ. ৫১-৫২।
- <sup>৬</sup> প্রফেসর নুরুল হাসান নকভী, *তারীখ-এ আদব-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১৪-১৫।
- <sup>৭</sup> ড. আবুল লাইছ ছিদ্দিকী, *আদবীয়াত-এ উর্দু* (করাচী: উর্দু একাডেমী সিন্ধ, তা.বি), পৃ. ০৭; প্রফেসর নুরুল হাসান নকভী, *তারীখ-এ আদব-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১৫।
- <sup>৮</sup> *তদেব*, পৃ. ০৮।
- <sup>৯</sup> সিরাজুদ্দীন জাফর, *নকুশ-এ আদব* (লাহোর: ফিরোজ সঙ্গ, ১৯৫৪), পৃ. ৭-৮; ড. আবুল লাইছ ছিদ্দিকী, *আদবীয়াত-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ৮-৯; আজীমুল হক জুনাইদী, *উর্দু আদব কী তারীখ* (আলীগড়: এজুকেশনাল বুক হাউস, ১৯৯০), পৃ. ১৪-১৫; প্রফেসর নুরুল হাসান নকভী, *তারীখ-এ আদব-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১৫।
- <sup>১০</sup> মুহাম্মদ জামিল এম এ, *উর্দু শায়েরী কী মুখতছর তারীখ* (আগরাহ: জামেয়া'হ উর্দু, ১৯৪০), পৃ. ৭-৯।
- <sup>১১</sup> আল্লামা সৈয়দ মুনির আলী জাফরী, *জাদীদ উর্দু আদবীয়াত* (করাচী: বুকল্যাণ্ড পাবলিশার্স, ১৯৯২), পৃ. ১৭।
- <sup>১২</sup> ড. সেলীম আখতার, *উর্দু আদব কী মুখতছরতেরীন তারীখ* (লাহোর: সংগ-এ মাইল পাবলিকেশন্স, ১৯৮৭), পৃ. ১৪; আল্লামা সৈয়দ মুনির আলী জাফরী, *জাদীদ উর্দু আদবীয়াত*, প্রাগুক্ত, পৃ. ১৭; ড. আবুল লাইছ ছিদ্দিকী, *আদবীয়াত-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১০।
- <sup>১৩</sup> আল্লামা সৈয়দ মুনির আলী জাফরী, *জাদীদ উর্দু আদবীয়াত*, প্রাগুক্ত, পৃ. ১৭।
- <sup>১৪</sup> সিরাজুদ্দীন জাফর, *নকুশ-এ আদব*, প্রাগুক্ত, পৃ. ৮-৯; ড. আবুল লাইছ ছিদ্দিকী, *আদবীয়াত-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১১।
- <sup>১৫</sup> ড. আবুল লাইছ ছিদ্দিকী, *আদবীয়াত-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১০-১১; পরেশ চন্দ্র মজুমদার, *আধুনিক ভারতীয় ভাষা প্রসঙ্গ* (কলকাতা: দে'জ পাবলিশিং, ১৯৮৭), পৃ. ১১৮-১২২।
- <sup>১৬</sup> প্রফেসর নুরুল হাসান নকভী, *তারীখ-এ আদব-এ উর্দু*, প্রাগুক্ত, পৃ. ১৭।
- <sup>১৭</sup> ড. সেলীম আখতার, *উর্দু আদব কী মুখতছরতেরীন তারীখ*, প্রাগুক্ত, পৃ. ২৫-২৭।
- <sup>১৮</sup> সিরাজুদ্দীন জাফর, *নকুশ-এ আদব*, প্রাগুক্ত, পৃ. ৯।

## সৈয়দ মীর মেহেদী হোসেন ও তাঁর নাটক : একটি পর্যালোচনা (Syed Mir Mehedi Hossain and His Plays: A Review)

ড. মো. রশিদুল আলম\*

**Abstract:** Syed Mir Mehedi Hossain was a great scholar of Urdu of his time. He is one of the few playwrights involved in the development of Urdu drama. His books include *Jahar-e Ishq* (زہر عشق), *Chandraoli* (چندراولی), *Bazam Fani* (بزم فانی), *Dil Farush* (دلفروش) is particularly noteworthy. This essay evaluates his life and works.

সৈয়দ মীর মেহেদী হোসেন (সید মীর মেহেদী হোসেন) লক্ষ্মীতে জন্মগ্রহণ করেন। পিতার নাম মীর হোসেন আলী এবং দাদার নাম সৈয়দ মীর নাতার আলী। তার নানা আগা হোসেন আযল সে সময়ের লক্ষ্মীর বিখ্যাত কবি ছিলেন। মেহেদী হোসেন উর্দু, ফারসি ও আরবি ভাষায় শিক্ষা অর্জন করেন। তিনি ইংরেজিও জানতেন। তিনি তার নানার মত প্রথম অবস্থায় কবিতা চর্চা করতেন। তার বাড়ীর নিকটে আফজাল মহলে সে সময় প্রায়ই নাটক মঞ্চস্থ হত। তিনি মাঝে মাঝে নাটক দেখার জন্যে সেখানে যেতেন। নাটকের প্রতি তার এক ধরনের প্রেম জন্মে গেল। ফলে তিনি নাটক লেখার প্রতি আগ্রহী হয়ে উঠলেন।<sup>১</sup> তাঁর লেখা উল্লেখযোগ্য নাটকগুলো হল:

১. যহর-এ ইশক (زہر عشق) ১৮৯৭ খ্রিষ্টাব্দ
২. চন্দ্রাওলী (چندراولی) ১৮৯৭ খ্রিষ্টাব্দ
৩. খুন নাহক (خون ناهک) ১৮৯৮ খ্রিষ্টাব্দ
৪. বায়ম ফানী (بزم فانی) ১৮৯৮ খ্রিষ্টাব্দ
৫. দিল ফরুশ (دلفروش) ১৯০০ খ্রিষ্টাব্দ
৬. ভুল ভুলাইয়া (بھول بھولیاں) ১৯০১ খ্রিষ্টাব্দ
৭. চলতা পুরযাহ (چلتا پڑو) ১৯০২ খ্রিষ্টাব্দ
৮. শরীফ বদমািশ (شریف بد معاش) ১৯০৩ খ্রিষ্টাব্দ
৯. কনক তারা (کنک تارا) ১৯০৪ খ্রিষ্টাব্দ<sup>২</sup>

যহর-এ ইশক (زہر عشق)

যহর-এ ইশক (زہر عشق) নাটকটি দোরাব শাহ এর থিয়েটিক্যাল কোম্পানীর জন্য ১৮৯৭ খ্রিষ্টাব্দে রচনা করেন। নাটকটি প্রথম লক্ষ্মীতে মঞ্চস্থ হয়। শুরুতেই নাটকটি বেশ জনপ্রিয় হয়ে ওঠে লক্ষ্মীতে।<sup>৩</sup> নাটকটি

\* সহযোগী অধ্যাপক, উর্দু বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

পর্যালোচনা করলে দেখা যায়, নাট্যকার কিছু কিছু কথা মূল নাটক থেকে নিয়েছেন এবং সেই সাথে রসিকতা বা কৌতুকের সন্নিবেশন করেছেন। যা সে সময়ের নাটকের মধ্যে ভিন্নতার ছোঁয়া পরিলক্ষিত হয়।

### চন্দ্রাওলী (چندراولی)

চন্দ্রাওলী (چندراولی) নাটকটি ১৮৯৭ খ্রিষ্টাব্দে রচিত হয়। রাজা এবং তার উজিরের মধ্যে নারীর সতীত্ব নিয়ে তর্ক-বিতর্ক হচ্ছিল। তাদের সাথে গওর রাজাও তর্ক-বিতর্ক এ অংশ নিল। ঘোষণা করা হল নারীর সতীত্ব থাকা অসম্ভব একটি ব্যাপার। এর প্রমাণ স্বরূপ চন্দর নগর এর রাজা চন্দর সেনের সতী মেয়ে এবং রনজিত সিং এর বাগদত্তা চন্দ্রাওলী সতীত্বের উপর দাগ ফেলে দেখানো হবে। রাজা রাজ গওর এই কাজে সম্মত হল এবং রাজকোষ খুলে দেওয়া হল এই কাজকে প্রমাণ করার জন্য।

রাজা ছদ্মবেশে সন্যাসীর রূপ ধারণ করে চন্দ্রাওলীর দেশ চন্দর নগরে গেলেন। ভাগ্য গণনার জন্যে চন্দ্রাওলীকে তার মহলে ডাকলেন। চন্দ্রাওলী সন্যাসীর মনের কথা জানতে পেরে সেখান থেকে পালিয়ে গেল। চন্দ্রাওলীর পিতা এ কথা জানতে পেরে তার চাচা নেহাল সিং এর নিকট পাঠিয়ে দিলেন। নানা ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে চলতে শুরু করল চন্দ্রাওলীর জীবন পরিক্রমা। তার চাচাত ভাই নেহাল সিং তাকে পেতে চাইল। কিন্তু সে এখানেও নিজেকে রক্ষা করল এবং জঙ্গলে পালিয়ে গেল। পথে কাস্তে, চোর এবং সবশেষে এক কতোয়ালের সাথে তার সাক্ষাত হল। তাদের কাছ থেকেও সে নিজেকে রক্ষা করে তার বাগদত্তার নিকট পৌঁছে গেলেন। এত কিছু দেখার পর রাজা গওর খুবই আশ্চর্য হলে গেলেন এবং স্বীকার করলেন ইচ্ছে করলে যেকোন নারী নিজেকে রক্ষা করতে পারে। এভাবেই নাটকটি শেষ হয়।<sup>৪</sup>

নাটকটি রচনার সময় নাট্যকার সে সময়ের লক্ষ্মীর ভাষা ব্যবহার করেছেন এবং সেই সাথে লক্ষ্মীর সমাজের চিত্র তুলে ধরেছেন। যা নাটকটির গুণগত মান আরো বৃদ্ধি করেছে।

### খুন নাহক (خونِ ناحق)

খুন নাহক (خونِ ناحق) নাটকটি ১৮৯৮ খ্রিষ্টাব্দে রচিত হয়। জ্যোতিষি বাদশা আলমগীরের ভাগ্য গণনা করে বলল আপনার জীবনের ঝুঁকি রয়েছে। আপনি সবসময় সাবধানে থাকবেন। বাদশাহ আলমগীরের বেগম গোহারুল নেসার খারাপ সম্পর্ক ছিল ফুরুখ এর সাথে। ফুরুখ বাদশাহর ছোট ভাই ছিল। বেগম এবং ফুরুখ দু'জন মিলে জ্যোতিষিকে লোভ দেখিয়ে বাদশাহর সামনে মিথ্যা কথা বলতে বলে। এক রাতে বাদশাহ আলমগীর যখন গভীর ঘুমে, ঠিক তখনই গোহারুল নেসার ইশারায় ফুরুখ বাদশাহ কানে বিষ প্রয়োগ করলেন। সকালে বেগম ঘোষণা করলেন সাপের কামড়ে বাদশাহ মারা গেছেন।

বাদশাহ আলমগীর মারা যাওয়ার পর সকল ক্ষমতা বেগম গোহারুল নেসার কাছে চলে আসে। বেগম এবং ফুরুখ দু'জন মিলে চেষ্টা শুরু করে ক্ষমতাকে কিভাবে স্থায়ী করে রাখা যায়। আবার তারা বাদশাহ আলমগীর পুত্র জাহাঙ্গীরকে হত্যার ষড়যন্ত্র শুরু করে। তারা উজির কে লোভ দেখায়। উজির তাদের জালে ধরা দেয়। কিন্তু উজির কন্যা মেহের বানু যে জাহাঙ্গীরকে মনে প্রাণে ভালবাসত, সে বিভিন্নভাবে শাহজাদাকে বাঁচাতে লাগল। মেহের বানু ও জাহাঙ্গীর কৌশলে শত্রুদের একে একে হত্যা করল। অবশেষে শাহজাদা সিংহাসনে আরোহন করলেন।<sup>৫</sup>

নাট্যকার দক্ষতার সাথে নাটকের মধ্যে সিংহাসনে আরোহন করাকে কেন্দ্র করে যে কুট রাজনৈতিক কৌশল দেখিয়েছেন, তা অতুলনীয়। সেই সাথে তিনি দেখানোর চেষ্টা করেছেন ক্ষমতার কাছে ভালোবাসা অতি তুচ্ছ। আবার অপরদিকে উজির কন্যা মেহের বানু ভালোবাসার কারণে শাহজাদা জাহাঙ্গীর কে কৌশলে বিভিন্নভাবে সাহায্য করে সিংহাসনে আরোহন করলেন।







যাওয়ার কথা শুনে তিনি ভেঙ্গে পড়লেন। শায়লাক এ খবর পাওয়া মাত্র তার শর্তের কথা মনে করে দিল। জার কাশেমের নিকট সবকিছু খুলে বলল। এ কথা শুনে শিরীন আদালতে জার এর উকিল হলেন। তিনি আদালতে প্রথমে শায়লাককে দয়া করতে বললেন। কিন্তু শায়লাক শর্ত অনুযায়ী তিনি জারের শরীর থেকে মাংস কেটে নিতে চাইল। তখন শিরীন আদালতে বলল শর্ত অনুযায়ী যেখান থেকে ইচ্ছে মাংস কেটে নিতে পারে, তবে চুক্তির কোথাও লেখা নেই রক্ত বের হবে। অতএব খেয়াল রাখবেন এক ফোঁটা রক্তও যেন শরীর থেকে বের না হয়। শায়লাক দেখলো এই শর্তে শরীর থেকে মাংস নেওয়া সম্ভব নয়। এবার শিরীন আদালতে প্রার্থনা করল যেহেতু তার মক্কেলকে হত্যা করার উদ্দেশ্যে শায়লাক এই কাজ করেছে, অতএব তিনি এর বিচার চান। শায়লাক দেখলো এবার সে নিজেই বিপদে পড়ে গেল। শায়লাক তার সম্পত্তি বাঁচানোর জন্যে তার কন্যা তালহার সাথে মহসিনের বিবাহ দিতে রাজি হলেন। তিনি জার ও কাশেমকে তার বাড়ীতে নিয়ে গিয়ে আপ্যায়ন করালেন এবং নিজের ভুলের জন্য দুঃখ প্রকাশ করলেন। এভাবে নাটকটি শেষ হল।<sup>১১</sup>

নাটকটি সেক্সপিয়ারের বিখ্যাত নাটক *মিথ্রাফিলাস অফ মিনিস* (মার্চেন অফ ভ্যানিস) এর অনুকরণে লেখা হয়েছে। নাটকের মধ্যে বিভিন্ন দৃশ্যাবলীর নিয়ে এসেছেন। এর মধ্যে আদালতের দৃশ্যাবলী অন্যতম। *দিল ফরুশ* (দারুশ) নাটকটি শুধু সংক্ষিপ্ত করেননি বরং নাটকের মধ্যে অস্থিরতার যে দৃশ্যপট ছিলো তা থেকেও বিরত থেকেছেন। এর পরও নাটকটি জনপ্রিয়তা পেয়েছিল।

### ভুল ভুলাইয়া (بھول بھلیا)

*ভুল ভুলাইয়া* (بھول بھلیا) নাটকটি ১৯০১ খ্রিষ্টাব্দে রচিত হয়। নওয়াব জাফর তার বোন দিল আরার বিবাহ নওয়াব সফরদ জঙ্গ এর সাথে দিতে রাজি হয়না। ফলে নওয়াব সফরদ জঙ্গ তার উপর হামলা করার জন্যে রওনা হয়। জাফর ও তার বোন ছদ্মবেশে দেশ ত্যাগ করল। পথে তারা একে অপরের কাছ থেকে আলাদা হয়ে গেল।

দিল আরাকে হায়দার উদ্ধার করে নওয়াব জামিলের দরবারে চাকুরিতে যোগদান করান। সেখানে তিনি পুরুষ বেশে সহচরের চাকুরি করতেন। নওয়াব এক ধনী মহিলা শাকিলার প্রেমে পড়ে যান। নওয়াব শাকিলার নিকট দিল আরাকে পাঠালেন। শাকিলা পুরুষ বেশী দিল আরাকে ভালবেসে ফেলে। এরই মধ্যে দিল আরার ভাই জাফর সেই দেশে এলেন। জাফরকে দিল আরা মনে করে তাকে বিবাহের প্রস্তাব দিলেন। জাফরের সাথে তার বিয়ে হয়ে গেল। একদিন যখন জাফর বাড়ীর বাইরে গেলেন, তখন শাকিলা নওয়াব জামিলের প্রস্তাব নিয়ে দিল আরার নিকট গেলেন। তিনি দিল আরাকে তার শ্বশুর মনে করে ভালবাসার কথা বলতে লাগল। কিন্তু সে সময় জাফর সেখানে উপস্থিত হলে শাকিলা ভয় পেয়ে যায়। অবশেষে দিল আরার সাথে জামিলের বিবাহ হয়।<sup>১২</sup>

নাটকটি পর্যালোচনা করলে দেখা যায়, তৎকালীন সমাজের মৌলিক অবস্থা, রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার বর্ণনা স্থান পেয়েছে। নাট্যকার চরিত্র বিন্যাসের জন্য বিশেষ কোনো রীতি গ্রহণ করেন নি। বরং তিনি চরিত্রগুলো যথাযথভাবে উপস্থাপন করে নাটকের কাহিনী, ঘটনাপ্রবাহ ও দৃশ্যের বর্ণনা সুন্দরভাবে উপস্থাপন করেছেন। যা নাটকের গুণগত মান বৃদ্ধি করেছে।

### চলতা পুরযাহ (چلتا پوریاہ)

*চলতা পুরযাহ* (چلتا پوریاہ) নাটকটি ১৯০২ খ্রিষ্টাব্দে রচিত হয়। ফেরেস্তা আকল আর ফেরেস্তা আমল দু'জনের মধ্যে তর্ক-বিতর্ক হয়। ফেরেস্তা আমল খারাপ আমলের ভয়ানক রূপ দেখিয়ে, ফেরেস্তা আকলকে হুদুদ

জেলখানায় নিয়ে গেলেন। এক বৃদ্ধ, ডাকাত, সেকেন্দার ও নিষ্পাপ কিন্তু বোকা আফরাদ ব্যক্তিকে জেল ভেঙ্গে দিলেন এবং পালিয়ে যাওয়ার পবামর্শ দিলেন। বলতে লাগলেন আমিও তোমাদের সাথে পালিয়ে যাব। এক রাতে দু'জন জেল থেকে পালিয়ে গেল।

আফরাদ বাড়ীতে এসে দেখলেন তার মেয়ে যুবতী হয়ে গেছে। আফরাদ জানতে পারলেন আজাদ বিশ বছর পর দেশে ফিরছেন। এখন তিনি কোটি কোটি টাকার মালিক। তিনি ভাবলেন আজাদের কারণে তাকে জেলে যেতে হয়েছিল এবং কয়েদখানায় থাকতে হয়েছিল। তার খুব রাগ হল। সে তাকে হত্যার উদ্দেশ্যে করাচীতে চলে যায় এবং হত্যা করে। হত্যা করার পর আজাদের কাপড় সে পড়ে এবং তার কাপড় আজাদকে পড়িয়ে দেয়। এভাবে সে একজন ধনী হয়ে দেশে ফিরে আসে। প্রকৃতপক্ষে আজাদ মারা যায়না। সে কৌশলে বেঁচে যায়।

সেকেন্দার বন্দর গ্রামে অবস্থান করছিল। এ ঘটনা সে জানতে পারে এবং হারাম সম্পদের অংশ আফরাদের নিকট থেকে লাভ করে। কিন্তু সে আফরাদকে বকাবকি করে। এ ঘটনা ধীরে ধীরে পুলিশের কানেও চলে যায়। পুলিশ তাদেরকে ধরার জন্য পিছু নেয় এবং এক পর্যায়ে পুলিশের সাথে বন্দুক যুদ্ধে আফরাদ মারা যায়।

সেকেন্দার জাল দলিল করে সমস্ত সম্পদের দখল নিতে চাইল। আজাদ নিজের পোষাকে অন্য একজনকে নাজমার সাথে পাঠিয়ে দিল। আদালত সেকেন্দারকে শাস্তি দিল এবং আজাদকে তার সম্পত্তি ফিরিয়ে দিল। আজাদ তার সম্পত্তি কন্যা নাজমা এবং মনির দু'জনের মধ্যে ভাগ করে দিল। মনিরের বিয়ে তার প্রেমিক সেলিমের সাথে দিল। এভাবে নাটকটি শেষ হয়।<sup>১০</sup>

চলতা পুরযাহ (چلتا پوریاہ) নাটকের মধ্যে দৈনন্দিন জীবনের কথোপকথনের মধ্যে থেকে সহজ-সরল ভাষার প্রয়োগ লক্ষণীয়। নাটকটি পর্যালোচনা করলে দেখা যায়, বর্ণনাকৌশল ও কথোপকথনের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্ন ভাষা ও বর্ণনারীতির মধ্যে যথেষ্ট পরিলক্ষিত হয়।

পরিশেষে সৈয়দ মীর মেহেদী হোসেন (سید میر مہدی حسین) এর নাটকগুলো পর্যালোচনা করলে দেখা যায় যে, তৎকালীন সামাজিক সমস্যাবলীর আয়না স্বরূপ। তাঁর নাটকের শিল্পরূপ অত্যন্ত সার্থকতার দাবীদার। প্লট নির্মাণ, ঘটনার বর্ণনা ও চরিত্র বিন্যাসে সৈয়দ মীর মেহেদী হোসেনের নাটক ছিল অত্যন্ত সুদৃঢ়।

### তথ্যনির্দেশ

<sup>১</sup> ড. আতীয়া নাশশাত, উর্দু ড্রামা রেওয়াজেত আওর তাজরিবাহ (লক্ষ্ণৌ: নুসরাত পাবলিশার্স, ১৯৭৩), পৃ. ১৫১।

<sup>২</sup> ড. আবদুল আলীম নামী, উর্দু থিয়েটার (দ্বিতীয় খণ্ড) (করাচী: পাকিস্তান আঞ্জুমাণে তারিক্কি উর্দু, ১৯৬২), পৃ. ১৯২।

<sup>৩</sup> তদেব, পৃ. ১৯৩।

<sup>৪</sup> তদেব, পৃ. ১৯৩-১৯৪।

<sup>৫</sup> ড. আতীয়া নাশশাত, উর্দু ড্রামা রেওয়াজেত আওর তাজরিবাহ, প্রাগুক্ত, পৃ. ১৫৩।

<sup>৬</sup> ড. আবদুল আলীম নামী, উর্দু থিয়েটার (দ্বিতীয় খণ্ড), প্রাগুক্ত, পৃ. ১৯৬-১৯৭।

<sup>৭</sup> ড. আতীয়া নাশশাত, উর্দু ড্রামা রেওয়াজেত আওর তাজরিবাহ, প্রাগুক্ত, পৃ. ১৫৪।

<sup>৮</sup> তদেব, পৃ. ১৫৬-১৫৭।

<sup>৯</sup> ড. আবদুল আলীম নামী, উর্দু থিয়েটার (দ্বিতীয় খণ্ড), প্রাগুক্ত, পৃ. ১৯৬-১৯৭।

<sup>১০</sup> ড. আতীয়া নাশশাত, উর্দু ড্রামা রেওয়াজেত আওর তাজরিবাহ, প্রাগুক্ত, পৃ. ১৫৯।

<sup>১১</sup> ড. আবদুল আলীম নামী, উর্দু থিয়েটার (দ্বিতীয় খণ্ড), প্রাগুক্ত, পৃ. ১৯৯-১৯৯।

<sup>১২</sup> রামবারু সাকসীনা, তারিখ-এ আদব-এ উর্দু (গদ্যাংশ) (লক্ষ্ণৌ: মাতব-এ মুসী তেজকুমার প্রাইভেট লিমিটেড, ১৯৮৬), পৃ. ১৪২।

<sup>১৩</sup> আল্লামা সৈয়দ মুনির আলী জাফরী, জাদীদ উর্দু আদবীয়াত (করাচী: বুকল্যাণ্ড পাবলিশার্স, ১৯৯২), পৃ. ৪৫।